
## রবীক্র রচনাবলী

দেশস খণ্ড

A Salan Municipas



## রবীক্র-রচনাবলী

### দশস খণ্ড

Sphursh



50,378

বিশ্বভারতী ১, কলেজ জোয়ার, কলিকাতা

### প্রকাশক—শ্রীপুলিনবিহারী সেন বিশ্বভারতী, ৬৷৩ ঘারকানাথ ঠাকুর লেন, কলিকাতা

প্রথম প্রকাশ—চৈত্র, ১৩৪৮ মূল্য ৪৪০, ৫৭০, ৬৭০ ও ৮৪০

মূত্রাকর—জীগদানারায়ণ ভট্টাচার্য তাপদী প্রেদ, ৩০ কর্মওমালিদ স্লীট, কলিকাডা

### সূচী

চিত্ৰসূচী	( <del>a</del> ) •
কবিতা ও গান	
উৎসর্গ	•
শেয়া	>0
নাটক ও প্রহদন	
রাজ্য	\$25
উপন্যাদ ও গল্প	
শেষের কবিতা	২৬৯
প্রবন্ধ	
রাজা ও প্রজা	৩৭৭
সমূহ	844
পরিশিষ্ট	ලලා
গ্রন্থ-পরিচয়	<u>୴</u> ଃ୭
বর্ণাত্মক্রমিক সূচী	৬৬৭

### চিত্রসূচী

আশ্রমগুরু রবীন্দ্রনাথ	9
'থেয়া'র পাণ্ডলিপির এক পৃষ্ঠা	\$25

# কবিতা ও গান

# উৎসর্গ

রেন্ডারেও সি. এফ. এওরুজ প্রিয়বন্ধবরেদ্

শান্তিনিকে তন ১লঃ বৈশাপ ১৩১১

याच्या १५४ व्योखनाथ

## উৎসর্গ

2

ভোরের পাপি ভাকে কোণায়
ভোরের পাপি ভাকে ৷
ভোর না হতে ভোরের পবর
কেমন করে রাগে :
এপনো যে জাধার নিশি
গুড়িয়ে আছে সকল দিশি
কালিবরন পুচ্ছ-ভোরের
হাজার লক্ষ পাকে ৷
ঘূমিয়ে-পড়া বনের কোণে
পাপি কোণায় ভাকে :

ওগো তুমি ভোরের পাশি,
ভোরের ছোটো পাশি।
কোন্ অরুণের আভাস পেয়ে
মেল তোমার আঁথি।
কোমল তোমার পাগার 'পরে
সোনার রেগা স্তরে স্থরে,
বাধা আছে স্তানায় তোমার
উষার রাঙা রাগি
ওগো তুমি ভোরের পাথি।
ভোরের ছোটো পাথি।

রয়েছে বট, শতেক জটা

ঝুলছে মাটি বােপে,
পাতার উপর পাতার ঘটা
উঠছে ফুলে ফেঁপে।
তাহারি কোন্ কোণের শাংশ
নিজাহারা ঝিঁ ঝির ডাকে
বাঁকিয়ে গ্রীবা ঘুমিয়েছিলে
পাখাতে মুখ ঝেঁপে,
যেখানে বট দাঁড়িয়ে একা
জটার মাটি বােপে।

ওগো ভোরের সরল পাপি
কহ আমায় কহ—

হায়ায় ঢাকা দ্বিগুণ রাতে

ঘূমিয়ে যখন রহ,

হঠাং তোমার কুলায় 'পরে
কেমন ক'রে প্রবেশ করে

আকাশ হতে আধার পথে

আলোর বার্ডাবহ ?

ওগো ভোরের সরল পাপি
কহ আমায় কহ !

কোমল তোমার বৃকের তলে
রক্ত নেচে উঠে
উড়বে ব'লে পুলক জাগে
তোমার পক্ষপুটে।
চক্ষু মেলি পুবের পানে
নিজা-ভাঙা নবীন গানে

অকৃষ্টিত কণ্ঠ তোমার উংস-সমান ছুটে। কোমল তোমার বুকের তলে রুক্ত নেচে উঠে।

এত আঁধারমাঝে তোমার
এতই অসংশয়।
বিশ্বজনে কেহই তোরে
করে না প্রত্যয়।
তুমি ভাক, "দাড়াও পথে,
স্থ্ আসেন স্থাররেপ,
রাত্রি নয়, রাত্রি নয়,
রাত্রি নয় নয়।"
এত আঁধারমাঝে তোমার
এতই অসংশয়!

আনন্দেতে জাগো আজি
আনন্দেতে জাগো।
ভোরের পাধি ডাকে যে ঐ
তন্ত্রা এখন না গো।
প্রথম আলো পড়ুক মাধার,
নিদ্রা-ভাঙা জ্বাধির পাতার,
জ্যোতির্মন্নী উদয়-দেবীর
আশীর্বচন মাগো।
ভোরের পাধি গাহিছে ঐ,
আনন্দেতে জাগো।

Ş

কেবল তব মৃথের পানে
চাহিয়া,
বাহির হয় তিমির রাতে
তরণীখানি বাহিয়া।
অরুণ আজি উঠেছে,
অংশাক আজি ফুটেছে,
না যদি উঠে, না যদি ফুটে,
তব্ও আমি চলিব ছুটে,
তোমার মৃথে চাহিয়া।

নয়নপাতে ডেকেছ মোরে
নীরবে।
হলয় মোর নিমেষমাঝে
উঠেছে ভরি গরবে।
শছা তব বাজিল,
সোনার তরী সাজিল,
না যদি বাজে, না যদি সাজে,
গরব যদি টুটে গো লাজে,
চলিব তবু নীরবে।

কপাটি আমি শুধাব নাকো
তোমারে।

দাড়াব নাকো ক্ষণেক তরে

দ্বিধার ভরে হুয়ারে।
বাতাসে পাল ফুলিছে,
পতাকা আজি হুলিছে,
না যদি ফুলে, না যদি তুলে,
তরণী যদি না লাগে কুলে,
শুধাব নাকো তোমারে।

•

মোর কিছু ধন আছে সংসারে,
বাকি সব ধন স্থপনে,
নিভ্ত স্থপনে।
ওগো কোথা মোর আশার অতীত,
ওগো কোথা তুমি পরশ-চকিত,
কোথা গো স্থপনবিহারী।
তুমি এস এস গভীর গোপনে,
এস গো নিবিড় নীরব চরণে,
বসনে প্রদীপ নিবারি,
এস গো গোপনে।
মোর কিছু ধন আছে সংসারে
বাকি সব আছে স্থপনে।

রাজপথ দিয়ে আসিয়ো না তুমি
পথ ভরিয়াছে আলোকে,
প্রথর আলোকে।
সবার অজানা, হে মোর বিদেশী,
তোমারে না যেন দেখে প্রতিবেশী,
হে মোর স্বপনবিহারী।
ভোমারে চিনিব প্রাণের প্লকে,
চিনিব বিরলে নেহারি
পরম প্লকে।
এস প্রদোবের ছায়াতল দিয়ে,
এসো না পথের আলোকে
প্রথর আলোকে।

8

তোমারে পাছে সহজে বৃথি
তাই কি এত লীলার ছল,
বাহিরে যবে হাসির ছটা
ভিতরে থাকে আঁথির জল।
বৃথি গো আমি, বৃথি গো তব
ছলনা,
যে-কথা তৃমি বলিতে ঢাও
সে-কথা তৃমি বল না।

তোমারে পাছে সহজে ধরি
কিছুরি তব কিনারা নাই,
দশের দলে টানি গো পাছে
বিরূপ তুমি, বিমুখ তাই।
বৃঝি গো আমি, বৃঝি গো তব
ছলনা,
যে-পথে তুমি চলিতে চাও
সে-পণে তুমি চল না।

সবার চেয়ে অধিক চাহ
তাই কি তুমি ফিরিয়া যাও ?
হেলার ভরে ধেলার মতো
ভিক্ষাঝুলি ভাসারে দাও ?
বুঝেছি আমি বুঝেছি তব
ছলনা,
সবার যাহে তৃপ্তি হল
ভোমার তাহে হল না!

ũ

আপনারে তুমি করিবে গোপন কী কৰি ? হৃদর তোমার আঁধির পাতায় থেকে থেকে পড়ে ঠিকরি'। আজ আসিয়াছ কৌতুক-বেশে, মানিকের হার পরি এলোকেশে. নয়নের কোণে আধো হাসি হেসে এসেছ হৃদয়-পুলিনে। ভূলি নে তোমার বাকা কটাকে, ভূলি নে চতুর নিঠুর বাকো ङ्गि म। কর-প্রবে দিলে যে আঘাত করিব কি ভাহে আঁথিজলপাত ? এমন অবোধ নহি গো। হাসো তুমি, আমি হাসিমুগে স্ব সহি গো।

আজ এই বেশে এসেছ আমার
ভূলাতে।
কভূ কি আস নি দীপ্ত ললাটে
স্থিম পরশ ব্লাতে ?
দেখেছি তোমার মৃথ কথাহার।
জলে ছলছল মান আঁখিতারা,
দেখেছি তোমার ভয়-ভরে সার।
করুণ পেলব মূরতি।
দেখেছি তোমার বেদনা-বিধুর
পলক-বিহীন নয়নে মধুর
মিনতি।

আজি হাসিমাধা নিপুণ শাসনে
তরাস আমি যে পাব মনে মনে
এমন অবোধ নহি গো।
হাসো তুমি, আমি হাসিমুখে সব
সহি গো।

Ġ

তোমায় চিনি বলে আমি করেছি গরব
লোকের মাঝে;
মোর আঁকা পটে দেখেছে তোমায়
অনেকে অনেক সাঞে।
কত জনে প্রসে মোরে ডেকে কয়—
"কে গো সে"—গুধায় তব পরিচয়,
"কে গো সে ?"
তখন কী কই, নাহি আসে বাণী,
আমি শুধু বলি, "কী জানি কী শুনি।"
তুমি শুনে হাস, ভারা হুবে মোরে
ক' দেখে।

তোমার অনেক কাহিনা গাহিষাছি আমি
অনেক গানে।
গোপন বারতা লুকায়ে রাপিতে
পারি নি আপন প্রাণে।
কত জন মোরে ডাকিয়া কয়েছে,
"যা গাহিছ তার অর্থ রয়েছে
কিছু কি ?"
তিখন কী কই, নাহি আদে বাণী,
আমি ভুধু বলি, "অর্থ কী জানি।"
তারা হেলে যায়, ভুমি হাল বলে
মুচ্কিঃ

তোমায় জানি না চিনি না এ-কথা বলো তো
কেমনে বলি ?
বনে পনে তুমি উকি মারি চাও,
পনে বনে যাও চলি।
জ্যোংস্না-নিশীপে, পূর্ব শশীতে,
পেথেছি তোমার ঘোমটা পসিতে,
আঁবির পলকে পেয়েছি তোমায়
লবিতে।
বক্ষ সহসা উঠিয়াছে ছলি,
অকারণে আঁথি উঠছে আকুলি,
বুঝেছি হদয়ে ফেলেছ চরণ
চকিতে।

তোমায় খনে খনে আমি বাধিতে চেয়েছি
কথার ভোরে।
চিরকাল তরে গানের স্থরেতে
রাধিতে চেয়েছি ধরে।
সোনার ছন্দে পাতিয়াছি ফাঁদ,
বাঁশিতে ভরেছি কোমল নিখাদ,
তর্ সংশয় জাগে—ধরা তুমি
দিলে কি ?
কাজ নাই, তুমি যা খুশি তা করে।
ধরা নাই দাও, মোর মন হরো,
চিনি বা না চিনি প্রাণ উঠে ষেন
পুলকি।

٩

পাগল হইয়া বনে বনে ফিরি

আপন গন্ধে মম

কন্তরীমৃগসম।

ফাস্তন-রাতে দক্ষিণ-বায়ে

কোপা দিশা খুঁজে পাই না,

যাহা চাই ভাহা ভুল করে চাই,

যাহা পাই ভাহা চাই না।

বক্ষ হইতে বাহির হইয়া
আপন বাসনা মম
ফিরে মরীচিকাসম।
বাহু মেলি তারে বক্ষে লইতে
বক্ষে কিরিয়া পাই না।
যাহা চাই তাহা ভুল করে চাই
যাহা পাই তাহা চাই না।

নিজের গানেরে বাধিয়া ধরিতে
চাহে যেন বাঁশি মম,
উতলা পাগলসম।
যারে বাঁধি ধরে তার মাঝে আর
রাগিণী খুঁজিয়া পাই না।
যাহা চাই তাহা ভুল করে চাই
যাহা পাই তাহা চাই না।

4

আমি চঞ্চল হে, আমি স্কুদুরের পিরাসি।

> দিন চলে যায়, আমি আনমনে তারি আশা চেয়ে থাকি বাভায়নে, ওগো প্রাণে মনে আমি যে তাহার পরশ পাবার প্রয়াসী। আমি স্বদ্রের পিয়াসি।

ভগো

সুদ্র, বিপুল সুদ্র। তুমি থে বাজাও ব্যাকুল বালরি। মোর ভানা নাই, আছি এক ঠাঁই, দো-কথা থে বাই পাসরি।

আমি উংস্কুক হে, হে সুদূর, আমি প্রবাসী।

> তুমি ঘূলভ ঘুরাশার মতো কী কথা আমায় গুনাও সতত। তব ভাষা গুনে ভোমারে হৃদয়

জেনেছে তাহার স্বভাষী। হে সুদুর, আমি প্রবাসী।

**ও**গো

স্থাৰ, বিপুল স্থাৰ । তুমি থে বাজাও বাাকুল বালরি। নাছি জানি পথ, নাছি মোর রথ দেকধা যে যাই পাসরি।

আমি উন্ননা হে, হে স্বদূর, আমি উদাসী।

> রোদ্র-মাধানো অলস বেলায় তরু-মর্মবে, ছায়ার ধেলায়

কী মূরতি তব নীলাকাশশায়ী নয়নে উঠে গো আভাদি। হে স্থদূর, আমি উদাসী।

9.31

স্থাদ্র, বিপুল স্থাদ্র। তুমি যে বাজাও বাাকুল বাশরি। কক্ষে আমার কন্ধ ত্যার সে-কথা যে যাই পাসরি।

5

কুঁড়ির ভিতরে কাঁদিছে গন্ধ আৰু হয়ে—
কাঁদিছে আপন মনে,—
কুসমের দলে বন্ধ হয়ে
করুণ কাতর স্বনে
কহিছে সে—হার হার,
বেলা যায় বেলা যার গো
ফান্ডনের বেলা যায়।
ভর নাই তোর, ভর নাই ওরে, ভর নাই,
কিছু নাই তোর ভাবনা।
কুস্তম ফুটবে, বাধন টুটিবে,
পুরিবে সকল কামনা।
নিংশেষ হরে যাবি যবে তুই
ফান্ডন তথনো যাবে না।

কুঁড়ির ভিতরে ফিরিছে গন্ধ কিসের আশে ফিরিছে আপনমাঝে, বাহিরিতে চায় আকুল শাসে কী জানি কিসের কাজে। কহিছে সে—হার হার,
কোধা আমি বাই, কারে চাই গো
না জানিয়া দিন বার।
ভর নাই তোর, ভর নাই ওরে, ভর নাই,
কিছু নাই তোর ভাবনা।
দবিন-পবন খারে দিয়া কান
জেনেছে রে তোর কামনা।
আপনারে তোর না করিয়া ভোর
দিন তোর চলে বাবে না।

কুঁড়ির ভিতরে আক্ল গছ ভাবিছে বসে—
ভাবিছে উদাসপারা,—
জীবন আমার কাহার দোবে
এমন অর্ধহারা।
কহিছে সে—হায় হায়।
কেন আমি কাঁদি, কেন আছি গো
অর্ধ না বুঝা যায়।
ভয় নাই তোর, ভয় নাই ওরে, ভয় নাই,
কিছু নাই তোর ভাবনা।
বে শুভ প্রভাতে সকলের সাথে
মিলিবি, পুরাবি কামনা,
আপন অর্ধ সেদিন বুঝিবি।
জনম বার্থ যাবে না।

5.

আমার মাঝারে যে আছে, কে গো সে, কোন্ বিরহিণী নারী ? আপন করিতে চাহিম্থ তাহারে, কিছুতেই নাহি পারি। রমণীরে কে বা জ্বানে—
মন তার কোন্খানে।
সেবা করিলাম দিবানিশি তার,
গাঁথি দিহু গলে কত ফুলহার,
মনে হল, সুখে প্রসন্ন মূখে
চাহিল সে মোর পানে।
কিছু দিন যায়, একদিন হায়
ফেলিল নয়নবারি—
"তোমাতে আমার কোনো সুগ নাই"
কহে বিরহিণী নারী।

রতনে জড়িত নৃপুর তাহারে
পরায়ে দিলাম পায়ে,
রজনী জাগিয়া বাজন করিছ
চন্দন-ভিজা বায়ে।
রমণীরে কে বা জানে—
মন তার কোন্খানে।
কনক-খচিত পালহ 'পরে
বসায় তাহারে বহু সমাদরে,
মনে হল হেন হাসিম্পে যেন
চাহিল সে মোর পানে।
কিছু দিন যায়, লুটায়ে ধূলায়
কেলিল নয়নবারি—
"এ-সবে আমার কোনো স্থপ নাই"
কহে বিরহিণী নারী।

বাহিরে আনিম তাহারে, করিতে হৃদয়-দিগ্বিজ্ঞর। সারপি হইয়া রপধানি তার চালাম্ম ধরণীমর। রমণীরে কে বা জ্ঞানে—
মন তার কোন্থানে।

দিকে দিকে লোক সঁপি দিল প্রাণ,

দিকে দিকে তার উঠে চাটুগান,

মনে হল তবে দীপ্ত গরবে

চাহিল সে মোর পানে।

কিছু দিন যায় মুখ সে ক্ষিরায়

ফেলে সে নয়নবারি।

"হাদয় কুড়ায়ে কোনো স্বথ নাই"

ক্ষে বিরহিণী নারী।

আমি কহিলাম, "কারে তুমি চাও
ওগো বিরহিণী নারী।"
সে কহিল, "আমি যারে চাই, তার
নাম না কহিতে পারি।"
রমণীরে কে বা জানে—
মন তার কোন্খানে।
সে কহিল, "আমি যারে চাই তারে
পলকে যদি গো পাই দেখিবারে,
পূলকে তখনি লব তারে চিনি,
চাহি তার ম্থপানে।"
দিন চলে যায়, সে কেবল হায়
ফেলে নয়নের বারি।
"অজানারে কবে আপন করিব"
কহে বিরহিণী নারী॥

33

না জানি কারে দেখিয়াছি,
দেখেছি কার মৃথ।
প্রভাতে আজ পেয়েছি তার চিঠি।
পেয়েছি তাই স্থাও আছি,

পেয়েছি এই স্থ

কারেও আমি দেখাব নাকো সোট। লিখন আমি নাহিকো জানি বৃঝি না কী যে রয়েছে বাণী,

যা আছে থাক্ আমার থাক্ তাহা। পেয়েছি এই সুখে আজি পবনে উঠে বাঁশরি বান্ধি, পেয়েছি স্থাপে পরান গাহে আহা।

পণ্ডিত সে কোপা আছে,

শুনেছি নাকি তিনি পড়িয়া দেন লিপন নানামতো। যাব না আমি তাঁর কাছে, তাঁহারে নাহি চিনি,

থাকুন লয়ে পুরানো পুঁথি যত।
ভানিয়া কথা পাব না দিশে,
বুঝেন কিনা বুঝিব কিসে।
ধন্দ লয়ে পড়িব মহাগোলে।

তাহার চেয়ে এ লিপিখানি মাধায় কভু রাধিব আনি যতনে কভু তুলিব ধরি কোলে।

রঙ্গনী যবে আঁধারিয়া
আসিবে চারিধারে,
গগনে যবে উঠিবে গ্রহতারা :

ধরিব লিপি প্রসারিমা
বিসয়া গৃহদ্বারে
পুলকে রব হয়ে পলকহারা।
তপন নদী চলিবে বাহি
যা আছে লেখা তাহাই গাহি,
লিপির গান গাবে বনের পাতা।
আকাশ হতে সপ্তথাধি
গাহিবে ভেদি গহন নিশি
গভীর ভানে গোপন এই গাখা।

বৃথি না বৃথি ক্ষতি কিবা,
বব অবোধসম।
পেয়েছি যাহা কে লবে তাহা কাড়ি।
বয়েছে যাহা নিশিদিবা
বহিবে তাহা মম,
বৃকের ধন যাবে না বৃক ছাড়ি।
খুঁজিতে গিয়া বৃণাই খুঁজি,
বৃথিতে গিয়া ভুল যে বৃথি,
ঘূরিতে গিয়া কাছেরে করি দূর।
না বোঝা মোর লিখনগানি
প্রাণের বোঝা ফেলিল টানি,
সকল গানে লাগায়ে দিল স্কর।

25

হায় গগন নহিলে ভোমারে ধরিবে কে বা।
ওগো তপন ভোমার স্থপন দেখি যে করিতে পারি নে সেবা।
শিশির কহিল কাঁদিয়া,
"ভোমারে রাখি যে বাঁধিয়া
হে রবি, এমন নাহিকো আমার বল।
ভোমা বিনা ভাই কুদ্র জীবন কেবলি অক্রজন।"

"আমি বিপুল কিরণে ভ্বন করি যে আলো,
তব্ শিশিরটুকুরে ধরা দিতে পারি
বাসিতে পারি যে ভালো।"
শিশিরের বুকে আসিয়া
কহিল তপন হাসিয়া,
"ছোটো হয়ে আমি রহিব তোমারে ভরি,
তোমার ক্ষুত্র জীবন গড়িব
হাসিয় মতন করি।"

#### 50

আঞ্জ মনে হয় সকলেরি মাঝে
ভোমারেই ভালোবেসেছি ।
জনতা বাহিয়া চিরদিন ধরে
ভগু ভূমি আমি এসেছি ।
দেবি চারিদিক পানে,
কাঁ যে জেগে ওঠে প্রাণে ।
ভোমার আমার অসীম মিলন
যেন গো সকল খানে ।
কাত যুগ এই আকাশে যাপিন্থ
সে-কথা অনেক ভূলেছি ।
ভারায় ভারায় যে-আলো কাঁপিছে
সে-আলোকে দোহে ভূলেছি ।

ত্ব-রোমাঞ্চ ধরণীর পানে
আবিনে নব আলোকে
চেয়ে দেখি যবে আপনার মনে
প্রাণ ভরি উঠে পুলকে।
মনে হয় যেন জানি
এই অক্ষিত বাণী

মৃক মেদিনীর মর্মের মাঝে
জাগিছে যে ভাবপানি।
এই প্রাণে-ভরা মাটির ভিতরে
কত মৃগ মোরা জেগেছি,
কত শরতের সোনার আলোকে
কত তৃণে দৌহে কেপেছি।

প্রাচীন কালের পড়ি ইতিহাস স্থাপর ত্পের কাহিনী: পরিচিত্তসম বেজে ওঠে সেই অতীতের যত রাগিণী। পুরাতন সেই গীতি সে যেন আমার শ্বতি। কোন্ ভাঙারে সক্ষর তার গোপনে রয়েছে নিতি। প্রাণে তাহা কত মুদিয়া রয়েছে কত বা উঠিছে মেলিয়া— পিতামহদের জীবনে আমরা তু-জনে এসেছি পেলিয়া:

লক্ষ বরষ আগে যে-প্রভাত
উঠছিল এই ভূবনে
তাহার অরুণ-কিরণ-কণিকা
গাঁপ নি কি মোর জীবনে ?
সে-প্রভাতে কোন্থানে
জেগেছিত্ব কেবা জানে।
কী মুরতি মাঝে ফুটালে আমারে
সেদিন লুকায়ে প্রাণে।

হ চির-পুরানো, চিরকাল মোরে গড়িছ নৃতন করিয়া। চিরদিন তুমি সাথে ছিলে মোর রবে চিরদিন ধরিয়া।

38

সব ঠাই মোর ঘর আছে, আমি
সেই ঘর মরি খুঁজিয়া।
দেশে দেশে মোর দেশ আছে, আমি
সেই দেশ লব যুঝিয়া।
পরবাসী আমি যে-ত্নারে চাই—
তারি মাঝে মোর আছে যেন ঠাই,
কোথা দিয়া সেধা প্রবেশিতে পাই
সন্ধান লব বুঝিয়া।
ঘরে ঘরে আছে পরমান্ত্রীয়,
তারে আমি ফিরি খুঁজিয়া।

বহিয়া বহিয়া নব বসন্তে
ফুল-স্কুগন্ধ গগনে
কেঁদে কেরে হিয়া মিলন-বিহীন
মিলনের শুভ লগনে।
আপনার যারা আছে চারিভিতে
পারি নি তাদের আপন করিতে,
তারা নিশিদিসি জাগাইছে চিতে
বিরহ-বেদনা সহনে।
পাশে আছে যারা তাদেরি হারায়ে
ফিরে প্রাণ সারা গগনে।

ভূনে পুলকিত যে মাটির ধরা
পুটার আমার সামনে—
সে আমার ভাকে এমন করিয়া
কেন যে, কব তা কেমনে।
মনে হয় যেন সে ধ্লির তলে
যুগে যুগে আমি ছিম্ন ভূগে জলে,
সে-ছয়ার খুলি কবে কোন্ ছলে
বাহির হয়েছি ভ্রমণে।
সেই মৃক মাটি মোর মুপ চেয়ে
লুটায় আমার সামনে।

নিশার আকাশ কেমন করিয়া
তাকায় আমার পানে সে।
লক্ষযোজন দ্রের তারকা
মোর নাম মেন জানে সে।
যে-ভাষায় তারা করে কানাকানি
সাধ্য কাঁ আর মনে তাহা আনি;
চিরদিবসের ভূলে-গাওয়া বাণী
কোন্ কণা মনে আনে সে।
অনাদি উষার বন্ধু আমার
তাকায় আমার পানে সে।

এ সাত-মহলা ভবনে আমার,
চির-জনমের ভিটাতে
স্থলে জলে আমি হাজার বাঁধনে
বাধা যে গিঠাতে গিঠাতে।
তব্ হায় ভূলে যাই বাবে বাবে
দূরে এসে বর চাই বাঁধিবারে,

আপীনার বাঁধা ঘরেতে কি পারে ঘরের বাসনা মিটাতে ? প্রবাসীর বেশে কেন ফিরি হায় চির-জনমের ভিটাতে।

যদি চিনি, যদি জানিবারে পাই,
ধুলারেও মানি আপনা।
ছোটো-বড়ো হীন সবার মাঝারে
করি চিত্তের স্থাপনা।
হই যদি মাটি, হই যদি জল,
হই যদি তৃণ, হই ফুলফল,
জীব সাথে যদি ফিরি ধরাতল
কিছুতেই নাহি ভাবনা।
যেপা যাব সেপা অসাম বাধনে
অক্তিটান আপনা।

বিশাল বিশ্বে চারিদিক হতে
প্রতি কণা মোরে টানিছে।
আমার ত্যারে নিপিল জগং
শত কোটি কর হানিছে।
ওরে মাটি, তুই আমারে কী চাস ?
মোর তরে জল তু-হাত বাড়াস ?
নিখাসে বুকে পশিয়া বাতাস
চির-আহ্বান আনিছে।
পর ভাবি যারে তারা বারে বারে
সবাই আমারে টানিছে।

আছে আছে প্রেম ধুলার ধুলার, আনন্দ আছে নিগিলে। মিধ্যায় ঘেরে, ছোটে কণাটরে
তুক্ত করিয়া দেখিলে।
জগতের যত অণ্ রেণু সব
আপনার মাঝে অচল নীরব
বহিছে একটি চির-গৌরব--এ-কথা না যদি শিবিলে,
জীবনে মরণে ভয়ে ভয়ে তবে
প্রবাদী কিরিবে নিবিলে।

ধূলা সাপে 'আমি ধূলা হয়ে বব ুসে গোরবের চরণে। ফুলমাঝে আমি হব ফুলদল তার পূজারতি বরণে। যোগা যাই আর যোগায় চাহি রে তিল ঠাই নাই তাহার বাহিরে, প্রবাস কোপাও নাহি রে নাহি রে জনমে জনমে মরণে। যাহা হই আমি তাই হয়ে রব। সে গোরবের চরণে।

পন্ত রে আমি অনন্ত কাল,
ধন্ত আমার ধরণী।
ধন্ত এ মাটি, ধন্ত স্কৃদ্র
তারকা হিরণ-বরনী।
যেখা আছি আমি আছি তাঁরি ছারে,
নাহি জানি ত্রাণ কেন বল কারে।
আছে তাঁরি পারে তাঁরি পারাবারে
বিপুল ভূবন-তরণী।
যা হয়েছি আমি ধন্ত হয়েছি
ধন্ত এ মোর ধরণী॥

32

আকাশ-সিদ্ধু মাঝে এক ঠাঁই কিসের বাতাস লেগেছে.--জগং ঘূর্ণি জেগেছে। ঝলকি উঠছে রবিশশাহ ঝলকি ছুটেছে তারা, অযুত চক্র ঘূরিয়া উঠেছে অবিরাম মাতোয়ারা। স্থির আছে ভুধু একটি বিন্দু ঘূর্ণির মাঝ্যানে---সেইপান হতে স্বৰ্ণক্ষল উঠছে শৃত্যপানে। সন্দরী, ওগো সন্দরী, শতদলদলে ভূবনলক্ষী দাড়ায়ে রয়েছ মরি মরি। জগতের পাকে সকলি ঘুরিছে, অচল তোমার রূপরাশি। नानां पिक इंद्रु नानां पिन दिली,-পাই দেখিবারে ওই হাসি।

জনমে মরণে আলোকে আঁধারে
চলেছি হরণে প্রণে,
ঘুরিয়া চলেছি ঘুরনে।
কাছে যাই যার দেশিতে দেশিতে
চলে বায় সেই দ্রে,
হাতে পাই যারে, পলক ফেলিতে
তারে ছুঁয়ে যাই ঘুরে।
কোবাও থাকিতে না পারি ক্ষণেক,
রাশিতে পারি নে কিছু,

মন্ত হাদয় ছুটে চলে যায়
ফেনপুঞ্জের পিছু।
হে প্রেম, হে প্রবস্থানর,
ছিরতার নীড় তুমি রচিয়াছ
ঘূর্ণার পাকে খরতর।
ঘাঁপগুলি তব গাঁতমুখরিত,
বারে নির্মার কলভাবে,
অসীমের চির-চরম শাস্তি
নিমেনের মাঝে মনে আসে।

### 33

হে বিশ্বদেশ, মোর কাছে ভূমি দেখা দিলে আজ কী বেশে। দেশিম তোমারে পূর্বগগনে, দেখিত ভোমারে স্বদেশে। ললাট ভোমার নীল নভতল, বিমল আলোকে চির-উচ্ছল, নীবৰ আশিস-সম হিমাচল ত্ৰ ব্ৰাভ্য ক্র.--সাগর তোমার পরশি চরণ भमधृति मना कतिष्ट श्वन ; জাহবী তব হার-আভরণ তুলিছে বক্ষ'পর। श्रमय श्रु लिया ठाहिन् वाहित्य, হেরিম্ব আজিকে নিমেষে— মিলে গেছ ওগো বিশ্বদেবতা মোর সনাতন স্বদেশে।

ভনিমু ভোমার স্তবের মন্ত্র অতীতের তপোবনেতে.---অমব ঋষিব হৃদয় ভেদিয়া ধ্বনিতেছে ত্রিভবনেতে। প্রভাতে, হে দেব, তরুণ তপনে रमश माध यदव छेमय-अअदन মুখ আপনার ঢাকি আবরণে হিরণ-কিরণে গাঁপা.--তথন ভারতে জনি চারিভিতে মিলি কাননের বিহস্পীতে, প্রাচান নীর্ব ক্য ইইতে উঠে গায়ত্রীগাপ। হ্বনয় খুলিয়া দাড়ান্ত বাহিরে শুনিয় আজিকে নিমেৰে, আত্ৰীত হইতে উঠিছে হে দেব. ত্র গান মোর স্বদেশে :

নয়ন মুদিয়: শুনিষ্ঠ, জানি না
কোন্ অনাগত বরবে
তব মঙ্গলবাদ্ধ তুলিয়।
বাজায় ভারত হরবে।
ডুবায়ে ধরার রণতংকার
ভেদি বণিকের ধনঝাকার
মহাকাশতলে উঠে ওংকার
কোনো বাধা নাহি মানি।
ভারতের খেত হদিশ হদলে,
দাঁড়ায়ে ভারতী তব পদতলে,
সংগীত-ভানে শৃষ্টে উথলে
অপুর্ব মহাবাণী।

নয়ন মৃদিয়া ভাবীকালপানে
চাহিত্ব, শুনিফু নিমেবে
তব মঙ্গলবিজয়শশ্
বাজিছে আমার বদেশে।

29

ধ্প আপনারে মিলাইতে চাহে গন্ধে,
গন্ধ সে চাহে ধ্পেরে রহিতে জুড়ে।
স্বর আপনারে ধরা দিতে চাহে ছন্দে,
ছন্দ ফিরিয়া ছুটে যেতে চায় স্থরে।
ভাব পেতে চায় রূপের মাঝারে অন্ধ,
রূপ পেতে চায় ভাবের মাঝারে ছাড়া।
অসীম সে চাহে সীমার নিবিড় সন্ধ,
সীমা চায় হতে অসীমের মাঝে হারা।
প্রলয়ে স্পন্ধনে না জানি এ কার যুক্তি,
ভাব হতে রূপে অবিরাম যাওয়া-আসা,
বন্ধ ফিরিছে খুঁজিয়া আপন মুক্তি,
মুক্তি মাগিছে বাধনের মাঝে বাসা।

#### 16

তোমার বীণায় কত তার আছে
কত না প্রের, —
আমি তার সাথে আমার তারটি
দিব গো ছুড়ে।
তার পর হতে প্রভাতে গাঁরে
তব বিচিত্র রাগিণী মাঝে
আমারো হৃদয় রণিয়া বাজিবে অবে।
তোমার প্ররেতে আমার পরান
জড়ায়ে রবে।

তোমার তারায় মোর আশাদীপ রাথিব জ্ঞালি। তোমার কুস্থুমে আমার বাসনা দিব গো ঢালি। তার পর হতে নিশীপে প্রাতে তব বিচিত্র শোভার সাথে আমারো স্বদয় জ্ঞালিবে, ফুটিবে ফুলিবে স্কথে। মোর পরানের ছায়াটি পড়িবে তোমার মুখে।

79

হে রাজন্, তুমি আমারে
বাঁশি বাজাবার দিয়েছ যে ভার
ভোমার সিংহ-ত্যারে—
ভূলি নাই ভাহা ভূলি নাই,
মাঝে মাঝে তবু ভূলে যাই,
চেয়ে চেয়ে দেখি কে আসে কে যায়
কোগা হতে যায় কোগা রে ।

কেহ নাহি চায় ধামিতে।

শিরে লয়ে বোঝা চলে যায় সোজা
না চাহে দবিনে বামেতে।

বকুলের শাখে পাবি গায়,
ফুল ফুটে তব আভিনায়,
না দেবিতে পায় না ভনিতে চায়,
কোণা যায় কোন্ গ্রামেতে।

বাঁশি লই আমি তুলি্য়া।
তারা ক্ষণতরে পথের উপরে

বোঝা কেলে বলে ভূলিয়া।

আছে ধাহা চিরপুরাতন তাবে পায় যেন হারাধন, বলে, "ফুল এ কী ফুটিয়াছে দেবি। পাবি গায় প্রাণ খুলিয়া।"

হে রাজন্, তুমি আমারে
বেণো চিরদিন বিরামবিহীন
তোমার সিংহ-চ্নারে।
যারা কিছু নাহি কহে যায়,
স্থাত্থভার বহে যায়,
ভারা ক্ষণভারে বিশ্বয়ভরে
দাড়াবে পথের মাঝারে
ভোমার সিংহ-চ্নারে।

20

ত্মারে তোমার ভিড় ক'রে যারা আছে,
ভিক্ষা তাদের চুকাইয়া দাও আগে।
মোর নিবেদন নিস্তৃতে তোমার কাছে,
সেবক তোমার অধিক কিছু না মাগে।
ভাঙিয়া এসেছি ভিক্ষাপাত্র,
ত্যু বীণাখানি রেখেছি মাত্র,
বসি এক ধারে পথের কিনারে
বাজাই সে বীণা দিবসরাত্র।

দেখো কতজন মাগিছে রতনধৃলি, কেছ আসিয়াছে যাচিতে নামের ঘটা,— ভরি নিতে চাছে কেছ বিভার ঝুলি, কেছ ফিরে যাবে লয়ে বাকোর ছটা। আমি আনিয়াছি এ বীণাযন্ত্র,
তব কাছে লব গানের মন্ত্র,
তুমি নিজ-হাতে বাঁধো এ বীণায়
তোমার একটি স্বর্ণতন্ত্র।

নগরের হাটে করিব না বেচাকেনা,
লোকালরে আমি লাগিব না কোনো কাজে,
পাব না কিছুই, রাখিব না কারো দেনা,
অলস জীবন যাপিব গ্রামের মাঝে।
তরুতলে বসি মন্দ-মন্দ
ঝংকার দিব কত কী ছন্দ,
যত গান গাব, তব বাধা-তারে
বাজিবে তোমার উদার মন্দ্র।

## 23

বাহির হইতে দেখো না এমন করে,
আমায় দেখো না বাহিরে।
আমায় পাবে না আমার তুগে ও স্থাপে,
আমার বেদনা খুঁজো না আমার বুকে,
আমায় দেখিতে পাবে না আমার মুখে,
কবিরে খুঁজিছ যেখায় সেখা সে নাহি রে।

সাগরে সাগরে কলরবে যাহা বাঞে,
মেষগর্জনে ছুটে রঞ্জার মাঝে,
নীরব মক্রে নিশীথ-আকালে রাজে
আধার হইতে আধারে আসন পাতিয়া,—
আমি সেই এই মানবের লোকালয়ে
বাজিয়া উঠেছি ফুখে তুখে লাজে ভরে,
গরজি ছুটিয়া ধাই জয়ে পরাজ্যে
বিপুল ছন্দে উদার মক্রে মাতিয়া।

যে গন্ধ কাঁপে ফুলের বুকের কাছে,
ভোরের আলোকে যে গান ঘুমারে আছে,
শারদধান্তে যে আভা আভাসে নাচে
কিরণে কিরণে হসিত হিরণে-হরিতে,
সেই গন্ধই গড়েছে আমার কায়া,
সে গান আমাতে রচিছে নৃতন মায়া,
সে আভা আমার নয়নে কেলেছে ছারা;—
আমার মাঝারে আমারে কে পারে ধরিতে ?

নব-অরণ্যে মর্মর-ভান তৃলি
যৌবন-বনে উড়াই কুসুমধূলি,
চিত্ত-গুহার স্থপ্ত রাগিণীগুলি
শিহরিয়া উঠে আমার পরশে স্থাগিয়া।
নবীন উষার তরুপ অরুণে থাকি'
গগনের কোণে মেলি পুলকিত আঁথি,
নীরব প্রদোষে করুণ-কিরণে ঢাকি'
থাকি মানবের হৃদয়চুড়ায় লাগিয়া।

তোমাদের চোপে আঁথিজল করে যবে
আমি তাহাদের গেঁথে দিই গীতরবে,
লাজুক হদর যে-কথাটি নাহি কবে
সুরের ভিতরে লুকাইয়া কহি তাহারে।
নাহি জানি আমি কী পাথা লইয়া উড়ি,
পেলাই ভূলাই তুলাই ফুটাই কুঁড়ি,
কোথা হতে কোন্ গন্ধ যে করি চুরি
সন্ধান তার বলিতে পারি না কাহারে।

যে আমি স্থপন-মুরতি গোপনচারী, যে আমি আমারে বৃঝিতে বৃঝাতে নারি, আপন গানের কাছেতে আপনি হারি, সেই আমি কবি, কে পারে আমারে ধরিতে। মান্থ্য-আকারে বন্ধ যে জন ঘরে, ভূমিতে লুটায় প্রতি নিমেষের ভরে, যাহারে কাঁপায় স্ততি-নিন্দার জরে, কবিরে পাবে না তাহার জীবনচরিতে।

## २२

আছি আমি বিশুরূপে, হে অন্তর্যামী,
আছি আমি বিশ্বকেন্দ্রলে। "আছি আমি"
এ-কথা শ্বরিলে মনে মহান্ বিশ্বয়
আকুল করিয়া দেয়, শুরু এ হৃদয়
প্রকাণ্ড রহস্মভারে। "আছি আর আছে,"
অন্তহীন আদি প্রহেলিকা, কার কাছে
শুধাইব অর্থ এর ? তর্বিদ্ তাই
কহিতেছে, "এ নিধিলে আর কিছু নাই,
শুধ্ এক আছে।" করে তারা একাকার
অন্তিহ্ব-রহস্পরাশি করি অশ্বাকার।
একমাত্র তুমি জান এ ভব সংসারে।
যে আদি গোপন তর্ব,—আমি কবি তারে
চিরকাল স্বিনয়ে শ্বীকার করিয়া
অপার বিশ্বয়ে চিত্ত রাধিব ভরিয়া।

#### 20

শৃষ্ঠ ছিল মন,
নানা কোলাহলে ঢাকা,
নানা আনাগোনা-আঁকা
দিনের মতন।
নানা জনতায় ফাঁকা,
কর্মে অচেতন
শৃষ্ঠ ছিল মন।

জানি না কখন এল নৃপ্র-বিহীন
নিঃশন্ধ গোধৃলি।
দেখি নাই স্বৰ্ণ-রেখা,
কী লিখিল শেষ লেখা
দিনান্তের তুলি।
আমি যে ছিলাম একা
তাও ছিম্ম তুলি।
আইল গোধৃলি।

হেনকালে আকাশের বিশ্বয়ের মতে।
কোন্ শ্বৰ্গ হতে
চাঁদখানি লয়ে হেসে
শুক্ত-সন্ধ্যা এল ভেসে
আ্থাধারের স্রোতে।
বৃঝি সে আপনি মেশে
আপন আলোতে।
এল কোপা হতে।

অকন্মাং বিকশিত পুশোর পুলকে
তুলিলাম আঁধি।
আর কেহ কোথা নাই
সে তথু আমারি ঠাই
এসেছে একাকী।
সন্মধে দাঁড়াল তাই
মোর মূপে রাণি
অনিমের আঁধি।

রাঞ্জংস এসেছিল কোন্ যুগান্তরে শুনেছি পুরাণে। দময়ন্তী আলবালে
বিশ্বন্ধ জল ঢালে
নিক্ঞ্ব-বিতানে,—
কার কথা হেনকালে
কহি গেল কানে
ভানেছি পুরাণে।

জোংস্বাসন্ধা তারি মতে। আকাশ বাহিরা এল মোর বৃকে। কোন্ দূর প্রবাসের লিপিগানি আছে এর ভাষাহীন মৃংগ। সে যে কোন্ উংস্থাকের মিলনকৌভূকে।

তুইপানি গুল্ল ভানা ঘেরিল আমারে
সর্বাঙ্গে হৃদয়ে।
স্বন্ধে মোর রাপি শির
নিম্পন্দ রহিল স্থির,
কথাটি না কয়ে।
কোন্ পদ্ম-বনানীর
কোমলাতা লয়ে
পশিল হৃদয়ে ?

আর কিছু বৃঝি নাই, শুধু বৃঝিলাম
আছি আমি এক<sup>াঁ</sup>।
এই শুধু জানিলাম
জানি নাই তার নাম
লিপি যার লেখা।

এই ওধু ব্ঝিলাম না পাইলে দেখা রব আমি একা।

বার্থ হয়, বার্থ হয় এ দিনরজনী, এ মোর জীবন। হায় হায়, চিরদিন হয়ে আছে অর্থহীন এ বিশ্বভ্বন। অনস্ত প্রেমের শ্বণ করিছে বহন বার্থ এ জীবন।

প্রগা দৃত দূরবাসী, প্রগা বাক্যহীন, হে সোমা-স্থলর।
চাহি তব মুবপানে
ভাবিতেছি মুম্মপ্রাণে
কাঁ দিব উত্তর ?
অক্স আসে ছ-নয়নে,
নিবাক অস্তর,
হে সোম্য-স্থলর।

#### 38

হে নিত্তক গিরিরাজ, অন্তেলী তোমার সংগীত তর্বিক্যা চলিয়াছে অফুদান্ত উদান্ত স্বরিত প্রভাতের বার হতে সন্ধার পশ্চিম নীড়পানে হুর্গম হুরুহ পথে কী জানি কী বাণীর সন্ধানে। হু:সাধ্য উল্পাস তব শেষ প্রাক্তে উঠি আপনার সহসা মৃহুর্তে যেন হারায়ে কেলেছে কণ্ঠ তার, ভূলিয়া গিরাছে সব স্থর,—সামগীত শব্দহারা নিরত চাহিয়া শৃক্তে বরবিছে নির্বরিণীধারা।

হে গিরি, যৌবন তব যে হুর্দম অগ্নিতাপবেগে
আপনারে উৎসারিয়া মরিতে চাহিয়াছিল মেদে—
সে তাপ হারায়ে গেছে, সে প্রচন্ত গতি অবসান,
নিরুদ্দেশ চেষ্টা তব হয়ে গেছে প্রাচীন পাষাণ।
পেয়েছ আপন সীমা, তাই আজি মৌন শান্ত হিয়া
সীমাবিহীনের মাঝে আপনারে দিয়েছ সঁপিয়া।

# 20

ক্ষান্ত করিয়াছ তৃমি আপনারে, তাই হেরো আজি তোমার সর্বাঙ্গ ঘেরি পুলকিছে শ্রাম শম্পরাজি প্রশ্নটিত পুশাজালে : বনম্পতি শত বরষার আনন্দবর্ষণকাবা লিবিতেছে পত্রপুঞ্জে তার বন্ধনে শৈবালে জটে : শুতৃর্গম তোমার শিপর নির্ভয় বিহন্দ যত কলোল্লাসে করিছে মৃপর : আসি নরনারীদল তোমার বিপুল বক্ষপটে নিংশন্ধ কৃটিরগুলি বাঁধিয়াছে নির্ম্বরিণীতটে : যেদিন উঠিয়াছিলে অগ্নিতেজে স্পর্ধিতে আকাশ, কম্পমান ভূমগুলে, চক্রস্থ্য করিবারে গ্রাস,—
সেদিন, হে গিরি, তব এক সন্ধী আছিল প্রলয় : যথনি ধেমেছ তৃমি বলিয়াছ, "আর নয়, নয়," চারিদিক হতে এল তোমা'পরে আনন্দ-নিশ্বাস, তোমার সমাপ্তি বেরি বিস্তারিল বিশের বিশ্বাস ।

# २७

আজি হেরিতেছি আমি, হে হিমাদ্রি, গভীর নির্জনে
পাঠকের মতো তুমি বসে আছ অচল আসনে,
সনাতন পুঁ থিবানি তুলিয়া লয়েছ অন্ধ'পরে।
পাষাণের পত্রগুলি খুলিয়া গিরাছে থরে থরে,
পড়িতেছ একমনে। ভাঙিল গড়িল কত দেশ,
গেল এল কত যুগ—পড়া তব হইল না শেষ।

আলোকের দৃষ্টিপথে এই যে সহস্র খোলা পাতা
ইহাতে কি লেখা আছে ভব-ভবানীর প্রেম-গাধা?
নিরাসক্ত নিরাকাক্ষ ধানাতীত মহাযোগীশর
কেমনে দিলেন ধরা স্ক্কোমল তুর্বল স্কন্দর
বাহুর কক্ষণ আকর্ষণে? কিছু নাহি ঢাহি যাঁর,
তিনি কেন চাহিলেন—ভালোবাসিলেন নির্বিকার,—
পরিলেন পরিণয়পাশ ? এই যে প্রেমের লীলা
ইহারি কাহিনী বহে, হে শৈল, তোমার যত শিলা।

#### २१

তুমি আছ হিমাচল ভারতের অনস্থসঞ্চিত
তপস্থার মতো। তার ভূমানন্দ যেন রোমাঞ্চিত
নিবিড় নিগৃঢ়ভাবে পথশৃত তোমার নির্জনে,
নিজলক নীহারের অল্লভেদী আত্মবিসর্জনে।
তোমার সহস্র শৃঙ্গ বাহু তুলি কহিছে নীরবে
শ্বারির আত্মাসবাণী—"শুন শুন বিশ্বস্কন সবে
কোনেছি, জেনেছি আমি।" যে ওংকার আনন্দ-আলোতে
উঠেছিল ভারতের বিরাট গজীর বক্ষ হতে
আদিঅস্তবিহীনের অবও অমত লোকপানে,
সে আজি উঠিছে বাজি, গিরি, তব বিপুল পাষাণে।
একদিন এ ভারতে বনে বনে হোমান্নি-আহতি
ভাষাহারা মহাবার্ত। প্রকাশিতে করেছে আকৃতি,
সেই বহিবাণী আজি অচল প্রস্তরশিধারূপে
শৃত্তে শৃত্তে কোন্ মন্ত্র উচ্ছোসিছে মেষধ্রস্তুপে।

#### 26

হে হিমাত্রি, দেবতাত্মা, শৈলে শৈলে আজিও তোমার অভেদান্ধ হরগোঁরী আপনারে যেন বারংবার শৃক্ষে শৃক্ষে বিন্তারিয়া ধরিছেন বিচিত্র মূরতি। ওই হেরি ধাানাসনে নিতাকাল গুরু পশুপতি, হুর্গম হুঃসহ মৌন,—জটাপুঞ্জ তুষারসংঘাত
নিঃশব্দে গ্রহণ করে উদয়ান্ত রবিরশ্বিপাত
পূজাস্থণপদ্মদল। কঠিন প্রস্তরকলেবর
মহান্-দরিস্ত্র, রিক্তা, আভরণহীন দিগম্বর।
হেরো তারে অকে অকে এ কী লীলা করেছে বেষ্টন—
মৌনেরে ঘিরিছে গান, স্তক্তেরে করেছে আলিঙ্গন
সক্ষেন চঞ্চল নৃত্যা, রিক্ত কঠিনেরে ওই চুমে
কোমল শ্রামলশোভা নিত্যানব পদ্ধবে কুসুমে
ছায়ারৌল্রে মেঘের পেলায়। গিরিশেরে রয়েছেন ঘিরি
পারতী মারুরীচ্ছবি তব শৈলগৃহে হিমগিরি।

### रवे

ভারতসমুদ্র তার বান্পোচ্ছাস নিশ্বসে গগনে
আলোক করিয়া পান, উদাস দক্ষিণ-সমীরণে,
অনিব্চনীয় যেন আনন্দের অবাক্ত আবেগ।
উর্ধবাহু হিমাচল, তুমি সেই উদ্বাহিত মেঘ
লিখরে শিপরে তব ছায়াচ্ছয় গুহায় গুহায়
রাধিছু নিরুদ্ধ করি,—পুনর্বার উন্মুক্ত ধারায়
নৃতন আনন্দ-শ্রোতে নব প্রাণে ফিরাইয়া দিতে
অসীম-জিজ্ঞাসারত সেই মহাসমুদ্রের চিতে।
সেইমতো ভারতের হদয়সমুদ্র এতকাল
করিয়াছে উচ্চারণ উর্ধ্বপানে যে বাণী বিশাল,—
অনস্তের জ্যোতিস্পর্শে অনস্তেরে য়া দিয়েছে ফিরে—
রেখেছ সঞ্চয় করি, হে হিমান্তি, তুমি ন্তর্কাশিরে।
তব মৌন শৃলমাঝে তাই আমি ফিরি অস্বেষণে
ভারতের পরিচয় শান্ত-শিব-অফ্রের সনে।

ভারতের কোন বৃদ্ধ ঋষির তঙ্গুণ মৃতি তৃমি হে আৰ্থ আচাৰ্থ জগদীশ ? কী অদুশু তপোভূমি বিরচিকে এ পাষাণ-নগরীর ভঙ্ক ধুলিতলে ? কোণা পেলে সেই শান্তি এ উন্নন্ত জনকোলাহলে যার তলে ময় হয়ে মুহুর্তে বিশ্বের কেন্দ্রমাঝে দাড়াইদে একা তুমি-এক ষেধা একাকী বিরাজে স্ব্চন্দ্র-পূস্পর-পর্গকী-ধূলায়-প্রতরে,---এক তন্ত্ৰাহীন প্ৰাণ নিতা বেধা নিজ অহ'পরে তুলাইছে চরাচর নিঃশব্দ সংগীতে। মোরা যবে মন্ত ছিমু অতীতের অতিদূর নিক্ষণ গৌরবে, পরবস্ত্রে, পরবাকো, পর-ভিক্ষার ব্যঙ্গরূপে কলোল করিতেছিম্ব ফীতকঠে কুদ্র অম্বকুপে---তুমি ছিলে কোন্ দূরে ? আপনার তক্ক ধ্যানাসন কোপার পাতিয়াছিলে ? সংযত গন্তীর করি মন ছিলে রত তপস্তায় অরপরশ্মির অন্নেষণে লোকলোকান্তের অন্তরালে,—বেধা পূর্ব ঋষিগণে বহুত্বের সিংহ্বার উদ্যাটিয়া একের সাক্ষাতে দাড়াতেন বাকাহীন স্বস্থিত বিশ্বিত স্বোড়হাতে। হে তপৰী, ভাকো তুমি সামমন্ত্ৰে জলদগৰ্জনে "উত্তিষ্ঠত নিবোধত।" ভাকো শাস্ত্র-অভিমানী জনে পাণ্ডিতাের পণ্ডতর্ক হতে। সুরুহং বিশ্বতলে ভাকে। মৃদ্ৰ দান্তিকেরে। ভাক দাও তব শিশুদলে একরে দাড়াক ভারা তব হোম-হভাগ্নি ঘিরিয়া। আরবার এ ভারত আপনাতে আসুক ফিরিয়। নিষ্ঠার, শ্রন্ধার, ধানে,—বস্থক সে অপ্রমন্ত চিতে লোভহীন ক্ষহীন গুদ্ধ শাস্ত গুরুর বেদীতে।

60

আজিকে গছন কালিমা লেগেছে গগনে, ওগো,

দিক্-দিগস্ত ঢাকি ।—

আজিকে আমরা কাঁদিরা ওধাই স্থনে ওগো,

আমরা খাঁচার পাধি,—

হদরবন্ধু, ওন গো বন্ধু মোর,

আজি কি আসিল প্রলয় রাত্রি ঘোর ?

চিরদিবসের আলোক গেল কি মুছিরা ?

চিরদিবসের আশাস গেল ঘুচিরা ?

দেবভার রূপা আকাশের ভলে

কোপা কিছু নাহি বাকি ?—

তোমাপানে চাই, কাঁদিয়া ওধাই

আমরা খাঁচার পাপি।

কান্ধন এলে সহসা দপিন প্রন হতে

মাঝে মাঝে বহি বহি

আসিত স্থবাস স্থায় কুঞ্জনন হতে

অপূর্ব আশা বহি।

হাদ্যবন্ধু, গুন গো বন্ধু মোর,

মাঝে মাঝে যবে বন্ধনী হইত ভোর,
কী মায়মন্ত্রে বন্ধনত্ব নাশিয়া
থাচার কোণেতে প্রভাত পশিত হাসিয়া
ঘনমসি-মাঁকা লোহার শলাকা
সোনার স্থায় মাসি।
নিসিল বিশ্ব পাইতাম প্রাণে

আমরা থাচার পাণি।

আজি দেখো ওই পূর্ব-অচলে চাহিরা, হোধা কিছুই না যায় দেখা,—

আজি কোনো দিকে তিমিরপ্রাম্ব দাহিরা, হোগা
পড়ে নি সোনার রেগা।
ফ্রদরবন্ধু, শুন গো বন্ধু মোর,
আজি শৃদ্ধান বাজে অভি স্ফুকঠোর।
আজি পিশ্বর ভূলাবারে কিছু নাহি রে,
কার সন্ধান করি অস্তরে-বাহিরে।
মরীচিকা লরে জুড়াব নয়ন
আপনারে দিব ফাঁকি
সে আলোটুকুও হারায়েছি আজি
আমরা থাচার পাশি।

ওগো আমাদের এই ভয়াতুর বেদনা যেন
ত্যামারে না দের ব্যথা।
পিঞ্চরন্বারে বসিয়া ভূমিও কেঁদো না ষেন
লয়ে বৃথা আকুলতা।
হৃদরবন্ধু, শুন গো বন্ধু মোর,
ভোমার চরণে নাহি তো লোহভোর।
সকল মেধের উধের বাও গো উড়িয়া,
সেথা ঢালো তান বিমল শৃষ্ট জুড়িয়া,
"নেবে নি, নেবে নি প্রভাতের রবি"
কহু আমাদের ডাকি,
মৃদিয়া নয়ান শুনি সেই গান
আমরা খাচার পাধি।

# •३

যদি ইচ্ছা কর তবে কটাক্ষে, হে নারী, কবির বিচিত্র গান নিতে পার কাড়ি আপন চরণপ্রাস্তে; তুমি মৃষ্ট চিতে মগ্ন আছ আপনার গৃহের সংগীতে। ন্তবে তব নাহি কান, তাই ন্তব করি,
তাই আমি ভক্ত তব, অনিল্যস্কলরী,
ভূবন তোমারে পূজে, জেনেও জান না :
ভক্তদাসীসম তুমি কর আরাধনা
খ্যাতিহীন প্রিয়জনে । রাজমহিমারে
যে কর-পরশে তব পার করিবারে
দ্বিণ মহিমান্বিত, সে স্কলর করে
ধূলি ঝাঁট দাও তুমি আপনার ধরে ।
সেই তো মহিমা তব সেই তো গরিমা,
সকল মাধুধ চেয়ে তারি মধুরিমা ।

#### 99

দেশে। চেয়ে গিরির শিরে মেঘ করেছে গগন ঘিরে. আর ক'রো না দেরি : ওলো আমার মনোহরণ, ওলো প্রিশ্ব ঘনবরন, দাঁডাও ভোমায় হেরি। দাড়াও গো ঐ আকাশকোলে. দাড়াও আমার হৃদয়-দোলে, দাভাও গো ঐ স্থামলতণ 'পরে. আকুল চোপের বারি বেয়ে দাঁড়াও আমার নয়ন ছেরে, জনো জনো যুগে যুগাস্তরে। অমনি করে ঘনিয়ে তুমি এসো, অমনি করে তড়িং হাসি হেসো. অমনি করে উড়িয়ে দিয়ে। কেশ। অমনি করে নিবিড ধারাঞ্জলে

অমনি করে ঘন তিমির তলে

আমার তুমি করে। নিরুদ্দেশ।

ওলো ভোমার দরশ লাগি. ওগো ভোমার পরশ মাগি, গুমরে মোর হিরা। বৃহি বৃহি পরান ব্যেপে আন্তনৱেখা কেঁপে কেঁপে যায় যে ঝলকিয়া। আমার চিত্ত-আকাশ কুড়ে वनाका-पन पाटक छेट জানি নে কোন্ দূর সমূত্রপারে। मक्षन वायू छेमाम छूटि, কোৰায় গিয়ে কেনে উঠে পথবিহীন গ্রহন অন্কারে। ওগো তোমার আনো পেয়ার তরী. তোমার সাথে যাব অকুল 'পরি, ষাব সকল বাধন-বাধা-পোলা। ঝডের বেলা ভোমার শ্বিতহাসি লাগবে আমার সর্বদেহে আসি, ভরাস-সাথে হরস দিবে দোলা।

ঐ বেখানে ঈশানকোণে
তড়িং হানে কলে কলে
বিজন উপকূলে,
তটের পারে মাধা কুটে
তরক্ষল ফেনিয়ে উঠে
গিরির পদমূলে:
ঐ বেধানে মেঘের বেণী
অড়িরে আছে বনের শ্রেণী
মর্মারিছে নারিকেলের শাধা,

কত আবাঢ় মাসে

তিজে মাটির বাসে

বাদলা হাওয়া বয়ে গেছে তাদের কাঁচা ধানে।
সে-সব ঘনঘটার দিনে সে ছিল এইখানে।

এই দিদি, ঐ আমের বাগান, ঐ যে শিবালয়, এই আঙিনা ডাক-নামে তার জানে পরিচয়।

এই পুকুরে তারি গাঁতার-কাটা বারি :

ষাটের পথ-রেথা তারি চরণ-লেখাময়। এই গাঁয়ে সে ছিল কে সেই জ্বানে পরিচয়।

এই যাহার। কলস নিম্নে দাড়ায় ঘাটে আসি এরা স্বাই দেখেছিল তারি মুণের হাসি।

কুশল পুছি তারে

দাড়াত তার বারে

লাঙল কাঁথে চলছে মাঠে ঐ যে প্রাচীন চাবি। সে ছিল এই গাঁয়ে আমি যারে ভালোবাসি।

পালের ভরী কত যে যায় বহি দখিন বায়ে, দূরপ্রবাসের পবিক এসে বসে বকুলছায়ে:

পারের যাত্রিদলে
থেরার বাটে চলে,
কেউ গো চেরে দেপে না ঐ ভাঙা ঘাটের বাঁরে।
আমি যারে ভালোবাসি সে ছিল এই গাঁরে।

90

প্রে আমার কর্মহার।

প্রে আমার মন রে আমার মন।

জানি নে তৃই কিলের লাগি

কোন্ সেকালের বিলুপ্ত ভ্বন।

ুকোন্ পুরানো যুগের বাণী অর্থ বাহার নাহি জানি, তোমার মুখে উঠছে আজি ফুটে। অনম্ভ তোর প্রাচীন শ্বতি কোন্ ভাষাতে গাঁধছে গীতি

ন্তনে চক্ষে অশ্রধারা ছুটে।

আজি সকল আকাশ জুড়ে যাচ্ছে তোমার পাথা উড়ে তোমার সাথে চলতে আমি নারি।

তুমি থাদের চিনি ব'লে . টানছ বুকে নিচ্ছ কোলে আমি তাদের চিনতে নাছি পারি।

আজকে নবীন চৈত্রমাসে পুরাতনের বাতাস আসে, খুলে গেছে যুগাস্থরের সেতু।

মিথা। আজি কাজের কথা, আজ জেগেছে যে-সব ব্যথা এই জীবনে নাইকো তাহার হেতু।

গভীর চিত্তে গোপন শালা সেধা ঘুমার যে রাজবালা জ্বানি নে সে কোন্ জনমের পাওয়া।

দেশে নিলেম ক্ষণেক তারে, যেমনি আজি মনের দ্বারে

যবনিকা উড়িয়ে দিল হাওয়া।

ফুলের গন্ধ চুপে চুপে আজি সোনার কাঠিরুপে ভাঙাল তার চিরযুগের ঘুম।

দেশছে লয়ে মৃকুর করে আঁকা ভাহার ললাট 'পরে কোন জনমের চন্দন-কুছুম।

আজকে হৃদর বাহা কহে মিগা নহে সভা নহে, কেবল ভাহা অন্ধল অপক্ষণ।

খুলে গেছে কেমন করে আজি অসম্ভবের ধরে মর্চে-পড়া পুরানো কুলুপ।

সেপার মারাধীপের মাঝে নিমন্ত্রণের বীণা বাজে, ক্লেনিরে উঠে নীল সাগরের ঢেউ,

মর্মরিজ-তমাল-ছারে ভিজে-চিকুর শুকার বারে তাদের চেনে চেনে না বা কেউ। শৈলতলে চরায় ধেম্থ রাধালশিশু বাজ্ঞায় বেগু,
চূড়ার তারা সোনার মালা পরে।
সোনার তুলি দিয়া লিখা চৈত্রমাসের মরীচিকা
কাদায় হিয়া অপুর্বধন-তরে।

গাছের পাতা যেমন কাঁপে দখিন-বায়ে মধুর তাপে,
তেমনি মম কাঁপছে সারা প্রাণ।
কাঁপছে দেহে কাঁপছে মনে হাওয়ার সাথে আলোর সনে,
মর্মরিয়া উঠছে কলতান।
কোন্ অতিথি এসেছে গো কারেও আমি চিনি নে গো
মোর ঘারে কে করছে আনাগোনা।
ছায়ায় আজি তক্তর মূলে ঘাসের 'পরে নদীর কুলে
ওগো তোরা শোনা আমায় শোনা—
দ্র আকাশের ঘুম-পাড়ানি মৌমাছিদের মন-হারানি
ফুঁই-ফোটানো ঘাস-দোলানো গান,
জলের গায়ে পুলক-দেওয়া ফুলের গছ কুড়িয়ে-নেওয়া

গুনাস নে গো ক্লান্ত নৃকের বেদনা যত স্থাপর ত্পের প্রেমের কপা, আশার নিরাশার।

চোপের পাতে ঘুম-বোলানো ভান।

ভনাও ভধু মৃত্মন্দ অর্থবিহীন কথার ছন্দ ভধু স্থারের আকৃল বংকার।

ধারাযম্মে সিনান করি ফরে তুমি এস পরি' চাঁপাবরন লঘু বসনধানি।

ভালে আঁকো ফুলের রেগা চন্দনেরি পত্রলেগা, কোলের 'পরে সেতার লহ টানি।

দ্র দিগন্তে মাঠের পারে স্থানীবছারা গাছের সারে নয়ন তৃটি মগন করি চাও।

ভিন্নদেশী কবির গাঁথা অজ্ঞানা কোন্ ভাষার গাখা গুঞ্জবিয়া গুঞ্জবিয়া গাও। 26

আমার খোলা জ্ঞানালাতে
শব্দবিহীন চরণপাতে
কে এলে গো, কে গো ভূমি এলে।
একলা আমি বসে আছি
অন্তলোকের কাছাকাছি
পশ্চিমেতে গুট নয়ন মেলে।
অতি সদূর দীর্গপথে
আকৃল তব আঁচল হতে
আঁধারতলে গন্ধরেখা রাখি
জোনাক-জালা বনের শেবে
কপন এলে ভ্যারদেশে
শিধিল কেশে ললাটগানি ঢাকি ।

ভামার সাথে আমার পাশে
কত গ্রামের নিজা আসে,
পাশ্ববিহীন পথের বিজ্ঞনতা,
ধ্সর আলো কত মাঠের,
বধৃশৃষ্ঠ কত ঘাটের
আধার কোণে গুলের কলকথা।
শৈলতটের পায়ের 'পরে
তরঙ্গদল ঘূমিয়ে পড়ে
স্থা তারি আনলে বহন করি,
কত বনের শাখে শাখে
পাগির যে গান স্থা থাকে
এনেছ তাই মৌন নৃপুর ভরি।

মোর ভালে ঐ কোমল হস্ত
এনে দের গো স্থ-অন্ত,
এনে দের গো কাজের অবসান,

সত্যমিধ্যা ভালোমন্দ
সকল সমাপনের ছন্দ,
সন্ধ্যানদীর নিংশেষিত তান।
আঁচল তব উড়ে এসে
লাগে আমার বক্ষে কেশে,
দেহ যেন মিলায় শৃ্যু'পরি,
চক্ তব মৃত্যুসম
তক্ক আছে মুধে মম
কালো আলোয় স্বহদয় ভরি।

বেমনি তব দ খন-পাণি
তুলে নিল প্রদীপথানি
রেখে দিল আমার গৃহকোণে।
গৃহ আমার একনিমেবে
ব্যাপ্ত হল তারার দেশে
তিমিরতটে আলোর উপবনে।
আজি আমার ঘরের পাশে
গগনপারের কারা আসে
অঙ্গ তাদের নীলান্ধরে ঢাকি।
আজি আমার ঘরের কাছে
অনাদি রাত শুরু আছে
তোমার পানে মেলি তাহার আঁথি।

এই মৃহূর্তে আধেক ধরা

লয়ে তাহার আঁধার-ভরা

কত বিরাম, কত গভীর প্রীতি

আমার বাতায়নে এসে

দাড়াল আজ দিনের শেষে,

শোনায় তোমায় গুঞ্জরিত গীতি।

চক্ষে তব পলক নাহি, ঞ্বতারার দিকে চাহি তাকিয়ে আছ নিক্ষদেশের পানে। নীরব ছুটি চরণ ফেলে ঝাধার হতে কে গো এলে আমার ঘরে আমার গীতে গানে। কত মাঠের শৃত্যপথে, কত পুরীর প্রান্ত হতে কত সিদ্ধবালুর তাঁরে তাঁরে, কত শাস্ত নদীর পারে. কত তত্ত্ব গ্রামের ধারে. কত স্বপ্ত গৃহত্যার ফিরে কত বনের বায়্র 'পরে এলোচলের আঘাত ক'রে আসিলে আজ হঠাং অকারণে। বভ দেশের বহু দূরের বহু দিনের বহু স্থবের আনিলে গান আমার বাভায়নে।

#### FO

আলোকে আসিয়া এরা লাল। করে যায়
আঁধারেতে চলে যায় বাহিরে।
ভাবে মনে বৃধা এই আসা আর যাওয়া,
অর্থ কিছুই এর নাহি রে।
কেন আসি, কেন হাসি,
কেন আঁথিজলে ভাসি,
কার কথা বলে যাই,
কার গান গাহি রে—
অর্থ কিছুই তার নাহি রে।

ওরে মন আয় তুই সাজ কেলে আয়,

মিছে কী করিস নাট-বেদীতে ?
ব্বিতে চাহিস যদি বাহিরেতে আয়

থেলা ছেড়ে আয় থেলা দেখিতে।
ওই দেখ, নাটশালা
পরিয়াছে দীপমালা,
সকল রহস্ত তুই

চাস যদি ভেদিতে
নিজে না ফিরিস নাট-বেদীতে।

নেমে এসে দ্বে এসে দাড়াবি যথন,—
দেখিবি কেবল, নাহি খুঁ জিবি,
এই হাসি-রোদনের মহানাটকের
অথ তথন কিছু ব্ঝিবি।
একের সহিত একে
মিলাইয়া নিবি দেখে,
ব্ঝে নিবি,—বিধাতার
সাথে নাহি যুঝিবি,—
দেখিবি কেবল, নাহি খুঁ জিবি।

#### 96

চিরকাল এ কী লীলা গো—
অনস্ত কলরোল।
অশ্রুত কোন্ গানের ছন্দে
অন্তুত এই দোল।
তুলিছ গো, দোলা দিতেছ।
পলকে আলোকে তুলিছ, পলকে
আধারে টানিয়া নিতেছ।

সম্পে যখন আসি,
তথন পূলকে হাসি,
পশ্চাতে যবে ফিরে যায় দোলা
ভয়ে আঁথিজলে ভাসি।
সম্পে যেমন পিছেও তেমন
মিছে করি মোরা গোল।
চিরকাল এ কী লীলা গো
অনস্ত কলরোল।

ভান হাত হতে বাম হাতে লও,
বাম হাত হতে ভানে।
নিজ্ঞধন তুমি নিজেই ইরিয়া
কী থে কর কে বা জানে।
কোপা বসে আছ একেলা।
সব রবিশলী কুড়ায়ে লইয়া
ভালে তালে কর এ থেলা।
খুলে দাও ক্ষণতরে,
ঢাকা দাও ক্ষণতরে,
মোরা কেঁদে ভাবি আমারি কা ধন
কে লইল বৃঝি হ'রে 
দেওয়া-নেওয়া তব সকলি সমান,
সে-কণাট কে বা জানে।
ভান হাত হতে বাম হাতে লও
বাম হাত হতে ভানে।

এইমতো চলে চিরকাল গো শুধু যাওয়া, শুধু আসা। চির দিনরাত আপনার সাধ আপনি খেলিছ পাশা। আছে তো যেমন যা ছিল।
হারায় নি কিছু ফুরায় নি কিছু
যে মরিল যে বা বাঁচিল।
বহি সব স্থবত্ব
এ ভুবন হাসিম্ব,
ভোমারি বেলার আনন্দে তার
ভরিয়া উঠেছে বৃক।
আছে সেই আলো, আছে সেই গান,
আছে সেই ভালোবাসা।
এইমতো চলে চিরকাল গো
ভধু যাওয়া, ভধু আসা।

#### 60

সেদিন কি তৃমি এসেছিলে, ওগে।
সে কি তৃমি, মোর সভাতে ?
হাতে ছিল তব বাঁশি,
অধরে অবাক হাসি,
সেদিন ফাণ্ডন মেতে উঠেছিল
মদবিহবল শোভাতে।
সে কি তৃমি, ওগো, তৃমি এসেছিলে
সেদিন নবীন প্রভাতে—
নবয়েবিন-সভাতে ?

সেদিন আমার যত কাজ ছিল

সব কাজ ভূমি ভূলালে।

গেলিলে সে কোন্ পেলা,

কোধা কেটে গেল বেলা।

টেউ দিয়ে দিয়ে হৃদয়ে আমার
বক্তকমল চুলালে।

পুলকিত মোর পরানে তোমার বিলোল নয়ন বুলালে,— সব কাঞ্চ মোর ভুলালে।

তার পূরে হায় জানি নে কখন

থুম এল মোর নরনে।

উঠিন্থ যখন জেগে,

ঢেকেছে গগন মেধে,—

তরুতলে আছি একেলা পড়িয়া

দলিত পত্র-শয়নে।

তোমাতে আমাতে বত ছিন্থ যবে

কাননে কুম্মম-চয়নে

থুম এল মোর নরনে।

সেদিনের সভা ভেঙে গেছে সব আজি ঝরঝর বাদরে। পথে লোক নাহি আর, ক্লম্ব করেছি বার, একা আছে প্রাণ ভৃতলে শ্রান আজিকার ভরা ভাদরে। ভূমি কি ঘ্যারে আঘাত করিলে, ভোমারে লব কি আদরে আজি ঝরঝর বাদরে ?

ভূমি যে এসেছ ভন্মালিন ভাপস-মূবতি ধরিয়া। ন্তিমিত নয়নতারা ঝলিছে অনলপারা, সিক্র ভোমার জ্ঞান্তুট হতে সলিল পড়িছে ঝরিয়া। বাহির হইতে ঝড়ের **আঁ**ধার আনিয়াছ সাপে করিয়া তাপস-মুরতি ধরিয়া।

নমি হে ভীষণ, মৌন, বিক্ত,

এস মোর ভাঙা আলরে।

ললাটে তিলকরেখা,

যেন সে বহিলেখা,

হন্তে ভোমার লোহদণ্ড

বাজিছে লোহবলরে।

শৃক্য ফিরিয়া যেয়ো না, অতিধি,

সব ধন মোর না লয়ে।

এস এস ভাঙা আলয়েঃ

8.

ময়ে সে যে পৃত
রাধির রাঙা স্থতো,
বাঁধন দিয়েছিত্ব হাতে
আজ কি আছে সেটি হাতে ?
বিদায়-বেলা এল মেঘের মতো বোপে,
গ্রন্থি কেঁথে দিতে ত্-হাত গেল কেঁপে,
সেদিন থেকে থেকে চক্ষ্ত্টি ছেপে
ভারে যে এল জলধারা।
আজকে বসে আছি পথের এক পাশে,
আমের ঘন বোলে বিভোল মধুমাসে,
তুচ্ছ কণাটুকু কেবল মনে আসে
ভ্রমর যেন পথহারা;—
সেই যে বাম হাতে একটি সঙ্গ রাধি
আধেক রাঙা, সোনা আধা
আজো কি আছে সেটি বাঁধা ?

পথ যে কতথানি

কিছুই নাহি জানি,

মাঠের গেছে কোন্ লেখে,

চৈত্র কসলের দেশে।

যপন গেলে চলে তোমার গ্রীবামূলে
দীর্ঘ বেণী তব এলিয়ে ছিল খুলে,

মাল্যপানি গাঁথা গাঁজের কোন্ ফুলে
লুটিয়ে পড়েছিল পায়ে।
একটুপানি তুমি দাঁড়িয়ে যদি যেতে।
নতুন ফুলে দেখো কানন ওঠে মেতে,
দিতেম ইরা করে নবীন মালা গেঁথে
কনকটাপা-বনছায়ে।

মাঠের পথে যেতে তোমার মালাগানি
প'ল কি বেণী হতে বসে 
ভ্রাঞ্জেক ভাবি তাই বসে।

ন্পুর ছিল ঘরে
গিয়েছ পোয়ে পরে,
নিয়েছ হেপা হতে তাই,
অকে আর কিছু নাই।
আকুল কলতানে শতেক রসনায়
চরণ ঘেরি তব কাদিছে করুণায়,
ভাছারা হেপাকার বিরহবেদনায়
মূপর করে তব পপ।
জানি না কী এত যে তোমার ছিল হুরা,
কিছুতে হল না যে মাধার ভ্রা পরা,
দিতেম খুঁজে এনে সিঁপিটি মনোহরা
রহিল মনে মনোরধ।

হেলায় বাঁধা সেই নৃপুর ঘটি পায়ে আছে কি পথে গেছে খুলে, দে-কথা ভাবি তরুমূলে।

অনেক গীত গান
করেছি অবসান
অনেক সকালে ও সাঁজে
অনেক অবসরে কাজে।
তাহারি শেষ গান আধেক লয়ে কানে
দীর্ঘপথ দিয়ে গেছ স্তদূর পানে,
আধেক জানা সরে আধেক ভোলা তানে
গেয়েছ গুনগুন স্বরে।
কেন না গেলে শুনি একটি গান আরো,
সে গান শুধু তব, সে নহে আর কারো,
কুমিও গেলে চলে সময় হল তারো,
ফুটল তব পূজা-তরে।
মাঠের কোন্ধানে হারাল শেব স্কর
যে গান নিয়ে গেলে শেষে,
ভাবি যে তাই অনিমেধে।

83

পথের পথিক করেছ আমায়
সেই ভালো, ওগো সেই ভালো।
আলেয়া জ্ঞালালে প্রান্তরভালে
সেই আলো মোর সেই আলো।
ঘাটে বাঁধা ছিল পেয়া-ভরি,
তাও কি ডুবালে ছল করি ?
গাঁতারিয়া পার হব বহি ভার,
সেই ভালো মোর সেই ভালো।

বড়ের মূথে যে ফেলেছ আমায়
সেই ভালো, ওগো সেই ভালো।
সব স্থকালে বন্ধ আলালে
সেই আলো মোর সেই আলো।
সাখি যে আছিল নিলে কাড়ি,
কী ভয় লাগালে, গেল ছাড়ি।
একাকীর পথে চলিব জগতে
সেই ভালো মোর সেই ভালো।

কোনো মান তৃমি রাণ নি আমার
সেই ভালো, ওগো সেই ভালো।
হদয়ের তলে যে আগুন বলে
সেই আলো মোর সেই আলো।
পাথেয় যে-কটি ছিল কড়ি
পথে পসি কবে গেছে পড়ি,
গুধু নিজবল আছে সম্বল
সেই ভালো। মোর সেই ভালো।

83

আলে। নাই, দিন বেষ হল, ওরে
পাছ, বিদেশী পাছ।
ঘণ্টা বাজিল দূরে.
ওপারের রাজপুরে,
এপনো যে পণে চলেছিল তুই
হায় রে পথশ্রান্ত
পাছ, বিদেশী পাছ।

দেখ্ সবে ঘরে ফিরে এল, ওরে পাছ, বিদেশী পাছ। পূজা সারি দেবালয়ে প্রসাদী কুসুম লয়ে, এখন ঘূমের কর্ আয়োজন হায় রে পথশ্রান্ত পাছ, বিদেশী পাছ।

রজনী আঁধার হয়ে আসে, ওরে পাস্ক, বিদেশী পাস্থ। ওই যে গ্রামের 'পরে দীপ জলে ঘরে ঘরে, দীপহীন পথে কী করিবি এক। হায় রে পথআন্ত পাস্ক, বিদেশী পাস্ত।

এত বোঝা লয়ে কোথা যাস, ওরে পাস্থ, বিদেশী পাস্থ। নামাবি এমন ঠাই পাড়ায় কোথা কি নাই ? কেছ কি শয়ন রাথে নাই পাতি হায় রে পথশ্রাম্ভ পাস্থ, বিদেশী পাস্থ।

প্ৰের চিহ্ন দেখা নাহি যায়
পান্ধ, বিদেশী পান্ধ।
কোন্ প্ৰান্তরশেষে
কোন্ বহুদ্রদেশে,
কোধা তোর রাত হবে যে প্রভাত হায় রে প্রশ্রান্ত পান্ধ, বিদেশী পান্ধ।

## 80

সাল হয়েছে রণ।
আনক যুবিয়া আনক খুঁজিয়া
শেষ হল আয়োজন।
ভূমি এস, এস নারী,
আনো তব হেমঝারি।
ধূয়ে-মূছে দাও ধূলির চিহ্ন,
জোড়া দিয়ে দাও ভগ্ন-ছিন্ন,
সন্দর করো, সার্থক করো
পুঞ্জিত আয়োজন।
এস সন্দরী নারী
শিরে লয়ে হেমঝারি।

হাটে আর নাহি কেই।
বেষ করে থেলা ছেড়ে এছ মেলা,
থামে গাড়িলাম গেই।
ভূমি এস, এস নারী,
আনো গো তীর্থবারি।
রিশ্ধ-হসিত বদন-ইন্দু
সিঁপায় আঁকিয়া সিঁত্র-বিন্দু,
মঙ্গল করো, সার্থক করে।
শৃক্ত এ মোর গেই।
এস কলাণী নারী
বহিয়া ভীর্থবারি।

বেলা কত যায় বেড়ে।
কেহ নাহি চাহে পর-রবি-দাহে
পরবাসী পথিকেরে।
ভূমি এস, এস নারী,
আনো তব স্থাবারি।

বাজাও তোমার নিষ্কলম্ব শত-চাঁদে-গড়া শোভন শব্দ বরণ করিয়া সার্থক করো পরবাসী পথিকেরে। আনন্দময়ী নারী, আনো তব স্থধবারি।

সোতে যে ভাসিল ভেলা।

এবারের মতো দিন হল গত

এল বিদায়ের বেলা।
তুমি এস, এস নারী,
আনো গো অশ্বারি।
তোমার সজল কাতর দৃষ্টি
পথে করে দিক করুণারৃষ্টি,
ব্যাকুল বাতর পরশে ধন্য
হ'ক বিদায়ের বেলা।
অমি বিষাদিনী নারী
শ্রানো গো অশ্বারি।

আঁধার নিশীখরাতি।
গৃহ নির্জন শৃত্য শয়ন
জ্বলিছে পূজার বাতি।
তুমি এস, এস নারী,
আনো তর্পণবারি।
অবারিত করি ব্যথিত বক্ষ
বোলো হদয়ের গোপন কক্ষ,
এলো-কেশপাশে শুভ্র-বসনে
জ্বালাও পূজার বাতি।
এস তাপসিনী নারী,
আনো তর্পণবারি॥

আমাদের এই পরিপানি পাহাড় দিয়ে বেরা,
দেবদারুর কুঞ্চে ধেস্ট চরার রাখালের।
কোপা হতে চৈত্রমাসে হাঁদের শ্রেণী উড়ে আসে
অন্তানেতে আকাশপথে যায় যে তারা কোপা
আমরা কিছুই জানি নেকে। সেই সুদূরের কথা।
আমরা জানি গ্রাম কপানি, চিনি দশটি গিরি,
মা ধরণী রাখেন মোদের কোলের মধ্যে যিরি।

সে ছিল ঐ বনের ধারে কুটাবেতের পাশে
থেখানে ঐ ছায়ার তলে জলটি ঝরে আসে।
করনা হতে আনতে বারি জুটত হোলা অনেক নারী,
উঠত কত হাসির ধরনি তারি ঘরের খারে,
সকাল-সাঁঝে আনাগোনা তারি পথের ধারে।
মিশত কুলুকুলুধানি তারি দিনের কাঞে,
ঐ রাণিণী পথ হারাত তারি ঘুমের মাঝে।

সন্ধাবেলায় সন্ধাসী এক বিপুল জটা শিরে
মেঘে-ঢাকা শিপর হওে নেমে এলেন ধীরে।
বিশ্বয়েতে আমরা সবে শুধাই, "তুমি কে গো হবে ?"
বসল যোগী নিজন্তরে নির্মারিগীর কুলে
নীরবে সেই ধরের পানে দ্বির নয়ন তুলে।
অজ্ঞানা কোন্ অমল্পলে বক্ষ কাঁপে ভরে,
বাত্রি হল, কিরে এলেম যে যার আপন ঘরে।

পরদিনে প্রভাত হল দেবদারের বনে,
ঝরনাতলায় আনতে বারি জুটল নারীগণে।
ছয়ার পোলা দেপে আসি, নাই সে খুদি, নাই সে হাসি,
জ্বলশ্ব্রু কলস্থানি গড়ায় গৃহত্তে,
নিব-নিব প্রদীপটি সেই ঘরের কোণে জ্বেন।

কোথায় দে যে চলে গেল রাত না পোহাতেই শৃক্ত ঘরের ঘারের কাছে সন্মাসীও নেই।

চৈত্রমাসে রে দ্র বাড়ে বরফ গলে পড়ে,—
ঝরনাতলায় বসে মোরা কাঁদি তাহার তরে।
আজিকে এই ত্যার দিনে কোথায় ফিরে নিঝর বিনে
শুদ্ধ কলস ভরে নিতে কোথায় পাবে ধারা।
কে জানে সে নিফদ্দেশ কোথায় হল হারা।
কোথাও কিছু আছে কি গো--শুধাই যারে তারে,—
আমাদের এই আকাশ-চাক। দশপাহাডের পারে ?

গ্রীমরাতে বাতারনে বাতাস হ হ করে,
বসে আছি প্রদীপ-নেবা তাহার শৃত্য ঘরে।
ভানি বসে ঘারের কাছে ঝরনা যেন তারেই যাচে
বলে, "ওগো আজকে তোমার নাই কি কোনো তৃষা,
জলে তোমার নাই প্রয়োজন এমন গ্রীম্মনিশা ?"
আমিও কেঁদে কেঁদে বলি, "হে অজ্ঞাতচারী,
তৃষা যদি হারাও তব্ ভূলো না এই বারি।"

হেনকালে হঠাং যেন লাগল চোপে ধাঁধা,
চারিদিকে চেরে দেশি নাই পাহাড়ের বাধা।

এ যে আসে, কারে দেশি ?
আমাদের যে ছিল সে কি ?
ওগো ভূমি কেমন আছ, আছ মনের স্থাপ ?
পোলা আকাশতলে হেপা ঘর কোধা কোন্ মুপে ?
নাইকো পাহাড়, কোনোপানে ঝরনা নাহি ঝরে,
ভৃষ্ণা পেলে কোপায় যাবে বারিপানের তরে ?

সে কহিল, "যে ঝরনা সেথা মোদের দ্বারে, নদী হয়ে সে-ই চলেছে হেখা উদার-ধারে। সে আকাশ সেই পাহাড় ছেড়ে অসীম পানে গ্রেছে বেড়ে সেই ধরারেই নাইকো হেথা পাষাণ-বাঁধা বেঁধে।" "সবই আছে, আমরা তো নেই" কইসু তারে কেঁদে। সে কহিল কব্ধণ হেসে, "আছ হুদয়মূলে।" বুপন ভেঙে ডেয়ে দেখি আছি করনাকুলে।

# 80

মত চুপি চুপি কেন কথা কও

ওগো মরণ, হে মোর মরণ :

মতি ধারে এসে কেন চেয়ে রও.
ওগো এ কি প্রণরেরি ধরণ গ

যবে সন্ধ্যাবেলায় ফুলদল
পড়ে ক্লান্থ বুল্ফে নমিয়া.

যবে ফিরে আসে গোঠে গাভীদল
পারা দিনমান মাঠে ভ্রমিয়া,
ভূমি পালে আসি বস অচপল
ওগো অতি মৃত্যতি-চরণ :
আমি বৃদ্ধি না যে কী যে কথা কও,

হায় এমনি করে কি, ওগো চোর,
ওগো মরণ, হে মোর মরণ।
চোপে বিছাইয়া দিবে ঘুমঘোর
করি হাদিতলৈ অবতরণ।
ভূমি এমনি কি ধীরে দিবে দোল
মোর অবশ বক্ষশোণিতে 
কানে বাজাবে ঘুমের কলরোল
তব কিছিনি-বণরণিতে

শেবে পসারিয়া তব হিম-কোল
মারে স্বপনে করিবে হরণ ?
আমি বৃঝি না যে কেন আস-যাও
ওগো মরণ, হে মোর মরণ।

কহ মিলনের এ কি রীতি এই.

ওগো মরণ, হে মোর মরণ।

তার সমারোহভার কিছু নেই

নেই কোনো মঙ্গলাচরণ ?

তব পিঙ্গলছবি মহাজট

সে কি চূড়া করি বাধা হবে না ?

তব বিজয়োদ্ধত ধ্বজপট

সে কি আগে-পিছে কেহ ববে না ?

তব মশাল-আলোকে নদীতট

যাধি মেলিবে না রাধাবরন ?

ত্রাসে কেপে উঠিবে না ধরাতল

ওগো মরণ, হে মোর মরণ।

যবে বিবাহে চলিলা বিলোচন

ওগো মরণ, হে মোর মরণ।

তাঁর কতমতো ছিল আয়োজন.

ছিল কতশত উপকরণ।

তাঁর লটপট করে বাঘছাল.

তাঁর বৃষ রহি রহি গরজে,

তাঁর বৃষ রহি রহি গরজে।

তাঁর বৃষ্ণসদল তরজে।

তাঁর বৃষ্ণস্থান কপালাতরণ,

তাঁর বিষাণে ফুকারি উঠে তান

ওগো মরণ, হে মোর মরণ।

শুনি শ্বশানবাসীর কলকল

ওগো মরণ, হে মোর মরণ।

মূপে গৌরীর আঁথি ছলছল

তাঁর কাঁপিছে নিচোলাবরণ।

তাঁর বাম আঁপি ফুরে পর পর

তাঁর হিয়া ফুকুফুক ফুলিছে,

তাঁর পুলকিত তকু জরজর

তাঁর মন আপনারে জুলিছে।

তাঁর মাতা কাঁদে নিরে হানি কর,

শেপা বরেরে করিতে বরণ,

তাঁর পিতা মনে মানে প্রমাদ

ওগো মরণ, হে মোর মরণ।

ভূমি চ্রি করি কেন এস চোর
ওগো মরণ, তে মোর মরণ।
ভূপু নীরবে কপন নিশি ভোর,
ভূপু অশ্রু-নিঝর-ঝরন।
ভূমি উংসব করো সারারাত
তব বিজয়-শন্ধ বাজায়ে।
মোরে কেড়ে লও ভূমি ধরি হাত
নব রক্তবসনে সাজায়ে।
ভূমি কারে করিয়ো না দৃক্লাত
আমি নিজে লব তব শরণ,
যদি গৌরবে মোরে লয়ে যাও
ভগো মরণ, হে মোর মরণ।

থদি কাজে থাকি আমি গৃহমাঝ
ওগো মরণ, হে মোর মরণ।
ভূমি ভেঙে দিয়ো মোর সব কাজ
ক'রো সব লাজ অপহরণ।

ষদি স্থপনে মিটায়ে সব সাধ

আমি শুয়ে থাকি স্থপশ্যনে,

যদি স্থদায় জড়ায়ে অবসাদ

থাকি আধজাগরুক নয়নে,

তবে শন্থে তোমার তুলো নাদ

করি প্রলয়খাস ভরণ,

আমি ছুটিয়া আসিব ওগো নাথ

ভগো মরণ, হে মোর মরণ।

আমি যাব, যেথা তব তরী রয়

ওগো মরণ, হে মোর মরণ।

থেধা অকুল হইতে বায়ু বয়

করি আধারের অফুসরণ।

যদি দেবি ঘনঘোর মেঘোদয়

দূর ঈশানের কোণে আকাশে,

যদি বিদ্যাংকণী জালাময়

তার উন্তত কণা বিকাশে,

আমি ফিরিব না করি মিছা ভয়

আমি করিব নারবে তরণ

সেই মহাবরবার রাচা জল

ওগো মরণ, হে মোর মরণ।

#### 85

সে তো সেদিনের কথা, বাকাইীন ফলে এসেছিম্ন প্রবাসীর মতো এই ভবে বিনা কোনো পরিচয়, রিক্ত শৃশু হাতে, একমাত্র ক্রনন সম্বল লয়ে সাথে। আজ সেথা কী করিয়া মান্তবের প্রীতি কঠ হতে টানি লয় যত মোর গীতি।

এ ভূবনে মোর চিন্তে অতি অক্ক স্থান
নিয়েছ, ভূবননাপ। সমস্ত এ প্রাণ
সংসারে করেছ পূর্ণ। পাদপ্রান্তে তব
প্রত্যাহ যে ছন্দে বাঁধা গীত নব নব
দিতেছি অঞ্চলি, তাও তব পূজাশেবে
লবে সবে তোমা সাপে মোরে ভালোবেসে
এই আশাধানি মনে আছে অবিচ্ছেদে।
যে প্রবাসে রাগ সেগা প্রেমে রাগো বেঁধে ॥

নব নব প্রবাসেতে নব নব লোকে
বাঁধিবে এমনি প্রেমে। প্রেমের আলোকে
বিকশিত হব আমি তৃবনে তৃবনে
নব নব পূপদলে; প্রেম-আকর্ষণে
যত গৃঢ় মধু মোর অন্তরে বিলসে
উঠিবে অক্ষয় হয়ে নব নব রসে
বাহিরে আসিবে ছুটি,— অন্তহীন প্রাণে
নিপিল জগতে তব প্রেমের আহ্বানে
নব নব জাঁবনের গন্ধ যাব রেপে,
নব নব বিকাশের বর্ণ যাব এঁকে।
কে চাহে সংকীর্ণ অন্ধ অমরতা-কূপে
এক ধরাতল মাঝে তুর্ একরপে
বাঁচিয়া পাকিতে? নব নব মৃত্যুপথে
ভোমারে পৃঞ্জিতে যাব জগতে জগতে ॥

## সংযোজন

5

"হে পথিক, কোন্খানে চলেছ কাহার পানে <u>'</u>"

"গিয়েছে রঞ্জনী উঠে দিনমণি

চলেছি সাগরম্বানে।

উষার আভাসে তৃষার বাতাসে

পাবির উদার গানে

শয়ন তেয়াগি উঠিয়াছি ঞাগি

চলেছি সাগরমানে।"

'শুধাই ভোমার কাছে সে সাগর কোবা আছে ?"

"যেগা এই নদী বহি নিরবধি
নীল প্রাল মিলিয়াছে।
সেগা হতে রবি উঠে নবছবি
লুকায় ভাহারি পাছে,
ভপ্ত প্রাণের ভীর্থ-মানের
সাগর সেপায় আছে।"

"পৰিক ভোমার দলে যাত্রী কঞ্চন চলে ?"

"গনি তাহা, ভাই, শেষ নাহি পাই,
চলেছে জলে স্থলে।
তাহাদের বাতি জলে সারারাতি
তিমির আকাশতলে।
তাহাদের গান সারা দিনমান
ধ্বনিছে জলে স্থলে।"

"সে সাগর কহ তবে আর কত দূরে হবে ?"

"আর কত দ্রে আর কত দ্রে
সেই তো শুধাই সবে।
ধ্বনি তার আসে দ্বিন বাতাসে
দ্বন ভৈরব রবে।
কভূ ভাবি কাছে, কভূ দূরে আছে,
আর কত দ্রে হবে ?"

"পথিক, গগনে চাহ, বাড়িছে দিনের দাহ।"

"বাড়ে যদি ত্ব হব না বিম্ব,
নিবাব না উৎসাহ।
ওরে ওরে ভীত তৃষিত তাপিত
জয়সংগীত গাহ।
মাধার উপরে ধর ববিকরে
বাড়ুক দিনের দাহ।"

"কা করিবে চলে চলে পথেই সন্ধা। হলে ''

"প্রভাতের আনে বিশ্ব বাতাসে

ঘুমাব পথের কোলে।
উদিবে অরুণ নবান করণ

বিহন্ধ-কলরোলে।

সাগরের সান হবে সমাধান

নৃতন প্রভাত হলে।"

ş

কী কথা বলিব বলে
বাহিরে একেম চলে
বাড়ালেম ছ্রারে ভোমার,
উর্ধমুণে উচ্চরবে
বলিতে গেলেম যবে
কথা নাহি আর।
বে-কথা বলিতে চাহে প্রাণ
সে শুধু হইয়া উঠে গান।
নিজে না ব্ঝিতে পারি
ভোমারে ব্ঝাতে নারি
চেয়ে থাকি উংস্ক-নয়ান।

তবে কিছু শুনায়ো না
শুনে যাও আনমনা
যাহা বোঝ, যাহা নাই বোঝ।
সন্ধার আধার 'পরে
মূপে আর কগুমরে
বাকিটুকু খোঁজো।
কণায় কিছু না যার বলা
গান সেও উর্লন্ড উতলা।
ভূমি যদি মোর স্পরে
নিজ কণা দাও পুরে
গীতি মোর হবে না বিকলা।

3

কত দিবা কত বিভাবরী
কত নদী নদে লক্ষ স্রোতের
মাঝধানে এক পথ ধরি,
কত ঘাটে ঘাটে লাগারে,
কত সারিগান জাগারে,
কত অন্তানে নব নব ধানে
কতবার কত বোঝা ভরি',
কণধার হে কর্ণধার,
বেচে কিনে কত স্বর্ণভার,
কোন্ গ্রামে আজ সাধিতে কী কাজ
বাধিয়া ধরিলে তব তেরী।

হেথা বিকিকিনি কার হাটে ?
কেন এত ত্বরা লইয়া পসরা,
ছুটে চলে এরা কোন্ বাটে ?
শুন গো থাকিয়া থাকিয়া
বোঝা লয়ে যায় হাঁকিয়া,
সে করুণ স্বরে মন কী যে করে
কী ভেবে আমার দিন কাটে।
কণধার হে কণধার,
বেচে কিনে লও স্থণভার,
হেথা কারা রয় লহ পরিচয়
কারা আসে যায় এই ঘাটে।

যেথ। হতে যাই, যাই কেঁদে।

এমনটি আঁর পাব কি আবার

সরে না যে মন সেই পেদে।

সে-সব কাঁদন ভূলালে,

কী দোলায় প্রাণ ভূলালে ?

হোধা বারা তীরে আনমনে কিরে
আমি ভাহাদের মরি সেধে।
কর্ণধার হে কর্ণধার,
বেচে কিনে লও স্বর্ণভার।
এই হাটে নামি দেশে লব আমি
এক বেলা ভরী রাখে। কেঁধে।

গান ধর তুমি কোন্ থরে।
মনে পড়ে যায় দ্র হতে এন্থ,
থেতে হবে পুন কোন্ দ্রে।
কনে মনে পড়ে ছজনে
পেলেছি সজনে বিজনে,
সে যে কত দেশ নাহি ভার শেষ
সে যে কত কাল এন্থ ঘুরে।
কণধার হে কণধার,
বেচে কিনে লও স্বণভার।
বাজিয়াছে শাগ, পড়িয়াছে ভাক
সে কোন অচেনা রাজপুরে।

9

দিয়েছ প্রশ্রম মোরে, কঞ্চণানিলয়,
ছে প্রভু, প্রভাই মোরে দিয়েছ প্রশ্রম।
ফিরেছি আপন-মনে আলসে লালসে
বিলাসে আবেশে ভেসে প্রবৃত্তির বশে
নানা পথে, নানা ব্যর্থ কাব্দে,—তুমি তব্
ভগনো যে সাথে সাথে ছিলে মোর, প্রভু,
আক্র ভাহা জানি। যে অলস চিন্তা-লতা
প্রচুর প্রবাকীণ বন জটিলতা

হদরে বেষ্টিয়াছিল, তারি শাধাজালে তোমার চিস্তার ফুল আপনি ফুটালে, নিগৃত্ শিকড়ে তার বিন্দু বিন্দু সুধা গোপনে সিঞ্চন করি'। দিয়ে তৃষ্ণা কুধা, দিয়ে দণ্ড পুরস্কার, সুধ তৃংধ ভয় নিয়ত টানিয়া কাছে দিয়েছ প্রশ্রয়।

q

রোগীর শিয়রে রাত্রে একা ছিন্ন জাগি,
বাহিরে দাঁড়ান্থ এসে ক্ষণেকের লাগি।
শাস্ত মৌন নগরীর স্বপ্ত হর্মাশিরে
হেরিম্থ জলিছে তারা নিস্তন্ধ তিমিরে।
ভূত ভাবী বর্তমান একটি পলকে
মিলিল বিষাদলিশ্ব আনন্দপুলকে
আমার অন্তরতলে: অনিবঁচনীয়
দো-মূহর্তে জীবনের যত কিছু প্রিয়,
ভূর্লভ বেদনা যত, যত গত স্ব্রুপ,
অন্তদ্ধতিত অশ্রুবান্প, গীত মৌনমুক
আমার হৃদয়পাত্রে হয়ে রাশি রাশি
কা অনলে উজ্জ্জিল। সোরতে নিংবাদি
অপরপ ধৃপধ্ম উঠিল স্বর্ধারে
ভোমার নক্ষর্জনিপ্ত নিংশক্ব মন্দিরে।

P

কাল যবে সন্ধাকালে বন্ধুসভাতলে গাহিতে ভোমার গান কহিল সকলে, সহসা রুধিয়া গেল হৃদয়ের ধার, বেধায় আসন তব গোপন আগার। ষানভেদে তব গান মৃতি নব নব,
সংগাসনে হাস্যোজ্জাস সেও গান তব,
প্রিয়াসনে প্রিয়ালাপ, শিশুসনে খেলা,
জগতে যেখায় যত আনন্দের মেলা,
সর্বত্র তোমার গান বিচিত্র গোরবে
আপনি ধ্বনিতে থাকে সরবে নীরবে।
আকাশে তারকা ফুটে ফুলবনে ফুল,
খনিতে মানিক থাকে হয় নাকে। ভুল,
তেমনি আপনি তুমি ষেধানে যে গান
রেপেছ, কবিও যেন রাগে তার মান।

#### 9

নানা গান গেরে কিবি নানা লোকালয় :
হেরি সে মন্ততা মোর বৃদ্ধ আসি কয়—
তাঁর ভূতা হরে তোর এ কী চপলতা।
কেন হাস্ত-পরিহাস, প্রণয়ের কথা,
কেন ঘরে ঘরে ফিরি ভূচ্ছ গীতরসে
ভূলাস এ সংসারের সহস্র অলসে।
দিরেছি উত্তর তাঁরে—ওগো পককেশ,
আমার বাঁণায় বাজে তাঁহারি আদেশ।
যে আনন্দে, যে অনস্ত চিত্তবেদনায়
ধ্বনিত মানব-প্রাণ, আমার বাঁণায়
দিরেছেন তারি স্বর,—সে তাঁহারি দান,
সাধ্য নাই নই করি সে বিচিত্র গান।
তব আক্রা রক্ষা করি নাই সে-ক্ষমতা,
সাধ্য নাই তাঁর আক্রা করিতে অক্সথা।

6

বিরহ-বংসর পরে, মিলনের বীণা
তেমন উন্মাদ-মন্ত্রে কেন বাজিলি না ?
কেন তোর সপ্তস্বর সপ্তস্বর্গপানে
ছুটিয়া গেল না উর্ধের উদ্দাম পরানে
বসন্তে মানস-যাত্রী বলাকার মতো ?
কেন তোর সর্ব তন্ত্র সবলে প্রহত
মিলিত বংকারভরে কাঁপিয়া কাঁদিয়া
আনন্দের আর্তরবে চিত্ত উন্মাদিয়া
উঠিল না বাজি'? হতাখাস মৃত্রুরে
ত্রুরিয়া গুল্পরিয়া লাজে শহাভরে
কেন মৌন হল ? তবে কি আমারি প্রিয়া
সে পরশ-নিপুণতা গিয়াছে ভূলিয়া ?
তবে কি আমারি বাণা ধ্লিচ্ছন্ন-তার,
সেদিনের মতো ক'রে বাজে নাকো আর ?

2

পরে পদ্মা, পরে মোর রাক্ষণী প্রেরদী
লুদ্ধ বাহু বাড়াইরা উচ্ছদি উল্পদি
আমারে কি পেতে চাস চির আলিঙ্গনে ?
তথু এক মুহুর্তের উন্মন্ত মিশনে
তোর বক্ষমাঝে চাস করিতে বিলয়
আমার বক্ষের যত স্থুখ হংশ ভয় ?
আমিও তো কতদিন ভাবিয়াছি মনে
বিদি' তোর তটোপান্তে প্রশান্ত নির্পদে,
বাহিরে চঞ্চলা তুই প্রমন্ত মুখরা
শাণিত অসির মতো ভীবণ প্রখরা,

অন্তরে নিভ্ত মিশ্ব শান্ত সুগন্তীর,— দীপহীন ক্ষরার অর্ধ রঞ্জনীর বাসরবরের মতো নিষ্পু নির্জন;—-সেপা কার তরে পাতা স্থতির শয়ন ?

5.

অচির বসস্ত হায় এল, গেল চলে, এবার কিছু কি কবি করেছ সঞ্চয় ? ভরেছ কি কল্পনার কনক-অঞ্চলে চঞ্চল-পবন-প্লিষ্ট স্থাম কিশলয়, লাস্ত করবীর গুচ্ছ ? তপ্ত রোম হতে নিয়েছ কি গলাইয়া যৌবনের স্থরা, ঢেলেছ কি উচ্চলিত তব ছন্দংশ্রোতে, রেপেছ কি করি তারে অনস্ত মধুরা।

এ বসন্তে প্রিয়া তব পূর্ণিমা নিশীপে নবমন্ত্রিকার মালা জড়াইয়া কেশে, ভোমার আকাজ্জাদীপ্ত অতৃপ্ত আধিতে ধে দৃষ্টি হানিয়াছিল একটি নিমেবে, সে কি রাখ নাই গেঁপে অক্ষয় সংগীতে ? সে কি গেছে পুশ্পচাত সৌরভের দেশে ?

22

হে জনসমূদ্র, আমি ভাবিতেছি মনে
কে তোমারে আন্দোলিছে বিরাট মন্থনে
অমস্ত বরব ধরি। দেব-দৈত্যদলে
কী রম্ব সন্ধান লাগি তোমার অতলে
অশাস্ত আবর্ত নিত্য রেখেছে জাগায়ে
পাপে পূণ্যে ভূষে ভূষে কৃষায় ভৃষ্ণায়

কেনিল কলোলভবে ? ওগো দাও দাও
কী আছে তোমার গর্ভে—এ ক্ষোভ থামাও।
তোমার অস্তরলন্ধী যে শুভপ্রভাতে
উঠিবেন অমৃতের পাত্র বহি হাতে
বিশ্বিত ভূবনমাঝে,—লয়ে বরমালা
জিলোকনাথের কঠে পরাবেন বালা,
সেদিন হইবে ক্ষাস্ত এ মহামন্থন,
থেমে যাবে সমৃত্রের কম্ম এ ক্রন্দন।

25

হে ভারত, আজি নবীন বর্ষে
ত্তন এ কবির গান।
তোমার চরণে নবীন হর্ষে
এনেছি পূজার দান।
এনেছি মোদের দেহের শক্তি,
এনেছি মোদের ধর্মের মতি,
এনেছি মোদের মোদের প্রাণ।
এনেছি মোদের ক্রেড দান।
তানেছি মোদের ক্রেড দান।

কাঞ্চন-থালি নাহি আমাদের,
অন্ধ নাহিকো জুটে।
যা আছে মোদের এনেছি সাজায়ে
নবীন পর্ণপুটে।
সমারোহে আজ নাই প্রয়োজন,
দীনের এ পূজা, দীন আয়োজন,

চিরদারিন্দ্র করিব মোচন চরণের ধূলা লুটে। স্থর-তুর্গভ তোমার প্রসাদ লইব পর্ণপুটে।

রাজা তুমি নহ, হে মহাতাপদ,
তুমিই প্রাণের প্রিন্থ।
ভিক্ষাভূষণ কেলিয়া পরিব
তোমারি উত্তরীয়।
দৈল্যের মাঝে আছে তব ধন,
মৌনের মাঝে ররেছে গোপন
তোমার মন্থ অগ্নিবচন
তাই আমাদের দিয়ো।
পরের দক্ষা কেলিয়া পরিব
তোমার উত্তরীয়।

দাও আমাদের অভরমন্ত্র,
অলোকমন্ত্র তব।
দাও আমাদের অমৃতমন্ত্র,
দাও গো জীবন নব।
বে জীবন ছিল তব তপোবনে,
বে জীবন ছিল তব রাজাসনে,
মৃক্ত দীপ্ত সে মহাজীবনে
চিত্ত ভরিয়া লব।
মৃত্যুত্রবা শহাহরণ
দাও সে মন্ত্র তব।

30

নব বংসরে করিলাম পণ
লব স্বদেশের দীক্ষা,
তব আশ্রমে, তোমার চরণে,
হে ভারত, লব শিক্ষা।
পরের ভ্ষণ, পরের বসন,
তেরাগিব আজ পরের অশন,
যদি হই দীন, না হইব হীন,
ছাড়িব পরের ভিক্ষা।
নব বংসরে করিলাম পণ
লব স্বদেশের দীক্ষা।

না থাকে প্রাসাদ, আছে তো কৃটির
কল্যাণে স্থবিচিত্র।
না থাকে নগর আছে তব বন
ফলে ফুলে স্থপবিত্র।
তোমা হতে যত দূরে গেছি সরে
তোমারে দেখেছি তত ছোটো করে
কাছে দেশি আজ, হে হৃদয়রাজ
তুমি পুরাতন মিত্র।
হে তাপস, তব পর্ণকৃটির
কল্যাণে স্থপবিত্র।

পরের বাক্যে তব পর হয়ে
দিয়েছি পেয়েছি লক্ষাতোমারে ভূলিতে ফিরায়েছি মূপ,
পরেছি পরের সক্ষা

কিছু নাছি গনি' কিছু নাছি কহি'
ক্ষপিছ মন্ত্ৰ অস্তৱে বহি,
তব স্নাতন ধ্যানের আসন
মোদের অস্থিমক্ষা।
পরের বৃলিতে ভোমারে ভূলিতে
দিয়েছি পেয়েছি লক্ষা।

সে সকল লাজ তেয়াগিব আজ লইব তোমার দীক্ষা। তব পদতলে বসিয়া বিরলে শিখিব তোমার শিক্ষা। তোমার ধর্ম, তোমার কর্ম, তব ময়ের গভীর মর্ম লইব তুলিয়া সকল ভূলিয়া ছাড়িয়া পরের ভিক্ষা। তব গৌরবে গরব মানিব লইব তোমার দীক্ষা।

# খেয়া

## **उ**९मर्न

#### বিজ্ঞানাচার্য শ্রীযুক্ত জগদীশচন্দ্র বহু করকমলেযু

বন্ধু,

এ যে আমার লক্ষাবতী লতা।

কী পেরেছে আকাশ হতে,

কী এসেছে বাছুর স্রোতে,

পাতার ভাঁকে পুকিরে আছে

সে বে প্রাণের কথা।

যক্তরে খুঁকে খুঁকে

ভোমায় নিতে হবে বৃঝে,
ভেঙে দিতে হবে যে তার

নীরব ব্যাকুলতা।

আমার লক্ষাবতী লতা।

বৰু, সন্ধা এল, স্বপনভরা
পবন এরে চুমে।
ভালগুলি সব পাতা নিয়ে
জড়িয়ে এল ঘূমে।
ফুলগুলি সব নীল নয়ানে
চুপি চুপি আকালপানে
ভারার দিকে চেয়ে চেয়ে
কোন্ ধেয়ানে রতা।
আমার লক্ষাবতী লতা।

বন্ধু,

আনো তোমার তড়িৎ-পরশ,
হরর দিয়ে দাও,—
করুণ চক্ষ্ মেলে ইহার
মর্মপানে চাও।
সারাদিনের গন্ধগীতি
সারাদিনের আলোর স্মর্তি
নিয়ে এ যে হদয়ভারে
ধরায় অবনতা;—
আমার লক্ষাবতী লতা।

বন্ধু,

ভূমি জান ক্স যাহা
ক্স তাহা নয়:—
সত্য যেবা কিছু আছে
বিশ্ব সেবা রয়।
এই যে মুদে আছে লাজে
পড়বে ভূমি এরি মাঝে
জীবনমূভ্যু রৌন্দ্রায়া
ঝাটকার বারতা।
আমার লক্ষাবতী লতা।

১৮ আষাঢ় ১৩১৩ কলিকাতা

# (थरा)

#### শেষ খেয়া

দিনের শেষে ঘূমের দেশে ঘোমটা-পরা ঐ ছায়া
ভুলাল রে ভুলাল মোর প্রাণ।
ওপারেতে দোনার কূলে আঁধারমূলে কোন্ মায়া
গোরে গেল কাজ-ভাঙানো গান।
নামিয়ে মূপ চুকিয়ে স্থপ যাবার মূপে যায় যারা
ফেরার পপে ফিরেও নাহি চায়,
ভাদের পানে ভাঁটার টানে যাব রে আঞ্জ ঘরছাড়া,
সন্ধা। আদে দিন যে চলে যায়।
ওরে আয়।
আমায় নিয়ে যাবি কে রে
দিনশেষের শেষ পেয়ায়।

সাঁজের বেলা ভাঁটার স্থাতে ওপার হতে একটানা একটি-ছটি যায় যে তরী ভেসে। কেমন করে চিনব ওরে ওদের মাঝে কোন্থানা আমার ঘাটে ছিল আমার দেশে। অস্তাচলে তাঁবের তলে ঘন গাছের কোল ঘেঁষে ছায়ায় যেন ছায়ার মতো যায়, ডাকলে আমি ক্ষণেক থামি হেপায় পাড়ি ধরবে সে এমন নেয়ে আছে রে কোন্ নায় ? পরে আয় ষরেই যারা যাবার তারা কথন গেছে ঘরপানে
পারে যারা যাবার গেছে পারে;

ঘরেও নহে পারেও নহে যে-জন আছে মাঝখানে
সন্ধাবেলা কে তেকে নেয় তারে।
ফুলের বার নাইক আর কসল যার কলল না,
চোখের জল কেলতে হাসি পায়,

দিনের আলো যার ফুরাল সাঁজের আলো জনল না
সেই বসেছে ঘাটের কিনারায়
ওরে আয়।
আমায় নিয়ে যাবি কে রে
বেলাশেরের শেষ পেয়ায়।

আষাট ১৩১২

## ঘাটের পথ

ভর। চলেছে দিধির ধারে।

ঐ শোনা যায় বেশ্বনছায়

কয়ণ-ঝংকারে।

আমার চৃকেছে দিবসের কাজ,
শোব হয়ে গোছে জলভর। আজ,

দাঁড়ায়ে রয়েছি দ্বারে।

ভরা চলেছে দিধির ধারে।

শামি কোন্ছলে যাব ঘাটে—
শাবা-বরণর পাতা-মরমর
ছায়া-সুনীতল বাটে ?
বেলা বেশি নাই, দিন হল শোধ,
ছায়া বেড়ে যায়, পড়ে আসে রোদ,
এ বেলা কেমনে কাটে ?
আমি কোন্ছলে যাব ঘাটে ?

প্রগো কী আমি কহিব আর ?
ভাবিস নে কেহ ভর করি আমি
ভরা-কলসের ভার।
যা হ'ক তা হ'ক এই ভালোবাসি,
বহৈ নিয়ে বাই, ভরে নিয়ে আসি,
কতদিন কতবার।
প্রগা আমি কী কহিব আর ।

একি শুধু জ্বল নিমে আসা ?
এই আনাগোনা কিসের লাগি যে
কাঁ কব, কী আছে ভাষা !
কত-না দিনের আঁধারে আলোতে
বহিয়া এনেছি এই বাঁকা পথে
কত কাঁদা কত হাসা।
একি শুধু জ্বল নিমে আসা ?

আমি ভরি নাই ঝড়জ্বল
উড়েছে আকাশে উত্তলা বাতাসে
উদ্দাম অঞ্চল।
বেণুশাপা 'পরে বারি ঝরঝরে,
এ-কুলে ও-কুলে কালো ছায়া পড়ে,
পথঘাট পিচ্ছল।
আমি ভরি নাই ঝড়জ্বল।

আমি গিয়াছি আঁধার সাঁজে।
শিহরি শিহরি উঠে প্রাব
নির্জন বনমাঝে।
বাতাস থমকে, জোনাকি চমকে,
ঝিলীর সাথে ঝমকে ঝমকে
চরণে ভূবণ বাজে।
আমি গিয়াছি আঁধার সাঁজে।

যবে বুকে ভরি উঠে ব্যথা,—

ঘরের ভিতরে না দেয় থাকিতে

অকারণ আকুলতা,—

আপনার মনে একা পথে চলি,

কাঁথের কলসী বলে ছলছলি

জলভরা কলকথা,

যবে বুকে ভরি উঠে বাথা।

ওগো দিনে কতবার করে

যর-বাহিরের মাঝগানে রহি

ঐ পথ ডাকে মোরে।

কুস্তমের বাস খেয়ে খেয়ে আসে,

কপোত-কৃষ্ণন-কর্ম্প আকাশে

উদাসীন মেঘ ঘোরে—

ওগো দিনে কতবার করে।

আমি বাহির হইব বলে

যেন সারাদিন কে বসিয়া পাকে
নীল আকাশের কোলে!

তাই কানাকানি পাতায় পাতায়,—
কালো লহরীর মাপায় মাণায়

চঞ্চল আলো দোলে—
আমি বাহির হইব বলে:

আজ ভরা হয়ে গেছে বারি।
আঙিনার দ্বারে চাহি পপপানে
ঘর ছেড়ে যেতে নারি।
দিনের আলোক মান হয়ে আসে,
বধ্গণ ঘাটে যায় কলহাসে
কক্ষে লইয়া ঝারি।
মোর ভরা হয়ে গেছে বারি।

#### ঘাটে

বাউলের স্তর

আমার নাই বা হল পারে যাওয়া।
যে হাওয়াতে চলত তরী
অন্দেতে দেই লাগাই হাওয়া।
নেই যদি বা জমল পাড়ি
ঘাট আছে তো বসতে পারি,
আমার সাশার তরী ত্বল যদি
দেশব তোদের তরী বাওয়া।
হাতের কাছে কোলের কাছে
যা আছে দেই অনেক আছে,
সামার পারাদিনের এই কিরে কাজ
ভপার পানে কেঁদে চাওয়া?

কম কিছু মোর পাকে হেধা পুরিয়ে নেব প্রাণ দিয়ে তা, আমার সেই পানেতেই কল্পতা গেপানে মোর দাবি-দাওয়া ॥

২০ ভাস্ত ১০১২ গিরিডি

#### শুভক্ষণ

ওগো মা.

রাজার ছ্লাল যাবে আজি মোর ঘরের সম্পপথে, আজি এ প্রভাতে গৃহকাজ লয়ে রহিব বলো কী মতে ? বলে দে আমায় কী করিব সাজ, কী ছাঁদে কবরী বেঁধে লব আজ, পরিব অঙ্গে কেমন ভঙ্গে কোন্ বরনের বাস ?

মাগো, কী হল তোমার, অবাকনয়নে

মুখপানে কেন চাস ?

আমি দাঁড়াব যেখায় বাতায়নকোণে

সে চাবে না সেখা জানি তাছা মনে

ফেলিতে নিমেষ দেখা হবে শেষ

যাবে সে স্থানুর পুরে;

ভাগু
সক্ষের বানি কোন্ মাঠ হতে

তন্ রাজার তুলাল যাবে আজি মোর ঘরের সম্থপথে,

শুধু সে নিমের লাগি না করিয়া বেশ রহিব বলো কী মতে গু

#### ত্যাগ

বাজিবে ব্যাকুল স্বরে।

ওগো মা,

রাজার ত্লাল গেল চলি মোর

ঘরের সম্পপথে,
প্রভাতের আলো ঝলিল তাহার

স্বর্ণশিবর রথে।

দোমটা বসায়ে বাতায়নে পেকে
নিমেবের লাগি নিয়েছি মা দেখে,
ছিঁড়ি মণিহার ফেলেছি তাহার
পথের ধুলার 'পরে;

্মাগো কাঁ হল ভোমার, অবাকনয়নে
চাহিস কিসের ভরে।
মোর হার-ছেঁড়া মণি নেয় নি কুড়ায়ে
রথের চাকায় গেছে সে গুঁড়ায়ে,
চাকার চিহ্ন ঘরের সমূবে
পড়ে আছে শুধু আঁকা।
আমি কি দিলেম কারে জানে না সে কেউ
ধুলায় রহিল ঢাকা।

তব্ রাজার ত্লাল গেল চলি মোর

ঘরের সম্পপলে—

মোর বক্ষের মণি না ফেলিয়া দিয়া

রহিব বলো কী মতে

১০ শ্রাবণ ১৩১২ বোলপুর

### আগমন

তগন রাত্রি আঁধার হল
সাক্ত হল কাজ—
আমরা মনে ভেবেছিলেম
আসবে না কেউ আজ।
মোদের গ্রামে ত্রার যত
কল্প হল রাতের মতো,
ত্-এক জনে বলেছিল,
"আসবে মহারাজ।"
আমরা হেসে বলেছিলেম
"আসবে না কেউ আজ।"

ছারে যেন আঘাত হল
তলছিলেম সবে,
আমরা তখন বলেছিলেম,
"বাতাস বৃঝি হবে !"
নিবিয়ে প্রাদীপ ঘরে ঘরে
ভয়েছিলেম আলসভরে,
ত্ব-এক জনে বলেছিল,
"দূত এল বা তবে !"
আমরা হেসে বলেছিলেম
"বাতাস বৃঝি হবে।"

নিশীপ রাতে শোনা গেল
কিসের যেন ধ্বনি।

ঘূমের ঘোরে ভেবেছিলেম

মেঘের গরজনি।

ফলে ফলে চেতন করি
কাপল ধরং প্রহরি,

দু-এক জনে বলেছিল,

"ঢাকার কানকনি।"

ঘূমের ঘোরে কহি মোরা,

"মেঘের গরজনি!"

তপনো রাত আঁধার আছে, নেজে উঠল ভেরী, কে ফুকারে "জাগো সবাই, আর ক'রো না দেরি।" বক্ষ'পরে ত্-হাত চেপে আমরা ভয়ে উঠি কেঁপে, তু এক জনে কছে কানে,
"রাজার প্রকা হেরি।"
আমরা জেগে উঠে বলি
"আর তবে নয় দেরি।"

কোপায় আলো, কোপায় মাল্য,
কোপায় আয়োজন।
রাজা আমার দেশে এল
কোপায় সিংহাসন।
হায় রে ভাগ্য, হায় রে লক্ষ্যা,
কোপায় সভা, কোপায় সজ্জা।
তু-এক জনে কহে কানে,
"রুপা এ ক্রন্সন—

বিভক্ত শুরা ঘরে করে৷ অভার্থন :"

ওবে চ্যার খুলে দে বে,
বাঞা শব্দ বাজা !
গভীর রাজে এসেছে আজ
আধার ঘরের রাজা।
বজু ভাকে শ্রাভালে,
বিহাতেরি ঝিলিক কলে,
ছিল্লয়ন টেনে এনে
আভিনা ভোর সাজা
ঝড়ের সাথে হঠাং এল
হুংসরাভের রাজা।

২৮ শ্রাবণ ১৩১২ কলিকাতা

## হঃখমূৰ্তি

ত্থের বেশে এসেছ বলে
তোমারে নাহি ভরিব হে।
যেখানে বাথা তোমারে সেথা
নিবিড় ক'রে ধরিব হে।
আঁধারে মুখ ঢাকিলে, স্বামাঁ,
তোমারে তবু চিনিব আমি,
মরণরূপে আসিলে, প্রতু,
চরণ ধরি' মরিব হে—
যেমন করে দাও না দেখা
তোমারে নাহি ভরিব হে।

নয়নে আজি ঝরিছে জল

ঝক্ষক জল নয়নে হে।
বাজিছে বৃকে বাজুক, তব

কঠিন বাহুবাধনে হে।

তুমি যে আছ বক্ষে ধরে

বেদনা তাহ। জানাক মোরে

চাব না কিছু, কব না কপা,

চাহিয়া রব বদনে হে।

নয়নে আজি ঝরিছে জল

ঝক্ষক জল নয়নে হে।

## যুক্তিপাশ

নিশীপে কখন এসেছিলে তুমি 49591 ক্পন যে গেছ বিহানে কে জানে। চরণশবদ পাই নি ভনিতে আমি ছিলেম কিলের ধেয়ানে ভাহা কে জানে ক্লম্ব আছিল আমার এ গেহ কতকাল আসে-যার নাই কেই. তাই মনে মনে ভাবিতেছিলাম এপনো রয়েছে যামিনী.---যেমন বন্ধ আছিল সকলি বঞ্জি ব। রয়েছে তেমনি। হে মোর গোপনবিহারী, ঘুমায়ে ছিলেম যপন, তুমি কি গিয়েছিলে মোরে নেহারি ?

আজ নয়ন মেলিয়া একাঁ হেরিলাম
বাধা নাই কোনো বাধা নাই—
আমি বাঁধা নাই।
ওগো যে-আঁধার ছিল শয়ন ঘেরিয়া
আধা নাই তার আধা নাই,
আমি বাঁধা নাই।
তগনি উঠিয়া গেলেম ছুটিয়া,
দেপিছ কে মোর আগল টুটিয়া
ঘরে ঘরে যত ছ্য়ার-জানালা
সকলি দিয়েছে থূলিয়া;—
আকাশ-বাতাস ধরে আসে মোর
বিজয়পতাকা তুলিয়া!

হে বিজয়ী বীর অজানা, কথন যে তুমি জয় করে যাও কে পায় তাহার ঠিকানা!

আমি ঘরে বাঁধা ছিন্তু, এবার আমারে আকাশে রাখিলে ধরিয়া করিয়া। न्ष বাধা খুলে দিয়ে মৃক্তিবাধনে সব বাধিলে আমারে হরিয়া করিয়া। দৃড় রুদ্ধত্থার ঘরে কতবার খুঁজেছিল মন পথ পালাবার, এবার তোমার আশাপথ ঢাহি বদে রব খোলা ত্যারে,--তোমারে ধরিতে হইবে বলিয়া ধরিয়া রাখিব আমারে। হে মোর পরানবঁধু হে কপন যে ভূমি দিয়ে চলে যাও প্রানে প্রশম্ধু হে।

#### প্রভাতে

ত্রক রন্ধনীর বরদনে শুধু
কেমন করে
আমার ঘরের সরোবর আজি
উঠেছে ভরে।
নম্মন মেলিয়া দেপিলাম ওই
ঘন নাল জল করে পইপই,

কুল কোপা এর, তল মেলে কই কহ গো মোরে— এক বরষায় সরোবর দেখো উঠেছে ভরে।

কাল রজনীতে কে জানিত মনে

এমন হবে

ঝরঝর বারি তিমির নিশীপে

ঝরিল যবে,---

ভরা শ্রাবণের মিশি ত্-পহরে শুনেছিত্ব শুয়ে দীপহীন ঘরে কেদে যায় বায়ু পথে প্রান্থরে কাতর রবে

তথন সে রাজে কে জানিত মনে এমন হবে।

হেরে। হেরো মোর অকৃল অণ্-সলিলমাঝে
'মাজি এ অমল কমলকান্তি কেমনে রাজে।

একটিমাত্র খেত শতদল
আলোক-পুলকে করে চলচল,
কখন ফুটিল বল্ মোরে বল্
এমন সাজে

আমার অতল অশ্র-সাগর-সলিলমাঝে !

আজি একা বসে ভাবিতেছি মনে ইহারে দেশি, দুশ-যামিনীর বৃক্চেরা ধন হেরিন্থ এ কী। ইহারি লাগিয়া হৃদ্ বিদারণ, এত ক্রন্দন, এত জাগরণ, ছুটেছিল ঝড় ইহারি বদন বক্ষে লেপি। হুথ-যামিনীর বুকচেরা ধন হেরিছু এ কী।

১৪ আবণ ১৩১২

#### नान

ভেবেছিলাম চেয়ে নেব—
চাই নি সাহস করে—
সন্ধোবেলায় যে মালাটি
গলায় ছিলে পরে—
আমি চাই নি সাহস করে।
ভেবেছিলাম সকাল হলে
যপন পারে যাবে চলে
ছিন্নমালা শয্যাতলে
রইবে বৃদ্ধি পড়ে।
ভাই আমি কাঙালের মতে।
এসেছিলেম ভোরে—
তব্ চাই নি সাহস করে।

এ তো মালা নয় গো, এ যে
তোমার তরবারি।
জ্বলে ওঠে আগুন যেন,
বঙ্গু-হেন ভারি—
এ যে
তামার তরবারি।

তকুণ আলো জানলা বেয়ে পড়ল তোমার শ্বন ছেয়ে ভোরের পাধি শুধায় গেয়ে "কাঁ পেদি তুই নারী ?"

নয় এ মালা, নয় এ ধালা, গন্ধপ্রদের ঝারি, এ যে ভীষণ ভরবারি।

ভাই ভো আমি ভাবি বসে

এ কী ভোমার দান ?
কোপায় এরে লুকিয়ে রাপি
নাই যে হেন স্থান ।
ওলো এ কা ভোমার দান ?
শক্তিহীনা মরি লাজে,
এ ভূষণ কি আমায় সাজে ?
রাপতে গেলে বুকের মাঝে
ব্যপা যে পায় প্রাণ ।
তবু আমি বইব বুকে
এই বেদনার মান—

আঞ্জকে হচে জগংখাঝে

হাড়ব আমি ভয়,

আঞ্জ হচে মোর সকল কাজে

তোমার হবে জয়—

আমি ছাড়ব সকল ভয়।

মরণকে মোর দোসর করে

রেপে গেছ আমার ঘরে,

আমি তারে বরণ ক'রে

রাধব পরানময়।

ভোমারি এই দান।

**নিয়ে** 

তোমার তরবারি আমার করবে বাঁধন ক্ষয়। আমি ছাড়ব সকল ভয়।

তোমার লাগি অঙ্গ ভরি
করব না আর সাজ।
নাই বা তুমি কিরে এলে
ওগো হৃদয়রাজ।
আমি করব না আর সাজ।
ধূলায় বসে তোমার ভরে
কাদব না আর একলা ঘরে,
তোমার লাগি ঘরে-পরে
মানব না আর লাজ।
তোমার ভরবারি আমায়
সাজিয়ে দিল আজ,

২৬ ভাস্র ১৩১২ গিরিডি

# বালিকা বধূ

ভগো বর, ওগো বঁধু,
এই যে নবানা বৃদ্ধিবিহান।
এ তব বালিকা বধু।
তোমার উদার প্রাসাদে একেলা
কত পেলা নিরে কাটায় যে বেলা,
ভূমি কাছে এলে ভাবে ভূমি তার
পেলিবার ধন শুধু,
ওগো বর, ওগো বঁধু।

জানে না করিতে সাজ।
কেশবেশ তার হলে একাকার
মনে নাহি মানে লাজ।
দিনে শতবার ভাঙিয়া গড়িয়া,
ধুলা দিয়ে ঘর রচনা করিয়া,
ভাবে মনে মনে সাধিছে আপন
ঘরকরনের কাজ।
জানে না করিতে সাজ।

কংছ এরে গুরুজনে,
"ও যে ভার পতি, ও ভার দেব তা"
ভাত হয়ে তাহা শোনে।
কেমন করিয়া পৃজিবে ভোমায়
কোনোমতে তাহা ভাবিয়া না পায়,
গেলা ফেলি কভূ মনে পড়ে ভার
"পালিব পরানপণে
যাহা কহে গুরুজনে।"

বাস্কশয়ন'পরে
তোমার বাহতে বাঁধা বহিলেও
অচেতন ঘুমভরে।
পাড়া নাহি দেয় তোমার কথায়
কভ শুভখন বুগা চলি যায়,
যে-হার ভাহারে পরালে, সে-হার
কোপায় খসিয়া পড়ে
বাস্কশয়ন'পরে।

ভুধু ছদিনে ঝড়ে

—দশদিক জাসে আঁধারিয়া আসে
ধরাতলে অম্বরে—
তথন নয়নে ঘুম নাই আর,
ধেলাধুলা কোধা পড়ে থাকে তার,

তোমারে সবলে রহে আঁকড়িয়া, হিয়া কাঁপে পরপরে— হঃধদিনের বড়ে।

মোরা মনে করি ভয়
তোমার চরণে অবোধজনের
অপরাধ পাছে হয়।
তৃমি আপনার মনে মনে হাস
এই দেখিতেই বৃঝি ভালোবাস,
খেলাঘরদারে দাড়াইয়া আড়ে
কী যে পাও পরিচয়।
মোরা মিছে করি ভয়।

ভূমি বৃঝিয়াছ মনে

একদিন এর খেলা খুচে খাবে

ওই তব শ্রীচরণে।

সাজিয়া যতনে তোমারি লাগিয়া
বাতায়নতলে রহিবে জাগিয়া,
শতযুগ করি মানিবে তথন

ফণেক অদর্শনে,
ভূমি বৃঝিয়াছ মনে।

ওগো বর, ওগো বরু,
জান জান ত্মি—ধুলায় বসিয়া
এ বালা তোঁমারি বরু।
রতন-আসন ত্মি এরি তরে
রেখেছ সাজায়ে নির্জন ধরে,
সোনার পাত্রে ভরিয়া রেখেছ
নন্দন্যন-মধু—ওগো বর, ওগো বরু।

#### অনাহত

দাঁড়িয়ে আছ আধেকপোলা বাতায়নের ধারে নৃতন বধু বৃঝি ? আসবে কথন চুড়িওলা তোমার গৃহদ্বারে লয়ে তাহার পুঁজি। দেশছ চেয়ে গোরুর গাড়ি উড়িয়ে চলে ধৃলি পর রোদের কালে; দর নদীতে দিচ্ছে পাড়ি বোঝাই নৌকাগুলি বাতাস লাগে পালে।

আধেক পোলা বিজ্নখনে
ঘোমটা-ছায়ায় ঢাকা
একলা বাতায়নে,
বিশ্ব তোমার আঁবির 'পরে
কেমন পড়ে আঁকা,
তাই ভাবি যে মনে।
ছায়ায়য় সে ত্বনগানি
স্বপন দিয়ে গড়া
রূপকথাট ছাঁদা,
কোন্ সে পিতামহীর বাণী
নাইকো আগাগোড়া
দীর্ঘ ছড়া বাধা।

আমি ভাবি হঠাং যদি বৈশাণের এক দিন বাতাস বহে বেগে—
লব্দা ছেড়ে নাচে নদী
শৃত্যে বাঁধনহীন,
পাগল উঠে জেগে,—
যদি তোমার ঢাকা ঘরে
যত আগল আছে
সকলি যায় দূরে—
ওই যে বসন নেমে পড়ে
তোমার আঁথির কাছে
৬ যদি যায় উড়ে,—

তীর তড়িংহাসি হেসে
বজ্বতেরীর স্বরে
তোমার ঘরে চুকি
জগং যদি এক নিমেষে
শক্তিমৃতি ধ'রে
দাঁড়ায় মুগোমৃথি—
কোপায় পাকে আধেকঢাকা
অলস দিনের ছায়া,
বাতায়নের ছবি,
কোপায় পাকে স্থপনমাথা
আপনগড়া মায়া,—
উড়িয়া যায় সবি।

তথন তোমার ঘোমটা-থোলা কালো চোথের কোণে কাঁপে কিসের আলো, ডুবে তোমার আপনা-ভোলা প্রাণের আন্দোলনে সকল মন্দভালো। বক্ষে তোমার আঘাত করে উত্তাল নর্তনে রক্ততরঙ্গিণী। অঙ্গে তোমার কী স্থর তুলে চঞ্চল কম্পনে কহণ-কিছিণী।

আজকে তৃমি আপনাকে
আধেক আড়াল ক'রে
দাঁড়িয়ে দরের কোণে
দেশতেছ এই জগংটাকে
কী যে মায়ায় ভরে,
তাহাই ভাবি মনে।
অর্থবিহান পেলার মতো
তোমার পথের মাঝে
চলছে যাওয়া-আসা,
উঠে ফুটে মিলায় কত
কুদ্র দিনের কাজে
কুদ্র কানে-হাসা।

২৬ **শ্রাবণ** ১৩১২ বোল**পু**র

### বাঁশি

ঐ তোমার ঐ বাশিধানি
শুধু ক্ষণেক তরে
দাও গো আমার করে।
শরং-প্রভাত গেল ব'য়ে,
দিন যে এল ক্লান্ত হয়ে.

বাঁশি-বাজা সাঙ্গ যদি
কর আলস ভরে
তবে তোমার বাঁশিখানি
শুধু ক্ষণেক তরে
দাও গো আমার করে।

আর কিছু নয় আমি কেবল
করব নিয়ে খেল।
শুধু একটি বেলা।
শুলে নেব কোলের 'পরে,
অধরেতে রাপব ধরে,
ভারে নিয়ে যেমন খুশি
যেপা-সেধায় ফেলা—
এমনি করে আপন মনে
করব আমি খেলা
শুধু একটি বেলা।

তার পরে যেই সন্ধ্যে হবে

এনে ফ্লের ডালা

গেঁপে জুলব মালা।

সাজাব তায় বৃধীর হারে,
গন্ধে ভরে দেব তারে

করব আমি আরতি তার

নিয়ে দীপের থালা।

সন্ধ্যে হলে সাজাব তার

ভরে ফ্লের ডালা

গেঁপে বৃধীর মালা।

রাতে উঠবে আধেক শশী
তারার মধ্যপানে,
চাবে তোমার পানে।

তথন আমি কাছে আসি
ফিরিয়ে দেব তোমার বাঁশি,
তুমি তথন বাঞ্চাবে স্কর
গভীর রাতের তানে
রাতে যখন আধেক শশী
তারার মধ্যধানে
চাবে ভোমার পানে।

২৯ শ্রাবণ ১৩১২ কলিকাতা

#### অনাবশ্যক

কাশের বনে শৃক্ত নদীর তীবে
আমি তারে জিজ্ঞাসিলাম ডেকে,
"একলা পথে কে তুমি যাও ধীরে
আঁচল আড়ে প্রদীপগানি ঢেকে।
আমার ঘরে হয় নি আলো জাল।
দেউটি তব হেধায় রাখো বালা।"

গোধ্লিতে তৃটি নয়ন কালো
ক্ষণেক তরে আমার মূপে তৃলে
সে কহিল, "ভাসিয়ে দেব আলো
দিনের শেষে তাই এসেছি কূলে।"
চেয়ে দেখি দাড়িয়ে কালের বনে
প্রদীপ ভেসে গেল অকারণে।

ভরা সাঁঝে আঁধার হয়ে এশে আমি ভেকে জিজ্ঞাসিলাম তারে, "তোমার ঘরে সকল আলো জেলে এ দীপথানি সঁপিতে যাও কারে? আমার ঘরে হয় নি আলো জ্বালা।

দেউটি তব হেধায় রাখো বালা।

আমার মুখে ঘূটি নয়ন কালো

ক্ষণেক তরে বৈল চেয়ে ভূলে

দে কহিল "আমার এ যে আলো

আকাশপ্রদীপ শুন্তে দিব তুলে।"

চেয়ে দেখি শৃত্ত গগনকোণে
প্রদীপগানি জ্বলে অকারণে।

অমাবস্থা আঁধার তুই পহরে
জিজ্ঞাসিলাম তাহার কাছে গিয়ে
"ওগো তুমি চলেছে কার তরে
প্রদীপথানি বুকের কাছে নিয়ে ?
আমার ঘরে হয় নি আলো জালা
দেউটি তব হেগায় রাথো বালা।"

অন্ধকারে ঘূটি নয়ন কালো
ক্ষণেক মোরে দেগলে চেয়ে তবে,
সে কহিল, "এনেছি এই আলো
দীপালিতে সাজিয়ে দিতে হবে।"
চেয়ে দেগি লক্ষ দাপের সনে
দীপগানি তার জ্বলে অকারণে।

২৫ শ্রাবণ ১৩১২ বোলপুর

### অবারিত

ওগো ভোৱা বল্ ভো, এরে ঘর বলি কোন্ মতে ? এরে কে বেঁধেছে হাটের মাঝে আনাগোনার পথে ? আসতে যেতে বাঁধে তরাঁ
আমারি এই বাটে,
যে খুলি সেই আসে,—আমার
এই ভাবে দিন কাটে।
ফিরিয়ে দিতে পারি না যে
হায় রে—
কাঁ কাজ নিয়ে আছি,—আমার
বেলা বহে যায় যে, আমার

পায়ের শব্দ বাজে ভাদের,
রজনীদিন বাজে।

গগো মিধ্যে ভাদের ভেকে বলি

"ভোদের চিনি না যে!"

কাউকে চেনে পরশ আমার

কাউকে চেনে দ্রাণ,

কাউকে চেনে বুকের রজ

কাউকে চেনে প্রাণ:

ফিরিয়ে দিতে পারি না যে

হায় রে—

ডেকে বলি, "আমার ঘরে

যার খুশি সেই আয় রে, ভোরা

যার খুশি সেই আয় রে।"

সকালবেলায় শব্ধ বাজে পুবের দেবালয়ে,— ওগো স্থানের পরে আসে তারা ফুলের সাজি লয়ে। মূখে তাদের আলো পড়ে তক্কণ আলোখানি। অরুণ পায়ের ধুলোটুকু
বাতাস লহে টানি।
ফিরিয়ে দিতে পারি না থে
হায় রে—
ডেকে বলি, "আমার বনে
তুলিবি ফুল, আয় রে তোরা,
তুলিবি ফুল আয় রে।"

ত্পুরবেলা ঘণ্টা বাজে

রাজার সিংহছারে।

ওগো কাঁ কাজ ফেলে আসে তারা

এই বেড়াটির ধারে।

মলিনবরন মালাগানি

শিবিল কেশে সাজে,

ক্লিষ্টককণ রাগে তাদের

ক্লাস্ত বাঁশি বাজে।

ফিরিয়ে দিতে পারি না যে

হায় রে—

ডেকে বলি, "এই ছায়াতে

কাটাবি দিন, আয় রে তোরা

কাটাবি দিন আয় রে।"

রাতের বেলা ঝিল্লি ডাকে
গহন বনমাঝে।
ওগো ধাঁরে ধাঁরে ছ্য়ারে মোর
কার সে আঘাত বাজে ?
যায় না চেনা ম্থপানি তার,
কয় না কোনো কথা,
ঢাকে তারে আকাশভরা
উদাস নীরবতা।

ফিরিয়ে দিতে পারি না যে

হায় রে—

চেয়ে থাকি সে-ম্থপানে

রাজি বহে যায়, নীরবে

রাজি বহে যায় রে।

১৫ পোৰ ১৩১২ শান্তিনিকেতন

# গোধুলিলগ্ন

আমার গোধৃলি-লগন এল বৃঝি কাছে
গোধৃলি-লগন রে।
বিবাহের রঙে রাঙা হয়ে আসে
সোনার গগন রে।
শেষ করে দিল পাপি গান গাওয়া,
নদীর উপরে পড়ে এল হাওয়া,
ওপারের তীর ভাঙা মন্দির
আধারে মগন রে।
আসিছে মধুর ঝিল্লি-ল্পুরে
গোধৃলি-লগন রে।

আমার দিন কেটে গেছে কখনো খেলায়,
কখনো কত কী কাজে।

এখন কি ভনি পুরবীর স্ববে

কোন্ দুরে বাশি বাজে।

বৃধি দেরি নাই, আসে বৃধি আসে,
আলোকের আভা লেগেছে আকাশে,

বেলাশেষে মোরে কে সাজাবে ওরে নবমিলনের সাজে ? সারা হল কাজ মিছে কেন আজ ডাক মোরে আর কাজে ?

এখন নিরিবিলি দরে সাজাতে হবে রে
বাসক-শয়ন যে।
ফ্লশেজ লাগি রজনীগন্ধা
হয় নি চয়ন যে।
সারা যামিনীর দীপ স্যতনে
জ্ঞালায়ে তুলিতে হবে বাতায়নে,
যুগীদল আনি শুঠনখানি
করিব বয়ন যে।
সাজাতে হবে রে নিবিড় রাতের
বাসক-শয়ন যে।

21.5

এসেছিল যারা কিনিতে বেচিতে
চলে গেছে তারা সব।
রাগালের গান হল অবসান,
না শুনি ধেন্তর রব।
এই পথ দিয়ে প্রভাতে তুপুরে
যারা এল আর যারা গেল দূরে
কে ভারা জানিত আমার নিভ্ত
সন্ধ্যার উৎসব।
কেনাবেচা যারা করে গেল সারা
চলে গেল ভারা সব।

আমি জানি যে আমার হয়ে গেছে গনা গোধূলি-লগন রে। পুসর আলোকে মূদিবে নয়ন অন্ত-গগন রে— তথন এ-ঘরে কে খুলিবে খার, কে লইবে টানি বাহটি আমার, আমায় কে জানে কী মন্ত্রে গানে করিবে মগন রে— সব গান সেরে আসিবে যথন গোধুলি-লগন রে।

### नीना

ঝামি

শরংশেবের মেষের মতে।
তোমার গগনকোণে
সদাই কিরি অকারণে।
তুমি আমার চিরদিনের
দিনমণি গো—
আঞ্চো ভোমার কিরণপাতে
মিশিয়ে দিয়ে আলোর সাপে
দেয় নি মোরে বান্প ক'রে
ভোমার পরশনি—
ভোমা হতে পৃথক হয়ে
বংসর মাস গনি।

19:51

অমনি তোমার ইচ্ছা যদি,

অমনি পেলা তব

তবে পেলাও নব নব।
লয়ে আমার তুচ্ছ কণিক
ক্ষণিকতা গো—

সাঞ্চাও তারে বর্ণে বর্ণে,
ভূবাও তারে তোমার স্থর্ণে,

বায়্র প্রোতে ভাদিয়ে তারে বেলাও যথা-তথা,— শৃন্য আমায় নিয়ে রচ নিত্য বিচিত্রতা।

আবার যবে ইচ্ছা হবে

সান্ধ ক'রো থেলা

ঘোর নিশীপরাত্রিবেলা।

অশ্বধারে ঝরে যাব

অন্ধবারে গো—
প্রভাতকালে রবে কেবল
নির্মলতা শুলীতল,
রেথাবিহীন মূক্ত আকাশ

হাসবে ঢারিধারে,—

মেঘের পেলা মিশিয়ে যাবে

জ্যোতিঃসাগরপারে।

২০ পৌর ১৩১২ শান্তিনিকেতন, বোলপুর

ওরো

#### মেঘ

আদি অন্ত হারিয়ে ফেলে,
সাদা কালো আসন মেলে,
পড়ে আছে আকাশটা গোনধ্যমালি,
আমরা যে সব রাশি রাশি
মেঘের পুঞ্জ ভেসে আসি,
আমরা তারি ধেয়াল তারি হেঁয়ালি।
মোদের কিছু ঠিকঠিকানা নাই,
আমরা আসি আমরা চলে যাই।

ঐ যে সকল জ্যোতির মালা, গ্রহতারা রবির ভালা, স্কুড়ে আছে নিত্যকালের পসরা; গুদের হিসেব পাকা বাতায় আলোর লেখা কালো পাতায়, মোদের তরে আছে মাত্র বসড়া; রংবেরঙের কলম দিয়ে এঁকে যেমন খুলি মোছে আবার লেখে।

আমরা কভু বিনা কাজে
তাক দিয়ে যাই মাঝে মাঝে
অকারণে মৃচকে হাসি হামেশা।
তাই বলে সব মিথো না কি ?
বৃষ্টি সে তো নয়কে। ফাঁকি,
বক্সটা তো নিতান্ত নয় তামাশা।
তথু আমরা থাকি নে কেউ, ভাই,
হাওয়ার আসি হাওয়ার ভেসে যাই।

### নিরুত্যম

তথন আকাশতলে তেউ তুলেছে
পাপিরা গান গেয়ে;
তথন পথের ছটি ধারে
ফুল ফুটেছে ভারে ভারে,
মেধের কোনে বং ধরেছে
দেখি নি কেউ চেয়ে।
মোরা আপন মনে ব্যস্ত হয়ে
চলেছিলেম ধেয়ে।

যতই বাড়ে বেলা।

মোরা স্থাধের বশে গাই নি তো গান,
করি নি কেউ ধেলা ;
চাই নি স্থালে ডাহিন-বাঁয়ে,
হাটের লাগি যাই নি গাঁয়ে,
হাসি নি কেউ, কই নি কধা,
করি নি কেউ হেলা ;
মোরা ততই বেগে চলেছিলেম

শেষে সুষ যথন মাঝ আকাশে
কপোত ডাকে বনে,
তপ্ত হাওয়ায় ঘূরে ঘূরে
ভকনো পাতা বেড়ায় উড়ে,
বটের তলে রাধালশিশু
ঘূমায় অচেতনে,
আমি জলের ধারে শুলেম এদে

মাাম জলের ধারে <del>ভ</del>লেম এফো ভামল তৃণাসনে।

আমার দলের সবাই আমার পানে
চেয়ে গেল হেসে :
চলে গেল উচ্চ শিরে
চাইল না কেউ পিছু ফিরে,
মিলিয়ে গেল স্বদূর ছায়ায়
পথক্তরুর শেষে ;
তারা পেরিয়ে গেল কত যে মাঠ,
কতদূরের দেশে !

ওগো ধন্ত তোমরা ত্থের যাত্রী,
ধন্ত তোমরা দবে।
লাজের ঘারে উঠিতে চাই,
মনের মাঝে সাড়া না পাই,

মগ্ন হলেম আনন্দময়
অগাধ অগোরবে,—
পাথির গানে, বাঁশির তানে,
কম্পিত পল্লবে।

আমি মুগ্ধতম্থ দিলাম মেলে
বস্কুদ্ধরার কোলে।
বাঁশের ছায়া কী কৌতুকে
নাচে আমার চক্ষে মূপে,
আমের মুকুল গদ্ধে আমায়
বিধুর ক'রে ভোলে
নয়ন মুদে আসে মৌমাছিদের

धक्रन-क्सिएन।

সেই বেজি দেৱা সবুজ আরাম
মিলিয়ে এল প্রাণে।

ভূলে গেলেম কিসের ভরে
বাহির হলেম পথের 'পরে,
টেলে দিলেম টে তনা মোর
ছায়ায় গক্ষে গানে।
ধারে খুমিয়ে প'লেম অবশ দেহে
কথন কে ভা জানে।

শেবে গভার খুমের মধ্য হতে
ফুটল যথন আঁথি,
চেয়ে দেপি, কথন এসে
দাড়িয়ে আছ নিয়রদেশে
ভোমার হাসি দিয়ে আমার
অটেডত ঢাকি'।
ওগো ভেবেছিলেম আছে আমার
কত না পথ বাকি।

মোরা ভেবেছিলেম পরানপণে
সঞ্জাগ রব সবে;
সন্ধ্যা হবার আগে যদি
পার হতে না পারি নদী,
ভেবেছিলেম তাহা হলেই
সকল ব্যর্থ হবে।
যথন আমি থেমে গেলাম. তুমি
আপনি এলে কবে।

৬ চৈত্ৰ ১৩১২ কলিকাতা

### ক্সপণ

আমি ভিক্ষা করে ফিরতেছিলেম
গ্রামের পথে পথে,
ভূমি তথন চলেছিলে
তোমার স্ববরথে।
অপূর্ব এক স্থপ্রসম
লাগতেছিল চক্ষে মম
কাঁ বিচিত্র শোভা তোমার
কাঁ বিচিত্র সাজ।
আমি মনে ভাবতেছিলেম
এ কোনু মহারাজ।

আজি শুভক্ষণে রাত পোহাল ভেবেছিলেম তবে, আজ আমারে ধারে ধারে ফিরতে নাহি হবে। বাহির হতে নাহি হতে
কাহার দেখা পেলেম পথে,
চলিতে রথ ধনধান্ত
হড়াবে ত্ইধারে—
মুঠা মুঠা কৃড়িয়ে নেব,
নেব ভারে ভারে ৷

দেশি সহসা রণ থেমে গেল

আমার কাছে এসে,

আমার ন্ধপানে চেয়ে

নামলে তৃমি হেলে।

দেশে ম্পের প্রসন্ধতা

ছড়িয়ে গেল সকল বাধা,

হেনকালে কিসের লাগি

তৃমি অকস্মাং

"আমায় কিছু দাও গো" বলে

বাডিয়ে দিলে হাত।

মরি, এ কী কপা রাজাধিরাজ,

"আমায় দাও গো কিছু।"
গুনে ক্ষণকালের তরে

রৈছ মাথা-নিচু।
তোমার কী বা অভাব আছে,
ভিগারি ভিক্ষ্কের কাছে?
এ কেবল কৌতুকের বশে
আমায় প্রবঞ্চনা।
মূলি হতে দিলেম তুলে
একটি ছোটো কণা।

যবে পাত্রখানি ঘরে এনে
উজাড় করি—এ কী
ভিক্ষামাঝে একটি ছোটো
সোনার কণা দেপি।
দিলেম যা রাজ-ভিপারিরে
স্থা হয়ে এল ফিরে,
ভপন কাঁদি চোপের জলে
দুটি নয়ন ভরে
ভোমায় কেন দিই নি আমার
সকল শৃত্য করে।

৮ চৈত্ৰ [ ১৩১২ ] কলিকাতা

### কুয়ার ধারে

তোমার কাছে চাই নি কিছু,
জানাই নি মোর নাম,
তৃমি যপন বিদায় দিলে
নীরব বহিলাম।
একলা ছিলাম কুয়ার ধারে
নিমের ছায়াতলে,
কলস নিয়ে সবাই তখন
পাড়ায় গেছে চলে।
আমায় তারা ভেকে গেল
"আয় গো বেলা যায়।"
কোন্ আলমে রইমু বসে
কিসের ভাবনায়।

পদধ্বনি শুনি নাইকো

কখন তুমি এলে।

কইলে কথা ক্লান্তকঠে

করুণ চকু মেলে---

"ত্যাকাতর পাছ আমি"---

ন্তনে চমকে উঠে

জলের ধারা দিলেম ঢেলে

তোমার করপুটে।

মর্মবিয়া কাঁপে পাতা,

কোকিল কোপা ভাকে

বাবলা ফুলের গন্ধ ওঠে

পদ্মীপথের বাঁকে।

যপন ভূমি ভাধালে নাম

পেলেম বড়ো লাজ,

তোমার মনে থাকার মতো

করেছি কোন্ কাজ ?

ভোমায় দিতে পেরেছিলেম

একটু ত্বার জল

এই কথাটি আমার মনে

রহিল সম্বল।

কুয়ার ধারে তুপুরবেলা

তেমনি ভাকে পাৰি,

তেমনি কাঁপে নিমের পাতা,

আমি নসেই থাকি।

२ हिन्द ५०३२

#### জাগরণ

পথ চেয়ে তো কাটল নিশি,
লাগছে মনে ভয়—
সকালবেলা ঘূমিয়ে পড়ি
যদি এমন হয়।
যদি তখন হঠাং এসে
দাড়ায় আমার হ্যার-দেশে।
বনচ্ছায়ায় ঘেরা এ ঘর
আছে তো তার জানা,—
ওগো তোরা পথ ছেড়ে দিস
করিস নে কেউ মানা।

যদি বা তার পায়ের শব্দে

মুম না ভাঙে মোর

শপথ আমার তোরা কেহ

ভাঙাস নে সে ঘোর।

চাই নে জাগতে পাধির রবে
নতুন আলোর মহোংসবে,

চাই নে জাগতে হাওয়ায় আকুল

বক্লফুলের বাসে,

তোরা আমায় মুমোতে দিস

যদিই বা সে আসে।

ওগো আমার ঘুম যে ভালো গভীর অচেতনে, যদি আমায় জাগায় তারি আপন পরশনে। ঘুমের আবেশ যেমনি টুট দেখব তারি নয়ন ঘুটি মূবে আমার তারি হাসি
পড়বে সকৌতুকে—
সে যেন মোর স্থপের স্থপন
দীড়াবে সমূবে।

সে আসবে মোর চোখের 'পরে
সকল আলোর আগে,
তাহারি রূপ মোর প্রভাতের
প্রথম হয়ে জাগে।
প্রথম চমক লাগবে স্থপে
চেয়ে তারি করুণ মূপে,
চিত্ত আমার উঠবে কেঁপে
তার চেতনায় ভ'রে—
ভোরা আমায় জাগাস নে কেউ,
জাগাবে সেই মোরে।

১০ চৈত্ৰ ১৩১২ কলিকাতা

# ফুল ফোটানো

ভোরা কেউ পারবি নে গো
পারবি নে ফল ফোটাতে।

থঙই বলিস, যভই করিস,

যভই ভারে ভূলে ধরিস,
ব্যগ্র হয়ে রঞ্জনীদিন
আঘাত করিস বোটাতে
ভোরা কেউ পারবি নে গো
পারবি নে ফুল ফোটাতে।

দৃষ্টি দিয়ে বারে বারে মান করতে পারিস তারে, ছিঁড়তে পারিস দলগুলি তার,
ধূলায় পারিস লোটাতে,
মোদের বিষম গওগোলে
যদিই বা সে মুখটি খোলে,
ধরবে না রং, পারবে না তার
গন্ধটুকু ছোটাতে।
তোরা কেউ পারবি নে গো
পারবি নে ফুল ফোটাতে।

যে পারে সে আপনি পারে
পারে সে ফুল কোটাতে।
সে শুধু চায় নয়ন মেলে
ছুটি চোথের কিরণ ফেলে,
অমনি যেন পূর্ণপ্রাণের
মন্ত্র লাগে নোটাতে!
যে পারে সে আপনি পারে
পারে সে ফুল কোটাতে।

নিংশাদে তার নিমেবেতে
ফুল যেন চায় উড়ে যেতে,
পাতার পাথা মেলে দিয়ে
হাওয়ায় থাকে লোটাতে।
রং যে ফুটে ওঠে কত
প্রাণের ব্যাকুলতার মতো,
যেন কারে আনতে ভেকে
গন্ধ থাকে ছোটাতে।
যে পারে দে আপনি পারে,
পারে দে ফুল ফোটাতে।

১১ চৈত্র [ ১৩১২ ] বোলপুর

#### হার

মোদের হারের দলে বসিয়ে দিলে,
জানি আমরা পারব না।
হারাও যদি হারব বেলায়
তোমার পেলা ছাড়ব না।
কেউ বা ওঠে, কেউ বা পড়ে,
কেউ বা বাচে, কেউ বা মরে,
আমরা না হয় মরার পথে
করব প্রয়াণ রসাভলে,
হারের খেলাই খেলব মোরা
বসাও যদি হারের দলে।

আমরা বিনা পণে পেলব না গো
পেলব রাজার ছেলের মতো।
কেলব পেলায় ধনরতন
যেপায় মোদের আছে যাত।
স্বনাশা ভোমার যে ভাক,
যায় যদি যাক সকলি যাক,
শেষ কড়িটি চুকিয়ে দিয়ে
পেলা মোদের করব সারা।
ভারের দলটি হব হারা।

তব্ এই হারা তো শেষ হারা নয়,
আবার পেলা আছে পরে।
জিওল যে সে জিওল কি না
কে বলবে তা সত্য করে।
হেরে তোমার করব সাধন,
ক্ষান্তির ক্ষুরে কাটব বাধন,

শেষ দানেতে তোমার কাছে
বিকিয়ে দেব আপনারে।
তার পরে কী করবে তুমি
সে-কথা কেউ ভাবতে পারে ?

১২ চৈত্র [ ১৩১২ ] বোলপুর

## বন্দী

বন্দী, তোরে কে বেঁধেছে এত কঠিন করে ?

প্রাকৃ আমায় বেঁধেছে যে
বিদ্রুক্তিন ডোরে।
মনে ছিল স্বার চেয়ে
আমিই হব বড়ো,
রাজার কড়ি করেছিলেম
নিজের ঘরে জড়ো।
ঘুম লাগিতে শুয়েছিলেম
প্রাকৃর শ্যা পেতে,
জেগে দেখি বাঁধা আছি
আপন ভাণ্ডারেতে।

বন্দা ওগো কে গড়েছে বছ্ৰবাধন থানি ?

আপনি আমি গড়েছিলেম বহু যতন মানি। ভেবেছিলেম আমার প্রতাপ করবে জগং গ্রাস, আমি রব একলা স্বাধীন
স্বাই হবে দাস।
তাই গড়েছি রজনীদিন
লোহার শিকলগানা—
কত আগুন কত আঘাত
নাইকো তার ঠিকানা।
গড়া যগন শেষ হয়েছে
কঠিন স্কঠোর,
দেশি আমায় বন্দী করে
আমারি এই ভোর।

১ বৈশাধ ১৩১৩ বোলপুর

## পথিক

পৰিক, ওগো পৰিক, যাবে তৃমি

এখন এ যে গভাঁৱ ঘোর নিশা।

নদাঁর পাবে তমাল-বনভূমি

গহন ঘন অন্ধকারে মিশা।

মোদের ঘরে হয়েছে দীপ জালা,

বাঁশির ধ্বনি হৃদয়ে এসে লাগে,

নবীন আছে এখনো ফুলমালা,

তরুণ আঁখি এখনো দেখো জাগে।

বিদায়-বেলা এখনি কিগো হবে,
পৰিক, ওগো পৰিক, যাবে তবে ?

ভোমারে মোরা বাঁধি নি কোনো ভোরে
কথিয়া মোরা রাখি নি তব পথ,
ভোমার ঘোড়া রয়েছে সাজ্ব প'রে
বাহিরে দেখো দাঁড়ায়ে তব রথ।

বিদায়-পথে দিয়েছি বটে বাধা,
কেবল শুধু করুণ কলগীতে।
চেয়েছি বটে রাখিতে হেথা বাঁধা
কেবল শুধু চোখের চাহনিতে।
পথিক ওগো মোদের নাহি বল,
রয়েছে শুধু আকুল আঁথিজল!

নয়নে তব কিসের এই মানি,
রক্তে তব কিসের তরলতা।
আঁধার হতে এসেছে নাহি জানি
তোমার প্রাণে কাহার কী বারতা।
সপ্তশ্ববি গগনসীমা হতে
কখন কী যে মন্ত্র দিল পড়ি,—
তিমির রাতি শব্দহীন স্লোতে
স্বন্ধরে তব আসিল অবতরি।
বচনহারা অচেনা অন্ত্র
তোমার কাছে পাঠাল কোন্ দৃত ?

এ মেলা যদি না লাগে তব ভালো,
শান্তি যদি না মানে তব প্রাণ,
সভার তবে নিবায়ে দিব আলো,
বাঁশির তবে ধামায়ে দিব ভান।
তব্ব মোরা আঁধারে রব বসি,
ঝিল্লিরব উঠিবে ক্রেগে বনে,
কৃষ্ণরাতে প্রাচীন ক্ষীণ শানী
চক্ষে তব চাহিবে বাতায়নে।
প্রশান্ত ব্যক্তন এ অধীরতা ? ১

৮ বৈশাপ ১৩১৩ বোলপুর

#### মিলন

আমি কেমন করিয়া জানাব আমার জুড়াল হদয় জুড়াল—আমার জুড়াল হদয় প্রভাতে। আমি কেমন করিয়া জানাব, আমার

আমি কেমন করিয়া জানাব, আমার
পরান কী নিধি কুড়াল—ভূবিয়া
নিবিভ নীরব শোভাতে :

আজ গিয়েছি সবার মাঝারে, সেপায়
দেগেছি একেলা আলোকে—দেপেছি
আমার স্কন্য-রাজারে।

আমি ত্-একটি কপা কয়েছি তা-সনে
সে নাঁরব সভামাঝণরে—দেপেছি
চিরজনমের রাজারে।

ওগো সে কি মোরে গুধু দেপেছিল চেয়ে

অপবা জুড়াল পরশে—তাহার

কমল করের পরশে—

আমি সে-কঞ্ম সকলি গিয়েছি যে ভূলে ভলেছি পরম হরণে।

আমি জানি না কী হল, ভধু এই জানি
চোপে মোর সুধ মাধাল—কে যেন
স্থপ-অঞ্জন মাধাল,—

় কার আঁপিভরা হাসি উঠিল প্রকাশি যেদিকেই আঁপি তাকাল।

আজ মনে হল কারে পেয়েছি—কারে যে
পেয়েছি সে-কণা জানি না।
আজ কী লাগি উঠিছে কাঁপিয়া কাঁপিয়া
সারা আকাশের আঙিনা—কিসে যে

পুরেছে শৃত্ত জানি না।

এই বাতাস আমারে হৃদয়ে সমেছে,
আলোক আমার তমুতে—কেমনে
মিলে গেছে মোর তমুতে;—
তাই এ গগনভরা প্রভাত পশিল
আমার অণুতে অণুতে।

আজ ত্রিভ্বন-জোড়া কাহার বক্ষে
দেহমন মোর ফুরাল,— যেন রে
নিঃশেষে আজি ফুরাল,—
আজ যেখানে যা হেরি সকলেরি মাঝে
জুড়াল জীবন জুড়াল— আমার
আদি ও অস্ত জুড়াল।

২৩ মাদ সোমবার ১৩১২ শিলাইদহ। পদ্মা

### বিচ্ছেদ

তোমার বীণার সাথে আমি
স্থর দিয়ে যে যাব
তারে তারে থুঁজে বেড়াই
সে-স্থর কোণায় পাব।

যেমন সহজ ভোরের জাগা, স্রোতের আনাগোনা, যেমন সহজ পাতায় শিশির, মেধের মৃথে সোনা, যেমন সহজ জ্যোৎসাগানি নদীর বালু-পাড়ে, গভীর রাতে বৃষ্টিধারা আষাঢ়-জন্ধকারে,— পুঁজে মরি তেমনি সহজ,
তেমনি ভরপুর,
তেমনিতরো অর্থ-ছোটা
আপনি-কোটা কুর;
তেমনিতরো নিতা নবান,
অফুরস্ক প্রাণ,
বহুকালের পুরানো সেই
স্বার জানা গান।

আমার যে এই নৃত্র গড়া নৃতন-বাধা তার নৃতন স্থারে করতে সে যায় সৃষ্টি আপনার। মেশে না তাই চারিদিকের সহজ স্মীরণে, মেলে না তাই আকাশ-ভোবা ন্তৰ আলোর সনে। জীবন আমার কালে যে তাই मध्य भरम भरम. যত চেষ্টা করি কেবল চেষ্টা বেড়ে চলে। ঘটিয়ে ভূলি কত কাঁ যে বুঝি না এক ডিল, তোমার সঙ্গে অনায়াসে হয় না স্থারের মিল।

২৪ মাঘ ১৩১২ শিলাইদহ। পদ্মা

### বিকাশ

বুকের বসন ছি ড়ে ফেলে আজ দাড়িয়েছে এই প্রভাতগানি, আকাশেতে সোনার আলোয় ছড়িয়ে গেল তাহার বাণী। কুঁড়ির মতো কেটে গিয়ে ফুলের মতো উঠল কেঁদে, স্বধাকোষের স্কগন্ধ তার পারলে না আর রাখতে বেঁধে। ওরে মন, খুলে দে মন, যা আছে তোর খুলে দে। অন্তরে যা ডুবে আছে আলোকপানে তুলে দে। আনন্দে সব বাধা টুটে সবার সাথে ওঠ রে ফুটে, চোথের 'পরে আলসভরে রাশিস নে আর আঁচল টানি। বুকের বসন ছিঁড়ে ফেলে আজ मां जिराया ह । यह अला जभानि।

২৪ মাঘ ১৩১২ শিলাইদহ। পদা

### সীমা

সেটুকু তোর অনেক আছে

যেটুকু তোর আছে থাটি।

তার চেয়ে লোভ করিস যদি

সকলি তোর হবে মাটি।

একানে তোর একতারাতে

একটি যে তার সেইটে বাজা,
ফুলবনে তোর একটি কুসুম

তাই নিয়ে তোর ভালি সাজা।
যেপানে তোর বেড়া, সেধায়
আনন্দে তুই ধামিস এসে,
যে কড়ি তোর প্রাকুর দেওরা
সেই কড়ি তুই নিস রে হেসে।
লোকের কথা নিস নে কানে,
ফিরিস নে আর হাজার টানে
যেন রে তোর হৃদয় জানে
হৃদয়ে তোর আছেন রাজা,—
একভারাতে একটি যে তার
আপন মনে সেইটি বাজা।

२१ भाष ১৩১२ निलाहेक्ट्रा श्रमा

#### ভার

তুমি যত ভার দিয়েছ, সে ভার
করিয়া দিয়েছ সোজা,
আমি যত ভার জমিয়ে তুলেছি
সকলি হয়েছে বোঝা।
এ বোঝা আমার নামাও, বন্ধু,
নামাও।
ভারের বেগেতে চলেছি, আমার
এ যাত্রা তুমি ধামাও!

যে তোমার ভার বহে, কভু তার সে ভারে ঢাকে না আঁখি, পথে বাহিরিলে জগং তারে তো দেয় না কিছুই ফাঁকি। অবারিত আলো ধরে আসি তার হাতে, বনে পাথি গায় নদীধারা ধায়, চলে সে সবার সাথে।

তুমি কাজ দিলে কাজেরি সঙ্গে
দাও যে অসীম ছুটি,
তোমার আদেশ আবরণ হয়ে
আকাশ লয় না লুটি।
বাসনায় মোরা বিশ্বজ্ঞগং
ঢাকি,
তোমা পানে চেয়ে যত করি ভোগ
তত আরো পাকে বাকি।

আপনি যে তুপ ভেকে আনি, সে যে জ্ঞালায় বজ্ঞানলে, অঙ্গার করে রেপে যায়, সেপ! কোনো ফল নাহি ফলে। তুমি যাহা দাও সে যে তুংপের দান, শ্রাবণদারায় বেদনার রসে

যেপানে যা-কিছু পেয়েছি, কেবলি
সকলি করেছি জমা,—
যে দেপে সে আজ মাগে যে হিসাব,
কেহ নাহি করে ক্ষমা।

এ বোঝা আমার নামাও, বন্ধু, নামাও। ভাবের বেগেন্ডে ঠেলিয়া চলেচে এ যাত্রা মোর পামাও।

২৫ মাঘ [ ১৩১২ ] পদ্মা

#### টিক।

আজ পুরবে প্রথম নয়ন মেলিতে

হেরিক্ত অরুণ শিপা,—হেরিক্ত

কমলবরন শিপা,

তপনি হাসিয়া প্রভাত-তপন

দিলেন আমারে টিকা—আমার

হদয়ে জ্যোতির টিকা।

কে যেন আমার নয়ন-নিমেষে

রাগিল পরশমণি,

যেদিকে তাকাই সোনা করে দেয়

দৃষ্টির পরশনি।

অন্তর হতে বাহিরে সকলি

আলোকে হইল মিশা,

নয়ন আমার হদয় আমার

কোপাও না পায় দিশা।

আজ যেমনি নয়ন তুলিয়া চাহিছ কমলবরন শিধা—আমার অস্থবে দিল টিকা। ভাবিয়াছি মনে দিব না মূছিতে এ পরশ রেখা দিব না ঘূচিতে, সন্ধ্যার পানে নিয়ে যাব বহি নবপ্রভাতের লিখা উদয়-রবির টিকা।

২৬ মাঘ [ ১৩১২ ] পদ্মা

# বৈশাথে

তপ্ত হাওয়া দিয়েছে আজ

আমলা গাছের কচি পাতায়
কোপা থেকে ক্ষণে ক্ষণে

নিমের ফুলে গক্ষে মাতায়।
কেউ কোপা নেই মাঠের 'পরে,
কেউ কোপা নেই শৃত্য ঘরে
আজ ত্পরে আকাশতলে

রিমিঝিমি নৃপুর বাজে।
বারে বারে ঘুরে ঘুরে
মোমাছিদের শুল্প স্বরে
কার চরণের নৃত্য যেন

ক্ষিরে আমার বৃক্তর মাঝে,
রক্তে আমার তালে তালে

রিমিঝিমি নৃপুর বাজে।

ঘন মহল-শাধার মতো
নিখাসিয়া উঠিছে প্রাণ ;
গায়ে আমার লেগেছে কার
এলোচুলের স্বদুর দ্রাণ ।

আজি রোদের প্রথর তাপে
বাধের জলে আলো কাঁপে,
বাতাস বাজে মর্মরিয়া

সারি-বাঁধা তালের বনে।
আমার মনের মরীচিকা
আকাশপারে পড়ল লিগা,
লক্ষ্যবিহীন দূরের 'পরে
চেয়ে আছি আপন মনে।
অলস ধেয় চরে বেড়ায়
সারি-বাঁধা তালের বনে।

আজিকার এই তপ্ত দিনে
কাটল বেলা এমনি করে।
গ্রামের ধারে ঘাটের পথে
এল গভীর ছায়া পড়ে।
সন্ধ্যা এখন পড়ছে হেলে
শালবনেতে আঁচল মেলে,
আঁধার-ঢালা দিঘির ঘাটে
হয়েছে শেষ-কলস ভরা।
মনের কথা কুড়িয়ে নিয়ে
ভাবি মাঠের মধ্যে গিয়ে—
সারা দিনের অকাজে আজ
কেউ কি মোরে দেয় নি ধরা?
আমার কি মন শ্রু, যখন
হল বধুর কলস-ভরা?

৭ বৈশাস ১৩১৩

### বিদায়

বিদায় দেহ ক্ষম আমায় ভাই।
কাজের পথে আমি তো আর নাই।
এগিয়ে সবে যাও না দলে দলে,
জয়মালা লও না তুলি গলে,
আমি এখন বনচ্চায়াতলে
অলক্ষিতে পিছিয়ে যেতে চাই,
তোমরা মোরে ভাক দিয়ো না ভাই।

অনেক দ্রে এলেম সাথে সাথে,
চলেছিলেম সবাই হাতে হাতে।
এইখানেতে হটি পথের মোড়ে
হিয়া আমার উঠল কেমন করে
জানি নে কোন্ ফুলের গন্ধ ঘোরে
স্পষ্টিছাড়া ব্যাক্ল বেদনাতে।
আর তো চলা হয় না সাথে সাথে।

তোমরা আজি ছুটেছ যার পাছে।
দে-সব মিছে হয়েছে মোর কাছে।
রত্ন থোজা, রাজ্য তাঙা-গড়া,
মতের লাগি দেশবিদেশে লড়া,
আলবালে জল সেচন করা
উচ্চশাখা স্বর্ণচাপার গাছে।
পারি নে আর চলতে সবার পাছে।

আকাশ ছেয়ে মন-ভোলানো হাসি আমার প্রাণে বাজাল আজ বাঁশি। লাগল আলস পথে চলার মাঝে, হঠাং বাধা পড়ল সকল কাজে. একটি কথা পরান ফুড়ে বাঞ্চে "ভালোবাসি, হায় রে ভালোবাসি।" সবার বড়ো হৃদয়-হরা হাসি।

ভোমরা তবে বিদায় দেহ মোরে,

অকাঞ্চ আমি নিয়েছি সাধ করে।

মেষের পথের পণিক আমি আঞ্জি,

হাওয়ার মূপে চলে যেতেই রাঞ্জি,

অকুল-ভাসা তরার আমি মাঝি

বেড়াই ঘূরে অকারণের লোরে।
ভোমরা সবে বিদায় দেহ মোরে।

১৭ চৈত্র ১৩১২ বোলপুর

#### পথের শেষ

পথের নেশা আমায় লেগেছিল,
পপ আমারে দিয়েছিল ভাক।
স্য তথন প্র-গগনমূলে,
নৌকা তথন বাধা নদীর কুলে,
শিশির তথন শুকায় নিকো ফুলে,
শিবালয়ে উঠল বেজে শাঁথ,
পথের নেশা তথন লেগেছিল,
পথ আমারে দিয়েছিল ভাক।

আঁকাবাকা রাডা মাটির লেখা

যরছাড়া ওই নানা দেশের পথ—
প্রভাতকালে অপার পানে চেয়ে
কী মোহগান উঠতেছিল গেয়ে,
উদার সুরে ফেলতেছিল ছেয়ে

বস্তুদ্রের অরণা-প্রবত্ত,

নানা দিনের নানা পথিক-চলা ঘরছাড়া ওই নানা দেশের পথ।

ভাবি নাইকো কেন কিসের লাগি
ছুটে চলে এলেম পথের 'পরে।
নিত্য কেবল এগিয়ে চলার স্থপ,
বাহির হওয়ার অনস্ত কৌতুক,
প্রতি পদেই অস্তর উংস্কক
অঞ্জানা কোন্ নিরুদ্দেশের তরে,
ভোরের বেলা হুয়ার খুলে দিয়ে
বাহির হয়ে এলেম পথের 'পরে।

বেলা এপন অনেক হয়ে গেছে,
পেরিয়ে ঢলে এলেম বহুদ্র।
ভেবেছিলেম পথের বাঁকে বাঁকে
নব নব ভাগ্য আমায় ভাকে,
হঠাং যেন দেখতে পাব কাকে,
ভনতে যেন পাব নৃতন স্কর।
তার পরে তো অনেক বেলা হল
পেরিয়ে চলে এলেম বহুদ্র।

অনেক দেখে রাস্ত এখন প্রাণ,
ছেড়েছি সব অকস্মাতের আশা।
এখন কেবল একটি পেলেই বাঁচি,
এসেছি তাই ঘাটের কাছাকাছি,
এখন শুধু আকুল মনে যাচি
তোমার পারে পেয়ার তরী ভাসা।
জেনেছি আজ চলেছি কার লাগি,
ছেড়েছি সব অকস্মাতের আশা।

১৪ চৈত্র [ ১৩১২ ] বোলপুর

## নীড় ও আকাশ

নীড়ে বদে গেয়েছিলেম আলোছায়ার বিচিত্র গান। সেই গানেতে মিশেছিল বনভূমির চঞ্চল প্রাণ। তুপুরবেলার গভীর ক্লান্তি, রাত্রিবেলার নিবিড় শান্তি, প্রভাতকালের বিজয়যাত্রা, মলিন মৌন সন্থাবেলার. পাতার কাপা, ফুলের কোটা, আবণ রাতে জলের ফোটা, উপুশুস প্ৰাটুকুন কোটবমাঝে কাটের গেলার, কত আভাস আসা-যাওয়ার, यद्रयदानि इठीः श्रूष्याद, বেণুবনের ব্যাকুল বার্ডা নিশ্বসিত জ্যোৎসারাতে, ঘাসের পাতার মাটির গন্ধ. কত ঋতুর কত ছন্দ, স্থরে স্থরে জড়িয়ে ছিল, নীডে গাওয়া গানের সাথে।

আজ কি আমায় গাইতে হবে
নীল আকাশের নির্জন গান ?
নীড়ের বাঁধন ভূলে গিয়ে
ছড়িয়ে দেব মৃক্ত পরান ?
গন্ধবিহীন বায়্তবে,
শক্ষবিহীন শৃশু'পরে,

ছায়াবিহীন জ্যোতির মাঝে,
সঙ্গিবিহীন নির্মমতায়
মিশে যাব অবাধ স্কুখে,
উড়ে যাব উর্ধমুখে,
গেয়ে যাব পূর্বস্থরে
অর্থবিহীন কলকথায় ?
আপন মনের পাই নে দিশা,
ভূলি শন্ধা, হারাই ত্যা,
যখন করি বাধনহারা
এই আনন্দ-অমূতপান।
তব্ নীড়েই ফিরে আসি,
এমনি কাদি এমনি হাসি
তব্ও এই ভালোবাসি
আলোছায়ার বিচিত্র গান।

১২ চৈত্র [ ১৩১২ ] বোলপুর

## **সমুদ্রে**

সকালবেলায় ঘাটে যেদিন
ভাসিয়ে দিলেম নোকোগানি
কোপায় আমার ফেতে হবে
দে-কথা কি কিছুই জানি ?
ভগু শিকল দিলেম খুলে,
ভগু নিশান দিলেম ভূলে,
টানি নি দাঁড়, ধরি নি হাল,
ভেসে গেলেম শ্রোভের মুখে;
তীরে ভরুর ভালে ভালে
ভাকল পাশি প্রভাত কালে,

তীরে তরুর ছায়ায় রাধান বাজায় বাঁশি মনের স্কুপে।

তথন আমি ভাবি নাইকো

স্থ যাবে অন্তাচলে,
নদীর স্রোতে ভেসে ভেসে

পড়ব এসে সাগর-জলে;
ঘাটে ঘাটে তাঁরে তাঁরে

যে-তরী ধার ধারে ধারে,
বাইতে হবে নিয়ে তারে

নীল পাধারে একলা প্রানে।
তারাগুলি আকাশ ছেয়ে

মুখে আমার রৈল চেয়ে,
সিন্ধু-শকুন উড়ে গেল

কুলে আপন কুলায় পানে।

হলুক তরী তেউয়ের 'পরে
থরে আমার জ্বাগ্রত প্রাণ।
গাও রে আজি নিশিপরাতে
অকুল-পাড়ির আনন্দগান।
যাক না মৃছে তটের রেপা,
নাই বা কিছু গেল দেপা
অতল বারি দিক না সাড়া
বাধনহারা হাওয়ার ভাকে।
দোসর-ছাড়া একার দেশে
একেবারে এক নিমেবে,
লও রে বৃকে তু-হাত মেলি
অস্তবিহান অজ্বানাকে।

### দিনশেষ

ভাঙা অতিধশালা।
ফাটা ভিতে অশধ-বটে
মেলেছে ডালপালা।
প্রথব রোদে তপ্ত পথে
কেটেছে দিন কোনোমতে,
মনে ছিল সন্ধ্যাবেলায়
মিলবে হেথা ঠাই;
মাঠের 'পরে আধার নামে,
হাটের লোকে ফিরল গ্রামে,
হেধায় এসে চেয়ে দেখি
নাই যে কেহ নাই।

কত কালে কত লোকে
কত দিনের শেষে
ধ্যেছিল পথের ধূলা
এইপানেতে এসে।
বসেছিল জ্যোৎসারাতে
সিশ্ব নীতল আভিনাতে,
কয়েছিল স্বাই মিলে
নানাদেনের কথা।
প্রভাত হলে পাধির গানে
জ্বেছিল ফুলের ভারে
প্রের তক্ষ্রতা।

আমি যেদিন এলেম, সেদিন
দীপ জলে না ঘরে।
বছদিনের শিপার কালি
আঁকা ভিতের পৈরে।

ভেজনা দিবির পাড়ে জোনাক কিরে ঝোপে ঝাড়ে, ভাঙা পথে বাঁশের শাধা
কলে ভয়ের ছায়া।
আমার দিনের যাত্রাশেষে
কার অতিথি হলেম এসে ?
হায় রে বিজন দীর্ঘ রাত্রি,

৮ বৈশাপ ১৩১৩

### সমাপ্তি

বন্ধ হয়ে এল স্রোতের ধারা,
শৈবালেতে আটক প'ল ভরী;
নৌকা-বাওয়া এবার করো সারা,
নাই রে হাওয়া, পাল নিয়ে কী করি।
এগন তবে চলো নদীর তটে,
গোধূলিতে আকাশ হল রাঙা,
পশ্চিমেতে আঁকা আগুন-পটে
বাবলাবনে ঐ দেখা যায় ভাঙা।
ভেসো না আর, যেয়ো না আর ভেসে,
চলো এখন, যাবে যে দূরদেশে।

এখন তোমায় তারার ক্ষীণালোকে
চলতে হবে মাঠের পথে একা,
গিরিকানন পড়বে কি আর চোখে,
কুটিরগুলি যাবে কি আর দেখা ?
পিছন হতে দখিন-সমীরণে
ফুলের গন্ধ আসবে আঁধার বেয়ে

অসময়ে হঠাং ক্ষণে ক্ষণে
আবেশেতে দিবে হাদয় ছেয়ে।
চলো এবার ক'রো না আর দেরি—
মেধের আভাস আকাশকোণে হেরি।

হাটের সাথে ঘাটের সাথে আজি
ব্যবসা তোর বন্ধ হয়ে গেল।
এপন ঘরে আয় রে ফিরে মাঝি,
আভিনাতে আসনগানি মেলো।
ভূলে যা রে দিনের আনাগোনা
জ্ঞালতে হবে সারারাতের আলো,
শ্রীস্ত ওরে, রেপে দে জাল-বোনা,
ভূটিয়ে ফেলো সকল মন্দভালো।
ফিরিয়ে আনো ছড়িয়ে-পড়া মন,
সকল হ'ক রে সকল স্মাপন।

১০ বৈশাখ ১৩১৩ বোলপুর

## কোকিল

আজ বিকালে কোকিল ডাকে,
শুনে মনে লাগে
বাংলাদেশে ছিলেম যেন
তিন-শ বছর আগে।
সে দিনের সে শ্লিগ্ধ গভীর
গ্রামপথের মায়া
আমার চোথে কেলেছে আজ
অক্ষজনের ছায়া।

পদ্ধীগানি প্রাণে ভরা,
গোলায় ভরা ধান,
ঘাটে শুনি নারীর কঠে
হাসির কলতান।
সন্ধ্যাবেলায় ছাদের 'পরে
দ্বিন হাওয়া বহে,
তারার আলোয় কারা ব'সে
প্রাণ-কথা কহে।

ফুলবাগানের বেড়া হতে
হেনার গন্ধ ভাসে,
কদমশাপার আড়াল পেকে
চাঁদটি উঠে আসে।
বধ্ তপন বিনিয়ে থোপা
চোগে কাজল আঁকে,
মাঝে মাঝে বকুলবনে
কোকিল কোপা ভাকে।

তিন-শ বছর কোধায় গেল,
ত্র বৃত্তি নাকে।
আজো কেন ওরে কোকিল
তেমনি স্টরেই ভাক।
ঘাটের সিঁড়ি ভেঙে গেছে
কেটেছে সেই ছাদ,
রূপকথা আজ কাহার মূখে
ভাবে দাঁঝের চাঁদ ?

শহর থেকে ঘণ্টা বাজে,
সময় নাই রে হায়—
ঘর্যরিয়া চলেছি আজ
কিসের বার্ধতায় !

আর কি বধ্, গাঁথ মালা,
চোথে কাজল আঁক ?
পুরানো সেই দিনের স্থরে
কোকিল কেন ডাক ?

২৯ বৈশাধ [১৩১৩] বোলপুর

### দিঘি

জুড়াল রে দিনের দাং, ফুরাল সব কাঞ্জ,
কাটল সারা দিন।
সামনে আসে বাকাহারা স্বপ্পভরা রাত
সকল কর্মহীন।
তারি মাঝে দিঘির জলে যাবার বেলাটুকু,
এইটুকু সমন্ত্র,
সেই গোধ্লি এল এপন, সুর্য ডুবুডুবু,
ঘরে কি মন রয় গু

কুলে কুলে পূর্ণ নিটোল গভীর খন কালো
নীতল জলরানি,
নিবিড় হয়ে নেমেছে তায় তীরের তরু হতে
সকল ছায়া আসি।
দিনের নোবে নোব আলোটি পড়েছে ওই পারে
জলের কিনারার,
পাবে চলতে বধ্ যেমন নয়ন রাঙা ক'রে
বাপের ঘরে চায়।

শেওলা-পিছল পৈঠা বেয়ে নামি জলের তলে একটি একটি করে.

ভূবে থাবার স্থাপে আমার ঘটের মতো যেন
অঙ্গ উঠে ভরে।
ভেসে গোলেম আপন মনে ভেসে গোলেম পারে,
ফিরে এলেম ভেসে,
গাঁতার দিয়ে চলে গোলেম, চলে এলেম যেন
সকল-হারা দেশে।

ওগো বোবা, ওগো কালো, শুক্ক স্থগন্তীর গভীর ভয়ংকর, ভূমি নিবিড় নিশাপ রাত্রি বন্দী হয়ে আছ, মাটির পিঞ্জর। পাশে ভোমার ধুলার ধরা কাজের রঙ্গভূমি, প্রাণের নিকেতন, হঠাং ধেমে ভোমার 'পরে নত হয়ে প'ড়ে দেপিছে দর্পণ।

ভারের কর্ম সেরে আমি গায়ের ধুলো নিয়ে
নামি ভোমার মাঝে;
এ কোন্ অক্ষভরা গাঁতি ছলছলিয়ে উঠে
কানের কাছে বাজে ?
ছায়া-নিটোল দিয়ে ঢাকা মরণভরা তব
ব্কের আলিঙ্গন
আমায় নিল কেড়ে নিল সকল বাধা হতে
কাডিল মোর মন।

নিউলিশাথে কোকিল ডাকে করণ কাকলিতে ক্লাস্ত আশার ডাক। মান ধ্দর আকাশ দিয়ে দূরে কোথায় নীড়ে উড়ে গেল কাক। মর্মবিরা মর্মবিরা বাতাস গেল মরে
বেগুবনের তলে,
আকাশ যেন ঘনিয়ে এল ঘুমঘোরের মতো
দিখির কালো জলে।

সন্ধাবেলার প্রথম তারা উঠল গাছের আড়ে,
বাজল দূরে শাঁধ।
রক্ষবিহীন অন্ধকারে পাধার শব্দ মেলে
গেল বকের ঝাঁক।
পথে কেবল জোনাক জলে নাইকো কোনো আলো
এলেম যবে ফিরে।
দিন ফুরাল রাত্রি এল, কাটল মাঝের বেলা
দিঘির কালো নীরে।

২৭ বৈশাধ ১৩১৩ শান্তিনিকেতন

#### ঝড়

আকাশ ভেঙে বৃষ্টি পড়ে

বড় এল বে আজ,

মেঘের ডাকে ডাক মিলিয়ে

বাজু বে মুদঙ বাজু।

আজকে তোরা কী গাবি গান,

কোন্ রাগিণীর স্থরে ?

কালো আকাশ নীল ছায়াতে

দিল যে বৃক পুরে।

বৃষ্টিধারায় ঝাপসা মাঠে ডাকছে ধেমুদল, তালের তলে শিউরে ওঠে
বাঁধের কালো জ্বল।
প'ড়ো বাড়ির ভাঙা ভিতে
ওঠে হাওয়ার হাঁক,
শৃক্ষপেতের ওপার যেন
এপারকে দেয় ডাক।

আমাকে আজ কে খুঁজেছে
পথের থেকে চেয়ে ?
জলের বিন্দু পড়ছে রে তার
অলক বেয়ে বেয়ে।
মলারেতে মীড় মিলায়ে
বাজে আমার প্রাণ,
চুয়ার হতে কে ফিরেছে
না গেয়ে তার গান ?

আয় গো ভোরা ধরেতে আয়,
ব'স্ গো ভোরা কাছে।
আন্ধ যে আমার সমন্ত মন
আসন মেলে আছে।
জলে স্থলে শৃত্যে হাওয়ায়
ছুটেছে আন্ধ কাঁ ও?
ঝড়ের 'পরে পরান আমার
উড়ায় উত্তরীয়।

আসবি তোৱা কারা কারা
বৃষ্টিধারার স্রোতে
কোন্ সে পাগল পারাবারের
কোন্ পরপার হতে ?
আসবি তোৱা ভিজে বনের
কারা নিয়ে সাথে,

আসবি তোরা গ**ন্ধরাজের** গাঁপন নিয়ে হাতে।

ওরে আজি বহুদ্বের
বহুদিনের পানে
পাজর টুটে বেদনা মোর
ছুটেছে কোন্ধানে?
ফুরিয়ে যাওয়ার ছায়াবনে,
ভুলে যাওয়ার দেশে
সকল গড়া সকল ভাঙা
সকল গানের শেষে।

কাজল মেঘে ঘনিয়ে ওঠে
সকল ব্যাকুলতা
এলোমেলো হাওয়ায় ওড়ে
এলোমেলো কথা।
ছলছে দূরে বনের শাথা,
বৃষ্টি পড়ে বেগে,
মেঘের ডাকে কোন্ অশাস্থ
উঠিস জেগে জেগে?

১৮ জৈচি ১৩১৩ কলিকাতা

## প্রতীকা

আমি এখন সময় করেছি—
তোমার এবার সময় কখন হবে ?

সীঝের প্রদীপ সাঞ্জিয়ে ধরেছি—

শিখা তাহার জালিয়ে দেবে কবে ?

নামিয়ে দিয়ে এসেছি সব বোঝা,
তথ্যী আমার বেঁধে এলেম ঘাটে,—
পথে পথে ছেড়েছি সব থোজা,
কেনাবেচা নানান হাটে হাটে।

সন্ধাবেলায় যে মন্ত্রিক। ফুটে
গন্ধ তারি কুঞ্চে উঠে জাগি,
ভরেছি জুঁই পদ্মপাতার পুটে
তোমার করপদ্মদলের লাগি।
রেপেছি আন্ধ শান্ত শীতল ক'রে
অঙ্গন মোর চন্দন-সোরভে!
সেরেছি কাজ সারাটা দিন ধরে
তোমার এবার সময় কপন হবে।

আজিকে চাঁদ উঠবে প্রথম রাতে
নদীর পারে নারিকেলের বনে,
দেবালয়ের বিজন আভিনাতে
পড়বে আলো গাছের ছায়া সনে।
দবিন হাওয়া উঠবে হঠাং বেগে
আসবে জোয়ার সঙ্গে তারি ছুটে;
বাঁধা তরী চেউয়ের দোলা লেগে
ঘাটের 'পরে মরবে মাণা কুটে।

জোয়ার যথন মিলিয়ে যাবে কুলে,
থমপমিয়ে আসবে যথন জ্বল,
বাতাস যথন পড়বে চুলে চুলে,—
চক্ত যথন নামবে অন্তাচল,—

শিপিল তম্থ তোমার ছোঁওয়া ঘূমে
চরণতলে পড়বে লুটে তবে।
বসে আছি শয়ন পাতি ভূমে
তোমার এবার সময় হবে কবে ?

১৭ বৈশাধ [১৩১৩] কলিকাতা

#### গান শোনা

আমার এ গান ওনবে তুমি যদি শোনাই কখন বলো ? ভরা চোখের মতো যখন নদী করবে ছল ছল, ঘনিয়ে যখন আসবে মেঘের ভার বছকালের পরে, না ষেতে দিন সজল অম্বকার নামবে তোমার ঘরে; যখন তোমার কাজ কিছু নেই হাতে, তবুও বেলা আছে, সাধি তোমার আসত যারা রাতে আসে নি কেউ কাছে : তথন আমায় মনে পড়ে যদি, গাইতে यमि वन,--নবমেষের ছারায় যধন নদী করবে ছল ছল।

মান আলোয় দবিন বাতায়নে বসবে তুমি একা— আমি গাব বসে ঘরের কোণে যাবে না মুখ দেখা। ফুরাবে দিন আঁধার ঘন হবে,
বৃষ্টি হবে শুক্ত,
উঠবে বেজে মৃত্গভীর রবে
্মেঘের গুরু গুরু ।
ভিজে পাতার গছ আসবে ঘরে,
ভিজে মাটির বাস,
মিলিয়ে ঘাবে বৃষ্টির ঝর্মরে
বনের নিশাস ।
বাদল-সাঁঝে আঁধার বাতায়নে
বসবে তুমি একা,
আমি গেয়ে যাব আপন মনে
যাবে না মুধ দেখা।

জলের ধারা ঝরবে দ্বিগুণ বেগে. বাড়বে অম্বকার, নদীর ধারে বনের সঞ্চে মেঘে ভেদ ববে না আর: কাসরঘণ্টা দূরে দেউল হতে জলের শব্দে মিশে আঁধার পথে ঝ'ড়ো হাওয়ার স্রোতে क्षित्रद्य मित्न मित्न। শিরীয় ফুলের গন্ধ থেকে থেকে আসবে জলের ছাঁটে, উচ্চরবে পাইক যাবে হেঁকে গ্রামের শৃষ্ঠ বাটে। জ্ঞলের ধারা ঝরবে বাঁশের বনে, বাড়বে অন্ধকার, গানের সাথে বাদলা রাতের সনে ভেদ রবে না আর।

ও-ঘর হতে যবে প্রদীপ জেলে আনবে আচম্বিত, সেতারখানি মাটির 'পরে ফেলে থামাব মোর গীত। र्शाः यमि मूथ कितिया जत চাহ আমার পানে এক নিমিষে হয়তো বুঝে লবে কী আছে মোর গানে। নামায়ে মুখ নয়ন করে নিচু বাহির হয়ে যাব একলা ঘরে যদি কোনো কিছু আপন মনে ভাব। থামায়ে গান আমি চলে গেলে, যদি আচম্বিত বাদল-রাতে আধারে চোপ মেলে শোন আমার গাঁত।

১২ জ্যৈষ্ঠ ১৩১৩ বোলপুর

#### জাগরণ

শব্দ কোণাও শুনতে কি পাস
মাঠে তেপাস্থরে ?
মাটি কোণাও উঠছে কেঁপে
ঘোড়ার পদভরে ?
কোণাও ধুলো উড়ছে কি রে
কোনো অকাশকোণে ?
আগুনশিশা যায় কি দেশা
দুরের আম্রবনে ?

সন্ধাবেল। তুই কি কারো
লিপন পেয়েছিলি ?
বৃকের কাছে লুকিয়ে রেপে
শান্তি হারাইলি ?
নাচে রে ভাই রক্ত নাচে
সকল দেহমাঝে,
বাব্দে রে ভাই কী কথা তোর
পাক্তর কুড়ে বাব্দে।

আজিকে এই গণ্ড চাঁদের ক্ষীণ আলোকের 'পরে ব্যাকৃল হয়ে অশান্ত প্রাণ-আঘাত করে মরে। কী লুকিয়ে আছে ওরে, কী রেখেছে ঢেকে, কিসের কাঁপন কিসের আভাস পাই যে থেকে থেকে ?

ওরে কোধাও নাই রে হাওয়া,
ত্তর বাঁদের শাখা :
বালুতটের পাশে নদী
কালির বর্ণে আঁকা ।
বনের 'পরে চেপে আছে
কাহার অভিশাপ,--ধরণীতল মূর্ছা গৈছে
লয়ে আপন তাপ।

ওরে হেধার আনন্দ নেই
পুরানো তোর বাড়ি।
ভাঙা হুয়ার বাত্ডুকে ওই
দিয়েছে পথ ছাড়ি।
সন্ধ্যা হতে ঘুমিয়ে পড়ে
যে যেধা পায় স্থান।
জাগে না কেউ বাণা হাতে,
গাহে না কেউ গান।

হেপা কি ভোর ছ্যারে কেউ
পৌছোরে আজ রাতে ?
এক হাতে তার ধ্বজা তুলে
আলো আরেক হাতে।
হঠাং কিসের চঞ্চলতা
ছুটে আসবে বেগে,
গ্রামের পথে পাশিরা সব

উঠবে মুদঙ বেজে নেজে
গজি গুরু গুরু
'অকে হঠাৎ দেবে কাঁটা,
বক্ষ ত্রু ত্রু ।
'প্রে নিজাবিহান আঁগি,
প্রের শান্তিহারা,
আঁধার পরে চেয়ে চেয়ে
কার পেয়েছিস সাড়া ?

১৭ জৈচি ১৩১৩ বোলপুর

### হারাধন

বিধি যেদিন ক্ষাস্থ দিলেন
পৃষ্টি করার কাজে
সকল ভারা উঠল ফুটে
নাল আকাশের মাঝে:
নবান স্বন্টী সামনে রেপে
স্বরসভার ভলে
ছায়াপপে দেবভা স্বাই
বংসন দলে দলে।
গাহেন ভারা, "কা আনন্দ।
এ কা পূর্ব ছবি।
এ কা মহ, এ কা ছন্দ্য

হেনকালে সভায় কে গো
হঠাং বলি উঠে—

"জোতির মালায় একট তারা
কোপায় গেছে টুটে।"

ছিঁড়ে গেল বীণার তন্ত্রী,
থেমে গেল গান,
হারা তারা কোথায় গেল
পড়িল সন্ধান।
সবাই বলে, "সেই তারাতেই
স্বর্গ হতে আলো–সেই তারাটাই সবার বড়ো,
সবার চেয়ে ভালো।"

সেদিন হতে জগং আছে
সেই তারাটির থোঁজে,
তৃপ্তি নাহি দিনে, রাত্রে
চক্ষ্ নাহি বোজে।
সবাই বলে, "সকল চেয়ে
তারেই পাওয়া চাই।"
সবাই বলে, "সে গিয়েছে
ত্বন কানা তাই।"
শুধু গভীর রাত্রিবেলায়
শুরু তারার দলে—
"মিধাা থোজা, সবাই আছে"
নীরব হেসে বলে।

### ठाकना

নিখাস রুধে ত্-চক্ষ্ মুদে তাপসের মতো যেন শুরু ছিলি যে প্তরে বনভূমি চঞ্চল হলি কেন ? হঠাৎ কেন রে ছলে ওঠে শাখা, যাবে না ধরায় আর ধরে রাখা, ঝটপট করে হানে যেন পাখা খাচায় বনের পাখি। ওরে আমলকী, ওরে কদম্ব, কে তোদের গেল ডাকি ?

"ঐ যে ঈশানে উড়েছে নিশান, বেজেছে বিযাণ বেগে— আমার বরষা কালো বরষা যে ছুটে আসে কালো মেষে।"

ওরে নীল্জল অতল অটল
ভরা ছিলি কুলে কুলে,
হঠাং এমন শিহরি শিহরি
উঠিলি কেন রে ছলে?
তালতকছায়া করে টলমল,
কেন কলকল কেন ছলছল,
কী কথা বলিতে হলি চঞ্চল,
ফুটতে চাহে না বাক,—
কাদিয়া হাসিয়া সাড়া দিতে চাস
কার শুনেছিস ডাক?

"ঐ যে আকাশে পুবের বাতাসে উত্তলা উঠেছে জ্বেগে,— আজি মোর বর মোর কালো ঝড় ছুটে আসে কালো মেৰে।"

পরান আমার রুধিয়া ত্য়ার আপনার গৃহমাঝে ছিলি এতদিন বিশ্রামহীন, কী জানি কত কী কাজে।

আজিকে হঠাং কী হল রে তোর, ভেঙে যেতে চায় বুকের পাঁজর, অকারণে বহে নয়নের লোর, কোথা যেতে চাস ছুটে ? কে রে সে পাগল ভাঙিল আগল কে দিল হয়ার টুটে ?

"জানি না তো আমি কোপা হতে নামি, কী ঝড়ে আঘাত লেগে, জীবন ভরিয়া মরণ হরিয়া কে আসিছে কালো মেষে।"

### প্রচ্ছ

কোপ। ছায়ার কোণে দাঁড়িয়ে তুমি কিসের প্রতীক্ষায়
কেন আছ সবার পিছে ?

যারা ধূলাপায়ে ধায় গো পথে তোমায় ঠেলে য়ায়
তারা তোমায় ভাবে মিছে।
আমি তোমার লাগি কুস্তম তুলি, বিদ তরুর মূলে,
আমি সাজিয়ে রাপি ভালিওগো যে আসে সেই একটি-ঘুট নিয়ে যে য়ায় তুলে
আমার সাজি হয় য়ে য়ালি।

পুণো স্কাল গেল, বিকাল গেল, সন্ধা হয়ে আসে, চোণে লাগছে ঘুমঘোর; স্বাই ঘরের পানে যাবার বেলা আমায় দেখে হাসে

মনে লচ্ছা লাগে মোর।

- আমি বসে আছি বসনগানি টেনে মৃথের 'পরে ভিখাবিনীৰ মতো কেহ ভ্ৰধায় যদি "কাঁ ঢাও তুমি", থাকি নিকন্তরে
- করি ছটি নয়ন নত।
- আজি কোন লাজে বা বলব আমি ভোমায় গুৰু ঢাহি,— আমি বলব কেমন করে—
- তোমারি পথ চেয়ে আমি রজনীদিন বাহি,— শুধ তুমি আসবে আমার ভরে ?
- আমার দৈৱাপানি গত্নে রাপি, ত্রাজৈশ্বর্যে তব তারে দিব বিস্ঞান,
- ওগো অভাগিনীর এ অভিমান কাহার কাছে কব, তাহা বৈল সংগোপন।
- আমি স্বদূরপানে চেয়ে চেয়ে ভাবি আপন মনে হেপা তৃণে আসন মেলে—
- তুমি ইঠাং কথন আসবে হেপায় বিপুল আয়োজনে তোমার সকল আলো জেলে।
- ভোমার রপের পৈরে সোনার দরকা ঝলবে ঝলমল সাপে বাজবে বালির তান,—
- তোমার প্রতাপভরে বস্তম্বরা করবে টলমল আমার উঠবে নেচে প্রাণ।
- ত্রপন পথের লোকে অবাক হয়ে স্বাই চেয়ে রবে, তুমি নেমে আসবে পথে।
- হেসে ছ-হাত ধরে ধুলা হতে আমায় তুলে লবে---তুমি লবে তোমার রখে।
- আমার ভ্রথবিহীন মলিনবেশে ডিধারিনীর সাজে তোমার দাঁড়াব বামপাৰে,
- তথন পতার মতো কাঁপব আমি গর্বে স্থাধ লাজে সকল বিশের সকাশে।

ওগো সময় বয়ে য়াচ্ছে চলে য়য়েছি কান পেতে
কোপা কই গো চাকার ধ্বনি।
কোমার এ-পথ দিয়ে কড না লোক গর্বে গেল মেতে
কতই জাগিয়ে য়নয়নি।
তবে তৃমিই কি গো নীর বছয়ে য়বে ছায়ার তলে
তৃমি রবে সবার শেষে—
হেপায় ভিধারিনীর লজ্জা কি গো ঝয়বে নয়নজ্লে
তারে রাধবে মলিন বেশে ?

## অনুমান

দেপি তুমি আস নি, তাই পাছে আধেক আঁথি মুদিয়ে চাই, ভয়ে চাই নে ফিরে: দেশি যেন আপন মনে আমি পথের শেষে দূরের বনে আসছ তুমি ধীরে। চিনতে পারি সেই অশাস্ত যেন তোমার উত্তরীয়ের প্রাস্থ ওড়ে হাওয়ার 'পরে। আমি একলা বসে মনে গনি ভনছি তোমার পদধ্বনি মর্মরে মর্মরে। ভোরে নয়ন মেলে অরুণরাগে যথন আমার প্রাণে জাগে অকারণের হাসি, নবীন তৃণে লতায় গাছে যখন কোন্ জোয়ারের শ্রোতে নাচে সবুজ স্থারাশি,---

যথন নব মেবের সজ্জল ছায়া
বেন রে কার মিলন-মায়া
ধনায় বিশ্ব জুড়ে,
যথন পুলকে নীল শৈল বেরি
বেজে ওঠ কাহার ভেরী,
ধ্বজা কাহার উড়ে,—

মিধ্যা সতা কেই বা জানে, তপ্ৰ সন্দেহ আর কেই বা মানে, ज़न यमि इय इ'क। জানি না কি আমার হিয়া 19:11 क जुनान भवन निया. কে জুড়াল চোগ। সে কি ত্ৰপন আমি ছিলেম এক!, কেউ কি মোরে দেয় নি দেখা গ কেউ আসে নাই পিছে ? আড়াল হতে সহাস আঁপি তগ্ৰ আমার মূপে চায় নি নাকি ? এ কি এমন মিছে ?

## বৰ্ষাপ্ৰভাত

প্রণা এমন সোনার মায়াগানি
কে যে গড়েছে।
মেঘ টুটে আঙ্গ প্রভাত-আলো
ফুটে পড়েছে।
বাতাস কাহার সোহাগ মাগে,
গাছে পালার চমক লাগে,
সুদয় আমার বিভাসরাগে
কী গান ধরেছে।

আ্ঞ বিশ্বদেবীর থারের কাছে
কোন্ সে ভিথারি
ভোরের বেলা দাঁড়িয়েছিল
ছ-হাত বিথারি',—
আঁজল ভরে সোনা দিতে
ছাপিয়ে পড়ে চারি ভিতে,
লা্টিয়ে গেল পৃথিবীতে,
এ কী নেহারি।

প্রেণা পারিজাতের ক্ঞবনে
স্বর্গপুরীতে
মৌমাছিরা লেগেছিল
মধু চুরিতে।
আজ প্রভাতে একেবারে
ভেঙেছে চাক স্থার ভারে,
সোনার মধু লক্ষধারে
লাগে ঝুরিতে।

আজ সকাল হতেই প্ৰবন্ধ এল,—
লক্ষ্মী একেলা
অৰুণরাণে পাত্ৰ আসন
প্ৰভাত বেলা।
ভনে দিগ্বিদিকে টুটে
আলোব পদ্ম উঠল ফুটে,
বিশ্বহৃদয়মধুপ জুটে
করেছে মেলা।

ও কি স্বরপুরীর পর্দাখানি
নীরবে খুলে
ইন্দ্রাণী আজ দাঁড়িয়ে আছেন
জানালা-মূলে ?

কে জানে গো কী উল্লাসে হেরেন ধরা মধুর হাসে, আঁচলখানি নীলাকাশে পড়েছে তুলে।

100

ওগো কাহারে আব্দ জানাই, আমি—
—কী আছে ভাষা—
আকাশপানে চেরে আমার
মিটেছে আশা।
হৃদর আমার গেছে ভেসে
চাই নে-কিছুর স্বর্গ-শেষে,
ঘুচে গেছে এক নিমেবে
সকল পিপাসা।

## वर्षा-मक्ता

আমায় অমনি খুলি করে রাথো
কিছুই না দিয়ে,—
তথু তোমার বাছর ডোরে
বাছ বাঁধিয়ে।
এমনি ধ্সর মাঠের পারে,
এমনি সাঁঝের অক্ষকারে,
বাজাও আমার প্রাণের তারে
গভীর বা দিয়ে।
আমায় অমনি রাখো বন্দী করে
কিছুই না দিয়ে।

আমি আপনাকে আজ বিছিয়ে দেব
কিছুই না করি',
ছ-হাত মেলে দিয়ে, তোমার
চরণ পাকড়ি।

#### রবীন্দ্র-রচনাবলী

আবাঢ়-রাতের সভায় তব কোনো কপাই নাহি কব, বৃক দিয়ে সব চেপে লব নিধিল আঁকড়ি।

আমি রাতের সাথে মিশিয়ে রব কিছুই না করি'।

আজ বাদল হাওয়ায় কোথা রে জুঁই
গক্ষে মেতেছে ?
লুপ্ত তারার মালা কে আজ
লুকিয়ে গেঁথেছে ?
আজি নীরব অভিসারে
কে চলেছে আকাশপারে,
কে আজি এই অন্ধকারে
শয়ন পেতেছে ?
আজ

গঙ্গে মেতেছে।

প্রগা আদ্ধকে আমি স্বংপ রব

কিছুই না নিয়ে

আপন হতে আপন মনে

স্থা ছানিয়ে।

বনে হতে বনান্তরে

ঘনধারায় বৃষ্টি ঝরে,

নিদ্রাবিহীন নয়ন 'পরে

স্থপন বানিয়ে।

প্রগো আদ্ধকে পরান ভরে লব

কিছুই না নিয়ে।

### "দব-পেয়েছি"র দেশ

নব-পেয়েছির দেশে কারো
নাই রে কোঠাবাড়ি,
ছ্যার থোলা পড়ে আছে,
কোথার গেল ঘারী?
অখশালার অখ কোথার
হত্তিশালার হাতি,
ফটিকদীপে গন্ধতৈলে
জালায় না কেউ বাতি।
রমণীরা মোতির সিঁথি
পরে না কেউ কেশে,
দেউলে নেই সোনার চূড়া
সব-পেয়েছির দেশে।

পথের ধারে ঘাস উঠেছে
গাছের ছান্নাতলে,
স্বচ্ছতরল স্রোতের ধারা
পাশ দিরে তার চলে।
কৃটিরেতে বেড়ার 'পরে
দোলে ঝুমকা লতা ;
সকাল হতে মৌমাছিদের
বাস্ত ব্যাকুলতা।
ভোরের বেলা পথিকের।
কী কাব্দে যায় হেসে—
সাঁব্দে ক্ষেরে বিনা-বেতন
স্ব-পেয়েছির দেশে।

আঙিনাতে চুপুর বেলা মৃত্যুককণ গেয়ে বকুলতনার ছায়ায় বসে
চরকা কাটে মেয়ে।
মাঠে মাঠে তেউ দিয়েছে
নতুন কচি ধানে,
কিসের গন্ধ কাহার বাঁশি
হঠাং আসে প্রাণে।
নীল আকাশের হৃদয়্বানি
সবুজ বনে মেশে,
যে চলে সেই গান গেয়ে যায়
সব-প্রেছের দেশে।

সদাগরের নৌকা যত
চলে নদীর 'পরে—
হেপায় ঘাটে বাঁধে না কেউ
কেনাবেচার তরে।
সৈক্তদলে উড়িয়ে ধ্বজা
কাঁপিয়ে চলে পথ;
হেপায় কভু নাহি পামে
মহারাজের রথ।
এক রজনীর তরে হেপা
দ্রের পাস্থ এসে
দেখতে না পায় কী আছে এই
সব-পেয়েছির দেশে।

নাইকো পথে ঠেলাঠেলি,
নাইকো ঘাটে গোল,
প্রে কবি এইখানে তোর
ফুটরখানি তোল।
ধুয়ে ফেল রে পথের ধুলো,
নামিয়ে দে রে বোঝা,

বেঁধে নে তোর সেতারখানা রেখে দে তোর থোঁজা। পা ছড়িয়ে ব'স্ রে হেথার সারাদিনের শেষে, তারায়-ভরা আকাশতলে সব-পেয়েছির দেশে।

### সার্থক নৈরাশ্য

তথন ছিল যে গভীর রাত্রিবেলা
নিম্রা ছিল না চোধের কোণে;
আঘার আঁধারে আকালে মেদের মেলা,
কোধাও বাতাস ছিল না বনে।
বিরাম ছিল না তপ্ত শরন তলে,
কাঙাল ছিল বসে মোর প্রাণে;
হ-হাত বাড়ারে কী জানি কী কথা বলে,
কাঙাল চায় যে কারে কে জানে।
দিল আঁধারের সকল রন্ধু ভরি
তাহার ক্ষুক্ত ক্ষিত ভাষা;
মনে হল যেন বর্ষার বিভাবরী
আজি হারাল রে সব আশা।

আনাৰ জগতে যেন এক ক্ষুণ আছে,
তাও জগং খুঁজে না মেলে;
আঁধারে কখন সে এসে যায় গো পাছে
বুকে বেখেছে আগুন জেলে।
দাও দাও বলে হাঁকিছু স্মূরে চেয়ে
আমি ফুকারি ডাকিছু কারে।
এমন সময়ে অক্ষ্ণ-তরণী বেয়ে
প্রভাত নামিল গগনপারে।

পেয়েছি পেয়েছি নিবাও নিশার বাতি,
আমি কিছুই চাহি নে আর।
ওগো নিষ্ঠর শৃশু নীরব রাতি
তোমায় করি গো নমস্কার।
বাঁচালে, বাঁচালে,—বিধির আঁধার তব
আমায় পৌছিয়া দিল কুলে।
বঞ্চিত করি যা দিয়েছ কারে কব,
আমায় জগতে দিয়েছ তুলে।

ধন্য প্রভাতরবি,

আমার লহ গো নমস্বার।

ধন্য মধুর বায়ু
তোমায় নমি হে বারস্বার।

ওগো প্রভাতের পাপি
তোমার কল-নির্মল স্বরে

আমার প্রণাম লয়ে
বিছাও দ্র গগনের 'পরে।

ধন্য ধরার মাটি

জগতে ধন্য জীবের মেলা।

ধুলায় নমিয়া মাথা

ধল্য আমি এ প্রভাতবেলা।

### প্রার্থনা

আমি বিকাব না কিছুতে আর
আপনারে।
আমি দাঁড়াতে চাই সভার তলে
স্বার সাথে এক-সারে।

সকালবেলার আলোর মাঝে
মলিন যেন না হই লাজে,
আলো যেন পশিতে পার
মনের মধ্যে এক-বারে।
বিকাব না বিকাব না

আমি বিশ্ব সাথে রব সহজ্ঞবিশ্বাসে।
আমি আকাশ হতে বাতাস নেব
প্রাণের মধ্যে নিশ্বাসে।
প্রেম ধরার মাটির স্নেহ
পুণা হবে সর্ব দেহ,
গাছের শাশা উঠবে ভূলে
আমার মনের উল্লাসে।
বিশ্বে রব সহজ্ঞ শুংশ

আমি স্বায় দেখে খুলি হব

অস্তরে।

কিছু বেশুর যেন বাজে না আর

আমার বাঁণামস্তরে।

যাহাই আছে নরন ভরি

সবই যেন গ্রহণ করি,

ঢিত্তে নামে আকাশ-গলা

আনন্দিত মন্ত্র রে।

স্বায় দেখে তৃপ্ত রব

#### থেয়া

তুমি এপার-ওপার কর কে গো
ওগো খেয়ার নেয়ে।
আমি ঘরের দ্বারে বসে বসে
দেখি যে তাই চেয়ে
ওগো খেয়ার নেয়ে।
ভাঙিলে হাট দলে দলে
সবাই যবে ঘাটে চলে,
আমি তখন মনে করি
আমিও যাই খেয়ে
ওগো খেয়ার নেয়ে।

তুমি সন্ধাবেলা ওপার-পানে
তরণী যাও বেয়ে,
দেখে মন আমার কেমন স্থরে
ওঠে যে গান গেয়ে
ওগো বেয়ার নেয়ে।
কালো জলের কলকলে
আথি আমার ছলছলে,
ওপার হতে সোনার আভা
পরান ফেলে ছেয়ে,

দেখি তোমার মূবে কথাটি নেই

প্রগা বেয়ার নেয়ে।

কী যে তোমার চোখে লেখা আছে

দেখি যে তাই চেয়ে

প্রগা বেয়ার নেয়ে।

আমার মৃথে ক্ষণতরে যদি তোমার আঁগি পড়ে আমি তথন মনে করি আমিও যাই ধেয়ে, ওগো থেয়ার নেয়ে।

>६ धोवन ১৩১२

# নাটক ও প্রহসন

# রাজা

## রাজা

5

#### অন্ধকার ঘর

#### রানী স্তদর্শনা ও তাঁহার দাসী স্তরক্ষমা

পুদর্শন। আলে। আলে। কই ? এ-ঘরে কি একদিনও আলো জলবে না ?

স্থারক্ষমা , বানীমা, ভোমার ঘরে ঘরেই ভো আলো জলছে—ভার পেকে সরে মাসবার জন্মে কি একটা ঘরেও আন্ধকার রাগবে না গু

ঝ্রদর্শনা। কোপাও অন্ধকার কেন থাকবে ?

অৱশ্বমান ভা হলে যে আলোও চিন্তে না অন্ধকারও চিন্তে না ।

স্কাদন। তুই যেমন এই অন্ধকার গরের দাসী তেমনি তোর অন্ধকারের মতো কলা, অর্থ ই লোকা যায় না। বল্ তে! এ-গরটা আছে কোলায়। কোলা দিয়ে এগানে আসি কোলা দিয়ে বেরোই প্রতিদিনই ধীদা লাগে।

স্বক্ষমা। এ-দর মাটির আবরণ ভেদ করে পৃথিবীর বুকের মাঝখানে তৈরি।
তোমার জন্মেই রাজা বিশেষ করে করেছেন।

স্থাননা তার গরের অভাব কাঁছিল যে, এই **অন্ধ**কার গরটা বিশেষ করে করেছেনা

স্বক্ষমান আলোর ঘরে সকলেরই আনাগোনা—এই অন্ধকারে কেবল একলা টোমার সঙ্গে মিলন

স্তদর্শনা। না, না, আমি আলো চাই—আলোর জন্মে অন্থির হয়ে আছি। কোকে আমি আমার পলার হার দেব যদি এগানে একদিন আলো আনতে পারিস।

স্তরক্ষা। আমার সাধ্য কী মা। ধেধানে তিনি অন্ধকার রাধেন আমি সেধানে আলো জালব !

স্তদর্শনা। এত ভক্তি তোর ? অথচ শুনেছি তোর বাপকে **রাজা** শান্তি দিয়েছেন। সে কি সভাি ? স্বৰশা। সভিা। বাবা জুয়ো থেলত। রাজ্যের যত যুবক আমাদের ঘরে জুটত—মদ খেত আর জুয়ো খেলত।

স্বদর্শনা। তুই কী করতিস?

স্করন্ধা। মা, তবে সব শুনেছ। আমি নষ্ট হবার পথে গিয়েছিলুম। বাবা<sup>®</sup> ইচ্ছে করেই আমাকে সে-পথে দাঁড় করিয়েছিলেন। আমার মা ছিল না।

স্বদর্শনা। রাজা যখন তোর বাপকে নির্বাসিত করে দিলেন তখন তোর রাগ হয় নি ? স্বরন্ধনা। খুব রাগ হয়েছিল—ইচ্ছে হয়েছিল কেউ যদি রাজাকে মেরে ফেলে তো বেশ হয়।

স্কর্মন। রাজা তোর বাপের কাছ থেকে ছাড়িয়ে এনে কোথায় রাখলেন ? স্বক্সমা। কোথায় রাখলেন কে জানে। কিন্তু কী কট্ট গেছে! আমাকে যেন ছুঁচ ফোটাত, আগুনে পোড়াত।

স্বদর্শনা। কেন, তোর এত কষ্ট কিসের ছিল।

স্বক্ষা। আমি যে নষ্ট হবার পথে গিয়েছিলুম—সে-পথ বন্ধ হতেই মনে হল আমার যেন কোনো আশ্রয়ই রইল না। আমি কেবল গাঁচায়-পোরা বুনো জন্তর মত কেবল গর্জে বেড়াতুম এবং স্বাইকে আঁচড়ে কামড়ে ছিঁড়ে ফেলতে ইচ্ছে করত।

স্বদর্শনা। রাজাকে তখন তোর কী মনে হত!

अवस्था। छै: की निष्ट्रंत ! की निष्ट्रंत ! की अविक्रित निष्ट्रंत ठा !

স্বদর্শনা সেই রাজার পরে তোর এত ভক্তি হল কী করে ?

স্বরন্ধা। কী জানি মা! এত অটল এত কঠোর বলেই এত নির্ভর এত ভরদা। নইলে আমার মতো নষ্ট আশ্রম্ম পেত কেমন করে ?

-স্বদর্শনা। তোর মন বদল হল কখন ?

স্বক্ষা। কী জানি কখন হয়ে গেল। সমস্ত ত্রস্থপনা হার মেনে একদিন মাটিতে লুটিয়ে পড়ল। তখন দেখি যত ভয়ানক ততই স্কর। কেঁচে গেলুম, কেঁচে গেলুম, জন্মের মতে। কেঁচে গেলুম।

স্দর্শনা। আচ্ছা স্বক্ষমা, মাধা ধা, সত্যি করে বল আমার রাজাকে দেখতে কেমন? আমি একদিনও তাঁকে চোখে দেখলুম না। অন্ধকারেই আমার কাছে আসেন অন্ধকারেই থান। কতলোককে জিল্ডাসা করি কেউ স্পষ্ট করে জবাব দেয় না—স্বাই যেন কী একটা লুকিয়ে রাখে।

স্থবক্ষা। আমি সভ্যি বলছি রানী, ভালো করে বলতে পারব না। তিনি কি স্থন্দর ? না, লোকে যাকে স্থন্দর বলে তিনি তা নন। সুদর্শনা। বলিস কী ? সুন্দর নন ?

স্থবক্ষা। না রানীমা। সুন্দর বললে তাঁকে ছোটো করে বলা হবে।

স্মদর্শনা। তোর সব কথা ওই একরকম। কিছু বোঝা যায় না।

শ স্বক্ষা। কী করব মা, সব কথা তো বোঝানো যায় না। বাপের বাড়িতে অল্পবয়সে অনেক পুরুষ দেখেছি, তাদের স্থানর বলত্ম। তারা আমার দিনরাত্তিকে আমার স্থাত্থকে কী নাচন নাচিয়ে বেড়িছেছিল সে আজও ভূলতে পারি নি। আমার রাজা কি তাদের মতো গ স্থানর! কর্ষনো না।

अमर्गनाः अन्तत्र नत्र १

স্বৰূপনা। হাঁ, তাই বলব—সুন্দর নয়। স্থানর নয় বলেই এমন অছুত এমন আশ্চন! যপন বাপের কাছ থেকে কেড়ে আমাকে তাঁর কাছে নিয়ে গেল তপন সে ভয়ানক দেপলুম। আমার সমস্ত মন এমন বিমুগ হল যে কটাক্ষেও তাঁর দিকে তাকাতে চাইতুম না। তার পরে এখন এমন হেরছে যে যখন সকালবেলায় তাঁকে প্রশাম করি তপন কেবল তাঁর পায়ের তলার মাটির দিকেই ভাকাই—আর মনে হয় এই আমার চের—আমার নয়ন সার্থক হয়ে গেছে।

সদর্শনা। তোর সব কথা বৃষ্তে পারি নে তবু তনতে বেশ ভালো লাগে। কিন্তু যাই বলিস তাঁকে দেশবই। আমার কবে বিবাহ হয়েছিল মনেও নেই; তথন আমার জ্ঞান ছিল না। মার কাছে তনেছি তাঁকে দৈবজ্ঞ বলেছিল তাঁর মেয়ে যাঁকে স্থামিরূপে পাবে পৃথিবীতে তাঁর মতো পুরুষ আর নেই। মাকে কতবার জিঞ্জাসা করেছি আমার স্থামীকে দেশতে কেমন—তিনি ভালো করে উত্তর দিতেই চান না, বলেন, আমি কি দেশেছি—আমি যোমটার ভিতর থেকে ভালো করে দেশতেই পাই নি। যিনি স্পুরুষের শ্রেষ্ঠ তাঁকে দেশব এ লোভ কি ছাড়া যার!

স্থবন্ধা। ওই বে মা একটা হাওয়া আসছে।

মুদৰ্শনা। হাওয়া ? কোণায় হাওয়া ?

সুরঙ্গা। ওই যে গছ পাচ্চ না।

সুদর্শনা। না, কই গছ পাচ্ছি নে তো।

সুরন্ধমা। বড়ো দরজাটা খুলেছে—তিনি আসছেন, ভিতরে আসছেন।

সদর্শনা। তুই কেমন করে টের পাস ?

স্থ্যক্ষা। কী জানি মা। আমার মনে হয় যেন আমার বুকের ভিতরে পায়ের শব্দ পাছিছ। আমি তাঁর এই অন্ধকার ধরের সেবিকা কিনা তাই আমার একটা বোধ জন্মে গেছে—আমার বোঝবার জন্তে কিছুই দেখবার দরকার হয় না।

स्पृष्टिंग । आभात यनि छात्र मरला इय जाहरत य रवैरह गाहे।

স্থরক্ষা। হবে মাহবে। তুমি দেখৰ দেখৰ করে যে অতান্ত চঞ্চল হয়ে রয়েছ সেইজক্তে কেবল দেখবার দিকেই তোমার সমন্ত মন পড়ে রয়েছে। সেইটে যথন ছেড়ে দেবে তথন সব আপনি সহজ হয়ে যাবে।

স্বদর্শনা। দাসী হয়ে তোর এত সহজ হল কী করে ? রানী হয়ে আমার হয় না কেন ?

স্ববন্ধমা। আমি যে দাসী সেইজ্বেট এত সহজ হল। আমাকে যেদিন তিনি এই অন্ধকার ঘরের ভার দিয়ে বললেন, স্বরন্ধমা, এই ঘরটা প্রতিদিন তুমি প্রস্তুত করে রেগো, এই তোমার কাজ, তখন আমি তার আজা মাপার করে নিলুম—কামি মনে মনেও বলি নি যারা তোমার আলোর ঘরে আলো জ্বালে তাদের কাজটি আমাকে দাও। তাই বে-কাজটি নিলুম তার শক্তি আপনি জেগে উঠল, কোনো বাধা পেল না : ৬ই খে তিনি আস্ভেন-মরের বাইরে এসে দাড়িরেছেন ৷ প্রভু

#### বাহিরে গান

খোলো খোলো ছার বাপিয়ে না আর

বাহিরে আমায় দাড়ায়ে।

দাও সাড়া দাও

**बहें मिर्क** छाउ

এদ হুই বাহু বাড়ায়ে ঃ काञ इस्य शाह भावा, উঠেছে সন্ধাতারা,

আলোকের পেয়া

হয়ে গোল দেয়া

অন্তদাগর পারায়ে॥

এসেছি তুয়ারে

এসেছি, আগারে

বাহিরে রেগো না দাডায়ে ।

ভরি লয়ে ঝারি

এনেছ কি বারি,

সেক্ষেছ কি গুচি হুকুলে ?

বেঁধেছ কি চুল,

তুলেছ কি ফুল

গেঁথেছ কি মালা মুকুলে গ ধেষ্ণ এল গোঠে ফিরে. পাধিরা এসেছে নাডে.

পথ ছিল যত

ভূছিয়া জগত,

আঁধারে গিয়েছে হারায়ে ॥

তোমারি ছয়ারে

এসেছি, আমারে

বাহিরে রেখো না দাড়ায়ে॥

স্তরক্ষমা। ভোমার হয়ের কে বন্ধ রাখতে পারে রাজা ? ও তো বন্ধ নেই কেবল ভেন্সানো আছে, একটু ছোঁও যদি আপনি খুলে যাবে। সেটুকুও করবে না ? নিজে উঠে গিয়ে ना थुल फिल्म एकदर ना १

গান

এ যে মোর আবরণ

घुषाउँ क उक्क १

নিশাস-বাংয়

फेल्ड हत्त गाय

তুমি কর যদি মন।

যদি পড়ে থাকি ভূমে

धुनाय धत्री हृत्य,

ওুমি ভারি লাগি

দ্বারে রবে ছাগি

এ কেমন তব প্ৰ গ্

রপের ঢাকার রবে

জাগাও জাগাও সবে,

আপনার ঘরে

এদ বলভরে

এদ এদ গৌরবে।

धूम द्रेरहे गाक छल,

চিনি মেন প্রভ বলে;

ছুটে এসে দ্বারে করি আপনারে

চরণে সমর্পণ ॥

तानी, यां अंत, पदकां एल पांच, नहेल जामत्वन ना ।

স্দর্শনা। আমি এ-বরের অন্ধকারে কিছুই ভালো করে দেখতে পাই নে—কোখায় দরবা কে জানে। তুই এগানকার সব জানিস—তুই আমার হয়ে খুলে দে।

[ সুরন্ধমার ঘার উদ্ঘাটন, প্রণাম ও প্রস্থান

<sup>े</sup> बामारक व नाउरकत्र रक्षांचां ब्रह्ममरक रमचा गाइरव ना।

তুমি আমাকে আলোয় দেখা দিছ না কেন ?

রাজা। আলোয় তুমি হাজার হাজার জিনিসের সঙ্গে মিশিয়ে আমাকে দেখতে চাও ? এই গভীর অন্ধকারে আমি তোমার একমাত্র হয়ে থাকি না কেন ?

স্বদর্শনা। স্বাই তোমাকে দেখতে পায়, আমি হানী হয়ে দেশতে পাব না ?

রাজা। কে বললে দেখতে পায় ? মৃচ্ যারা তারা মনে করে দেখতে পাচ্চি।

স্কুদর্শনা। তা হ'ক, আমাকে দেখা দিতেই হবে।

वाष्ट्रा। मञ्च कवर् भावरव ना-कष्टे श्रव।

স্থাপনা। সহ হবে না—তৃমি বল কী! তৃমি যে কত স্থাপর কত আশ্রুষ্ঠ তা এই অন্ধনারেই বৃষতে পারি, আর আলোতে বৃষতে পারব না ? বাইরে যপন তোমার বীণা বাজে তখন আমার এমনি হয় যে, আমার নিজেকে সেই বীণার গান বলে মনে হয়। তোমার ওই স্থান্ধ উত্তরীয়টা যখন আমার গায়ে এসে ঠেকে তখন আমার মনে হয়, আমার সমস্ত অঙ্গটা বাতাসে ঘন আনন্দের সঙ্গে মিলে গেল। তোমাকে দেপলে আমি সইতে পারব না এ কী কথা!

রাজা। আমার কোনো রূপ কি তোমার মনে আসে না?

अनर्भना । এक तकम करत आरम वहे कि ! नहेरल वांচव की करत ?

রাজা। কী রকম দেখেছ?

স্থানে । সে তো একরকম নয়! নববর্ধার দিনে জলভরা মেঘে আকালের শেষ প্রান্তে বনের রেখা যখন নিবিড় হয়ে ওঠে, তখন বসে বসে মনে করি আমার রাজার রূপটি বৃঝি এইরকম—এমনি নেমে-আসা, এমনি ঢেকে-দেওয়া, এমনি চোপ-ছূড়ানো, এমনি হালম-ভরানো, চোপের পল্লবটি এমনি ছায়ামাখা, মৃপের হাসিটি এমনি গভীরতার মধ্যে ছুবে থাকা। আবার শরংকালে আকাশের পর্দা যখন দূরে উড়ে চলে যায় তখন মনে হয় তুমি স্নান করে তোমার শেকালিবনের পথ দিয়ে চলেছ, তোমার গলায় কুল্ল-ফুলের মালা, তোমার বুকে শেত-চল্লনের ছাপ, তোমার মাথায় হালকা সাদা কাপড়ের উষ্টীয়, তোমার চোধের দৃষ্টি দিগস্তের পারে—তখন মনে হয়, তুমি আমার পথিক বন্ধ; তোমার সঙ্গে যদি চলতে পারি তাহলে দিগস্তে দিগস্তে সোনার সিংহলার খুলে যাবে, গুলতার ভিতরমহলে প্রবেশ করব। আর যদি না পারি তবে এই বাতায়নের ধারে বসে কোন্ এক অনেক-দূরের জন্তে দীর্ঘনিশ্বাস উঠতে থাকবে, কেবলই দিনের পর দিন, রাত্রির পর রাত্রি, অক্ষাত বনের পথশ্রেণী আর অনাজাত ফুলের গন্ধের জন্তে বুকের ভিতরটা কেঁদে কেঁদে ঝুরে ঝুরে মরবে। আর বসস্তকালে এই যে স্মস্ত বন রঙে রঙিন, এখন আমি তোমাকে দেখতে পাই কানে কৃত্তল, হাতে অঙ্গদ, গায়ে বসন্তী রঙের

উত্তরীয়, হাতে অশোকের মঞ্জরী, তানে তানে তোমার বীণার স্ব-কটি সোনার তার উত্তলা।

রাজা। এত বিচিত্ররূপ দেখছ তবে কেন সব বাদ দিয়ে কেবল একটি বিশেষ মৃতি দেখতে ঢাচ্ছ ? সেটা যদি তোমার মনের মতো না হয় তবে তো সমস্ত গেল।

স্বদর্শনা। মনের মতো হবে নিশ্চয় জানি।

রাজা। মন যদি তার মতো হয় তবেই সে মনের মতো হবে। আগে তাই হ'ক।
স্বদর্শনা। সতা বলছি এই অন্ধকারের মধ্যে যখন তোমাকে দেখতে না পাই অথচ
তুমি আছ বলে জানি তখন এক-একবার কেমন একটা ভয়ে আমার বুকের ভিতরটা
কেপে ওঠে।

রাজা। সে-ভরে দোষ কী ? প্রেমের মধ্যে ভর না পাকলে ভার রস হালক। হরে যায়।

স্কর্মনা। আচ্ছা আমি জিজ্ঞাসা করি এই অন্ধকারের মধ্যে তুমি আমাকে দেশতে পাও গ

ब्राक्षाः शाहे नहेकि।

অ্দর্শনা। কেমন করে দেগতে পাও ? আচ্ছা, কাঁ দেগ ?

রাজা। দেশতে পাই যেন অনস্ত আকাশের অন্ধকার আমার আনন্দের টানে ঘুরতে ঘুরতে কত নক্ষত্রের আলো টেনে নিয়ে এসে একটি জায়গায় রূপ ধরে দাঁড়িয়েছে। ভার মধ্যে কত যুগের ধ্যান, কত আকাশের আবেগ, কত শ্বুত্র উপহার!

স্বদর্শনা। আমার এত রূপ! তোমার কাছে যথন গুনি বৃক ভরে ওঠে। কিন্তু ভালো করে প্রত্যন্ত হয় না; নিজের মধ্যে তো দেখতে পাই নে।

রাজা। নিজের আয়নায় দেখা যায় না—ছোটো হয়ে যায়। আমার চিত্তের মধ্যে যদি দেশতে পাও তো দেখবে সে কতবড়ো! আমার হৃদরে তুমি যে আমার দ্বিতীয়, তুমি সেশনে কি শুধু তুমি!

সুদর্শনা। বলো বলো এমনি করে বলো! আমার কাছে ভোমার কথা গানের মতো বোধ হচ্ছে,—যেন অনাদিকালের গান, যেন জন্ম-জন্মান্তর শুনে এসেছি। সে কি ভূমিই শুনিরেছ, আর আমাকেই শুনিরেছ? না, বাকে শুনিরেছ সে আমার চেয়ে অনেক বড়ো, অনেক স্থলর ;—ভোমার গানে সেই অলোক-স্থলরীকে দেখতে পাই—সে কি আমার মধ্যে, না ভোমার মধ্যে ? ভূমি আমাকে যেমন করে দেখছ ভাই একবার এক নিমেবের জন্ম আমাকে দেখিরে দাও না! ভোমার কাছে অদ্ধকার বলে কি কিছুই নেই ? সেইজন্মেই ভো ভোমাকে কেমন আমার ভন্ন করে। এই যে ক্টিন কালো লোহার

মতো অন্ধকার, যা আমার উপর ঘূমের মতো মূর্ছার মতো মৃত্যুর মতো, তোমার দিকে তার কিছুই নেই! তবে এ-জায়গায় তোমার সঙ্গে আমি কেমন করে মিলব ? না, না, হবে না মিলন, হবে না। এথানে নয়, এথানে নয়। যেথানে আমি গাছপালা পশুপাপি মাটিপাধর সমস্ত দেখছি সেইখানেই তোমাকে দেখব।

রাজা। আচ্ছা দেখো—কিন্তু তোমাকে নিজে চিনে নিতে হবে : কেউ তোমাকে বলে দেবে না—আর বলে দিলেই বা বিখাস কী।

স্থদর্শনা। আমি চিনে নেব, চিনে নেব—লক্ষ লোকের মধ্যে চিনে নেব। ভূল হবে না।

রাজা। আজ বসস্থপূর্ণিমার উংসবে তুমি তোমার প্রাসাদের শিধরের উপরে দাঁড়িয়ো—চেরে দেখো—আমার বাগানে সহস্র লোকের মধো আমাকে দেখবার চেষ্টা ক'রো।

স্মূদর্শনা। তাদের মধ্যে দেখা দেবে তো ?

রাজা। বার বার করে সকল দিক পেকেই দেখা দেব: ১রক্ষম:!

#### সুরঙ্গমার প্রবেশ

সুরস্ম।। কী প্রভূপ

রাজা। আজ বদস্থপূর্ণিমার উংসব।

স্বস্থা। আমাকে কী কাজ করতে হবে ?

রাজা। আজু তোমার সাজের দিন,—কাজের দিন নয়। আজু আমার পুশ্বনের আনন্দে তোমাকে যোগ দিতে হবে।

সুরন্ধমা। তাই হবে প্রভু।

রাজা। রানী আজ্ আমাকে চোপে দেশতে চান।

স্বশ্ব। কোপায় দেখবেন ?

রাজা। যেখানে পঞ্চম বাঁশি বাজনে, ফলের কেশরের ফাগ উভূবে, জ্যোংস্নায় ছায়ায় গলাগলি হবে সেই আমাদের দক্ষিণের কুঞ্জবনে।

স্থান্থ সে-লুকোচ্রির মধ্যে কি দেখা যাবে ? সেখানে যে হাওয়া উত্তলা, স্বই চঞ্চল, চোধে ধীদা লাগবে না ?

রাজা। রানীর কৌতৃহল হয়েছে।

স্করন্ধম। কোতৃহলের জিনিস হাজার হাজার আছে—তুমি কি তাদের সজে মিলে কোতৃহল মেটাবে ? তুমি আমার তেমন রাজা নও! রানী, তোমার কোতৃহলকে শেষকালে কেঁদে ফিরে আসতে হবে।

#### গান

ভোষা বাইরে দ্বে যায় রে উড়ে হায় রে হায়,
তোমার চপল আঁথি বনের পাণি বনে পালায়।
আজি হৃদয় মাঝে যদি গো বাজে প্রেমের বাঁশি
তবে আপনি সেধে আপনা ঝেঁধে পরে সে ফাঁসি,
তবে ঘুচে গো ত্বরা ঘুরিয়া মরা হেলা হোলায়—
আহা আজি সে আঁথি বনের পাণি বনে পালায়।
তোরা ভনিস কানে বারভা আনে দখিন বায়!
আজি ফুলের বাসে স্থাবের হাসে আকুল গানে
তির- বসস্ত যে ভোমারি ঝোঁজে এসেছে প্রাণে।
ভারে বাহিরে খুঁজি ঘুরিয়া ব্ঝি পাগল প্রায়,
ভোমার চপল আঁথি বনের পাধি বনে পালায়।

2

#### পথ

প্রথম পণিক। ওগো মশায় !

প্রহরী। কেন গো?

ষিভীয়। রান্তা কোপায় ? আমরা বিদেশী, আমাদের রান্তা বলে দাও।

প্রহরী: কিসের রাভা ?

তৃতীয়। ওই যে শুনেছি আঞ্জ কোৰায় উৎসব হবে। কোন্দিক দিয়ে যাওয়। যাবে ?

প্রহরী। এপানে সব রাপ্তাই রাপ্তা। যেদিক দিয়ে যাবে ঠিক পৌছোবে। সামনে চলে যাও। প্রস্থান

প্রথম। শোনো একবার কথা শোনো। বলে সবই এক রাস্তা। তাই যদি হবে তবে এতগুলোর দরকার ছিল কী গু

ষিতীয়। তা ভাই রাগ করিস কেন ? যে-দেশের যেমন ব্যবস্থা! আমাদের দেশে তো রান্তা নেই বললেই হয়—বাঁকাচোরা গলি, সে তো গোলকধাঁদা। আমাদের রাজা

বলে খোলা রাস্তা না থাকাই ভালো—রাস্তা পেলেই প্রজারা বেরিয়ে চলে যাবে। এ-দেশে উলটো, যেতেও কেউ ঠেকায় না, আসতেও কেউ মানা করে না—তব্ মামুষও তো ঢের দেখছি—এমন খোলা পেলে আমাদের রাজ্য উজাড় হয়ে যেত!

প্রথম। ওহে জনার্দন, তোমার ওই একটা বড়ো দোষ।

खनार्मन। की त्माय त्मथता ?

প্রথম। নিজের দেশের তৃমি বড়ো নিন্দে কর। খোলা রাস্তাটাই বুঝি ভালো হল ? বলো তো ভাই কোণ্ডিল্য, খোলা রাস্তাটাকে বলে কিনা ভালো।

কোণ্ডিল্য। ভাই ভবদত্ত, বরাবরই তো দেখে আসছ জনার্দনের ওই একরকম ত্যাড়া বৃদ্ধি। কোন্ দিন বিপদে পড়বেন—রাজার কানে যদি যায় তাহলে ম'লে ওঁকে শাশানে ফেলবার লোক খুঁজে পাবেন না।

ভবদত্ত। আমাদের তো ভাই এই খোলা রাস্তার দেশে এসে অবধি থেয়ে-শুয়ে মুখ নেই—দিনরাত গা-ঘিনঘিন করছে। কে আসছে কে যাচ্ছে তার কোনো ঠিক-ঠিকানাই নেই—রাম রাম !

কোণ্ডিল্য। সে-ও তো ওই জনার্দনের পরামর্শ শুনেই এসেছি। আমাদের শুষ্টিতে এমন কখনো হয় নি। আমার বাবাকে তো জান—কতবড়ো মহাত্মালোক ছিল—শাস্ত্রমতে ঠিক উনপঞ্চাল হাত মেপে গণ্ডি কেটে তার মধোই সমত্ত জীবনটা কাটিয়ে দিলে—একদিনের জন্মে তার বাইরে পা ফেলে নি। মৃত্যুর পর কথা উঠল ওই উনপঞ্চাল হাতের মধোই তো দাহ করতে হয়; সে এক বিষম মূশকিল; শোষকালে শাস্ত্রী বিধান দিলে যে, উনপঞ্চাল যে তুটো আছু আছে তার বাইরে যাবার জো নেই, অতএব ওই চার নয় উনপঞ্চাশকে উলটে নিয়ে নয় চার চুরানক্ষই করে দাও—তবেই তো তাকে বাড়ির বাইরে পোড়াতে পারি, নইলে ঘরেই দাহ করতে হত। বাবা, এত জাঁটাঝাঁটি! এ কি যে-সে দেশ পেয়েছ।

ভবদত্ত। বটেই তো, মরতে গেলেও ভাবতে হবে, এ কি কম কথা!

কেণ্ডিল্য। সেই দেশের মাটিতে শরীর, তবু জনার্দন বলে কিনা, খোলা রাস্তাই ভালো। প্রস্থান

#### বালকগণকে লইয়া ঠাকুরদার প্রবেশ

ঠাকুরদা। ওরে দক্ষিনে হাওয়ার সঙ্গে সমান পাল্লা দিতে হবে—হার মানলে চলবে না—আজ সব রাস্তাই গানে ভাসিয়ে দিয়ে চলব।

#### গান

আজি দধিন হ্যার খোলা—

এস হে, এস হে, এস হে, আমার

বসস্ত এস।

দিব স্থদম-দোলায় দোলা, এস হে, এস হে, এস হে, আমার বসস্ত এস।

নব স্থামল শোভন রথে

এস বক্ল-বিছানো পথে,

এস বাজায়ে ব্যাক্ল বেণু,

মেধে পিয়াল ফুলের রেণু

এস হে, এস হে, এস হে, আমার

বসস্থ এস।

এস ঘন প্রবপুঞ্জে

এস হে, এস হে, এস হে।

এস বনমলিকাকুঞ্জে

এস হে, এস হে, এস হে।

মৃত্ মধুর মদির হেসে

এস পাগল হাওয়ার দেশে,
ভোমার উতলা উত্তরীয়

তৃমি আকাশে উড়ায়ে দিয়ো,

এস হে, এস হে, এস হে, আমার

বসস্ত এস 🛚

[ প্রস্থান

#### নাগরিকদল

প্রথম। যা বলিস ভাই, আজকের দিনটাতে আমাদের রাজার দেখা দেওয়া উচিত ছিল। তার রাজ্যে বাস করছি একদিনও তাকে দেখলুম না এ কি কম হৃংখের কথা। বিতীয়। ওর ভিতরকার কথাটা ভোরা কেউ জানিস নে। কাউকে যদি না বলিস তো বলি।

প্রথম। এক পাড়াতেই তো বসত করছি কবে কার কথা কাকে বলেছি। ওই

যে তোমাদের রাহক দাদা কুয়ো খুঁড়তে খুঁড়তে গুপ্তধন পেলে সে কি আমি সাধ করে ফাঁস করেছি ? সব তো জান।

ষিতীয়। জ্বানি বই কি, সেইজন্তেই তো বলছি—কথাটা যদি চেপে রাণতে পার তো বলি—নইলে বিপদ ঘটতে পারে।

তৃতীয়। তুমিও তো আচ্ছা লোক হে বিরূপাক্ষ। বিপদই যদি ঘটতে পারে তবে ঘটাবার জন্মে অত ব্যস্ত হও কেন ? কে তোমার কথাটা নিয়ে দিনরাত্রি সামলে বেড়ায়?

বিরূপাক্ষ। কথাটা উঠে পড়ল নাকি সেইজন্তেই—তা বেশ নাই বললেম। আমি বাজে কথা বলবার লোকই নই। রাজা দেখা দেন না সে-কথাটা ভোমরাই ভূললে— তাই তো আমি বললেম, সাধে দেখা দেন না।

প্রথম। ওহে বিদ্ধপাক্ষ, বলেই ফেলো না।

বিরূপাক্ষ। তা তোমাদের কাছে বলতে দোষ নেই—তোমরা হলে বন্ধু মান্তব। (মৃত্যুরে) রাজাকে দেখতে বড়ো বিকট, সেইজন্তো পণ করেছে কাউকে দেখা দেবে না।

প্রথম। তাই তো বটে। আমরা বলি, ভালোরে ভালো, সকল দেশেই রাঞ্চাকে দেখে দেশস্থদ্ধ লোকের আত্মাপুরুষ বাঁশপাভার মতো হাঁ হাঁ করে কাঁপতে থাকে, আর আমাদেরই রাজাকে দেখা যায় না কেন। কিছু না হ'ক একবার খদি ঢোগ পাকিয়ে বলে, বেটার শির লেও, তাহলেও যে বৃঝি রাজা বলে একটা কিছু আছে। বিরূপাংশ্বর কথাটা মনে নিচ্ছে হে।

তৃতীয়। কিচ্ছু মনে নিচ্ছে না—ওর সিকি পয়সাও বিশ্বাস করি নে। বিরূপাক্ষ। কী বললে হে, বিশু, তুমি বলতে চাও আমি মিছে কণা বলেছি ?

বিশ্ববস্থ। তা বলতে চাই নে কিন্তু কণাটা তাই বলে মানতে পারব না-এতে রাগই কর আর যাই কর।

বিরূপাক্ষ। তুমি মানবে কেন ? তুমি তোমার বাপখুড়োকেই মান না-- এত বৃদ্ধি তোমার। এ রাজত্বে রাজা যদি গা ঢাকা দিয়ে না বেড়াত তাহলে কি এগানে তোমার ঠাই হত ? তুমি তো নান্তিক বললেই হয়।

বিশ্ববস্থ। ওহে আন্তিক, অন্ত রাজার দেশ হলে তোমার জিভ কেটে কুকুরকে দিয়ে খাওয়াত, তুমি বল কিনা আমাদের রাজাকে বিকট দেখতে।

বিরূপাক। দেখো বিশু, মুখ সামলে কথা কও।

বিশ্ববস্থ। মূথ যে কার সামলানো দরকার সে আর বলে কাজ নেই।

প্রথম। চুপ চুপ এ-সব ভালো হচ্ছে না। আমাকে স্তন্ধ বিপদে ফেলবে দেপছি। আমি এ-সব কথার মধ্যে নেই।

#### ঠাকুরদাকে একদল লোকের টানাটানি করিয়া লইয়া প্রবেশ

প্রথম ৷ ঠাকুরদা, তোমাকে আজ এমন করে সাঞ্চালে কৈ ? মালাটি কোন্ নিপুণ হাতের গাঁপা ?

ঠাকুরদা। ওরে বোকারা, সব কথাই কি খোলসা করে বলতে হবে নাকি ? কিছু ঢাকা থাকবে না ?

খিতীর। দরকার নেই দাদা, তোমার তো সব ফাঁস হয়েই আছে। আমাদের কবিকেশরী তোমার নামে যে গান কেঁধেছে শোন নি বৃঝি? সে যে ঘরে ঘরে রটে গেছে।

ঠাকুরদা। একটা ঘরই যথেষ্ট, ঘরে ঘরে শুনে বেড়াবার কি সময় আছে ?

তৃতীয়। ওটা তোমার নেহাত ফাঁকা বড়াই। ঠাকক্লনদিদি তোমাকে আঁচলে কেঁধে রাপে বটে! পাড়ার যেধানে যাই সেধানেই তৃমি, ধরে গাক কখন ?

ঠাকুরদা। ওরে তোদের ঠাকরুনদিদির আঁচল লখা আছে। পাড়ার যেগানে যাই সে-আঁচল ছাড়িয়ে যাবার জো নেই। তা কবি কী বলচেন ভানি।

তৃতীয়। তিনি বলছেন,

#### গান

যেগানে রূপের প্রভা নয়নলোভা,

সেপানে তোমার মতন ভোলা কে। (ঠাকুরদাদা) ধেশানে রসিক-সভা পরম শোভা

সেপানে এমন রসের ঝোলা কে। (ঠাকুরদাদা)

ঠাকুরদা। আরে চুপ চুপ। এমন বসন্তের দিনে তোরা এ কী গান ধরলি রে ? প্রথম। কেন ধরলুম জান না ?

#### গান

যেপানে গলাগলি কোলাকুলি
তোমারি বেচাকেনা সেই হাটে,
পড়ে না পদধূলি পথ ভূলি
যেপানে ঝগড়া করে ঝগড়াটে,
যেথানে ভোলাভূলি খোলাখুলি
সেধানে তোমার মতন খোলা কে—
ঠাকুরদাদা।

ঠাক্রদা। যদি তোরা তোদের সেই কবির কাছে বিধান নিতিস তাহলে তনতে পেতিস এই ফাল্কন মাসের দিনে ঠাক্রদা প্রভৃতি পুরোনো জিনিসমাত্রই একেবারে বর্জনীয়। আমার নামে গান বেঁধে আজ রাগরাগিণীর অপব্যয় করিস নে, তোরা সরস্বতীর বীণার তারে মরচে ধরিয়ে দিবি যে।

দিতীয়। ঠাকুরদা, তুমি তো রাস্তাতেই সভা জমালে, উৎসবে যাবে কখন ? চলো আমাদের দক্ষিণ বনে।

ঠাকুরদা। ভাই আমার ওই দশা, আমি রাস্তা থেকেই চাধতে চাধতে চলি, তার পরে ভোজ্টা তো আছেই। আদাবন্তে চ মধ্যে চ।

দ্বিতীয়। দেখো দাদা, আজকের দিনে মনে একটা কথা বড়ো লাগছে। ঠাকুরদা। কী বল দেখি।

দিতীয়। এবার দেশবিদেশের লোক এসেছে, সবাই বলছে, সবই দেশছি ভালো কিন্তু রাজা দেখি নে কেন? কাউকে জবাব দিতে পারি নে। আমাদের দেশে ওইটে একটা বড়ো ফাঁকা রয়ে গেছে।

ঠাকুরদা। ফাঁকা! আমাদের দেশে রাজা এক জায়গায় দেখা দেয় না বলেই তো সমগু রাজ্যটা একেবারে রাজায় ঠাসা হয়ে রয়েছে—তাকে বল ফাঁকা! সে য়ে আমাদের স্বাইকেই রাজা করে দিয়েছে! এই য়ে অন্ত রাজাপুলো তারা তো উংস্বটাকে দলে মলে ছারখার করে দিলে—তাদের হাতিঘোড়া-লোকলশকরের তাড়ায় দক্ষিণ-হাওয়ার দাক্ষিণ্য আর রইল না, বসস্তর য়েন দম আটকাবার জো হয়েছে। কিন্তু আমাদের রাজা নিজে জায়গা জোড়ে না, স্বাইকে জায়গা ছেড়ে দেয়। কবিকেশরীর সেই গানটা তো জানিস।

#### গান

আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে নইলে মোদের রাজার সনে মিলব কী স্বত্বে।

( আমরা সবাই রাজা)

আমরা যা খুশি তাই করি তব্ তাঁর খুশিতেই চরি,

আমরা নই বাঁধা নই দাসের রাজার ত্রাসের দাসত্ত্ব নইলে মোদের রাজার সনে মিল্লব কী স্বত্তে :

( আমরা সবাই রাজা )

রাজা স্বারে দেন মান
সে মান আপনি ফিরে পান,
মোদের থাটো করে রাথে নি কেউ কেনো অসভ্যে,
নিইলে মোদের রাজার সনে মিলব কী স্বয়ে।

( আমরা সবাই রাজা)

আমরা চলব আপন মতে শেবে মিলব তাঁরি পথে

মোরা মরব না কেউ বিষ্ণলভার বিষম আবর্তে নইলে মোদের রাজার সনে মিলব কী স্বত্রে।

( आमता नवारे वाका )

তৃতীয়। কিন্তু দাদা, যা বল তাঁকে দেখতে পায় না বলে লোকে অনায়াসে তাঁর নামে যা খুলি বলে সেইটে অসম্ভ্রা।

প্রথম। এই দেখো না, আমাকে গাল দিলে শান্তি আছে কিন্তু রাজাকে গাল দিলে কেউ তার মুধ বন্ধ করবারই নেই।

ঠাকুরদা। ওর মানে আছে; প্রজার মধ্যে যে রাজাটুকু আছে তারই গায়ে আঘাত লাগে, তার বাইরে যিনি তাঁর গায়ে কিছুই বাজে না। স্থার্য যে তেজ প্রদীপে আছে ভাতে ফুঁটুকু সয় না, কিন্তু হাজার লোকে মিলে স্থ্যে ফুঁ দিলে স্থ্য অম্লান-হয়েই থাকেন।

#### বিশ্ববস্থ ও বিরূপাকের প্রবেশ

বিশ্ববস্থ। এই যে ঠাকুরদা, এই দেখো, এই লোকটা রটিয়ে বেড়াচ্ছে আমাদের রাজাকে কুংসিত দেখতে, তাই তিনি দেখা দেন না।

ঠাকুরদা। এতে রাগ কর কেন বিশু। ওর রাজা কুংসিত বই কাঁ, নইলে তার রাজাে বিরপাক্ষের মতাে অমন চেহারা থাকে কেন ? স্বয়ং ওর বাপ-মাও তাে ওকে কার্তিক নাম দেন নি। ও আয়নাতে যেমন আপনার ম্থাট দেখে আর রাজার চেহারা তেমনি ধাান করে।

বিরূপাক্ষ। ঠাকুরদা, আমি নাম করব না কিন্তু এমন লোকের কাছে খবরটা উনেছি যাকে বিশ্বাস না করে থাকবার জো নেই।

ঠাকুরদা। নিজের চেরে কাকে বেলি বিশাস করবে বলো। বিরূপাক্ষ। না, আমি ভোমাকে প্রমাণ করে দিতে পারি। প্রথম। লোকটার লচ্ছা নেই হে। একে তো যা না বলবার তাই বলে, তার পরে আবার সেটা প্রমাণ করে দিতে চায়!

দিতীয়। ওহে, দাও না ওকে মাটির সঙ্গে মিশিয়ে একেবারে মাটি-প্রমাণ করে দাও না।

ঠাকুরদা। আরে ভাই, রাগ ক'রো না। ওর রাজা কুংসিত এই বলে বেড়িয়েই ও-বেচারা আজ উংসব করতে বেরিয়েছিল। যাও ভাই বিরূপাক্ষ, ঢের লোক পাবে যারা তোমার কথা বিশ্বাস করবে, তাদের নিয়ে দল বেঁধে আজ আমোদ করো গে।

[ প্রস্থান

#### বিদেশী দলের পুনঃপ্রবেশ

কোণ্ডিলা। সত্যি বলছি ভাই, রাজা আমাদের এমনি অভাস হয়ে গেছে যে, এখানে কোথাও রাজা না দেখে মনে হচ্ছে দাড়িয়ে আছি, কিন্তু পায়ের তলায় যেন মাটি নেই!

ভবদত্ত। দেখো ভাই কোণ্ডিলা, আসল কথাটা হচ্ছে এদের মূলেই রাজা এই। সকলে মিলে একটা গুজুব রটিয়ে রেখেছে।

কৌণ্ডিল্য। আমারও তো তাই মনে হয়েছে। আমরা তো জানি, দেশের মধ্যে সকলের চেয়ে বেশি করে চোপে পড়ে রাজা—নিজেকে খুব কয়ে না দেখিয়ে সে তো ছাড়ে না।

জনাদন। কিন্তু এ-রাজ্যে আগাগোড়া ষেমন নিয়ম দেপছি রাজা না পাকলে তো এমন হয় না।

ভবদত্ত। এতকাল রাজার দেশে বাস করে এই বৃদ্ধি হল ভোমার ? নিয়মই যদি থাকবে তাহলে রাজা থাকবার আর দরকার কা ?

জনাদন। এই দেখো না আজ এত লোক মিলে আনন্দ করছে, রাজা না পাকলে এরা এমন করে মিলতেই পারত না।

ভবদত্ত। ওহে জনার্দন, আসল কপাটাই যে তুমি এড়িয়ে যাচছ। একটা নিয়ম আছে সেটা তো দেপছি, উৎসব হচ্ছে সেটাও স্পষ্ট দেখা যাচেছ, সেধানে তো কোনো গোল বাধছে না—কিন্তু রাজা কোপায়, তাকে দেখলে কোপায় সেইটে বলো।

জনার্দন। আমার কথাটা হচ্ছে এই যে, তোমরা তো এমন রাজ্য জান যেখানে রাজা কেবল চোখেই দেখা যায় কিন্তু রাজ্যের মধ্যে তার কোনো পরিচয় নেই, সেখানে কেবল ভূতের কীর্তন—কিন্তু এখানে দেখো—

কেভিন্য। আবার খুরে ফিরে সেই একই কথা। তুমি ভবদত্তর আসল কথাটার উত্তর দাও না হে—হাঁ, কি, না ? রাজাকে দেখেছ, কি দেখ নি ?

ভবদন্ত । রেপে দাও ভাই কোণ্ডিলা । ওর সঙ্গে মিধ্যে বকাবকি করা । ওর শীষশান্ত্রটা পর্যন্ত এ-দেশী রকমের হয়ে উঠছে । বিনা-চক্ষে ও যথন দেশতে শুরু করেছে তথন আর ভরসা নেই । বিনা অন্নে কিছুদিন ওকে আহার করতে দিলে আবার বৃদ্ধিটা সাধারণ লোকের মতো পরিষার হয়ে আসতে পারে । প্রস্থান

#### বাউলের দল

আমার প্রাণের মাস্থ্য আছে প্রাণে তাই হেরি তার সকল পানে।

আছে দে নয়ন-ভারায় আলোক-ধারায়, ভাই না হারায়,

ওগো তাই দেশি তাম যেপাম সেপাম

তাকাই আমি ষেদিক পানে #

আমি ভার মুখের কথা

अनव वर्ण श्रिणाम काषा,

শোনা হল না, শোনা হল না,

আজ ফিরে এসে নিজের দেশে

এই যে ওনি,

ভূমি ভাহার বাণী আপুন গানে 🛚

কে ভোৱা খৃঁজিস ভারে

কাঙাল-বেশে ছারে ছারে,

দেখা মেলে না মেলে না,---

ও তোরা আয়েরে ধেরে দেখ্রে চেয়ে

আমার বুকে—

ওরে দেখ্রে আমার ছই নয়ানে ।

[ প্রস্থান

#### একদল পদাতিক

প্রথম পদাতিক। সরে যাও সব সরে যাও। তক্ষাত যাও।
প্রথম পধিক। ইস, তাই তো। মন্তলোক বটে। লখা পা কেলে চলছেন।
কেন রে বাপু, সরব কেন ৪ আমরা সব পথের কুকুর না কি ৪

দিতীয় পদাতিক। আমাদের রাজা আসছেন।

দিতীয় পথিক। রাজা ? কোথাকার রাজা ?

প্রথম পদাতিক। আমাদের এই দেশের রাজা।

প্রথম পথিক। লোকটা পাগল হল নাকি ? আমাদের দেশের রাজা পাইক নিয়ে হাঁকতে হাঁকতে আবার রাস্তায় কবে বেরোয় ?

দিতীয় পদাতিক। মহারাজ আজ আর গোপন থাকবেন না, তিনি স্বয়ং আজ উংসব করবেন।

দিতীয় পথিক ৷ সত্যি না কি ভাই ?

দ্বিতীয় পদাতিক। ওই দেখো না নিশেন উড্ছে।

দ্বিতীয় পথিক। তাই তো রে, ওটা নিশেনই তো বটে।

ষিতীয় পদাতিক। নিশেনে কিংগুক ফুল খাঁকা আছে দেশছ না ?

ষিতীয় পথিক। ওরে কিংশুক ফুলই তো বটে, মিধ্যে বলে নি—একেবারে লাল টকটক করছে।

প্রথম পদাতিক। তবে! কথাটা যে বড়ো বিশ্বাস হল না!

দ্বিতীয় পথিক। না দাদা, আমি তো অবিশ্বাস করি নি। ওই কুস্তই গোলমাল করেছিল। আমি একটি কথাও বলি নি।

প্রথম পদাতিক। বেটা বোধ হয় শৃত্যকুম্ব, তাই আওয়াঞ্ব বেশি।

দ্বিতীয় পদাতিক। লোকটা কে হে? তোমাদের কে হয়?

দিতীয় পথিক। কেউ না, কেউ না। আমাদের গ্রামের যে মোড়ল ও ভার খুড়খণ্ডর—অন্ত পাড়ায় বাড়ি।

দ্বিতীয় পদাতিক। হাঁ হাঁ যুড়শ্বুর গোছের চেহারা বটে, বৃদ্ধিটাও নেহাত যুড়শ্বুরে ধাঁচার।

কুন্ত। অনেক ত্ংপে বৃদ্ধিটা এই রকম হয়েছে। এই যে সেদিন কোলা লেকে এক রাজা বেরোল, নামের গোড়ায় তিন-শ প্রতাল্লিশটা শ্রী লাগিয়ে ঢাক পিটতে পিটতে শহর ঘুরে বেড়াল—আমি তার পিছনে কি কম ফিরেছি? কত ভোগ দিলেম, কত সেবা করলেম, ভিটেমাটি বিকিয়ে যাবার জো হল। শেষকালে তার রাজাগিরি রইল কোথায়? লোকে যথন তার কাছে তালুক চায়, মূলুক চায় সে তথন পাজিপুঁ থি খুলে শুভদিন কিছুতেই খুঁজে পায় না। কিন্তু আমাদের কাছে থাজনা নেবার বেলায় মঘা আলোষা গ্রাম্পর্শ কিছুই তো বাধত না!

দিতীয় পদাতিক। হাঁ হে কুন্ত, আমাদের রাজাকে তুমি সেই রকম মেকি রাজা বলতে চাও! প্রথম পদাতিক। ওহে খুড়খণ্ডর, এবার খুড়শাশুড়ীর কাছে থেকে বিদায় নিয়ে এস গে, আর দেরি নেই।

কুম্ভ। না বাবা, রাগ ক'রো না। আমি কান মলছি, নাকে পত দিচ্ছি—ধতদ্র পারতে বল ততদ্রই সরে দাঁড়াতে রাজি আছি।

দিতীয় পদাতিক। আচ্ছা বেশ, এইগানে সার বেঁধে দাঁড়িয়ে থাকে।। রাজা এলেন বলে—আমরা এগিয়ে গিয়ে রাস্তা ঠিক করে রাখি। পদাতিকদের প্রস্থান

ষিতীয় পথিক। কুন্ত, তোমার ওই মূপের দোবেই তুমি মরবে।

কৃষ্ণ। না ভাই মাধব, ও মুখের দোষ নয়, ও কপালের দোষ। ষেবারে মিছে রাজা বেরোল একটি কথাও কই নি—অত্যন্ত ভালোমান্তবের মতো নিজের সর্বনাশ করেছি—আর এবার হয়ভো বা সত্যি রাজা বেরিয়েছে তাই বেফাস কথাটা মুখ দিয়ে বেরিয়ে গেল। ওটা কপাল।

মাধব। স্থামি এই বৃঝি, রাজা সত্যি হ'ক মিথো হ'ক মেনে চলতেই হবে। আমরা কি রাজা চিনি যে বিচার করব! অন্ধকারে ঢেলা মারা—যত বেশি মারবে একটা-না-একটা লেগে যাবে। আমি ভাই একধার থেকে গড় করে যাই—সত্যি হলে লাভ : মিথো হলেই বা লোকসান কী।

কৃষ্ট। টেলাগুলো নেহাত টেলা হলে ভাবনা ছিল না—দামি জিনিস—বাজে পরচ করতে গিয়ে কতুর হতে হয়।

মাধব। ওই যে আসছেন রাজা। আহা রাজার মতো রাজা বটে ! কী চেহারা। যেন ননির পুতৃল। কেমন হে কুন্ত, এখন কী মনে হচ্ছে।

কুষ্ট। দেখাছে ভালো-কী জানি ভাই হতে পারে।

মাধব। ঠিক খেন রাজাটি গড়ে রেখেছে। ভয় হয় পাছে রোদ্পুর লাগলে গলে যায়।

#### রাজবেশধারীর প্রবেশ

মাধব। জয় মহারাজের ! দর্শনের জন্তে সকাল থেকে দাড়িয়ে। দয়া রাগবেন।
কৃষ্ণ। বড়ো ধাঁদা ঠেকছে, ঠাকুরদাকে ডেকে আনি। প্রস্থান

#### আর একদল পথিক

প্রথম পথিক। ওরে রাজা রে রাজা। দেখবি আয়।

দিতীয় পথিক। মনে রেখো রাজা, আমি কৃশলীবস্তুর উদয়দত্তর নাতি। আমার নাম বিরাজ দত্ত। রাজা বেরিয়েছে শুনেই ছুটেছি, লোকের কারও কথায় কান দিই নি— আমি সন্ধলের আগে তোমাকে মেনেছি। তৃতীয় পথিক। শোনো একবার, আমি যে ভোর থেকে এখানে দাঁড়িয়ে—তথনও কাক ডাকে নি—এতক্ষণ ছিলে কোখায় ? রাজা, আমি বিক্রমস্থলীর ভদ্রসেন, ভক্তকে শ্বরণ রেখো।

রাজবেশী। তোমাদের ভক্তিতে বড়ো প্রীত হলেম।

বিরাজ দত্ত। মহারাজ, আমাদের অভাব বিস্তর-—এতদিন দর্শন পাই নি জানাব কাকে >

রাজবেশী। তোমাদের সমস্ত অভাব মিটিয়ে দেব।

প্রথম পথিক। ওরে পিছিয়ে থাকলে চলবে না--ভিড়ে মিশে গেলে রাজার চোথে পড়ব না।

দিতীয় পথিক। দেখু দেখু একবার নরোন্তমের কাণ্ডথানা দেখু! আমরা এত লোক আছি স্বাইকে ঠেলেগুলে কোথা থেকে এক তালপাতার পাথা নিয়ে রাজ্ঞাকে বাতাগ করতে লেগে গেছে।

মাধব। তাই তো হে লোকটার আম্পর্ধা তো কম নয়।

বিতীয় পথিক। ওকে জোর করে ধরে সরিয়ে দিতে হচ্ছে—ও কি রাজার পাশে দাঁড়াবার যুগ্যি।

মাধব। প্রহে রাজা কি আর একটু বুঝবে না ? এ যে অতিভক্তি।

প্রথম পথিক ৷ না হে না—রাজারা বোঝে না কিছু—হয়তো ওই তালপাপার হাওয়া থেয়েই ভূলবে ৷ [ সকলের প্রস্থান

#### ঠাকুরদাকে লইয়া কুম্ভের প্রবেশ

কুন্ত। এখনই এই রান্ডা দিয়েই যে গেল।

ठीक्तम। त्रान्छ। मिर्य श्रात्नेहे त्रान्धा हय नाकि द्र ।

কুস্ত। না দাদা, একেবারে স্পষ্ট চোখে দেখা গেল—একজন না দুজন না, রাস্তার ছধারের লোক তাকে দেখে নিয়েছে।

ঠাকুরদা। সেইজন্মেই তো সন্দেহ। কবে আমার রাজা রান্তার লোকের চোপ ধাঁদিয়ে বেড়ায়। এমন উৎপাত তো কোনোদিন করে না!

कुछ। তা আজকে यनि मर्জि रुख थाकে वना यात्र की।

ঠাকুরদা। বলা যায় রে বলা যায়—আমার রাজ্ঞার মর্জি বরাবর ঠিক আছে— ঘড়ি-ঘড়ি বদলায় না।

কৃষ্ণ। কিন্তু কী বলব দাদা—একেবারে ননির পুতৃলাট। ইচ্ছে করে সর্বাঙ্গ দিয়ে তাকে ছায়া করে রাধি!

ঠাকুরদা। তোর এমন বৃদ্ধি কবে হল ? আমার রাজা ননির পুত্ল, আর তুই ভাকে ছায়া করে রাধবি!

কৃষ্ণ। যা বল দাদা, দেপতে বড়ো স্থন্দর— আজ তো এত লোক জুটেছে অমনটি কাউকে দেশলুম না।

ঠাকুরদা। আমার রাজা যদি বা দেখা দিত তোদের চোপেই পড়ত না। দশের সঙ্গে তাকে আলাদা বলে চেনাই যায় না—সে সকলের সঙ্গেই মিশে যায় যে।

কুন্ত। ধবজা দেখতে পেলুম যে গো।

ठीकुत्रमा। ध्वकाय की तम्थन।

কুন্ত। কিংশুক ফুল আঁকা-একেবারে চোপ ঠিকরে যায়।

ঠাকুরদা। আমার রাজার ধ্বজায় পদাফুলের মাঝগানে বজু আঁকা।

কুম্ব। লোকে বলে, এই উৎসবে রাজ। বেরিয়েছে।

ঠাকুরদা। বেরিয়েছে বই কি। কিন্তু সঙ্গে পাইক নেই, বাছ্যি নেই, আলো নেই, কিছু না।

কুম্ভ। কেউ বৃঝি ধরতেই পারে না।

ঠাকুরদা। হয়তো কেউ কেউ পারে।

কুম্ভ। যে পারে সে বোধ হয় বা চান্ন তাই পায়।

ঠাকুরদা। সে যে কিচ্ছু চায় না। ভিক্কের কর্ম নয় রাজাকে চেনা। ছোটো ভিক্ক বড়ো ভিক্ককেই রাজা বলে মনে করে বসে। আজ যে লোকটা গা-ভরা গয়না পরে রান্তার তুই ধারের লোকের তুই চক্র কাছে ভিক্কে চেয়ে বেড়িয়েছে তোরা লোভীরা তাকেই রাজা বলে ঠাউরে বসে আছিস!—ওই যে আমার পাগলা আসছে। আয় ভাই আয়—আর তো বাজে বকতে পারি নে—একটু মাতামাতি করে নেওয়া যাক।

পাগলের প্রবেশ ও গান

তোরা যে যা বলিস ভাই
আমার সোনার হরিণ চাই।
সেই মনোহরণ চপল চরণ
সোনার হরিণ চাই।
সে যে চমকে বেড়ার দৃষ্টি এড়ার
বার না তারে বাঁধা,

#### রবীন্দ্র-রচনাবলী

নাগাল পেলে পালায় ঠেলে ভার लाशाय कार्य धीमा. ছুটব পিছে মিছে মিছে তবু পাই বা নাহি পাই আপন মনে মাঠে বনে আমি উধাও হয়ে ধাই ॥ পাবার জিনিস হাটে কিনিস তোৱা রাথিস ঘরে ভরে, যায় না পাওয়া তারি হাওয়া যাহা লাগল কেন মোরে ? যা ছিল তা দিলেম কোথা আমার যা নেই তারি ঝোঁকে. ফুরোয় পুঁজি, ভাবিস বৃঝি আমার মরি তাহার শোকে! আছি স্বংগ হাস্তমুগে 19.3 ত্বংখ আমার নাই।

আমি আপনমনে মাঠে বনে উধাও হয়ে ধাই॥

O

#### कूक्षवरनत्र बादत

ঠাকুরদা ও উৎসববালকগণ
ঠাকুরদা। ওরে দরজার কাছে এসেছি, এবার খুব কষে দরজার ঘা লাগা।
গান

আজি কমলমুকুলদল খুলিল !

ত্লিল রে ত্লিল

মানস-সরসে রস-পুলকে

পলকে পলকে ঢেউ তুলিল।

গগন মগন হল গক্ষে,
সমীরণ মৃহ্ছে আনন্দে,
গুন গুন গুলন ছন্দে
মধুকর বিরি বিরি বন্দে;
নিগিল ভূবন মন ভূলিল
মন ভূলিল রে
মন ভূলিল !

প্রশ্বান

#### অবন্তী কোশল কাঞ্চী প্রভৃতি রাজ্গণ

অবস্থী: এখানকার রাজা কি আমাদেরও দেখা দেবে না ?

কাঞী। এর রাজ্য করবার প্রণালী কী-রকম ? রাজার বনে উৎস্ব, সেধানেও সাধারণ লোকের কারও কোনো বাধা নেই ?

কোশল। আমাদের জন্মে সম্পূর্ণ স্বতন্ত জায়গা তৈরি করে রাপা উচিত ছিল। কাঞ্চী। জোর করে নিজেরা তৈরি করে নেব।

কোশল। এই সব দেখেই সন্দেহ হয় এখানে রাজা নেই একটা ফাঁকি চলে আসছে।

অবস্থী। ওহে তা হতে পারে কিন্তু এখানকার মহিষী স্থদর্শনা নিতাস্ত ফাঁকি নর। কোশুল। সেই লোভেই তো এসেছি। থিনি দেখা দেন না তাঁর জ্বস্তো আমার বিশেষ ঔংস্কা নেই, কিন্তু যিনি দেখবার যোগা তাঁকে না দেখে ফিরে গেলে ঠকতে হবে।

कांकी। এक हो किन्त प्रशाहे याक ना।

অবস্থী। ফন্দি জিনিস্টা খুব ভালো, যদি তার মধ্যে নিজে আটকা না পড়া যায়। কাঞ্চী। এ কী ব্যাপার। নিশেন উড়িয়ে এদিকে কে আসে ? এ কোণাকার রাজা ?

#### পদাতিকগণের প্রবেশ

কাঞ্চী। তোমাদের রাজা কোথাকার ? প্রথম পদাতিক। এই দেশের। তিনি আজ উৎসব করতে বেরিয়েছেন।

[ প্রস্থান

কোশল। এ কী কথা। এখানকার রাজা বেরিয়েছে!

অবস্তী। তাই তো তাহলে এঁকে দেখেই ফিরতে হবে—অন্ত দর্শনীয়টা রইল। কাফী। শোন কেন ? এখানে রাজা নেই বলেই যে-খুলি নির্ভাবনায় আপনাকে

রাজা বলে পরিচয় দেয়। দেখছ না, যেন সেজে এসেছে—অত্যন্ত বেশি সাজ।

অবস্তী। কিন্তু লোকটাকে দেখাচ্ছে ভালো, চোখ ভোলাবার মতো চেহারাটা আছে।

কাঞ্চী। চোথ ভূলতে পারে কিন্তু ভালো করে তাকালেই ভূল থাকে না। আমি তোমাদের সামনেই ওর ফাঁকি ধরে দিচ্ছি।

#### রাজবেশীর প্রবেশ

রাজবেশী। রাজগণ, স্বাগত। এধানে ভোমাদের অভার্থনার কোনো ক্রটি হয় নি তো ?

রাজগণ। (কপট বিনয়ে নমস্বার করিয়া) কিছু না।

কাঞী। যে অভাব ছিল তা মহারাজের দর্শনেই পূর্ণ হয়েছে।

রাজবেশী। আমি সাধারণের দর্শনীয় নই কিন্তু তোমরা আমার অম্বগত এই জন্য একবার দেখা দিতে এলুম।

কাঞ্চী। অমুগ্রহের এত আতিশযা দহা করা কঠিন।

রাজবেশী। আমি অধিকক্ষণ থাকব না।

কাঞ্চী। সেটা অমূভবেই ব্ঝেছি—বেশিক্ষণ স্থায়ী হবার ভাব দেখছি নে।

রাজবেশী। ইতিমধ্যে যদি কোনো প্রার্থনা পাকে-

কাঞ্চী। আছে বই কি। কিন্তু অফুচরদের সামনে জানাতে লব্দা বােধ করি।

রাজবেশী। (অমুবর্তীদের প্রতি) ক্ষণকালের জন্ম তোমরা দ্রে যাও। এইবার তোমাদের প্রার্থনা অসংকোচে জানাতে পার।

কাঞ্চী। অসংকোচেই জানাব—তোমারও যেন লেশমাত্র সংকোচ না হয়।

রাজবেশী। না, সে আশহা ক'রো না।

काकी। এम তবে—मांगिट माथा छेकिता आमात्मत প্রত্যেককে প্রণাম করে।

রাজবেশী। বোধ হচ্ছে আমার ভৃত্যগণ বারুণী মন্তটা রাজশিবিরে কিছু মৃক্ত হস্তেই বিতরণ করেছে।

কাঞ্চী। ভণ্ডরাজ, মদ যাকে বলে সেটা তোমার ভাগেই অতিমাত্রায় পড়েছে, সেই-জন্তেই এখন ধুলোয় লোটাবার অবস্থা হয়েছে।

রাজ্বেশী। রাজ্গণ, পরিহাসটা রাজোচিত নয়।

কাঞ্চী। পরিহাসের অধিকার যাদের আছে তারা নিকটেই প্রস্তুত আছে। সেনাপতি।

রাজবেশী। আর প্রয়োজন নেই। স্পষ্টই দেখতে পাচ্ছি আপনারা আমার প্রণম্য।
ন্মাণা আপনিই নত হচ্ছে, কোনো তীক্ষ উপারে তাকে ধুলায় টানবার দরকার হবে না।
আপনারা যখন আমাকে চিনেছেন তখন আমিও আপনাদের চিনে নিলুম। অতএব
এই আমার প্রণাম গ্রহণ করুন। যদি দয়া করে পালাতে দেন তাহলে বিলম্ব
করব না।

কাঞ্চী। পালাবে কেন? তোমাকেই আমরা এখানকার রাজা করে দিচ্ছি— পরিহাসটা শেষ করেই যাওরা যাক। দলবল কিছু আছে?

রাজবেশী। আছে। রাস্তার লোক যে দেখছে আমার পিছনে ছুটে আসছে। আরস্তে যখন আমার দল বেশি ছিল না তখন স্বাই আমাকে সন্দেহ করছিল—লোক যত বেড়ে গেল সন্দেহ ততই দূর হল। এখন ভিড়ের লোক নিজেদের ভিড় দেখেই মুগ্ধ হয়ে যাছে, আমাকে কোনো কট পেতে হছে না।

কাঞ্চী। বেশ কথা। এশন থেকে আমরা তোমার সাহায্য করব। কিন্তু তোমাকে আমাদেরও একটা কান্ধ করে দিতে হবে।

রাঞ্জবেশী। আপনাদের দত্ত আদেশ এবং মৃকুট আমি মাধার করে রাখব।
কাঞ্চী। আপাতত আর কিছু চাই নে, রানী স্থদর্শনাকে দেখতে চাই—সেইটে

वाक्रतनी। यथामाभा ८७ हो व क्रिंड इरव ना।

কাঞী। তোমার সাধ্যের উপর ভরসা নেই, আমাদের বৃদ্ধিমতো চলতে হবে। আচ্ছা এখন ভূমি কুল্লে প্রবেশ করে রাজ-আড়মরে উৎসব করে। গে।

[ রাজগণ ও রাজবেশীর প্রস্থান

#### ঠাকুরদা ও কুন্তের প্রবেশ

কৃষ্ণ। ঠাকুরদা, ভোমার কথা আমি তেমন বৃঝি নে কিন্তু তোমাকে বৃঝি। তা আমার রাজায় কাজ নেই, ভোমার পাছেই রয়ে গেলুম, কিন্তু ঠকলুম না তো ?

ঠাকুরদা। আমাকে নিয়েই যদি সম্পূর্ণ চলে তাহলে ঠকলি নে, আমার চেয়ে বেশি
যদি কিছু দরকার থাকে তাহলে ঠকলি বই কি।

কুন্ত। ঠাকুরদা, উৎসব শুরু হয়েছে, এবার ভিতরে চলো।
ঠাকুরদা। নারে, আগে ছারের কাজটা সেরে নিই, তার পরে ভিতরে। এখানে
১০—২৮

সকল আগস্ককের সঙ্গে একবার মিলে নিতে হবে। ওই আমার অকিঞ্নের দল আসছে।

অকিঞ্চনের দল। ঠাকুরদা, তোমাকে খুঁজে আজ আমাদের দেরি হয়ে গেল। ঠাকুরদা। আজ আমি ধারে, আজ আমাকে অক্ত জায়গায় খুঁজলে মিলবে কেন? প্রথম। তুমি যে আমাদের উৎসবের স্তধর।

ঠাকুরদা। তাই তো আমি ধারে।

দিতীয়। আজ তুমি বৃঝি এই কুম্ভ স্থধন মুষল তোষল এদের নিয়েই আছ ? দেশবিদেশের কত রাজা এল তাদের সঙ্গে পরিচয় করে নেবে না ?

ঠাকুরদা। ভাই এরা সব সরল লোক—চূপ করে কেবল এদের পাশে দাঁড়িয়ে থাকলেও এরা ভাবে এদের যেন কত সেবা করলুম, আর ধারা মন্তলোক তাদের কাছে মুণ্ডটাও যদি পসিয়ে দেওয়া যায় তারা মনে করে লোকটা বাজে জিনিস দিয়ে ঠিকিয়ে গেল।

প্রথম ৷ এখন চলো দাদা !

ঠাকুরদা। না ভাই, আজ আমার এইখানেই দাঁড়িয়ে দাঁড়িয়ে চলা। সকলের চলাচলেই আমার মন ছুটছে। তবে আর কি; এইবারে শুরু করা যাক।

সকলের গান
মোদের কিছু নাই রে নাই,
আমরা ঘরে-বাইরে গাই
তাই রে নাই রে নাই রে নাই রে না ।
যতই দিবস যায় রে যায়
গাই রে স্থপে হার রে হায়
তাই রে নাই রে নাই রে না ।
যারা সোনার চোরাবালির 'পরে
পাকা ঘরের ভিত্তি গড়ে
তাদের সামনে মোরা গান গেয়ে যাই
তাই রে নাই রে নাই রে না ।
যথন থেকে থেকে গাঁঠের পানে
গাঁঠকাটারা দৃষ্টি হানে,
তথন শৃক্ত ঝুলি দেখায়ে গাই
তাই রে নাই রে নাই রে না

যথন খারে আসে মরণ বৃড়ি,

মুখে ভাহার বাজাই ভূড়ি,

তথন তান দিয়ে গান জুড়ি রে ভাই

তাই রে নাই রে নাই রে না !

এ যে বসস্তরাজ এসেছে আজ বাইরে তাহার উজ্জ্বল সাজ,

ওরে অন্তরে তার বৈরাগী গায় তাই রে নাই রে নাই রে না।

সে যে উৎসবদিন চুকিয়ে দিয়ে ঝরিয়ে দিয়ে ভকিয়ে দিয়ে

ছুই বিক্ত হাতে তাল দিয়ে গায় তাই রে নাই রে নাই রে না ॥

[ প্রস্থান

#### একদল স্ত্রীলোকের প্রবেশ

श्रथमा। ठीक्तमा। ठीक्तमा। की ভाই।

প্রথমা ৷ আজ বসস্থ-পূর্ণিমার চাঁদের সঙ্গে মালা বদল করব এই পণ করে ঘর পেকে বেরিয়েছি ৷

ঠাকুরদা। কিন্তু পণ রক্ষা হওয়া কঠিন দেবছি।

দিতীয়া। কেন বলো তো ?

ঠাকুরদা। তোমাদের ঠাককনদিদি কেবল একধানিমাত্র মালা আমার গলায় পরিয়েছেন।

তৃতীয়া। দেখেছ, দেখেছ, ঠাকুরদার বিনম্নটা একবার দেখেছ ?

দিতীয়া ৷ হায় বে হায়, আকাশের চাঁদের এতদূর অধংপতন হল ?

ঠাকুরদা। যে ফাঁদ তোমরা পেতেছ, ধরা না দিয়ে বাঁচে কি করে ?

প্রথম। তবে তাই বলো, আমাদের ফাদের গুণ।

ঠাকুরদা। চাঁদেরও গুণ আছে, উপযুক্ত ফাদ দেখলে সে আপনি ধরা দেয়।

তৃতীয়া। আছে। ঠাককনদিদির হিসেবটা কী রকম ? আজ উৎসবের দিনে না হয় ছটো বেশি করেই মালা দিতেন। ঠাকুরদা। যতই দিতেন কুলোত না, সেইজন্মে আজ একটিমাত্র দিয়েছেন। একটির কোনো বালাই নেই।

দিতীয়া। ঠাকুরদা, তুমি দরজা ছেড়ে নড়বে না ? ঠাকুরদা। হাঁ ভাই, সকলকে এগিয়ে দেব, তার পর সব-শেষে আমি। প্রিলোকদের প্রস্থান

#### নাচের দলের প্রবেশ

ঠাকুরদা। আরে, এস এস।
প্রথম। আমাদের নটরাজ তৃমি, তোমাকে খুঁজে বেড়াচ্ছিলুম।
ঠাকুরদা। আমি দরজার কাছে খাড়া আছি, জানি এইখান দিয়েই স্বাইকে যেতে
হবে। তোমাদের দেখলেই পাতৃটো ছটফট করে। একবার নাচিয়ে দিয়ে যাও।

#### নৃত্য ও গীত

মম চিত্তে নিতি নৃত্যে কে যে নাচে
তাতা থৈপৈ তাতা থৈপৈ তাতা থৈপৈ ।
তারি সঙ্গে কী মুদক্ষে সদা বাজে
তাতা থৈপৈ তাতা থৈপৈ তাতা থৈপৈ ॥
হাসিকায়া হীরাপায়া দোলে ভালে,
কাপে ছলে ভালোমন্দ তালে তালে,
নাচে জয় নাচে মৃত্যু পাছে পাছে,
তাতা থৈপৈ তাতা থৈপৈ তাতা থৈপৈ ।
কী আনন্দ, কী আনন্দ,
দিবারাত্রি নাচে মৃক্তি নাচে বন্ধ,
সে তরকে ছটি রক্ষে পাছে পাছে
তাতা থৈপৈ তাতা থৈপৈ তাতা থৈপৈ ॥

ঠাকুরদা। যাও যাও ভাই, তোমরা নেচে বেড়াও গে, নাচিয়ে বেড়াও গে যাও।
[নাচের দলের প্রস্থান

#### নাগরিকদল

প্রথম। ঠাকুরদা, আমাদের রাজা নেই এ-কথা ছ-শবার বলব।
ঠাকুরদা। কেবলমাত্র ছ-শবার। এত কঠিন সংঘমের দরকার কী---পাচ-শবার
বলো না।

षिতীয়। ফাঁকি দিয়ে কডদিন তোমরা মামুষকে ভূলিয়ে রাধবে।

ঠাকুরদা। নিজেও ভূলেছি ভাই।

. তৃতীয়। আমরা চারিদিকে প্রচার করে বেড়াব আমাদের রাজা নেই।

ঠাকুরদা। কার সঙ্গে ঝগড়া করবে বলো ? তোমাদের রাজা তো কারও কানে ধরে বলছেন না আমি আছি। তিনি তো বলেন তোমরাই আছে, তাঁর সবই তো তোমাদেরই জন্মে।

প্রথম। এই তো আমরা রাস্তা দিয়ে চেঁচিয়ে যাচ্ছি রাজা নেই—যদি রাজা থাকে সেকী করতে পারে করুক না।

ठाकुत्रमा। किन्द्र कत्रत्व ना।

দিতীয়। আমার পাঁচশ বছরের ছেলেটা সাত দিনের জ্বরে মারা গেল। দেশে যদি ধর্মের রাজা থাকবে তবে কি এমন অকালমুত্য ঘটে।

ঠাকুরদা। ওরে তর্তো এখনো তোর হু ছেলে আছে—আমার যে একে একে পাঁচ ছেলে মারা গেল একটি বাকি রইল না।

তৃতীয়। তবে?

ঠাকুরদা। তবে কীরে? ছেলে তো গেলই তাই বলে কি ঝগড়া করে রাজাকেও হারাব? এমনি বোকা!

প্রথম। ঘরে যাদের আন্ন জোটে না তাদের আবার রাজা কিসের!

ঠাকুরদা। ঠিক বলেছিস ভাই। তা সেই আন্নরাজাকেই খুঁজে বের কর! ঘরে বসে হাহাকার করলেই তো তিনি দর্শন দেবেন না।

বিতীয়। আমাদের রাজার বিচারটা কী রকম দেখো না। ওই আমাদের ভদ্রসেন, রাজা বলতে সে একেবারে অজ্ঞান হয়ে পড়ে কিন্তু তার ঘরের এমন দশা যে চামচিকে-গুলোরও থাকবার কট্ট হয়।

ঠাকুরদা। আমার দশাটাই দেখুনা। রাজার দরজায় সমস্ত দিনই তো বাটছি আজ পর্যস্ত দুটো পয়সা পুরস্থার মিলল না।

তৃতীয়। তবে?

ঠাকুরদা। তবে কীরে? তাই নিয়েই তো আমার অহংকার। বন্ধুকে কি কেউ কোনো দিন পুরস্কার দেয়? তা যা ভাই আনন্দ করে বলে বেড়া গে রাজা নেই। আজ আমাদের নানা কুরের উৎসব—সব কুরুই ঠিক একতানে মিলবে।

#### গান

বসন্তে কি শুধু কেবল কোটা ফুলের মেলা রে ?
দেখিস নে কি শুকনো পাতা ঝরা ফুলের খেলা রে ।
যে তেউ ওঠে তারি স্থরে
বাজে কি গান সাগর জুড়ে ?
যে তেউ পড়ে তাহারো স্থর জাগছে সারা বেলা রে ।
বসন্তে আজ দেখু রে তোরা ঝরা ফুলের খেলা রে ।
আমার প্রভূব পারের তলে,
শুধুই কি রে মানিক জ্বলে ?
চরণে তাঁর লুটিয়ে কাঁদে লক্ষ মাটির ঢেলা রে ।
আমার শুকর আসন কাছে
স্থবোধ ছেলে ক-জন আছে,
অবোধ জনে কোল দিয়েছেন তাই আমি তাঁর চেলা রে ।
উৎস্বরাজ দেখেন চেয়ে ঝরা ফুলের খেলা রে ।

#### 8

# প্রাসাদ শিপর

# স্থদর্শনা ও দখী রোহিণী

স্মদর্শনা। ওলো রোহিণী, তুই আমার রাজাকে কি কগনো দেশিস নি ?

রোহিণী। শুনেছি প্রজারা সবাই দেখেছে কিন্তু চিনেছে খুব আর লোকে। সেইজপ্তে যখনই কাউকে দেখে মনটা চমকে ওঠে তথনই মনে করি, এই বৃথি হবে রাজা। আবার ছদিন পরে ভূগ ভাঙে।

স্থদর্শনা। ভূল তোরা করতে পারিস কিন্তু আমার ভূল হতে পারে না। আমি হলুম রানী। ওই তো আমার রাজাই বটে।

রোহিণী। তোমাকে তিনি কত মান দিয়েছেন, তিনি কি তোমাকে চেনাতে দেরি করতে পারেন ?

স্থদর্শনা। ওই মূর্তি দেখলেই চিত্ত যে আপনি গাঁচার পাণির মতো চঞ্চল হয়ে ওঠে। ওর কথা ভালো করে জিজ্ঞাস। করে এসেছিস তো ? রোহিণী। এসেছি বই কি। যাকে জিজ্ঞাসা করি সেই তো বলে রাজা।

স্দৰ্শনা। কোধাকার রাজা?

রোহিণী। আমাদেরই রাজা।

মুদর্শনা। ওই যার মাধায় ফুলের ছাতা ধরে আছে তার কণাই তো বলছিল ?

রোহিণী। হাঁ ওই যার পতাকার কিংক্তক আঁকা।

স্বদর্শনা। আমি তো দেখবামাত্রই চিনেছি বরঞ্চ তোর মনে সন্দেহ এসেছিল।

রোহিণী। আমাদের যে সাহস অ**ন্ন** তাই ভন্ন হয় কী জানি যদি ভূপ করি জবে অপরাধ হবে।

স্মদর্শনা। আহা যদি সুরশ্বমা থাকত তা হলে কোনো সংশয় থাকত না।

রোহিণী। সুরঙ্গমাই আমাদের সকলের চেয়ে সেয়ানা হল বৃঝি!

স্থদর্শনা। তা যা বলিস সে তাকে ঠিক চেনে।

রোহিণী। এ-কথা আমি কক্পনো মানব না। ও তার তান। বললেই হল চিনি, কেউ তো পরীক্ষা করে নিতে পারবে না। আমরা যদি ওর মতো নির্লক্ষ হতুম তাহলে অমন কথা আমাদেরও মূধে আটকাত না।

স্কুদর্শনা। না, না, সে তো বলে না কিছু।

রোহিণী। ভাব দেখায়। সে যে বলার চেয়ে আরও বেশি। কত ছলই যে জানে। ওইজ্ফাই তো আমাদের কেউ তাকে দেশতে পারে না।

স্মদর্শনা। যাই হ'ক সে ধাকলে একবার তাকে জিক্সাসা করে দেখতুম।

রোহিণী। সে তো কখনো কোখাও বেরোয় না,—আজ দেখি সে সাজসজ্জা করে উংসব করতে বেরিয়েছে। তার রন্ধ দেখে হেসে বাঁচি নে।

ञ्चर्मना। आद्य स श्रवृत हकूम जारे मा मास्याह।

রোহিণী। তা বেশ মহারানী, আমাদের কথার কাজ কী ? যদি ইচ্ছা করেন তাকেই তেকে আনি, তার মূখ থেকেই সন্দেহ ভঞ্জন হ'ক। তার ভাগ্য ভালো, রানীর কাছে রাজার পরিচয় সে-ই করিয়ে দেবে।

স্মদর্শনা। না, না, পরিচয় কাউকে করাতে হবে না—তব্ কথাটা সকলেরই মুখে ভনতে ইচ্ছে করে।

রোহিণী। সকলেই তো বলছে—ওই দেখো না তাঁর জন্মধনি এখান খেকে শোনা . যাচ্ছে।

স্পর্শনা। তবে এক কাজ কর্। পদ্মপাতার করে এই ফুলগুলি তাঁর হাতে দিয়ে আয় গে। রোহিণী। যদি জিজ্ঞাসা করেন কে দিলে ?

স্কর্শনা। তার কোনো উত্তর দিতে হবে না—তিনি ঠিক ব্রুতে পারবেন। তাঁর মনে ছিল আমি চিনতেই পারব না—ধরা পড়েছেন সেটা না জানিয়ে ছাড়ছিনে। (ফুল লইয়া রোহিণীর প্রস্থান) আমার মন আজ এমনি চঞ্চল হয়েছে—এমন' তো কোনোদিন হয় না। এই পূর্ণিমার আলো মদের ফেনার মতো চারিদিকে উপচিয়ে পড়ছে, আমাকে যেন মাতাল করে তুলেছে। ওগো বসন্ত, যে-সব ভীক্ব লাজুক ফুল পাতার আড়ালে গভীর রাত্রে কোটে, যেমন করে তাদের গন্ধ উড়িয়ে নিয়ে চলেছ তেমনি তুমি আমার মনকে হঠাং কোথায় উদাস করে দিলে, তাকে মাটতে পা ফেলতে দিলে না!—ওরে প্রতিহারী।

প্রতিহারী (প্রবেশ করিয়া)। কী মহারানী।

স্বদর্শনা। ওই যে আম্রবনের বীধিকার ভিতর দিয়ে উৎসব-বালকেরা আজ্ব গান গৈয়ে যাচ্ছে—ভাক ভাক ওদের ভেকে নিয়ে আয়—একটু গান শুনি। (প্রতিহারীর প্রস্থান) ভগবান চন্দ্রমা, আজ্ব আমার এই চঞ্চলতার উপরে তুমি যেন কেবলই কটাক্ষপাত করছ! তোমার মিত কোতৃকে সমস্ত আকাশ যেন ভরে গেছে—কোথাও আমার আর লুকোবার জায়গা নেই—আমি কেমন আপনার দিকে চেয়ে আপনি লঙ্কা পাচ্ছি! ভয় লঙ্কা স্থুপ হৃংপ সব মিলে আমার বুকের মধ্যে আজ্ব নৃত্য করছে। শরীরের রক্ত নাচছে, চারিদিকের জগৎ নাচছে, সমস্ত ঝাপসা ঠেকছে।

## বালকগণের প্রবেশ

এস, এস, তোমরা সব মৃতিমান কিশোর বসন্ত, ধরো তোমাদের গান ধরো। আমার সমস্ত শরীর মন গান গাইছে অথচ আমার কঠে ত্বর আসছে না। তোমরা আমার হয়ে গান গেয়ে যাও।

বালকগণের গান

বিরহ মধুর হল আঞ্জি
মধুরাতে।
গভীর রাগিণী উঠে বাজি
বেদনাতে।
ভরি দিয়া পূর্ণিমা নিশা
অধীর অদর্শন-ত্যা

কী কৰুণ মন্ত্ৰীচিকা আনে আধিপাতে!

**স্দ্**রের স্থা**ছ** ধারা বাযুভরে

পরানে আমার পথহারা

ঘুরে মরে !

কার বাণী কোন্ স্থরে তালে মর্মরে পল্লবজালে, বাজে মম মঞ্জীররাজি

সাবে সাবে 🛭

স্বদর্শনা। হয়েছে হয়েছে আর না। তোমাদের এই গান শুনে চোপে জল ভরে আসছে। আমার মনে হচ্ছে যা পাবার জিনিস তাকে হাতে পাবার জো নেই—তাকে হাতে পাবার দরকার নেই। এমনি করে খোঁজার মধ্যেই সমস্ত পাওয়া যেন স্থধাময় হয়ে আছে। কোন্ মাধুযের সন্ধ্যাসী তোমাদের এই গান শিবিয়ে দিয়েছে গো—ইচ্ছে করছে চোপে-দেশা কানে-শোনা ঘুচিয়ে দিই— হদয়ের ভিতরটাতে যে গহনপথের কুঞ্জবন আছে সেইগানকার ছায়ার মধ্যে উদাস হয়ে চলে যাই। ওলো কুমার তাপসগণ, তোমাদের আমি কী দেব বলো। আমার গলায় এ কেবল রয়ের মালা—এ কঠিন হার তোমাদের বঠে পীড়া দেবে—ভোমরা যে ফুলের মালা পরেছ ওর মতো কিছুই আমার কাছে নেই।

#### রোহিণীর প্রবেশ

সদর্শনা। ভালো করি নি, ভালো করি নি রোহিণী। তোর কাছে সমন্ত বিবরণ শুনতে আমার লক্ষা করছে। এইমাত্র হঠাং বৃষ্তে পেরেছি, যা সকলের চেয়ে বড়ো পাওয়া তা ছুঁয়ে পাওয়া নয়, তেমনি যা সকলের চেয়ে বড়ো দেওয়া তা হাতে করে দেওয়া নয়। তবু বল কী হল বল!

রোহিণী। আমি তো রাজার হাতে ফুল দিলুম কিন্তু তিনি যে কিছু বুঝলেন এমন তোমনে হল না।

স্দৰ্শনা। বলিস কী ? তিনি বুঝতে পারলেন না ?

রোহিণী। না, তিনি অবাক হয়ে চেয়ে পুতৃলটির মতো বসে রইলেন। কিছু
ব্রলেন না এইটে পাছে ধরা পড়ে সেইজন্মে একটি কথা কইলেন না।

স্ফর্শনা। ছি ছি জামার যেমন প্রগল্ভতা তেমনি শান্তি হয়েছে। তুই আমার ফুল ফিরিয়ে আনলি নে কেন ?

রোহিণী। ফিরিয়ে আনব কী করে ? পাশে ছিলেন কাঞ্চীর রাজা, তিনি খ্ব চত্র—চকিতে সমস্ত ব্যতে পারলেন—মূচকে হেসে বললেন, মহারাজ, মহিবী স্মদর্শনা আজ বসস্ত-সধার প্জার প্শে মহারাজের অভ্যর্থনা করছেন। শুনে হঠাৎ তিনি সচেতন হয়ে উঠে বলুলেন, আমার রাজসন্মান পরিপূর্ণ হল। আমি লচ্জিত হয়ে ফিরে আসছিল্ম এমন সময়ে কাঞ্চীর রাজা মহারাজের গলা থেকে স্বহন্তে এই মৃক্তার মালাটি খুলে নিয়ে আমাকে বললেন, সধী, তুমি যে সৌভাগ্য বহন করে এনেছ তার কাছে পরাভব স্বীকার করে মহারাজের কঠেব মালা তোমার হাতে আত্মসমর্পণ করছে।

স্বদর্শনা। কাঞ্চীর রাজ্ঞাকে ব্ঝিয়ে দিতে হল ? আজকের পূর্ণিমার উৎসব আমার অপমান একেবারে উদ্ঘাটিত করে দিলে। তা হ'ক, যা তুই যা, আমি একটু একলা থাকতে চাই। (রোহিণীর প্রস্থান) আজ এমন করে আমার দর্প চূর্ হয়েছে তবু সেই মোহন রূপের কাছ থেকে মন কেরাতে পারছি নে। অভিমান আর রইল না—পরাভব, সর্বত্রই পরাভব—বিমুধ হয়ে থাকব সে-শক্তিটুকুও নেই। কেবল ইচ্ছে করছে ওই মালাটা রোহিণীর কাছ থেকে চেয়ে নিই। কিন্তু ও কী মনে করবে। রোহিণী।

রোহিণী। (প্রবেশ করিয়া) কী মহারানী।

স্মদর্শনা। আজকের ব্যাপারে তুই কি পুরস্কার পাবার যোগা ?

রোহিণী। তোমার কাছে না হ'ক যিনি দিয়েছেন তাঁর কাছ থেকে পেতে পারি।

স্থদর্শনা। না, না, ওকে দেওয়া বলে না ও জোর করে নেওয়া।

রোহিণী। তবু, রাজকণ্ঠের অনাদরের মালাকেও অনাদর করি এমন স্পধা আমার নয়।

স্দর্শনা। এ অবজ্ঞার মালা তোর গলায় দেখতে আমার ভালো লাগছে না। দে ওটা খুলে দে। ওর বদলে আমার হাতের কহণটা তোকে দিলুম— এই নিয়ে তুই চলে যা। (রোহিণীর প্রস্থান ) হার হল, আমার হার হল। এ মালা ছুঁড়ে কেলে দেওয়া উচিত ছিল—পারলুম না। এ যে কাঁটার মালার মতো আমার আঙুলে বিঁধছে তবু ত্যাগ করতে পারলুম না। উৎসব-দেবতার হাত থেকে এই কি আমি পেলুম—এই অগোরবের মালা।

Č

# কুঞ্জদার '

# ঠাকুরদা ও একদল লোক

ঠাকুরদা। কী ভাই, হল তোমাদের ?

প্রথম। খুব হল ঠাকুরদা। এই দেশোনা একেবারে লালে লাল করে দিয়েছে। কেউ বাকি নেই।

ठेक्किन। विनम की। बाब्बाक्टलांटक क्षम बाह्दिवरह ना कि ?

দিতীয়। ওরে বাস রে। কাছে মেঁবে কে। তারা সব বেড়ার মধ্যে পাড়া হয়ে বইল।

ঠাকুরদা। হায় হায় বড়ো ফাঁকিতে পড়েছে। একটুও রং ধরাতে পারলি নে ? জোর করে চুকে পড়তে হয়।

তৃতীয়। ও দাদা, তাদের রাঙা, সে আর এক রঙের। তাদের চক্ষ্ রাঙা, তাদের পাইকগুলোর পাগড়ি রাঙা, তার উপরে বোলা তলোয়ারের যে রকম ভঙ্গি দেখলুম একটু কাছে ঘেঁষলেই একেবারে চরম রাঙা রাঙিষে দিত।

ঠাক্রদা। বেশ করেছিস থেঁবিস নি। পৃথিবীতে ওদের নির্বাসনদও—ওদের ভুসাতে রেপে চলভেই হবে। এখন বাড়ি চলেছিস বৃঝি ?

দিতীয়। ইা দাদা, রাত তো আড়াই পহর হয়ে গেল। ত্মি যে ভিতরে গেলে না? ঠাকুরদা। এখনও ডাক পড়ল না—বারেই আছি।

তৃতীয়। তোমার শস্তু-সুধনরা সব গেল কোপায়?

ঠাকুরদা। তাদের ঘুম পেয়ে গেল—ভতে গেছে।

প্রথম। তারা কি তোমার সঙ্গে অমন ধাড়া জাগতে পারে?

প্রস্থান

# বাউলের দল

যা ছিল কালো ধলো
তোমার রঙে রঙে রাঙা হল।
যেমন রাঙাবরন তোমার চরণ
তার সনে আর ভেদ না র'ল।

রাঙা হল বসন ভূষণ, রাঙা হল শয়ন স্বপন, মন হ'ল কেমন দেখ ্রে, যেমন রাঙা কমল টলমল।

ঠাকুরদা। বেশ ভাই বেশ—খুব খেলা জমেছিল ? বাউল। খুব খুব। সব লালে লাল। কেবল আকাশের চাঁদটাই ফাঁকি দিয়েছে—সাদাই বয়ে গেল।

ঠাকুরদা। বাইরে থেকে দেখাচ্ছে যেন বড়ো ভালোমামুষ। ওর সাদা চাদরটা থুলে দেখতিস যদি তাহলে ওর বিছো ধরা পড়ত। চুপি চুপি ও যে আজ কত রং ছড়িয়েছে এখানে দাঁড়িয়ে সব দেখেছি। অথচ ও নিজে কি এমনি সাদাই থেকে যাবে ?

গান

আহা, তোমার সঙ্গে প্রাণের খেল। প্রিয় আমার ওগো প্রিয়।

বড়ো উতলা আজ পরান আমার

খেলাতে হার মানবে কি ও ?

কেবল তুমিই কি গো এমনি ভাবে

রাঙিয়ে মোরে পালিয়ে যাবে ?

তুমি সাধ করে নাপ ধরা দিয়ে

আমারো রং বক্ষে নিয়ো—

এই স্বংকমলের রাধ্য রেণু রাধ্যকে ঐ উত্তরীয়।

্ৰিস্থান

### ন্ত্রীলোকদের প্রবেশ

প্রথমা। ওমা, ওমা, বেধানে দেখে গিয়েছিলুম সেইপানেই দাঁড়িয়ে আছে গো।
দিতীয়া। আমাদের বসন্তপ্রিমার চাঁদ, এত রাত হল তব্ একটুও পশ্চিমের দিকে
হেলল না।

প্রথমা। আমাদের অচঞ্চল চাঁদটি কার জন্মে পথ চেয়ে আছে ভাই ?

ঠাকুরদা। যে তাকে পথে বের করবে তারই জন্তে।

তৃতীয়া। ঘর ছেড়ে এবার পপের মাহ্র খুঁজবে বৃঝি ?

ঠাকুরদা। হা ভাই, সর্বনাশের জ্বন্তে মন-কেমন করছে।

গান

আমার সকল নিমে বসে আছি
সর্বনাশের আশায়।
আমি তার লাগি পথ চেয়ে আছি
পথে যে-জন ভাসায়।

দিতীয়া। আমাদের তো পথে ভাসাবার শক্তি নেই, পথ ছেড়ে দিয়ে যাওরাই ভালো। ধরা যে দেবে না তার কাছে ধরা দিয়ে লাভ কী। ঠাকুরদা। তার কাছে ধরা দিলে ধরা-দেওয়াও যা, ছাড়া-পাওয়াও তা।

त्य जन राष्ट्र ना राष्ट्र यात्र त्य राष्ट्र भ,

ভালোবাসে আড়াল পেকে,

আমার মন মজেছে সেই গভীরের

গোপন ভালোবাসায়॥ [ স্ত্রীলোকদের প্রস্থান

নাচের দলের প্রবেশ

ঠাকুরদা। ও ভাই, রাভ ভো অর্ধেকের বেশি পার হয়ে এল কিস্কু মনের মাতন এপনও যে পামতে ঢাইছে না—ভোরা তো বাড়ি চলেছিস ভোদের শেষ নাচটা নাচিয়ে দিয়ে যা।

গান

আমার ঘুর লেগেছে— তাধিন তাধিন

ভোমার পিছন পিছন নেচে নেচে

ঘুর লেগেছে তাধিন তাধিন।

তোমার তালে আমার চরণ চলে

ভনতে না পাই কে কী বলে

তাধিন তাধিন---

তোমার গানে আমার প্রাণে যে কোন্

পাগল ছিল সেই জেগেছে

তাধিন তাধিন।

আমার লাজের বাঁধন সাজের বাঁধন ধসে গেল ভজন সাধন,

তাধিন তাধিন-

# বিষম নাচের বেগে দোলা লেগে ভাবনা যত সব ভেগেচে

তাধিন তাধিন।

িনাচের দলের প্রস্থান \*

#### স্থরক্ষমার প্রবেশ

স্বরন্মা। এতক্ষণ কী করছিলে ঠাকুরদা?

ঠাকুরদা। খারের কাব্দে ছিলুম।

ঠাকুরদা। এবার তবে ভিতরে চলি।

সুরঙ্গমা। কোন্থানে বাঁশি বাজছে এবার বাতাসে কান দিলে বোঝা যাবে।

ঠাকুরদা। সবাই যখন নিজের তালপাতার ভেঁপু বাজাচ্ছিল তখন বিষম গোল।

স্থরঙ্গমা। উৎসবে ভেঁপুর ব্যবস্থা তিনিই করে রেখেছেন।

ঠাকুরদা। তাঁর বাঁশি কারও বাজনা ছাপিয়ে ওঠে না, তা না হলে লচ্জায় আর সকলের তান বন্ধ হয়ে যেত।

স্থাক্ষা। দেখো ঠাকুরদা, আজ এই উৎসবের ভিতরে ভিতরে কেবলই আমার মনে হচ্ছে রাজা আমাকে এবার হৃঃধ দেবেন।

ঠাকুরদা। দুঃখ দেবেন!

স্থ্যসমা। হাঁ ঠাকুরদা। এবার আমাকে দূরে পাঠিয়ে দেবেন, অনেক দিন কাছে আছি সে তাঁর সইছে না।

ঠাকুরদা। এবার তবে কাঁটাবনের পার থেকে তোমাকে দিয়ে পারিজাত তুলিয়ে আনাবেন। সেই তুর্গমের ধবরটা আমরা যেন পাই ভাই।

স্বক্ষা। তোমার নাকি কোনো ববর পেতে বাকি আছে ? রাজার কাজে কোন্ প্রদাতেই বা তুমি না চলেছ ? হঠাং নতুন হকুম এলে আমাদেরই পথ খুঁজে বেড়াতে হয়।

গান

পূষ্প ফুটে কোন্ কুঞ্জবনে কোন্ নিভূতে রে কোন্ গহনে।

মাতিল আকুল দক্ষিণ বায়ু

সৌরভ-চঞ্চল সঞ্চরণে কোন্ নিভূতে রে কোন গহনে ॥

# কাটিল ক্লান্ত বসন্ত-নিশা বাহির-অন্ধন-সন্ধী সনে।

#### উংসবরাজ কোখার বিরাজে

কে লয়ে যাবে সে ভবনে— কোন্ নিভূতে রে কোন্ গছনে । [ সুরন্ধমার প্রস্থান

# রাজবেশী ও কাঞ্চীরাব্দের প্রবেশ

কাঞ্চী। তোমাকে যেমন পরামর্শ দিয়েছি ঠিক সেইরকম ক'রো। ভূল না হয়। রাজবেশী। ভূল হবে না।

কাঞ্চী। করভোভানের মধ্যেই রানীর প্রাসাদ।

রাজবেশী। হা মহারাজ, সে আমি দেখে নিয়েছি।

কাঞ্চী। সেই উন্ধানে আগুন লাগিয়ে দেবে—ভার পরে অগ্নিদাহের গোলমালের মধ্যে কার্যদিদ্ধি করতে হবে।

রাজবেশী। কিছু অক্তপা হবে না।

কাঞ্চী। দেখোহে ভওরাজ, আমার কেবলই মনে হচ্ছে আমরা মিধ্যে ভয়ে ভয়ে চলছি, এ-দেশে রাজা নেই।

রাজবেশী। সেই অরাজকতা দূর করবার অক্টেই তো আমার চেষ্টা। সাধারণ লোকের জন্মে সত্য হ'ক মিধ্যে হ'ক একটা রাজা চাই-ই, নইলে অনিষ্ট ঘটে।

কাঞী। হে সাধু, লোকহিতের জন্মে তোমার এই আশ্চর্য ত্যাগন্ধীকার আমাদের সকলেরই পক্ষে একটা দৃষ্টান্ত। ভাবছি যে এই হিতকার্যটা নিজেই করব। (সহসা ঠাকুরদাকে দেশিয়া) কে হে কে তুমি ? কোবায় লুকিয়ে ছিলে ?

ঠাকুরদা। লুকিয়ে থাকি নি। অভান্ত ক্স বলে আপনাদের চোধে পড়ি নি।

রাজ্বেশী। ইনি এ-দেশের রাজাকে নিজের বন্ধু বলে পরিচয় দেন, নিবোধের। বিশাস করে।

ঠাকুরদা। বৃদ্ধিমানদের কিছুতেই সন্দেহ ঘোচে না, তাই নির্বোধ নিয়েই আমাদের কারবার।

কাঞী। তুমি আমাদের সব কথা ওনেছ ?

ঠাকুরদা। আপনারা আগুন লাগাবার পরামর্শ করছিলেন।

काकी । जूमि जामात्मत्र वनी, हत्ना निविद्य ।

ঠাকুরদা। আৰু তবে বৃঝি এমনি করেই তলব পড়ল ?

কাঞ্চী। বিড় বিড় করে বকছ কী ?

ঠাকুরদা। আমি বলছি, দেশের টান কাটিয়ে কিছুতেই নড়তে পারছিলেম না, তাই বুঝি ভিতর-মহলে টেনে নিয়ে যাবার জন্মে মনিবের পেয়াদা এল।

কাঞী। লোকটা পাগল না কি ?

बार्क्यवनी। अब कथा जाबि এলোমেলো—বোঝাই যায় না।

কাঞ্চী। কথা যত কম বোঝা যায় অব্ঝরা ততই ভক্তি করে। কিন্তু আমাদের কাছে যে ফন্দি থাটবে না। আমরা স্পষ্ট কথার কারবারি।

ঠাকুরদা। যে আজ্ঞে মহারাজ, চুপ করলুম।

#### 9

#### করভোগ্যান

রোহিণী। ব্যাপারথানা কী। কিছু তো বৃঝতে পারছি নে। (মালীদের প্রতি) তোরা সব তাড়াতাড়ি কোপায় চলেছিস ?

প্রথম মালী। আমরা বাইরে যাচ্ছি।

রোহিণী। বাইরে কোপায় যাচ্ছিদ ?

বিতীয় মালী। তা জানি নে, আমাদের রাজা ভেকেছে।

রোহিণী। রাজা তো বাগানেই আছে। কোন রাজা ?

প্রথম মালী। বলতে পারি নে।

দ্বিতীয় মালী। চিরদিন যে-রাজার কাজ করছি সেই রাজা।

রোহিণী। তোরা সবাই চলে যাবি ?

প্রথম মালী। হাঁ সবাই যাব, এখনই যেতে হবে। নইলে বিপদে পড়ব। প্রস্থান রোহিণী। এরা কী বলে ব্রতে পারি নে—ভয় করছে। যে নদীর পাড়ি ভেঙে পড়বে সেই পাড়ি ছেড়ে যেমন জন্তরা পালায় এই বাগান ছেড়ে তেমনি স্বাই পালিয়ে যাচেছ।

#### কোশলরাজের প্রবেশ

কোশল। রোহিণী, তোমাদের রাজা এবং কাঞ্চীরাজ্ব কোথায় গেল জান ? রোহিণী। তাঁরা এই বাগানেই আছেন কিন্তু কোথায় কিছুই জানি নে। কোশল। তাদের মন্ত্রণাটা ঠিক ব্ঝতে পারছি নে। কাঞ্চীরাঞ্চকে বিশ্বাস করে ভালো করি নি।

রোহিণী। রাজাদের মধ্যে কী একটা ব্যাপার চলছে! শীব্র একটা তুর্দৈব ঘটবে। আমাকে স্থন্ধ জড়াবে না তো ?

অবস্তীরাজ ( প্রবেশ করিয়া )। রোহিণী, রাজারা সব কোথাই গেল জান ?

রোহিণী। তাঁরা কে কোপায় তার ঠিকানা করা শক্ত। এইমাত্র কোশগরাজ এগানে ছিলেন।

অবস্তী। কোশলরাজের জন্তে ভাবনা নেই। তোমাদের রাজা এবং কাঞ্চীরাজ কোণায় ?

রোহিণী। অনেকক্ষণ তাঁদের দেশি নি।

অবস্তী। কাঞ্চীরাজ কেবলই আমাদের এড়িয়ে এড়িয়ে বেড়াচ্ছে। নিশ্চয় ফাঁকি দেবে। এর মধ্যে থেকে ভালো করি নি। সধী, এ বাগান থেকে বেরোবার প্রথটা কোথায় জান ?

রোহিণী। আমি তো জানি নে।

অবস্তী। দেখিয়ে দিতে পারে এমন কোনো লোক নেই ?

রোহিণী। মালীরা সব বাগান ছেড়ে গেছে।

অবস্তী। কেন গেল ?

রোহিণী। তাদের কথা ভালো বৃষ্ণতে পারলুম না। তারা বললে বাজা তাদের শীঘ্র বাগান ছেডে যেতে বলেছেন।

অবস্তী: রাজা! কোন রাজা!

রোহিণী। তারা স্পষ্ট করে বলতে পারলে না।

অবস্তী। এ তো ভালো কথা নয়। যেমন করেই হ'ক এগান থেকে বেরোবার পণ খুঁজে বের করতেই হবে। আর এক মুহুর্ত এগানে নয়। [ ফ্রন্ড প্রস্থান

রোহিণী। চিরদিন তো এই বাগানেই আছি কিন্তু আজ মনে হচ্ছে যেন বাঁধা পড়ে গেছি, বেরিয়ে পড়তে না পারলে নিছতি নেই। রাজাকে দেখতে পেলে যে বাঁচি। পরও যথন তাঁকে রানীর ফুল দিলুম তখন তিনি তো একরকম আত্মবিশ্বত ছিলেন—তার পর থেকে তিনি আমাকে কেবলই পুরস্কার দিচ্ছেন। এই অকারণ পুরস্কারে আমার ভয় আরও বাড়ছে। এত রাতে পাখিরা সব কোথায় উড়ে চলেছে? এরা হঠাং এমন ভয় পেল কেন? এখন তো এদের ওড়বার সময় নয়। রানীর পোষা হরিণী ওদিকে দৌড়ল কোথায়? চপলা, চপলা। আমার ডাক শুনলই না। এমন তো কখনোই হয়

না। চারদিকের দিগন্ত মাতালের চোধের মত হঠাং লাল হয়ে উঠেছে। যেন চারদিকেই অকালে স্থান্ত হচ্ছে। বিধাতার এ কী উন্মন্ততা আজ। ভয় হচ্ছে। রাজার দেখা কোথায় পাই।

#### ٩

# রানীর প্রাদাদদার

রাজবেশী। এ কী কাণ্ড করেছ কাঞ্চীরাজ?

কাঞ্চী। আমি কেবল এই প্রাসাদের কাছটাতেই আগুন ধরাতে চেয়েছিলুম, সে আগুন যে এত শীঘ্র এমন চারদিকে ধরে উঠবে সে তো আমি মনেও করি নি। এ বাগান থেকে বেরোবার পথ কোথায় শীঘ্র বলে দাও।

রাজবেশী। পথ কোধার আমি তে। কিছুই জানি নে। যারা আমাদের এগানে এনেছিল তাদের একজনকেও দেখছি নে।

কাঞ্চী। তুমি তো এ-দেশের লোক—পথ নিশ্চয় জান। রাজবেশী। অন্তঃপুরের বাগানে কোনোদিনই প্রবেশ করি নি।

কাঞ্চী। সে আমি বুঝি নে, তোমাকে পথ বলতেই হবে, নইলে ভোমাকে ছু-টুকরো করে কেটে ফেলব।

রাজ্বেশী। তাতে প্রাণ বেরোবে, পথ বেরোবার কোনো উপায় হবে না। কাঞী। তবে কেন বলে বেড়াচ্ছিলে তুমিই এখানকার রাজা ?

রাজবেশী। আমি রাজা না, রাজা না। (মাটিতে পড়িয়া জ্বোড়করে) কোধায় আমার রাজা, রক্ষা করো। আমি পাপিষ্ঠ, আমাকে রক্ষা করো। আমি বিলোহী, আমাকে দণ্ড দাও, কিন্তু রক্ষা করো।

কাঞ্চী। অমন শৃত্যতার কাছে চীংকার করে লাভ কী। তত্তক্ষণ পথ বের করবার চেষ্টা করা যাক।

রাজবেশী। আমি এইখানেই পড়ে রইলুম—আমার যা হবার তাই হবে।
কাঞ্চী। সে হবে না। পুড়ে মরি তো একলা মরব না—তোমাকে সঙ্গী নেব।
নেপথা হইতে। রক্ষা করো রাজা রক্ষা করো। চারদিকে আগুন।
কাঞ্চী। মৃচ্ ওঠ্ আর দেরি না।
স্মদর্শনা (প্রবেশ করিয়া)। রাজা, রক্ষা করো। আগুনে দিরেছে।

वाक्रतिना (काशाव दाका ? आभि वाका नहे।

সুদর্শনা। তুমি রাজা নও?

রাজবেশী। আমি ভণ্ড, আমি পাষ্ঠ। (মৃক্ট মাটিতে কেলিরা) আমার ছলনা ধূলিসাং হ'ক। তিনাজীরাজের সহিত প্রস্থান

স্পর্শনা। রাজা নয় ? এ রাজা নয় ? তবে ভগবান হতাশন, দয় করো আমাকে; আমি তোমারই হাতে আত্মসমর্পণ করব—হে পাবন, আমার লক্ষা, আমার বাসনা, পুড়িয়ে ছাই করে ফেলো।

রোহিণী (প্রবেশ করিয়া)। রানী, ওদিকে কোধায় যাও। তোমার অস্থঃপুরের চারদিকে আগুন ধরে গেছে, ওর মধ্যে প্রবেশ ক'রো না।

স্থদর্শনা। আমি তারই মধ্যে প্রবেশ করব। এ আমারই মরবারই আগুন।
 প্রাসাদে প্রবেশ

#### ъ

# অন্ধকার কক

রাঞ্চা। ভয় নেই তোমার ভয় নেই। আগুন এ-ঘরে এসে পৌছোবে না ।
স্ফার্শনা। ভয় আমার নেই—কিন্তু লক্ষা! লক্ষা যে আগুনের মতো আমার সঙ্গে
সঙ্গে এসেছে। আমার মুখ-চোখ আমার সমন্ত হৃদরটাকে রাঙা করে রেগেছে।

রাজা। এ দাহ মিটতে সমর লাগবে।

श्रुष्ट्या । कारनाषिन मिछेरव ना, कारनाषिन मिछेरव ना ।

রাজা। হতাশ হ'য়োনা রানী।

স্থদর্শনা। তোমার কাছে মিধ্যা বলব না রাজা—আমি আর-এক জনের মালা গলায় পরেছি।

রাজা। ও মালাও যে আমার, নইলে সে-পাবে কোথা থেকে ? সে আমার ঘর থেকে চুরি করে এনেছে।

স্পর্শনা। কিন্তু এ যে তারই হাতের দেওয়। তবু তো তাাগ করতে পারলুম না। যখন চারদিকে আগুন আমার কাছে এগিয়ে এল তখন একবার মনে করলুম এই মালাটা আগুনে কেলে দিই। কিন্তু পারলুম না। আমার পাপিষ্ঠ মন বললে, ওই হার গলায় নিয়ে পুড়ে মরব। আমি তোমাকে বাইরে দেখব বলে পতক্ষের মতো এ কোনু আগুনে ঝাপ দিলুম। আমিও মরি নে, আগুনও নেবে না, এ কী জালা।

রাজা। তোমার সাধ তো মিটেছে, আমাকে তো আজ দেখে নিলে।

স্থদর্শনা। আমি কি তোমাকে এমন সর্বনাশের মধ্যে দেখতে চেয়েছিলুম ? কী দেখলুম জানি নে, কিন্তু বুকের মধ্যে এখনও কাঁপছে।

রাজা। -কেমন দেখলে রানী ?

স্বদর্শনা। ভয়ানক, সে ভয়ানক। সে আমার শ্বরণ করতেও ভয় ৼয়।
কালো, কালো, তৃমি কালো। আমি কেবল মৃহুর্তের জ্বস্তে চেয়েছিলুম। তোমার
মৃথের উপর আগুনের আভা লেগেছিল—আমার মনে হল ধ্মকেতৃ য়ে-আকাশে
উঠেছে সেই আকাশের মতো তৃমি কালো—তথনই চোধ বৃজে ফেললুম, আর চাইতে
পারলুম না। ঝড়ের মেঘের মতো কালো—ক্লশ্ন্ত সমৃদ্রের মতো কালো, তারই
তৃফানের উপরে সন্ধার রক্তিমা।

রাজা। আমি তো তোমাকে পূর্বেই বলেছি যে-লোক আগে থাকতে প্রস্তুত না হয়েছে সে যথন আমাকে হঠাং দেখে সইতে পারে না—আমাকে বিপদ বলে মনে করে আমার কাছ থেকে উর্ধেখাসে পালাতে চায়। এমন কতবার দেখেছি। সেইজত্তে সেই হৃথে থেকে বাঁচিয়ে ক্রমে ক্রমে তোমার কাছে পরিচয় দিতে চেয়েছিলুম।

স্থদর্শনা। কিন্তু পাপ এসে সমস্ত ভেঙে দিলে—এখন আর যে তোমার সঙ্গে তেমন করে পরিচয় হতে পারবে তা মনে করতেও পারি নে।

রাজা। হবে রানী হবে। যে-কালো দেখে আজ তোমার বুক কেঁপে গেছে সেই কালোতেই একদিন তোমার হৃদয় স্নিগ্ধ হয়ে যাবে। নইলে আমার ভালোবাস। কিসের ?

গান

আমি রূপে ভোমায় ভোলাব না

ভালোবাসায় ভোলাব।

আমি হাত দিয়ে দার খুলব না গো

গান দিয়ে দ্বার খোলাব।

ভরাব না ভূষণ-ভারে

সাজাব না ফুলের হারে

সোহাগ আমার মালা করে

গলায় তোমার পরাব।

জানবে না কেউ কোন্ তৃকানে তর্মদল নাচবে প্রাণে, চাঁদের মত অলথ টানে জোয়ারে ঢেউ তোলাব।

স্মূদ্না। হবে না, হবে না, শুধু তোমার ভালোবাসায় কী হবে। আমার ভালোবাসা। যে মৃধ ফিরিয়েছে। রূপের নেশা আমাকে লেগেছে—সে নেশা আমাকে ছাড়বে না, সে যেন আমার তুই চক্ষে আগুন লাগিয়ে দিয়েছে, আমার স্বপনস্থ ঝল্মল করছে। এই আমি ভোমাকে সব কপা বললুম এখন আমাকে শান্তি দাও।

রাজা। শান্তি শুরু হয়েছে।

কুদর্শনা। কিন্তু তুমি যদি আমাকে ত্যাগ না কর আমি তোমাকে ত্যাগ করব। রাজা। যতদূর সাধ্য চেষ্টা করে দেপো।

স্থাদর্শনা। কিছু চেষ্টা করতে হবে না—তোমাকে আমি সইতে পারছি নে। ভিতরে ভিতরে তোমার উপর রাগ হচ্ছে। কেন তৃমি আমাকে—জানি নে আমাকে তৃমি কী করেছ। কিছু কেন তৃমি এমনতরো? কেন আমাকে লোকে বলেছিল তৃমি স্থানর? তৃমি যে কালো, কালো, তোমাকে আমার কখনো ভালো লাগবে না। আমি যা ভালোবাসি তা আমি দেখেছি—তা ননির মতো কোমল, শিরীব ফুলের মতো স্থাকুমার, তা প্রজ্ঞাপতির মতো স্থানর।

রাজা। তা মরীচিকার মতো মিথাা এবং বুদ্রুদের মতো শৃতা।

স্মূদর্শনা। তা হ'ক কিন্তু আমি পারছি নে, তোমার কাছে দাঁড়াতে পারছি নে! আমাকে এখান থেকে থেতেই হবে। তোমার সঙ্গে মিলন সে আমার পক্ষে একেবারেই অসম্ভব। সে-মিলন মিখা। হবে, আমার মন অন্তদিকে থাবে।

রাজা। একটুও চেষ্টা করবে না?

স্কুদর্শনা। কাল থেকে চেষ্টা করছি—কিন্তু যতই চেষ্টা করছি ততই মন আরও বিদ্রোহী হয়ে দাঁড়াচ্ছে। আমি অগুচি, আমি অসতী, তোমার কাছে থাকলে এই ঘুণা কেবলই আমাকে আঘাত করবে। তাই আমার ইচ্ছে করছে দ্রে চলে যাই—এত দ্রে যাই যেখানে তোমাকে আমার আর মনে আনতে হবে না।

রাজা। আচ্ছা তুমি যতদুরে পার ততদুরেই চলে যাও।

স্মর্শনা। তুমি হাত দিয়ে পথ আটকাও না বলেই তোমার কাছ থেকে পালাতে মনে এত দ্বিধা হয়। তুমি কেশের গুচ্ছ ধরে জোর করে আমাকে টেনে রেখে দাও না কেন ? তুমি আমাকে মার না কেন ? মারো, মারো, আমাকে মারো। তুমি আমাকে কিছু বলচ না সেইজন্মেই আরও অসহ বোধ হচ্ছে।

রাজা। কিছু বলছি নে কে তোমাকে বললে ?

স্কর্দনা। অমন করে নয়, অমন করে নয়, চীংকার করে বলো, বজ্রগর্জনে বলো— আমার কান থেকে অক্স সকল কথা ভূবিয়ে দিয়ে বলো—আমাকে এত সহজে ছেড়ে দিয়ো না, যেতে দিয়ো না।

রাজা। ছেড়ে দেব কিন্তু যেতে দেব কেন ? স্মদর্শনা। যেতে দেবে না? আমি যাবই। গ্রাজা। আচ্চা যাও।

স্থদর্শনা। দেখো তাহলে আমার দোষ নেই। তৃমি আমাকে জাের করে ধরে রাধতে পারতে কিন্তু রাধলৈ না। আমাকে বাধলে না—আমি চললুম। তােমার প্রহরীদের হকুম দাও আমাকে ঠেকাক।

রাজা। কেউ ঠেকাবে না। ঝড়ের মুখে ছিল্ল মেদ যেমন অবাধে ঢলে তেমনি তুমি অবাধে চলে যাও।

স্থদর্শনা। ক্রমেই বেগ বেড়ে উঠছে—এবার নোঙর ছিঁড়ল। হয়তো ডুবব কিন্ধ আর ফিরব না। (ফ্রন্ড প্রস্থান

সুরক্ষমার প্রবেশ ও গান

ভারের মোর আঘাত করে।
ভীষণ, হে ভীষণ!
কঠিন করে চরণ 'পরে
প্রণত করো মন।
ব্রেধছে মোরে নিত্যকাজে
প্রাচীরে ঘেরা ঘরের মাঝে
নিতা মোরে ব্রেধছে সাজে
সাজের আভরণ।
এস হে, ওহে আকস্মিক
ঘিরিয়া কেলো সকল দিক
মৃক্ত পধে উড়ারে নিক
নিমেরে এ জীবন।

তাহার পরে প্রকাশ হ'ক উদার তব সহাস চোধ তব অভয় শান্তিময় স্বরূপ পুরাতন ॥

चुमर्नना ( भूनः श्रातम कविशा )। वाका, वाका।

সুৱন্ধা। তিনি চলে গেছেন।

স্থদর্শনা। চলে গেছেন ? আচ্ছা বেশ, তাহলে তিনি আমাকে একেবারে ছেড়েই দিলেন। আমি ফিরে এলুম কিন্তু তিনি অপেক্ষা করলেন না। আচ্ছা ভালোই হল— তাহলে আমি মৃক্ত। স্বক্ষা আমাকে ধরে রাধবার জন্তে তিনি কি তোকে বলেছেন ?

স্থাৰশা। না, তিনি কিছুই বলেন নি।

স্থাদন। কেনই বা বলবেন ? বলবার তো কপা নয়। তাহলে আমি মৃক্ত। আচ্চা স্থান্তনা, একটা কথা রাজাকে জিজ্ঞাসা করব মনে করেছিলুম কিন্তু মূপে বেধে গেল। বল দেখি বন্দীদের তিনি কি প্রাণদণ্ড দিয়েছেন ?

স্বরন্ধমা। প্রাণদণ্ড ? আমার রাজা তো কোনোদিন বিনাশ করে শান্তি দেন না। স্থদন্না। তাহলে ওদের কী হল ?

সুরন্ধম।। ওদের তিনি ছেড়ে দিয়েছেন। কাঞ্চীরাজ পরাভব স্বীকার করে দেশে ফিরে গেছেন।

অনুপ্রা। ভবে বাচলুম।

স্বরন্ধা। বানীমা তোমার কাছে আমার একটি প্রার্থনা আছে।

স্তদর্শনা। প্রার্থনা কি মৃথে জানাতে হবে মনে করেছিস ? রাজার কাছ থেকে এ-প্রযন্ত আমি যত আভরণ পেয়েছি সব ডোকেই দিয়ে যাব—এ অলংকার আমাকে আর শোভা পায় না।

স্বরন্ধা। মা, আমি বার দার্গা তিনি আমাকে নিরাভরণ করেই সাজিয়েছেন। সেই আমার অলংকার। লোকের কাছে গ্র্ব করতে পারি এমন কিছুই তিনি আমাকে দেন নি।

স্বদৰ্শনা। তবে তুই কী চাস ?

স্থরক্ষা। আমি ভোমার সঙ্গে যাব।

স্দর্শনা। কী বলিস ভূই ? তোর প্রভূকে ছেড়ে দূরে যাবি, এ কী রকম প্রার্থনা ?

স্বক্ষা। দ্রে নয় মা, ভূমি যখন বিপদের মূখে চলেছ তিনি কাছেই থাকবেন।

স্বদর্শনা। পাগলের মডো বিকিস নে। আমি রোহিণীকে সঙ্গে নিতে চেয়েছিলুম সে গেল না। তুই কোনু সাহসে যেতে চাস ? স্থ্যক্ষা। সাহস আমার নেই, শক্তিও আমার নেই। কিন্তু আমি যাব---সাহস আপনি আসবে, শক্তিও হবে।

স্কুদর্শনা। না, তোকে আমি নিতে পারব না—তোর কাছে থাকলে আমার বড়ো মানি হবে—সে আমি সইতে পারব না।

স্বক্ষা। মা, তোমার সমন্ত ভালোমন্দ আমি নিজের গায়ে মেখে নিয়েছি— আমাকে পর করে রাখতে পারবে না—আমি যাবই।

গান

আমি তোমার প্রেমে হব সবার কলঙ্কভাগী।

আমি সকল দাগে হব দাগি। তোমার পথের কাঁটা করব চয়ন: যেথা তোমার ধুলার শয়ন

সেধা আঁচল পাতব আমার তোমার রাগে অঞ্চরাগী।

আমি শুচি আসন টেনে টেনে বেড়াব না বিধান মেনে, যে পঙ্গে ঐ চরণ পড়ে ভাহারি ছাপ বক্ষে মাগি॥

2

# স্বৰ্ণনার পিতা কাম্যকুজরাজ ও মন্ত্রী

কান্তকুত। সে আসনার পূর্বেই আমি সমন্ত পনর পেয়েছি।

মন্ত্রী। রাজকন্যা নগরের বাহিরে নদীকুলে দাড়িয়ে আছেন, তাকে অভার্থনা করে আনবার জন্মে লোকজন পাঠিয়ে দিই ?

কাশ্রক্ষ। হতভাগিনী স্বামীকে ত্যাগ করে আসছে, অভ্যর্থনা করে ভার সেই লক্ষ্য ঘোষণা করে দেবে ? অন্ধকার হ'ক, রাতায় যথন গোক পাকবে না তথন সে গোপনে আসবে।

মন্ত্রী। প্রাসাদে তাঁর বাসের ব্যবস্থা করে দিই ?

কান্তকুৰ। কিছু করতে হবে না। ইচ্ছা করে সে আপনার একেশরী রানীর পদ ত্যাগ করে এসেছে—এখানে রাজগৃহে তাকে দাসীর কাজে নিযুক্ত থাকতে হবে।

মন্ত্ৰী। মনে বড়ো কট্ট পাবেন।

কান্তকুক্ত। যদি তাকে কষ্ট পেকে বাঁচাতে চেষ্টা করি তাহলে পিতা নামের যোগা নই।

মন্ত্রী। যেমন আদেশ করেন তাই হবে।

কান্তকুত্ত। সে যে আমার কন্তা এ-কপা যেন প্রকাশ না হয়—তাহলে বিষম অনর্থপাত ঘটবে।

মন্ত্রী। অনর্থের আশকা কেন করেন মহারাজ ?

কান্তকুৰ। নারী যধন আপন প্রতিষ্ঠা পেকে ভ্রষ্ট হয় ভ্রধন সংসারে সে ভয়ংকর বিপদ হয়ে দেখা দেয়। তুমি জ্ঞান না আমার এই কন্তাকে আমি আজ কী রকম ভয় করছি—সে আমার ঘরের মধ্যে শনিকে সঙ্গে করে নিয়ে আসছে।

#### 30

# অস্তঃপুর

সুদর্শনা। যা যা সুরক্ষমা, তুই যা! আমার মধ্যে একটা রাগের আগুন জলছে— আমি কাউকে সহা করতে পারছি নে—তুই অমন শান্ত হয়ে থাকিস ওতে আমার আরও রাগ হয়।

স্থরক্ষা। কার উপর রাগ করছ মা?

স্থদন্ন। সে আমি জানি নে—কিন্তু আমার ইচ্ছে করছে সমগু ছারগার হয়ে যাক! অতবড়ো রানীর পদ একমূহুর্তে বিসর্জন দিয়ে এলুম সে কি এমনি কোণে লুকিয়ে ঘর ঝাঁট দেবার জ্বজে? মশাল জ্বলে উঠবে না? ধরণী কেঁপে উঠবে না? আমার পতন কি শিউলি ফুলের খনে পড়া? সে কি নক্ষত্রের পতনের মতে। অগ্নিময় হয়ে দিগস্তকে বিদীণ করে দেবে না?

স্বক্ষা। দাবানল জলে ওঠবার আগে গুমরে গুমরে ধোঁয়ায়—এখনও সময় যায় নি।

স্কুদর্শনা। রানীর মহিমা ধূলিসাং করে দিয়ে বাইরে চলে এলুম এখানে আর কেউ ১০—৩১ নেই যে আমার সং দ মিলবে ? একলা—একলা আমি। আমার এতবড়ো ত্যাগ গ্রহণ করে নেবার জন্তে কেউ এক পাও বাড়াবে না ?

স্থরক্ষা। একলা তুমি না-একলা না।

স্থাপনা। সুরক্ষমা তোর কাছে সতি। করে বলছি, আমাকে পাবার জন্যে প্রাসাদি আগুন লাগিয়েছিল এতেও আমি রাগ করতে পারি নি—ভিতরে ভিতরে আনন্দে আমার বৃক কেঁপে কেঁপে উঠছিল। এতবড়ো অপরাধ! এতবড়ো সাহস! সেই সাহসেই আমার সাহস জাগিয়ে দিলে, সেই আনন্দেই আমার সমন্ত কেলে দিয়ে আসতে পারলুম। কিন্তু সে কি কেবল আমার কল্পনা থ আজ কোথাও তার চিহ্ন দেখি না কেন থ

স্বক্ষা। তুমি যার কথা মনে ভাবছ সে তো আগুন লাগায় নি—আগুন লাগিয়ে-ছিল কাঞ্চীরাজ।

স্থাপনি। ভীক! ভীক! অমন মনোমোহন রূপ—তার ভিতরে মাম্ব নেই। এমন অপদার্থের জন্তে নিজেকে এতবড়ো বঞ্চনা করেছি? লচ্ছা! লচ্ছা! কিন্তু স্থাবন্ধনা, তোর রাজার কি উচিত ছিল না আমাকে এপনও ফেরাবার জন্তে আসে? (স্থাক্সমা নিজ্তর) তুই ভাবছিস ক্ষেরবার জন্তে ব্যন্ত হয়ে উঠেছি! কপনো না! রাজা এলৈও আমি ফিরতুম না। কিন্তু সে একবার বারণও করলে না। চলে যাবার ঘার একেবারে পোলা রইল। বাইরের নিরাবরণ রাত্তা রানী বলে আমার জনো একটু বেদনা বোধ করলে না? সেও তোর রাজার মতোই কঠিন? দানতম পথের ভিক্ষকও তার কাছে যেমন আমিও তেমনি। চুপ করে রইলি যে। বল না তোর রাজার এ কাঁ রক্ম ব্যবহার।

স্থ্যক্ষমা। সে তো স্বাই জানে—আমার রাজা নিষ্ঠুর, কঠিন, তাকে কি কেউ কোনোদিন টলাতে পারে ?

স্কদর্শনা। তবে তুই তাকে দিনরাত্রি এমন ডাকিস কেন ?

স্বক্ষা। সে যেন এইরকম পর্বতের মতোই চিরদিন কঠিন থাকে — আমার কাপ্লায় আমার ভাবনায় সে যেন টলমল না করে। আমার ছঃগ আমারই থাক সেই কঠিনেরই জয় হ'ক।

स्मर्ना । स्वक्रा, प्रथ् छ। धरे मार्क्त भारत शृविनगरस एक धृतना छेड़रह ।

স্বৰুমা। হা তাই তো দেবছি।

ऋमर्नना । अहे य, त्राथंत्र ध्वाचात्र मराजा मिथाएक ना ।

স্থ্যসমা। হাঁ, ধ্বজাই তো বটে।

স্বদর্শনা। তবে তো আসছে। তবে তো এন।

সুরক্ষা। কে আসছে।

স্ফর্শনা। আবার কে ? তোর রাজা। থাকতে পারবে কেন। এতদিন চূপ করে আছে এই আন্চর্য।

স্বক্ষা। না, এ আমার রাজা নয়।

স্থাদশনা। না বই কি। তুমি তো সব জান। ভারি কঠিন তোমার রাজা! কিছুতেই টলেন না! দেখি কেমন না টলেন। আমি জানতুম সে ছুটে আসবে। কিন্তু মনে রাখিস স্থারকমা আমি তাকে একদিনের জল্পেও ভাকি নি। আমার কাছে তোমার রাজা কেমন করে হার মানে এবার দেখে নিয়ো। স্থারকমা যা একবার বেরিয়ে গিয়ে দেখে আয় গে। (স্বাক্ষমার প্রস্থান) রাজা এসে আমাকে ভাকলেই বৃঝি যাব ণ কখনো না। আমি যাব না। যাব না।

### স্থরঙ্গমার প্রবেশ

সুরস্মা। মা, এ আমার রাজা নয়।

সদর্শনা। নয় ? তুই সতি। বলছিস ? এখনও আমাকে নিতে এল না ?

স্বরশ্বমা। না, আমার রাজা এমন করে ধুলো উড়িয়ে আসে না। সে কণন আসে কেউ টেরই পায় না।

সদর্শনা। এ বুঝি তবে—

স্তরন্ধমা। কাঞ্চীরাব্দের সঙ্গে সেই আসছে।

স্তদর্শনা। ভার নাম কী জানিস ?

সরক্ষা। ভার নাম সুবর্।

স্থাদর্শনা। তবে তো সে আসছে। ভেবেছিলুম আবর্জনার মতো বৃঝি বাইরে এসে পড়েছি, কেউ নেবে না—কিন্তু আমার বীর তো আমাকে উদ্ধার করতে আসছে। স্বব্ধকে তুই জানতিস?

अवन्या । यथन वारभन्न वाफ़ि हिलूम उथन म क्रारिशाद परन-

সুদর্শনা। না না, তোর মুখে আমি তার কোনো কথা শুনতে চাই নে। সে আমার বার, সে আমার পরিত্রাণকর্তা। তার পরিচয় আমি নিজেই পাব। কিন্তু সুরক্ষমা, তোর রাজা কেমন বল তো। এত হীনতা থেকেও আমাকে উদ্ধার করতে এল না? আমার আর দোষ দিতে পারবি নে। আমি এখানে দিনরাত্রি দাসীগিরি করে তার জ্বত্রে চিরজীবন অপেক্ষা করে থাকতে পারব না। তোর মতো দীনতা করা আমার ঘারা হবে না! আচ্চা সন্তিয় বল, তুই তোর রাজাকে ধুব ভালোবাসিস?

# স্থরঙ্গমার গান

আমি কেবল তোমার দাসী।
কেমন করে আনব মুখে তোমায় ভালোবাসি!
গুণ যদি মোর থাকত তবে
অনেক আদর মিলত ভবে,
বিনামূল্যের কেনা আমি শ্রীচরণপ্রয়াসী॥

35

# শিবির

কাঞ্চী। (কান্তকুজের দ্তের প্রতি) তোমাদের রাজাকে গিয়ে বলো গে আমরা তাঁর আতিথা গ্রহণ করিতে আসি নি। রাজ্যে ফিরে যাবার জন্মে প্রস্তুত হয়ে আছি, কেবল স্কুদর্শনাকে এবানকার দাসীশালা থেকে উদ্ধার করে নিয়ে যাবার জন্মেই অপেক্ষা।

দৃত। মহারাজ শ্বরণ রাখবেন রাজকন্যা তাঁর পিতৃগৃহে আছেন।

কাঞী। কলা যতদিন কুমারী থাকে ততদিনই পিতৃগৃহে তার আশ্রয়।

দৃত। কিন্তু পতিকুলের দক্ষেও তাঁর সম্বন্ধ আছে।

কাঞ্চী। সে-সম্বন্ধ তিনি ত্যাগ করেই এসেছেন।

দূত। জীবন থাকতে সে-সম্বন্ধ ত্যাগ করা যায় না—মাঝে মাঝে বিচ্ছেদ ঘটে কিন্ধ অবসান ঘটতেই পারে না।

কাঞ্চী। সেজস্ত কোনো সংকোচ বোধ করতে হবে না, কারণ তার স্বামীই স্বয়ং তাঁকে ফিরিয়ে নিতে এসেছেন। রাজন।

স্বৰ্। কী মহারাজ।

কাঞ্চী। তোমার মহিবীকে কি পিতৃগৃহে দাসীত্বে নিযুক্ত রেপে তুমি হির থাকবে ?

স্থবর্ণ। এমন কাপুরুষ আমি না।

দ্ত। এ যদি আপনাদের পরিহাস-বাক্য না হয় তাহলে রাঞ্ভবনে আতিখ্য নিতে দিধা কিসের ?

কাঞী। রাজন্।

স্বৰ্। কী মহারাজ।

কাঞী। তুমি কি তোমার মহিষীকে ভিক্ষা করে ফিরিয়ে নিয়ে যাবে ?

স্বৰ্। এ-ও কি কখনো হয়?

मृछ। जात की हेक्का करतन?

\* কাঞ্চী। সে-ও কি বগতে হবে ?

স্বর্ণ। তা তো বটেই। সে তো নুষতেই পারছেন।

কাঞ্চী। মহারাজ যদি সহজে তাঁর কন্তাকে আমাদের হাতে সমর্পণ না করেন ক্ষত্রিয়ধর্ম-অন্সুসারে বলপুর্বক নিয়ে যাব এই আমার শেষ কথা।

্দৃত। মহারাজ, আমাদের রাজাকেও ক্ষত্রিয়ধর্ম পালন করতে হবে। তিনি তো কেবল স্পর্ধাবাক্য শুনেই আপনার হাতে কন্তা দিয়ে যেতে পারেন না

কাঞ্চা। এইরকম উত্তর শোনবার জন্তেই প্রস্তুত হয়ে এসেছি এই কথা রাজাকে জানাও গে।

[ দুভের প্রস্থান

সুবর্। কাঞ্চীরাজ, ছঃসাহসিকতা হচ্ছে।

काकी। जारे यमि ना रूरत उरत अपन कारक श्रवुख रूरा सूत्र की।

স্বর্ণ। কান্তকুরাঞ্জকে ভয় না করলেও চলে--কিছ--

কাঞ্চী। কিন্ধুকে ভয় করতে আরম্ভ করলে জগতে নিরাপদ জায়গা খুঁজে পাওয়া যায় না।

স্বর্ণ। সত্য বলি, মহারাজ, ওই কিস্কুটি দেখা দেন না কিন্তু ওঁর কাছ থেকে নিরাপদে পালাবার জায়গা জগতে কোথাও নেই।

काको। नित्कत भरन छत्र वाकरमरे अरे किन्द्रत ब्लात त्वरफ् अर्छ।

সুবর্ব। ভেবে দেখুন না, বাগানে কাঁ কণ্ডটা হল। আপনি আটঘাট কেঁধেই ভো কাজ করেছিলেন, তার মধ্যেও কোথা দিয়ে কিন্তু এসে চুকে পড়ল। তিনিই তো রাজা, তাকে মানব না ভেবেছিলুম, আর না মেনে থাকবার জো রইল না।

কাঞ্চী। ভয়ে মাছুষের বৃদ্ধি নষ্ট হয়, তখন মাছুষ যা-তা মেনে বসে। সেদিন যা ঘটেছিল সেটা অকুমাং ঘটেছিল।

স্থবন। আপনি বাঁকে অকন্মাং বলছেন আমি তাঁকেই কিন্তু বললেম—কোনোমতে তাঁকে বাঁচিয়ে চললেই তবে বাঁচন।

# দৈনিকের প্রবেশ

সৈনিক। মহারাজ, কোশলরাজ অবস্তীরাজ ও কলিকের রাজা সসৈন্তে আসছেন সংবাদ পেলুম। কাঞ্চী। যা ভয় করছিলুম তাই হল। স্থদর্শনার পলায়নসংবাদ রটে গিয়েছে— এখন সকলে মিলে কাড়াকাড়ি করে সকলকেই ব্যর্থ হতে হবে।

স্থবর্ণ। কাজ নেই মহারাজ! এ-সমস্ত ভালো লক্ষণ নয়। আমি নিশ্চয় বলছি আমাদের রাজাই এই গোপন সংবাদটা রটিয়ে দিয়েছেন।

কাৰী। কেন? তাতে তাঁর লাভ কী?

স্থবর্ণ। লোভীরা পরস্পর কাটাকাটি ছেঁড়াছিঁড়ি করে মরবে—মাঝের থেকে যার ধন তিনিই নিয়ে যাবেন।

কাঞ্চী। এখন বেশ ব্যক্তি কেন তোমাদের রাজা দেখা দেন না। ভরে তাঁকে সর্বত্রই দেখা যাবে এই তাঁর কৌশল। কিন্তু এখনও আমি বলছি তোমাদের রাজা আগাগোড়াই ফাঁকি।

স্বর্ণ। কিন্তু মহারাজ আমাকে ছেড়ে দিন।

কাঞ্চী। তোমাকে ছাড়তে পারছি নে—তোমাকে এই কাব্দে আমার বিশেষ প্রয়োজন।

# সৈনিকের প্রবেশ

সৈনিক। বিরাট পাঞ্চাল ও বিদর্ভরাজও এসেছেন। তাঁদের শিবির নদীর ওপারে।

কাঞ্চী। আরস্তে আমাদের সকলকে মিলে কাজ করতে হবে। কান্সকুন্তের সঙ্গে যুদ্ধটা আগে হয়ে যাক তার পরে একটা উপায় করা যাবে।

সুবর্ব। আমাকে ওই উপায়টার মধ্যে যদি না টানেন তাহলে নিশ্চিম্ব হতে পারি---আমি অতি হীনব্যক্তি----আমার ধারা---

কাঞ্চী। দেখো হে ভণ্ড, উপায় জিনিসটাই হচ্ছে হীন। সিঁড়ি বল রান্তা বল পায়ের তলাতেই থাকে। উপায় যদি উচ্চশ্রেণীর হয় তাকে ব্যবহারে লাগাতে অনেক চিন্তার দরকার করে। তোমার মতো লোককে নিয়ে কাজ চালাবার স্থবিধে এই যে কোনোপ্রকার ভণ্ডামি করতে হয় না। কিন্তু আমার মন্ত্রীর সঙ্গে পরামর্শ করতে গেলেও চুরিকে লোকহিত নাম না দিলে শুনতে খারাপ লাগে।

স্থবর্ণ। কিন্তু দেখেছি মন্ত্রীমশায় কথাটার আসল অর্থ টাই বুঝে নেন।

কাঞ্চী। এই ভাষাতন্ত্র তার জানা না পাকলে তাকে মন্ত্রী না করে গোয়ালদরের ভার দিত্ম। যাই, রাজাগুলোকে একবার বোড়ের মতো চেলে দিয়ে আসি গে — সকলেরই যদি রাজার চাল হয় তাহলে চতুরঙ্গ খেলা চলে না।

52

### অন্তঃপুর

স্দর্শনা। যুদ্ধ এখনও চলছে ?

সুরক্ষা। হা, এখনও চলছে।

স্থাপনা। যুদ্ধে ধাবার পূর্বে বাবা এসে বললেন, তুই একজনের হাত থেকে ছেড়ে এসে আজ সাতজনকে টেনে আনলি—ইচ্ছে করছে তোকে সাত টুকরে। করে ওদের সাত জনের মধ্যে ভাগ করে দিই। সত্যিই যদি তাই করতেন ভালো হত। স্বরন্ধমা।

সুরক্ষা। কীমা।

স্কুদর্শনা। তোর রাজার যদি রক্ষা করবার শক্তি থাকত তাহলে আজ তিনি কি নিশ্চিন্ত হয়ে থাকতে পারতেন ?

স্বরন্ধা। মা, আমাকে কেন বলছ ? আমার রাজার হয়ে উত্তর দেবার শক্তি কি আমার আছে ? উত্তর যদি দেন তো নিজেই এমনি করে দেবেন যে কারও বৃষতে কিছু বাকি থাকবে না। যদি না দেন তাহলে সকলকেই নির্বাক হয়ে থাকতে হবে। আমি কিছুই বৃঝি নে জানি, সেইজন্মে কোনোদিন তাঁর বিচার করি নে।

স্থদর্শনা। যুদ্ধে কে কে যোগ দিয়েছে বল্ ভো।

স্বরন্ধমা। সাতজন রাজাই যোগ দিয়েছে।

স্থদর্শনা ৷ আর কেউ না ?

স্বরন্ধা। স্বর্ণ যুদ্ধের পূর্বেই গোপনে পালাবার চেষ্টা করছিল—কাঞ্চীরাজ তাকে শিবিরে বন্দী করে রেপেছেন।

স্কর্শনা। আমার মৃত্যুই ভালো ছিল। কিন্তু রাজা, রাজা, আমার পিতাকে রক্ষা করবার জন্মে যদি আসতে তাহলে তোমার যশ বাড়ত বই কমত না। আমার অপরাধে তিনি শান্তি পান কেন ?

সুরন্ধমা। সংসারে আমরা তো কেউ একলা নই মা,—ভালোমন্দ সকলকেই ভাগ করে নিতে হয়—সেইজন্মেই ভয়, নইলে একলার জন্মে ভয় কিসের ?

স্থদর্শনা। দেখু স্বরন্ধা, আমি যখন থেকে এখানে এসেছি কতবার হঠাং মনে হয়েছে আমার জানলার নিচে থেকে যেন বীণা বাজছে।

সুরসমা। তা হবে, কেউ হয়তো বাজায়।

স্মদর্শনা। সেখানটা ঘন বন, অন্ধকার, মাধা বাড়িয়ে কতবার দেখতে চেষ্টা করি, ভালো করে কিছু দেখতে পাই নে। স্থ্যক্ষা। হয়তো কোনো পথিক ছায়ায় বসে বিশ্রাম করে, আর বাজায়।

স্মদর্শনা। তা হবে, কিন্তু আমার মনে পড়ে আমার সেই বাতায়নটি। সন্ধার সময় সেজে এসে আমি সেধানে দাঁড়াতুম আর আমাদের সেই দীপ-নেবানো বাসরঘরের অন্ধকার থেকে গানের পর গান তানের পর তান কোয়ারার মুখের ধারার মতো
উচ্চুসিত হয়ে আমার সামনে এসে যেন নানা লীলায় ঝরে ঝরে পড়ত। সেই গানই
তো কোন্ অন্ধকারের ভিতর থেকে বেরিয়ে এসে কোন্ অন্ধকারের দিকে আমাকে
ডেকে নিয়ে যেত।

স্থরক্ষমা। আহা মা, সে কী আন্ধকার। সেই আন্ধকারের দাসী আমি। স্মদর্শনা। আমার জন্মে সেখান থেকে তুই কেন এলি ?

সুরঙ্গমা। আমার রাজা আবার হাতে ধরে ফিরিয়ে নিয়ে যাবেন এই আদরটুক্ পাবার জন্মে।

স্থদর্শনা। না না তিনি আসবেন না—তিনি আমাদের একেবারে ছেড়ে দিয়েছেন। কেনই বা না ছাড়বেন ? অপরাধ তো কম করি নি।

স্থরঙ্গমা। যদি ছেড়ে দিতেই পারেন তাহলে তাঁকে আর দরকার নেই। তাহলে তিনি নেই। তাহলে আমার সেই অন্ধকার একেবারে শৃত্য—তার মধ্যে পেকে বাঁণা বাজে নি—কেউ ডাকে নি—সমন্ত বঞ্চনা।

#### দ্বারীর প্রবেশ

স্থদর্শনা। কে তুমি ?

দ্বারী। আমি এই প্রাসাদের দ্বারী।

স্থদর্শনা। কী থবর শীদ্র বলো।

দ্বারী। আমাদের মহারাজ বন্দী হয়েছেন।

স্থদর্শনা। বন্দী হয়েছেন ? মাগো বস্তম্বা।

1 मुड

#### 50

# বন্দী কান্সকুক্সরাজ, অন্সান্স রাজগণ ও স্থবর্ণ

কাঞী। রাজগণ, রণক্ষেত্রের কাজ শেষ হল ?

কলিঙ্গ। কই শেষ হল ? বীরত্বের পুরস্বারটি গ্রহণ করবার পূর্বেই আর-একবার তো বীরত্বের পরিচয় দিতে হবে। কাঞ্চী। মহারাজ, এথানে তো আমরা জ্বুমাল্য নিতে আসি নি, বর্মাল্য নিতে এসেছি।

বিদর্ভ। সেই মালা কি জয়লন্দীর হাত থেকে নিতে হবে না ?

কাঞী। না মহারাজ, পৃশ্পধ্যুর অন্তঃপ্রেই সে মালা গাঁথা হচ্ছে। রক্ত মাধা হাতে
 সেটা ছিল্ল করতে পেলে ফুল গুলায় লৃটিয়ে পড়বে।

কলিক। কিন্তু মহারাজ, পঞ্চশর আমাদের সাতজনের দাবি মেটাবেন কি করে।

কাঞ্চী। তা যদি বলেন, সাতজনের দাবি তো ব্রণচত্তীও মেটাতে পারেন না।

কোশল। কাঞ্চীরাজ, ভোমার প্রস্তাবটি কি পরিষ্ঠার করেই বলো।

কাঞ্চা। আমার প্রস্তাব এই, স্বয়ংবরসভায় রাজকন্তা স্বয়ং ধাঁর গলায় মালা দেবেন এই বসন্তের সম্বলতা তিনিই লাভ করবেন।

বিদর্ভ। এ প্রস্তাব উত্তম, আমার এতে সম্মতি আছে।

সকলে। আমাদেরও আছে।

কান্তকুত্ত। রাজগণ, আমাকে বধ করুন, অগবা হৃদ্ধুদ্ধে আহ্বান করছি, আপনারা আহ্বন—আমাকে জীবিত মৃত্যুর হাতে সমর্পণ করবেন না।

কাঞ্চী। আপনার কন্তা পতিকুল ত্যাগ করে এসেছেন। তার অধিক ছংগ আমরা আপনাকে দিচ্ছি নে। এগন যে-প্রস্তাব করলেম তাতে তিনি সম্মান লাভ করবেন।

কোশল। শুভলগ্রে কালাই স্বয়ংবরের দিনস্থির হ'ক।

काकी। महे जाता।

বিদর্ভ। আমরা আয়োজনে প্রবন্ত হই গে।

কার্কা। কলিপরাঞ্জ, বন্দা এখন আপনার আশ্রমেই রইলেন।

িকাঞ্চী বাতীত অন্ত রাজগণের প্রস্থান

কাঞী। ওছে ভওরাজ।

স্বৰ। কী আদেশ।

কাঞ্চী। এপন মহারশীরা সরবেন। এবার শিপতীকে সামনে নিয়ে অগ্রসর হতে হবে।

স্থবর্ণ। মহারাজের কথাটা স্পষ্ট বুঝতে পারছি নে।

কাঞী। সেধানে তোমাকে আমার ছত্রধর হরে বসতে হবে।

স্থবর্ণ। কিংকর প্রস্তুত আছে কিন্তু তাতে মহারাজের উপকারটা কী হবে।

কাঞী। ওছে সুবর্ণ, দেখতে পাচ্ছি তোমার বৃদ্ধিটা কম বলেই অহংকারটাও কম।
রানা স্থাপনা তোমাকে কী চক্ষে দেখেছেন সেটা এখনও তোমার ধারণার মধ্যে প্রবেশ
১০০০২

করে নি দেখছি। যাই হ'ক তিনি তো রাজসভার ছত্রধরের গলায় মালা দিতে পারবেন না অথচ অধিক দূরে যেতেও মন সরবে না অতএব যেমন করেই হ'ক এ মালা আমারই রাজছত্ত্রের ছারায় এসে পড়বে।

স্থবর্ণ। মহারাজ, আমার সম্বন্ধে এই যে-সব অমূলক কল্পনা করছেন এ অতি ভয়ানক কল্পনা—দোহাই আপনার, আমাকে এই মিধাা বিপত্তিজালের মধ্যে জড়াবেন না—আমাকে মৃক্তি দিন।

কাঞ্চী। কান্ধটি শেষ হয়ে গেলেই তোমাকে মৃক্তি দিতে এক মৃহূর্তও বিলম্ব করব না। উদ্দেশ্যসিদ্ধি হয়ে গেলেই উপায়টাকে কেউ আর চিরম্মরণীয় করে রাথে না।

18

#### বাতায়ন

## স্থদর্শনা ও স্থরঙ্গমা

স্কর্মনা। তাহলে স্বয়ংবরসভায় আমাকে যেতেই হবে ? এইলে পিতার প্রাণরক্ষ। হবে না ?

স্থরঙ্গমা। কাঞ্চীরাজ তো এইরকম বলেছেন।

স্থদর্শনা। এই কি রাজার উচিত কথা ? তিনি কি নিজের মৃগে বলেছেন ?

স্বক্ষা। না, তাঁর দৃত স্বর্ণ এসে জানিয়ে গেছে।

স্থদৰ্শনা। ধিক, ধিক আমাকে।

সুরক্ষা। সেই সক্ষে কতকগুলি শুকনো ফুল দিয়ে আমাকে বললে, ভোমার রানীকে ব'লো বসস্ত-উৎসবের এই শ্বতিচিহ্ন বাইরে যত মলিন হয়ে আসছে অস্থরে ততই নবীন হয়ে বিকশিত হচ্ছে।

স্থদর্শনা। চুপ কর, চুপ কর, আমাকে আর দগ্ধ করিস নে।

সরক্ষা। ওই দেখো, সভায় রাজারা সব বসেছেন। ওই ধাঁর গায়ে কোনো আভরণ নেই কেবল মৃকুটে একটি ফুলের মালা জড়ানো উনিই হচ্ছেন কাঞ্চীর রাজা। স্বর্ব তাঁর পিছনে ছাতা ধরে দাঁড়িরে আছে।

স্থদর্শনা। ওই স্থবর্ণ । তুই সত্যি বলছিল। স্থান্দমা। হাঁমা, আমি সত্যি বলছি। স্ফর্শনা। ওকেই আমি সেদিন দেখেছিলুম? না, না। সে আমি আলোতে অন্ধকারে বাতাসে গন্ধেতে মিলে আর একটা কী দেখেছিলুম, ও নয়, ও নয়।

স্থরকমা। সকলে তো বলে ওকে চোথে দেখতে সুন্দর।

ু স্ফর্শনা। ওই স্কুরেও মন ভোলে! আমার এ পাপ-চোধকে কী দিয়ে ধুলে এর মানি চলে যাবে ?

সুরক্ষমা। সেই কালোর মধ্যে ভূবিয়ে ধৃতে হবে। সেই আমার রাজার সকল-রূপ-ছোবানো রূপের মধ্যে। রূপের কালি যা-কিছু চোপে লেগেছে সব থাবে।

স্দর্শনা। কিন্তু স্থরক্ষা, এমন ভূলেও মানুষ ভোলে কেন?

স্থাসমা। ভূল ভাঙবে বলে ভোলে।

প্রতিহারী (প্রবেশ করিয়া )। স্বয়ংবরসভায় রাজারা অপেক্ষা করে আছেন।

[ প্রস্থান

স্থান। স্বরন্ধা, আমার অবক্ত নের চাদরখানা নিয়ে আয় গে। (সুরন্ধার প্রস্থান) রাজা, আমার রাজা। তুমি আমাকে তাাগ করেছ উচিত বিচারই করেছ। কিন্তু আমার অন্তরের কথা কি তুমি জানবে না? (বৃকের বসনের ভিতর হইতে ছুরিক। বাহির করিয়া) দেহে আমার কলুষ লেগেছে—এ-দেহ আজ্ব আমি সবার সমক্ষে ধুলোয় লুটিয়ে যাব—কিন্তু হৃদয়ের মধ্যে আমার দাগ লাগে নি বৃক্ চিরে সেটা কি তোমাকে আজ্ব জানিয়ে যেতে পারব না? তোমার সেই মিলনের অন্ধকার ঘরটি আমার হৃদয়ের ভিতরে আজ্ব শৃশ্র হয়ে রয়েছে—সেধানকার দরজা কেউ থোলে নি প্রভূ। সে কি খুলতে তুমি আর আসবে না? তবে ঘারের কাছে তোমার বীণা আর বাজবে না? তবে আস্ক্ মৃত্যু আস্ক্ক,—সে তোমার মতোই কালো, তোমার মতোই স্কর—তোমার মতোই সে মন হরণ করতে জানে—সে তুমিই সে তুমি।

#### গান

এ অন্ধকার ডুবাও তোমার অতল অন্ধকারে, ওহে অন্ধকারের স্বামী। এস নিবিড়, এস গভীর, এস জীবনপারে আমার চিত্তে এস নামি। এ দেহমন মিলারে যাক হইয়া যাক হারা ওহে অন্ধকারের স্বামী। বাসনা মোর, বিক্কৃতি মোর, আমার ইচ্ছাধার।

ক্র চরণে যাক পামি।

নির্বাসনে বাধা আছি হুর্বাসনার ডোরে

ওহে অন্ধকারের স্বামী।

সব বাধনে তোমার সাথে বন্দী করো মোরে

ওহে আমি বাধনকামী।

আমার প্রিয়, আমার প্রেয়, আমার হে পরম,

ওহে অন্ধকারের স্বামী—

সকল ঝরে সকল ভরে আস্তুক সে চরম

ওগো মুকুক না এই আমি॥

#### 30

#### স্বয়ংবরসভা

#### রাজগণ

বিদর্ভ। ওহে কাঞ্চারাজ, তোমার অংশ যে কোনো আভরণ রাপ নি। কাঞ্চী। কোনো আশা নেই বলে। আভরণে যে পরাভবকে বিগুণ লক্ষা দেবে।

কলিক। যত আভরণ সমন্তই ছত্রধরের অকে দেবছি।

বিরাট। এর দারা কাঞ্চীরাজ বাহ্নশোভার হানতা প্রচার করতে চান। নিঞ্জের দেহে ওঁর পৌরুষের অভিমান অক্ত কোনো আভরণ রাগতেই দেয় নি।

কোশল। ওঁর কৌশল জানি, সমস্ত আভরণধারীদের মাঝধানে উনি আভরণ বর্জনের দ্বারাই নিজের মহিমা প্রমাণ করতে চান।

পাঞ্চাল। সেটা কি উনি ভালো করছেন ? সকলেই জানে রমণীর চোপ প চঙ্গের মতো—আভরণের দীপ্তিতে সকলের আগে ছুটে এসে পড়ে।

কলিক। কিন্তু আর কত বিলম্ব হবে?

कांकी। अशीद हरतन ना किनक्रवाक, विनय्त्रहे कन मधुद्र हरत्र प्रथा प्रत्र।

কলিক। ফল নিশ্চয় পাব জানলে বিলয় সইত। ভোগের আশা অনিশ্চিত, তাই দর্শনের আশায় উৎস্কুক আছি।

কাঞী। আপনার নবীন যৌবন, এ-বয়সে বারংবার আশাকে ত্যাগ করলেও সে প্রগান্তা নারীর মতো ফিরে ফিরে আসে—আমাদের আর সেদিন নেই।

किन । किन्न अजनश्र व छेडीर्न इत्य यात्र।

কাঞা। ভয় নেই, শুভগ্রহও তুর্লভ দর্শনের জন্যে অপেক্ষা করবে। যদি নির্বোধ না-ও করে তবে প্রিয়দর্শনে অশুভগ্রহেরও দৃষ্টি প্রসন্ন হয়ে উঠবে।

বিদর্ভ। বিরাটরাজ, আপনি যাত্রা করেছিলেন কবে ?

निवारे। ऋमभव (मरथेहे त्वविद्यिष्टिन्भ, देशवळ वरलिष्टिन याजा मकन हर्त्वहे।

পাঞ্চাল। আমরা সকলেই তো শুভ্যোগ দেখে বেরিয়েছি, কিন্তু কুপণ বিধাত। তো একটি বই ফল রাখেন নি।

কোলল। এই ফলটি ত্যাগ করানোই হয়তো শুভগ্রহের কাজ।

কাঞ্চা। এ কী উদাসীনের মতো কথা বলছ কোশলরাজ ? ফল তাগে করাবার জন্মে এত আয়োজনের কী দরকার ছিল ?

কোশল। ছিল বই কি। কামনা না করে তো তাাগ করা যায় না। কাঞ্চীরাজ, আমাদের আসনগুলো যেন কেঁপে উঠল। এ কি ভূমিকম্প না কি ?

কাঞী। ভমিকম্প ? তা হবে।

বিদর্ভ ৷ কিংবা হয়তো আর কোনো রাজার সৈলদল এসে পড়ল ৷

কলিন্ধ। তা হতে পারে কিন্তু তাহলে তো দৃতের মূপে সংবাদ পাওয়া যেত।

বিদর্ভ। আমার কাছে এটা কিন্তু তুর্লক্ষণ বলে মনে হচ্ছে।

काकी। अध्यद हत्क भव सक्तारे दुर्सकत।

বিদর্ভ। অদৃষ্টপুরুষকে ভয় করি, সেগানে বীরত্ব খাটে না।

পাঞ্চাল। বিদর্ভরাজ, আজকেকার শুভকার্যে দিয়া না।

ক। ফী। অদৃষ্ট যুগন দৃষ্ট হবেন তখন তাঁর সঙ্গে বোঝাপড়া করা যাবে।

বিদর্ভ। তপন হয়তো সময় পাকবে না। আমার আশহা হচ্ছে যেন একটা---

কাঞ্চী। ওই যেন-একটার কথা তুলবেন না—ওটা আমাদেরই সৃষ্টি অথচ আমাদেরই বিনাশ করে।

किन । वाहेत्र वाक्रमा वाक्र काकि ?

পাঞ্চাল। বাজনা বলেই বোধ হচ্ছে।

কাঞ্চী। তবে আর কি—নিশ্চয়ই রানী স্কুদর্শনা। বিধাতা এতক্ষণ পরে আমাদের ভাগাঞ্চল নিয়ে আসছেন—এ তাঁরই পায়ের শব্দ। (জনান্তিকে) স্বর্ণ অমনতব্যে সংকৃচিত হরে আয়ার আড়ালে আপনাকে লুকিয়ে রেণো না। তোমার হাতে আমার রাজছত্র কাঁপছে যে।

# যোদ্ধবেশে ঠাকুরদার প্রবেশ

कलिए। ७की ७१ ७ करे?

পাঞ্চাল। বিনা আহ্বানে প্রবেশ করে লোকটা কে হে।

বিরাট। স্পর্ধা তো কম নয়। কলিঙ্গরাজ তুমি একে রোধ করো।

কলিক। আপনারা বয়োজ্যেষ্ঠ থাকতে আমার অগ্রসর হওয়া অশোভন হবে।

विष्ठं। भाना याक ना की वरन।

ठीकुत्रमा। ताका अप्तरहरू

বিদর্ভ। (সচকিত হইয়া) রাজা ?

পাঞ্চাল। কোনু রাজা?

কলিক। কোথাকার রাজা ?

ঠাকুরদা। আমার রাজা।

বিরাট। তোমার রাজা?

কলিক। কে?

কোশল। কে সে?

ঠাকুরদা। আপনারা সকলেই জানেন তিনি কে। তিনি এসেছেন।

বিদর্ভ। এসেছেন ?

কোশল। কী তাঁর অভিপ্রায় ?

ঠাকুরদা। তিনি আপনাদের আহ্বান করেছেন।

কাঞ্চী। ইস। আহ্বান! কী-ভাবে আহ্বান করেছেন?

ঠাকুরদা। তাঁর আহ্বান যিনি ষে-ভাবে গ্রহণ করতে ইচ্চা করেন বাধা নেই—সকল প্রকার অভ্যর্থনাই প্রস্তুত আছে।

বিরাট। তুমি কে?

ঠাকুরদা। আমি তাঁর সেনাপতিদের মধ্যে একজন।

কাঞ্চী। সেনাপতি? মিপ্যে কথা। ভয় দেপাতে এসেছ? ভূমি মনে করেছ তোমার ছদ্মবেশ আমার কাছে ধরা পড়ে নি? তোমাকে বিলক্ষণ চিনি—ভূমি আবার সেনাপতি?

ঠাকুরদা। আপনি আমাকে ঠিক চিনেছেন। আমার মতো অক্ষম কে আছে?

তব্ আমাকেই আন্ধ তিনি সেনাপতির বেশ পরিরে পাঠিরে দিরেছেন—বড়ো বড়ো বীরদের ধরে বসিরে রেখেছেন।

কাঞ্চী। আছো, উপযুক্ত সমারোহে আমন্ত্রণ রক্ষা করতে বাব—কিন্তু উপস্থিত একটা কাল আছে সেটা শেষ হওৱা পর্বস্ত তাকে অপেকা করতে হবে।

ঠাকুরদা। ধ্বন তিনি আহ্বান করেন তপন তিনি আর অপেকা করেন না।

কোশল। আমি তাঁর আহ্বান স্বীকার করছি। এখনই যাব।

বিদর্ভ। কাঞ্চীরাজ, অপেক্ষা করার কথাটা ভালো ঠেকছে না। আমি চললুম।

কলিক। আপনি প্রবীণ আমরা আপনারই অমুসরণ করব।

পাঞ্চাল। ওহে কাঞারাজ, পিছনে চেম্নে জেখো ভোমার রাজ্ছত্র ধূলার লুটোচ্ছে; তোমার ছত্রধর কপন পালিয়েছে জানতেও পার নি।

কাঞা। আচ্ছা আমিও বাচ্ছি, রাজদূত--কিন্তু সভায় নয়, রণক্ষেত্রে।

ঠাকুরদা। রণক্ষেত্রেই আমার প্রভূর সঙ্গে আপনার পরিচয় হবে, সে-ও অতি উত্তম প্রশন্ত স্থান।

বিরাট। ওছে, আমরা সকলে হয়তো কাল্পনিক ভয়ে ভঙ্গ দিচ্ছি—শেষকালে দেশছি একা কাঞ্চীরাঞ্জেরই ঞ্জিভ হবে।

পাঞ্চাল। তা হতে পারে। ফলটা প্রায় হাতের কাছে এসেছে এখন ভীরুতা করে সেটা ফেলে যাওয়া ভালো হচ্ছে না।

কলিছ। কাঞ্চার সঙ্গে যোগ দেওয়াই শ্রেয়। ও যথন এতটা সাহস করছে তথন ও কি কিছু বিবেচনা না করেই করছে ?

#### 36

# স্থদর্শনা ও স্থরক্ষমা

স্মূদনা। যুদ্ধ তোলেষ হয়ে গেল। এখন আমার রাজা আস্বেন কখন?

সুরক্ষা। তা ভো বলতে পারি নে—পথ চেয়ে বসে আছি।

স্থদর্শনা। স্বশ্বমা, বৃকের ভিতরটাতে আনন্দে এমন কাপছে যে বেদনা বোধ হচ্ছে। লক্ষাতেও মরে যাচ্ছি—মূখ দেখাব কেমন করে ? সুরঙ্গমা। এবার একেবারে হার মেনে তাঁর কাছে যাও তাহলে আর লঙ্কা থাকবে না।

স্থদর্শনা। স্বীকার তো করতেই হবে চিরদিনের মতো আমার হার হয়ে গেছে—
কিন্তু এতদিন গর্ব করে তাঁর কাছে সকলের চেয়ে বেশি আদরের দাবি করে 
এসেছি কি না, সেটা একেবারে ছেড়ে দিতে পারছি নে। স্বাই যে বলত আমার 
অনেক রূপ, অনেক গুণ, স্বাই যে বলত আমার উপরে রাজার অফুগ্রহের অন্ত 
নেই—সেইজ্ন্তেই তো সকলের সামনে আমার হৃদয় নত হতে এত লজ্জা বোধ 
করছে।

সুরন্ধমা। অভিমান না ঘুচলে তো লজ্জাও ঘূচবে না।

স্থাপনী। তার কাছ থেকে আদর পাবার ইচ্ছা যে কিছুতে মন থেকে খুচ.৬ চায় না।

স্বস্থা। স্ব ঘৃচবে রানীমা। কেবল একটি ইচ্ছা পাকবে, নিজেকে নিবেদন করবার ইচ্ছা।

স্থদর্শনা। সেই আঁধার ঘরের ইচ্ছা—দেখা নয়, শোনা নয়, চাওয়া নয়, কেবল গভীরের মধ্যে স্থাপনাকে ছেড়ে দেওয়া! স্বন্ধনা, সেই আশীধাদ কর যেন—

স্থরশ্বমা। কীবল ভূমি। আমি আশীবাদ করব কিলের প

স্বদর্শনা। সকলের কাছে নত হয়ে আমি আশীর্বাদ নেব। স্বাই বলত এত প্রসাদ রাজা আর কাউকে দেন নি। তাই শুনে হৃদয় এত শক্ত হয়েছে যে আমার রাজাকেও আঘাত করতে পেরেছি। এত শক্ত হয়েছে যে ফুইতে লজ্জা করছে। এ লজ্জা কাটাতে হবে—সমস্ত পৃথিবীর কাছে নিচু হবার দিন আমার এসেছে। কিন্তু, কই রাজা এখনও কেন আমাকে নিতে আসছেন না ? আরও কিসের জন্তে তিনি অপেক্ষা করছেন ?

অবঙ্গমা। আমি তো বলেছি আমার রাজা নিষ্ঠর-বড়ো নিষ্ঠর।

স্থাদর্শনা। স্থারন্ধমা তুই যা, একবার তাঁর খবর নিয়ে আয় গে।

স্থাৰ ক্ষা। কোপায় তাঁর ববর নেব তা তো কিছুই জানি নে। ঠাকুরদাকে ভাকতে পাঠিয়েছি—তিনি এলে হয়তো তাঁর কাছ থেকে সংবাদ পাওয়া যাবে।

# ঠাকুরদার প্রবেশ

স্দর্শনা। শুনেছি কুমি আমার রাজার বন্ধু—আমার প্রণাম গ্রহণ করো, আমাকে আশীর্বাদ করে। ঠাকুরদা। কর কী কর কী রানী! আমি কারও প্রণাম গ্রহণ করি নে। আমার সঙ্গে সকলের হাসির সম্বন্ধ।

স্থদর্শনা। তোমার সেই হাসি দেখিয়ে দাও---আমাকে স্থসংবাদ দিরে যাও।
বৈলো আমার রাজা কথন আমাকে নিতে আসবেন ?

ঠাক্রদা। ওই তো বড়ো শক্ত কথা জিজ্ঞাসা করলে। আমার বন্ধুর ভাবগতিক কিছুই বৃঝি নে তার আর বলব কী। যুদ্ধ তো শেষ হয়ে গেল তিনি যে কোথায় তার সন্ধান নেই।

স্থদৰ্শনা। চলে গিয়েছেন ?

ঠাকুরদা। সাড়া শব্দ তো কিছুই পাই নে।

স্মদর্শনা। চলে গিয়েছেন ? ভোমার বন্ধু এমনি বন্ধু !

ঠাকুরদা। সেইজ্বন্তে লোকে তাকে নিন্দেও করে সন্দেহও করে। কিন্তু আমার রাজা তাতে গেয়ালও করে না।

স্থদর্শনা। চলে গেলেন ? ওরে, ওরে, কাঁ কঠিন, কাঁ কঠিন। একেবারে পাধর, একেবারে বক্স। সমস্ত বৃক দিয়ে ঠেলছি—বৃক কেটে গেল-—কিন্তু নড়ল না। ঠাকুরদা, এমন বন্ধকে নিয়ে তোমার চলে কাঁ করে ?

ঠাকুরদা। চিনে নিয়েছি যে—স্থগে হুংগে তাকে চিনে নিয়েছি—এখন আর সে কাদতে পারে না।

স্থদর্শনা। আমাকেও সে কি চিনতে দেবে না ?

ঠাকুরদা। দেবে বই কি—নইলে এত দুংগ দিচ্ছে কেন ? ভালো করে চিনিয়ে তবে ছাড়বে, সে তো সহজ লোক নয়।

স্থাদৰ্শনা। আচ্ছা আচ্ছা দেখৰ তার কতৰড়ো নিষ্ঠুৱতা। এই স্থানালার কাছে আমি চুপ করে পড়ে পাকৰ—এক পা নড়ৰ না—দেখি সে কেমন না আসে।

ঠাকুরদা। দিদি তোমার বয়স অয়—জেদ করে অনেক দিন পড়ে থাকতে পার— কিন্তু আমার যে এক মৃহুর্ত গেলেও লোকসান বোধ হয়। পাই না-পাই একবার খুঁজতে বেরোব।

স্থপনা। চাই নে তাকে চাই নে। সুরক্ষা, তোর রাজাকে আমি চাই নে। কিসের জন্মে সে যুদ্ধ করতে এল ? আমার জন্মে একেবারেই না ? কেবল বীরত্ব দেধাবার জন্মে ?

স্বক্ষা। দেখাবার ইচ্ছে তাঁর যদি থাকত তাহলে এমন করে দেখাতেন কারও আর সন্দেহ থাকত না। দেখালেন আর কই ?

স্মদর্শনা। বা ষা চলে বা—তোর কথা অসহ বোধ হচ্ছে। এত নত করলে তবু সাধ মিটল না ? বিশ্বস্থ লোকের সামনে আমাকে এইখানে ফেলে রেখে দিয়ে চলে গেল ?

### 19

### নাগরিকদল

প্রথম। ওহে এতগুলো রাজা একত্র হয়ে লড়াই বাধিয়ে দিলে, ভাবলুম খৃব গতামালা হবে—কিন্তু দেখতে দেখতে কী যে হয়ে গেল ভালো বোঝাই গেল না।

দ্বিতীয়। দেখলে না, ওদের নিজেদের মধ্যেই গোলমাল বেধে গেল—কেউ গে কাউকে বিশাস করে না।

তৃতীয়। পরামর্শ ঠিক রইল না যে। কেউ এগোতে চায় কেউ পিছোতে চায়— কেউ এদিকে যায় কেউ ওদিকে যায়, একে কি আর যুদ্ধ বলে?

প্রথম। ওরা তো লড়াইয়ের দিকে চোথ রাথে নি—ওরা পরস্পরের দিকেই চোথ রেখেছিল।

দ্বিতীয়। কেবলই ভাবছিল লড়াই করে মরব আমি আর তার ফল ভোগ করণে আর কেউ।

তৃতীয়। কিন্তু লড়েছিল কাঞ্চীরাজ সে-কথা বলতেই হবে।

প্রথম। সে যে হেরেও হারতে চায় না।

দিতীয়। শেষকালে অস্ত্রটা একেবারে তার বুকে এসে লাগল।

তৃতীয়। তার আগে দে যে পদে পদেই হারছিল তা যেন টেরও পাচ্ছিল না।

প্রথম। অন্য রাজারা তো তাকে ফেলে কে কোথার পালাল তার ঠিক নেই।

দিতীয়। কিন্তু শুনেছি কাঞ্চীরাজ মরে নি।

ভূতীয়। না, চিকিৎসায় বেঁচে গেল কিন্তু তার বৃকের মধ্যে যে হারের চিক্টা আঁকা রইল সে তো আর এজন্ম মুছবে না।

প্রথম। রাজারা কেউ পালিয়ে রক্ষা পায় নি—সবাই ধর। পড়েছে। কিস্ক বিচারটা কী রকম হল ?

দিতীয়। আমি শুনেছি সকল রাজারই দণ্ড হয়েছে কেবল কাঞ্চীর রাজাকে বিচার-কর্তা নিজের সিংহাসনের দক্ষিণপার্থে বসিয়ে স্বহতে তার মাধায় রাজমুক্ট পরিয়ে দিয়েছে।

তৃতীয়। এটা কিন্তু একেবারেই বোঝা গেল না।

দ্বিতীয়। বিচারটা যেন কেমন বেখাপ রকম শোনাচ্ছে।

প্রথম। তা তো বটেই। অপরাধ যা-কিছু করেছে সে তো ওই কাঞ্চার রাজা। এরা তো একবার লোভে একবার ভয়ে কেবল এগোচ্ছিল আর পিছোচ্ছিল। তৃতীয়। এ কেমন হল। যেন বাঘটা গেল বেঁচে আর তার লেজটা গেল কাটা। ছিতীয়। আমি যদি বিচারক হতুম তাহলে কাঞ্চীকে কি আর আন্ত রাণতুম? ওর আর চিহ্ন দেশাই যেত না।

জৃতীয়। কী জানি ভাই মন্ত মন্ত বিচারকর্তা—ওদের বৃদ্ধি একরকমের।
প্রথম। ওদের বৃদ্ধি বলে কিছু আছে কি। ওদের স্বই মর্জি। কেউ তো
বলবার লোক নেই।

দিতীয়। যা বলিস ভাই, আমাদের হাতে শাসনের ভার যদি পড়ত তাহলে এর চেয়ে তের ভালে। করে চালাতে পারত্ম।

তৃতীয়। সে কি একবার করে বলতে ?

### 18

### পথ

# ঠাকুরদা ও কাঞ্চীরাজ

ঠাকুরদা। এ কাঁ কাঞ্চীরাজ তুমি পথে যে।
কাঞ্চী। তোমার রাজা আমার পথেই বের করেছে।
ঠাকুরদা। ওই তো তার স্বভাব।
কাঞ্চী। তার পরে আর নিজের দেখা নেই।
ঠাকুরদা। সেও তার এক কোতুক।

কাঞ্চী। কিন্তু আমাকে এমন করে আর কতদিন এড়াবে ? যথন কিছুতেই তাকে রাজা বলে মানতেই চাই নি তথন কোথা থেকে কালবৈশাধীর মতো এসে এক মুহূর্তে আমার ধ্বজা পতাকা ভেঙে উড়িয়ে ছারধার করে দিলে, আর আজ তার কাছে হার মানবার জন্যে পথে পথে খুরে বেড়াচ্ছি তার আর দেখাই নেই।

ঠাকুরদা। তা হ'ক সে যত বড়ো রাজাই হ'ক হার-মানার কাছে তাকে হার মানতেই হবে। কিন্ধু রাজন, রাত্রে বেরিয়েছ যে।

কাঞ্চী। ওই লক্ষাটুকু এখনও ছাড়তে পারি নি। কাঞ্চীর রাজা ধালায় মুকুট সাজিয়ে তোমার রাজার মন্দির খুঁজে বেড়াচ্ছে এই যদি দিনের আলোয় লোকে দেখে তাহলে যে তারা হাসবে। ঠাকুরদা। লোকের ওই দশা বটে। যা দেখে চোখ দিয়ে জল বেরিয়ে যায় তাই দেখেই বাদররা হাসে।

কাঞ্চী। কিন্তু ঠাকুরদা, তোমার এ কী কাণ্ড! সেই উৎসবের ছেলেদের এখানেও জুটিয়ে এনেছ? কিন্তু সেধানে যারা তোমার পিছে পিছে ঘুরত তাদের দেখছি নে বড়ো।

ঠাকুরদা। আমার শস্তু-স্থধনের দল ? তারা এবার লড়াইয়ে মরেছে।

কাঞ্চী। মরেছে?

ঠাকুরদা। হাঁ, তারা আমাকে বললে, ঠাকুরদা, পণ্ডিতরা যা বলে আমরা কিছুই ব্রুতে পারি নে, তুমি যে গান গাও তার সক্ষেও গলা মেলাতে পারি নে, কিছু একটা কাজ আমরা করতে পারি, আমরা মরতে পারি—আমাদের যুদ্ধে নিয়ে যাও, জীবনটা দার্থক করে আসি। তা যেমন কথা তেমন কাজ। সকলের আগে গিয়ে তারা দাঁড়াল, সকলের আগেই তারা প্রাণ দিয়ে বসে আছে।

কাঞী। সিধে রাস্তা ধরে সব বৃদ্ধিমানদের চেয়ে এগিয়ে গেল আর কি, এগন এই ছেলের দল নিয়ে কী বালালীলাটা চলছে ?

ঠাকুরদা। এবারকার বসস্ত-উৎসবটা নানাক্ষেত্রে নানারকম হয়ে গেল, তাই সকল পালার মধ্যে দিয়ে এদের ঘূরিয়ে নিয়ে বেড়াচ্ছি। সেদিন বাগানের মধ্যে দিয়ে দিবিয় লাল হয়ে উঠেছিল—রণক্ষেত্রেও মন্দ জমে নি। সে তো চুকল, আঞ্চ আবার আমাদের বড়ো রাস্তার বড়োদিন। আঞ্চ ঘরের মাসুবদের পথে বের করবার জ্ঞান্তে দক্ষিণ হাওয়ার মতো দলবল নিয়ে বেরিয়েছি। ধর তো রে ভাই: তোদের সেই দর্জায় ঘা দেবার গানটা ধর।

### গান

আজি বসস্ত জাগ্রত দ্বারে।
তব অবগুঠিত কুঠিত জীবনে,
ক'রো না বিড়ম্বিত তারে।
আজি খুলিয়ো হাদয়-দল খুলিয়ো,
আজি ভূলিয়ো আপন পর ভূলিয়ো,
এই সংগীত-মুখ্রিত গগনে
তব গন্ধ তরন্ধিয়া ভূলিয়ো।
এই বাহির ভূবনে দিশা হারায়ে
দিয়ো ছড়ায়ে মাধুরী ভারে ভারে।

**অতি নিবিড় বেদনা বনমাঝে রে** 

আজি পল্লবে পল্লবে বাজে বে

দূরে গগনে কাহার পথ চাহিয়া

আঞ্জি ব্যাকুল বস্তদ্ধরা সাঞ্চে রে।

মোর পরানে দ্বিন বায়ু লাগিছে

কারে বারে বারে কর হানি মাগিছে,

এই সৌরভবিহ্নলা রক্তনী

কার চরণে ধরণীতলে জাগিছে ?

ওগো স্থন্দর বল্পভ-কান্ত,

ত্রব গম্ভার আহ্বান কারে।

66

### পথ

### ম্রদর্শনা ও ম্ররঙ্গমা

স্থাপনা। বেঁচেছি, বেঁচেছি স্বরশ্বমা। হার মেনে তবে বেঁচেছি। ওরে বাস রে।
কাঁ কঠিন অভিমান। কিছুতেই গলতে চায় না। আমার রাজা কেন আমার কাছে
আসতে যাবে—আমিই তাঁর কাছে যাব এই কথাটা কোনোমতেই মনকে বলাতে
পারছিলুম না। সমস্ত রাভটা সেই জানালায় পড়ে ধুলোয় লুটিয়ে কেঁদেছি—দক্ষিনে
হাওয়া বুকের বেদনার মত হুছ করে বয়েছে, আর ক্লফচতুর্দশীর অদ্ধকারে বউক্থাকও
চার পহর রাভ কেবলই ডেকেছে—সে যেন অদ্ধকারের কালা।

স্বুস্থা। আহা কালকের রাডটা মনে হয়েছিল যেন কিছুতেই আর পোহাতে চায় না।

স্মদর্শনা। কিন্তু বললে বিশাস করবি নে তারই মধ্যে বার বার আমার মনে হচ্ছিল কোথায় তার বাঁণা বাঞ্চলি। যে নিষ্ঠ্র, তার কঠিন হাতে কি অমন মিনতির স্বর্বাঞ্জে। বাইরের লোক আমার অসম্মানটাই দেখে গেল—কিন্তু গোপন রাত্তের সেই স্বাটা কেবল আমার হৃদয় ছাড়া আর তো কেউ শুনল না। সে-বাঁণা ভূই কি শুনেছিলি সুরক্ষমা ? না, সে আমার স্বপ্ন ?

স্করন্ধা। সেই বীণা গুনব বলেই তো তোমার কাছে কাছে আছি। অভিমান-গলানো স্কর বাজবে জেনেই কান পেতে পড়ে ছিলুম।

স্কর্ণনা। তার পণটাই রইল—পথে বের করলে তবে ছাড়লে। মিলন হলে এই কথাটাই তাকে বলব যে, আমিই এসেছি, তোমার আসার অপেক্ষা করি নি। বলব চোথের জল কেলতে কেলতে এসেছি—কঠিন পথ ভাঙতে ভাঙতে এসেছি। এ-গর্ব আমি ছাড়ব না।

স্বক্ষমা। কিন্তু সে-গর্বও তোমার টি কবে না। সে যে তোমারও আগে এসেছিল নইলে তোমাকে বের করে কার সাধ্য।

স্কর্দনা। তা হয়তো এসেছিল—আভাস পেয়েছিলুম কিন্তু বিশাস করতে পারি নি। যতক্ষণ অভিমান করে বসেছিলুম ততক্ষণ মনে হয়েছিল সেও আমাকে ছেড়ে গিয়েছে—অভিমান ভাসিয়ে দিয়ে যখনই রাস্তায় বেরিয়ে পড়লুম তখনই মনে হল সেও বেরিয়ে এসেছে, রাস্তা থেকেই তাকে পাওয়া শুরু করেছি। এখন আমার মনে আর কোনো ভাবনা নেই। তার জন্তে এত যে হৃঃখ এই হৃঃখই আমাকে তার সঙ্গে দিচ্ছে— এত কট্টের রাস্তা আমার পায়ের তলায় যেন স্বরে স্বরে বেজে উঠছে—এ যেন আমার বীণা, আমার হৃঃখের বীণা—এরই বেদনার গানে তিনি এই কঠিন পাপরে এই শুরুনো ধুলায় আপনি বেরিয়ে এসেছেন—আমার হাত ধরেছেন—সেই আমার অন্ধকার ঘরের মধ্যে যেমন করে হাত ধরতেন—হঠাং চমকে উঠে গায়ে কাঁটা দিয়ে উঠত—এও সেইরকম। কে বললে, তিনি নেই ? সুরঙ্গমা তুই কি বৃঝতে পায়ছিস নে তিনি লুকিয়ে এসেছেন ?

### স্থ্রক্ষমার গান

অন্ধকারের মাঝে আমায় ধরেছ তুই হাতে।
কপন তুমি এলে, হে নাপ, মৃত্-চরণপাতে?
ভেবেছিলেম জীবনস্বামী,
তোমায় বৃঝি হারাই আমি,
আমায় তুমি হারাবে না বুঝেছি আজ রাতে।
যে নিশীপে আপন হাতে নিবিয়ে দিলেম আলো,
তারই মাঝে তুমি তোমার প্রবতারা জ্ঞালো।
তোমার পথে চলা যপন
ঘুচে গেল, দেখি তখন
আপনি তুমি আমার পথে লুকিয়ে চল সাথে॥

স্কুদর্শনা। ও কে ও! চেয়ে দেখু স্থারক্ষা, এত রাত্রে এই জাঁধার পথে আরও একজন পথিক বেরিয়েছে যে।

সুরক্ষা। মা, এ যে কাঞ্চীর রাজা দেখছি।

স্থদৰ্শনা। কাঞ্চীর রাজা?

স্থারক্ষা। ভয় ক'রোনা মা।

স্মদর্শনা। ভয়। ভয় কেন করব ? ভয়ের দিন আমার আর নেই।

কাঞ্চীরাজ (প্রবেশ করিয়া)। মা, তুমিও চলেছ বুঝি। আমিও এই এক পথেরই পথিক। আমাকে কিছুমাত্র ভয় ক'রো না।

স্থদর্শনা। ভালোই হুমেছে কাঞীরাজ—আমরা ছুজনে তাঁর কাছে পাশাপাশি চলেছি এ ঠিক হয়েছে। ঘর ছেড়ে বেরোবার মৃগেই তোমার সঙ্গে আমার যোগ হয়েছিল—আজ ঘরে ক্ষেরবার পথে সেই যোগই যে এমন শুভযোগ হয়ে উঠবে তা আগে কে মনে করতে পারত।

কাঞ্চী। কিন্তু, মা, ভূমি যে কেঁটে চলেছ এ তো ভোমাকে শোভা পায় না। যদি অন্তমতি কর তাহ**্যে** এপনই রপ আনিয়ে দিতে পারি।

স্থদর্শনা। না না, অমন কণা ব'লো না—্যে-পণ দিয়ে তাঁর কাছ থেকে দ্রে এসেছি সেই পথের সমন্ত ধুলোটা পা দিয়ে মাড়িয়ে মাড়িয়ে ফিরব তবেই আমার বেরিয়ে আসা সার্থক হবে। রপে করে নিয়ে গেলে আমাকে ফাঁকি দেওয়া হবে।

স্থরক্ষা। মহারাজ, ভূমিও তো আজ ধুলোয়। এ-পথে তো হাতিলোড়া রথ কারও দেখি নি।

স্থাদর্শনা। যথন রানী ছিলুম তথন কেবল সোনারুপোর মধ্যেই পা ফেলেছি—আজ তার ধুলোর মধ্যে চলে আমার সেই ভাগ্যদোষ পণ্ডিয়ে নেব। আজ আমার সেই ধুলোমাটির রাজার সঙ্গে পদে পদে এই ধুলোমাটিতে মিলন হচ্ছে এ স্থাধের থবর কে জানত।

স্থবন্ধা। রানীমা, ওই দেখো, পৃর্বদিকে চেম্নে দেখো ভোর হয়ে আসছে। আর দেরি নেই মা---তাঁর প্রাসাদের সোনার চূড়ার শিধর দেখা যাছে।

### গান

ভোর হল বিভাবরী, পথ হল অবসান। তন ওই লোকে লোকে উঠে আলোকেরি গান। ধশ্য হলি ওরে পাছ,
রজনী-জাগরক্লান্ত,
ধশ্য হল মরি মরি ধুলায় ধূসর প্রাণ।
বনের কোলের কাছে
সমীরণ জাগিয়াছে।
মধুভিক্ষ্ সারে সারে
আগত কুঞ্জের ছারে।
হল তব যাত্রা সারা,
মোছো মোছো অশ্রুধারা,
লক্জাভয় গেল ঝরি ঘূচিল রে অভিমান॥

# ঠাকুরদার প্রবেশ

ঠাকুরদা। ভোর হল, দিদি, ভোর হল।

স্কর্মন। তোমাদের আশীর্বাদে পৌছেছি, ঠাকুরদা, পৌছেছি।

ঠাকুরদা। কিন্তু আমাদের রাজার রকম দেপেছ ? রপ নেই, বাল নেই, সমারোহ নেই।

স্কুদর্শনা। বল কী, সমারোহ নেই ? ওই যে আকাশ একেবারে রাগ্র, ফুলগদ্ধের অভ্যর্থনায় বাতাস একেবারে পরিপূর্ব।

ঠাক্রদা। তা হ'ক, আমাদের রাজা যত নিষ্ঠর হ'ক আমরা তো তেমন কঠিন হতে পারি নে—আমাদের যে বাধা লাগে। এই দীনবেশে তুমি রাজভবনে যাক্ত এ কি আমরা সহা করতে পারি ? একটু দাঁড়াও, আমি ছুটে গিয়ে তোমার রানীর বেশট। নিয়ে আসি।

স্কর্শনা। না না না। সে রানীর বেশ তিনি আমাকে চির্দিনের মতে। ছাড়িয়েছেন—স্বার সামনে আমাকে দাসীর বেশ পরিয়েছেন—বেঁচেছি বেঁচেছি—আমি আজ তাঁর দাসী—যে-কেউ তাঁর আছে আমি আজ সকলের নিচে।

ঠাকুরদা। শত্রুপক্ষ তোমার এ দশা দেখে পরিহাস করবে সেইটে আয়াদের অসহ হয়।

স্বদর্শনা। শশুপক্ষের পরিহাস অক্ষয় হ'ক—তারা আমার গায়ে ধুলো দিক। আজকের দিনের অভিসারে সেই ধুলোই যে আমার অক্ষরাগ। ঠাকুরদা। এর উপরে আর কথা নেই। এখন আমাদের বসন্ত-উৎসবের শেষ শেলাটাই চলুক—ফুলের রেণু এখন থাক, দক্ষিনে হাওয়ায় এবার ধুলো উড়িয়ে দিক। সকলে মিলে আজ ধুসর হয়ে প্রভূব কাছে যাব। গিয়ে দেখব তার গায়েও ধুলো মাখা। তাকে বৃঝি কেউ ছাড়ে মনে করছ ? যে পায় তার গায়ে মুঠো মুঠো ধুলো দের যে— সে-ধুলো সে ঝেড়েও ফেলে না।

কাঞ্চী। ঠাকুরদা, তোমাদের এই ধুলোর বেলায় আমাকেও ভূলো না। আমার এই রাজবেশটাকে এমনি মাট করে নিয়ে যেতে হবে যাতে একে আর চেনা না যায়।

ঠাকুরদা। সে আর দেরি হবে না ভাই। যেখানে নেবে এসেছ এখানে যত তোমার মিথো মান সব ঘুচে গেছে—এখন দেখতে দেখতে রং ফিরে যাবে।—আর এই আমাদের রানীকে দেখো—ও নিজের উপর ভারি রাগ করেছিল—মনে করেছিল গয়না ফেলে দিয়ে নিজের ভ্রনমাহন রূপকে লাম্বনা দেবে—কিন্তু সে-রূপ অপমানের আঘাতে আরও ফটে পড়েছে—সে যেন কোগাও আর কিছু ঢাকা নেই। আমাদের রাজাটির নিজের নাকি রূপের সম্পর্ক নেই তাই তো এই বিচিত্র রূপ সে এত ভালোবাসে, এই রূপই তো তার বক্ষের অলংকার। সেই রূপ আপনার গর্বের আবরণ ঘূচিয়ে দিয়েছে—আজ্ব আমার রাজার ঘরে কা স্থরে যে এতক্ষণে বাণা বেজে উঠেছে তাই লোনবার জন্তে প্রাণটা ছটকট করছে।

স্বক্ষা। ওই যে স্থ উঠল।

20

### অন্ধকার ঘর

স্বশ্বমা। প্রান্থ, যে আদর কেড়ে নিয়েছ সে-আদর আর ফিরিয়ে দিয়ো না ; আমি ভোমার চরণের দাসী, আমাকে সেবার অধিকার দাও।

রাজা। আমাকে সইতে পারবে ?

স্থাপনা। পারব রাজা পারব। আমার প্রমোদবনে আমার রানীর ঘরে তোমাকে দেপতে চেয়েছিলুম বলেই তোমাকে এমন বিরূপ দেখেছিলুম—সেধানে তোমার দাসের অধম দাসকেও তোমার চেয়ে চোখে স্থানর ঠেকে। তোমাকে তেমন করে দেখবার তৃষ্ণা আমার একেবারে ঘুচে গেছে—তুমি কুন্দর নও প্রভূ স্থান্দর নও, তুমি অমুপম।

রাজা। তোমারই মধ্যে আমার উপমা আছে।

স্কর্শনা। যদি থাকে তো সেও অম্পুন। আমার মধ্যে তোমার প্রেম আছে সেই প্রেমেই তোমার ছায়া পড়ে, সেইখানেই তুমি আপুনার রূপ আপুনি দেখতে পাও— সে আমার কিছুই নয়, সে তোমার।

রাজা। আজ এই অন্ধকার ঘরের দার একেবারে খুলে দিলুম--এখানকার লালা শেষ হল! এস, এবার আমার সঙ্গে এস, বাইরে চলে এস—আলোয়।

স্কর্মনা। যাবার আগে আমার অন্ধকারের প্রভূকে আমার নিষ্ঠরকে আমার ভয়ানককে প্রণাম করে নিই।

# উপন্যাস ও গল্প

# শেষের কবিতা

# শেষের কবিতা

5

# অমিত-চরিত

অমিত রায় ব্যারিস্টার। ইংরেজি ছাদে রায় পদবী "রয়" ও "রে" রূপান্তর যগন ধারণ করলে তখন তার আ গেল ঘুচে কিন্তু সংখ্যা হল বৃদ্ধি। এই কারণে, নামের অসামান্ততা কামনা করে অমিত এমন একটি বানান বানালে, যাতে ইংরেজ বন্ধু ও বন্ধনাদের মূখে তার উচ্চারণ দাড়িয়ে গেল—অমিট রায়ে।

অমিতর বাপ ছিলেন দিগ্বিজ্ঞয়ী ব্যারিস্টার। যে-পরিমাণ টাকা তিনি জমিয়ে গেছেন সেটা অধন্তন তিন পুরুষকে অধ্যপাতে দেবার পক্ষে যথেষ্ট। কিন্তু পৈতৃক সম্পত্তির সাংঘাতিক সংঘাতেও অমিত বিনা বিপত্তিতে এ-যাত্রা টিঁকে গেল।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বি. এর কোঠায় পা দেবার পূর্বেই অমিত অক্সফোর্ডে ভরতি হয়; সেধানে পরীক্ষা দিতে দিতে এবং না দিতে দিতে ওর সাত বছর গেল কেটে। বৃদ্ধি বেশি থাকাতে পড়াশুনো বেশি করে নি, অথচ বিচেতে কমতি আছে বলে ঠাহর হয় না। ওর বাপ ওর কাছ থেকে অসাধারণ কিছু প্রত্যাশা করেন নি। তার ইচ্ছে ছিল তার একমাত্র ছেলের মনে অক্সফোর্ডের রং এমন পাকা করে ধরে যাতে দেশে এসেও ধোপ স্য়।

অমিতকে আমি পছল করি। পাসা ছেলে। আমি নবীন লেখক, সংখ্যায় আমার পাঠক বল্ল, যোগ্যতায় তাদের সকলের সেরা অমিত। আমার লেখার ঠাট-ঠমকটা ওর চোপে থুব লেগেছে। ওর বিশ্বাস, আমাদের দেশের সাহিত্য-বাজারে যাদের নাম আছে তাদের স্টাইল নেই। জীবস্পষ্টিতে উট জ্বন্ধটা যেমন, এই লেখকদের রচনাও তেমনি, ঘাড়ে-গদানে, সামনে-পিছনে পিঠে-পেটে বেখাপ, চালটা ঢিলে নড়বড়ে, বাংলা-সাহিত্যের মতো ক্যাড়া ক্যাকালে মক্ত্মিতেই তার চলন।—সমালোচকদের কাছে সময় থাকতে বলে রাখা ভালো, মতটা আমার নয়।

অমিত বলে, ফ্যাশানটা হল মুখোশ, স্টাইলটা হল মুখঞী। ওর মতে, যারা সাহিত্যের ওমরাও দলের, যারা নিব্দের মন রেখে চলে, স্টাইল তাদেরই। আর যারা আমলা দলের, দশের মন রাখা যাদের ব্যবসা, ফ্যাশান তাদেরই। বহিমি স্টাইল বিষয়ের লেখা 'বিষরুক্ষে,' বিষয় তাতে নিজেকে মানিয়ে নিয়েছেন,—বিষমি ফ্যাশান নিসিরামের লেখা "মনোমোহনের মোহনবাগানে," নিসরাম তাতে বিষমকে দিয়েছে মাটি করে। বারোয়ারি তাঁবুর কানাতের নিচে ব্যবসাদার নাচওআলীর দর্শন মেলে, কিন্তু শুভদৃষ্টিকালে বধুর মুখ দেখবার বেলায় বেনারসি ওড়নার ঘোমটা চাই। কানাত হর্দ ফ্যাশানের, আর বেনারসি হল স্টাইলের, বিশেষের মুখ বিশেষ রঙের ছায়ায় দেখবার জ্বেন্তা। অমিত বলে, হাটের লোকের পায়ে-চলা রান্তার বাইরে আমাদের পা সরতে ভরসা পায় না বলেই আমাদের দেশে স্টাইলের এত অনাদর। দক্ষযজ্ঞের গল্পে এই কথাটির পৌরাণিক ব্যাখ্যা মেলে। ইক্রচক্রবরুণ একেবারে স্বর্গের ফ্যাশান-ছরন্ত দেবতা, মাজ্ঞকমহলে তাঁদের নিমন্ত্রণও জুটত। শিবের ছিল স্টাইল, এত ওরিজিন্তাল যে, মন্ত্রপড়া ফ্রমানেরা তাঁকে হবাকব্য দেওয়াটা বে-দঙ্গর বলে জানত। অক্সফোর্ডের বি এর মুখে এ-সব কথা শুনতে আমার ভালো লাগে। কেননা, আমার বিশ্বাস, আমার লেখায় স্টাইল আছে—সেইজন্তেই আমার সকল বইয়েরই এক সংস্করণেই কৈবলাপ্রাপ্তি, তারা "ন পুনরাবর্তস্তে।"

আমার শ্রালক নবক্লফ অমিতর এ-সব কথা একেবারে সইতে পারত না—বলত, "রেখে দাও তোমার অক্সফোর্ডের পাস।" সে ছিল ইংরেজি সাহিতো রোমহর্বক এম এ; তাকে পড়তে হয়েছে বিশুর, বৃক্তে হয়েছে অল্ল। সেদিন সে আমাকে বললে, "অমিত কেবলই ছোটো লেখককে বড়ো করে, বড়ো লেখককে খাটো করবার জন্মেই। অবজ্ঞার ঢাক পিটোবার কাজে তার শথ, তোমাকে সে করেছে তার ঢাকের কাঠি।" ত্থাবের বিষয়, এই আলোচনাস্থলে উপস্থিত ছিলেন আমার স্ত্রী, স্বন্ধ ওর সহোদরা। কিন্তু পরম সস্তোবের বিষয় এই যে, আমার শ্রালকের কণা তার একটুও ভালো লাগে নি। দেখলুম, অমিতর সঙ্গেই তার ক্রচির মিল, অথচ পড়ান্ডনো বেশি করেননি। স্ত্রীলোকের আশ্রুণ স্বাভাবিক বৃদ্ধি।

অনেক সময় আমার মনেও খটকা লাগে যখন দেখি, কত কত নামজাদা ইংরেজ লেখকদেরকেও নগণ্য করতে অমিতর বুক দমে না। তারা হল, যাদের বলা যেতে পারে, বহুবাজারে চলতি লেখক, বড়োবাজারের ছাপমারা; প্রশংসা করবার জ্ঞান্তে যাদের লেখা পড়ে দেখবার দরকারই হয় না, চোখ বুজে গুণগান করলেই পাসমার্ক পাওয়া যায়। অমিতর পক্ষেও এদের লেখা পড়ে দেখা অনাবশুক, চোখ বুজে নিন্দে করতে ওর বাধে না। আসলে, যারা নামজাদা তারা ওর কাছে বড়ো বেশি সরকারি, বর্ধমানের ওয়েটিংক্রমের মতো; আর যাদেরকে ও নিজে আবিষ্কার করেছে তাদের উপর ওর খাসদখল, যেন স্পেশাল ট্রেনের সেলুন কামরা।

অমিতর নেশাই হল স্টাইলে। কেবল সাহিত্য-বাছাই কাব্দে নয়, বেশে ভূষায় ব্যবহারে। ওর চেহারাতেই একটা বিশেষ ছাঁদ আছে.—পাঁচজনের মধ্যে ও বে-কোনো একজন মাত্র নর, ও হল একেবারে পঞ্চম। অক্তকে বাদ দিয়ে চোখে পড়ে। দাড়িগোঁক-কামানো টাচা-মাজা চিকন জামবর্ণ পরিপুষ্ট মুণ, স্ফুর্তিভরা ভাবটা, চোঁখ চঞ্চল, হাসি চঞ্চল, নড়াচড়া চলাকেরা চঞ্চল, কথার জবাব দিতে একটুও দেরি হয় না ; मनिष्ठो अपन अकदकरमद हकमिक त्य, र्वन करत अकहे र्वकलाई कृतिक छिटेक পएए। দেশী কাপড় প্রায়ই পরে, কেননা ওর দলের লোক সেটা পরে না। ধৃতি সাদা ধানের, যত্নে কোঁচানো, কেননা ওর বয়সে এ-রকম ধুতি চলতি নয়। পাঞ্চাবি পরে, তার বাঁ কাঁধ থেকে বোতাম ভান-দিকের কোমর অবধি, আন্তিনের সামনের দিকটা কছুই পমস্ত ছ-ভাগ করা; কোমরে ধৃতিটাকে ঘিরে একটা জ্ববি-দেওয়া চওড়া প্রেরি রছের ক্ষিতে, তারই বা দিকে ঝুলছে বুন্দাবনী ছিটের এক ছোটো বলি, তার মধ্যে ওর ট গাক্ষড়ি; পারে সাদা চামড়ার উপর লাল চামড়ার কাজ-করা কটকি জুতো। বাইরে যুগন যায়, একটা পাট-করা পাড়ওআলা মাজ্রাঞ্চি চাদর বাঁ কাঁধ বেকে হাঁটু অবধি মূলতে পাকে, বন্ধুমহলে যথন নিমন্ত্রণ পাকে মাধায় চড়ায় এক মুদলমানি লক্ষ্ণে টুপি, দাদার উপর সাদা কাজ-করা। একে ঠিক সাজ বলব না, এ হচ্ছে ওর একরকমের উচ্চ হাসি। ওর বিশিতি সাঞ্জের মর্ম আমি বৃঝি নে, যারা বোঝে তারা বলে—কিছু আলুখালু গোছের বটে, কিন্তু ইংরেঞ্জিতে যাকে বলে ডিসটিশ্বইশত। নিজেকে অপরূপ করবার শণ ওর নেই, কিন্তু ফ্যাশানকে বিদ্রূপ করবার কৌতুক ওর অপর্যাপ্ত। কোনোমতে বয়স মিলিয়ে যারা কৃষ্টির প্রমাণে যুবক তাদের দর্শন মেলে পথে ঘাটে; অমিতর তুর্লভ যুবক'র নির্ম্পলা যৌবনের জ্যোরেই, একেবারে বেহিসেবি, উড়নচণ্ডী, বান ডেকে ছুটে 

এদিকে ওর ছই বোন, যাদের ডাকনাম সিসি এবং লিসি, যেন নতুনবাজারে অত্যন্ত হালের আমদানি,—ফাশানের পসরায় আপাদমন্তক যতে মোড়ক-করা পয়লা নম্বরের পাকেট বিশেষ। উচ্যুরওআলা ছুতো, লেসওআলা বুককাটা জ্ঞাকেটের ফাঁকে প্রবালে আম্বারে মেশানো মালা, শাড়িটা গায়ে তির্ঘণ্ডকীতে আঁট করে ল্যাপটানো। এরা খুট্যুট করে ফ্রুত লয়ে চলে; উচ্চৈশ্বেরে বলে; স্তরে স্তরে তোলে স্ক্রাগ্র হাসি; মৃথ স্বয়ং বেঁকিয়ে শ্বিভহাক্তে উচ্ কটাক্ষে চায়, জানে কাকে বলে ভাবগর্ভ চাউনি; গোলাপি রেশমের পাখা ক্ষণে ক্ষণে গালের কাছে ফুর ফুর করে সঞ্চালন করে, এবং পুরুষবন্ধুর চোকির হাতার উপরে বলে সেই পাবার আ্বাতে তাদের কৃত্তিম স্পর্ধাক প্রতাল করে থাকে।

আপন দলের মেয়েদের সঙ্গে অমিতর ব্যবহার দেখে তার দলের পুরুষদের মনে ঈর্ধার উদয় হয়। নির্বিশেষ ভাবে মেয়েদের প্রতি অমিতর শুলাসীক্ত নেই, বিশেষ ভাবে কারও প্রতি আসক্তিও দেখা যায় না, অপচ সাধারণভাবে কোনোখানে মধুর রসেরও অভাব ঘটে, না। এক কথায় বলতে গেলে মেয়েদের সম্বন্ধে ওর আগ্রহ নেই, উৎসাহ আছে। অমিত পার্টিতেও যায়, তাসও থেলে ইচ্ছে করেই বাজিতে হারে, যে-রমণীর গলা বেস্করো তাকে দ্বিতীয়বার গাইতে পীড়াপীড়ি করে, কাউকে বদ-রঙের কাপড় পরতে দেখলে দ্বিজ্ঞাসা করে কাপড়টা কোন্ দোকানে কিনতে পাওয়া যায়। যে-কোনো আলাপিতার সঙ্গের কথা ব'লে বিশেষ পক্ষপাতের স্থর লাগায়; অপচ সবাই জানে ওর পৃক্ষপাতটা সম্পূর্ণ নিরপেক্ষ। যে-মায়্র্য অনেক দেবতার পূজারি, আড়ালে সব দেবতাকেই সে সব দেবতার চেয়ে বড়ো বলে শুব করে, দেবতাদের ব্রুতে বাকি থাকে না, অপচ খুলিও হন। কক্যার মাতাদের আলা কিছুতেই কমে না, কিন্তু কক্যারা বুঝে নিয়েছে, অমিত সোনার রঙের দিগন্তরেখা, ধরা দিয়েই আছে তবু কিছুতেই ধরা দেবে না। মেয়েদের সম্বন্ধে ওর মন তর্কই করে, মীমাংসায় আসে না। সেইজক্টেই গম্যবিহীন আলাপের পথে ওর এত দুঃসাহস। তাই অতি সহজেই সকলের সঙ্গে ও ভাব করতে পারে,—নিকটে দাহ্বস্ত্র থাকলেও ওর তরকে আয়েয়তা নিরাপদে সুরক্ষিত।

সেদিন পিকনিকে গন্ধার ধারে যখন ওপারের ঘন কালো পুঞ্চাভৃত গুরুভার উপরে চাঁদ উঠল ওর পাশে ছিল লিলি গান্ধলি। তাকে ও মৃত্ত্বরে বললে, "গন্ধার ওপারে ওই নতুন চাঁদ, আর এপারে তুমি আর আমি, এমন সমাবেশটি অনম্ভকালের মধ্যে কোনোদিনই আর হবে না।"

প্রথমটা লিলি গাঙ্গুলির মন এক মুহূর্তে ছলছলিয়ে উঠেছিল,—িকস্তু সে জানত এ-কথাটায় যতথানি সত্য সে কেবল ওই বলার কারদাটুকুর মধ্যেই। তার বেশি দাবি করতে গেলে বৃদ্বুদের উপরকার বর্ণজ্ঞটাকে দাবি করা হয়। তাই নিজেকে ক্ষণকালের ঘোর-লাগা থেকে ঠেলা দিয়ে লিলি হেসে উঠল, বললে, "অমিট, তৃমি যা বললে সেটা এত বেশি সত্য যে, না বললেও চলত। এইমাত্র যে-ব্যাঙটা টপ করে জলে লাফিয়ে পড়ল এটাও তো অনস্তকালের মধ্যে আর কোনোদিন ঘটবে না।"

অমিত হেসে উঠে বললে, "তফাত আছে, লিলি, একেবারে অসীম তফাত। আজকের সন্ধ্যাবেলায় ওই ব্যাঙের লাফানোটা একটা থাপছাড়া ছেঁড়া জিনিস। কিন্তু তোমাতে আমাতে চাঁদেতে, গঙ্গার ধারায়, আকাশের তারায়, একটা সম্পূর্ণ ঐকতানিক সৃষ্টি,—বেটোকেনের চন্দ্রালোক-গীতিকা। আমার মনে হয় যেন বিশ্বকর্মার কারখানায় একটা পাগলা বর্গীয় স্থাকরা আছে সে যেমনি একটি নিখুঁত স্থগোল সোনার চক্রে

নীলার সঙ্গে হীরে এবং হীরের সঙ্গে পান্না লাগিয়ে এক প্রহরের আঙটি সম্পূর্ণ করলে অমনি দিলে সেটা সমুদ্রের জ্বলে কেলে, আর তাকে খুঁজে পাবে না কেউ।"

"ভালোই হল, ভোমার ভাবনা রইল না, অমিট, বিশ্বক্র্মার স্থাকরার বিল ভোমাকে শুধতে হবে না।"

"কিন্ধ, লিলি, কোটি কোটি যুগের পর যদি দৈবাং তোমাতে আমাতে মন্ধলগ্রহের লাল অরণোর ছায়ায় তার কোনো-একটা হাজার-ক্রোশী গালের ধারে মুগোমুখি দেখা হয়, আর যদি শক্স্থলার সেই জেলেট। বোয়াল মাছের পেট চিরে আজকের এই অপরপ সোনার মুহুওটিকে আমাদের সামনে এনে ধরে, চমকে উঠে মুখ-চাওয়া-চাউয়ি করব, তার পরে কাঁহবে ভেবে দেখো।"

লিলি অমিতকে পাণার বাড়ি তাড়না করে বললে, "তার পরে সোনার মৃহওঁটি অক্সমনে গদে পড়বে সমূত্রের জলে। আর তাকে পাওয়া যাবে না। পাগলা স্তাকরার গড়া এমন তোমার কত মুহর্ত ধদে পড়ে গেছে, ভূলে গেছ বলে তার হিসেব নেই।"

এই বলে লিলি তাড়াতাড়ি উঠে তার স্থীদের সঙ্গে গিয়ে যোগ দিলে। অনেক ঘটনার মধ্যে এই একটা ঘটনার নমুনা দেওয়া গেল।

অমিতর বোন সিসি-লিসিরা ওকে বলে, "অমি, তুমি বিয়ে কর না কেন ?"

অমিত বলে, "বিয়ে ব্যাপারটায় সকলের চেয়ে জরুরি হচ্চে পাত্রী, তার নিচেই পাত্র।"

সিসি বলে, "অবাক করলে, মেরে এত আছে।"

অমিত বলে, "মেয়ে বিয়ে করত সেই পুরাকালে, লক্ষণ মিলিয়ে। আমি চাই পাত্রী, আপন পরিচয়েই যার পরিচয়, জগতে যে অম্বিতীয়।"

সিসি বলে, "তোমার ঘরে এলেই তুমি হবে প্রথম, সে হবে দ্বিতীয়, তোমার পরিচয়েই হবে তার পরিচয়।"

অমিত বলে, "আমি মনে-মনে যে-মেয়ের বার্থ প্রত্যাশার ঘটকালি করি সে গরটিকানা মেয়ে। প্রায়ই সে ঘর পর্যন্ত এসে পৌছোর না। সে আকাশ থেকে পড়স্ত তারা, হৃদয়ের বায়ুমণ্ডল ছুঁতে-না-ছুঁতেই জলে ওঠে, বাতাসে যার মিলিয়ে, বাস্ত্রঘরের মাটি পর্যন্ত আসা ঘটেই ওঠে না।"

দিসি বলে, "অর্থাৎ, সে তোমার বোনেদের মতো একটুও না।"

অমিত বলে, "অর্থাং সে ঘরে এসে কেবল ঘরের লোকেরই সংখাা বৃদ্ধি করে না।" লিসি বলে, "আচ্ছা ভাই সিসি, বিমি বোস তো অমির জ্বন্তে পথ চেয়ে তাকিয়ে আছে, ইশারা করলেই ছুটে এসে পড়ে, তাকে ওর পছন্দ নয় কেন? বলে, তার কালচার নেই। কেন, ভাই, সে তো এম.এ.তে বটানিতে ফার্স্ট । বিজেকেই তো বলে কালচার।"

অমিত বলে, "কমল-হীরের পাথরটাকেই বলে বিছে, আর ওর থেকে যে-আলো ঠিকরে পড়ে তাকেই বলে কালচার। পাথরের ভার আছে, আলোর আছে দীপ্তি।"

লিসি রেগে উঠে বলে, "ইস, বিমি বোসের আদর নেই ওঁর কাছে! উনি নিঙ্গেই না কি তার যোগা! অমি যদি বিমি বোসকে বিয়ে করতে পাগল হয়েও ওঠে আমি তাকে সাবধান করে দেব সে যেন ওর দিকে ফ্লিরেও না তাকায়।"

অমিত বললে, "পাগল না হলে বিমি বোসকে বিয়ে করতে চাইবই বা কেন ? সে-সময়ে আমার বিয়ের কথা না ভেবে উপযুক্ত চিকিৎসার কথা ভেবো।"

আত্মীয়ম্বজন অমিতর বিয়ের আশা ছেড়েই দিয়েছে। তারা ঠিক করেছে, বিয়ের দায়িত্ব নেবার যোগাতা ওর নেই, তাই ও কেবল অসম্ভবের ম্বপ্ন দেখে আর উলটো কণা বলে মামূষকে চমক লাগিয়ে বেড়ায়। ওর মনটা আলেয়ার আলো, মাঠে বাটে দাঁধা লাগাতেই আছে, ঘরের মধ্যে তাকে ধরে আনবার জো নেই।

ইতিমধ্যে অমিত যেখানে-সেখানে হো হো করে বেড়াচ্ছে,— ফিরপোর দোকানে যাকে-তাকে চা খাওয়াচ্ছে, যখন-তখন মোটরে চড়িয়ে বন্ধুদের অনাবশুক ঘূরিয়ে নিয়ে আসছে; এখান-ওখান থেকে যা-তা কিনছে আর একে-ডকে বিলিয়ে দিচ্ছে, ইংরেজি বই স্থা কিনে এ-বাড়িতে ও-বাড়িতে কেলে আসছে, আর ফিরিয়ে আনছে না।

ওর বোনেরা ওর যে-অভ্যাসটা নিয়ে ভারি বিরক্ত সে হচ্ছে ওর উনটো কথা বলা। সজ্জনসভায় যা-কিছু সর্বজনের অন্তমোদিত ও তার বিপরীত কিছু একটা বলে বসবেই।

একদা কোন্ একজন রাষ্ট্রতান্ত্রিক ডিমোক্রাসির গুণ বর্ণনা করছিল, ও বলে উঠল "বিষ্ণু যথন সতীর মৃতদেহ খণ্ড বণ্ড করলেন তখন দেশ ঋ্ড়ে যেগানে-সেখানে তাঁর এক-শর অধিক পীঠস্থান তৈরি হয়ে গেল। ডিমোক্রাসি আঞ্জ যেগানে-সেখানে যত টুকরো আ্যারিস্টক্রেসির পুজো বসিয়েছে,—খুদে খুদে আ্যারিস্টক্রাটে পৃথিবী ছেয়ে গেল, কেউ পলিটিক্সে, কেউ সাহিত্যে, কেউ সমাজে। তাদের কারও গান্ধীয় নেই, কেননা তাদের নিজের পরে বিশ্বাস নেই।"

একদা মেয়েদের 'পরে পুরুষের আধিপত্যের অত্যাচার নিয়ে কোনো সমাঞ্ছিতিশী অবলাবান্ধব নিন্দা করছিল পুরুষদের। অমিত মুখ পেকে সিগারেট নামিয়ে কস করে বললে, "পুরুষ আধিপত্য ছেড়ে দিলেই মেয়ে আধিপত্য শুরু করবে। ত্র্বলের আধিপত্য অতি ভয়ংকর।"

म् जान व्यवना ७ व्यवनावाद्भत्वत्रा घटि छेर्छ वनतन, "मान की इन ?"

অমিত বললে, "যে-পক্ষের দখলে শিকল আছে সে শিকল দিরেই পাখিকে বাঁধে, অর্থাং জাের দিয়ে। শিকল নেই যার সে বাঁধে আফিম থাইরে, অর্থাং মারা দিয়ে। শিকলওআলা বাঁধে বটে, কিন্তু ভোলায় না, আফিমওআলী বাঁধেও বটে ভোলায়ও। মেয়েদের কোঁটো আফিমে ভরা, প্রকৃতি শয়তানী তার জােগান দেয়।"

একদিন ওদের বালিগঞ্জের এক সাহিত্যসভায় রবি ঠাকুরের কবিতা ছিল আলোচনার বিষয়। অমিতর জীবনে এই সে প্রথম সভাপতি হতে রাজি হয়েছিল; গিয়েছিল মনে-মনে যুদ্ধসাজ্ঞ পরে। একজন সেকেলে গোছের অতি ভালোমাস্থম ছিল বক্রা। রবি ঠাকুরের কবিতা যে কবিতাই এইটে প্রমাণ করাই তার উদ্দেশ্ত। ত্ই-একজন কলেজের অধ্যাপক ছাড়া অধিকাংশ সভাই শীকার করলে, প্রমাণটা একরকম সম্বোধজনক।

সভাপতি উঠে বললে, "কবিমাত্রের উচিত পাচ বছর মেয়াদে কবিত্ব করা; পচিশ পেকে ত্রিশ পথস্ত। এ-কথা বলব না যে, পরবর্তীদের কাছ থেকে আরও ভালো বিছু চাই, বলব অক্ত কিছু চাই। কঞ্জলি আম ফুরোলে বলব না, 'আনো কঞ্জলিতর আম।' বলব, 'নতুনবাঞ্চার পেকে বড়ো দেখে আতা নিয়ে এস তোহে।' ডাব-নারকেলের মেয়াদ অল্প, সে রসের মেয়াদ, ঝুনো নারকেলের মেয়াদ বেশি, সে শাসের মেয়াদ। करिता इल क्रमञ्जीवी, क्रिलक्षकत्त्रत वर्गास्त्रत शाहलायत नारे।...विव ठीकृत्त्रत विकटक সবচেয়ে বড়ো নালিশ এই যে, বড়ো ওঅর্ডপওঅর্থের নকল করে ভদ্রলোক অতি অক্সায়-রকম গেঁচে আছে। যম বাতি নিবিয়ে দেবার জ্ঞা থেকে-থেকে ফরাশ পাঠায়, তব लाको माजिय माजिया कोकिय हाजा **यां**कज़िया थाक। ७ यमि मान मान निक्ह সরে না পড়ে আমাদের কর্তবা ওর সভা ছেড়ে দল বেঁধে উঠে আসা। পরবর্তী ঘিনি থাসবেন, তিনিও তাল ঠুকেই গর্জাতে গর্জাতে আসবেন যে, তাঁর রাজত্বের অবসান অমরাবতী বাধা থাকবে মর্ডো তারই দরজায়। কিছুকাল ভক্তরা দেবে মালাচন্দন, পাওয়াবে পেট ভরিয়ে, সাষ্টাঙ্গে প্রণিপাত করবে, তার পরে আসবে তাকে বলি দেবার পুণ্য দিন,—ভত্তিবন্ধন থেকে ভক্তদের পরিত্রাণের শুভলগ্ন। আফ্রিকার ण्डू भाम त्मवजात भूत्कात श्रामी **এहेतकमहै। फ्लिमी जिलमी रुज्ममी रुज्**ममलमी দেবতাদের পুর্জ্বান্ড এই নিয়মে। পূজা জিনিসটাকে একদেয়ে করে তোলার মতো অপবিত্র অধার্মিকতা আর কিছু হতে পারে না। --ভালো-লাগার এভোলালন আছে। পাচ বছর পূর্বেকার ভালো-লাগা পাঁচ বছর পরেও যদি একই জারগার বাড়া দাঁড়িয়ে পাকে তাহলে বুঝতে হবে বেচারা জানতে পারে নি যে, সে মরে গেছে। একটু ঠেলা

মারলেই তার নিজের কাছে প্রমাণ হবে যে, সেন্টিমেন্টাল আত্মীয়েরা তার অস্ত্যেষ্টিসংকার করতে বিলম্ব করেছিল, বোধ করি উপযুক্ত উত্তরাধিকারীকে চিরকাল ফাঁকি দেবার মতলবে। রবি ঠাকুরের দলের এই অবৈধ ষড়যম্ম আমি পাব্লিকের কাছে প্রকাশ করব বলে প্রতিজ্ঞা করেছি।"

আমাদের মণিভূষণ চশমার ঝলক লাগিয়ে প্রশ্ন করলে, "সাহিত্য পেকে লয়ালটি উঠিয়ে দিতে চান।"

"একেবারেই। এখন থেকে কবি-প্রেসিডেন্টের জ্রুত নিঃশেষিত যুগ। রবি ঠাকুর সম্বন্ধে আমার দ্বিতীয় বক্তব্য এই যে, তাঁর রচনারেখা তাঁরই হাতের অক্ষরের মতো---গোল বা তরক্রেথা, গোলাপ বা নারীর মুখ বা চাদের ধরনে। 'ওটা প্রিমটিভ: প্রকৃতির হাতের অক্ষরের মক্শো-করা। নতুন প্রেসিডেন্টের কাছে চাই কড়া লাইনের থাড়া লাইনের রচনা—তীরের মতো, বর্শার ফলার মতো, কাঁটার মতো, ফুলের মতো নয়, বিদ্বাতের রেথার মতো, স্বারালজিয়ার বাথার মতো, থোচাওআলা, কোণওআলা, গণিক গির্জের ছাদে, মন্দিরের মণ্ডপের ছাঁদে নয়, এমন কি, যদি চটকল, পাটকল অথব। সেকেটারিয়েট বিলভিঙের আদলে হয়, ক্ষতি নেই। ০০ এখন থেকে কেলে দাও মন ভোলাবার ছলাকল। ছন্দোবন্ধ, মন কেড়ে নিতে হবে, যেমন করে রাবণ সীতাকে কেড়ে নিয়ে গিয়েছিল। মন যদি কাদতে কাদতে আপত্তি করতে করতে যায় তবুও তাকে যেতেই হবে—অতিবৃদ্ধ জ্টাযুটা বারণ করতে আসবে, তাই করতে গিয়েই তার হবে মরণ। তার পরে কিছু দিন যেতেই কিছিছা। জেগে উঠবে, কোন হতুমান হঠাং লাফিয়ে পড়ে লম্বার আগুন লাগিয়ে মনটাকে প্রস্থানে ফিরিয়ে নিয়ে আসবার বারস্থা করবে। তথন আবার হবে টেনিসনের সঙ্গে পুনর্মিলন, বায়রনের গলা জড়িয়ে করব অশ্রবর্ধন, ডিকেন্সকে বলব, মাপ করো, মোহ থেকে আরোগ্য লাভের জন্মে ভোমাকে গাল দিয়েছি। · · · মোগল বাদশাদের কাল থেকে আজ পর্যস্ত দেশের যত মৃদ্ধ মিস্তি মিলে যদি যেপানে-সেধানে ভারত জ্বড়ে কেবলই গম্বজ্জজালা পাগরের বৃদ্বুদ বানিয়ে চলত তাহলে ভদ্রলোক মাত্রই যেদিন বিশ বছর বয়স পেরোত সেইদিনই বানপ্রস্থ নিতে দেরি করত না। তাজমহলকে ভালো-লাগাবার জন্তেই তাজমহলের নেশা ছুটিয়ে দেওয়া দরকার।"

( এইখানে বলে রাখা দরকার, কথার তোড় সামলাতে না পেরে সভার রিপোর্টারের মাথা ঘূরে গিয়েছিল, সে যা রিপোর্ট লিপেছিল সেটা অমিতর বক্তার চেয়েও অবোধা হয়ে উঠেছিল। তারই থেকে যে-কটা টুকরো উদ্ধার করতে পারলুম তাই আমরা উপরে সাজিয়ে দিয়েছি।) তাজমহলের পুনরাবৃত্তির প্রসঙ্গে রবি ঠাকুরের ভক্ত আরক্তমুখে বলে উঠল, "ভালো জিনিস যতো বেশি হয় ততই ভালো।"

অমিত বললে, "ঠিক তার উলটো। বিধাতার রাজ্যে ভালে। জিনিস অয় হয় বলেই তা ভালো, নইলে সে নিজেরই ভিড়ের ঠেলায় হয়ে যেত মাঝারি। ে যে-সম্ব কবি নাট-সত্তর পর্যন্ত বাঁচতে একটুও লজা করে না, তারা নিজেকে শান্তি দেয় নিজেকে সন্তা করে দিয়ে। লেবকালটায় অয়করণের দল চারিদিকে বৃাহু বেঁপে তাদেরকে মুপ ভ্যাঙচাতে পাকে। তাদের লেগার চরিত্র বিগড়ে যায়, পূর্বের লেগা পেকে চ্রি শুরু করে হয়ে পড়ে পূর্বের লেগার রিদীভর্স অফ স্টোল্ন প্রপার্টি। সে-স্থলে লোকহিতের গাতিরে পাঠকদের কর্তব্য হচ্ছে, কিছুতেই এই সব অভিপ্রবীণ কবিদের বাঁচতে না দেওয়া, — শারারিক বাঁচার কথা বলছি নে, কাব্যিক বাঁচা। এদের পরমায় নিয়ে বেঁচে পাক প্রবীণ অধ্যাপক, প্রবীণ পোলিটিশন, প্রবীণ সমালোচক।"

সেদিনকার বন্ধ। বলে উঠল, "জানতে পারি কি, কাকে আপনি প্রেসিডেন্ট করতে চান গু তার নাম করন।"

অমিত ফস করে বললে, "নিবারণ চক্রব চাঁ।"

সভার মানা চৌকি পেকে বিশ্বিত রব উঠল– "নিবারণ চক্রবর্তী ? সে লোকটাকে ?"

"আজকের দিনে এই যে প্রশ্নের অঙ্কুর মাত্র, আগামী দিনে এর থেকে উত্তরের বনস্পতি ওছগে উঠবে।"

"ইতিমধ্যে আমরা একটা নমুনা চাই।"

"ভবে শুরুন।" বলে পকেট থেকে একটা স্কুল্মা কাাছিলে-বাধা খাভা বের করে ভার থেকে পড়ে গেল

আনিলাম
অপরিচিতের নাম
ধরণীতে,
পরিচিত জনতার সরণীতে।
আমি আগস্কক,
আমি জন-গণেশের প্রচণ্ড কৌতুক।
থোলো হার,
বাধা আনিয়াভি বিধাতার:

মহাকালেশ্বর
পাঠায়েছে তুর্লক্ষ্য অক্ষর,
বল্ তুঃসাহসী কে কে
মৃত্যু পণ রেখে
দিবি তার ত্বরহ উত্তর।

শুনিবে না।

মৃচ্তার সেনা

করে পথরোধ।

ব্যর্থ ক্রোধ
হংকারিয়া পড়ে বুকে:

তরকের নিফলতা

নিত্য যথা

মরে মাধা ঠুকে

শৈলভট 'পরে

আব্যাধাতী দম্ভভরে।

পূস্পমাল্য নাহি মোর, রিক্ত বক্ষতল, নাহি বর্ম অঞ্চল কুণ্ডল। শূল্য এ ললাটপটে লিগা গৃঢ় জয়টিকা। ছিল্ল কম্বা দরিদ্রের বেশ। করিব নিংশেব ভোমার ভাণ্ডার। পোলো গোলো দ্বার। অকস্মাং বাড়ায়েছি হাত, যা দিবার দাও অচিরাং! বক্ষ তব কেঁপে উঠে, কম্পিত অর্গল, ভয়ে আর্ত উঠিছে চীংকারি
দিগস্ত বিদারি,
"ফিরে যা এগনি,
রে হুদাস্ত হুরস্ত ভিখারি,
তোর কণ্ঠধ্বনি,
যুবি ঘূবি
নিশীণ নিস্রার বক্ষে হানে তীব্র ছুরি।"

অন্ত্র আনো।
ঝম্বনিয়া আমার পঞ্জরে হানো।
মৃত্যুরে মারুক মৃত্যু, অক্ষয় এ প্রাণ
করি ধাব দান।
শৃত্যুগ জড়াও তবে,
বাধো মোরে, গণ্ড গণ্ড হবে
মৃত্তে চকিতে,
মৃত্তি তব আমারি মৃক্তিতে।

শাস্ত্র আনো।
হানো মোরে, হানো।
পণ্ডিতে পণ্ডিতে
উপ্তথ্যে চাহিব পণ্ডিতে
দিব্য বাণী।
জানি জানি
তর্কবাণ
হয়ে যাবে ধান ধান।
মুক্ত হবে জীন বাক্যে আচ্ছন্ন ছ্-চোধ,
হেরিবে আলোক।

অগ্নি জ্বালো।
আজিকার যাহা ভালো
কল্য যদি হয় তাহা কালো,

### রবীন্দ্র-রচনাবলী

যদি তাহা ভত্ম হয়
বিশ্বময়,
ভত্ম হ'ক।
দূর করো শ্লোক।
মোর অগ্রিপরীক্ষায়
ধন্ম হ'ক বিশ্বলোক অপূর্ব দীক্ষায়।

আমার তুর্বাধ বাণী বিরুদ্ধ বৃদ্ধির 'পরে মৃষ্টি হানি, করিবে তাহারে উচ্চকিত. আত্তিত। উন্মাদ আমার ছন্দ मिद्रव धम्म শান্তিলুক মুমুক্রে, ভিক্ষাজীর্ণ বৃত্তৃদ্রে। শিরে হন্ত হেনে একে একে নিবে মেনে ক্রোধে ক্ষোভে ভয়ে লোকাশয়ে অপরিচিত্রের জয়, অপরিচিতের পরিচয়,— যে অপরিচিত বৈশাবের কন্দ্র ঝড়ে বস্তম্বরা করে আন্দোলিও, হানি বন্ধ-মৃঠি মেষের কার্পণা টুটি সংগোপন বর্ধণ-সঞ্চয় ছির করে মৃক্ত করে সর্বজগন্ময় ॥

রবি ঠাকুরের দল সেদিন চূপ করে গেল। শাসিয়ে গেল, লিগে জবাব দেবে। সভাটাকে হতবৃদ্ধি করে দিয়ে মোটরে করে অমিত ধবন বাড়ি আসছিল, সিসি তাকে বললে, "একথানা আন্ত নিবারণ চক্রবর্তী তুমি নিশ্চর আগে থাকতে গড়ে তুসে পকেটে করে নিয়ে এসেছ, কেবলমাত্র ভালোমায়বদের বোকা বানাবার জ্বন্তে।"

অমিত বললে, "অনাগতকে যে-মামুষ এগিয়ে নিয়ে আসে তাকেই বলে অনাগতবিধাতা। আমি তাই। নিবারণ চক্রবর্তী আজ মর্ত্যে এসে পড়ল, কেউ তাকে আর
ঠেকাতে পারবে না।"

সিসি অমিতকে নিয়ে মনে-মনে খুব একটা গর্ব বোধ করে। সে বললে, "আচ্চা অমিত, তুমি কি সকালবেলা উঠেই সেদিনকার মতে। তোমার যত শানিয়ে-বলা কথা বানিয়ে রেখে দাও ?"

অমিত বললে, "সম্ভবপরের জন্তে স্ব স্মরেই প্রস্তুত থাকাই স্ভ্যুতা; বর্বরতা পৃথিবাতে স্কুল বিষয়েই অপ্রস্তুত। এ-কুণাটাও আমার নোট বইয়ে লেখা আছে।"

"কিন্তু তোমার নিজের মত বলে কোনো পদার্থ ই নেই; যখন যেটা বেশ ভালো শোনায় সেইটেই তুমি বলে বস।"

"আমার মনটা আয়না, নিজের বাঁধা মতগুলো দিয়েই চিরদিনের মতো যদি তাকে মাগাগোড়া লেপে রেখে দিতুম তাহলে তার উপরে প্রত্যেক চলতি মুহূর্তের প্রতিবিদ পড়ত না।"

দিদি বললে, "অমি, প্রতিবিদ্ধ নির্বেই তোমার জীবন কাট্রে।"

### 2

### সংঘাত

অমিত বেছে বেছে শিলঙ পাহাড়ে গেল। তার কারণ, সেখানে ওর দলের লোক কেউ যায় না। আরও একটা কারণ, ওখানে কন্তাদারের বন্তা তেমন প্রবল নয়। অমিতর হৃদয়টার 'পরে যে-দেবতা সর্বদা শরসন্ধান করে ক্ষেরেন, তাঁর আনাগোনা গাাশানেবল পাড়ায়। দেশের পাহাড়-পর্বতে যত বিলাসী বসতি আছে তার মধ্যে শিলঙে এদের মহলে তাঁর টার্গেট প্রাাকটিসের জায়গা সব-চেয়ে সংকীর্ণ। বোনেরা মাধা ঝাঁকানি দিয়ে বললে, "যেতে হয় একলা যাও, আমরা যাচ্ছি নে।"

বাঁ হাতে হাল কারদার বেঁটে হাতা, ডান হাতে টেনিস ব্যাট, গাবে নকল পারসিক শালের ক্লোক পরে বোনরা গেল চলে দার্জিলিঙে। বিমি বোস আগেভাগেই সেধানে গিয়েছে। যখন ভাইকে বাদ দিয়ে বোনদের সমাগম হল তখন সে চারদিক চেয়ে আবিষ্কার করলে দার্জিলিঙে জ্বনতা আছে মায়ুষ নেই।

অমিত স্বাইকে বলে গিয়েছিল, সে শিলঙে যাচ্ছে নির্জনতা ভোগের জন্যে— ছদিন না যেতেই ব্যুলে, জনতা না থাকলে নির্জনতার স্বাদ মরে যায়। ক্যামেরা ছাতে দৃশ্য দেখে বেড়াবার শথ অমিতর নেই। সে বলে, আমি টুরিস্ট না, মন দিয়ে চেথে খাবার ধাত আমার, চোথ দিয়ে গিলে খাবার ধাত একেবারেই নয়।

কিছুদিন ওর কাটল পাহাড়ের ঢালুতে দেওদার গাছের ছায়ায় বই পড়ে পড়ে। গল্পের বই ছুঁলে না, কেননা, ছুটিতে গল্পের বই পড়া সাধারণের দম্বর। ও পড়তে লাগল স্থনীতি চাটজোর বাংলা ভাষার শব্দতন্ত, লেখকের সঙ্গে মনান্তর ঘটবে এই একাস্ত আশা মনে নিয়ে। এখানকার পাহাড় পর্বত অরণ্য ওর শব্দতত্ব এবং আলম্ভ-জড়তার कारक कारक हो। चुन्नत होरक, कि छ हिंगो महात महिंग भूरताभूति धनिएय अही ना ; रयन त्कारना त्राणिगीत अकरपरा प्यामारभेत भरता, धुरा। रनहे, जाम रनहे, मभ रनहे। অর্থাৎ ওর মধ্যে বিশুর আছে, কিন্তু এক নেই,—তাই এলানো জিনিস ছড়িয়ে পড়ে, জমা হয় না। অমিতর আপন নিধিলের মাঝপানে একের অভাবে ও যে কেবলই চঞ্চলভাবে বিক্ষিপ্ত হয়ে পড়ছে, সে-দ্বংখ ওর এখানেও যেমন শহরেও তেমনি। কিস্ক শহরে সেই চাঞ্চল্যটাকে সে নানাপ্রকারে ক্ষয় করে ফেলে, এখানে চাঞ্চল্যটাই স্থির হয়ে জমে জমে ওঠে। ঝরুনা বাধা পেয়ে যেমন সরোবর হয়ে দাড়ায়। ভাই ও যধন ভাবছে পালাই, পাহাড় বেয়ে নেমে গিয়ে পায়ে হেটে শিলেট শিলচরের ভিতর দিয়ে যেখানে খুশি, এমন সময় আষাত এল পাহাড়ে পাহাড়ে বনে বনে তার সঞ্জল ঘনচ্ছায়ার চাদর লুটিয়ে : খবর পাওয়া গেল, চেরাপুঞ্জির গিরিশুক্ষ নববর্গার মেঘদলের পুঞ্জিত আক্রমণ আপন বুক দিয়ে ঠেকিয়েছে; এইবার ঘন বর্ষণে গিরিনির্মারিণীগুলোকে খেপিয়ে কুলছাড়া করবে। স্থির করলে, এই সময়টাতে কিছুদিনের জন্মে চেরাপুঞ্জির ভাকবাংলায় এমন মেষদৃত জমিয়ে তুলবে যার অলক্ষ্য অলকার নায়িকা অলরীরী বিদ্যুতের মতো, চিত্ত-व्याकात्म करत करत हमक रमग्र, नाम त्नरथ ना, ठिकाना द्वरत यात्र ना।

সেদিন সে পরল হাইলাগুরি মোটা কমলের মোজা, পুরু স্থক জলাওআলা মজবৃত চামড়ার জুতো, থাকি নরক্ষাক কোর্ডা, হাঁটু পর্যন্ত হ্রস্থ অধোবাস, মাধার সোলা-টুলি। অবনী ঠাকুরের আঁকা যক্ষের মতো দেখতে হল না,—মনে হতে পারত রাস্থা তদারক করতে বেরিয়েছে ডিক্টিক্ট এঞ্জিনিয়ার। কিন্তু পকেটে ছিল গোটা পাঁচ-সাত পাতলা এভিশনের নানা ভাষার কাব্যের বই।

আঁকাবাঁকা সঙ্গ রান্তা, ডান দিকে জন্ধলে-ঢাকা খদ। এ রান্তার শেষ লক্ষা অমিতর বাসা। সেখানে যাত্রী-সম্ভাবনা নেই, ডাই সে আওরাজ না করে অসভর্কভাবে গাড়ি ইাকিয়ে চলেছে। ঠিক সেই সময়টা ভাবছিল, আধুনিক কালে দূরবর্তিনী প্রেয়সীর

জন্মে মোটর-দ্তটাই প্রশন্ত—তার মধ্যে "ধৃমজ্যোতিঃসলিলমক্ষতাং সরিপাতঃ" বেশ ঠিক পরিমাণেই আছে—আর চালকের হাতে একথানি চিঠি দিলে কিছুই অম্পষ্ট থাকে না। ও ঠিক করে নিলে আগামী বংসরে আষাঢ়ের প্রথম দিনেই মেঘদ্তবর্ণিত রান্তা দিরেই মোটরে করে যাত্রা করবে, হয়তো বা অদৃষ্ট ওর পথ চেরে "দেহলীদন্তপূপা" যে-পথিকবধৃকে এতকাল বসিয়ে রেখেছে সেই অবন্ধিকা হ'ক বা মালবিকাই হ'ক, বা হিমালয়ের কোনো দেবদাক্ষরনচারিণীই হ'ক ওকে হয়তো কোনো একটা অভাবনীয় উপলক্ষো দেখা দিতেও পারে। এমন সময়ে হঠাং একটা বাঁকের মৃষে এসেই দেশলে আর-একটা গাড়ি উপরে উঠে আসছে। পাশ্ব-কাটাবার জায়গা নেই। ব্রেক কয়তে কয়তে গিয়ে পড়ল তার উপরে— পরস্পর আঘাত লাগল, কিন্তু অপঘাত ঘটল না। অন্য গাড়িটা থানিকটা গড়িয়ে পাহাড়ের গায়ে আটকে থেমে গেল।

একটি মেয়ে গাড়ি পেকে নেমে পাড়াল। সহ্য মৃত্যু-আশকার কালো পটধানা তার পিছনে, ভারই উপরে সে যেন ফুটে উঠল একটি বিদ্যুংরেধায় আঁকা সুস্পষ্ট ছবি—
চারিদিকের সমস্থ হতে স্বভন্ত। মন্দারপর্বতের নাড়া-খাওয়া কেনিয়ে-ওঠা সমূদ্র থেকে এইমাত্র উঠে এলেন লন্দ্রী, সমস্ত আন্দোলনের উপরে—মহাসাগরের বৃক তথনো ফুলে ফুলে কেপে উঠছে। তুর্লভ অবসরে অমিত তাকে দেখলে। ডুরিংরুমে এ-মেয়ে অক্যপাচগুনের মাঝগানে পরিপূন আত্মশুরুপে দেখা দিত না। পৃথিবীতে হয়তো দেখবার যোগ্য লোক পাওয়া যায়, তাকে দেখবার যোগ্য জায়গাটি পাওয়া যায় না।

মেয়েটির পরনে সক্ষ-পাড়-দেওয়া সাদ। আলোয়ানের শাড়ি, সেই আলোয়ানেরই জ্যাকেট, পায়ে সাদা চামড়ার দিশি ছাঁদের জুতো। তত্ব দীর্ঘ দেহটি, বর্ণ চিকন জাম, টানা চোগ ঘন পশুচ্ছায়ায় নিবিড় স্লিয়, প্রশন্ত ললাট অবারিত করে পিছু হটিয়ে চুল আঁট করে বাধা, চিবুক ঘিরে সকুমার মুপের ডৌলটি একটি অনতিপক্ষ ফলের মতোর্মণীয়। জ্যাকেটের হাত কবজি পয়য়, ত্-হাতে ছটি সক্ষ প্লেন বালা। ব্রোচের বন্ধনহীন কাঁধের কাপড় মাধায় উঠেছে, কটকি-কাজ-করা রুপোর কাঁটা দিয়ে থোপার সঙ্গে বন্ধ।

অমিত গাড়িতে টুপিটা খুলে রেপে তার সামনে চুপ করে এসে দাঁড়াল। যেন একটা পাওনা শান্তির অপেক্ষায়। তাই দেখে মেয়েটির বৃঝি দয়া হল, একটু কোতৃকও বোধ করলে। অমিত মৃত্ত্বরে বললে, "অপরাধ করেছি।"

মেরেটি হেসে বললে, "অপরাধ নর, ভূল। সেই ভূলের গুরু আমার থেকেই।"
উৎসজ্জের যে-উচ্চলতা ফুলে ওঠে, মেয়েটির কণ্ঠস্বর তারই মতো নিটোল। আরবয়সের বালকের গুলার মতো মহুণ এবং প্রশস্ত। সেদিন ঘরে ফিরে এসে অমিত

অনেকক্ষণ ভেবেছিল, এর গলার স্থরে ষে-একটি স্বাদ আছে, স্পর্শ আছে তাকে বর্ণনা করা যায় কী করে। নোটবইখানা খুলে লিখলে, "এ যেন অমৃরি তামাকের হালকা ধোঁয়া, জলের ভিতর দিয়ে পাক খেয়ে আসছে,—নিকোটনের ঝাঁজ নেই, আছে গোলাপজলের মিশ্ব গন্ধ।"

মেরেটি নিজের ফাটি ব্যাখ্যা করে বললে, "একজন বন্ধু আসার খবর পেয়ে খুঁজতে বেরিয়েছিলুম। এই রাস্তায় খানিকটা উঠতেই শোকার বলেছিল এ রাস্তা হতে পারে না। তথন শেষ পর্যন্ত না গিয়ে ফেরবার উপায় ছিল না। তাই উপরে চলেছিলেম। এমন সময় উপরওআলার ধান্ধা খেতে হল।"

অমিত বললে, "উপরওআলার উপরেও উপরওআলা আছে—একটা অতি ক্শ্রী কুটিল গ্রহ, এ তারই কুকীর্তি।"

অপর পক্ষের ড্রাইভার জানালে, "লোকসান বেশি হয় নি, কিম্ব গাড়ি সেরে নিতে দেরি হবে।"

অমিত বললে, "আমার অপরাধী গাড়িটাকে যদি ক্ষমা করেন, তবে আপনি ষেণানে অন্তমতি করবেন সেইখানেই পৌছিয়ে দিতে পারি।"

"দরকার হবে না, পাহাড়ে হেঁটে চলা আমার অভ্যেস।"

"দরকার আমারই, মাপ করলেন তার প্রমাণ।"

মেয়েটি স্বইং দিধায় নীরব রইল। অমিত বললে, "আমার তরকে আর ও একটু কথা আছে। গাড়ি হাঁকাই,—বিশেষ একটা মহং কর্ম নয়—এ-গাড়ি চালিয়ে পস্টারিটি পর্যন্ত পৌছোবার পথ নেই। তবু আরক্তে এই একটিমাত্র পরিচয়ই পেয়েছেন। অপচ এমনি কপাল, সেটুকুর মধ্যেও গলদ। উপসংহারে এটুকু দেপাতে দিন যে, জগতে অন্তত আপনার শোফারের চেয়ে আমি অযোগ্য নই।"

অপরিচিতের সঙ্গে প্রথম পরিচরে অজানা বিপদের আশরার মেরেরা সংকোচ সরাতে চায় না। কিন্তু বিপদের এক ধান্ধায় উপক্রমণিকার অনেকগানি বিস্তৃত বেড়া একদমে গেল ভেঙে। কোন্ দৈব নির্জন পাহাড়ের পথে হঠাং মাঝগানে দাড় করিয়ে তুজনের মনে দেখাদেখির গাঁঠ বেঁধে দিলে; সনুর করলে না। আক্মিকের বিদ্যাৎ-আলোতে এমন করে যা চোখে পড়ল, প্রায় মাঝে মাঝে এ যে রাত্তে জেগে উঠে অন্ধনারের পটে দেখা যাবে। চৈতক্তের মাঝখানটাতে তার গভীর ছাপ পড়ে গেল, নীল আকাশের উপরে স্পষ্টির কোন্ এক প্রচণ্ড ধান্ধায় যেমন স্থা-নক্ষত্তের আগুন-জলা ছাপ।

মূথে কথা না বলে মেয়েটি গাড়িতে উঠে বসল। তার নির্দেশমতো গাড়ি পৌছোল

যথাস্থানে। মেরেটি গাড়ি থেকে নেমে বললে, "কাল যদি আপনার সময় থাকে একবার এখানে আসবেন, আমাদের কর্ডা-মার সঙ্গে আপনার আলাপ করিয়ে দেব।"

े অমিতর ইচ্ছে হল বলে, "আমার সময়ের অভাব নেই, এখনই আসতে পারি।"

• সংকোচে বলতে পারলে না।

বাড়ি ফিরে এসে ওর নোট-বই নিরে লিখতে লাগল: "পথ আজ হঠাং এ কী পাগলামি করলে। তুজনকে তু-জায়গা পেকে ছিঁড়ে এনে আজ পেকে হয়তো এক রাস্তায় চালান করে দিলে। আয়েনমার ভূল বলেছে। অজানা আকাশ থেকে চাদ এসে পড়েছিল পৃথিবীর কক্ষপথে,—লাগল তাদের মোটরে মোটরে ধাকা, সেই মরণের তাড়নার পর থেকে য়্গে য়ুগে ছজনে একসক্ষেই চলেছে, এর আলো ওর মুগে পড়ে, ওর আলো এর মুগে। চলার বাঁধন আর ছেঁড়ে না। মনের ভিতরটা বলছে, আমাদের শুরু হল য়ুগলচলন, আমরা চলার স্ক্রে গাঁথব ক্ষণে ক্ষণে কুড়িয়ে-পাওয়া উচ্ছল নিমেষ-গুলির মালা। বাধা মাইনেয় বাঁধা খোরাকিতে ভাগ্যের ঘারে পড়ে পাকবার জোরইল না: আমাদের দেনাপাওনা স্বই হবে হঠাং।"

বাইরে বৃষ্টি পড়ছে। বারান্দায় ঘন ঘন পায়চারি করতে করতে অমিত মনে মনে বলে উঠল, "কোপায় আছ নিবারণ চক্রবর্তী। এইবার ভর করো আমার পারে, বাণী দাও, বাণী দাও!" বেরোল লখা সরু খাতাটা, নিবারণ চক্রবর্তী বলে গেল:

পণ বেঁধে দিল বন্ধনহীন গ্রন্থি,
আমরা ত্জন চলতি হাওয়ার পন্থী।
রঙিন নিমেষ ধুলার ত্লাল
পরানে ছড়ায় আবীর গুলাল,
ওড়না ওড়ায় বর্ধার মেধে
দিগন্ধনার নৃতা,
হঠাং-আলোর ঝলকানি লেগে
ঝলমল করে চিত্ত।

নাই আমাদের কনক-চাঁপার কুঞ্জ, বনবীথিকায় কীর্ণ বকুলপুঞ্জ। হঠাং কখন সন্ধ্যেবেলায় নামহারা ফুল গন্ধ এলায়, প্রভাতবেলায় হেলাভরে করে
অঙ্কন মেঘেরে ভূচ্ছ,
উদ্ধত যত শাধার শিধরে
রভোভেনড়নগুচ্ছ।

নাই আমাদের সঞ্চিত ধনরত্ব,
নাই রে ঘরের লালন-ললিত যত্ব।
পথপাশে পাথি পুচ্ছ নাচায়,
বন্ধন তারে করি না খাচায়,
ডানা-মেলে-দেওয়া মুক্তিপ্রিয়র
কুজনে তৃপনে তৃপ্ত।
আমরা চকিত অভাবনীয়ের
কৃতিং কিরণে দীপ্ত।

এইখানে একবার পিছন ক্ষের। চাই। পশ্চাতের কথাটা সেরে নিতে পারলে গল্পটার সামনে এগোবার বাধা হবে না।

# পূৰ্ব ভূমিকা

বাংলাদেশে ইংরেজি শিক্ষার প্রথম পর্যায়ে চণ্ডামগুপের হাওয়ার সঙ্গে স্থলকলেঞের হাওয়ার তাপের বৈষম্য ঘটাতে সমাজবিদ্রোহের যে-ঝড় উঠেছিল সেই ঝড়ের চাঞ্চল্যে ধরা দিয়েছিলেন জ্ঞানদাশংকর। তিনি সেকালের লোক, কিন্তু তার তারিগটা হঠাং পিছলিয়ে সরে এসেছিল অনেকখানি একালে। তিনি আগাম জ্ঞাছিলেন। বুলিভে বাক্যে ব্যবহারে তিনি ছিলেন তার ব্যবের লোকদের অসমসাম্যাক। সমুদ্রের টেউ-বিলাসী পাথির মতো লোকনিন্দার ঝাপট বুক পেতে নিতেই তার আনন্দ ছিল।

এমন সকল পিতামহের নাতিরা যথন এই রকম তারিখের বিপথয় সংশোধন করতে চেটা করে তথন তারা এক দোড়ে পৌছোয় পঞ্জিকার একেবারে উলটো দিকের টার্মিনসে। এ-ক্ষেত্রেও তাই ঘটল। জ্ঞানদাশংকরের নাতি বরদাশংকর বাপের মৃত্যুর পর যুগ-হিসাবে বাপ-পিতামহের প্রায় আদিম পূর্বপূক্ষ হয়ে উঠলেন। মনসাকেও হাত জ্ঞাড় করেন, শীতলাকেও মা বলে ঠাওা করতে চান। মাছলি ধুয়ে জ্ঞল থাওয়া শুরু হল; সহস্র ছুর্থানাম লিখতে লিখতে দিনের পূর্বাহু যায় কেটে; তাঁর এলেকায় যে-বৈশ্রদল নিজেদের

ছিজত্ব প্রমাণ করতে মাধা ঝাঁকা দিয়ে উঠেছিল অন্তরে বাহিরে সকল দিক থেকেই তাদের বিচলিত করা হল, হিন্দুত্বক্ষার উপায়গুলিকে বিজ্ঞানের স্পর্নদোষ থেকে বাঁচাবার উদ্দেশ্যে ভাটপাড়ার সাহায্যে অসংখা প্যাদ্দলেট ছাপিয়ে আধুনিক বৃদ্ধির কপালে বিনামূল্যে শ্বিবাকাবর্ষণ করতে কার্পণা করলেন না। অতি অল্পকালের মধ্যেই ক্রিয়াকর্মে, জপে তপে, আসনে আচমনে, ধ্যানে মানে, ধূপে ধুনোয়, গোত্রাহ্মন সেবায় শুদ্ধানার অভ্যাল তুর্গ নিশ্চিত্র করে বানালেন। অবশেষে গোদান, শ্বেদান, ভূমিদান, কল্যাদায় পিতৃদায় মাতৃদায় হরণ প্রভৃতির পরিবর্তে অসংখ্য ব্রাহ্মণের অজ্বল্ল আশীবাদ বহন করে তিনি লোকান্তরে যখন গেলেন তথন তাঁর সাতাশ বছর বয়স।

এঁরই পিতার পরম বন্ধ, তাঁরই সংক এক কলেজে-পড়া, একই হোটেলে চপ-কাটলেট-পাওয়া, রামলোচন বাঁডুজোর কলা যোগমায়ার দক্ষে বরদার বিবাহ হয়েছিল। ঠিক সেই সময়ে যোগমায়ার পিতৃকুলের সঙ্গে পতিকুলের ব্যবহারগত বর্ণভেদ ছিলু না। এঁর বাপের ঘরে মেয়েরা পড়ান্ডনো করেন, বাইরে বেরোন, এমন কি, তাঁদের কেউ-কেউ মাসিকপত্তে সচিত্র ভ্রমণবৃত্তান্তও লিখেছেন। সেই বাডির মেয়ের শুচি সংস্করণে যাতে অফুরার-বিস্থাের ভুল-চক না পাকে সেই চেটার লাগলেন তার স্বামী। স্নাতন সীমান্ত-রক্ষা নীতির অটল শাসনে যোগমায়ার গতিবিধি বিবিধ পাসপোর্ট প্রণালীর ছারা নিয়ন্তিত হল : চোপের উপরে তার ঘোমটা নামল, মনের উপরেও : দেবী সরস্বতী যখন কোনো অবকাশে এঁদের অন্তঃপুরে প্রবেশ করতেন তথন পাহারায় তাঁকেও কাপড়ঝাড়া দিয়ে আসতে হত। তাঁর হাতের ইংরেজি বইগুলো বাইরেই হত বাজেয়াপ্ত,-প্রাগ্রন্থিম বাংলা সাহিত্যের পরবর্তী রচনা ধরা পড়লে চৌকাঠ পার হতে পেত না ৷ যোগবাশিষ্ঠ রামায়নের উংকৃষ্ট বাধাই বাংলা অমুবাদ যোগমায়ার শেলফে অনেক কাল পেকে অপেক্ষা করে আছে। অবসর-বিনোদন উপলক্ষাে সেটা তিনি আলোচন। করবেন এমন একটা আগ্রহ এ-বাড়ির কর্তৃপক্ষের মনে অস্তিমকাল প্রস্তুই ছিল। এই পৌরাণিক লোহার সিন্দকের মধ্যে নিজেকে সেন্ধ ডিপজিটের মতো ভাজ করে রাপা যোগমায়ার পক্ষে সহজ ছিল না, তবু বিলোহী মনকে শাসনে রেখেছিলেন। এই মানসিক অবরোধের মধ্যে তার একমাত্র আশ্রয় ছিলেন দীনশরণ বেদান্তরয়। এঁদের সভাপণ্ডিত। যোগমায়ার স্বাভাবিক স্বচ্ছ বৃদ্ধি তাঁকে অভ্যস্ত ভালে। লেগেছিল। তিনি স্পষ্টই বলতেন, "মা. এ সমস্ত ক্রিয়াকর্মের জন্তাল তোমার জন্তে নয়। যারা মৃচ, তারা কেবল যে নিজেদেরকে নিজেরাই ঠকায় তা নয়, পৃথিবী শ্রন্ধ সমস্ত কিছুই তাদের ঠকাতে বাকে। তুমি কি মনে কর আমরা এ-সমন্ত বিশাস করি? দেখনি কি, বিধান দেবার বেলার আমরা প্রয়োজন বুঝে শান্ত্রকে ব্যাকরণের প্যাচে উলটপালট করতে ত্বংখ বোধ করি না—তার মানে, মনের মধ্যে আমরা বাঁধন মানি নে, বাইরে আমাদের মৃচ দাজতে হয় মৃচ্দের খাতিরে। তুমি নিজে যখন ভূলতে চাও না, তখন তোমাকে ভোলাবার কাজ আমার দ্বারা হবে না। যখন ইচ্ছা করবে, মা, আমাকে ডেকে পাঠিয়ো, আমি যা স্তা বলে জানি তাই তোমাকে শাস্ত্র থেকে ভনিয়ে যাব।"

এক-একদিন তিনি এদে যোগমায়াকে কখনো গীতা কখনো ব্রহ্মভান্ত থেকে বাাগাা করে বৃথিয়ে যেতেন। যোগমায়া তাঁকে এমন বৃদ্ধিপূর্বক প্রশ্ন করতেন যে, বেদান্তরত্বস্থানায় পূলকিত হয়ে উঠতেন, এ র কাছে আলোচনায় তাঁর উৎসাহের অন্ত থাকত না। বরদাশংকর তাঁর চারিদিকে ছোটোবড়ো যে-সব গুরু ও গুরুতরদের জ্টিয়েছিলেন, তাদের প্রতি বেদান্তরত্বস্থায়ের বিপুল অবজ্ঞা ছিল; তিনি যোগমায়াকে বলতেন, "মা. সমস্ত শহরে একমাত্র এই তোমার ঘরে কথা কয়ে আমি মুখ পাই। তৃমি আমাকে আত্মধিক্কার থেকে বাঁচিয়েছ।" এমনি করে কিছুকাল নিরবকাশ ব্রত-উপবাসের মধ্যে পঞ্জিকার শিকলি-বাঁধা দিনগুলো কোনোমতে কেটে গেল। জীবনটা আগাগোড়াই হয়ে উঠল আজকালকার থবরের কাগজি কিছুত ভাষায় যাকে বলে "বাধ্যতামূলক।" স্বামীর মৃত্যুর পরেই তাঁর ছেলে যতিশংকর ও মেয়ে স্বরমাকে নিয়ে বেরিয়ে পড়লেন। শীতের সময় থাকেন কলকাতায়, গরমের সময়ে কোনো একটা পাহাড়ে। যতিশংকর এখন পড়ছে কলেজে; কিন্তু স্বরমাকে পড়াবার মতো কোনো মেয়ে-বিছালয় তাঁর পছন্দ না হওয়তে বহুসন্ধানে তার শিক্ষার জল্যে লাবণ্যলতাকে পেয়েছেন। তারই সঙ্গে আজ সকালে আচমকা অমিতর দেখা।

8

# লাবণ্য-পুরাবৃত্ত

লাবণাের বাপ অবনীশ দত্ত এক পশ্চিমি কালেজের অধাক্ষ। মাতৃহীন মেয়েকে এমন করে মাকুষ করেছেন যে, বহু পরীক্ষা পাসের ঘষাঘধিতেও তার বিভাবৃদ্ধিতে লোকসান ঘটাতে পারে নি। এমন কি, এখনও তার পাঠাম্বরাগ রয়েছে প্রবল।

বাপের একমাত্র শথ ছিল বিছায়, মেয়েটির মধ্যে তাঁর সেই শথটির সম্পূর্ণ পরিতৃপ্তি হয়েছিল। নিজের লাইব্রেরির চেয়েও তাকে ভালোবাসতেন। তাঁর বিশ্বাস ছিল জ্ঞানের চর্চায় যার মনটা নিরেট হয়ে ওঠে, সেথানে উড়ো ভাবনার গ্যাস নিচে থেকে ঠেলে ওঠবার মতো সমস্ত ফাটল মরে যায়, সে-মায়ুষের পক্ষে বিয়ে করবার দরকার হয় না। তাঁর দৃঢ় বিশ্বাস যে, তাঁর মেয়ের মনে স্বামী-সেবা আবাদের যোগ্য যে নরম

জমিটুকু বাকি পাকতে পারত সেটা গণিতে ইতিহাসে সিমেন্ট করে গাঁণা হয়েছে—খুব মজব্ত পাকা মন বাকে বলা যেতে পারে—বাইরে থেকে আঁচড় লাগলে দাগ পড়ে না। তিনি এডদূর পর্যন্ত ভেবে রেখেছিলেন যে, লাবণ্যের নাই বা হল বিয়ে, পাতিতার

তাঁর আর একটি স্নেহের পাত্র ছিল। তার নাম শোভনলাল। অল্প বয়সে পড়ার প্রতি এত মনোযোগ আর কারও দেখা যায় না। প্রশন্ত কপালে, চোথের ভাবের স্বচ্ছতায়, ঠোটের ভাবের গোজন্তে, হাসির ভাবের সরলতায়, মৃথের ভাবের গৌকুমার্থে তার চেহারাটি দেখবামাত্র মনকে টানে। মান্ত্রুট নেহাত মুখচোরা, তার প্রতি একটু মনোযোগ দিলে ব্যস্ত হয়ে পড়ে।

গরিবের ছেলে, ছাত্রবৃত্তির সোপানে সোপানে তুর্গম পরীক্ষার শিখরে শিখরে উত্তীর্ণ হয়ে চলেছে। ভবিশ্বতে শোভন যে নাম করতে পারবে, আর সেই শ্যাতি গড়ে তোলবার প্রধান কারিগরদের কর্দে অবনীশের নামটা সকলের উপরে থাকবে এই গর্ব অধ্যাপকের মনে ছিল। শোভন আসত তাঁর বাড়িতে পড়া নিতে, তাঁর লাইব্রেরিতে ছিল তার অবাধ সঞ্চরণ। লাবণ্যকে দেশলে সে সংকোচে নত হয়ে যেত। এই সংকোচের অতিদ্রহ্বশত শোভনলালের চেয়ে নিজের মাপটাকে বড়ো করে দেশতে লাবণ্যর বাধা ছিল না। ধিধা করে নিজেকে যে-পুক্রব যথেষ্ট জ্যোরের সঙ্গে প্রত্যক্ষ না করায় মেয়েরা তাকে যথেষ্ট ম্পেষ্ট করে প্রত্যক্ষ করে না।

এমন সময় একদিন শোভনলালের বাপ ননিগোপাল অবনীশের বাড়িতে চড়াও হয়ে ঠাকে খূব একচোট গাল পেড়ে গেল। নালিল এই যে, অবনীশ নিজের ঘরে অধাপনার ছুতোয় বিবাহের ছেলে-ধরা ফাঁদ পেতেছেন, বৈশুর ছেলে শোভনলালের জাত মেরে সমাজ-সংস্থারের শপ মেটাতে চান। এই অভিযোগের প্রমাণ স্বরূপে পেনসিলে-আঁকা লাবণালতার এক ছবি দাবিল করলে। ছবিটা আবিষ্কৃত হয়েছে শোভনলালের টিনের প্যাটরার ভিতর থেকে, গোলাপফ্লের পাপড়ি দিয়ে আচ্চন্ন। ননিগোপালের সন্দেহ ছিল না, এই ছবিটি লাবণ্যেরই প্রণয়ের দান। পাত্র হিসাবে শোভনলালের বাজার দর যে কত বেশি, এবং আর কিছুদিন সব্র করে থাকলে সে-দাম যে কত বেড়ে যাবে ননিগোপালের হিসাবি বৃদ্ধিতে সেটা কড়ায়-গণ্ডায় মেলানো ছিল। এমন ম্ল্যবান জিনিসকে অবনীশ বিনাম্লো দখল করবার কন্দি করছেন এটাকে সিঁধ কেটে চুরি ছাড়া আর কী নাম দেওয়া যেতে পারে ? টাকা চুরির থেকে এর লেশমাত্র তক্ষাত কোথায় ?

এতদিন লাবণ্য জানতেই পারে নি, কোনো প্রচয় বেদীতে শ্রদ্ধাহীন লোকচক্র

অগোচরে তার মৃতিপূজা প্রচলিত হয়েছে। অবনীশের লাইত্রেরির এক কোণে নানাবিধ প্যাদ্দলেট ম্যাগাজিন প্রভৃতি আবর্জনার মধ্যে লাবণার একটি অযন্তমান ফোটোগ্রাফ দৈবাং শোভনের হাতে পড়েছিল, সেইটে নিয়ে ওর কোনো আর্টিস্ট বন্ধকে দিয়ে ছবি করিয়ে ফোটোগ্রাফটি আবার যথান্তানে ফিরিয়ে রেখেছে ৷ গোলাপফুলগুলিও ওর তরুণ মনের সলজ্জ গোপন ভালোবাসারই মতো সহজে ফুটেছিল একটি বন্ধর বাগানে, তার মধ্যে কোনো অনধিকার ঔষতোর ইতিহাস নেই। অপচ শান্তি পেতে হল। লাজুক ছেলেটি মাধা ইেট করে, মৃথ লাল করে, গোপনে চোথের জল মুছে এই বাড়ি থেকে বিদায় নিয়ে গেল। দূর থেকে শোভনলাল তার আত্মনিবেদনের একটি শেষ পরিচয় দিলে, সেই বিবরণটা অন্তর্যামী ছাড়া আর কেউ জানত না। বি. এ পরীক্ষায় সে যথন পেয়েছিল প্রথম স্থান, লাবণ্য পেয়েছিল তৃতীয়। সেটাতে লাবণ্যকে বড়ো বেশি আত্মলাঘব-ত্রঃথ দিয়েছিল। তার ত্রটো কারণ ছিল, এক হচ্ছে শোভনের বৃদ্ধির 'পরে অবনীশের অত্যন্ত শ্রদ্ধা নিয়ে লাবণাকে অনেকদিন আঘাত করেছে। এই শ্রহার সঙ্গে অবনীশের বিশেষ মেহ মিশে থাকাতে পীডাটা আরও হয়েছিল বেশি। শোভনকে পরীক্ষার ফলে ছাড়িয়ে যাবার জন্তে সে চেষ্টা করেছিল থুব প্রাণপণেই। তবুও শোভন যথন তাকে ছাড়িয়ে গেল তথন এই স্পর্ধার জ্ঞা তাকে ক্ষমা করাই শব্দ হয়ে উঠল। তার মনে কেমন একটা সন্দেহ লেগে রইল যে, বাবা তাকে বিশেষভাবে সাহাযা করাতেই উভয় পরীক্ষিতের মধ্যে ফলবৈষমা ঘটল, অপচ প্রাক্ষার পড়া সম্বন্ধে শোভনলাল কোনো দিন অবনীশের কাছে এগোয় নি ৷ কিছুদিন প্রযন্ত শোভনলালকে দেপলেই লাবণা মুপ ফিরিয়ে চলে যেত। এম এ-পরীক্ষাতেও শোভনের প্রতিযোগিতায় লাবণ্যর জেতবার কোনো সম্ভাবনা ছিল না। তবু হল জিত। স্বয়ং অবনীশ আদ্ধ হয়ে গেলেন। শোভনলাল যদি কবি হত তাহলে হয়তো সে পাত। ভরে কবিত। লিখত—তার বদলে আপন পরীক্ষা পাসের অনেকগুলো মোটা মার্কা সে লাবণার উদ্দেশে উৎসর্গ করে দিলে।

তার পরে এদের ছাত্রদশা গেল কেটে। এমন সময় অবনীশ হঠাং প্রচণ্ড পীড়ায় নিজের মধ্যেই প্রমাণ পেলেন যে, জ্ঞানের চর্চায় মনটা ঠাসবোঝাই থাকলেও মনসিজ্ঞ তার মধ্যেই কোথা থেকে বাধা ঠেলে উঠে পড়েন, একটুও স্থানাভাব হয় না। তপন অবনীশ সাতচল্লিশ,—সেই নিরতিশয় ত্বল নিরুপায় বয়সে একটি বিধবা তাঁর হাদয়ে প্রবেশ করলে, একেবারে তাঁর লাইত্রেরির গ্রন্থবৃাহ ভেদ করে, তাঁর পাণ্ডিত্যের প্রাকার ডিঙিয়ে। বিবাহে আর কোনো বাধা ছিল না, একমাত্র বাধা লাবণ্যর প্রতি অবনীশের মেহ। ইচ্ছার সঙ্গে বিষম লড়াই বাধল। পড়াশুনো করতে যান খুবই

জোরের সঙ্গে, কিন্তু তার চেরে জোর আছে এমন কোনো একটা চমংকারা চিন্তা পড়াশুনোর কাঁধে চেপে বসে। সমালোচনার জন্মে মডার্নিরিভিয়ু থেকে তাঁকে লোভনীয় বই পাঠানো হয় বৌদ্ধধংসাবলেবের পুরাবৃত্ত নিয়ে,—অমুদ্যাটিত বইরের সামনে স্থির হয়ে বসে থাকেন, এক ভাঙা বৌদ্ধকৃপেরই মডো যার উপরে চেপে আছে বহুশত বংসরের মৌন। সম্পাদক ব্যক্ত হয়ে ওঠেন, কিন্তু জ্ঞানীর ন্তুপাকার জ্ঞান যখন একবার টলে তখন তার দশা এইরকমই হয়ে থাকে। হাতি যখন চোরাবালিতে পা দেয় তখন তার বীচবার উপার কী?

এতদিন পরে অবনীশের মনে একটা পরিতাপ ব্যথা দিতে লাগল। তাঁর মনে হল, তিনি হয়তো পুঁথির পাতা থেকে চোষ তুলে দেখবার অবকাশ না পাওয়াতে দেখেন নি যে, শোভনলালকে তাঁর মেয়ে ভালোবেসেছে, কারণ শোভনের মতো ছেলেকে না ভালোবাসতে পারাটাই অস্বাভাবিক। সাধারণভাবে বাপ-জ্ঞাভটার 'পরেই রাগ ধরল, নিজের উপরে, ননিগোপালের 'পরে।

এমন সময় শোভনের কাছ থেকে এক চিঠি এল। প্রেমটাদ রায়টাদ বৃত্তির জন্তে ভ্রমরাজবংশের ইতিহাস আশ্রয় করে পরীক্ষার প্রবন্ধ লিখবে বলে সে তাঁর লাইব্রেরি থেকে গুটিক চক বই ধার চায়। তথনই তিনি তাকে বিশেষ আদর করে চিঠি লিগলেন, বললেন, "পূর্বের মতোই আমার লাইব্রেরিতে বসেই তুমি কাজ করবে, কিছুমাত্র সংকোচ করবে না।"

শোভনলালের মনটা চঞ্চল হয়ে উঠল। সে ধরে নিলে, এমন উৎসাহপূণ চিঠির পিছনে হয়তো লাবণার সন্মতি প্রচ্ছন্ন আছে। সে লাইব্রেরিতে আসতে আরম্ভ করলে। ঘরের মধ্যে যাওয়া-আসার পথে দৈবাং কখনো ক্ষণকালের জ্বলে লাবণার সঙ্গে দেবা হয়। তখন শোভন গতিটাকে একটু মন্দ করে আনে। ওর একাস্ত ইচ্ছে, লাবণা তাকে একটা কোনো কথা বলে, জিজ্ঞাসা করে, কেমন আছ; যে-প্রবন্ধ নিয়ে ও ব্যাপৃত, সে-সন্মন্ধ কিছু কোতৃহল প্রকাশ করে। যদি করত তবে ধাতা খুলে এক সময় লাবণার সঙ্গে আলোচনা করতে পারলে ও বেঁচে যেত। ওর কতকগুলি নিজের উদ্ভাবিত বিশেষ মত সন্মন্ধে লাবণার মত কী, জানবার জ্বলে ওর অত্যন্ত ঔংমুকা। কিন্তু এ-পর্যন্ত কোনো কথাই হল না, গায়ে-পড়ে কিছু বলতে পারে এমন সাহসও ওর নেই।

এখন কয়েক দিন যায়। সেদিন রবিবার। শোভনলাল তার খাতাপত্র টেবিলের উপর সাজিয়ে একখানা বই নিয়ে পাতা ওলটাচ্ছে, মাঝে মাঝে নোট নিচ্ছে। তখন ছপুরবেলা, ঘরে কেউ নেই। ছুটির দিনের স্থযোগ নিয়ে অবনীশ কোন্ এক বাড়িতে যাচ্ছেন তার নাম করলেন না,—বলে গেলেন, আজ আর চা খেতে আস্বেন না।

হঠাং একসময় ভেজানো দরজা জোরে খুলে গেল। শোভনলালের বৃক্টা ধড়াস করে উঠল কেঁপে। লাবণা ঘরে চুকল। শোভন শশব্যস্ত হয়ে উঠে কী করবে ভেবে পেল না। লাবণ্য অগ্নিমৃতি ধরে বললে, "আপনি কেন এ-বাড়িতে আসেন ?"

শোভনলাল চমকে উঠল, মুখে কোনো উত্তর এল না।

"আপনি জানেন, এখানে আসা নিয়ে আপনার বাবা কী বলেছেন? আমার অপমান ঘটাতে আপনার সংকোচ নেই?"

শোভনলাল চোথ নিচু করে বললে, "আমাকে মাপ করবেন, আমি এখনই যাচ্ছি।"
এমন উত্তর পর্যন্ত দিলে না যে, লাবণ্যর পিতা তাকে স্বয়ং আমন্ত্রণ, করে এনেছেন।
সে তার থাতাপত্র সমস্ত সংগ্রহ করে নিলে। হাত ধর ধর করে কাঁপছে; বোবা একটা
বাথা বুকের পাঁজরগুলোকে ঠেলা দিয়ে উঠতে চায়, রান্তা পায় না। মাধা কেঁট করে
বাড়ি থেকে সে চলে গেল।

যাকে খুবই ভালোবাস। যেতে পারত, তাকে ভালোবাসবার অবসর যদি কোনো একটা বাধায় ঠেকে কসকে যায়, তথন সেটা না-ভালোবাসায় দাঁড়ায় না, সেটা দাঁড়ায় একটা অন্ধ বিদ্বেষে, ভালোবাসারই উলটো পিঠে। একদিন শোভনলালকে বরদান করবে বলেই বৃঝি লাবণ্য নিজের অগোচরেই অপেক্ষা করে বসে ছিল। শোভনলাল তেমন করে ভাক দিলে না। তার পরে যা-কিছু হল সবই গেল তার বিরুদ্ধে। সকলের চেয়ে বেশি আঘাত দিলে এই শেষকালটায়। লাবণ্য মনের ক্ষোভে বাপের প্রতি নিতান্ত অক্সায় বিচার করলে। তার মনে হল, নিজে নিছতে পাবেন ইচ্ছে করেই শোভনলালকে তিনি আবার নিজে থেকে ভেকে এনেছেন, ওদের তৃজনের মিলন ঘটাবার কামনায়। তাই এমন দারুণ ক্রোধ হল সেই নিরপরাধের উপরে।

তার পর থেকে লাবণ্য ক্রমাগতই জেদ করে করে অবনীশের বিবাহ ঘটাল। অবনীশ তাঁর সঞ্চিত টাকার প্রায় অর্ধাংশ তাঁর মেয়ের জ্ঞে স্বতম্ব করে রেপেছিলেন। তাঁর বিবাহের পরে লাবণ্য বলে বসল, সে তার পৈতৃক সম্পত্তি কিছুই নেবে না, স্বাধীন উপার্জন করে চালাবে। অবনীশ মর্মাহত হয়ে বললেন, "আমি তো বিয়ে করতে চাই নি, লাবণ্য, তুমিই তো জেদ করে বিয়ে দিইয়েছ। তবে কেন আজ আমাকে তুমি এমন করে তাাগ করছ ?"

লাবণ্য বললে, "আমাদের সম্বন্ধ কোনোকালে যাতে ক্ষু না হয়, সেইজন্তেই আমি এই সংকল্প করেছি। ভূমি কিছু ভেবো না, বাবা। যে-পণে আমি যথার্থ সুখী হব, সেই পথে তোমার আশীর্বাদ চিরদিন রেখো।"

কাজ তার জুটে গেল। স্থরমাকে পড়াবার সম্পূর্ণ ভার তার উপরে। যতিকেও

অনায়াদে পড়াতে পারত, কিন্ধু মেয়ে-শিক্ষয়িত্রীর কাছে পড়বার অপমান স্বীকার করতে যতি কিছুতেই রাজি হল না।

প্রতিদিনের বাধা কাব্দে জীবন একরকম চলে যাচ্ছিল। উঘৃত্ত সমন্ত্রটা ঠাসা ছিল ইংরেজি সাহিত্যে, প্রাচীন কাল পেকে আরম্ভ করে হালের বার্নার্ড শ'র আমল পর্যন্ত, এবং বিশেষভাবে গ্রীক ও রোমান যুগের ইতিহাসে, গ্রোট, গিবন ও গিলবার্ট মারের রচনার। কোনো কোনো অবকাশে একটা চঞ্চল হাওয়া এসে মনের ভিতরটা যে একট এলোমেলো করে যেত না তা বলতে পারি নে, কিন্তু হাওয়ার চেয়ের স্থল ব্যাঘাত হঠাং চকে পড়তে পারে ওর জীবনযাত্রার মধ্যে এমন প্রশন্ত ফাঁক ছিল না। এমন সমন্ত্র ব্যাঘাত এসে পড়ল মোটরগাড়িতে চড়ে, পথের মাঝগানে, কোনো আওয়াজমাত্র না করে। হঠাং গ্রীস-রোমের বিরাট ইতিহাসটা হালকা হয়ে গেল:—আর-সমন্ত-কিছুকে সরিয়ে দিয়ে অভান্ত নিকটের একটা নিবিড় বর্তমান ওকে নাড়া দিয়ে বললে, "জাগো"। লাবণা এক মৃহর্তে জেগে উঠে এতদিন পরে আপনাকে বাহ্যবরূপে দেগতে পেলে, জ্ঞানের মধ্যে নয়, বেদনার মধ্যে।

¢

## আলাপের আরম্ভ

অতীতের ভয়াবশেষ পেকে এবার ফিরে আসা যাক বর্তমানের নভুন সৃষ্টির ক্ষেত্র।
লাবণা পড়বার ঘরে অমিতকে বসিয়ে রেপে যোগমায়াকে ববর দিতে গেল।
সে-ঘরে অমিত বসল যেন পদ্মের মাঝপানটাতে শুমরের মতো। চারিদিকে চায়, সকল
জিনিস পেকেই কিসের ছোঁওয়া লাগে,ওর মনটাকে দেয় উদাস করে। শেলফে, পড়বার
টেবিলে ইংরেজি সাহিত্যের বই দেখলে: সে-বইগুলো যেন বেঁচে উঠেছে। সব
লাবণার পড়া বই, তার আঙুলে পাতা-ওলটানো, তার দিনরাত্রির ভাবনা-লাগা, তার
উংস্কক দৃষ্টির পথ-চলা, তার অশুমনম্ব দিনে কোলের উপর পড়ে-থাকা বই। চমকে
উঠল যথন টেবিলে দেখতে পেলে ইংরেজ কবি ডন-এর কাব্যসংগ্রহ। অক্সফোর্ডে
থাকতে ডন এবং তার সমন্বকার কবিদের গীতিকাব্য ছিল অমিতর প্রধান আলোচ্যা,
এইখানে এই কাব্যের উপর দৈবাং ফুজনের মন এক জায়গায় এসে পরম্পরকে স্পর্শ

এতদিনকার নিক্ষংস্থক দিনরাত্রির দাগ লেগে অমিতর জীবনটা ঝাপসা হয়ে গিয়েছিল,

যেন মাস্টারের হাতে ইস্কুলের প্রতি বছরে পড়ানো একটা ঢিলে মলাটের টেক্সটবুক। আগামী দিনটার জন্ম কোনো কোতৃহল ছিল না আর বর্তমান দিনটাকে পুরো মন দিয়ে অভার্থনা করা ওর পক্ষে ছিল অনাবশ্রক। এখন সে এইমাত্র এসে পৌছোল একটা নতৃন্ গ্রহে; এখানে বস্তুর ভার কম; পা মাটি ছাড়িয়ে যেন উপর দিয়ে চলে; প্রতিমূহর্ত ব্যগ্র হয়ে অভাবনীয়ের দিকে এগোতে থাকে; গায়ে হাওয়া লাগে আর সমস্ত শরীরটা ঘেন বালি হয়ে উঠতে ইচ্ছে করে; আকানের আলো রক্তের মুধ্যে প্রবেশ করে, আর ওর অন্তরে অন্তরে যে-উত্তেজনার সঞ্চার হয় সেটা গাছের স্বাঙ্গপ্রবাহিত রসের মধ্যে ফুল-ফোটাবার উত্তেজনার মতো। মনের উপর থেকে কতদিনের ধুলো-পড়া পদা উঠে গেল, সামান্ত জিনিসের থেকে ফুটে উঠছে অসামান্ততা। তাই যোগমায়া যথন ধারে ধারে ঘরে এসে প্রবেশ করলেন সেই অতি সহজ্ব বাপোরেও আজ্ব অমিতকে বিশ্বম লাগল। সে মনে মনে বললে, "আহা, এ তো আগমন নয়, এ যে আবির্হাব।"

চলিশের কাছাকাছি তাঁর বয়স, কিন্তু বয়সে তাঁকে শিধিল করে নি, কেবল তাঁকে গন্তীর শুল্রতা দিয়েছে। গৌরবর্ণ মুখ টস টস করছে। বৈধবারীভিতে চুল ছাটা : মাতৃভাবে পূর্ণ প্রসন্ন চোখ : হাসিটি স্লিয় । মোটা পান চাদরে মাপা বেষ্টন ক'রে সমন্ত দেহ সংবৃত। পায়ে জুতো নেই, ঘুটি পা নির্মল স্কুনর। অমিত তার পায়ে হাত দিয়ে যখন প্রণাম করলে ওর শিরে শিরে যেন দেবীর প্রসাদের ধারা বয়ে গেল।

প্রথম পরিচয়ের পর যোগমায়া বললেন, "তোমার কাকা অমরেশ ছিলেন আমাদের জেলার সব-চেয়ে বড় উকিল। একবার এক সর্বনেশে মকদ্দমায় আমর। ফছুর ২তে বসেছিলুম, তিনি আমাদের বাঁচিয়ে দিয়েছেন। আমাকে ভাকতেন বউদিদি বলে।"

অমিত বললে, "আমি তাঁর অযোগ্য ভাইপে।। কাকা লোকসান বাঁচিয়েছেন, আমি লোকসান ঘটিয়েছি। আপনি ছিলেন তাঁর লাভের বউদিদি, আমার হবেন লোকসানের মাসিমা।"

যোগমায়া জিঞানা করলেন, "তোমার মা আছেন ?" অমিত বললে, "ছিলেন। মাসি থাকাও খুব উচিত ছিল।" "মাসির জন্যে খেদ কেন, বাবা ?"

"ভেবে দেখুন না, আজ যদি ভাঙতুম মারের গাড়ি, বকুনির অস্ত পাকত না ; বলতেন এটা বাদরামি। গাড়িটা যদি মাসির হয় তিনি আমার অপটুতা দেখে হাসেন, মনে-মনে বলেন, ছেলেমাছুধি।"

যোগমায়া হেসে বললেন, "তাহলে না হয় গাড়িখানা মাসিরই হল।" অমিত লান্ধিয়ে উঠে যোগমায়ার পায়ের ধুলো নিয়ে বললে, "এইজন্তেই তো প্রঞ্জাের কর্মকল মানতে হয়। মাধের কোলে জন্মেছি, মাসির জন্তে কোনো তপক্তাই করি নি— গাড়ি ভাঙাটাকে সংকর্ম বলা চলে না, অথচ এক নিমেষে দেবতার বরের মতো মাসি জীবনে অবতার্ণ ছলেন,—এর পিছনে কত যুগের স্থচনা আছে ভেবে দেখুন।"

যোগমারা হেসে বললেন, "কর্মঞ্চল কার, বাবা ? তোমার, না আমার, না যারা মোটর মেরামতের বাবসা করে তাদের ?"

ঘন চুলের ভিতর দিয়ে পিছন দিকে আঙুল চালিয়ে অমিত বললে, "লব্দু প্রশ্ন । কর্ম একার নম্ন, সমস্ত বিশ্বের, নক্ষত্র থেকে নক্ষত্রে তারই সন্মিলিত ধারা যুগে যুগে চলে এসে শুক্রবার ঠিক বেলা নটা বেজে আটচিছিল মিনিটের সময় লাগালে এক ধারা। তার পরে শূ

বোগমায়া লাবণ্যর দিকে আড়চোপে চেয়ে একটু হাসলেন। অমিতর সঙ্গে যথেষ্ট আলাপ হতে না হতেই তিনি ঠিক করে বসে আছেন এদের পুজনের বিয়ে হওয়া চাই। সেইটের প্রতি লক্ষ্য করেই বললেন, "বাবা, তোমরা তুজনে তাতক্ষণ আলাপ করো, আমি এপানে তোমার পাওয়ার বন্দোবন্ত করে আসি গো।"

জ্র-ততালে আলাপ জমাবার ক্ষমতা অমিতর। সে একেবারে তরু করে দিলে, "মাসিমা আমাদের আলাপ করবার আদেশ করেছেন। আলাপের আদিতে হল নাম। প্রথমেই সেটা পাকা করে নেওয়া উচিত। আপনি আমার নাম জ্ঞানেন তো ? ইংরেজি বাকেরণে যাকে বলে প্রপার নেম।"

লাবণা বললে, "আমি তো জানি আপনার নাম অমিতবার।"

"ওটা সব ক্ষেত্রে চলে না।"

লাবণা হেসে বললে, "ক্ষেত্র অনেক থাকতে পারে, কিন্তু অধিকারীর নাম তো একই হওয়া চাই।"

"আপনি যে-কণাটা বলছেন ওটা একালের নয়। দেশে কালে পাত্রে ভেদ আছে অপচ নামে ভেদ নেই ওটা অবৈজ্ঞানিক। Relativity of names প্রচার করে আমি নামজাদা হব স্থির করেছি। তার গোড়াতেই জানাতে চাই আপনার মূখে আমার নাম অমিতবারু নয়।"

"আপনি সাহেবি কায়দা ভালোবাসেন ? মিস্টার রয়।"

"একেবারে সম্দ্রের ওপারের ওটা দ্রের নাম। নামের দ্রত্ব ঠিক করতে গেলে মেপে দেখতে হর শব্দটা কানের সদর থেকে মনের অন্দরে পৌছোতে কতক্ষণ লাগে।"

"জতগামী নামটা কী ভনি।"

"বেগ জ্বত করতে গেলে বস্তু কমাতে হবে। অমিতবাব্র বার্টা বাদ দিন।"

লাবণা বললে, "সহজ নয়, সময় লাগবে।"

"সময়টা সকলের সমান লাগা উচিত নয়। একঘড়ি ব'লে কোনো পদার্থ নেই, ট'্যাকঘড়ি আছে, ট'্যাক অহুসারে তার চাল। আইনস্টাইনের এই মত।"

লাবণা উঠে দাঁড়িয়ে বললে, "আপনার কিন্তু স্নানের জল ঠাণ্ডা হয়ে আসছে।" "ঠাণ্ডা জল শিরোধার্য করে নেব, যদি আলাপটাকে আরও একটু সময় দেন।" "সময় আর নেই, কাজ আছে" বলেই লাবণ্য চলে গেল।

অমিত তথনই স্নান করতে গেল না। মিতহাস্থ্যমিশ্রিত প্রত্যেক কণাট লাবণ্যর ঠোঁটছটির উপর কী রকম একটি চেহারা ধরে উঠছিল, বসে বসে সেইটি ও মনে করতে লাগল। অমিত অনেক স্থলবী মেয়ে দেখেছে, তাদের সোল্যর স্পেল্যার মতো উজ্জ্বল অথচ আচ্চন্ন; লাবণার সোল্যর্থ সকালবেলার মতো, তাতে অম্পন্টতার মোহ নেই, তার সমস্তটা বৃদ্ধিতে পরিব্যাপ্ত। তাকে মেয়ে করে গড়বার সময় বিধাতা তার মধ্যে প্রথমের একটা ভাগ মিশিয়ে দিয়েছেন; তাকে দেখলেই বোঝা যায় তার মধ্যে কেবল বেদনার শক্তি নয় সেই সঙ্গে আছে মননের শক্তি। এইটেতেই অমিতকে এত করে আকর্ষণ করেছে। অমিতর নিজের মধ্যে বৃদ্ধি আছে ক্ষমা নেই, বিচার আছে ধর্য নেই, ও অনেক জ্বনেছে শিখেছে কিন্তু শান্তি পায় নি—লাবণ্যর মূপে ও এমন একটি শান্তির রূপে দেখেছিল যে-শান্তি হৃদয়ের তৃপ্তি থেকে নয়, যা ওর বিবেচনাশক্তির গান্তীরতায় অচঞ্চল।

# ভ নূতন পরিচয়

অমিত মিশুক মামুষ। প্রকৃতির সৌন্দর্য নিয়ে তার বেশিক্ষণ চলে না। সর্বদাই নিজে বকা-ঝকা করা অভ্যাস; গাছপালা-পাহাডপর্যতের সঙ্গে হাসিতামাশা চলে না, তাদের সঙ্গে কোনোরকম উলটো ব্যবহার করতে গেলেই ঘা পেয়ে মরতে হয়, তারাও চলে নিয়মে, অন্যের ব্যবহারেও তারা নিয়ম প্রত্যাশা করে; এক কথায়, তারা অরসিক, সেই জন্মে শহরের বাইরে ওর প্রাণ হাঁপিয়ে ওঠে।

কিন্তু হঠাং কী হল, শিলঙ পাহাড়টা চারদিক থেকে অমিতকে নিজের মধ্যে যেঁন রসিয়ে নিচ্ছে। আজ সে উঠছে স্থা ওঠবার আগেই; এটা ওর স্বধর্মবিরুদ্ধ। জ্বানলা দিয়ে দেখলে, দেবদারু গাছের ঝালরগুলো কাঁপছে, আর তার পিছনে পাতলা মেধের উপর পাহাড়ের ওপার থেকে স্থা তার তুলির লম্বা লম্বা সোনালি টান লাগিরেছে— আগুনে-জ্বলা যে-সব রঙের আণ্ডা ফুটে উঠছে তার সম্বন্ধে চূপ করে ধাকা ছাড়া আর কোনো উপায় নেই।

তাড়াতাড়ি এক পেরালা চা থেরে অমিত বেরিয়ে পড়ল। রাস্তা তপন নির্দ্ধন।

"একটা শ্রাওলাধরা অতি প্রাচীন পাইন গাছের তলায় স্তরে স্তরে ঝরা-পাতার স্থগন্ধ-ঘন
আন্তরণের উপর পা ছড়িয়ে বসল। সিগেরেট জালিয়ে তুই আঙুলে অনেকক্ষণ চেপে
রেপে দিলে, টান দিতে গেল ভলে।

যোগমায়ার বাড়ির পথে এই বন। ভোজে বসবার পূর্বে রাল্লাঘরটা থেকে যেমন আগাম গন্ধ পাওরা যায়, এই জায়গা থেকে যোগমায়ার বাড়ির সৌরভটা অমিত সেই রকম ভোগ করে। সময়টা ঘড়ির ভত্তদাগটাতে এসে পৌছোলেই সেধানে গিয়ে এক পেয়ালা চা দাবি করবে। প্রথমে সেখানে ওর যাবার সময় নির্দিষ্ট ছিল সংস্কাবেলায়। অমিত সাহিত্যরদিক এই খ্যাতিটার স্থযোগে আলাপ-আলোচনার জন্মে ও পেয়েছিল বাঁধা নিমন্থ। প্রথম দুই-চারি দিন যোগমায়া এই আলোচনায় উংসাহ প্রকাশ করেছিলেন, কিন্তু যোগমারার কাছে ধরা পড়ল যে, তাতে করেই এ-পক্ষের উৎসাহটাকে কিছু যেন কৃষ্টিত করলে। বোঝা শক্ত নয় যে, তার কারণ ঘিবচনের জায়গায় বছবচন প্রয়োগ। তার পর থেকে যোগমায়ার অন্তপস্থিত থাকবার উপলক্ষ্য ঘন ঘন ঘটত। একটু বিশ্লেষণ করতেই বোঝা গেল, সেগুলি অনিবার্ধ নয়, দৈবকুত নয়, তাঁর ইচ্ছাকুত। প্রমাণ হল, কর্ডামা এই ছুটি আলোচনাপরায়ণের যে-অফুরাগ লক্ষ্য করেছেন, সেটা দাহিত্যাম্বরাগের চেয়ে বিশেষ একটু গাঢ়তর। অমিত বুঝে নিলে যে, মাদির বয়স হয়েছে বটে, কিন্তু দৃষ্টি তীক্ষ, অৰচ মনটি আছে কোমল। এতে করেই আলোচনা উৎসাহ তার আরও প্রবল হল। নির্দিষ্ট কালটাকে প্রশন্ততর করবার অভিপ্রায়ে যতিশংকরের সঙ্গে আপসে ব্যবস্থা করলে, তাকে সকালে এক ঘণ্টা এবং বিকেলে তু ঘণ্টা ইংরেজি সাহিত্য পড়ার সাহাষ্য করবে। শুরু করলে সাহাষ্য,—এত বাহলাপরিমানে যে, প্রায়ই সকাল গড়াত হুপুরে, সাহায্য গড়াত বাজে কথায়, অবনেবে যোগমায়ার এবং ভদ্রতার অন্তরোধে মধাাহুভোজনটা অবক্সকর্তব্য হয়ে পড়ত। এমনি করে দেখা গেল অবশ্রকর্তবাতার পরিধি প্রহরে প্রহরে বেড়েই চলে।

যতিশংকরের অধ্যাপনায় ওর যোগ দেবার কথা সকাল আটটায়। ওর প্রাকৃতিস্থ অবস্থায় সেটা ছিল অসময়। ও বলত, যে-জীবের গর্ভবাসের মেয়াদ দশ মাস তার ঘূমের মেয়াদ পশুপক্ষীদের মাপে সংগত হয় না। এতদিন অমিতর রাত্রিবেলাটা তার সকালবেলাকার অনেকগুলো ঘণ্টাকে পিলপেগাড়ি করে নিয়েছিল। ও বলত, এই চোরাই সময়টা অবৈধ বলেই ঘূমের পক্ষে সব-চেয়ে অমুক্ল।

কিন্তু আজকাল ওর ঘুমটা আর অবিমিশ্র নয়। সকাল-সকাল জাগবার একটা আগ্রহ তার অন্তর্নিহিত। প্রয়োজনের আগেই ঘুম ভাঙে—তার পরে পাশ ফিরে শুডে সাহস হয় না, পাছে বেলা হয়ে যায়। মাঝে মাঝে ঘড়ির কাঁটা এগিয়ে দিয়েছে; কিন্তু সময়-চুরির অপরাধ ধরা পড়বার ভয়ে সেটা বারবার করা সম্ভব হত না। আর্জ্ব একবার ঘড়ির দিকে চাইলে, দেখলে বেলা এখনও সাতটার এপারেই। মনে হল ঘড়ি নিশ্চয় বন্ধ। কানের কাছে নিয়ে শুনলে টিকটিক শব্দ।

এমন সময় চমকে উঠে দেখে, ভান হাতে ছাতা দোলাতে দোলাতে উপরের রাপ্তা দিয়ে আসছে লাবণা। সাদা শাড়ি, পিঠে কালো রঙের তিনকোণা শাল, তাতে কালো ঝালর। অমিতর ব্যতে বাকি নেই যে, লাবণার অধেক দৃষ্টিতে সে গোচর হয়েছে, কিন্তু পূর্বদৃষ্টিতে সেটাকে মোকাবিলায় কবৃল করতে লাবণা নারাজ। বাঁকের মৃশ প্রযন্ত লাবণা ঘেই গেছে, অমিত আর থাকতে পারলে না, দৌড়োতে দৌড়োতে তার পাশে উপস্থিত।

বললে, "জানতেন এড়াতে পারবেন না, তব্ দৌড় করিয়ে নিলেন। জানেন না কি, দূরে চলে গেলে কতটা অসুবিধা হয় ?"

"কিসের অস্থবিধা ?"

অমিত বললে, "যে-হভভাগা পিছনে পড়ে থাকে তার প্রাণটা উপস্থরে ডাকতে চায়। কিন্তু ডাকি কী বলে ? দেবদেবীদের নিয়ে স্থাবিধে এই যে, নাম ধরে ডাকলেই তাঁর। খুমি। তুর্গা ত্বলে গর্জন করতে থাকলেও ভগবতী দশভূঞা অসন্তুষ্ট হন না। আপনাদের নিয়ে যে মুশকিল।"

"না ভাকলেই চুকে যায়।"

"বিনা সম্বোধনেই চালাই যথন কাছে থাকেন। তাই তো বলি, দূরে যাবেন না। ডাকতে চাই অথচ ডাকতে পারি নে, এর চেয়ে দুঃখ আর নেই।"

"কেন, বিলিতি কায়দা তো আপনার অভ্যাস আছে।"

"মিস ডাট ? সেটা চায়ের টেবিলে। দেখুন না, আজ এই আকাশের সঙ্গে পৃথিবী যথন সকালের আলােয় মিলল, সেই মিলনের লগ্নটি সার্থক করবার জ্ঞান্তে উভয়ে মিলে একটি রূপ সৃষ্টি করলে, তারই মধ্যে রয়ে গেল স্বর্গমর্তার ডাকনাম। মনে হচ্ছে না কি, একটা নাম ধরে ডাকা উপর থেকে নিচে আসছে, নিচে থেকে উপরে উঠে চলেছে? মাছারের জীবনেও কি ওই রকমের নাম সৃষ্টি করবার সমন্ন উপন্থিত হন্ন না? করানা করুন না, যেন এখনই প্রাণ খুলে গলা ছেড়ে আপনাকে ডাক দিয়েছি, নামের ভাক বনে বনে ধানিত হল, আকাশের ওই রিছন মেষের কাছ পর্যন্ত পৌছোল, সামনের ওই

পাহাড়টা তাই ওনে মাধায় মেঘ-মৃড়ি দিয়ে গাঁড়িয়ে গাঁড়িয়ে ভাবতে লাগল, মনে ভাবতেও কি পারেন সেই ডাকটা মিস ডাট ?"

লাবণা কথাটাকে এড়িয়ে বললে, "নামকরণে সময় লাগে, আপাতত বেড়িয়ে • আসি গে।"

অমিত তার সন্ধ নিয়ে বললে, "চলতে শিখতেই মান্তবের দেরি হয়, আমার হল উলটো, এতদিন পরে এধানে এসে তবে বসতে শিখেছি। ইংরেজিতে বলে, গড়ানে পাধরের কপালে শাওলা জোটে না—সেই ভেবেই অন্ধকার থাকতে কখন থেকে পথের ধারে বসে আছি। তাই তো ভোরের আলো দেশলুম।"

লাবণ্য কথাটাকে তাড়াতাড়ি ঢাপা দিয়ে জিজ্ঞাসা করলে, "ওই সবৃক্ত ভানাওআলা পাগিটার নাম জানেন ?"

অমিত বললে, "কাবজগতে পাণি আছে সেটা এতদিন সাধারণভাবেই জানতুম, নিশেষভাবে জানবার সময় পাই নি। এখানে এসে, আশ্চর্ষ এই দে, স্পষ্ট জানতে পেরেছি, পাণি আছে, এমন কি, তারা গানও গায়।"

লাবণা হেসে উঠে বন্ধলে, "আন্চর্ব।"

অমিত বললে, "হাসছেন! আমার গভীর কথাতেও গান্তীর্য রাগতে পারি নে। ওটা নুদ্রালোয়। আমার জন্মলয়ে আছে চাঁদ, ওই গ্রহটি রুফচভূর্দশীর সর্বনাশা রাত্রেও একটুগানি মৃচকে না হেসে মরতেও জানে না।"

লাবণা বললে, "আমাকে দোষ দেবেন না। বোধ হয় পাণিও যদি আপনার কথা শুনত, হেসে উঠত।"

অমিত বললে, "দেখুন, আমার কথা লোকে হঠাং ব্যতে পারে না বলেই হাসে,
ব্যতে পারলে চুপ করে বসে ভাবত। আজ পাধিকে নতুন করে জানছি এ-কথায়
লোকে হাসছে। কিন্তু এর ভিতরের কথাটা হচ্ছে এই যে, আজ সমন্তই নতুন করে
জানছি, নিজেকেও। এর উপরে তো হাসি চলে না। ওই দেখুন না. কথাটা একই,
অধচ এইবার আপনি একেবারেই চুপ।"

শাবণ্য হেসে বললে, "আপনি তো বেশিদিনের মাহয় না, খ্বই নত্ন, আরও নত্নের ঝোঁক আপনার মধ্যে আসে কোণা থেকে ?"

"এর জ্ববাবে পূব একটা গন্ধীর কথাই বলতে হল যা চায়ের টেবিলে বলা চলে না।
আমার মধ্যে নজুন যেটা এসেছে সেটাই অনাদিকালের পুরোনো,—ভোরবেলাকার
আলোর মডোই সে পুরোনো, নজুন-ফোটা ভূইটাপা ফুলেরই মডো, চিরকালের জিনিস,
নজুন করে আবিষার।"

किছू ना यत्न नायगा शमाल।

অমিত বললে, "আপনার এবারকার এই হাসিটি পাহারাওআলার চোর-ধরা গোল লগ্ননের হাসি। ব্ঝেছি আপনি যে-কবির ভক্ত তার বই থেকে আমার মুখের এ-কথাটা আগেই পড়ে নিয়েছেন। দোহাই আপনার আমাকে দাগি চোর ঠাওরাবেন না,—এক-এক সময়ে এমন অবস্থা আসে, মনের ভিতরটা শংকরাচার্য হয়ে ওঠে, বলতে থাকে আমিই লিখেছি, কি আর কেউ লিখেছে এই ভেদজ্ঞানটা মায়া। এই দেখুন না, আজ সকালে বসে হঠাং খেয়াল গেল আমার জানা সাহিত্যের ভিতর থেকে এমন একটা লাইন বের করি, যেটা মনে হবে এইমাত্র স্বয়ং আমি লিগলুম, আর কোনো কবির লেখবার সাধ্যই ছিল না।"

লাবণা থাকতে পারলে না, প্রশ্ন করলে, "বের করতে পেরেছেন ?"

"হা, পেরেছি।"

লাবণ্যর কৌতৃহল আর বাধা মানল না, জিজ্ঞাসা করে ফেললে, "লাইনটা কী বলুন না।"

"For God's sake, hold your tongue

and let me love i"

লাবণার বুকের ভিতরটা কেঁপে উঠল।

অনেকক্ষণ পরে অমিত জিজ্ঞাসা করলে, "আপনি নিশ্চয় জানেন লাইনটা কার।" লাবণা একটু মাধা বেঁকিয়ে ইশারায় জানিয়ে দিলে, "হা।"

অমিত বললে, "সেদিন আপনার টেবিলে ইংরেজ কবি ডন-এর বই আবিদ্ধার করলুম, নইলে এ-লাইন আমার মাধায় আসত না।"

"আবিষার করলেন ?"

"আবিদ্ধার নয় তো কী? বইয়ের দোকানে বই চোপে পড়ে, আপনার টেবিলে বই প্রকাশ পায়। পারিক লাইব্রেরির টেবিল দেখেছি, সেটা তো বইগুলিকে বহন করে, আপনার টেবিল দেখলুম, সে যে বইগুলিকে বাসা দিয়েছে। সেদিন ডন-এর কবিতাকে প্রাণ দিয়ে দেখতে পেয়েছি। মনে হল, অন্ত কবির দরক্ষায় ঠেলাঠেলি ভিড়; বড়োলোকের শ্রাদ্ধে কাঙালি-বিদায়ের মতো। ডন-এর কাব্যমহল নির্ক্তন, ওখানে তৃটি মান্তব পাশাপাশি বসবার জায়গাটুকু আছে। তাই অমন স্পষ্ট করে শুনতে পেলুম মামার স্কালবেলাকার মনের কথাটি—

দোহাই তোদের, একটুকু চুপ কর্। ভালোবাদিবারে দে আমারে অবসর।" লাবণা বিশ্বিত হয়ে জিজ্ঞাসা করলে, "আপনি বাংলা কবিতা লেখেন না কি ?"

"ভয় হচ্ছে আজ থেকে লিগতে গুরু করব বা। নতুন অমিত রায় কী যে কাণ্ড করে বসবে পুরোনো অমিত রায়ের তা কিছু জানা নেই। হয়তো বা সে এখনই লড়াই করতে বেরোবে।"

"লড়াই ? কার সকে ?

"সেইটে ঠিক করতে পারছি নে। কেবলই মনে হচ্ছে খুব মন্ত কিছু একটার জ্ঞান্ত এক্থুনি চোপ বুজে প্রাণ দিয়ে ফেলা উচিত, তার পরে অন্থতাপ করতে হয় রয়ে বসে করা যাবে।"

लावना (इस्म वलस्ल, "প্রাণ যদি দিতেই হয় তো সাবধানে দেবেন।"

"দে-কথা আমাকে বলা অনাবশ্রক। কমৃন্তাল রায়টের মধ্যে আমি যেতে নারাজ।
মৃদলমান বাঁচিয়ে ইংরেজ বাঁচিয়ে চলব। যদি দেশি বুড়োস্বড়ো গোছের মান্তম, অহিংপ্র
মেজাজের ধার্মিক চেহারা, শিঙে বাজিয়ে মোটর হাঁকিয়ে চলেছে—ভার সামনে দাড়িয়ে
পথ আটকিয়ে বলব, যুদ্ধং দেহি। ওই যে-লোক অজীর্ণ রোগ সারবার জন্তে
হাসপাতালে না গিয়ে এমন পাহাড়ে আসে, বিদে বাড়াবার জন্তে নির্লক্ত হয়ে হাওয়া
পেতে বেরোয়।"

লাবণ্য হেসে বললে, "লোকটা তবু যদি অমাক্ত করে চলে যায়।"

"তথন আমি পিছন থেকে হ-হাত আকালে তুলে বলব—এবারকার মতো ক্ষমা করলুম, তুমি আমার ভাতা, আমরা এক ভারতমাতার সন্তান।—বুঝতে পারছেন, মন যধন খুব বড়ো হয়ে ওঠে তথন মাছুষ যুক্ষও করে, ক্ষমাও করে।"

লাবণা হেদে বললে, "আপনি যুগন যুগের প্রস্তাব করেছিলেন মনে ভয় হয়েছিল, কিন্তু ক্ষমার কথা যে-রকম বোঝালেন তাতে আশ্বন্ত ছলুম যে, ভাবনা নেই।"

অমিত বললে, "আমার একটা অন্তরোধ রাখবেন ?"

"की, वनून।"

"আঞ্চ পিদে বাড়াবার জ্বন্তে আর বেলি বেড়াবেন না।"

"আচ্ছা বেশ, তার পরে ?"

"ওই নিচে গাছতলায় যেখানে নানা রঙের ছ্যাতলাপড়া পাধরটার নিচে দিয়ে একট্থানি জল ঝিরঝির করে বয়ে থাচেছ ওইখানে বসবেন আহ্ন।"

नावना हाटल-वांधा चिक्ठांत मिटक टिटाइ वनता, "कि**स স**मग्न रम पाइ ।"

"জীবনে সেইটেই তো শোচনীয় সমস্তা, লাবণ্য দেবী, সময় অব্ধ। মৰুপথে সঙ্গে আছে আধ মলক মাত্ৰ জল, যাতে সেটা উছলে উছলে শুকনো ধুলোয় মাত্ৰা না যায় সেটা নিতান্তই করা চাই। সময় যাদের বিশুর তাদেরই পান্ধচুয়াল হওয়া শোভা পায়, দেবতার হাতে সময় অসীম, তাই ঠিক সময়টিতে স্থা ওঠে ঠিক সময়ে অস্ত যায়। আমাদের মেয়াদ অয়, পান্ধচুয়াল হতে গিয়ে সময় নষ্ট করা আমাদের পক্ষে অমিত-বায়িতা। অমরাবতীর কেউ যদি প্রশ্ন করে, 'ভবে এসে করলে কী', তখন কোন্ লজ্জার্ম বলব, 'ঘড়ির কাঁটার দিকে চোখ রেখে কাজ করতে করতে জীবনের যা-কিছু সকল সময়ের অতীত তার দিকে চোখ তোলবার সময় পাই নি।' তাই তো বলতে বাধ্য হলুম, চলুন ওই জায়গাটাতে।"

ওর যেটাতে আপত্তি নেই সেটাতে আর কারও যে আপত্তি থাকতে পারে অমিত সেই আশঙ্কাটাকে একেবারে উড়িয়ে দিয়ে কথাবার্তা কয়। সেইজন্মে তার প্রস্তাবে আপত্তি করা শক্ত। লাবণ্য বললে, "চলুন।"

ঘনবনের ছায়া। সক পথ নেমেছে নিচে একটা খাসিয়া গ্রামের দিকে। অর্ধপথে আর-এক পাশ দিয়ে ক্ষীণ ঝরনার ধারা একজায়গায় লোকালয়ের পণটাকে অর্থীনার করে তার উপর দিয়ে নিজের অধিকারচিক্ষরপ হুড়ি বিছিয়ে শুতুহু পণ চালিয়ে ঝেছে। সেইখানে পাধরের উপরে হুজনে বসল। ঠিক সেই জায়গায় খাদটা গভীর হয়ে খানিকটা জল জমে আছে, যেন সব্জু পর্দার ছায়ায় একটি পর্দানশীন মেয়ে, বাইরে পা বাড়াতে তার ভয়। এখানকার নির্জনতার আবরণটাই লাবণ্যকে নিরাবরণের মতে। লক্ষ্মা দিতে লাগল। সামাল যা-তা একটা কিছু বলে এইটেকে ঢাকা দিতে ইচ্ছে করছে, কিছুতেই কোনো কথা মনে আসছে না,—স্বপ্লে যে-রকম কণ্ঠরোধ হয় সেই দশা।

অমিত ব্যুতে পারলে, একটা-কিছু বলাই চাই। বললে, "দেখুন আর্থা, আমাদের দেশে হুটো ভাষা, একটা সাধু আর একটা চলতি। কিছু এ-ছাড়া আরও একটা ভাষা থাকা উচিত ছিল, সমাজের ভাষা নয়, ব্যবসায়ের ভাষা নয়, আড়ালের ভাষা, এই রকম জায়গার জন্মে। পাথির গানের মত্যো, কবির কাব্যের মত্যো,—সেই ভাষা অনায়াসেই কণ্ঠ দিয়ে বেরোনো উচিত ছিল, যেমন করে কাল্লা বেরোয়। সেজন্মে মাস্থ্যকে বইয়ের দোকানে ছুটতে হয় সেটা বড়ো লজ্জা। প্রত্যেকবার হাসির জন্মে ঘদি ডেন্টিস্টের দোকানে দোড়াদোড়ি করতে হত তা হলে কী হত ভেবে দেখুন। সত্যি বলুন, লাবণা দেবী, এখনই আপনার স্কর করে কথা বলতে ইচ্ছে করছে না গ্র্

লাবণ্য মাথা হেঁট করে চুপ করে বলে রইল।

অমিত বললে, "চায়ের টেবিলের ভাষার কোন্টা ভদ্র, কোন্টা অভদ্র, ভার ছিসেব মিটতে চায় না। কিন্তু এ জায়গায় ভদ্রও নেই, অভদ্রও নেই। তাহলে কী উপায় বলুন। মনটাকে সহজ করবার জল্ঞে একটা কবিতা না আওড়ালে তো চলছে না। গতে অনেক সময় নেয়, অভ সময় তো হাতে নেই। যদি অভুমতি করেন ছো আরম্ভ করি।"

দিতে হল অহুমতি, নইলে লজা করতে গেলেই লজা। অমিত ভূমিকায় বললে, "রবি ঠাকুরের কবিতা বোধ হয় আপনার ভালে। লাগে।" "হা. লাগে।"

"আমার লাগে না। অতএব আমাকে মাপ করবেন। আমার একজন বিশেব কবি আছে, তার লেখা এত ভালো যে, খুব অল্প লোকেই পড়ে। এমন কি, তাকে কেউ গাল দেবার উপযুক্ত সন্মানও দেয় না। ইচ্ছে করছি আমি তার থেকে আবৃত্তি করি।"

"আপনি এত ভয় করছেন কেন 🕫

"এ-সম্বন্ধে আমার অভিজ্ঞতঃ শোকাবহ। কবিবরকে নিজে করলে আপনারঃ জাতে ঠেলেন, ভাকে নিশেনে পাশ কাটিয়ে বাদ দিয়ে চললে ভাতে করেও কঠোর ভাষার স্বান্ধী হয়। যা আমার ভালে। লাগে ভাই আর-একজনের ভালে। লাগে না, এই নিয়েই পুরিবীতে যত রক্তপাত।"

**"আমার কাছ পেকে রক্তপাতের ভয় করবেন না।** আপন কচির জন্মে আমি পরের কচির সমর্থন ভিক্ষে করি নে।"

"এটা বেশ বলেছেন, তাহলে নিউয়ে ওক করা যকে।—
র অচেনা, মোর মৃষ্টি ছাড়াবি কী করে,

যভক্ষণ চিনি নাই ভোৱে গ

বিষয়টা দেশছেন দু না-চেনার বন্ধন । স্ব-চেয়ে কড়া বন্ধন । না-চেনা জগতে বনী। ইয়েছি, চিনে নিয়ে তবে ধালাস পাব, একেই বলে মুক্তিত।

কোন্ অস্কশংগ
বিজ্ঞতিত তন্ত্রা-জাগরণে
রাত্রি ধনে সবে হয় ভোর,
মৃথ দেখিলাম তোর।
৮ক্ 'পরে ৮ক্ রাখি' ভধালেম, "কোধা সংগোপনে
আছ আত্মবিশ্বতির কোণে ?"

নিজেকেই ভূলে-থাকার মতো কোনো এমন ঝাপসা কোণ আর নেই। সংসারে কত যে দেপবার ধন দেপা হল না, তারা আত্মবিশ্বতির কোণে মিলিয়ে আছে। তাই বলে তো হাল ছেড়ে দিলে চলে না।

তোর সাথে চেনা
সহজে হবে না,
কানে কানে মৃত্তুকঠে নয়।
করে নেব জয়
সংশয়কুঠিত তোর বাণী;
দৃপ্ত বলে লব টানি'
শকা হতে, লজ্জা হতে, বিধা হন্দ হতে
নির্দয় আলোতে।

একেবারে নাছোড়বান্দা। কতবড়ো জোর। দেখেছেন রচনার পৌরুষ।
জাগিয়া উঠিবি অশ্রুধারে,
মৃহুর্তে চিনিবি আপনারে;
ভিন্ন হবে ডোর.

তোরে মুক্তি দিয়ে তবে মুক্তি হবে মোর।

ঠিক এই তানটি আপনার নামজাদা লেপকের মধ্যে পাবেন না, স্থমগুলে এ যেন আগুনের বড়। এ শুধু লিরিক নয়, এ নিষ্ঠুর জীবনতত্ত্ব।"—লাবণ্যর মৃপের দিকে এক-দৃষ্টিতে চেয়ে বললে,—

"হে অচেনা,

पिन याय, शक्तां इस, शमग्र द्र**रत** ना,

তীব্ৰ আকশ্মিক

বাধা বন্ধ ছিল্ল করি দিক,

তোমারে চেনার অগ্নি দীপ্ত নিথা উঠুক উচ্জনি

দিব তাহে জীবন অঞ্চল।"

আর্ত্তি শেষ হতে না হতেই অমিত লাবণ্যর হাত চেপে ধরলে। লাবণ্য হাত ছাড়িয়ে নিলে না। অমিতর মুখের দিকে চাইলে, কিছু বললে না।

এর পরে কোনো কথা বলবার কোনো দরকার হল না। লাবণ্য দড়ির দিকে চাইতেও ভূলে গেল। 9

# ঘটকালি

অমিত যোগমায়ার কাছে এসে বললে, "মাসিমা, ঘটকালি করতে এলেম। বিদায়ের বেলা কুপণতা করবেন না।"

"পছন্দ হলে তবে তো। আগে নাম-ধাম-বিবরণটা বলো।"

অমিত বললে, "নাম নিয়ে পাত্রটির দাম নয়।"

"তাহলে ঘটক-বিদায়ের হিসাব থেকে কিছু বাদ পড়বে দেখছি।"

"অন্তায় কথা বললেন। নাম যার বড়ো তার সংসারটা ঘরে অল্প, বাইরেই বেশি। ঘরের মন-রক্ষার চেয়ে বাইরে মান-রক্ষাতেই তার যত সময় যায়। মান্তবটার অতি অল্প অংশই পড়ে জ্রীর ভাগে, পুরো বিবাহের পক্ষে সেটুকু যথেষ্ট নয়। নামজাদা মান্তবের বিবাহ স্বল্পবিবাহ, বছবিবাহের মতোই গহিত।"

"आका, नामहा ना इब शास्त्रा दश, क्रमहा ?"

"বলতে ইচ্ছে করি নে, পাছে অত্যক্তি করে বসি ৷"

"অত্যক্তির জোরেই বৃঝি বাজারে ঢালাতে হবে 🕫

'পাত্র বাছাইয়ের বেলায় **ছটি জিনিস** লক্ষ্য করা চাই,— নামের দ্বারা বর যেন হরকে ছাড়িয়ে না যায়, আর রূপের দ্বারা কনেকে।"

"আচ্ছা নামরপ থাক, বাকিটা ?"

"বাকি যেটা রইল স্ব-জড়িয়ে সেটাকে বলে পদার্থ। তা লোকটা অপদার্থ নয়।" "বৃদ্ধি ''

"লোকে যাতে ওকে বৃদ্ধিমান বলে হঠাং ভ্রম করে সেটুকু বৃদ্ধি ওর আছে।" "বিছো ?"

"স্বয়ং নিউটনের মতো। ও জানে যে জ্ঞানসমূল্যের কূলে সে স্থড়ি কুড়িয়েছে মাত্র। তার মতো সাহস করে বলতে পারে না, পাছে লোকে ক্ষস করে বিখাস করে বসে।"

"পাত্রের যোগ্যভার কর্দটা তো দেখছি কিছু খাটো গোছের ৷"

"অমপুণার পূর্ণতা প্রকাশ করতে হবে বলেই শিব নিজেকে ভিখারি কবৃল করেন, একটুও লজা নেই।"

"তাহলে পরিচয়টা আরও একটু স্পষ্ট করো।"

"জানা ঘর। পাত্রটির নাম অমিতকুমার রায়। হাসছেন কেন, মাসিমা? ভাবছেন ক্থাটা ঠাট্টা।" "সে-ভয় মনে আছে, বাবা, পাছে শেষ প্রযন্ত ঠাট্টাই হয়ে ৬ঠে।"

"এ সন্দেহটা পাত্রের 'পরে দোষারোপ।" ·

"বাবা, সংসারটাকে হেসে হালক। করে রাখা কম ক্ষমতা নয়।"

"মাসি, দেবতাদের সেই ক্ষমতা আছে, তাই দেবতারা বিবাহের অযোগা, দময়ন্ত্রী সে-কথা ব্যেছিলেন।"

"আমার লাবণাকে সত্যি কি তোমার পছন্দ হয়েছে ?"

"কী রকম পরীক্ষা চান, বলুন।"

"একমাত্র পরীক্ষা হচ্ছে, লাবণা যে ভোমার হাতেই আছে, এইটি ভোমার নিশিও জানা।"

"কথাটাকে আর-একট ব্যাখ্যা করুন।"

"যে-রত্নক সন্তায় পাওয়া গেল, ভারও আসল মূল্য যে বোঝে সে-ই জানব জতরি।"
"মাসিমা, কথাটাকে বড়ো বেশি স্ক্র করে তুলছেন। মনে হচ্চে যেন একটা ছোটো গল্পের সাইকোলজিতে শান লাগিয়েছেন। কিন্তু কথাটা আসলে যথেই মোটা.—
জাগতিক নিয়মে এক ভদ্রলোক, এক ভদ্রমণীকে বিয়ে করবার জন্তো থেপেছে।

দোবেগুণে ছেলেটি চলনসই, মেয়েটির কথা বল। বাহলা: এমন অবস্থায় সাধারণ মাসিমার দল স্বভাবের নিয়মেই খুনি হয়ে ভগনই টেকিডে আনন্দনামু কুটতে গুরু

করেন।"

"ভয় নেই, বাবা, টেকিতে পা পড়েছে। ধরেই নাও, লাবণাকে তুমি পেয়েইছ। তার পরেও হাতে পেয়েও যদি ভোমার পাবার ইচ্ছে প্রবল থেকেই যায় তবেই বৃশ্ব লাবণার মতো মেয়েকে বিয়ে করবার তুমি যোগা।"

"আমি যে এ-হেন আধুনিক আমাকে স্কন্ধ তাক লাগিয়ে দিলেন।"

"আধুনিকের লক্ষণটা কাঁ দেখলে ?

"দেখছি বিংশ শতাব্দীর মাসিমারা বিয়ে দিতেও ভয় পান।"

"তার কারণ আগেকার শতাকীর মাসিমার। যাদের বিয়ে দিতেন ভারা ছিল থেলার পুত্ল। এখন যারা বিয়ের উমেদার মাসিমাদের পেলার শপ মেটাবার দিকে তাদের মন নেই।"

"ভয় নেই আপনার। পেয়ে পাওয়া ফুরোয় না, বরঞ্চ চাওয়া বেড়েই ওঠে, লাবণাকে বিয়ে করে এই তত্ত্ব প্রমাণ করবে বলেই অমিত রায় মর্ভো অবভীন। নইলে, আমার মোটরগাড়িটা অচেতন পদার্থ হয়েও অস্থানে অসময়ে এমন অস্কৃত অঘটন ঘটিয়ে বসবে কেন দু" "বাবা, বিবাহযোগ্য বয়সের স্থর এখনও ভোমার কথাবার্ডায় লাগছে না, শেষে সমস্তটা বাল্যবিবাহ হয়ে না পাড়ায়।"

"মাসিমা, আমার মনের স্বর্কীয় একটা স্পেসিফিক গ্রাভিটি আছে, ভারই গুণে আমার হৃদয়ের ভারী কথাগুলোও মূপে খুব হালক। হয়ে ভেসে ওঠে, তাই বলে ভার ওজন কমে না।"

যোগমায়া গেলেন ভোজের বাবস্থা করতে। অমিত এ-বরে ও-ঘরে দুরে বেড়ালে, দর্শনীয় কাউকে দেগতে পেলে না। দেগা হল যতিশংকরের সঙ্গে। মনে পড়ল আজ তাকে আগ্রেনি ক্লিরোপাটা পড়াবার কথা। অমিতর ম্পের ভাব দেপেই যতি বুকেছিল জাঁবের প্রতি দয়া করেই আজ তার ছুটি নেওয়া আন্ত কর্তব্য। সেবললে, "অমিতদা, কিছু যদি মনে না কর, আজ আমি ছুটি চাই, আপার শিলঙে বেড়াতে যাব।"

অমিত পুলকিত হয়ে বললে, "পড়ার সময় যারা ছটি নিতে জানে না, তারা পড়ে, পড়া হজম করে না। তুমি ছটি চাইলে আমি কিছু মনে করব এমন অসম্ভব ভর করছ কেন ?"

"কাল ববিবার ছটি তো আছেই, পাছে তুমি তাই ভাব - "

"ইক্সন্মাস্টারি বৃদ্ধি আমার নয় ভাই, বরাদ ছুটিকে ছুটি বলিই নে। যে-ছুটি নিয়মিত, তাকে ভোগ করা, আর বাঁধা পশুকে শিকার করা একই কথা। ওতে ছুটির রস ফিকে হয়ে যায়।"

ইঠাং যে-উৎসাহে অমিতকুমার ছুটিতত্ব ব্যাপ্যায় মেতে উঠল তার মূল কারণটা অসমান করে যতির পুব মঞা লাগল। সে বললে, "ক্য়দিন থেকে ছুটিতত্ব সম্বন্ধে তোমার মাপায় নতুন নতুন ভাব উঠছে। সেদিনও আমাকে উপদেশ দিয়েছিলে। এমন আর কিছুদিন চললেই ছুটি নিতে আমার হাত পেকে যাবে।"

"দেদিন কী উপদেশ দিয়েছিলুম ?"

"বলেছিলে, 'অকর্তব্যবৃদ্ধি মান্তবের একটা মহদ্ওণ। তার ডাক পড়লেই একটুও বিলম্ব করা উচিত হয় না।' বলেই বই বন্ধ করে তথনই বাইরে দিলে ছুট। বাইরে হয়তো একটা অকর্তব্যের কোণাও আবির্ভাব হয়েছিল, লক্ষ্য করি নি।"

যতির বয়স বিশের কোঠায়। অমিতর মনে যে-চাঞ্চল্য উঠেছে ওর নিজের মনেও তার আন্দোলনটা এসে লাগছে। ও লাবণাকে এতদিন শিক্ষকজাতীয় বলেই ঠাউরেছিল, আঞ্চু অমিতর অভিজ্ঞতা পেকেই বৃষতে পেরেছে, সে নারীজাতীয়।

অমিত হেসে বললে, "কাজ উপস্থিত হলেই প্রস্তুত হওয়া চাই, এই উপদেশের বাজারদর বেশি, আকব্যনি মোহরের মতো,—কিন্তু ওর উলটো পিঠে খোদাই থাকা উচিত, অকাজ উপস্থিত হলেই সেটাকে বীরের মতো মেনে নেওয়া চাই।"

"তোমার বীরত্বের পরিচয় আজকাল প্রায়ই পাওয়া যাচ্ছে।"

যতির পিঠ চাপড়িয়ে অমিত বললে, "জরুরি কাজটাকে এক কোপে বলি দেবার পবিত্র অষ্টমী তিথি তোমার জীবনপঞ্জিকায় একদিন যথন আসবে দেবীপূজায় বিলম্ব ক'রো না, ভাই, তার পরে বিজয়াদশমী আসতে দেবি হয় না।"

ষতি গেল চলে, অকর্তব্যবৃদ্ধিও সজাগ, যাকে আশ্রয় করে অকাজ দেপা দেয় তারও দেখা নেই। অমিত দর ছেড়ে গেল বাইরে।

ফুলে আচ্ছন্ন গোলাপের লতা, একধারে স্থম্ধীর ভিড়, আর-একধারে চৌকো কাঠের টবে চন্দ্রমন্ত্রিক। ঢালুঘাসের থেতের উপরপ্রান্তে এক মন্ত মুক্যালিপ্টস গাছ। তারই গুঁড়িতে হেলান দিয়ে সামনে পা ছড়িয়ে বসে আছে লাবণা। ছাই রঙের আলোয়ান গায়ে, পায়ের উপর পড়েছে সকালবেলাকার রোদ্যুর। কোলে ক্রমালের উপর কিছু ক্রটির টুকরো, কিছু ভাঙা আথরোট। আজ সকালটা জীবসেবায় কাটাবে ঠাউরেছিল, তাও গেছে ভূলে। অমিত কাছে এসে দাড়াল, লাবণা মাথা তৃলে তার ম্থের দিকে চেরে চুপ করে রইল, মৃত্ হাসিতে মৃথ গেল ছেয়ে। অমিত সামনা-সামনি বসে বললে, "সুথবর আছে। মাসিমার মত পেয়েছি।"

লাবণা তার কোনো উত্তর না করে অদূরে একটা নিক্ষনা পিচগাছের দিকে একটা ভাঙা আধরোট ফেলে দিলে। দেখতে দেখতে তার গুঁড়ি বেয়ে একটা কাঠবিড়ালি নেমে এল। এই জীবটি লাবণার মৃষ্টিভিখারিদলের একজন।

অমিত বললে, "যদি আপত্তি না কর তোমার নামটা একটু চেঁটে দেব।"

"তা দাও।"

"তোমাকে ভাকৰ বন্ত বলে।"

"বন্যু!"

"না না, এ-নামটাতে হয়তো বা তোমার বদনাম হল। এ-রকম নাম আমাকেই সাজে। তোমাকে ডাকব, বক্সা। কী বল ?"

"তাই ডেকো, কিন্তু তোমার মাসিমার কাছে নয়।"

"কিছুতেই নয়। এ-সব নাম বীজ্ঞান্ত্রের মতো, কারও কাছে ফাঁস করতে নেই। এ রইল আমার মুধে আর তোমার কানে।"

"আচ্ছা বেশ।"

"আমারও ওইরকমের একটা বেসরকারি নাম চাই তো। ভাবছি ব্রহ্মপুত্র কেমন হয় ? বস্তা হঠাৎ এল তারই কুল ভাসিয়ে দিয়ে।"

"নামটা সর্বদা ডাকবার পক্ষে ওজনে ভারি।"

"ঠিক বলেছ। কুলি ভাকতে হবে ভাকবার জন্তে। তুমিই তাহলে নামটা দাও। সেটা হবে তোমারই সৃষ্টি।"

"আচ্ছা, আমিও দেব তোমার নাম ছেঁটে। তোমাকে বলব মিতা।"

"চমংকার! পদাবলীতে ওরই একটি দোসর আছে, বঁধু। বক্তা, মনে ভাবছি, ওই নামে না হয় আমাকে সবার সামনেই ডাকলে, তাতে দোষ কী?"

"ভয় হয় এক কানের ধন পাঁচ কানে পাছে সন্তা হয়ে যায়।"

"সে-কথা মিছে নয়। তুইয়ের কানে যেটা এক, পাচের কানে সেটা ভগ্নাংশ। বক্সা।"

"কী মিভা গ"

"ভোমার নামে যদি কবিতা লিপি তো কোন্ মিলটা লাগাব জান ?—অনকা।"

"তাতে কী বোঝাবে ?"

"বোঝাবে তুমি যা তুমি তাই-ই, তুমি আর কিছুই নও।"

"সেটা বিশেষ আ**শ্চ**ষের কথা নয়।"

"বল কী, খুবই আশ্চর্যের কথা। দৈবাং এক-একজন মান্ন্যকে দেপতে পাওয়া যায় যাকে দেপেই চমকে বলে উঠি এ-মান্ন্যটি একেবারে নিজের মতো। পাচজনের মতো নয়। সেই কথাটি আমি কবিভায় বলব—

> হে মোর বন্তা, তুমি অনন্তা, আপন স্বরূপে আপনি ধন্তা।"

"ভূমি কবিভা লিখবে না কি ?"

"নিশ্চয়ই লিপব। কার সাধা রোধে ভার গতি।"

"এমন মরিয়া হয়ে উঠলে কেন ?"

"কারণ বলি। কাল রাত্তির আড়াইটা প্রযন্ত, ঘূম না হলে যেমন এ-পাল ও-পাল করতে হয়, তেমনি করেই কেবলই অক্সকোর্ড বুক অফ ভার্সেস-এর এ-পাত ও-পাত উলটেছি। ভালোবাসার কবিতা খুঁজেই পেলুম না, আগে সেগুলো পায়ে পায়ে ঠেকত। স্পট্টই বুঝতে পারছি আমি লিখব বলেই সমন্ত পৃথিবী আজ অপেক্ষা করে আছে।"

এই বলেই লাবণার বা হাত নিজের ছুই হাতের মধ্যে চেপে ধরে বললে, "হাত

জ্যোড়া পড়ল, কলম ধরব কা দিয়ে। সব-চেয়ে ভালো মিল হাতে-হাতে মিল। এই যে তোমার আঙুলগুলি আমার আঙুলে আঙুলে কথা কইছে কোনো কবিই এমন সহজ করে কিছু লিখতে পারলে না।"

"কিছুই তোমার সহজে পছন্দ হয় না, সেইজন্মে তোমাকে এত ভয় করি, মিতা।"

"কিন্তু আমার কথাটা বৃথে দেখো। রামচন্দ্র সীতার সতা যাচাই করতে চেয়েছিলেন বাইরের আগুনে; তাতেই সীতাকে হারালেন। কবিতার সতা যাচাই হয় অগ্নিপরীক্ষায়, সে আগুন অস্তরের। যার মনে নেই সেই আগুন, সে যাচাই করবে কী দিয়ে? তাকে পাচজনের ম্থের কথা মেনে নিতে হয়, অনেক সময়ই সেটা চুম্থের কথা। আমার মনে আজ আগুন জলেছে, সেই আগুনের ভিতর দিয়ে আমার পুরোনো সব পড়া আবার পড়ে নিচ্ছি, কত অল্পই টিকল। সব হ ছ শব্দে ছাই হয়ে যাচছে। কবিদের হটুগোলের মাঝগানে দাড়িয়ে আজ আমাকে বলতে হল, তোমরা অত চেঁচিয়ে কথা ক'য়ো না, ঠিক কথাটি আথে বলো—

# For God's sake, hold your tongue and let me love "

অনেকক্ষণ ত্-জনে চূপ করে বসে রইল। তার পরে এক সময়ে লাবণার হাতধানি তুলে ধরে অমিত নিজের মূখের উপর বৃলিয়ে নিলে। বললে, 'ভেবে দেগো বল্যা, আজ এই সকালে ঠিক এই মূহর্তে সমস্ত পৃথিবীতে কত অসংখা লোকই চাচ্ছে, আর কত অল্প লোকই পেলে। আমি সেই অতি অল্প লোকের মধ্যে একজন। সমস্ত পৃথিবীতে একমাত্র তুমিই সেই সৌভাগাবান লোককে দেখতে পেলে শিলঃ পাহাড়ের কোণে এই যুক্যালিপটস গাছের তলায়। পৃথিবীতে পরমান্ত্র বাাপার ওলিই পরম নম্র, চোপে পড়তে চায় না। অথচ তোমাদের ওই তারিণা তলাপাত্র কলকাতার গোলদিবি থেকে আরম্ভ করে নোয়াগালি চাটগা প্রস্ত চাংকার-শঙ্গে শৃল্যের দিকে খৃষি উচিয়ে বাঁকা পলিটিক্সের ফাঁকা আওয়াজ ছড়িয়ে এল, সেই তুলিন্ত বাজে খবরটা বাংলা দেশের সর্বপ্রধান থবর হয়ে উঠল। কে জানে হয়তো এইটেই ভালো।"

"কোন্টা ভালো ?"

"ভালো এই যে, সংসারের আসল জিনিসগুলো হাটেনাটেই চলাকেরা করে বেড়ায়, অথচ বাজে লোকের চোথের ঠোকর পেয়ে থেয়ে মরে না। তার গভাঁর জানাজানি বিশ্বজগতের অন্তরের নাড়ীতে নাড়ীতে।— আচ্চা, বন্তা, আমি ভো বকেই চলেছি, তুমি চূপ করে বসে কী ভাবছ বলো ভো।"

লাবণ্য চোখ নিচু করে বসে রইল, জ্বাব করলে না।

অমিত বললে, "তোমার এই চুপ করে পাকা যেন মাইনে না দিয়ে আমার সব কণাকে বরপান্ত করে দেওয়ার মতো।"

লাবণা চোৰ নিচু করেই বললে, "তোমার কথা শুনে আমার ভয় হয়, মিভা।" "ভয় কিসের ?"

"তুমি আমার কাছে কী যে চাও আর আমি তোমাকে কভটুকুই বা দিতেঁ পারি ভেবে পাই নে।"

"কিছু না ভেবেই তৃমি দিতে পার এইটেতেই তো তোমার দানের দাম।"

"ভূমি যথন বললে কর্তামা সম্মতি দিয়েছেন আমার মনটা কেমন করে উঠল। মনে ২ল এইবার আমার ধরা পড়বার দিন আস্চে।"

"ধরাই তো পড়তে হবে।"

"মিতা, তোমার কচি তোমার বৃদ্ধি শামার অনেক উপরে। তোমার দক্ষে একরে পপ চলতে গিয়ে একদিন তোমার পেকে বহদুরে পিছিয়ে পড়ব,তপন আর ভূমি আমাকে ফিরে ভাকবে না। সেদিন আমি তোমাকে একটুও দোষ দেব না,— না না, কিছু ব'লো না, আমার কথাটা আগে শোনো। মিনতি করে বলছি, আমাকে বিয়ে করতে চেয়ো না। বিয়ে করে তপন গ্রন্থি খুলতে গেলে তাতে আরও জট পড়ে যাবে। ভোমার কাছ পেকে আমি যা পেয়েছি সে আমার পক্ষে যপেষ্ঠ, জীবনের শেষ প্রস্থা চলবে। তুমি কিছু নিজেকে ভূলিয়ে। না।"

"বক্তা, ভূমি আজকের দিনের ঔদাধের মধ্যে কালকের দিনের কার্পণাের আশহা কেন ভূলছ গু"

"মিতা, ভূমিই আমাকে সতা বলবার জোর দিয়েছ। আজ তোমাকে যা বলছি গুমি নিজেও তা ভিতরে ভিতরে জান। মানতে চাও না, পাছে যে-রস এখন ভোগ করছ তাতে একটুও পটক। বাধে। ভূমি তো সংসার ফাদবার মান্ত্রম নও, ভূমি কুচির তৃষ্ণা মেটাবার জ্বান্ত ক্ষের; সাহিতো সাহিতো তাই তোমার বিহার, আমার কাছেও সেইজন্তেই ভূমি এসেছ। বলব ঠিক কলাটা দু বিয়েটাকে ভূমি মনে-মনে জান, যাকে ভূমি স্বদাই বল, ভালগার। ওটা বড়ো রেসপেক্টেবল: ওটা শান্তের-দোহাই-পাড়া, সেই সব বিষয়ী লোকের পোষা জিনিস যার। সম্পত্তির সঙ্গে সহধ্যিণীকে মিলিয়ে নিয়ে খ্ব মেটা তাকিয়া ঠেসান দিয়ে বসে।"

"বন্তা, তুমি আশ্রেষ নরম স্করে আশ্রেষ কঠিন কথা বহুতে পার।"

"মিতা, ভালোবাসার জোরে চিরদিন যেন কঠিন থাকতেই পারি, তোমাকে ভোলাতে গিয়ে প্রকট্নও ফাঁকি যেন না দিই। তুমি যা আছ ঠিক তাই থাকো, তোমার কচিতে ১০—৪০

আমাকে ষ্ডটুকু ভালো লাগে তত্টুকুই লাগুক, কিন্তু একটুও তুমি দায়িত্ব নিয়ো না,— তাতেই আমি খুলি থাকব।"

"বক্তা, এবার তবে আমার কথাটা বলতে দাও। কী আশ্চয করেই তুমি আমার চরিত্রের বাাথা। করেছ। তা নিয়ে কথা-কাটাকাটি করব না। কিন্তু একটা জায়গায় তোমার ভূল আছে। মাহুষের চরিত্র জিনিসটাও চলে। ঘর-পোষা অবস্থায় তার একরকম শিকলি-বাঁধা স্থাবর পরিচয়। তার পরে একদিন ভাগ্যের হঠাং এক ঘায়ে তার শিকলি কাটে, সে ছুট দেয় অরণ্যে, তগন তার আর-এক মৃতি।"

"আৰু তুমি তার কোন্টা ?"

"যেটা আমার বরাবরের সঙ্গে মেলে না, সেইটে। এর আগে অনেক মেরের সঙ্গে আমার আলাপ হয়েছিল, সমাজের কাটা পাল বেয়ে বাঁধা ঘাটে, ক্লচির ঢাকা লগুন জালিয়ে। তাতে দেখাশোনা হয়, চেনাশোনা হয় না। তুমি নিজেই বলো, বন্তা, তোমার সঙ্গেও কি আমার সেই আলাপ ?"

লাবণা চুপ করে রইল।

অমিত বললে, "বাইরে বাইরে দুই নক্ষত্র পরম্পরকে সেলাম করতে করতে প্রদক্ষিণ করে চলে, কায়দাটা বেশ শোভন, নিরাপদ, সেটাতে যেন তাদের ক্ষরি টান, মর্মের মিল নয়। হঠাং যদি মরণের ধাকা লাগে, নিবে যায় দুই তারার লগুন, দোঁহে এক হয়ে ওঠবার আগুন ওঠে জ্ব'লে। সেই আগুন জলেছে, অমিত রায় বদলে গেল। মাহ্যুয়ের ইতিহাসটাই এইরকম। তাকে দেখে মনে হয় ধারাবাহিক, কিন্তু আসলে সে আক্ষিকের মালা গাঁপা। স্বায়র গতি চলে সেই আক্ষিকের ধাকায় ধাকায়, দমকে দমকে, যুগের পর যুগ এগিয়ে যায় ঝাঁপতালের লয়ে। ভূমি আমার তাল বদলিয়ে দিয়েছ, বন্যা, সেই তালেই তো তোমার স্বরে আমার স্বরে গাঁপা পড়ল।"

লাবণ্যর চোপের পাতা ভিজে এল। তবু এ-কথা মনে না-করে থাকতে পারলে না যে, অমিতর মনের গড়নটা সাহিত্যিক, প্রত্যেক অভিজ্ঞতায় ওর মূপে কথার উচ্ছাস তোলে। সেইটে ওর জীবনের ফসল, তাতেই ও পায় আনন্দ। আমাকে ওর প্রয়োজন সেইজন্তেই। যে-সব কথা ওর মনে বরফ হয়ে জমে আছে, ও নিজে বার ভার বোধ করে, কিন্তু আওয়াজ পায় না, আমার উত্তাপ লাগিয়ে তাকে গলিয়ে ঝরিয়ে দিতে হবে।

ত্জনে অনেকক্ষণ চূপ করে বসে পেকে লাবণা হঠাং এক সময়ে প্রশ্ন করলে, "আচ্চা, মিতা, তুমি কি মনে কর না, যেদিন তাজমহল তৈরি শেষ হল, সেদিন মমতাজেয় স্ভ্যুর জন্মে শাজাহান খুশি হয়েছিলেন? তাঁর বপ্পকে অমর করবার জন্মে এই স্ত্যুর স্ক্রার ছিল। এই মৃত্যুই মমতাজ্বে স্ব-চেব্রে বড়ো প্রেমের দান। তাজমহলে শাজাহানের শোক প্রকাশ পায় নি, তাঁর আনন্দ রূপ ধরেছে।"

অমিত বঙ্গলে, "তোমার কপায় তুমি ক্ষণে ক্ষণে আমাকে চমক গাঙ্গিয়ে দিচ্চ। তুমি <sup>\*</sup>নিশ্চয়ই কবি।"

"আমি চাই নে কবি হতে।"

"কেন চাও না ?"

"জীবনের উত্তাপে কেবল কথার প্রদীপ জালাতে আমার মন যার না। জগতে যারা উংস্বসভা সাজাবার ছকুম পেরেছে কথা ভাদের পক্ষেই ভালো। আমার জীবনের তাপ জীবনের কাজের জন্মেই।"

"বন্তা, তুমি কণাকে অস্বীকার করছ? জান না, তোমার কণা আমাকে কেমন করে জাগিয়ে দেয়। তুমি কী করে জানবে তুমি কী বল, আর সে-বলার কী অর্থ। আবার দেখছি নিবারণ চক্রবর্তীকে ভাকতে হল। ওর নাম শুনে শুনে তুমি বিরক্ত হয়ে গেছ। কিছ্ক কী করব বল, ওই লোকটা আমার মনের কণার ভাওারী। নিবারণ এপনও নিজের কাছে নিজে পুরোনো হয়ে যায় নি,—ও প্রত্যেক বারেই যে-কবিতা লেগে দে ওর প্রথম কবিতা। সেদিন ওরী পাতা ঘাঁটতে ঘাঁটতে অল্পদিন আনেকার একটা লেগা পাওয়া গেল। ঝরনার উপরে কবিতা,—কী করে পবর পেয়েছে শিল্ড পাহাড়ে এসে আমার ঝরনা আমি শুঁজে পেয়েছি ৮ ও লিখছে—

ঝরনা, ভোমার স্ফটিক জলের

ऋष्ठ धावी,

ভাহারি মাঝারে দেখে আপনারে

#### স্বতারা।

আমি নিজে যদি লিপভূম, এর চেয়ে স্পষ্টতর করে তোমার বর্ণনা করতে পারভূম না। তোমার মনের মধ্যে এমন একটি স্বচ্ছতা আছে যে, আকাশের সমস্ত আলো সহজেই প্রতিবিশ্বিত হয়। তোমার সব-কিছুর মধ্যে ছড়িয়ে-পড়া সেই আলো আমি দেখতে পাই। তোমার মূপে, ভোমার হাসিতে, ভোমার কণায়, ভোমার স্থির হয়ে বসে থাকায়, ভোমার রাস্তা দিয়ে চলায়।

> আজি মাঝে মাঝে আমার ছায়ারে ছলারে পেলায়ো তারি এক ধারে, সে-ছায়ারি সাপে হাসিয়া মিলায়ো কলধনে:

# দিয়ো তারে বাণী যে-বাণী তোমার চিরস্তনী।

ভূমি ঝরনা, জীবনম্রোতে ভূমি যে কেবল চলছ তা নয়, তোমার চলার সঙ্গে সংক্ষই তোমার বলা। সংসারের যে-সব কঠিন অচল পাধরগুলোর উপর দিয়ে চল তারার্ত্ত তোমার সংঘাতে শুরে বেজে প্রঠে।

> আমার ছায়াতে তোমার হাসিতে মিলিত ছবি, তাই নিয়ে আজি পরানে আমার মেতেছে কবি। পদে পদে তব আলোর ঝলকে ভাষা আনে প্রানে পলকে প্লকে, মোর বাণীরূপ দেখিলাম আছি নির্মারিণী,

ভোমার প্রবাহে মনেরে জাগায়,

নিজেরে চিনি।"

লাবণা একটু মান হাসি হেসে বললে, যতই আমার আলো পাক আর দ্ধনি পাক, তোমার ছায়া তব ছায়াই, সে-ছায়াকে আমি ধরে ৰাপতে পারব ন। "

অমিত বললে, "কিন্তু একদিন হয়তে। দেপবে আর কিছু যদি না পাকে আমার বাণীরূপ রয়েছে।"

লাবণা হেসে বললে, "কোপায় ? নিবারণ চক্রবাসীর পাভায় ?"

"আশ্রুষ কিছুই নেই। আমার মনের নিচের ওরে যে-ধার। বয়, নিবারণের ফোয়ারায় কেমন করে সেটা বেরিয়ে আসে।"

"তা হলে কোনো একদিন হয়তো কেবল নিবারণ চক্রপভীর ফোয়ারার মধোই ভোমার মনটিকে পাব, আর কোপাও নয়।"

এমন সময় বাসা পেকে লোক এল ভাকতে,— পাবার তৈরি।

অমিত চলতে চলতে ভাবতে লাগল যে, লাবণা বৃদ্ধির আলোতে সমস্তই স্পষ্ট করে জানতে চায়। মাস্থ্য স্বভাবত যেগানে আপনাকে ভোলাতে ইচ্ছা করে ও সেখানেও নিজেকে ভোলাতে পারে না। লাবণা যে-কথাটা বললে, সেটার তো প্রতিবাদ করতে পারছিনে। অন্তরায়ার গভার উপলব্ধি বাইরে প্রকাশ করতেই হয়, কেউ বা করে জাবনে, কেউ বা করে রচনায়,— জাবনকে ছুঁতে ছুঁতে, অথচ ভার পেকে সরতে সরতে,

নদা ধেমন কেবলই তার থেকে সরতে সরতে চলে, তেমনি। আমি কি কেবলই রচনার স্রোত নিয়েই জাঁবন থেকে সরে সরে যাব ? এইপানেই কি মেয়েপুরুষের ভেদ ? পুরুষ তার সমস্ত শক্তিকে সার্থক করে স্বান্ধ করতে, সেই স্বান্ধ আপনাকে এগিয়ে দেবার জ্ঞেই আপনাকে পদে পদে ভোলে। মেয়ে তার সমস্ত শক্তিকে ধাটায় রক্ষা করতে, পুরোনোকে রক্ষা করবার জ্ঞেই নতুন স্বাধিকে সে বাধা দেয়। রক্ষার প্রতি স্বাধি নিষ্ঠর, স্বাধিত রক্ষা বিষয়। এমন কেন হল ? এক জারগায় এরা পরম্পারকে আঘাত করবেই। যেপানে খ্ব করে মিল, সেইপানেই মন্ত বিরুদ্ধতা। তাই ভাবছি জ্ঞামাদের সকলের চেয়ে বড়ো যে-পাওনা, সে মিলন নয়, সে মৃক্তি। এ-কথাটা ভাবতে অমিতকে পীড়া দিলে, কিছ্ব ওর মন এটাকে অস্থাকার করতে পারলে না।

#### 6

### लावगा-उर्क

যোগমায়া বললেন, "মা লাবণা, তুমি ঠিক বুকেছ ?"
"ঠিক বুকেছি, মা।"

"অমিত ভারি চঞ্চল, সে-কথা মানি। সেইজন্তেই ওকে এত স্নেহ করি। দেশো না, ও কেমনত্রে। এলোমেলো। হাত থেকে সবই যেন পড়ে পড়ে যায়।"

লাবণা একটু হেসে বললে, "ওঁকে সবই যদি ধরে রাখতেই হত, হাত থেকে সবই যদি ধসে বসে না পড়ত তাহলেই ওঁর ঘটত বিপদ। ওঁর নিয়ম হচ্ছে, হয় উনি পেয়েও পাবেন না, নয় উনি পেয়েই হারাবেন। যেটা পাবেন সেটা যে আবার রাগতে হবে এটা ওঁর ধাতের সঙ্গে মেলে না।"

"সত্যি করে বলি, বাছা, ওর ছেলেমাম্বরি আমার ভারি ভালো লাগে।"

"সেটা হল মারের ধর্ম। ছেলেমান্থবিতে দায় যত-কিছু সব মারের। আর ছেলের যত-কিছু সব ধেলা। কিছু আমাকে কেন বলছ, দায় নিতে যে পারে না তার উপরে দায় ঢাপাতে ?"

"দেখছ না, লাবণা, ওর অমন ত্রন্ত মন, আজকাল অনেকথানি যেন ঠাঙা হয়ে গেছে। দেখে আমার বড়ো মারা করে। যাই বল, ও ডোমাকে ভালোবাসে।"

"তা বাদেন।"

"তবে আর ভাবনা কিসের ?"

"কর্ডামা, ওঁর যেটা স্বভাব তার উপর আমি একটুও অত্যাচার করতে চাই নে।" "আমি তো এই জানি, লাবণা, ভালোবাসা খানিকটা অত্যাচার চায়, অত্যাচার করেও।"

"কর্তামা, সে-অত্যাচারের ক্ষেত্র আছে; কিন্তু স্বভাবের উপর পীড়ন সম্মা। সাহিত্যে ভালোবাসার বই ষতই পড়লেম ততই এই কথাটা বার বার আমার মনে হয়েছে ভালোবাসার ট্রাক্তেভি ঘটে সেইখানেই যেখানে পরস্পরকে স্বতম্ভ জেনে মান্ত্র্য সৃষ্ট্র পাকতে পারে নি, নিজের ইচ্ছেকে অত্যের ইচ্ছে করবার জন্যে যেখানে জ্লুম, যেখানে মনে করি আপন মনের মতে। করে বদলিয়ে অত্যকে সৃষ্টি করব।"

"তা, মা, ত্জনকে নিয়ে সংসার পাততে গেলে প্রস্পর প্রস্পরকৈ গানিকট। স্পষ্ট না করে নিলে চলেই না। ভালোবাসা যেখানে আছে সেগানে সেই স্পষ্ট সহজ,—যেখানে নেই সেধানে হাভূড়ি পিটোতে গিয়ে, ভূমি যাকে ট্রাঞেভি বল, তাই ঘটে।"

"সংসার পাতবার জন্মেই যে-মান্তব তৈরি, তার কথা ছেড়ে দাও। সে তো মাটির মান্তব, সংসারের প্রতিদিনের চাপেই তার গড়নপিটোন আপনিই ঘটতে থাকে। কিন্তু যে-মান্তব মান্তব একেবারেই নয়, সে আপনার স্বাতয়া কিছুতেই ছাড়তে পারে না। যে-মেয়ে তা না বোঝে সে যতই দাবি করে ততই হয় বঞ্চিত, যে-পুক্ষ তা না বোঝে সে যতই টানাহেঁচড়া করে ততই আদল মান্তবটাকে হারায়। আমার বিশাস, অধিকাংশ স্থলেই আমরা যাকে পাওরা বলি সে, আর কিছু নয়, হাতকড়া হাতকে যে-রকম পায় সেই আর কি।"

"তুমি কী করতে চাও, লাবণ্য গ"

"বিষে করে ছংগ দিতে চাই নে। বিষে সকলের জন্তে নয়। জান, কণ্ডামা খুঁতখুঁতে মন যদের, তারা মান্তথকে গানিক-পানিক বাদ দিয়ে দিয়ে বৈছে বেছে নেয়। কিন্তু বিষের ফাঁদে জড়িয়ে পড়ে ক্রীপুরুষ যে বড়ে। বেশি কাছাকাছি এসে পড়ে—মাঝে ফাঁক থাকে না, তপন একেবারে গোট। মান্তথকে নিয়েই কারবার করতে হয়, নিতান্ত নিকটে পেকে। কোনো একটা অংশ ঢাক। রাপবার জো গাকে না।"

"লাবণ্য, ভূমি নিজেকে জান না। ভোমাকে নিতে গেলে কিছুই বাদ দিয়ে নেবার দরকার হবে না।"

"কিন্তু উনি তো আমাকে চান না। যে-আমি সাধারণ মাস্ট্রণ, ঘরের মেরে, তাকে উনি দেশতে পেরেছেন বলে মনেই করি নে। আমি যেই ওর মনকে স্পর্শ করেছি অমনি ওর মন অবিরাম ও অজস্র কথা কয়ে উঠেছে। সেই কণা দিয়ে উনি কেবলই আমাকে গড়ে তুলেছেন। ওর মন যদি ক্লান্ত হয়, কথা যদি ফুরোয়, তবে সেই নিঃশক্ষের ভিতরে

ধরা পড়বে এই নিভাস্ত সাধারণ মেয়ে, যে-মেরে ওঁর নিজের স্পষ্ট নয়। বিয়ে করলে মাহুষকে মেনে নিভে হয়, তথন আর গড়ে নেবার ফাঁক পাওয়া বায় না।"

"ভোমার মনে হয়, অমিত ভোমার মতো মেয়েকেও সম্পূর্ণ মেনে নিতে পারবে না ?"

"স্বভাব যদি বদলায় তবে পারবেন। কিন্তু বদলাবেই বা কেন্দ্র আমি তো তা চাই না।"

"তুমি কাঁ চাও ?"

"যতদিন পারি, না হয় ওঁর কথার সংক্ষ, ওঁর মনের গেলার সংক্ষ নিশিয়ে স্বপ্ন হয়েই থাকব। আর স্বপ্নই বা তাকে বলব কেন? সে আমার একটা বিশেষ জন্ম, একটা বিশেষ রূপ, একটা বিশেষ রূপ, একটা বিশেষ রূপ, একটা বিশেষ রূপ। ভারতি গেকে বের-হয়ে-আসা ত্-চারদিনের একটা রিভন প্রজাপতিই হল, তাতে দোষ কাঁ-জ্বগতে প্রজাপতি আর-কিছুর চেয়ে যে কম সত্য তা তো নয়—না হয় সে স্থোদয়ের আলোতে দেখা দিলে, আর স্থান্তের আলোতে মরেই গেল তাতেই বা কাং কেবল এইটুকুই দেখা চাই যে, সেটুকু সময় যেন বার্থ হয়েনা যায়।"

"সে যেন বৃঝলুম, তৃমি অমিতর কাছে না হয় ক্ষণকালের মায়ারূপেই পাকবে।
আর নিজে ? তুমিও কি বিয়ে করতে চাও না ? তোমার কাছে অমিতও কি মায়া ?"
লাবণা চুপ করে বদে এইল, কোনো জবাব করলে না।

যোগমায়া বললেন, "তুমি যধন তর্ক কর তপন বৃষ্ণতে পারি তুমি অনেক বই-পড়া মেয়ে, তোমার মতো করে ভাবতেও পারি নে, কথা কইতেও পারি নে: শুধু তাই নয়, হয়তো কাঞ্চের বেলাতেও এত শব্দ হতে পারি নে। কিন্তু তর্কের ফ্লাকের মধ্যে দিয়েও যে ভোমাকে দেপেছি, মা। সেদিন রাত তপন বারোটা হবে—দেপলুম ভোমার দরে আলো জলছে, ঘরে গিয়ে দেপি, ভোমার টেবিলের উপর হুয়ে পড়ে তুই হাতের মধ্যে মুগ রেপে তুমি কাদছ। এ তো কিলজকি-পড়া মেয়ে নয়। একবার ভাবলুম, সান্ধনা দিয়ে আসি, তার পরে ভাবলুম, সব মেয়েকেই কাদবার দিনে কেদে নিতে হবে, চাপা দিতে যাওয়া কিছু নয়। এ-কবা খুবই জানি, তুমি স্বৃষ্টি করতে চাও না, ভালোবাসতে চাও। মনপ্রাণ দিয়ে সেবা না করতে পারলে তুমি বাঁচবে কা করে গ তাই তো বলি ওকে কাছে না পেলে ভোমার চলবে না। বিয়ে করব না বলে হঠাং পণ করে ব'সো না। একবার ভোমার মনে একটা জেদ চাপলে আর ভোমাকে সোজা করা যায় না, তাই ভয় করি।"

लावना किছू वलाल नां, नजगूर कारलव छेनव बाज़िव खाँछलों छारन छारन

অনাবশ্যক ভাঁজ করতে লাগল। যোগমায়া বললেন, "তোমাকে দেখে আমাব আনেকবার মনে হয়েছে, অনেক পড়ে, অনেক ভেবে তোমাদের মন বেশি স্কা হয়ে গেছে; তোমরা ভিতরে ভিতরে যে-সব ভাব গড়ে তুলছ আমাদের সংসারটা তার , উপযুক্ত নয়। আমাদের সময়ে মনের যে-সব আলো অদৃশ্য ছিল, তোমরা আজু যেন সেগুলোকেও ছাড়ান দিতে চাও না। তারা দেহের মোটা আবরণটাকে ভেদ করে দেহটাকে যেন অগোচর করে দিছে। আমাদের আমলে মনের মোটা মোটা ভাবগুলো নিয়ে সংসারে সুধত্বংধ যথেই ছিল—সমস্যা কিছু কম ছিল না। আজু তোমরা এতই বাড়িয়ে তুলছ, কিছুই আর সহজ রাধলে না।"

লাবদ্য একটুখানি হাসলে। এই সেদিন অমিত অদৃশ্য আলোর কথা যোগমায়াকে বোঝাচ্ছিল, তার থেকে এই যুক্তি তাঁর মাধায় এসেছে—এও তো স্ক্র: যোগমায়ার মাঠাককন এ-কথা এমন করে ব্যুতেন না। বললে, "কর্তামা, কালের গতিকে মান্তবের মন যতই স্পষ্ট করে স্ব কথা ব্যুতে পারবে ততই শক্ত করে তার ধাকা সইতেও পারবে। অক্ষকারের ভয়, অক্ষকারের দুঃখ অস্কা, কেননা সেটা অস্পষ্ট।"

যোগমায়া বললেন, "আজ আমার বোধ হচ্ছে কোনোকালে ভোমাদের তুজনের দেশা না হলেই ভালো হত।"

"না না, তা ব'লো না। যা হয়েছে এ ছাড়া আর কিছু যে হতে পারত এ আমি মনেও করতে পারি নে। এক সময়ে আমার দৃঢ়বিশাস ছিল থে, আমি নিতাস্থই শুকনো,—কেবল বই পড়ব আর পাস করব এমনি করেই আমার জীবনে কাটবে। আজ হঠাং দেপলুম আমিও ভালোবাসতে পারি। আমার জীবনে এমন অসম্ভব ষে সম্ভব হল এই আমার টের হয়েছে। মনে হয় এতদিন ছায়া ছিলুম, এপন সতা হয়েছি। এর চেয়ে আর কী চাই। আমাকে বিয়ে করতে ব'লো না, কর্তামা।"

বলে চৌকি পেকে মেঝেতে নেমে যোগমায়ার কোলে মাপা রেপে কাঁচতে লাগল।

30

#### বাসা-বদল

গোড়ায় সবাই ঠিক করে রেপেছিল অমিত দিন পনেরোর মধ্যে কলকান্ডায় কিরবে।
নরেন মিত্তির থুব মোটা বাজি রেপেছিল যে, সাত দিন পেরোবে না। এক মাস যায়,
ত্ব-মাস যায়, কেরবার নামও নেই। শিলঙের বাসার মেয়াদ ফ্রিয়েছে,—রংপুরের
কোন্ জমিদার এসে সেটা দবল করে বসল। অনেক থোজ করে যোগমান্নাদের
কাছাকাছি একটা বাসা পাওয়া গেছে। এক সম্বে ছিল গোয়ালার কি মালীর হন,—

তার পরে একজন কেরানির হাতে পড়ে তাতে গরিবি ভদ্রতার অল্প একটু আঁচ লেগেছিল। সে কেরানিও গেছে মরে, তারই বিধবা এটা ভাড়া দেয়। জানলা-দরজা প্রভৃতির কার্পণো ঘরের মধ্যে তেজ মলং ব্যোম এই তিন ভূতেরই অধিকার সংকীর্ণ, কেবল বৃষ্টির দিনে অপ্ অবতীর্ণ হয় আশাতীত প্রাচুর্বের সঙ্গে, অখ্যাত ছিন্দ্রপথ দিয়ে।

ঘরের অবস্থা দেখে যোগমায়া একদিন চমকে উঠলেন। বললেন, "বাবা, নিজেকে নিয়ে এ কী পরীক্ষা চলেছে "

অমিত উত্তর করলে, "উমার ছিল নিরাহারের তপস্তা, শেষকালে পাতা পর্যন্ত গাওয়া ছেড়েছিলেন। আমার হল নিরাসবাবের তপস্তা,—গাট পালঙ টেবিল কেদারা ছাড়তে ছাড়তে প্রায় এসে ঠেকেছে শৃন্তা দেয়ালে। সেটা ঘটেছিল হিমালয় পর্বতে, এটা ঘটল শিলঙ পাহাড়ে। সেটাতে কন্তা চেয়েছিলেন বর, এটাতে বর চাচ্ছেন কন্তা। সেগানে নারদ ছিলেন ঘটক, এখানে স্বয়ং আছেন মাসিমা,—এখন শেষ পর্যন্ত যদি কোনো কারণে কালিদাস এসে না পৌছোতে পারেন অগত্যা আমাকেই তার কাকটাও খণাসম্ভব সারতে হবে।"

অমিত হাসতে হাসতে কথাগুলো বলে কিন্তু যোগমায়াকে ব্যথা দেয়। তিনি প্রায় বলতে গিয়েছিলেন, আমাদের বাড়িতেই এসে থাকো,—থেমে গেলেন। ভাবলেন, বিধাতা একটা কাণ্ড ঘটিয়ে তুলছেন তার মধ্যে আমাদের হাত পড়লে অসাধ্য জট পাকিয়ে উঠতে পারে। নিজের বাসা থেকে অল্প কিছু জিনিসপত্র পাঠিয়ে দিলেন, আর সেই সঙ্গে এই লক্ষীছাড়াটার 'পরে তাঁর করুণা দ্বিগুণ বেড়ে গেল। লাবণ্যকে বারবার বললেন, "মা লাবণ্য, মনটাকে পাষাণ ক'রো না।"

একদিন বিষম এক বর্ষণের অন্তে অমিত কেম্ন আছে গবর নিতে গিয়ে যোগমায়া দেগলেন, নড়বড়ে একটা চারপেয়ে টেবিলের নিচে কম্বল পেতে অমিত একলা বসে একগানা ইংরেজি বই পড়ছে। মরের মধ্যে যেগানে-সেগানে রৃষ্টিবিন্দুর অসংগত আবিভাব দেখে টেবিল দিয়ে একটা গুহা বানিয়ে তার নিচে অমিত পা ছড়িয়ে বসে গেল। প্রথমে নিজে নিজেই হেসে নিলে এক চোট, তার পরে চলল কাব্যালোচনা। মনটা ছুটেছিল যোগমায়ার বাড়ির দিকে। কিছু শরীরটা দিলে বাধা। কারণ, যেখানে কোনো প্রয়োজন হয় না সেই কলকাতায় অমিত কিনেছিল এক অনেক দামের বর্ষাতি, যেগানে সর্বদাই প্রয়োজন সেখানে আসবার সময় সেটা আনবার কথা মনে হয় নি। একটা ছাতা সঙ্গে ছিল, সেটা খুব সম্ভব কোনো একদিন সংক্রিত গমাস্থানেই কেলে এসেছে, আর তা যদি না হয় তবে সেই বুড়ো দেওদারের তলে সেটা আছে পড়ে। যোগমায়া ঘরে ঢুকে বললেন, "এ কী কাণ্ড অমিত গ্"

অমিত তাড়াতাড়ি টেবিলের নিচে থেকে বেরিয়ে এসে বললে, "আমার ঘরটা আজ অসম্বন্ধ প্রলাপে মেতেছে, দশা আমার চেয়ে ভালো নয়।"

"অসম্বন্ধ প্রলাপ ?"

"অর্থাং বাড়ির চালটা প্রায় ভারতবর্ষ বললেই হয়। অংশগুলোর মধ্যে সম্বন্ধটা আলগা। এইজন্মে উপর থেকে উংপাত ঘটলেই চারিদিকে এলোমেলো অশুবর্ষণ হতে থাকে, আর বাইরের দিক থেকে যদি ঝড়ের দাপট লাগে, তবে সোঁ সোঁ ক'রে উঠতে থাকে দীর্ঘখাস। আমি তো প্রটেস্ট স্বরূপে মাথার উপরে এক মঞ্চ থাড়া করেছি,— ঘরের মিদগভর্মেন্টের মাঝগানেই নিরুপদ্র হোমকলের দৃষ্টান্ত। পলিটিকসের একটা মূলনীতি এখানে প্রত্যক্ষ।"

"মূলনীতিটা কী গুনি।"

"সেটা হচ্ছে এই যে, যে-ঘরওআলা ঘরে বাস করে না সে য চবড়ো ক্ষম চাশালীই হ'ক তার শাসনের চেয়ে যে-দরিদ্র বাসাড়ে ঘরে থাকে তার যেমন-তেমন ব্যবস্থাও ভালো।"

আজ লাবণার 'পরে যোগমায়ার খুব রাগ হল। অমিতকে তিনি যতই গভার ক'রে স্নেই করছেন ততই মনে-মনে তার মৃতিটা খুব উঁচু করেই গড়ে তুলছেন। "এত বিছে, এত বৃদ্ধি, এত পাস, অগচ এমন সাদা মন। গুছিরে কণা বলবার কী অসামাল্য শক্তি। আর যদি চেহারার কথা বল আমার চোপে তো লাবণার চেয়ে ওকে অনেক বেশি স্থানর ঠেকে। লাবণার কপাল ভালো, অমিত কোন্ গ্রহের চক্রান্তে ওকে এমন মুগ্ধ চোপে দেখেছে। সেই সোনার চাঁদ ছেলেকে লাবণা এত করে ছংগ দিচ্ছে। খামকা বলে বসলেন কিনা, বিয়ে করবেন না। যেন কোন্ রাজরাজেশ্বরী। ধন্নক-ভাগ্র পণ। এত অহংকার সইবে কেন গু পোড়ারম্পীকে যে কেঁদে কেনে হবে।"

একবার যোগমায়া ভাবলেন অমিভকে গাড়িতে করে তুলে নিয়ে যাবেন তাদের বাড়িতে। তার পরে কী ভেবে বললেন, "একটু বসো, বাবা, আমি এপনই আস্ছি।"

বাড়ি গিয়েই চোধে পড়ল লাবণ্য তার ঘরের সোফায় হেলান দিয়ে পায়ের উপর শাল মেলে গোর্কির "মা" বলে গল্পের বই পড়ছে। ওর এই আরামটা দেখে ওঁর মনে-মনে রাগ আরও বেড়ে উঠল।

বললেন, "চলো, একটু বেড়িয়ে আস্বে।"

সে বললে, "কর্তামা, আব্দু বেরোতে ইচ্ছে করছে না।"

যোগমায়া ঠিক ব্ঝলেন না বে, লাবণা নিজের কাছ থেকে ছুটে গিয়ে এই গয়ের

মধ্যে আশ্রম নিয়েছে। সমস্ত তুপুরবেলা, পাওয়ার পর থেকেই, তার মনের মধ্যে একটা অস্থির অপেক্ষা ছিল কখন আসবে অমিত। কেবলই মন বলেছে এল বৃঝি। বাইরে দমকা হাওয়ার দৌরায়ো পাইন গাছগুলো পেকে থেকে ছটকট করে, আর <sup>®</sup> তুদান্ত বৃষ্টিতে স্ভোজাত ঝর্নাগুলোঁ এমনি ব্যতিবান্ত, যেন ভাদের মেয়াদের সময়টার সঙ্গে উর্ধবাসে তাদের পাল্লা চলেছে। লাবণার মধ্যে একটা ইচ্ছে আজ অশান্ত হয়ে উঠল,—যাক সব বাধা ভেঙে, সব হিধা উড়ে, অমিতর তুই হাত আৰু ঢেপে ধরে বলে উঠি-জন্ম-জন্মান্তরে আমি তোমার। আজ বলা সহজ। আজ সমন্ত আকাশ যে মরিয়া হয়ে উঠল, হুহু করে কী যে হেঁকে উঠছে তার ঠিক নেই, তারই ভাষায় আজ বন-বনান্তর ভাষা পেয়েছে, বৃষ্টিধারায় আবিষ্ট গিরিশুকগুলো আকাশে কান পেতে দাঁড়িয়ে রইল! অমনি করেই কেউ ভনতে আন্তক লাবণার কথা, অমনি মন্ত করে, एक हाय, ज्यानि छेनात मानारवाला। किन्नु श्रहातत शत श्रहत वाय, क्रिष्ठ ज्याल না। ঠিক মনের কথাট বলার লগ্ন যে উত্তীর্ হয়ে গেল। এর পরে যুখন কেউ আসবে তপন কণা জুটবে না, তপন সংশয় আসবে মনে, তপন তাওবনুত্যোৱাও দেবতার মাতৈ: রব আকালে মিলিয়ে যাবে ৷ বংসরের পর বংসর নীরবে চলে যায়, ভার মধ্যে বাণী একদিন বিশেষ প্রহরে হঠাং মাস্কুষের দ্বারে এসে আঘাত করে। সেই সময়ে দ্বার পোলবার চাবিটি যদি না পাওয়া গেল, তবে কোনোদিনই ঠিক কথাট অকৃষ্ঠিত খরে বলবার দৈবশক্তি আর জোটে না। যেদিন সেই বাণী আসে সেদিন সমন্ত পৃথিবীকে ভেকে পবর দিতে ইচ্ছে করে—শোনে। তোমরা, আমি ভালোবাসি। আমি ভালোবাসি, এই কথাট অপরিচিত-সিদ্ধুপারগামী পাণির মতো কত দিন থেকে, কত দূর থেকে আসছে, সেই কণাটির জক্তেই আমার প্রাণে আমার ইষ্টাদেবতা এত দিন অপেকা করছিলেন। স্পর্শ করল আজ সেই কথাট,—আমার সমন্ত জীবন, আমার সমস্ত জগং সভা হয়ে উঠল। বালিলের মধো মূপ লুকিয়ে লাবণা আজ কাকে এমন করে বলতে লাগল, সভা, সভা, এত সভা আর কিছু নেই।

সময় চলে গেল, অতিথি এল না। অপেক্ষার গুঞ্জারে বুকের ভিতরটা টন টন করতে লাগল, বারান্দায় বেরিয়ে গিয়ে লাবণা খানিকটা ভিজে এল জলের ঝাপটা লাগিয়ে। তার পরে একটা গভীর অবসাদে তার মনটাকে ঢেকে কেললে, নিবিড় একটা নৈরাশ্রে; মনে হল ওর জীবনে যা জলবার তা একবার মাত্র দপ করে জলে তার পরে গেল নিবে, সামনে কিছুই নেই। অমিতকে নিজের ভিতরকার সত্যের দোহাই দিয়ে সম্পূর্ণ করে স্বীকার করে নিতে ওর সাহস চলে গেল। এই কিছু আগেই ওর প্রবল্প যে একটা ভরসা জেগেছিল সেটা ক্লান্ত হয়ে পড়েছে। অনেকক্ষণ

চূপ করে পড়ে থেকে অবশেষে টেবিল থেকে বইটা টেনে নিলে। কিছু সময় গেল মন দিতে, তার পরে গল্পের ধারার মধ্যে প্রবেশ করে কথন নিজেকে ভূলে গেল তা জানতে পারে নি।

এমন সময় যোগমায়া ভাকলেন বেড়াতে যেতে, ওর উৎসাহ হল না।

ষোগমায়া একটা চৌকি টেনে লাবণ্যর সামনে বসলেন, দীপ্ত চোপ তার মৃথে রেখে বলঙ্গেন, "স্তিয় করে বলো দেখি লাবণ্য, তুমি কি অমিতকে ভালোবাস ?"

লাবণা তাড়াতাড়ি উঠে বসে বললে, "এমন কথা কেন জিজাসা করছ, কর্ডামা ?"

"যদি না ভালোবাস ওকে স্পষ্ট করেই বল নাকেন? নিষ্ঠর তৃমি, ওকে যদি নাচাও তবে ওকে ধরে রেখো না।"

লাবণ্যর বুকের ভিতরটা ফুলে ফুলে উঠল, মৃথ দিয়ে কথা বেরোল না।

"এইমাত্র যে-দশা ওর দেখে এলুম বুক ফেটে যায়। এমন ভিক্ষকের মতে। কার জন্তে এখানে ও পড়ে আছে ? ওর মতে। ছেলে যাকে চায় সে যে কতবড়ো ভাগাব চাঁ তা কি একটুও বুঝতে পার না ?"

চেন্তা করে রুদ্ধ কঠের বাধা কাটিয়ে লাবণা বলে উঠল, "আমার ভালোবাসার কথা জিজ্ঞাসা করছ, কর্তামা? আমি ভো ভেবে পাই নে আমার চেয়ে ভালোবাসতে পারে পৃথিবীতে এমন কেউ আছে। ভালোবাসায় আমি যে মরতে পারি। এতদিন যা ছিলুম সব যে আমার লুপ্ত হয়ে গেছে।' এখন থেকে আমার আর-এক আরম্ভ, এ আরম্ভের শেষ নেই। আমার মধো এ যে কত আশ্চর্য সে আমি কাউকে কেমন করে জানাব? আর কেউ কি এমন করে জেনেছে?"

বোগমায়া অবাক হঁয়ে গেলেন। চিরদিন দেপে এসেছেন লাবণার মধ্যে গভীর শান্তি, এতবড়ো হুংসহ আবেগ কোবায় এতদিন লুকিয়ে ছিল? তাকে আছে আন্তে বললেন, "মা লাবণা, নিজেকে চাপা দিয়ে রেখো না। অমিত অন্ধ্বারে তোমাকে খুঁজে বড়াচছে,—সম্পূর্ণ করে তার কাছে ভূমি আপনাকে স্থানাও,— একটুও ভয় ক'রো না। যে-আলো তোমার মধ্যে জলেছে সে-আলো বদি তার কাছেও প্রকাশ পেত তাহলে তার কোনো অভাব থাকত না। চলো, মা, এখনই চলো আমার সঙ্গে।"

হুজনে গেলেন অমিতর বাসায়।

30

# ষিতীয় সাধনা

তপন অমিত ভিজে চৌকির উপরে এক তাড়া খবরের কাগজ চাপিয়ে তার উপর বসেছে। টেবিলে এক দিন্তে ফুলস্কাাপ কাগজ নিয়ে তার চলছে লেখা। সেই সময়েই সে তার বিখ্যাত আত্মজীবনী শুরু করেছিল। কারণ জিজ্ঞাসা করলে বলে, সেই সময়েই তার জীবনটা অকম্মাং তার নিজের কাছে দেখা দিয়েছিল নানা রছে, নাদলের পরদিনকার সকালবেলায় শিলঙ পাহাড়ের মতো—সেদিন নিজের অফ্রিম্বের একটা মূল্য সে পেয়েছিল, সে-কথাটা প্রকাশ না করে সে থাকবে কী করে। অমিত বলে, মামুরের মৃত্যুর পরে তার জীবনী লেখা হয়, তার কারণ, একদিকে সংসারে সেমরে আর-একদিকে মামুরের মনে সে নিবিড় করে কেঁচে ওঠে। অমিতর ভাবখানা এই যে, শিলঙে সে যখন ছিল তখন একদিকে সে ময়েছিল, তার অতীতটা গিয়েছিল মর্রাচিকার মতো মিলিয়ে, তেমনি আর-একদিকে সে ময়েছিল, তার অতীতটা গিয়েছিল মর্রাচিকার মতো মিলিয়ে, তেমনি আর-একদিকে সে উঠেছিল তীত্র করে কেঁচে; পিছনের অক্ষনারের উপরে উক্জল আলোর ছবি প্রকাশ পেয়েছে। এই প্রকাশের খবরটা রেখে যাওয়া ঢাই। কেননা পৃথিবীতে খ্ব অল্প লোকের ভাগ্যে এটা ঘটতে পারে, তারা জন্ম থেকে মৃত্যুকাল পর্যন্ত একটা প্রদোষচ্ছায়ার মধ্যেই কাটিয়ে যায়, সে-বাতুড় গুহার মধ্যে বাসা করেছে তারই মতো।

ত্তপন আল্ল আল্ল বৃষ্টি পড়ছে, ঝ'ড়ো হাওয়াটা গেছে থেমে, মেঘ এসেছে পাতলা হয়ে। অমিত চৌকি ছেড়ে উঠে গাড়িয়ে বললে, "এ কী অক্টায় মাসিমা।"

"কেন, বাবা, কী করেছি ?"

"আমি যে একেবারে অপ্রস্তত। শ্রীমতী লাবণা কী ভাববেন ?"

"শ্রীমতী লাবণাকে একটু ভাবতে দেওরাই তো দরকার। যা জানবার স্বটাই যে জানা ভালো। এতে শ্রীযুক্ত অমিতের এত আশকা কেন সূ

"শ্রীযুক্তের যা ঐশ্বর্ষ সেইটেই শ্রীমতীর কাছে জানাবার। আর শ্রীহীনের যা দৈন্য গেইটে জানাবার জন্তেই আছ তৃমি, আমার মাসিমা।"

"এমন ভেদবৃদ্ধি কেন, বাছা ?"

"নিজের গরজেই। ঐশর্ষ দিয়েই ঐশর্য দাবি করতে হয়, আর অভাব দিয়ে চাই আশীর্বাদ। মানবসভাতায় লাবণা দেবীরা জাগিয়েছেন ঐশর্য, আর মাসিমারা এনেছেন আশীর্বাদ।" "দেবীকে আর মাসিমাকে একাধারেই পাওয়া যেতে পারে, অমিত ; অভাব ঢাকবার দরকার হয় না।"

"এর জবাব কবির ভাষায় দিতে হয়। গছে যা বলি সেটা স্পষ্ট বোঝাবার জন্মে ছন্দের ভাষা দরকার হয়ে পড়ে। ম্যাথা আর্নল্ড কাবাকে বলেছেন ক্রিটিসিজম্ অক্লাইফ, আমি কথাটাকে সংশোধন করে বলতে চাই লাইফ্স কমেন্টারি ইন ভার্স। অতিথিবিশেষকে আগে থাকতে জানিয়ে রাখি যেটা পড়তে যাচ্ছি সে-লেখাটা কোনো কবিসমাটের নয—

পূর্ণপ্রাণে চাবার যাহা রিক্ত হাতে চাস নে তারে, সিক্ত চোপে যাস নে ছারে।

ভেবে দেখবেন, ভালোবাসাই হচ্ছে পূন্তা, তার যা আকাক্ষা সে তো দরিদ্রের কাঙালপনা নয়। দেবতা যথন তাঁর ভক্তকে ভালোবাসেন তথনই আসেন ভক্তের ঘারে ভিক্ষা চাইতে।

> রত্তমালা আনবি যবে মালা-বদল তথন হবে, পাতবি কি তোর দেবার আসন শৃত্ত ধূলায় পথের ধারে ?

সেইজন্মেই তো সম্প্রতি দেবাঁকে একটু হিসেব করে ঘরে ঢুকতে বলেছিলুম। পাতবার কিছুই নেই তো পাতব কাঁ। এই ভিজে খবরের কাগজগুলো? আজকাল সম্পাদকী কালির দাগকে সব-চেয়ে ভয় করি। কবি বলছেন, ডাকবার মান্তমকে ডাকি, যথন জীবনের পেয়ালা উছলে পড়ে, তাকে তৃষ্ণার শরিক হতে ডাকি নে।

পুষ্প-উদার চৈত্রবনে বক্ষে ধরিস নিত্য-ধনে, লক্ষ শিখায় জলবে যথন দীপ্ত প্রদীপ অন্ধকারে।

মাসিদের কোলে জীবনের আরস্তেই মাস্ক্রের প্রথম তপশ্চা দারিশ্রের, নগ্ন সন্ধাসীর স্নেহসাধনা। এই কুটিরে তারই কঠোর আয়োজন। আমি ভো ঠিক করে রেপেছি এই কুটিরের নাম দেব মাসভূত বাংলো।"

"বাবা, জাবনের দ্বিতীয় তপস্তা ঐবর্থের, দেবীকে বাঁ পাশে নিয়ে প্রেমসাধনা।

এ-কুটিরেও তোমার সে-সাধনা ভিজে কাগজে চাপা পড়বে না। বর পাই নি বলে নিজেকে ভোলাচ্ছ ? মনে-মনে নিশ্চয় জান পেয়েছ।"

এই বলে লাবণ্যকে অমিতর পাশে দাঁড় করিয়ে তার ডান হাত অমিতর ডান হাতের উপর রাখলেন। লাবণার গলা থেকে সোনার হারগাছি খুলে তাই দিয়ে তৃজনের হাত বেঁধে বললেন, "তোমাদের মিলন অক্ষয় হ'ক।"

অমিত লাবণ্য তৃক্সনে মিলে যোগমায়ার পায়ের ধুলো নিয়ে প্রণাম করলে। তিনি বললেন, "তোমরা একটু বসো, আমি বাগান থেকে কিছু ফুল নিয়ে আসি গে।"

বলে গাড়ি করে ফ্ল আনতে গেলেন। আনেকক্ষণ ছইজনে পাটিয়াটার উপরে পাশাপালি চুপ করে বসে রইল। একসময়ে অমিতর মুগের দিকে মুথ তুলে লাবণ্য মৃত্যুরে বললে, "আজ তুমি সমস্ত দিন গেলে না কেন?"

অমিত উত্তর দিলে, "কারণটা এত বেশি তুচ্চ যে আঞ্চকের দিনে সে-কথাটা মুপে আনতে সাহসের দরকার। ইতিহাসে কোনোগানে লেপে না যে, হাতের কাছে বর্ষাতি ছিল না বলে বাদলার দিনে প্রেমিক তার প্রিয়ার কাছে যাওয়া মুলতবি রেপেছে। বরঞ্চ লেপা আছে সাঁতার দিয়ে অগাধ-জল পার হওয়ার কথা। কিন্তু সেটা অন্তরের ইতিহাস, সেপানকার সমুদ্রে আমিও কি গাঁতার কাটছি নে ভাবছ ? সে-অকুল কোনোকালে কি পার হব ?

For we are bound where mariner has not yet dared to go, And we will risk the ship, ourselves and all.

আমরা যাব যেধানে কোনো

যার নি নেয়ে সাহস করি,

ভূবি যদি তো ভূবি না কেন,
ভূবুক সবি, ভূবুক তরী।

বন্তা, আমার জন্তে আঞ্চ তুমি অপেকা করে ছিলে ?"

"হা, মিতা, বৃষ্টির শব্দে সমস্ত দিন যেন তোমার পায়ের শব্দ শুনেছি। মনে হয়েছে কত অসম্ভব দূর পেকে যে আসছ তার ঠিক নেই। নেযকালে তো এসে পৌছোলে আমার জীবনে।"

"বক্তা, আমার জীবনের মাঝধানটিতে ছিল এতকাল তোমাকে না-জানার একটা প্রকাণ্ড কালো গঠ। ওইথানটা ছিল সব-চেয়ে কুন্মী। আজ সেটা কানা ছাপিয়ে ভরে উঠল—তারই উপরে আলো ঝলমল করে, সমন্ত আকাশের ছারা পড়ে, আজ সেইখানটাই হয়েছে সব-চেয়ে স্থন্দর। এই যে আমি ক্রমাগতই কথা কয়ে যাচ্ছি এ হচ্ছে ওই পরিপূর্ণ প্রাণসরোবরের তরঙ্গনি, একে থামায় কে।"

"মিতা, তুমি আজ সমন্ত দিন কী করছিলে ?"

"মনের মাঝখানটাতে তুমি ছিলে, একেবারে নিস্তর। তোমাকে কিছু বলতে চাচ্ছিলুম,—কোণায় সেই কথা। আকাশ থেকে বৃষ্টি পড়ছে আর আমি কেবলই বলেছি, কথা দাও, কথা দাও!

O what is this?

Mysterious and uncapturable bliss

That I have known, yet seems to be

Simple as breath and easy as a smile,

And older than the earth.

এ কী বহস্ত, এ কী আনন্দরাশি !
ক্রেনেছি তাহারে, পাই নি তবুও পেয়ে।
তবু সে সহজে প্রাণে উঠে নিংখাসি',
তবু সে সরল যেন বে সরল হাসি,
পুরানো সে যেন এই ধরণীর চেয়ে।

বসে বসে ওই করি। পরের কথাকে নিজের কথা করে তুলি। স্থর দিতে পারভূম যদি তবে স্থর লাগিয়ে বিতাপতির বর্ধার গানটাকে সম্পূর্ণ আত্মসাং করভূম—

> বিভাপতি কহে, কৈসে গোঙায়বি হরি বিনে দিন রাতিয়া।

যাকে না হলে চলে না, তাকে না পেয়ে কী করে দিনের পর দিন কাটবে, ঠিক এই কথাটার স্থ্য পাই কোখায়। উপরে চেয়ে কগনো বলি, কথা দাও, কথনো বলি স্থর দাও। কথা নিয়ে স্থ্য নিয়ে দেবতা নেমেও আসেন, কিন্তু পথের মধ্যে মান্ত্য-ভূল করেন, থামকা আর-কাউকে দিয়ে বসেন,—হয়তো বা ভোমাদের ওই রবি ঠাকুরকে।"

লাবণ্য হেসে বললে, "রবি ঠাকুরকে যারা ভালোবাসে তারাও তোমার মতো এত বার বার করে তাঁকে শ্বরণ করে না।"

"বস্তা, আজ আমি বড়ো বেশি বকছি, না ? আমার মধ্যে বকুনির মনস্থন নেমেছে। গুরেদার রিপোর্ট যদি রাথ তো দেখবে এক-একদিনে কত ইঞ্চি পাগলামি ভার ঠিকানা নেই। কলকাতায় যদি থাকতুম তোমাকে নিয়ে টারার কাটাতে কাটাতে মোটরে করে একেবারে মোরাদাবাদে দিতুম দেছি। যদি ভিজ্ঞাসা করতে মোরাদাবাদে কেন, তার কোনোই কারণ দেখাতে পারতুম না। বান যখন আসে তখন সে বকে, ছোটে, সমরটাকে হাসতে হাসতে ফেনার মতে। ভাসিয়ে নিয়ে বার।"

এমন সময় ভালিতে ভৱে বোগমারা স্থ্যুবী ফুল আনলেন। বললেন, "মা লাবণ্য, এই ফুল দিয়ে আজ ভূমি ওকে প্রণাম করো।"

এটা আর কিছু নয়, একটা অন্তর্গানের মধ্যে দিরে প্রাণের ভিতরকার জিনিসকে বাইরে শরীর দেবার মেরেলি চেট্টা। দেহকে বানিরে তোলবার আকাজ্ঞা ওদের রক্তে মাংসে।

আঞ্চ কোনো এক সময়ে অমিত লাবণ্যকে কানে কানে বললে, "বস্তা, একটি আংটি তোমাকে পরাতে চাই।"

লাবণ্য বললে, "কী দরকার, মিতা।"

"তুমি বে আমাকে তোমার এই হাতপানি দিরেছ সে কতথানি দেওরা তা ভেবে শেষ করতে পারি নে। কবিরা প্রিয়ার মৃথ নিরেই যত কথা করেছে। কিন্তু হাতের মধ্যে প্রাণের কত ইশারা: ভালোবাসার যতকিছু আদর, যতকিছু সেবা, হৃদরের যত দরদ যত অনির্বচনীয় ভাষা, সব বে ওই হাতে। আংটি ভোমার আঙ্লটিকে জড়িয়ে থাকবে আমার মৃপের ছোটো একটি কথার মতো; সে-কথাটি শুধু এই, 'পেয়েছি'। আমার এই কথাটি সোনার ভাষায় মানিকের ভাষায় ভোমার হাতে থেকে যাক না।"

লাবণা বললে, "আচ্ছা, তাই পাক।"

"কলকাতা থেকে আনতে দেব, বলো কোন্ পাণর ভূমি ভালোবাস।"

"আমি কোনো পাণর চাই নে, একটিমাত্র মৃক্তো খাকলেই হবে।"

"আছা, সেই ভালো। আমিও মুক্তো ভালোবাসি।"

22

#### ষিলন-তত্ত্ব

ঠিক হবে গোল আগামী অন্ধান মাসে এদের বিষে। যোগমারা কলকাভাষ গিথে সমস্ত আয়োজন করবেন।

লাবণ্য অমিতকে বদলে, "তোমার কলকাতায় কেরবার দিন অনেককাল হল পেরিয়ে গেছে। অনিশ্চিতের মধ্যে বাধা পড়ে তোমার দিন কেটে বাচ্ছিল। এখন ছুটি। নিঃসংশয়ে চলে বাধা। বিরের আগে আমাদের আর দেখা হবে না।"

"এমন কড়া শাসন কেন ?"

"সেদিন যে সহজ আনন্দের কথা বলেছিলে তাকে সহজ রাধবার জয়ে।"

"এটা একেবারে গভীর জ্ঞানের কথা। সেদিন তোমাকে কবি বলৈ সন্দেহ
করেছিলুম, আজ সন্দেহ করছি ফিলজকার বলে। চমংকার বলেছ। সহজ্ঞকে সহজ্ঞ
রাখতে হলে শক্ত হতে হয়। ছলকে সহজ্ঞ করতে চাও তো যতিকে ঠিক জারগায়
ক্যে আঁটতে হবে। লোভ বেশি, তাই জীবনের কাব্যে কোথাও যতি দিতে মন সরে
না, ছল ভেঙে গিয়ে জীবনটা হয় গীতহীন বন্ধন। আচ্ছা, কালই চলে ধাব, একেবারে
হঠাং এই ভরা-দিনগুলোর মাঝখানে। মনে হবে যেন মেঘনাদবধ কাব্যের সেই চমকে
থেমে-যাওয়া লাইনটা—

# **চ**िन यत्त रागना यमभूत्र

অকালে!

শিলঙ থেকে আমিই না হয় চল্ল্ম কিন্তু পাঞ্জি থেকে অন্তান মাস তো ফস করে পালাবে না। কলকাতায় গিয়ে কী করব জান গু"

"কী করবে 🖓

"মাসিমা যতক্ষণ করবেন বিয়ের দিনের বাবস্থা, ততক্ষণ আমাকে করতে হবে তার পরের দিনগুলোর আয়োজন। লোকে ভূলে যায় দাম্পতাটা একটা আর্ট, প্রতিদিন ওকে নৃতন করে স্বষ্টি করা চাই। মনে আছে, বন্তা, রঘুবংশে অঞ্চ মহারাজা ইন্দুমতীর কী বর্ণনা করেছিলেন ?"

লাবণ্য বললে, "প্রিয়শিয়া ললিতে কলাবিধৌ।"

অমিত বললে, "সেই ললিত কলাবিধিটা দাম্পত্যেরই। অধিকাংশ বর্বর বিয়েটাকেই মনে করে মিলন, সেইজন্তে তার পর থেকে মিলনটাকে এত অবহেলা।"

"মিলনের আর্ট তোমার মনে কী রকম আছে বৃঝিয়ে দাও। বদি **আমাকে শিক্তা** করতে চাও আজুই তার প্রথম পাঠ <del>তুরু</del> হ'ক।"

"আচ্ছা, তবে শোনো। ইচ্ছাকৃত বাধা দিয়েই কবি ছন্দের সৃষ্টি করে। মিলনকেও স্বান্ধর করতে হয় ইচ্ছাকৃত বাধায়। চাইলেই পাওয়া যায় দামি জিনিসকে এত সন্তা করা নিজেকেই ঠকানো। কেননা শক্ত করে দাম দেওরার আনন্দটা বড়ো কম নয়।"

"দামের হিসাবটা ওনি।"

"রসো, তার আগে আমার মনে বে-ছবিটা আছে বলি। গন্ধার ধার, বাগানটা ভারমণ্ড হারবারের ওই দিকটাতে। ছোটো একটি স্টীম লঞ্চ করে দ্রুরেকের মধ্যে কলকাতার বাতারাত করা যায়।"

"আবার কলকাতায় কী দশকার পড়ল ?"

"এখন কোনো দরকার নেই সে-কথা জান। বাই বটে বার-লাইরেরিতে,—
ব্যবসা করি নে, দাবা খেলি। আটেনিরা বুরে নিরেছে কাচ্ছে গরজ নেই তাই মন
'নেই। কোনো আগসের মকজমা হলে তার বীক আমাকে দের, তার বেলি আর
কিছুই দের না। কিন্তু বিরের পরেই দেখিরে দেব কাজ কাকে বলে,—জীবিকার
দরকারে নর, জীবনের দরকারে। আমের মাঝখানটাতে থাকে জাঁঠি, সেটা মিষ্টিও
নয়, নরমও নর, থাছাও নয়—কিন্তু ওই শক্তটাই সমন্ত আমের আশ্রম, ওইটেতেই সে
আকার পায়। কলকাতার পাধ্রে জাঁঠিটাকে কিসের জন্ত দরকার বুরেছ তো?
মধুরের মাঝখানে একটা কঠিনকে রাধবার জন্তে।"

"ব্ৰেছি। তাহলে দৰকার তো আমারও আছে। আমাকেও কলকাতায় যেতে হবে—দলটা-পাচটা।"

"দোৰ কী ? কিছু পাড়া-বেড়াতে নয়, কাঞ্চ করতে।"

"কিসের কাল বলো। বিনা মাইনের ?"

"না না, বিনা মাইনের কাব্দ কাব্দও নর ছুটিও নয়, বারো আনা ঞাকি। ইচ্ছে করলেই তুমি মেয়ে-কলেকে প্রোক্সোরি নিতে পারবে।"

"আচ্ছা, ইচ্ছে করব। তার পর ?"

"ম্পাষ্ট দেখতে পাচ্ছি, গন্ধার ধার; পাড়ির নিচে তলা থেকে উঠেছে ঝুরি-নামা অতি পুরোনো বটগাছ। ধনপতি ধখন গন্ধা বেরে সিংহলে যাচ্চিল তবন হরতো এই বটগাছে নোকে। কেধে গাছতলার রারা চড়িয়েছিল। ওরই দক্ষিণ ধারে ছ্যাতলা-পড়া নাধানো ঘাট, অনেকথানি ফাটল-ধরা, কিছু কিছু ধসে-যাওয়া। সেই ঘাটে সর্ক্ষে সাদার রঙ-করা আমাদের ছিপছিপে নোকোধানি। তারই নীল নিশানে সাদা অক্ষরে নাম লেখা। কী নাম বলে দাও তুমি।"

"বলব ? মিতালি।"

"ঠিক নামটি হরেছে, মিতালি। আমি তেবেছিলুম, সাগরী, মনে একটু গবও হয়েছিল। কিন্তু তোমার কাছে হার মানতে হল। নামানের মাঝখান দিয়ে সক্ষ একটি থাড়ি চলে গেছে, গন্ধার হংস্পন্দন বরে। তার ওপারে তোমার বাড়ি এপারে আমার।"

"রোজই কি সাঁতার দিরে পার হবে, আর জানলার আমার জালো জালিরে রাধব ?" "দেব সাঁতার মনে-মনে, একটা কাঠের সাঁকোর উপর দিরে। তোমার বাড়িটর নাম শানসী, আমার বাড়ির একটা নাম তোমাকে দিতে হবে।" "দীপক।"

"ঠিক নামটি হরেছে। নামের উপযুক্ত একটি দীপ আমার বাড়ির চূড়োর বসিরে দেব, মিলনের স্ক্রেবেলার তাতে জলবে লাল আলো, আর বিচ্ছেদের রাতে নীল। কলকাতা থেকে ফিরে এসে রোজ তোমার কাছ থেকে একটি চিঠি আলা করব। এমন হওয়া চাই সে-চিঠি পেতেও পারি, না-পেতেও পারি। সদ্ধ্যে আটটার মধ্যে যদি না পাই তবে হতবিধিকে অভিসম্পাত দিয়ে বাটাও রাসেলের লজিক পড়বার চেষ্টা করব। আমাদের নিয়ম হচ্ছে অনাহত তোমার বাড়িতে কোনোমতেই যেতে পারব না।"

"আর তোমার বাড়িতে আমি ?"

"ঠিক এক নিয়ম হলেই ভালো হয়, কিন্তু মাঝে মাঝে নিয়মের ব্যতিক্রম হলে সেটা অসহ হবে না।"

"নিরমের ব্যক্তিক্রমটাই যদি নিরম না হরে ওঠে তাহলে তোমার বাড়িটার দশা কী হবে ভেবে দেবে বরঞ্চ আমি বুরকা পরে যাব।"

"তা হ'ক, কিন্তু আমার নিমন্ত্রণ-চিঠি চাই। সে-চিঠিতে আর কিছু পাকবার দরকার নেই, কেবল কোনো-একটা কবিতা থেকে ছটি-চারটি লাইন মাত্র।"

"আর আমার নিমন্ত্রণ বৃঝি বন্ধ ? আমি একঘরে ?"

"তোমার নিমন্ত্রণ মাসে একদিন, পূর্ণিমার রাতে; চোন্দটা ভিথির পঞ্জা ধেদিন চরম পূর্ব হয়ে উঠবে।"

"এইবার তোমার প্রিয়শিয়াকে একটি চিঠির নমুনা দাও।"

"আচ্ছা, বেশ।" পকেট থেকে একটা নোটবই বের করে ভার পাভা ছিঁড়ে লিখলে—

"Blow gently over my garden
Wind of the southern sea
In the hour my love cometh
And calleth me.
চূমিয়া বেয়ো ভূমি
আমার বনভূমি
দবিন সাগরের সমীরণ,
যে-ভভবনে মম
আসিবে প্রিয়তম,
ভাকিবে নাম খ'রে অকারন।"

লাবণা কাগজখানা কিরিরে দিলে না।

অমিত বললে, "এবারে তোমার চিঠির নম্না দাও, দেখি তোমার শিক্ষা কতদূর এগোল।"

 শাবণা একটা টুকরো কাগজে লিখতে বাচ্ছিল। অমিত বললে, "না, আমার এই নোটবইরে লেখো।"

मावना मित्र पित्न---

"মিতা, ত্বমসি মম জীবনং, ত্বমসি মম ভূসণং, ত্বমসি মম ভবজলধিরত্বম।"

অমিত বইটা পকেটে পুরে বললে, আশ্চর্য এই, আমি লিপেছি মেরের মুখের কথা, তুমি লিখেছ পুরুষের। কিছুই অসংগত হর নি। শিমূলকাঠই হ'ক আর বকুলকাঠই হ'ক, যথন জলে তথন আগুনের চেহারাটা একই।"

লাবণ্য বললে, "নিমন্ত্রণ ভো করা গেল, ভার পরে ?"

অমিত বললে, "সদ্ধাতার। উঠেছে, জোরার এসেছে গঙ্গায়, হাওয়া উঠল ঝিরঝির করে ঝাউগাছগুলোর সার বেয়ে, বুড়ো বটগাছটার লিকড়ে লিকড়ে উঠল স্রোডের ছলছলানি। তোমার বাড়ির পিছনে পদ্মদিদি, সেইখানে থিড়কির নির্দ্ধন ঘাটে গা ধুয়ে চুল বেঁধেছ। তোমার এক-একদিন এক-এক রঙের কাপড়, ভাবতে ভাবতে যাব আব্দকে সন্ধোবেলার রঙটা কী। মিলনের জায়গারও ঠিক নেই, কোনোদিন শান-বাধানো চাপাতলায়, কোনোদিন বাড়ির ছাতে, কোনোদিন গঙ্গার ধারের চাতালে। আমি গঙ্গায় স্নান সেরে সাদা মলমলের ধুতি আর চাদর পরব, পায়ে থাকবে হাতির দাতে কাজ-করা খড়ম। গিয়ে দেখব, গালচে বিছিয়ে বসেছ, সামনে ক্লপার রেকাবিতে খোটা গোড়ে মালা, চন্দনের বাটিতে চন্দন, এক কোণে জ্বলছে ধূপ। পুজার সময় অন্তত্ত ছ্-মাসের জ্বন্তে ছ্কনে বেড়াতে বেরোব। কিন্ত ছ্কনে ছ্কামের লিয়মাবলি তোমার কাছে দাধিল করা গেল। এখন তোমার কী মত গ্র

"মেনে নিতে রাজি আছি।"

"মেনে নেওরা আর মনে নেওরা, এই ছুইরে ষে তক্ষাত আছে, বন্ধা।"

"তোমার যাতে প্রয়োজন আমার তাতে প্রয়োজন না-ও যদি থাকে তব্ আপত্তি করব না।"

"প্রয়োজন নেই তোমার ?"

"না, নেই। ভূমি আমার যভই কাছে ধাক তব্ আমার ধেকে ভূমি অনেক দ্রে।

কোনো নিরম দিরে সেই দ্রত্বটুক্ বজার রাধা আমার পক্ষে বাহল্য। কিন্তু আমি স্থানি আমার মধ্যে এমন কিছুই নেই ধা তোমার কাছের দৃষ্টিকে বিনা লক্ষার সইতে পারবে, সেইজন্মে দাম্পত্যে তুই পারে তুই মহল করে দেওরা আমার পক্ষে নিরাপদ।"

া অমিত চৌকি থেকে উঠে দাঁড়িরে বললে, "তোমার কাছে আমি হার মানতে পারব'
না, বন্তা, যাক গে আমার বাগানটা। কলকাতার বাইরে এক পা নড়ব না। নিরশ্বনদের
আলিসে উপরের তলার পঁচান্তর টাকা দিয়ে একটা ঘর ভাড়া নেব। সেইখানে
থাকবে তৃমি, আর থাকব আলি
চিদাকাশে কাছে-দূরে ভেদ নেই। সাড়ে তিন
হাত চওড়া বিছানার বা পাশে তোমার মহল মানসী, ডান পাশে আমার মহল দীপক।
ঘরের পূব দেওয়ালে একখানা আয়নাওআলা দেরাজ, তাতেই তোমারও মুখ দেখা আর
আমারও। পশ্চিম দিকে থাকবে বইয়ের আলমারি, পিঠ দিয়ে সেটা রোদ্ধুর ঠেকাবে
আর সামনের দিকে সেটাতে থাকবে ছটি পাঠকের একটিমাত্র সার্কুলেটিং লাইরেরি।
ঘরের উত্তর দিকটাতে একখানি সোকা, তারই বা পাশে একটু জায়গা খালি রেখে আমি
বসব এক প্রান্তে, তোমার কাপড়ের আল্নার আড়ালে তুমি দাঁড়াবে, তুহাত তকাতে
নিমন্ত্রণের চিঠিখানা উপরের দিকে তুলে ধরব কম্পিতহত্তে, তাতে লেখা থাকবে—

ছাদের উপরে বহিরো নীরবে
প্রগো দক্ষিণ হাওয়া,
প্রেয়দীর সাথে ষে-নিমেষে হবে
চারি চক্ষতে চাওয়া।

এটা কি খারাপ শোনাচ্ছে বক্তা ?"

"কিচ্ছু না, মিতা। কিন্তু এটা সংগ্ৰহ হল কোথা থেকে ?"

"আমার বন্ধু নীলমাধবের বাতা থেকে। তার ভাবী বধ্ তথন অনিশ্চিত ছিল। তাকে উদ্দেশ করে ওই ইংরেজি কবিতাটাকে কলকাতাই ছাঁচে ঢালাই করেছিল, আমিও সঙ্গে যোগ দিয়েছিলুম। ইকনমিকসে এম এ পাশ করে পনেরো ছালার টাকা নগদ পণ আর আশি ভরি গয়না সমেত নববধ্কে লোকটা ঘরে আনলে, চার চঙ্গে চাওয়াও হল, দক্ষিনে বাতাসও বয়, কিছু ওই কবিতাটাকে আর ব্যবহার করতে পারলে না। এখন তার অপর শবিককে কাবাটির সর্বস্বস্থ সমর্শণ করতে যাধবে না।"

"তোমারও ছাতে দক্ষিনে বাতাস বইবে, কিন্তু তোমার নব্রধ্ কি চির্থিনই নববধ্ থাকবে ?"

টেবিলে প্রবল চাপড় দিতে দিতে উচ্চৈঃশ্বরে অমিত বললে, "ৰাক্ষৰে, ৰাক্ষৰে, ৰাক্ষৰে।"

ষোগমারা পাশের হর থেকে তাড়াতাড়ি এসে জিজ্ঞানা করলেন, "কী থাকবে, অমিত ? আমার টেবিলটা বোধ হচ্ছে থাকবে না।"

"ব্দগতে খা-কিছু টেকসই' সবই থাৰুবে। সংসারে নববধৃ তুর্গভ, কিছ লাখের মধ্যে একটি যদি দৈবাৎ পাওয়া যায় সে চিরদিনই থাক্বে নববধৃ।"

"अक्रो मुहोख स्मर्था ए स्मि।"

"একদিন সময় আসবে, দেখাব।"

"বোধ হচ্ছে তার কিছু মেরি আছে, ততক্ষণ বেতে চলো।"

#### 25

### শেষ সন্ধ্যা

আহার শেষ হলে অমিত বললে, "কাল কলকাভার যাচ্ছি মাসিমা। আমার আরায়স্বজন স্বাই সন্দেহ করছে আমি গাসিয়া হয়ে গেছি।"

"আশ্বীরবন্ধনরা কি জানে কথায় কথায় তোমার এত বদল সম্ভব ?"

"খুব জ্ঞানে, নইলে আত্মীয়ত্বজন কিসের ? তাই বলে কথার কথার নয়, আর পাসিয়া হওরা নয়। বে-বদল আজ আমার হল এ কি জ্ঞাত-বদল, এ যে যুগ-বদল তার মাঝখানে একটা করান্ত। প্রজ্ঞাপতি জেগে উঠেছেন আমার মধ্যে এক নৃতন স্পষ্টতে। মাসিমা, অসুমতি দাও, লাবণ্যকে নিয়ে আজ একবাব বেড়িরে আসি। যাবার আগে শিলঙ পাহাড়কে আমাদের যুগল প্রণাম জানিয়ে যেতে চাই।"

ষোগমায়া সন্থতি দিলেন। কিছুদ্বে যেতে যেতে তৃজনের হাত মিলে গেল, ওরা কাছে কাছে এল থেঁবে। নির্জন পথের ধাবে নিচের দিকে চলেছে ঘন বন। সেই বনেব একটা জায়গায় পড়েছে ফাক, আকাশ সেধানে পাহাড়ের নজরবন্দি থেকে একটু-গানি ছুটি পেরেছে; তার জঞ্চলি ভরিয়ে নিরেছে অন্তস্থবের শেব আভার। সেইখানে পশ্চিমের দিকে মুণ করে তৃজনে গাড়াল। অমিত লাবণার মাখা বৃকে টেনে নিয়ে তার মুগটি উপরে তৃলে ধরলো। লাবণার চোধ অর্ধেক বোজা, কোণ দিয়ে জল গড়িয়ে পড়ছে। আকাশে সোনার রঙের উপর চুনি-গলানো পালা-গলানো আলোর আভাসগুলি মিলিয়ে মিলিয়ে যাজে; মাঝে মাঝে পাতলা মেঘের ফাকে ফাকে স্থগভীর নির্মল নীল, মনে হয় তার ভিতর দিয়ে, যেখানে দেহ নেই শুধু আনন্দ আছে সেই অমর্ডাজগতের অব্যক্তথনি আসছে। ধীরে ধীরে অজকার হল ঘন। সেই খোলা আকাশটুক, রাত্রিবেলার ফ্লের মতো, নামা রঙের পাপতিগুলি বন্ধ করে দিলে।

অমিতর বুকের কাছ থেকে লাবণ্য মৃত্ত্বরে বললে, "চলো এবার।" কেমন তার মনে হল এইখানে শেষ করা ভালো।

অমিত সেটা বুঝলে, কিছু বললে না। লাবণ্যর মৃথ বুকের উপর একবার চেপে, ধরে ফেরবার পথে খুব ধীরে ধীরে চলল।

বললে, "কাল স্কালেই আমাকে ছাড়তে হবে, তার আগে আর দেখা করতে আস্ব না।"

"কেন আসবে না ?"

"আজ ঠিক জায়গায় আমাদের শিলঙ পাহাড়ের অধ্যায়টি এসে থামল—ইতি প্রথম: সর্গ:, আমাদের সয়ে বরে স্বর্গ।"

লাবণ্য কিছু বললে না, অমিতর হাত ধরে চলল। বুকের ভিতর আনন্দ, আর তারই সঙ্গে সঙ্গে একটা কাল্লা শুরু হয়ে আছে। মনে হল জীবনে কোনোদিন এমন নিবিড় করে অভাবনীয়কে এত কাছে পাওয়া যাবে না। পরমক্ষণে শুভদৃষ্টি হল, এর পরে আর কি বাসরঘর আছে? রইল কেবল মিলন আর বিদায় একত্র মিশিয়ে একটি শেষ প্রণাম। ভারি ইচ্ছে করতে লাগল অমিতকে এখনই সেই প্রণামটি করে, বলে, তুমি আমাকে ধন্য করেছ। কিন্তু সে আর হল না।

বাসার কাছাকাছি আসতেই অমিত বললে, "বক্তা, আজ তোমার শেষ কণাট একটি কবিতায় বলো, তাহলে সেটা মনে করে নিয়ে যাওয়া সহজ হবে। তোমার নিজের যা মনে আছে এমন একটা কিছু আমাকে শুনিয়ে দাও।"

লাবণা একটুখানি ভেবে আবৃত্তি করলে—

"তোমারে দিই নি স্থব, মৃক্তির নৈবেছ গেছু রাণি' রজনীর শুল্ল অবসানে। কিছু আর নাই বাকি, নাইকো প্রার্থনা, নাই প্রতি মৃহুর্তের দৈন্তরানি, নাই অভিমান, নাই দীন কারা, নাই গর্ব হাসি, নাই পিছু ফিরে দেখা। শুধু সে মৃক্তির ডালিখানি, ভরিয়া দিলাম আজি আমার মহথ মৃত্যু আনি।"

"বক্তা, বড়ো অক্সায় করলে। আজকের দিনে তোমার মূবে বলবার কথা এ নয়, কিছুতেই নয়। কেন এটা তোমার মনে এল ? তোমার এ কবিতা এখনই ফিরিয়ে নাও।"

"ভর কিসের মিতা ? এই আগুনে-পোড়া প্রেম, এ স্থাধের দাবি করে না, এ নিজে মুক্ত বলেই মৃক্তি দেয়, এর পিছনে ক্লান্তি আসে না, মানতা আসে না—এর চেম্বে আরু কিছু কি দেবার আছে ?"

"কিন্তু আমি জানতে চাই এ কবিতা তুমি পেলে কোণায় ?"

"রবি ঠাকুরের।"

"তার তো কোনো বইরে এটা দেখি নি।"

"বছরে বেরোর নি।"

"ভবে পেলে 'কী করে'?"

"একটি ছেলে ছিল, সে আমার বাবাকে গুরু বলে ভক্তি করত, বাবা দিরেছিলেন তাকে তার জ্ঞানের বান্ত, এদিকে তার হৃদর্টিও ছিল তাপস! সমন্ত পেলেই সে যেত রবি ঠাকুরের কাছে, তাঁর খাতা থেকে মুষ্টিভিক্ষা করে আনত।"

"আর নিরে এ**নে তোমার পারে দিত।**"

"সে-সাহস তার ছিল না। কোপাও রেখে দিত, যদি আমার দৃষ্টিতে পড়ে, যদি আমি তুলে নিই।"

"তাকে দরা করেছ ?"

"করবার অবকাশ হল না, মনে-মনে প্রার্থনা করি ঈশ্বর যেন তাকে দয়া করেন<sub>।</sub>"

"মে-কবিতাটি আৰু তুমি পড়বেন, বেশ ব্যুতে পারছি এটা সেই হতভাগারই মনের কথা।"

"श, जावरे कथा वरे कि।"

"তবে তোমার কেন আব্দ ওটা মনে পড়ল ?"

"কেমন করে বলব ? ওই কবিতাটির সঙ্গে আর-এক টুকরো কবিতা ছিল সেটাও আজ আমার কেন মনে পড়ছে ঠিক বলতে পারি নে—

স্থানর, তুমি চক্ষ্ ভরিয়া

থনেছ অস্ত্রা-জল।
থনেছ তোমার বক্ষে ধরিয়া

হংসহ হোমানল।
হংগ যে তায় উজ্জন হয়ে উঠে,
মুদ্ধ প্রাণের আবেশ বন্ধ টুটে,
এ তাপে শ্বিয়া উঠে বিকশিয়া

विटक्ष-मेजस्म।"

অমিত লাবণার হাত চেপে ধরে বললে, "বক্তা, দে-ছেলেটা আজ আমাদের মাঝখানে কেন এসে পড়ল ? ইবা করতে আমি হুণা করি, এ আমার ইবা নয়—কিন্তু কেমন ১০—৪৩ একটা ভয় আসছে মনে। বলো, তার দেওয়া ওই কবিতাগুলো আজই কেন তোমার এমন করে মনে পড়ে গেল।"

"একদিন সে যখন আমাদের বাড়ি থেকে বিদান্ত নিমে চলে গেল তার পরে যেখানে বসে সে লিখত সেই ডেস্কে এই কবিতা ঘুটি পেয়েছি। এর সঙ্গে রবি ঠাকুরের আরও অনেক অপ্রকাশিত কবিতা, প্রায় এক খাতা ভরা। আজ তোমার কাছ থেকে বিদার নিচ্ছি, হয়তো সেইজ্জেই বিদায়ের কবিতা মনে এল।"

"সে-বিদায় আর এ-বিদায় কি একই ?"

"কেমন করে বলব ? কিন্তু এ-তর্কের তো কোনো দরকার নেই। যে-কবিতা আমার ভালো লেগেছে তাই তোমাকে শুনি্মেছি, হয়তো এ ছাড়া আর কোনো কারণ এর মধ্যে নেই।"

"বক্তা, রবি ঠাকুরের লেখা যতক্ষণ না লোকে একেবারে ভূলে যাবে ততক্ষণ ওর ভালো লেখা সত্য করে ফুটে উঠবে না। সেইজন্তে ওর কবিতা আমি ব্যবহারই করি নে। দলের লোকের ভালো লাগাটা কুয়াশার মতো, যা আকাশের উপর ভিজে হাত লাগিয়ে তার আলোটাকে ময়লা করে ফেলে।"

"দেখো মিতা, মেয়েদের ভালো-লাগা তার আদরের জিনিসকে আপন অন্দরমহলে একলা নিজেরই করে রাখে, ভিড়ের লোকের কোনো প্ররই রাখে না। সে যত দাম দিতে পারে সব দিয়ে ফেলে, অন্ত পাচজনের সঙ্গে মিলিয়ে বাজার যাচাই করতে তার মন নেই।"

"তাহলে আমারও আশা আছে, বন্ধা। আমার বাজারদরের ছোটো একটা ছাপ লুকিয়ে ফেলে তোমার আপন দরের মন্ত একটা মার্কা নিয়ে বুক ফুলিয়ে বেড়াব।"

"আমাদের বাড়ি কাছে এসে পড়ল, মিতা। এবার তোমার মূবে তোমার পশ-শেষের কবিতাটা ভনে নিই।"

"রাগ ক'রো না, বন্তা, আমি কিন্তু রবি ঠাকুরের কবিতা আওড়াতে পারব না।" "রাগ করব কেন ?"

"আমি একটি লেখককে আবিষ্কার করেছি, ভার স্টাইল—"

"তার কথা তোমার কাছে বরাবরই শুনতে পাই। কলকাতায় লিখে দিয়েছি তার বই পাঠিয়ে দেবার জন্মে।"

"সর্বনাশ! তার বই! সে-লোকটার অক্স অনেক দোষ আছে, কিন্তু কখনো বই ছাপতে দেয় না। তার পরিচয় আমার কাছ থেকেই তোমাকে ক্রমে ক্রমে পেতে ছবে। নইলে হয়তো—" "ভন্ন ক'রো না, মিতা, তুমি তাকে বে-ভাবে বোঝ আমিও তাকে সেই ভাবেই বুঝে নেব এমন ভরসা আমার আছে। আমারই জিত থাকবে।"

"কেন ?"

"আমার ভালো লাগায় যা পাই সেও আমার, আর তোমার ভালো লাগার যা পাব সেও আমার হবে। আমার নেবার অঞ্চলি হবে তৃত্বনের মনকে মিলিয়ে। কলকাতায় তোমার ছোটো ঘরের বইয়ের আলমারিতে এক লেলফেই তৃই কবির কবিতা ধরাতে পারব। এখন তোমার কবিতাটি বলো।"

"আর বলতে ইচ্ছে করছে না। মাঝধানে বড্ডো কতকগুলো তর্কবিভর্ক হয়ে হাওয়াটা বারাপ হয়ে গেল।"

"কিচ্ছু বারাপ হয় নি। হাওয়া ঠিক আছে।"

অমিত তার কপালের চ্লগুলো কপালের থেকে উপরের দিকে ভূলে দিয়ে খুব দরদের স্বর লাগিয়ে পড়ে গেল—

"স্বন্ধরী তুমি শুক্তারা স্থদ্র শৈকশিবরান্তে, শর্বরী ধবে হবে সারা

वर्गन विद्या विक्ञारसः।

বুঝেছ বস্তা, চাঁদ ভাক দিয়েছে শুক্তারাকে, সে আপনার রাত পোহাবার সন্ধিনীকে চায়। নিক্ষের রাতটার 'পরে ওর বিভূষণ হয়ে গেছে।

ধরা বেখা অম্বরে মেশে

আমি আধো-জাগ্ৰত চন্দ্ৰ,

আধারের বক্ষের 'পরে

আধেক আলোক-রেখা রছ।

ওর এই আধখানা জাগা, ওই অব্ধ একটুবানি আলো, আঁধারটাকে সামান্ত খানিকটা আঁচড়ে দিয়েছে। এই হল ওর খেদ। এই বন্ধতার জালে ওকে জড়িরে ফেলেছে, সেইটে ছিঁড়ে ফেলবার জন্তে ও ষেন সমন্ত রাত্রি খুমোতে খুমোতে গুমরে উঠছে। কী আইডিরা। গ্রাণ্ড।

আমার আসন রাথে পেতে
নিজাগহন মহাপৃত্ত।
তত্ত্বী বাজাই স্বপনেতে,
তন্ত্রা ইবং করি কুল।

কিন্তু এমন হালকা করে বাঁচার বোঝাটা বে বজ্জে। বেশি; যে-নদীর জল মরেছে তার মন্থর স্রোতের ক্লান্তিতে জন্মাল জমে, যে বল্প সে, নিজেকে বইতে গিলে ক্লিষ্ট হয়। তাই ও বলছে—

মন্দচরণে চলি পারে,

যাত্রা হয়েছে মোর সাক।

শুর থেমে আসে বারে বারে
ক্লান্তিতে আমি অবশাক।

কিন্তু এই ক্লান্তিতেই কি ওর শেষ ? ওর ঢিলে তারের বীণাকে নৃত্ন করে বাঁধবার আলা ও পেরেছে, দিগন্তের ওপারে কার পায়ের শব্দ ও যেন শুনল—

> স্থানরী ওগো শুকতারা, রাত্রি না যেতে এস তূর্ণ। স্থপ্নে যে-বাণী হল হারা জাগরণে করে। তারে পূর্ণ।

উদ্ধারের আশা আছে, কানে আসছে জাগ্রত বিশ্বের বিপুল কলরব, সেই মহাপথের দ্ঠী তার প্রদীপ হাতে করে এল বলে—

নিশীথের তল হতে তুলি

লহ তারে প্রভাতের জন্য।

আঁধারে নিজেরে ছিল তুলি,

আলোকে তাহারে করে। ধন্য।

যেধানে স্থাপ্তি হল লীনা,

যেধা বিশের মহামন্ত্র,

অপিন্তু সেধা মোর বীণা

আমি আধো-জাগত চক্র।

এই হতভাগা চাঁদটা তো আমি। কাল সকালবেলা চলে যাব। কিছু চলে যাওয়াকে তো শৃষ্ম রাখতে চাই নে। তার উপরে আবির্ভাব হবে স্থানরী শুক্তারার, আগরণের গান নিয়ে। অছকার জীবনের স্বপ্নে এতদিন যা অম্পট ছিল, স্থানরী শুক্তারা তাকে প্রভাতের মধ্যে সম্পূর্ণ করে দেবে। এর মধ্যে একটা আশার আছে, ভাবী প্রত্যুম্বের একটা উজ্জল গোরব আছে, তোমার ওই রবি ঠাকুরের কবিতার মতো মিইরেপড়া হাল-ছাড়া বিলাপ নয়।"

"রাগ কর কেন, মিতা ? রবি ঠাকুর যা পারে তার বেশি সে পারে না এ-কথ। বারবার বলে লাভ কী ?"

"ভোমরা স্বাই মিলে তাকে নিয়ে বড়ো বেলি—"

"ও-কথা ব'লো না, মিতা। আমার ভালো-লাগা আমারই, তাতে বদি আর-কারও সঙ্গে আমার মিল হয় বা তোমার সঙ্গে মিল না হয় সেটাতে কি আমার দোব? না-হয় কথা রইল; তোমার সেই পঁচাত্তর টাকার বাসায় একদিন আমার বদি জারগা হয় তাহলে তোমার কবির লেখা আমাকে শুনিয়ো, আমার কবির লেখা তোমাকে শোনাব না।"

"কথাটা অক্সায় হল যে। পরস্পার পরস্পারের জুলুম ঘাড় পেতে বহন করবে । এইজন্মেই তো বিবাহ।"

"ক্ষচির জুলুম তোমার কিছুতেই সইবে না। ক্ষচির ভোজে তোমরা নিমন্ত্রিত ছাড়া কাউকে ঘরে তুকতে দাও না, আমি অভিপিকেও আদর করে বসাই।"

"ভালো করলুম না তর্ক তুলে। আমাদের এখানকার এই শেষ সন্ধোবেলার স্থর বিগড়ে গেল।"

"একটুও না। যা-কিছু বলবার আছে সব স্পষ্ট করে বলেও যে-সুরটা থাটি থাকে সেই আমাদের সুর। তার মধ্যে ক্ষমার অস্ত নেই।"

"আঞ্চ আমার মূখের বিস্থাদ ঘোচাতেই হবে। কিন্তু বাংলা কাব্যে হবে না। ইংরেজি কাব্যে আমার বিচারবৃদ্ধি অনেকটা ঠাণ্ডা থাকে। প্রথম দেশে ফিরে এসে আমিও কিছুদিন প্রোকেসারি করেছিলুম।"

লাবণা হেসে বললে, "আমাদের বিচারবৃদ্ধি ইংরেজ বাড়ির ব্লডগের মতো—ধৃতির কোঁচাটা চ্লছে দেখলেই বেউ বেউ করে ওঠে। ধৃতির মহলে কোন্টা ভদ্র ও তার হিসেব পায় না। বরঞ্চ ধানসামার তকমা দেখলে লেজ নাড়ে।"

"তা মানতেই হবে। পক্ষপাত-জ্বিনিসটা স্বাভাবিক জ্বিনিস নয়। অধিকাংশ স্থলেই ওটা ক্ষমাশে তৈরি। ইংরেজি সাহিত্যে পক্ষপাত কানমলা থেয়ে খেয়ে ছেলেবেলা থেকে অভ্যেস হয়ে গেছে। সেই অভ্যেসের ক্ষোরেই এক পক্ষকে মন্দ বলতে যেমন সাহস হয় না অন্ত পক্ষকে ভালো বলতেও তেমনি সাহসের অভাব ঘটে। থাক গে, আজ নিবারণ চক্রবর্তীও না, আজ একেবারে নিছক ইংরেজি কবিতা—বিনা তর্জমায়।"

"না না মিতা, তোমার ইংরেজি থাক, সেটা বাড়ি গিয়ে টেবিলে বসে হবে। আজ আমাদের এই সন্ধোবেলাকার লেষ কবিতাটি নিবারণ চক্রবর্তীর হওয়াই চাই। আর-কারও নয়।" অমিত উৎফুল হয়ে বললে, "জয় নিবারণ চক্রবর্তীর। এতদিনে সে হল অম্র। বক্তা, তাকে আমি তোমার সভাকবি করে দেব। তুমি ছাড়া আর-কারও বারে সেপ্রসাদ নেবে না।"

"তাতে কি সে বরাবর সম্ভষ্ট থাকবে ?"

"না থাকে তো তাকে কান মলে বিদায় করে দেব।"

"আচ্ছা কানমলার কথা পরে স্থির করব, এখন শুনিয়ে দাও।"

অমিত আর্ত্তি করতে লাগল—

কত ধৈর্ষ ধরি
ছিলে কাছে দিবস্থবরী।
তব পদ-অন্ধনগুলিরে
কতবার দিয়ে গেছ মোর ভাগা-পথের ধ্লিরে।
আজু ধবে

দূরে যেতে হবে— তোমারে করিয়া যাব দান তব জয়গান।

কতবার বার্থ আয়োজনে
এ জীবনে
হোমাগ্রি উঠে নি জ্বলি,
শৃন্তে গেছে চলি
হতাশ্বাস ধৃমের কুণ্ডলী।
কতবার ক্ষণিকের শিধা
আঁকিয়াছে ক্ষীণ টিকা
নিশ্চেতন নিশীধের ভালে।
লুপ্ত হয়ে গেছে তাহা চিহুহীন কালে।

এবার তোমার আগমন হোম-ছতাশন জ্বেলেছে গৌরবে। যক্ক মোর ধক্ত হবে। আমার আছতি দিনশেবে

করিলাম সমর্পণ তোমার উদ্দেশে।

লছ এ প্রশাম

ভীবনের পূর্ব পরিশাম।

এ প্রশতি'পরে

ভপর্শ রাখো লেছ-ভরে,

তোমার ঐখর্যমাবে

সিংছাসন বেধার বিরাজে,

করিয়ো আহ্বান,

সেধা এ প্রগতি মোর পার যেন স্থান।

#### 70

### আশঙ্কা

প্রকালবেলার কাব্দে মন দেওরা আঞ্চ লাবণার পক্ষে কঠিন। সে বেডাতেও যায় নিঃ অমিত বলেছিল শিলঙ থেকে বাবার আগে আঞ্চ সকালবেলার সে ওপের সঙ্গে क्षिमा कराएँ होत्र मा। भारे अनहीरक तका करवाद जात प्रस्तानहरे छेलद। कममा, যে-বাস্তার ও বেড়াতে যার সেই রাস্তা দিরেই অমিতকে যেতে হবে। মনে তাই লোভ हिल भरवहै। त्रहोटक करव मधन कदरा इल। याशमाद्या थूव मकात्वरे मान त्याव তাঁর আহ্নিকের জন্মে কিছু ফুল তোলেন। তিনি বেরোবার আগেই লাবণ্য সে-জারগাটা (थरक हरत अन प्रकालिभोग-जनाय। हाएज कृष्टे-अको। यह हिन, त्यांथ हव निस्मत्क এবং অন্তদেরকে ভোলাবার জন্তে। তার পাতা ধোলা, কিন্ত বেলা বার, পাতা ওলটানো হর না। মনের মধ্যে কেবলই বলছে, জীবনের মহোৎসবের দিন কাল শেষ হয়ে গেল। আৰু সকালে এক-একবার মেঘরোত্রের মধ্যে দিয়ে ভাঙনের দৃত আকাশ কৌটারে বেড়াচ্ছে। মনে দৃঢ়বিশাস যে, অমিড চিরপলাভক, একবার সে সরে গেলে আর তার ঠিকানা পাওরা বার না। রান্তার চলতে চলতে কখন সে গল ভঞ্চ করে, তার পর রাজি আনে, প্রদিন স্কালে দেখা যার গলের গাঁখন ছিন্ন, পথিক গেছে চলে। লাবণ্য ভাই ভাবছিল ওর গল্লটা এখন থেকে চিরদিনের মডো রইল বাকি। আজ সেই অসমান্তির মানতা সকালের আলোর, অকাল-অবসানের অবসাল আর্দ্র राज्यात मत्या।

এমন সময়, বেলা তথন নটা, অমিত তুমদাম শব্দে ঘরে চুকেই মাসিমা মাসিমা করে ডাক দিলে। যোগমায়া প্রাতঃসন্ধা সেরে ডাঁড়ারের কাজে প্রবৃত্ত। আজ তাঁরও মনটা পীড়িত। অমিত তার কথায় হাসিতে চাঞ্চল্যে এতদিন তাঁর স্বেহাসক্ত মনকে তাঁর ঘরকে ভরে রেখেছিল। সে চলে গেছে এই ব্যথার বোঝা নিয়ে তাঁর সকাল-বেলাটা যেন বৃষ্টিবিন্দ্র ভারে স্কঃপাতী ফুলের মতো ফুরে পড়ছে। তাঁর বিচ্ছেদকাত্র ঘরকয়ার কাজে আজ তিনি লাবণ্যকে ডাকেন নি, বুঝেছিলেন আজ তার দরকার ছিল একলা থাকার, লোকের চোখের আড়ালে।

লাবণা তাড়াতাড়ি উঠে দাড়াল, কোলের থেকে বই গেল পড়ে, জ্ঞানতেও পারলে না। এদিকে যোগমায়া ভাঁড়ারঘর থেকে জ্ঞতপদে বেরিয়ে এসে বললেন, "কাঁ বাবা অমিত, ভূমিকম্প নাকি ?"

"ভূমিকম্পই তো। জ্বিনিসপত্র রওনা করে দিয়েছি; গাড়ি ঠিক; ডাক্ঘরে গেলুম দেখতে চিঠিপত্র কিছু আছে কিনা। সেখানে এক টেলিগ্রাম।"

অমিতর মুখের ভাব দেখে যোগমায়া উদ্বিগ্ন হয়ে জিজ্ঞাসা করলেন, "পবর সব ভালো তো ?"

লাবণাও ঘরে এসে জুটল। অমিত বাাকুল মূপে বললে, "আজই সজোবেলার আসছে সিসি, আমার বোন, তার বন্ধু কোট মিত্তির, আর তার দাদা নরেন।"

"তা ভাবনা কিসের, বাছা ? শুনেছি ঘোড়দৌড়ের মাঠের কাছে একটা বাড়ি ধালি আছে। যদি নিতান্ত না পাওয়া যায় আমার এধানে কি একরকম করে জায়গা হবে না ?"

"সেহ্নন্তে ভাবনা নেই, মাসি। তারা নিজেরাই টেলিগ্রাক করে হোটেলে জায়গা ঠিক করেছে।"

"আর বাই হ'ক বাবা, তোমার বোনের। এসে বে দেপবে তুমি ওই লন্ধীছাড়া বাড়িটাতে আছ সে কিছুতেই হবে না। তারা আপন লোকের খ্যাপামির ধ্রুদ্রে দারিক করবে আমাদেরই।"

"না মাসি, আমার প্যারাডাইস লক্ষ্ট। ওই নগ্ন আসবাবের শ্বর্গ থেকে আমার বিদার। সেই দড়ির বাটিয়ার নীড় থেকে আমার স্থবপ্রপ্তলো উড়ে পালাবে। আমাকেও জায়গা নিতে হবে সেই অতিপরিচ্ছন্ন হোটেলের এক অভিসভ্য কামরার।"

কথাটা বিশেষ কিছু নয়, তবু লাবণার মুখ বিবর্ণ হয়ে গেল। এতদিন একটা কথা ওর মনেও আসে নি যে, অমিতর যে-সমাজ সে ওদের সমাজ থেকে সহস্র যোজন দ্বে। এক মুহুর্তেই সেটা ব্রুতে পারলে। অমিত যে আজ কলকাতায় চলে যাজিল তার মধ্যে বিচ্ছেদের কঠোর মৃতি ছিল না। কিন্তু এই যে আজ ও হোটেলে যেতে বাধা হল এইটেভেই লাবণ্য ব্রুলে যে-বাসা এডদিন ওরা ছুজনে নানা অদৃশু উপকরণে গড়ে তুলছিল সেটা কোনোদিন বৃত্তি আর দৃশ্র হবে না।

লাবণ্যর দিকে একটু চেয়ে অমিত যোগমায়াকে বললে, "আমি ছোটেলেই যাই, আর জাহান্তমেই বাই কিন্তু এইধানেই রইল আমার আসল বাসা।"

অমিত ব্ঝেছে শহর থেকে আসছে একটা অশুভ দৃষ্টি। মনে-মনে নানা প্ল্যান করছে যাতে সিসির দল এখানে না আসতে পারে। কিন্তু ইদানীং ওর চিঠিপত্র আসছিল যোগমারার বাড়ির ঠিকানার, তপন ভাবে নি কোনো সময়ে তাতে বিপদ ঘটতে পারে। অমিতর মনের ভাবগুলো চাপা থাকতে চার না, এমন কি, প্রকাশ পার কিছু আতিশয়ের সঙ্গে। ওর বোনের আসা-সম্বন্ধ অমিতর এত বেশি উদ্বেগ যোগমারার কাছে অসংগত ঠেকছিল; লাবণ্যও ভাবলে অমিত ওকে নিয়ে বোনেদের কাছে লক্ষিত। ব্যাপারটা লাবণ্যর কাছে বিশ্বাদ ও অসম্মানজনক হরে দাঁড়াল।

অমিত লাবণ্যকে জিজ্ঞাসা করলে, "তোমার কি সময় আছে ? বেড়াতে যাবে ?" লাবণা একটু যেন কঠিন করে বললে, "না, সময় নেই।"

্যাগমায়া বাস্ত হয়ে বললেন, "যাও না মা, বেড়িয়ে এস গে।"

লাবণা বললে, "কর্তামা, কিছুকাল থেকে স্থুরমাকে পড়ানোয় বড়ো অবহেলা হয়েছে। খুবই অক্সায় করেছি। কাল রাত্রেই ঠিক করেছিলুম আজ থেকে কিছুতেই আর তিলেমি করা হবে না।" বলে লাবণা ঠোট চেপে মৃণ শক্ত করে রইল।

লাবণার এই জেদের মেঞ্চাঞ্চটা যোগমায়ার পরিচিত। পীড়াপীড়ি করতে সাংস করলেন না।

অমিতও নীরস কঠে বললে, "আমিও চললুম কর্তব্য করতে, ওদের জন্তে স্ব ঠিক করে রাখা চাই।"

এই বলে চলে ধাবার আগে বারান্দায় একবার শুরু হয়ে দাড়াল। বললে, "বন্তা, ওই চেয়ে দেখা। গাছের আড়াল থেকে আমার বাড়ির চালটা অল্প একটু দেখা থাছে। একটা কথা ভোমাদের বলা হয় নি, ওই বাড়িটা কিনে নিয়েছি। বাড়ির মালেক অবাক, নিশ্চর ভেবেছে ওখানে সোনার গোপন খনি আবিষ্কার করে থাকব। দাম বেশ একটু চড়িয়ে নিয়েছে। ওখানে সোনার বনির সন্ধান ভো পেয়েইছিলুম, সে সন্ধান একমাত্র আমিই জানি। আমার জীর্ণ কুটিরের ঐশ্বর্য সবার চোখ থেকে লুকোনো থাকবে।"

লাবণার মূখে গভীর একটা বিষাদের ছায়া পড়ল। বললে, "আর-কারও কথা অত

করে তুমি ভাব কেন? না হয় আর স্বাই জানতে পারলে। ঠিকমতো জানতে পারাই তো চাই, তা হলে কেউ অমর্যাদা করতে সাহস করে না।"

এ-কথার কোনো উত্তর না দিয়ে অমিত বললে, "বক্সা, ঠিক করে রেখেছি, বিয়ের পরে ওই বাড়িতেই আমরা কিছুদিন এসে থাকব। আমার সেই গঙ্গার খারের বাগান, প্রেই ঘাট, সেই বটগাছ সব মিলিয়ে গেছে ওই বাড়িটার মধ্যে। তোমার দেওয়া মিতালি নাম ওকেই সাজে।"

"ও-বাড়ি থেকে আজ তুমি বেরিয়ে এসেছ, মিতা। আবার একদিন যদি চুকতে চাও দেখবে ওখানে তোমাকে কুলোবে না। পৃথিবীতে আজকের দিনের বাসায় কালকের দিনের জায়গা হয় না। সেদিন তুমি বলেছিলে, জীবনে মান্ত্যের প্রথম সাধনা দারিশ্রোর, দ্বিতীয় সাধনা ঐশ্বের। তার পরে শেষ সাধনার কথা বল নি, সেটা হচ্ছে ত্যাগের।"

"বক্তা, ওটা তোমাদের রবি ঠাকুরের কথা। সে লিখেছে, শাজাহান আজ তার তাজমহলকেও ছাড়িয়ে গেল। একটা কথা তোমার কবির মাধায় আসে নি যে, আমরা তৈরি করি, তৈরি জিনিসকে ছাড়িয়ে যাবার জক্তেই। বিশ্বস্টিতে ওইটেকেই বলে এভোলাশন। একটা অনাস্টি ভূত ঘাড়ে চেপে থাকে, বলে, স্টি করে।, স্টি করলেই ভূত নামে, তগন স্টিটাকেও আর দরকার থাকে না। কিন্তু তাই বলে ওই ছেড়ে-যাওয়াটাই চরম কথা নর। জগতে শাজাহান-মমতাজের অক্ষয় ধারা বয়ে চলেছেই, ওরা কি একজন মাত্র সেইজক্তেই তো তাজমহল কোনোদিন শৃশ্য হতেই পারল না। নিবারণ চক্রবর্তী বাসরম্বের উপর একটা কবিতা লিখেছে,—সেটা তোমাদের কবিবরের তাজমহলের সংক্ষিপ্ত উত্তর, পোক্টকার্ডে লেগা—

তোমারে ছাড়িয়া বেতে হবে
রাত্রি মবে
উঠিবে উন্মনা হয়ে প্রভাতের রপচক্ররবে।
হায় রে বাসরঘর,
বিরাট বাহির সে যে বিচ্ছেদের দস্মা ভয়ংকর।
তব্ সে ষতই ভাঙে-চোরে,
মালাবদলের হার যত দেয় ছিয় ছিয় করে,
তৃমি আছ ক্ষয়হীন
অহদিন;
তোমার উৎসব
বিচ্ছিয় না হয় কভু, না হয় নীরব।

কে বলে তোমারে ছেড়ে গিরেছে যুগল
শৃশু করি তব শ্যাতল ?
যার নাই, যার নাই,
নব নব যাত্রী মাঝে ফিরে ফিরে আসিছে তারাই
তোমার আহ্বানে
উদার তোমার বাব পানে।

উদার তোমার বার পানে। হে বাসরবর.

বিশে প্রেম মৃত্যুহীন, তৃমিও অমর।

রবি ঠাকুর কেবল চলে যাবার কথাই বলে, রয়ে যাবার গান গাইতে জানে ন।। বক্তা, কবি কি বলে যে, আমরাও চুজন যেদিন ওই দরজায় ঘা দেব, দরজা খুলবে না ?"

"মিনতি রাখো, মিতা, আব্দ সকালে কবির লড়াই তুলো না। তুমি কি ভাবছ প্রথম দিন থেকেই আমি জানতে পারি নি যে, তুমিই নিবারণ চক্রবর্তী? কিন্তু তোমার ওই কবিতার মধ্যে এগনই আমাদের ভালোবাসার সমাধি তৈরি করতে শুরু ক'রো না, অন্তত্ত তার মরার জন্তে অপেক্ষা ক'রো।"

অমিত আৰু নানা বাব্দে কথা বলে ভিতরের কোন্ একটা উদ্বেগকে চাপা দিতে চায়, লাবণ্য তা বুঝেছিল।

অমিতও ব্রতে পেরেছে কাব্যের হন্দ্র কাল সংস্কাবেলায় বেধাপ হয় নি, আজ সকালবেলায় তার শ্বর কেটে যাচ্ছে। কিন্তু সেইটে যে লাবণার কাছে শ্বন্দান্ত সেও ওর ভালো লাগল না। একটু নীরসভাবে বললে, "তা হলে যাই, বিশ্বজ্ঞগতে আমারও কাজ আছে, আপাতত সে হচ্ছে হোটেল পরিদর্শন। ওদিকে লন্দ্রীছাড়া নিবারণ চক্রবর্তীর ছুটির মেরাদ এবার স্ক্রোল বৃরি।"

তপন লাবণ্য অমিতর হাত ধরে বললে, "দেখো, মিতা, আমাকে চিরদিন যেন ক্ষমা করতে পার। যদি একদিন চলে ধাবার সময় আসে, তবে, তোমার পায়ে পড়ি, যেন রাগ করে চলে ধেয়ো না।" এই বলে চোখের জল ঢাকবার জক্তে জ্বত অন্ত ধরে গেল।

অমিত কিছুক্ষণ শুদ্ধ হরে গাঁড়িরে রইল। তার পরে আশু আশু যেন অক্সমনে গেল যুকালিপটাস-তলার। দেখলে সেধানে আধরোটের গোটাকতক ভাঙা খোলা ছড়ানো। দেখেই গুর মনটার ভিতর কেমন একটা বাধা চেপে ধরলে। জীবনের ধারা চলতে চলতে তার ধে-সব চিহ্ন বিছিয়ে যার সেগুলোর তুক্ছতাই সব-চেয়ে সকরূপ। তার পরে দেখলে ঘাসের উপর একটা বই, সেটা রবি ঠাকুরের 'বলাকা'। তার

নিচের পাতাটা ভিজে গেছে। একবার ভাবলে ফিরিয়ে দিরে আসি গে, কিন্তু ফিরিয়ে দিলে না, সেটা নিল পকেটে। হোটেলে যাব-যাব করলে, তাও গেল না; বসে পড়ল পাছতলাটাতে। রাত্রের ভিজে মেমে আকাশটাকে খুব করে মেজে দিরেছে। ধুলো-ধোওয়া বাতাসে অত্যন্ত স্পষ্ট করে প্রকাশ পাচ্ছে চারদিকের ছবিটা; পাহাড়ের আর গাছপালার সীমান্তগুলি যেন ঘন নীল আকাশে খুদে-দেওয়া, জগংটা যেন কাছে এগিয়ে একেবারে মনের উপরে এসে ঠেকল। আন্তে আত্তে বেলা চলে যাচ্ছে, তার ভিতরটাতে ভৈরবীর স্বর।

এখনই খুব কবে কাজে লাগবে বলে লাবণার পণ ছিল, তবু যখন দূর খেকে দেখলে অমিত গাছতলায় বসে, আর থাকতে পারলে না, বুকের ভিতরটা হাঁপিয়ে উঠল, চোখ এল জলে ছলছলিয়ে। কাছে এসে বললে, "মিতা, তুমি কী ভাবছ ?"

"এতদিন যা ভাবছিলুম একেবারে তার উলটো।"

"মাঝে মাঝে মনটাকে উলটিয়ে না দেখলে তুমি ভালো পাক না। ভা তোমার উলটো ভাবনাটা কী রকম ভনি।"

"তোমাকে মনের মধ্যে নিয়ে এতদিন কেবল ধর বানাচ্চিল্ম,—কণনো গঞ্চার ধারে, কণনো পাহাড়ের উপরে। আজ মনের মধ্যে জাগছে সকালবেলাকার আলোয় উদাস-করা একটা পথের ছবি,—অরণোর ছায়ায় ছায়ায় ছই পাহাড়গুলোর উপর দিয়ে। হাতে আছে লোহার ফলাওআলা লম্বা লাঠি, পিঠে আছে চামড়ার স্ট্রাপ দিয়ে বাধা একটা চৌকো থলি। তুমি চলবে সম্বে। তোমার নাম সার্থক হ'ক, বস্তা, তুমি আমাকে বছধর থেকে বের করে পথে ভাসিয়ে নিয়ে চললে বৃদ্ধি। ধরের মধ্যে নানান লোক, পথ কেবল মুজনের।"

"ভায়মণ্ড হারবারের বাগানটা ভো গেছেই, তার পরে সেই পচান্তর টাকার ঘর-বেচারাও গেল। তা যাক গে। কিন্তু চলবার পথে বিচ্ছেদের ব্যবস্থাটা কী রকম করবে ? দিনান্তে তুমি এক পাছশালায় চুকবে, আর আমি আর-একটাতে ?"

"তার দরকার হয় না, বক্তা। চলাতেই নতুন রাখে, পারে পারে নতুন, পুরোনো হবার সময় পাওয়া যায় না। বঙ্গে-ধাকাটাই বুড়োমি।"

"হঠাং এ ধেয়ালটা ভোমার কেন মনে হল, মিতা 🖓

"তবে বলি। হঠাং শোভনলালের কাছ থেকে একপানা চিঠি পেরেছি। তার নাম শুনেছ বোধ হয়, রায়চাদ-প্রেমচাদওআলা। ভারত-ইতিহাসের সাবেক প্রশুলো সন্ধান করবে বলে কিছুকাল থেকে সে বেরিয়ে পড়েছে। সে অতীতের লুগু পর্ব উদ্ধার করতে চায়, আমার ইচ্ছে ভবিক্ততের পর্ব সৃষ্টি করা।" লাবণার বৃক্তের ভিতরে হঠাং খুব একটা ধাকা দিলে। কথাটাকে বাধা দিয়ে অমিতকে কললে, "শোভনলালের সঙ্গে একই বংসর আমি এম. এ. দিয়েছি। তার সব প্রবটা শুনভে ইচ্ছে করে।"

"এক সময়ে সে থেপেছিল আকগানিশ্বানের প্রাচীন শহর কাপিলের ভিতর দিয়ে একদিন যে প্রোনো রান্তা চলেছিল, সেইটেকে আয়ন্ত করবে। ওই রান্তা দিয়েই ভারতবর্বে হিউরেন সাঙের তীর্থবাত্রা, ওই রান্তা দিয়েই ভারত পূর্বে আলেকজাঙারের রণযাত্রা। খ্ব করে পূশতু পড়লে, পাঠানি কায়দাকান্থন অভ্যেস করলে। স্থল্মর চেহারা, ঢিলে কাপড়ে ঠিক পাঠানের মতো দেখতে হয় না, দেখায় যেন পারসিকের মতো। আমাকে এসে ধরলে সেখানে ফরাসি পিগুতরা এই কাজে লেগেছেন তাঁদের কাছে পরিচয়-পত্র দিতে, ফ্রান্সে থাকতে তাঁদের কারও কারও কাছে আমি পড়েছি। দিলেম পত্র, কিন্তু ভারত-সরকারের ছাড়চিঠি জুটল না। তার পর থেকে ত্র্গম হিমালয়ের মধ্যে কেবলই পথ খুঁজে বেড়াছে, কখনো কান্মীরে কখনো কুমায়ুনে। এবার ইছে হয়েছে হিমালয়ের পূর্ব-প্রান্তটাতেও সন্ধান করবে। বৌদ্ধর্ম প্রচারের রাতা এদিক দিয়ে কোণায় কোথায় গেছে সেইটে দেখতে চায়। ওই পথ-খ্যাপাটার কথা মনে করে আমারও মন উদাস হয়ে যায়। পুঁথির মধ্যে আমরা কেবল কথার রাতা খুঁজে টোব গোওয়াই, ওই পাগল বেরিয়েছে পথের পুঁথি পড়তে, মানব-বিধাতার নিজের হাতে লেখা। আমার কী মনে হয় জান গ্র

"की, वत्ना ।"

"প্রথম যৌবনে একদিন শোভনলাল কোন্ কাঁকনপরা হাতের ধান্ধা খেয়েছিল, তাই ঘরের থেকে পথের মধ্যে ছিটকিয়ে পড়েছে। ওর সমন্ত কাহিনীটা স্পষ্ট জানি নে, কিন্তু একদিন ওতে-আমাতে একলা ছিলুম, নানা কথার হল প্রায় রাত চুপুর, জানলার বাইরে হঠাং চাঁদ দেখা দিল, একটা মুলন্ত জাকলগাছের আড়ালে, ঠিক সেই সময়টাতে কোনো-একজনের কথা বলতে গেল, নাম করলে না, বিবরণ কিছুই বললে না, অল্ল একট্ আভাস দিতেই গলা ভার হরে এল, তাড়াতাড়ি বেরিয়ে চলে গেল। বৃকতে পারলুম ওর জীবনের মধ্যে কোন্খানে অত্যন্ত একটা নিষ্ঠ্র কথা বিংধ আছে। সেই কথাটাকেই বৃষ্ধি পথ চলতে চলতে ও পারে-পারে খইয়ে দিতে চার।"

লাবণার হঠাং উদ্ভিদতত্ত্বের ঝোঁক এল, হুয়ে পড়ে দেখতে লাগল, ঘাসের মধ্যে সাদায়-হলদের মেলানো একটা বুনো ফুল। একাস্ত মনোযোগে তার পাপড়িগুলো গুনে দেখার জন্মরি দরকার পড়ল।

অমিত বললে, "জান বস্তা, আমাকে তুমি আজ পথের দিকে ঠেলে দিয়েছ।"

"কেমন করে ?"

"আমি ঘর বানিয়েছিলুম। আজ সকালে ভোমার কণায় মনে হল তুমি তার মধ্যে পা দিতে কৃত্তিত। আজ ত্-মাস ধরে মনে-মনে ঘর সাজালুম। ভোমাকে ভেকে বললুম, এস বধ্, ঘরে এস। তুমি আজ বধ্সজ্জা ধসিয়ে ফেললে, বললে, এধানে জায়গা হবে না, বন্ধু, চিরদিন ধরে আমাদের সপ্তপদীগমন হবে।"

বনফ্লের বটানি আর চলল না। লাবণ্য হঠাং উঠে পড়ে ক্লিষ্টস্বরে বললে, "মিতা, আর নয়, সময় নেই।"

#### 28

### ধৃমকেতু

এতদিন পরে অমিত একটা কথা আবিকার করেছে যে, লাবণার সঙ্গে তার সম্বন্ধটা শিলঙস্থদ্ধ বাঙালি জানে। গভর্মেন্ট আপিসের কেরানিদের প্রধান আলোচা বিষয় তাদের জীবিকাভাগাগগনে কোন্ গ্রহ রাজা হৈল কে বা মন্ত্রিবর। এমন সময় তাদের চোখে পড়ল মানবজীবনের জ্যোতির্মন্তলে এক যুগ্মভারার আবর্তন, একেবারে কাস্ট ম্যাগ্রিচ্যুভের আলো। পর্যবেক্ষকদের প্রকৃতি অন্তসারে এই চুটি নবদীপামান জ্যোতিষ্কের আগ্রেয়নাট্যের নানাপ্রকার ব্যাখ্যা চলছে।

পাহাড়ে হাওয়া বেতে এসে এই ব্যাখ্যার মধ্যে পড়েছিল কুমার মৃথ্জো—জ্যাটনি। সংক্ষেপে কেউ তাকে বলে কুমার ম্বো, কেউ বলে মার মৃবো। সিসিদের মিত্রগোষ্ঠীর অন্তক্ষর নর সে, কিন্তু জ্ঞাতি, অর্থাং জানাশোনার দলে। অমিত তাকে ধ্মকেতু ম্বোনাম দিয়েছিল। তার একটা কারণ, সে এদের দলের বাইরে, তরু সে মাঝে মাঝে এদের কক্ষপথে পুচ্ছ বুলিরে যায়। সকলেই আন্দাক্ত করে, যে-গ্রহটি তাকে বিশেষ করে টান মারছে তার নাম লিসি। এই নিয়ে সকলেই কৌতৃক অক্সন্তব করে, কিন্তু লিসি স্বয়ং এতে কুদ্ধ ও লক্ষিত। তাই লিসি প্রায়ই প্রবল বেগে এর পুচ্চমর্পন করে চলে যায়, কিন্তু দেখতে পাই তাতে ধ্মকেতৃর ল্যাক্ষার বা মৃড়োর কোনোই লোকসান হয় না।

অমিত শিলঙের রাস্তার বাটে মাঝে মাঝে কুমার ম্পোকে দূর থেকে দেখেছে।
তাকে না দেখতে পাওয়া শক্ত। বিলেতে আজও যায় নি বলে তার বিলিতি কারদা
বধু উৎকটভাবে প্রকাশমান। তার মুখে নিরবচ্চিন্ন একটা দীর্গ মোটা চুক্ট থাকে

এইটেই তার ধ্মকেতৃ মুখো নামের প্রধান কারণ। অমিত তাকে দ্র থেকেই এড়িয়ে যাবার চেষ্টা করেছে এবং নিজেকে ভূলিয়েছে যে, ধ্মকেতৃ বুঝি সেটা বুঝতে পারে নি। কিছ দেখেও দেখতে না পাওয়াটা একটা বড়ো বিজ্ঞের অন্তর্গত। চুরিবিজ্ঞের মতোই, তার সার্থকতার প্রমাণ হয় বদি না পড়ে ধরা। তাতে প্রত্যক্ষ দৃষ্টটাকে সম্পূর্ণ পার করে দেশবার পারদর্শিতা চাই।

কুমার মুখো শিলঙের বাঙালিসমাজ থেকে এমন অনেক কথা সংগ্রন্থ করেছে যাকে মোটা অক্ষরে শিরোনামা দেওয়া যেতে পারে "অমিত রায়ের অমিতাচার।" মুগে সব-চেয়ে নিন্দে করেছে যারা, মনে সব-চেয়ে রস্ভোগ করেছে তারাই। যক্ততের বিক্ততি-শোধনের জক্তে কুমার কিছুদিন এখানে থাকবে বলেই স্থির ছিল, কিন্তু জনশ্রুতি বিন্তারের উগ্র উৎসাহে তাকে পাঁচদিনের মধ্যে কলকাতার কেরালে। সেখানে গিয়ে অমিত সম্বন্ধে তার চুক্রটধ্যাক্তত অভ্যুক্তি উদ্গারে সিসি-লিসিমহলে কেতিত্বক কেতিত্বলে জড়িত বিভীষিকা উৎপাদন করলে।

অভিক্র পাঠকমাত্রই এতক্ষণে অহুমান করে থাকবেন যে, সিসি-দেবতার বাহন হচ্ছে কেটি মিন্তিরের দাদা নরেন। তার অনেক দিনের একনিষ্ঠ বাহন-দশা এবার বৈবাহনের দশম দশায় উত্তার্ণ হবে এমন কথা উঠেছে। সিস্টি মনে-মনে রাজি। কিন্তু যেন রাজি নয় ভাব দেখিয়ে একটা প্রদোষান্ধকার থনিয়ে রেখেছে। অমিতর সম্মতি-সহায়ে নরেন এই সংশার্টুকু পার হতে পারবে বলে ঠিক করেছিল, কিন্তু অমিত হাদ্বাগটা না ক্ষেরে কলকাতার, না দেয় চিঠির জবাব। ইংরেজি যতগুলো গহিত শবভেদী বাক্য তার জানা ছিল সবগুলিই প্রকাশ্রে ও স্বগত উক্তিতে নিক্ষদেশ অমিতর প্রতি নিক্ষেপ করেছে। এমন কি, তারযোগে অত্যন্ত বেতার বাক্য শিলতে পাঠাতে ছাড়ে নি,—কিন্তু উদাসীন নক্ষরকে লক্ষ্য করে উন্ধত হাউয়ের মতো কোথাও তার দাহরেণা রইল না। অবশেষে সর্বসম্মতিক্রমে দ্বির হল অবস্থাটার সরেজমিন তদন্ত হওয়া দরকার। সর্বনাশের স্রোতে অমিতর ঝুঁটির ডগাটাও বদি কোথাও একটু দেখা যায় টেনে ডাঙার তোলা আন্ত দরকার। এ-সহক্ষে তার আপন বোন সিসির চেয়ে পরের বোন কেটির উৎসাছ অনেক বেশি। ভারতের ধন বিদেশে লুপ্ত হচ্ছে বলে আমাদের পলিটিন্ধের যে আক্ষেপ কেটি মিটারের ভাবখানা সেই জাতের।

নরেন মিটার দীর্ঘকাল মুরোপে ছিল। জমিদারের ছেলে, জারের জন্ত ভাবনা নেই, ব্যায়ের জন্তেও; বিছার্জনের ভাবনাও সেই পরিমাণে লঘু। বিদেশে ব্যায়ের প্রতিই অধিক মনোযোগ করেছিল, অর্থ এবং সময় দুই দিক থেকেই। নিজেকে আর্টিস্ট বলে পরিচয় দিতে পারলে একই কালে দায়মুক্ত স্বাধীনতা ও অইহতুক আত্মসন্মান লাভ করা

ষার! এই জন্তে আর্ট-সরস্বতীর অহুসরণে মুরোপের অনেক বড়ো বড়ো শহরের বোহিমীয় পাড়ায় সে বাস করেছে। কিছদিন চেষ্টার পর স্পষ্টবক্তা হিতৈষীদের কঠোর অমুরোধে ছবি আঁকা ছেড়ে দিতে হল, এখন সে ছবির সমজদারিতে পরিপক বলেই নিজের প্রমাণনিরপেক্ষ পরিচয় দেয়। চিত্রকলা সে ফলাতে পারে না কিন্ত হুই হাতে<sup>6</sup> সেটাকে চটকাতে পারে। ফরাসি ছাঁচে সে তার গোঁফের তুই প্রত্যন্তদেশকে সমত্রে কন্টকিত করেছে, এদিকে মাধায় ঝাঁকড়া চলের প্রতি তার সমত্র অবহেলা। চেহারাখানা তার ভালোই, কিন্তু আরও ভালো করবার মহাঘ্য সাধনায় তার আয়নার টেবিল প্যারিশীয় বিলাসবৈচিত্রে ভারাক্রান্ত। তার মুখ-ধোবার টেবিলের উপকরণ দশাননের পক্ষেও বাহুলা হত। দামি হাভানা ত্ৰ-চার টান টেনেই অনায়ালেই সেটাকে অবজ্ঞা করা, এবং মাসে মাসে গাত্রবন্ত্র পার্সেল পোস্টে করাসি ধোবার বাড়িতে ধুইরে আনানো---এ-সব দেখে ওর আভিজাতা সম্বন্ধ দ্বিক্তি করতে সাহস হয় না। মূরোপের শ্রেষ্ঠ দরজিশালার রেজেস্ট্রি বহিতে ওর গায়ের মাপ ও নম্বর লেখা, এমন স্ব কোঠায়, যেখানে খুঁজলে পাতিরালা-কর্পরতলার নাম পাওয়া যেতে পারে। ওর ম্লাঙ-বিকীর্ণ ইংরেজি ভাষার উচ্চারণটা বিজ্ঞড়িত বিলম্বিত, আমীলিত চক্কর অলস কটাক্ষ সহযোগে অনতিব্যক্ত; যারা অভিজ্ঞ তাদের কাছে শোনা যায় ইংলতের অনেক নীলরক্তবান্ আমীরদের কণ্ঠস্বরে এই রকম গদগদ জড়িমা। এর উপরে ঘোড়দোড়ীয় অপভাষা এবং বিলিতি শপথের দুর্বাক্যসম্পদে সে তার দলের লোকের আদর্শ পুরুষ।

কেটি মিটারের আসল নাম কেতকী। চালচলন ওর দাদারই কায়দাকারথানার বকয়য়পরস্পরায় শোধিত তৃতীয় ক্রমের চোলাই-করা,—বিলিতি কৌলীল্পের ঝাঝালো এসেল। সাধারণ বাঙালি মেয়ের দীর্ঘকেশগোরবের গর্বের প্রতি গর্বসহকারেই কেটি দিয়েছে কাঁচি চালিয়ে, থোঁপাটা ব্যাঙাচির লেজের মতো বিলুপ্ত হয়ে অফুকরণের উল্লেফ্নীল পরিণত অবস্থা প্রতিপন্ন করছে। মূয়ের স্বাভাবিক গোরিমা বর্ণপ্রলেপের দ্বারা এনামেল-করা। জীবনের আঘলীলায় কেটিয় কালো চোঝের ভাবটি ছিল স্লিয়, এখন মনে হয় সে মেন য়াকে-তাকে দেখতেই পায় না। যদি বা দেখে তো লক্ষ্যই করে না, যদি বা লক্ষ্য করে তাতে যেন আধবোলা একটা ছুরির ঝলক থাকে। প্রথমব্যাস ঠোটগুটিতে সরল মাধুর্ম ছিল, এখন বার-বার বেঁকে বেঁকে তার মধ্যে বাকা অম্বলের মতো ভাব স্থায়ী হয়ে গেছে। মেয়েদের বেশের বর্ণনার আমি আনাড়ি। তার পরিভাষা জানি নে। মোটের উপর চোখে পড়ে, উপরে একটা রঙের আভাস আসছে। বুকের জনকখানিই অনাবৃত; আর অনাবৃত বাহুত্টিকে কধনো কধনো টেবিলে, কখনো

চেকির হাতার, কবনো পরশপরকে জড়িত করে বন্ধের ভলিতে আলগোছে রাধবার সাধনা স্বসম্পূর্ব। আর বধন স্মার্জিতনধররমণীর দুই আঙুলে চেপে সিগারেট ধার সেটা বতটা অলংকরণের অক্তরপে ততটা ধ্যপানের উন্দেক্তে নর। স্ব-চেম্নে বেটা মনে ছিলিন্তা উদ্রেক করে সেটা ওর সম্চে ধ্রওআলা জুতোজোড়ার কৃটিল ভলিমার; ধেন ছাগলজাতীর জীবের আদর্শ বিশ্বত হরে মাহুবের পারের গড়ন দেবার বেলার স্টিকর্তা ভূল করেছিলেন, ধেন মৃচির দত্ত পদোরতির কিন্তৃত বক্রতার ধরণীকে পীড়ন করে চলার ধারা এভোলাশনের ফ্রেট সংশোধন করা হয়।

সিসি এখনও আছে মাঝামাঝি জারগার। শেবের ডিগ্রি এখনও পার নি, কিছ ডবল প্রোমোশন পেরে চলেছে। উচ্চ হাসিতে, অজন্র খুলিতে, অনর্গল আলাপে ওর মধ্যে সর্বলা একটা চলনবলন টগবগ করছে, উপাসকমওলীর কাছে সেটার খ্ব আদর। রাধিকার বরঃসন্ধির বর্ণনার দেখতে পাওরা বার কোখাও তার ভাবখানা পাকা, কোণাও কাঁচা, এরও তাই। খ্রওআলা জ্তোর য্গান্ধরের জরতোরণ, কিছু অনবচ্ছির থোপাটাতে ররে গেছে অতীত যুগ; পারের দিকে শাড়ির বহর ইঞ্চি ছই-তিন খাটো, কিছু উত্তরচ্ছদে অসংবৃতির সীমানা এখনও আলজ্জভার অভিমুখে; অকারণ দন্তানা পরা অভান্ত, অখচ এখনও এক হাতের পরিবর্তে ছই হাতেই বালা; সিগারেট টানতে আর মাণা বোরে না, কিছু পান ধাবার আসন্ধি এখনও প্রবল; বিস্কটের টিনে চেকে আচার-আমসন্থ পাঠিরে দিলে সে আপত্তি করে না, কিল্টমাসের প্রাম্ পুডিং এবং পৌষপার্বণের পিঠে এই ছইরের মধ্যে শেষটার প্রতিই তার লোলুপতা কিছু বেশি। ফিরিন্সি নাচওআলীর কাছে সে নাচ শিবেছে, কিছু নাচের সভার জুড়ি মিলিয়ে খুণিনাচ নাচতে সামান্ত একটু সংকোচ বোধ করে।

অমিত সম্বাদ্ধ জনরব শুনে এরা বিশেষ উদ্বিয় হরে চলে এসেছে। বিশেষত এদের পরিভাষাগত শ্রেণীবিভাগে লাবণা গবর্নেস। ওদের শ্রেণীর পূরুবের জাত মারবার জন্তেই তার "স্পোনাল ক্রিরেশন"। মনে সন্দেহ নেই, টাকার লোভে মানের লোভেই সে অমিতকে কবে আঁকড়ে ধরেছে, ছাড়াতে গেলে সেই কাজটাতে মেরেদেরই সন্মার্জনপট্ট হত্তকেপ করতে হবে। চতুমুর্থ তার চারজোড়া চক্ষে মেরেদের দিকে কটাক্ষপাত ও পক্ষপাত একসক্ষেই করে থাকবেন, সেইজন্তে মেরেদের সম্বাদ্ধ বিচারবৃদ্ধিতে পূরুবদের গড়েছেন নিরেট নির্বোধ করে। তাই, ক্রাতিমোহমূক্ত আজ্মীয়-মেরেদের সাহায্য না পেলে অনাজ্মীয়-মেরেদের মোহজাল থেকে পুরুবদের উদ্ধার পাওরা এত ছুঃসাধ্য।

আপাতত এই উদ্ধারের প্রণালীটা কী রকম হওরা চাই তাই নিম্নে ছই নারী নিজেদের মধ্যে একটা পরামর্শ ঠিক করেছে। এটা নিশ্চিত, গোড়ার অমিতকে কিছুই জানতে দেওরা হবে না। তার আগেই শক্তপক্ষকে আর রণক্ষেত্রটাকে দেখে আসা চাই। ভার পর দেখা যাবে মারাবিনীর কত শক্তি।

প্রথমে এসেই চোখে পড়ল অমিতর উপর ঘন এক পোঁচ গ্রাম্য রং। এর আগেও ওর ঘলের সঙ্গে অমিতর ভাবের মিল ছিল না। তবু সে তথন ছিল প্রথব নাগরিক, চাঁচা মাজা বাকবাকে। এখন কেবল যে খোলা হাওরায় রংটা কিছু মরলা হয়েছে তা নর, সবস্থদ্ধ ওর উপর বেন গাছপালার আমেজ দিরেছে। ও যেন কাঁচা হয়ে গেছে এবং ওদের মতে কিছু যেন বোকা। ব্যবহারটা প্রায় যেন সাধারণ মাছ্র্যের মতো। আগে জীবনের সমন্ত বিষয়কে হাসির অন্ত নিয়ে তাড়া করে বেড়াত, এখন ওর সে শুখ নেই বললেই হয়; এইটেকেই ওরা মনে করেছে নিদেন কালের লক্ষণ।

সিসি একদিন ওকে স্পষ্টই বললে, "দূর থেকে আমরা মনে করছিলুম তুমি বৃঝি থাসিয়া হবার দিকে নামছ। এখন দেখছি তুমি হয়ে উঠেছ, যাকে বলে গ্রীন, এখানকার পাইনগাছের মতো, হয়তো আগেকার চেয়ে স্বাস্থাকর, কিন্তু আগেকার মতো ইন্টারেন্টিং নয়।"

অমিত ওঅর্ডসওঅর্থের কবিতা থেকে নঞ্জির পেড়ে বললে, প্রকৃতির সংসর্গে থাকতে থাকতে নির্বাক নিশ্চেতন পদার্থের ছাপ লেগে যায় দেহে মনে প্রাণে, যাকে কবি বলেছেন "mute insensate things."

শুনে সিসি ভাবলে, নির্বাক নিশ্চেতন পদার্থকে নিয়ে আমাদের কোনো নালিশ নেই, যারা অভ্যন্ত বেশি সচেতন আর যারা কথা কইবার মধুর প্রগল্ভভার স্থপটু, ভাদের নিয়েই আমাদের ভাবনা।

ওরা আশা করেছিল লাবণ্য সহস্কে অমিত নিজেই কথা তুলবে। একদিন ছদিন তিনদিন যার সে একেবারে চুপ। কেবল একটা কথা আন্দান্তে বোঝা গেল, অমিতর সাথের তরণী সম্প্রতি কিছু বেশিরকম টেউ থাছে। ওরা বিছানা থেকে উঠে তৈরি হবার আগেই অমিত কোথা থেকে ঘূরে আসে, তার পরে মুখ দেখে মনে হর ঝ'ড়ো হাওরার যে-কলাগাছের পাতাগুলো ফালি ফালি হরে ঝুলছে তারই মতো শতদীর্থ ভাবধানা। আরপ্ত ভাবনার কথাটা এই যে, রবি ঠাকুরের বই কেউ কেউ ওর বিছানার দেখেছে। ভিতরের পাতার লাবণ্যর নাম থেকে গোড়ার অক্ষরটা লাল কালি দিরে কাটা। বোধ হর নামের পরশপাধরেই জিনিস্টার দাম বাভিরেছে।

অমিত ক্ষণে ক্ষণে বেরিরে ধার। বলে, ধিদে সংগ্রহ করতে চলেছি। থিদের কোগানটা কোথার, আর থিদেটা খুবই বে প্রবল তা অক্সদের অগোচর ছিল না। কিন্তু তারা এমনি অব্বের মতো ভাব করত বেন হাওয়ার কুধাকরতা ছাড়া শিলতে আর কিছু আছে এ-কথা কেউ ভাৰতে পারে না। সিদি মনে-মনে হাসে, কেট মনে-মনে হাসে। নিজের সমস্রাটাই অমিতর কাছে এত একাল্ক বে, বাইরের কোনো চাঞ্চল্য করার পক্তিই তার নেই। তাই সে নিঃসংকোচে স্থীবৃগলের কাছে বলে, "চলেছি এক জলপ্রণাতের সন্ধানে।" কিন্তু প্রপাতটা কোন্ শ্রেণীর, আর তার গতিটা কোন্ অভিমুখী, তা নিরে অক্তদের মনে যে কিছু থোঁকা আছে তা সে ব্রুতেই পারে না। আজ বলে গেল, এক জারগার কমলালেব্র মধ্র সওলা করতে চলেছে। মেরে ঘটি নিতান্ত নিরীহভাবে সরল ভাষার বললে, এই অপ্র্ব মধ্ সন্থতে তাদের ত্র্পমনীর কোতৃহল, তারাও সঙ্গে বতে চার। অমিত বললে, পথ ত্র্গম, যানবাহনের আরম্ভাতীত। বলেই আলোচনাটাকে প্রথম অংশে ছেদন করেই দৌড় দিলে। এই মধ্করের ডানার চাঞ্চল্য দেখে তুই বন্ধু দ্বির করলে আর দেরি নয়, আজই কমলালেব্র বাগানে অভিযান করা চাই। এদিকে নরেন গেছে যোড়গোড়ের মাঠে, সিদিকে নিয়ে যাবার জল্তে খ্ব আগ্রহ ছিল। সিদি পেল না। এই নির্ন্তিতে তার কতথানি শমদমের দরকার হয়েছিল তা দরদি ছাড়া অক্তে কে ব্রুবে।

30

# ব্যাঘাত

ছুই স্বী যোগমারার বাগানে বাইরের দরকা পার হয়ে চাকরদের কাউকে দেখতে পেলে না। গাড়িবারাগ্রায় এসে চোখে পড়ল বাড়ির রোয়াকে একটি ছোটো টেবিল পেতে একজন শিক্ষরিত্রী ও ছাত্রীতে মিলে পড়া চলছে। ব্রতে বাকি রইল না; এরই মধ্যে বড়োট লাবণা।

কেটি টকটক করে উপরে উঠে ইংরেন্সিতে বললে, "ত্নাধিত।" লাবণ্য চৌকি ছেড়ে উঠে বললে, "কাকে চান আপনার। ?"

কেটি এক মৃহূর্তে লাবণার আপাদমন্তকে দৃষ্টিটাকে প্রথর সাঁটার মতো ক্রুত ব্লিয়ে নিয়ে বললে, "মিস্টার অমিটারে এখানে এসেছেন কি না খবর নিতে এলুম।"

লাবণ্য হঠাং বুৰতেই পাৱলে না, অমিটারে কোন্ আতের জীব। বললে, "তাঁকে তো আমরা চিনি নে।"

অমনি ছুই স্বীতে একটা বিহাচ্চকিত চোধ-ঠারাঠারি ছবে গেল, মুখে পড়ল

একটা আড়হাসির রেখা। কেটি ঝাঁজিয়ে উঠে মাধা নাড়া দিয়ে বললে, "আমরা তো জানি, এ বাড়িতে তাঁর যাওয়া-আসা আছে oftener than is good for him।"

ভাব দেখে লাবণ্য চমকে উঠল, বুকলে এরা কে আর ও কী ভূলটাই করেছে। অপ্রস্তুত হয়ে বললে, "কণ্ডামাকে ডেকে দিই, তাঁর কাছে ধবর পাবেন।"

লাবণ্য চলে গেলেই স্থ্যমাকে কেটি সংক্ষেপে জিজ্ঞাসা করলে, "ভোমার টীচার ?" "হা।"

"নাম বৃক্তি লাবণ্য ?"

"計"

"গট মাাচেস ?"

হঠাং দেশালাইয়ের প্রয়োজন আন্দান্ত করতে না পেরে সুরুমা কণাটার মানেই বুঝল না। মুখের দিকে তাকিয়ে রইল।

किं वनल, "संभागारे।"

স্থরমা দেশালাইয়ের বান্ধ নিয়ে এল। কেটি সিগারেট ধরিয়ে টানতে টানতে স্থরমাকে জিজ্ঞাসা করলে, "ইংরেজি পড়?"

স্থরমা স্বীকৃতিস্চক মাধা নেড়েই ঘরের দিকে দ্রুত চলে গেল। কেটি বললে, "গবর্নেরে কাছে মেরেটা সার যাই শিখুক ম্যানার্স শেখে নি।"

তার পরে ছই সবীতে টিশ্পনী চলল। "ফেমাস লাবণা! ডিলীশস! শিলঙ পাহাড়টাকে ভলক্যানো বানিয়ে তুলেছে, ভূমিকম্পে অমিটের হৃদয়-ডাঙায় ফাটল ধরিয়ে দিলে, এধার থেকে ওধার। সিলি। মেন আর ফানি।"

সিসি উচৈঃ ববে হেসে উঠল। এই হাসিতে ঔদার্থ ছিল। কেননা, পুরুষমান্তথ নির্বোধ বলে সিসির পক্ষে আক্ষেপের কারণ ঘটে নি। সে তো পাণ্রে অমিতেও ভূমিকম্প ঘটিয়েছে, দিয়েছে একেবারে চোচির করে। কিন্তু এ কী স্পষ্টিছাড়া ব্যাপার। একদিকে কেটির মতো মেয়ে, আর অক্তদিকে ওই অভূত ধরনে কাপড়-পরা গবর্নেস। ম্বে মাধন দিলে গলে না, যেন একতাল ভিজে ক্তাকড়া, কাছে বসলে মনটাতে বাদলার বিষ্টের মতো ছাতা পড়ে বার। কী করে অমিট ওকে এক মোমেন্টও সম্ভ করে প্

"সিসি, তোমার দাদার মনটা চিরদিন উপরে পা করে হাঁটে। কোন্ এক স্পষ্টিছাড়া উলটো বৃদ্ধিতে এই মেরেটাকে হঠাৎ মনে হরেছে এঞ্জেল।"

এই বলে টেবিলে স্থালক্ষেত্রার বইরের গারে সিগারেটটা ঠেকিরে রেখে কেটি ওর রূপোর শিকলওস্থালা প্রসাধনের ধলি বের করে মুখে একটুবানি পাউভার লাগালে, স্থানের পেনসিল দিয়ে ভূকর রেখাটা একটু ফুটিরে ভূললে। দাদার কাণ্ডক্ষানহীনভায় সিসির বংশত্ত রাগ হর না, এমন কি, ভিতরে ভিতরে একটু বেন প্লেহই হয়। সমস্ত রাগটা পড়ে পুরুষদের মুখনরনবিহারিণী যেকি একেলদের 'পরে। দাদার সক্ষে সিসির এই সক্ষেত্ক শুদাসীক্ষে কেটির ধৈর্যভঙ্গ হয়। খুব করে ঝাঁকানি দিয়ে নিতে ইচ্ছে করে।

এমন সমরে সাদা গরদের শাড়ি পরে বোগমারা বেরিয়ে এলেন। লাবণা এল না। কেটির সন্দে এসেছিল কাঁকড়া চুলে তুই চোগ আচ্ছরপ্রায় ক্রকারা ট্যাবি নামধারী ক্কুর। সে একবার জাণের বারা লাবণা ও প্রমার পরিচর গ্রহণ করেছে। বোগমারাকে দেখে হঠাং ক্কুরটার মনে কিছু উৎসাহ জ্পাল। তাড়াতাড়ি গিরে সামনের চুটো পা দিরে বোগমারার নির্মল শাড়ির উপর পদ্বিল স্বাক্ষর অন্ধিত করে দিরে কৃত্রিম প্রীতি জ্ঞাপন করলে। সিসি বাড় ধরে টেনে আনলে কেটির কাছে, কেটি তার নাকের উপর তর্জনী তাড়ন করে বললে, "নটি ভগ।"

কেটি চৌকি থেকে উঠলই না। সিগারেট টানতে টানতে অত্যন্ত নির্দিপ্ত আড়ভাবে একটু ঘাড় বাঁকিয়ে যোগমারাকে নিরীক্ষণ করতে লাগল। যোগমারার পৈরে তার আক্রোশ বোধ করি লাবণার চেয়েও বেশি। ওর ধারণা, লাবণার ইতিহাসে একটা খুঁত আছে। যোগমারাই মাসি সেজে অমিতর হাতে তাকে গতিয়ে দেবার কৌশল করছে। পুরুষমান্থ্যকে ঠকাতে অধিক বৃদ্ধির দরকার করে না, বিধাতার স্বহস্তে তৈরি ঠলি তাদের ছুই চোখে পরানো।

সিসি সামনে এসে যোগমায়াকে নমস্বারের একটু আভাস দিয়ে বললে, "আমি সিসি, অমির যোন।"

ষোগমায়া একটু হেসে বললেন, "অমি আমাকে মাসি বলে, সেই সম্পর্কে আমি তোমায়ও মাসি হই, মা।"

কেটির রক্ম দেখে যোগমার। তাকে লক্ষাই করলেন না। সিসিকে বললেন, "এস, মা, দরে বসবে এস।"

সিসি বললে, "সময় নেই, কেবল খবর নিতে এসেছি, অমি এসেছে কি না।" যোগমায়া বললেন, "এখনও আছে নি।"

"কখন আসবেন জানেন ?"

"ঠিক বগতে পারি নে, আচ্ছা আমি জিক্সাসা করে আসি গে।

কেটি ভার স্বস্থানে বসেই তীব্রস্বরে বলে উঠল, "যে-মাস্টারনী এখানে বসে পড়াচ্ছিল সে তো ভান করলে অমিটকে সে কোনোকালেই জানেই না।"

यात्रमादाव धीक्षा त्नरत रत्नता। त्वरनन कोषां अक्की त्तांन चाह् । ७-७

বুঝলেন এদের কাছে মান রাধা শব্দ হবে। এক মুহুর্তে মাসিত্ব পরিহার করে বললেন, "শুনেছি অমিতবারু আপনাদের হোটেলেই থাকেন, তাঁর ধবর আপনাদেরই জানা আছে।"

কেটি বেশ একটু স্পষ্ট করেই হাসলে। তাকে ভাষায় বললে বোঝায়, "পুকোতে ' পার, ফাঁকি দিতে পারবে না।"

আসল কথা, গোড়াতেই লাবণাকে দেখে এবং অমিকে সে চেনে না ভনে কেটি মনে-মনে আগুন হয়ে আছে। কিন্তু সিসির মনে আশহা আছে মাত্র, জালা নেই; যোগমায়ার স্থন্দর মূখের গান্তার্থ তার মনকে টেনেছিল। তাই, ধধন দেখলে কেটি তাঁকে স্পষ্ট অবজা দেখিয়ে চৌকি ছাড়লে না, তার মনে কেমন সংকোচ লাগল। অবচ কোনো বিষয়ে কেটির বিরুদ্ধে বেতে সাহস হর না, কেননা, কেটি সিভিশন দমন করতে ক্ষিপ্রহন্ত,—একট্র সে বিরোধ সম্ম না। কর্কশ ব্যবহারে তার কোনো সংকোচ নেই! অধিকাংশ মাত্রুষ্ট ভীঙ্গ, অকুষ্ঠিত চুর্ব্যবহারের কাছে তারা হার মানে। নিজের অজন্র কঠোরতার কেটির একটা গর্ব আছে; যাকে সে মিষ্টিমুবো ভালোমাছযি বলে, বন্ধুদের মধ্যে তার কোনো লক্ষণ দেখলে তাকে দে অন্থির করে তোলে। ক্ষচতাকে সে অকপটতা বলে বড়াই করে, এই ক্ষচতার আঘাতে যারা সংকৃচিত তারা কোনোমতে কেটিকে প্রদন্ন রাখতে পারলে আরাম পার। সিদি সেই দলের.—সে কেটিকে মনে-মনে যতই ভয় করে ততই তার নকল করে, দেখাতে যায় সে তুর্বল নয়। স্ব সমরে পেরে ওঠে না। কেটি আব্দ বুঝেছিল যে, তার ব্যবহারের বিরুদ্ধে সিসির মনের কোণে একটা মুখচোরা আপত্তি লুকিয়ে ছিল। তাই সে ঠিক করেছিল, যোগমায়ার সামনে সিদির এই সংকোচ কড়া ক'রে ভাঙতে হবে। চৌকি বেকে উঠল, একটা निशादबंधे निरंत्र निनित्र मृत्य विनिद्ध पिटल, निर्व्यत धर्वात्ना निशादबंधे मृत्य करतहे निनित्र সিগাবেট ধরাবার ব্যক্তে মূখ এগিরে নিরে এল। প্রভ্যাখ্যান করতে সিসি সাহস कदल ना। कात्नद छगांछ। এक्ट्रेशनि नान रुख छेईन। छत् स्नाद करत धमनि একটা ভাব দেখালে, যেন তাদের হাল পাশ্চাত্যিকতায় যাদের জ্র এতটুকু কৃঞ্চিত হবে তাদের মূবের উপর ও তুড়ি মারতে প্রস্তুত—that much for it!

ঠিক সেই সমরটাতে অমিত এসে উপস্থিত। মেরেরা তো অবাক। হোটেল থেকে যথন সে বোররে এল মাধার ছিল কেন্ট ছাট, গারে ছিল বিলিতি কোর্ডা। এথানে দেখা যাচ্ছে পরনে তার ধৃতি আর শাল। এই বেশাস্করের আভ্রা ছিল তার সেই কৃটিরে। সেইখানে আছে একটি বইরের শেল্ফ, একটি কাপড়ের তোরক, আর যোগমারার দেওয়া একটি আরামকেদারা। হোটেল থেকে মধ্যাক্রভোক্ষন সেরে এইবানে সে আশ্রর নের। আঞ্জাল লাবণ্যর শাসন কড়া, সুরমাকে পড়ানোর দমবের মাঝবানটাতে জলপ্রপাত বা কমলালেব্র সন্ধানে কাউকে প্রবেশ করতে দেওরা হয় না। সেইজন্তে, বিকেলে সাড়ে চারটে বেলার চা-পানসভার পূর্বে এ-বাড়িতে দৈহিক মানসিক কোনোপ্রকার ভৃষ্ণানিবারণের সৌজন্তসমত স্থবোগ অমিতর ছিল না। এই সমরটা কোনোমতে কাউরে কাপড় ছেড়ে ধ্বানির্দিষ্ট সমরে এধানে সে আসত।

আৰু হোটেল থেকে কেরোবার আগেই কলকাতা থেকে এসেছে তার আংট। কেমন করে সে সেই আংট লাবণ্যকে পরাবে তার সমস্ত অন্তর্চানটা সে বসে বসে কর্মনা করেছে। আৰু হল ওর একটা বিশেষ দিন। এ-দিনকে দেউড়িতে বসিরে রাধা চলবে না। আৰু সব কাব্দ বন্ধ করা চাই। মনে-মনে ঠিক করে রেখেছে লাবণা বেগানে পড়াছে সেইখানে গিরে বলবে—একদিন হাতিতে চড়ে বাদশা এসেছিল, কিন্তু তোরণ ছোটো, পাছে মাথা হেঁট করতে হর তাই সে ফিরে গেছে, নতুন-তৈরি প্রাসাদে প্রবেশ করে নি। আব্দ এসেছে আমাদের একটি মহাদিন, কিন্তু তোমার অবকাশের তোরণটা তুমি খাটো করে রেখেছ,—সেটাকে ভাঙো, রাজা মাথা তুলেই তোমার ধরে প্রবেশ কর্মন।

অমিত এ-কথাও মনে করে এসেছিল বে, ওকে বলবে, ঠিক সময়টাতে আসাকেই বলে পাকচ্যালিটি;—কিন্তু ঘড়ির সময় ঠিক সময় নয়, ঘড়ি সমরের নমর জানে, তার মূল্য জানবে কা করে ?

অমিত বাইরের দিকে তাকিরে দেখলে, মেঘে আকালটা ম্লান, আলোর চেহারাটা বেলা পাঁচটা-ছটার মতো। অমিত ঘড়ি দেখলে না, পাছে ঘড়িটা তার অভস্থ ইশারার আকাশের প্রতিবাদ করে। যেমন বছদিনের অ'রো রোগীর মা ছেলের গা একটু ঠাণ্ডা দেখে আর ধার্মমিটর মিলিরে দেখতে সাহস করে না। আজ অমিত এসেছিল নির্দিষ্ট সমরের বংশ্ট আগে। কারণ, ছরাশা নির্লক্ষঃ

বারান্দার বে-কোণটার বসে লাবণ্য তার ছাত্রীকে পড়ার, রান্তা দিরে আসতে সেটা চোথে পড়ে। আব্দ দেখলে সে-জারগাটা খালি। মন আনন্দে লাক্দিরে উঠল। এতক্ষণ পরে ঘড়ির দিকে তাকিরে দেখলে। এখনও তিনটে বেজে বিল মিনিট। সেদিন ও লাবণ্যকে বলেছিল নিরমপালনটা মাহুবের, অনিরমটা দেবতার; মর্ত্যে আমরা নিরমের সাধনা করি শর্গে অনিরম-অমুতে অধিকার পাব বলেই। সেই শর্গ মাঝে মাঝে মর্ত্যেই দেখা দের তখন নিরম ভেঙে তাকে সেলাম করে নিতে হর। আলা হল, লাবণ্য নিরম-ভাঙার গোরব ব্রেছে বা; লাবণ্যর মনের

মধ্যে হঠাং আজ বৃঝি কেমন করে বিশেষ দিনের স্পর্ণ লেগেছে, সাধারণ দিনের বেড়া গেছে ভেঙে।

নিকটে এসে দেখে যোগমারা তাঁর ঘরের বাইরে শুস্তিত হয়ে দাঁড়িয়ে, আর সিসি তার মুখের সিগারেট কেটির মুখের সিগারেট থেকে আলিরে নিচ্ছে। অসম্মান যে ইচ্ছাক্রত তা বুঝতে বাকি রইল না। ট্যাবি কুকুরটা তার প্রথম-মৈত্রীর উচ্ছাসে বাধা পেরে কেটির পারের কাছে ভয়ে একটু নিপ্রার চেষ্টা করছিল। অমিতর আগমনে তাকে সংবর্ধনা করবার জক্তে আবার অসংযত হয়ে উঠল। সিসি আবার তাকে শাসনের দ্বারা ব্কিয়ে দিলে যে, এই সদ্ভাবপ্রকাশের প্রণালীটা এখানে সমাদৃত হবে না।

্ ভূই সন্ধার প্রতি দৃক্পাত মাত্র না করে "মাসি" বলে দূর পেকে ডেকেই অমিত যোগমায়ার পায়ের কাছে পড়ে তার পায়ের ধুলো নিলে। এ-সময়ে এমন করে প্রণাম করা তার প্রথার মধ্যে ছিল না। জিজ্ঞাসা করলে, "মাসিমা, লাবণা কোথার ?"

"কী জানি, বাছা, ঘরের মধ্যে কোবায় আছে।"

"এখনও তো তার পড়াবার সময় শেষ হয় নি।"

"বোধ হয় এঁরা আসাতে ছুটি নিয়ে **ব্যর গেছে**।"

"চলো, একবার দেখে আসি সে কী করছে।" বোগমায়াকে নিয়ে অমিত ঘরে গেল। সম্পূথে যে আব-কোনো সঙ্গীব পদার্থ আছে সেটা সে সম্পূর্ণ ই অস্থীকার করলে।

দিদি একটু চেঁচিয়ে বলে উঠল, "অপমান। চলো, কেটি, দরে যাই।" কেটিও কম জলে নি। কিন্তু শেষ পর্বস্ত না দেশে সে যেতে চাল্ল না।

मिमि वलल, "कारना कल इरव ना।"

কেটির বড়ো বড়ো চোপ বিক্ষারিত হরে উঠন, বলনে, "হড়েই হবে কল।"

আরও বানিকটা সময় গেল। সিসি আবার বললে, "চলো ভাই, আর একটুও থাকতে ইচ্ছে করছে না।"

কেটি বারাগুার ধরা দিয়ে বসে রইল। বললে, "এইধান দিরে তাকে বেরোতেই তো হবে।"

অবশেষে বেরিরে এক অমিত, সংশ নিরে এক কাবশ্যকে। লাবশার মুখে একটি নির্লিপ্ত শান্তি। তাতে একটুও রাগ নেই, স্পর্ধা নেই, অভিযান নেই। বোগমারা পিছনের ঘরেই ছিলেন, তাঁর বেরোবার ইছা ছিল না। অমিত তাঁকে ধরে নিয়ে এক। একমূছতের মধ্যেই কেটির চোধে পড়ল লাবণ্যর হাতে আংটি। মাধার রক্ত চন করে। উঠল, লাল হরে উঠল তুই চোধ, পৃথিবীটাকে লাখি মারতে ইচ্ছে করল।

শ্বমিত বললে, "মাসি, এই শামার বোন 'শমিতা, বাবা বোধ হয় আমার নামের গলে ছন্দ মিলিয়ে নাম রেখেছিলেন, কিন্তু রয়ে গেল শ্বমিত্রাক্ষর। ইনি কেতকী, আমার বোনের বন্ধু।"

ইতিমধ্যে আর-এক উপত্রব। সুরমার এক পোষা বিড়াল হর থেকে বেরিরে আসাতেই ট্যাবির কুরুরীয় নীতিতে সে এই স্পর্ধাটাকে ষ্ক্রোষণার বৈধ কারণ বলেই গণ্য করলে। একবার অগ্রসর হরে তাকে ভর্মনা করে, আবার বিড়ালের উন্নত নগর ও ফোঁসফোঁসানিতে ব্রের আন্তক্ষ সহছে সংশ্রাপন্ন হরে কিরে আসে। এমন অবস্থার কিঞ্চিং দ্ব হতেই অহিংল্র গর্জননীতিই নিরাপদ বীরত্ব প্রকাশের উপার মনে করে অপরিমিত চীংকার শুরু করে দিলে। বিড়ালটা তার কোনো প্রতিবাদ না করে পিঠ ফ্লিয়ে চলে পেল। এইবার কেটি সন্থ করতে পারলে না। প্রবল আক্রোশে কুকুরটাকে কান-মলা দিতে লাগল। এই কান-মলার অনেকটা অংশই নিজের ভাগোর উদ্দেশে। কুকুরটা কেই কেই স্বরে অসদ্ব্যবহার সন্ধত্বে তীর অভিমত জানালে। ভাগা নিংশব্দ হাসল।

এই গোলমালটা একটু ধামলে পর অমিত সিসিকে লক্ষ্য করে বললে, "সিসি, এঁরই নাম লাবণা। আমার কাছ থেকে এঁর নাম কখনো লোন নি, কিন্তু বোধ হচ্ছে, আর-দশজনের কাছ থেকে শুনেছ। এঁর সঙ্গে আমার বিবাহ দ্বির হয়ে গেছে, কলকাতার অজ্ঞান মাসে।"

কেটি মূপে হাসি টেনে আনতে দেরি করলে না। বললে, "আই কনগ্রাচ্লেট। কমলালেব্র মধু পেতে বিশেষ বাধা হয় নি বলেই ঠেকছে, রাস্তা কঠিন নয়, মধু লাফ দিয়ে আপন্নিই এগিয়ে এসেছে মূধেয় কাছে।"

সিসি তার স্বাভাবিক অভ্যাসমতো হী হী করে হেসে উঠন।

লাবণ্য ব্ৰলে কথাটার খোচা আছে, কিন্তু মানেটা সম্পূর্ণ ব্ৰলে না।

শমিত তাকে বললে, "আজ বেরোবার সময় এরা আমাকে জিজ্ঞাসা করেছিল, কোধার বাচ্ছে ? আমি বলেছিলুম বক্ত মধুর সন্ধানে। তাই এরা হাসছে। ওটা আমারই দোব;—আমার কোন্ কবাটা বে হাসির নর লোকে সেটা ঠাওরাতে পারে না।"

কেটি শান্তব্রেই বললে, "কমলালেব্র মধু নিরে তোমার তো জিত হল, এবার আমারও বাতে হার না হর, লেটা করো।" "কী করতে হবে, বলো।"

"নরেনের সঙ্গে আমার একটা বাজি আছে। সে বলেছিল, জেন্টেলম্যানরা বেখানে বার কেউ সেধানে ভোমাকে নিয়ে বেতে পারে না, কিছুতেই তুমি রেস দেখতে বাবে না। আমি আমার এই হীরের আংটি বাজি রেধে বলেছিলুম, তোমাকে রেসে নিয়ে বাবই। এ-দেশে বত ঝরনা, বত মধ্র দোকান আছে সব সন্ধান করে শেবকালে এশানে এসে তোমার দেখা পেলুম। বলো না, ভাই সিসি, কত ফিরতে হয়েছে বুনো হাঁস শিকারের চেষার, ইংরেজিতে যাকে বলে wild goose।"

সিসি কোনো কথা না বলে হাসতে লাগল। কেটি বললে, "মনে পড়ছে সেই গল্লটা—একদিন তোমার কাছেই শুনেছি অমিট। কোন পার্শিরান ফিলজফার তার পাগড়ি-চোরের সন্ধান না পেরে লেষে গোরস্থানে এসে বসেছিল। বলেছিল, পালাবে কোথায়? মিস লাবণা যখন বলেছিলেন ওকে চেনেন না আমাকে ধোঁকা লাগিয়ে দিয়েছিল, কিন্তু আমার মন বললে, ঘুরে ফিরে ওকে ওর এই গোরস্থানে আসতেই হবে।"

भिभि **छेक्तः य**दा एटम छेर्छन ।

কেটি লাবণাকে বললে, "অমিট আপনার নাম মূপে আনলে না, মধ্র ভাষাতে ঘূরিয়ে বললে, কমলালেব্র মধু; আপনার বৃদ্ধি খুবই বেশি সরল, ঘূরিয়ে বলবার কৌশল মূখে জোগার না, কস করে বলে কেললেন, অমিটকে জানেনই না। তব্ সান ডে সুনের বিধানমতো ফল ফলল না, দওদাতা আপনাদের কোনো দওই দিলেন না, শক্ত পথের মধ্ও একজন এক চুমুকেই থেয়ে নিলেন, আর আজানাকেও একজন এক দৃষ্টিতেই জানলেন, এখন কেবল আমার ভাগোই হার হবে ? দেখো তো, সিসি, কী অক্যায়।"

সিসির আবার সেই উচ্চ হাসি। ট্যাবি কুকুরটাও এই উচ্চ্ছাসে খোগ দেওয়া তার সামাজিক কর্তব্য মনে করে বিচলিত হবার লক্ষণ দেখালে। তৃতীয়বার তাকে দমন করা হল।

কেটি বললে, "অমিট তৃমি জান, এই হীরের আংটি বদি হারি, জ্বপতে আমার সান্ধনা থাকবে না। এ আংটি একদিন তুমিই দিয়েছিলে। একমুহূর্ত হাত থেকে খুলি নি, এ আমার দেহের সঙ্গে এক হয়ে গেছে। লেষকালে আজ এই শিলঙ পাহাড়ে কি একে বাজিতে খোয়াতে হবে ?"

সিসি বললে, "বাজি রাখতে গেলে কেন, ভাই ?"

"মনে-মনে নিজের উপর অহংকার ছিল, আর মামুষের উপর ছিল বিশাস।

অহংকার ভাঙল,—এবারকার মতো আমার রেস ফুরোল, আমারই হার। মনে হচ্ছে অমিটকে আর রাজি করতে পারব না। তা এমন অঙুত করেই বদি হারাবে সেদিন এত আদরে আংটি দিরেছিলে কেন? সে-দেওরার মধ্যে কি কোনো বাঁধন ছিল না? এই দেওরার মধ্যে কি কথা ছিল না বে, আমার অপমান কোনোদিন ভূমি ঘটতে দেবে না ?"

বলতে বলতে কেটির গলা তার হবে এল, অনেক কটে চোণের জল সামলে নিলে। আজ সাত বংসর হবে গেল, কেটির বরস তথন আঠারো। সেদিন এই আংটি অমিত নিজের আঙুল থেকে খুলে ওকে পরিয়ে দিয়েছিল। তথন ওরা তুজনেই ছিল ইংলণ্ডে। অন্ধকোর্ডে একজন পালাবি বুবক ছিল কেটির প্রণরমুয়। সেদিন আপসে অমিত সেই পালাবির সজে নদীতে বাচ খেলেছিল। অমিতরই হল জিত। জুন মাসের জ্যোংসায় সমন্ত আকাল যেন কথা বলে উঠেছিল, মাঠে মাঠে ফুলের প্রচুর বৈচিত্রো ধরণী তার ধৈর্য হারিরে কেলেছে। সেইক্ষণে অমিত কেটির হাতে আংটি পরিয়ে দিলে, তার মধ্যে অনেক কথাই উহ্ ছিল কিন্তু কোনো কথাই গোপন ছিল না। সেদিন কেটির মুখে প্রসাধনের প্রলেপ লাগে নি, তার হাসিটি সহজ ছিল, ভাবের আবেগে তার মুখ রিজম হতে বাধা পেত না। আংটি হাতে পরা হলে অমিত তার কানে কানে বলেছিল—

# Tender is the night

And haply the queen moon is on her throne.

কেটি তথন বেশি কথা বলতে শেখে নি। দীর্ঘনিঃখাস কেলে কেবল যেন মনে-মনে বলেছিল, "মন আমী," ফরাসি ভাষায় যার মানে হচ্ছে, বঁধু।

पाक प्रमिख्य मृत्रिश क्वाव (वर्ष लिन । (छत्व लिल ना, की वन्नत ।

কেটি বললে, "বাজিতে বদিই হারলুম তবে আমার এই চিরদিনের হারের চিহ্ন তোমার কাছেই থাক, অমিট। আমার হাতে রেখে একে আমি মিখো কথা বলতে দেব না।"

বলে আংটি খুলে টেবিলটার উপর রেখেই ফ্রন্ডবেগে চলে গেল। এনামেল-করা মুখের উপর দিরে দরদর করে চোখের জ্বল গড়িয়ে পড়তে লাগল। 30

# **মৃতি**

একটি ছোটো চিঠি এল লাবণার হাতে, শোভনলালের লেখা:

শিলতে কাল রাত্রে এসেছি। যদি দেখা করতে অনুমতি দাও তবে দেখতে বাব। না বদি দাও কালই কিরব। তোমার কাছে শান্তি পেরেছি, কিন্তু কবে কী অপরাধ করেছি আজ পর্যন্ত শান্ত করে ব্রুতে পারি নি। আজ এসেছি তোমার কাছে সেই কথাটি শোনবার জন্তে, নইলে মনে শান্তি পাই নে। ভয় ক'রো না। আমার আর কোনো প্রার্থনা নেই।

লাবণ্যর চোথ জলে ভরে এল। মুছে ফেললে। চুপ করে বসে ফিরে তাকিয়ে রইল নিজের অতীতের দিকে। যে-অঙ্করটা বড়ো হয়ে উঠতে পারত অথচ যেটাকে চেপে দিরেছে, বাড়তে দের নি, তার সেই কচিবেলাকার কম্প ভীম্বতা ওর মনে এল। এতদিনে সে ওর সমস্ত জীবনকে অধিকার করে তাকে সফল করতে পারত। কিন্তু সেদিন ওর ছিল জ্ঞানের গর্ব, বিদ্যার একনিষ্ঠ সাধনা, উত্তত স্বাভন্মবোধ। সেদিন আপন বাপের মুখতা দেখে ভালোবাসাকে তুর্বলতা বলে মনে-মনে ধিক্কার দিরেছে। ভালোবাসা ক্লাক্ষ তার শোধ নিলে, অভিমান হল ধ্লিসাং। সেদিন যা সহজে হতে পারত নিঃশাসের মতো, সরল হাসির মতো, আজ্ব তা কঠিন হয়ে উঠল ;—সেদিনকার জীবনের সেই অতিথিকে তু-হাত বাড়িয়ে গ্রহণ করতে আজ্ব বাধা পড়ে, তাকে ত্যাগ করতেও বৃক ফেটে যার। মনে পড়ল অপমানিত শোভনলালের সেই কৃষ্টিত বাধিত মৃতি। তার পরে কতদিন গেছে, য্বকের সেই প্রত্যাখ্যাত ভালোবাসা এতদিন কোন্ অমতে বেঁচে রইল ? আপনারই আস্করিক মাহাছোয়।

লাবণ্য চিঠিতে লিখলে,

ভূমি আমার সকলের বড়ো বন্ধু। এ বন্ধুত্বের পুরো দাম দিতে পারি এমন ধন আজ আমার হাতে নেই। ভূমি কোনোদিন দাম চাও নি; আজও ভোমার যা দেবার জিনিস তাই দিতে এসেচ কিছুই দাবি না করে। চাই নে বলে ফিরিয়ে দিতে পারি এমন শক্তি নেই আমার, এমন অহংকারও নেই।

চিঠিটা লিখে পাঠিরে দিরেছে এমন সময় অমিত এসে বললে, "বক্তা, চলো আৰু ছক্ষনে একবার বেড়িয়ে আসি গে।"

অমিত ভরে-ভরেই বলেছিল, ভেবেছিল লাবণা আৰু হয়তো যেতে রাজি হবে না। नावना महरूहे वनरन, "हरना।"

তৃত্বনে বেরোল। অমিত কিছু বিধার সঙ্গেই লাবণ্যর হাতটিকে হাতের মধ্যে নেবার চেষ্টা করলে। লাবণ্য একটুও বাধা না দিরে হাত ধরতে দিলে। অমিত হাতটি একটু জোরে চেপে ধরলে তাতেই মনের কথা বেটুকু ব্যক্ত হয় তার বেশি কিছু মূথে এল না। চলতে চলতে সেদিনকার সেই আরগাতে এল বেখানে বনের মধ্যে হঠাং একটুখানি ফাক। একটি তরশ্যু পাহাড়ের শিধরের উপর সূর্য আপনার শেব স্পর্ণ ঠিকিরে নেমে গেল। অভিস্কৃত্বমার সব্জের আভা আত্তে আত্তে স্থকোমল নীলে গেল মিলিরে। তৃত্বনে থেমে সেইদিকে মূধ করে দাঁড়িরে রইল।

লাবণ্য আবে আবে বললে, "একদিন একজনকে বে-আংটি পরিয়েছিলে আমাকে দিয়ে আজ সে-আংটি খোলালে কেন ?"

অমিত বামিত হয়ে বললে, "তোমাকে সব কথা বোঝাৰ কেমন করে, বক্তা। দেদিন যাকে আংট পরিয়েছিলুম, আর যে আফ সেটা খুলে দিলে তারা চুক্সনে কি একই মান্তব ?"

লাবণা বললে, "তাদের মধ্যে একজন স্ক্রীকর্তার আদরে তৈরি, আর একজন ভোমার জনাদরে গড়া।"

অমিত বললে, "কণাটা সম্পূর্ণ ঠিক নর। বে-আঘাতে আজকের কেটি তৈরি তার দায়িত্ব কেবল আমার একলার নর।"

"কিন্ধ, মিতা, নিজেকে যে একদিন সম্পূৰ্ণ তোমার হাতে উৎসর্গ করেছিল, তাকে তুমি আপনার করে রাখলে না কেন ? বে-কারণেই হ'ক আগে তোমার মুঠো আলগা হরেছে তার পরে দশের মুঠোর চাপ পড়েছে ওর উপরে, ওর মৃতি গেছে বদলে। তোমার মন একদিন হারিরেছে যলেই দশের মনের মতো করে নিজেকে সাজাতে বসল। আজ তো দেখি ও বিলিতি দোকানের পুতুলের মতো; সেটা সম্ভব হত না, যদি ওর হাদর বেঁচে থাকত। থাক গে ও-সব কথা। তোমার কাছে আমার একটা প্রার্থনা আছে। রাখতে হবে।"

"বলো, নিশ্চর রাধব।"

"অন্তত হপ্তাধানেকের জন্তে তোমার দলকে নিরে ভূমি চেরাপুরিতে বেড়িরে এস। ওকে আনন্দ দিতে নাও যদি পার ওকে আমোদ দিতে পারবে।"

অমিত একট্রখানি চুপ করে থেকে বললে, "আছা।"

তার পরে লাবণ্য অমিতর বুকে মাধা বেখে বললে, "একটা কথা তোমাকে বলি, মিতা, আর কোনোদিন বলব না। তোমার সঙ্গে আমার বে-ক্ষম্ভরের স্বন্ধ তা নিয়ে তোমার লেশমাত্র দার নেই। আমি রাগ করে বলছি নে, আমার সমন্ত ভালোবাসা দিরেই বলছি, আমাকে তুমি আংটি দিরো না, কোনো চিহ্ন রাধবার কিছু দরকার নেই। আমার প্রেম থাক নিরঞ্জন, বাইরের রেখা বাইরের ছারা তাতে পড়বে না।"

এই বলে নিব্দের আঙুলের থেকে আংটি খুলে অমিতর আঙুলে আন্তে পরিয়ে দিলে। অমিত তাতে কোনো বাধা দিলে না।

সান্নাছের এই পৃথিবী ষেমন অন্তর্ম্মি-উদ্ভাসিত আকাশের দিকে নিঃশব্দে আপন মৃথ তুলে ধরেছে, তেমনি নীরবে, তেমনি শাস্ত দীপ্তিতে লাবণ্য আপন মৃথ তুলে ধরলে অমিতর নত মুখের দিকে।

সাত দিন যেতেই অমিত ফিরে যোগমায়ার সেই বাসার গেল। ঘর বন্ধ, সবাই চলে গেছে। কোথায় গেছে তার কোনো ঠিকানা রেখে যায় নি।

সেই যুক্যালিপটাস গাছের তলার অমিত এসে দাড়াল, থানিকক্ষণ ধরে শৃশুমনে সেইখানে ঘুরে বেড়ালে। পরিচিত মালী এসে সেলাম করে জিজ্ঞাসা করলে, "ঘর খুলে দেব কি ? ভিতরে বসবেন ?" অমিত একটু ছিধা করে বললে, "হা।"

ভিতরে গিয়ে লাবণ্যর বসবার ঘরে গেল। চৌকি টেবিল শেল্ফ আছে, সেই বইগুলি নেই। মেজের উপর তুই-একটা ছেঁড়া শৃক্ত লেফাফা, তার উপরে অজ্ঞানা হাতের অক্ষরে লাবণ্যর নাম ও ঠিকানা লেখা; তু-চারটে ব্যবহার-করা পরিত্যক্ত নিব, এবং ক্ষরপ্রাপ্ত একটি অভি ছোটো পেনসিল টেবিলের উপরে। পেনসিলটি পকেটে নিলে। এর পালেই শোবার ঘর। লোহার বাটে কেবল একটা গদি, আর আয়নার টেবিলে একটা শৃক্ত তেলের শিশি। তুই হাতে মাধা রেখে অমিত সেই গদির উপর শুরে পড়ল, লোহার বাটটা শব্দ করে উঠল। সেই বরটার মধ্যে বোবা একটা শৃক্ততা। তাকে প্রের করলে কোনো কথাই বলতে পারে না। সে একটা মূর্ছা, যে-মূর্ছা কোনোদিনই আর ভাঙবে না।

তার পরে শরীরমনের উপর একটা নিক্ছমের বোঝা বহন করে অমিত গেল নিজের কুটিরে। যা যেমন রেখে গিরেছিল তেমনিই সব আছে। এমন কি, যোগমারা তাঁর কেদারাটিও ফিরিয়ে নিয়ে যান নি। বুঝলে, তিনি স্থেহ করেই এই চৌকিটি তাকে দিয়ে গেছেন, মনে হল যেন শুনতে পেলে, শাস্ত মধুর করে তাঁর সেই আহ্বান, বাছা। সেই চৌকির সামনে মাধা লুটিরে অমিত প্রধাম করলে।

সমস্ত শিলঙ পাহাড়ের 🗃 সাজ চলে গেছে। অমিত কোধাও আর সান্ধনা পেল না।

#### 59

# শেষের কবিতা

কলকাতার কলেজে পড়ে যতিশংকর। থাকে কলুটোলা প্রেসিডেন্সি কলেজের মেসে। অমিত তাকে প্রায় বাড়িতে নিরে আসে, থাওয়ায়, তার সঙ্গে নানা বই পড়ে, নানা অভূত কথায় তার মনটাকে চমকিয়ে দের, মোটরে করে তাকে বেড়িয়ে নিরে আসে।

তার পর কিছুকাল ইতিশংকর অমিতর কোনো নিশ্চিত ধবর পার না। কখনো শোনে সে নৈনিতালে, কখনো উটকামণ্ডে। একদিন শুনলে অমিতর এক বন্ধু ঠাট্টা করে বলছে, সে আজকাল কেটি মিজিরের বাইরেকার রংটা ঘোচাতে উঠে পড়ে লেগেছে। কাজ পেরেছে মনের মতো, বর্ণান্তর করা। এতদিন অমিত মৃতি গড়বার শশ মেটাত কথা দিরে, আরু পেরেছে সঞ্চীব মাছ্য। সে-মান্তরটিও একে একে আপন উপরকার রঙিন পাপড়িগুলো ধসাতে রাজি, চরমে ফল ধরবে আশা ক'রে। অমিতর বোন লিসি নাকি বলছে যে, কেটিকে একেবারে চেনাই যার না, অর্থাৎ তাকে নাকি বড়ডো বেশি স্বাভাবিক দেখাছে। বন্ধুদের সে বলে দিরেছে তাকে কেতকী বলে ভাকতে; এটা তার পক্ষে নির্লজ্ঞতা, যে-মেরে একদা ফিনফিনে শান্তিপুরে শাড়ি পরত সেই লক্ষাবতীর পক্ষে জামালেমিজ পরারই মতো। অমিত তাকে নাকি নিভূতে ভাকে কেয়া" বলে। এ-কথাও লোকে কানাকানি করছে যে, নৈনিতালের সরোবরে নোকো ভাসিরে কেটি তার হাল ধরেছে আর অমিত তাকে পড়ে শোনাছে রবি ঠাকুরের "নিরুদ্দেশ যাত্রা।" কিন্ধু লোকে কী না বলে। যতিশংকর বুঝে নিলে অমিতর মনটা পাল তুলে চলে গছে চুটিতত্বের মাঝদবিরার।

অবলেষে অমিত ফিরে এক। শহরে রাষ্ট্র কেতকীর সক্ষে তার বিষে। অথচ অমিতর নিজ মুখে একদিনও যতী এ প্রসক্ষ শোনে নি। অমিতর ব্যবহারেরও অনেকথানি বদল ঘটেছে। পূর্বের মতোই যতীকে অমিত ইংরেজি বই কিনে উপহার দের, কিন্তু তাকে নিয়ে সঙ্কোবেলার সে-সব বইয়ের আলোচনা করে না, যতী বুয়তে পারে আলোচনার ধারাটা এখন বইছে এক নতুন খাদে। আজকাল মোটরে বেড়াতে সে যতীকে ডাক পাড়ে না। যতীর বয়সে এ-কথা বোঝা কঠিন নয় বে, অমিতর "নিজকেশ যাত্রা"র পার্টিতে তৃতীর ব্যক্তির জায়গা হওরা অসম্ভব।

ষতী আর পাকতে পারলে না। অমিতকে নিজেই গান্ধে পড়ে জিজাসা করলে, "অমিতদা, শুনপুম, মিস কেতকী মিত্রের সঙ্গে তোমার বিষে ?" অমিত একট্খানি চুপ করে থেকে বললে, "লাবণ্য কি এ খবর জেনেছে ?"

"না, আমি তাকে লিধি নি। তোমার মুখে পাক। ধবর পাই নি বলে চুপ করে আছি।"

"ববরটা সত্যি, কিন্তু লাবণা হয়তো বা ভুল বুঝবে।"

ষতী হেসে বললে, "এর মধ্যে ভূল বোঝবার জারগা কোধার? বিয়ে কর যদি তো বিয়েই করবে, সোজা কধা।"

"দেখো, যতী, মাহুষের কোনো কথাটাই সোজা নয়। আমরা ডিকশনারিতে যে-কথার এক মানে বেঁধে দিই মানবজীবনের মধ্যে মানেটা সাত্রণানা হয়ে যায় সমুজ্রের কাছে এসে গঙ্গার মতো।"

যতী বললে, "অর্থাং তুমি বলছ বিবাহ মানে বিবাহ নয়।"

"আমি বলছি, বিবাহের হাজারখানা মানে—মান্তবের সঙ্গে মিশে তার মানে হয়, মান্তবেকে বাদ দিয়ে তার মানে বের করতে গেলেই ধাঁধা লাগে।"

"তোমার বিশেষ মানেটাই বলো না।"

"সংক্রা দিয়ে বলা যায় না, জীবন দিয়ে বলতে হয়। যদি বলি ওর মূল মানেটা ভালোবাসা, তাহলেও আর-একটা কথার গিয়ে পড়ব, ভালোবাসা কথাটা বিবাহ কথার চেয়ে আরও বেশি জ্যান্ত।"

"তাহলে অমিতদা, কথা বন্ধ করতে হয় বে। কথা কাঁধে নিয়ে মানের পিছন পিছন ছুটব আর মানেটা বাঁরে তাড়া করলে ভাইনে, আর ভাইনে তাড়া করলে বাঁরে মারবে দৌড এমন হলে তো কাজ চলে না।"

"ভারা, মন্দ বল নি। আমার সংক্র থেকে ভোমার মৃথ ফুটেছে। সংসারে কোনো-মতে কাজ চালাতেই হবে, তাই কথার নেহাত দরকার ষে-সব সভাকে কথার মধ্যে কুলোর না ব্যবহারের হাটে ভাদেরই ছাঁটি, কথাটাকেই জাহির করি; উপান্ন কী দূ ভাতে বোঝাপড়াটা ঠিক না হ'ক চোধ বুল্লে কাজ চালিরে নেওরা বায়।"

"তবে কি আজকের কথাটাকে একেরারেই বতম করতে হবে ?"

"এই আলোচনাটা যদি নিতাস্কই **জা**নের গরক্ষে হয়, প্রাণের গরক্ষে না হয় ভাহলে খতম করতে দোষ নেই।"

"ধরে নাও না প্রাণের গরকেই।"

"শাবাশ, তবে শোনো।"

এইখানে একটু পাদটীকা লাগালে দোষ নেই। অমিতর ছোটো বোন লিসির স্বহুতে ঢালা চা যতী আজকাল মাঝে মাঝে প্রায়ই পান করে আসছে। অফুমান করা বেতে পারে বে, সেই কারণেই ওর মনে কিছুমাত্র ক্ষোভ নেই যে, অমিত ওর সঙ্গে অপরায়ে সাহিত্যালোচনা এবং সারাহ্ছে মোটরে করে বেড়ানো বন্ধ করেছে। অমিতকে ও সুবাস্তঃকরণে ক্ষমা করেছে।

অমিত বললে, "অক্সিজেন একভাবে বর হাওরার অদৃষ্ঠ থেকে, সে না হলে প্রাণ বাঁচে না। আবার অক্সিজেন আর-একভাবে করলার সঙ্গে ধোগে জনতে থাকে, সেই আগুন জীবনের নানা কাজে দরকার,—ভূটোর কোনোটাকেই বাদ দেওরা চলে না। এখন বুরতে পেরেছ ?"

"সম্পূৰ্ণ না, তবে কিনা বোৰবোর ইচ্ছে আছে।"

"বে-ভালোবাসা ব্যাপ্তভাবে আকাশে মৃক্ত থাকে অস্করের মধ্যে সে দের সন্ধ ; বে-ভালোবাসা বিশেষভাবে প্রতিদিনের সব-কিছুতে যুক্ত হরে থাকে সংসারে সে দের আসল। ত্বটোই আমি চাই।"

"তোমার কথা ঠিক বৃষ্ণছি, কি না, সেইটেই বৃষ্ণতে পারি নে। আর একটু স্পষ্ট করে বলো, অমিতদা।"

অমিত বললে, "একদিন আমার সমন্ত ডানা মেলে পেরেছিলুম আমার ওড়ার আকাল,—আব্দ আমি পেয়েছি আমার ছোটো বাসা, ডানা গুটিরে বসেছি। কিন্তু আমার আকালও রইল।"

"কিন্ধ বিবাহে তোমার ওই সল-আসল কি একত্রেই মিলতে পারে না গ"

"জীবনে অনেক স্থােগ ঘটতে পারে কিন্তু ঘটে না। ষে-মান্থৰ অর্ধেক রাজত্ব আর রাজকন্তা একসন্দেই মিলিরে পায় তার ভাগ্য ভালাে,—ষে তা না পায় দৈবক্রমে তার যদি ভান দিক থেকে মেলে রাজত্ব আর বাঁ দিক থেকে মেলে রাজকন্তা, সে-ও বড়ো কম সৌভাগ্য নয়।"

#### "**किष**—"

"কিন্তু তুমি বাকে মনে কর রোম্যাব্দ সেইটেতে কমতি পড়ে! একটুও না। গরের বই থেকেই রোম্যাব্দের বাঁধা বরাদ্দ ছাচে ঢালাই করে ব্যোপাতে হবে না কি ? কিছুতেই না। আমার রোম্যাব্দ আমিই স্কৃষ্টি করব। আমার বর্গেও ররে গেল রোম্যাব্দ, আমার মর্ত্যেও ঘটাব রোম্যাব্দ। বারা ওর একটাকে বাঁচাতে গিয়ে আর-একটাকে দেউলে করে দের তাদেরই তুমি বল রোমান্টিক! তারা হয় মাছের মতো জলে সাঁতার দের, নয় বেড়ালের মতো ডাঙায় বেড়ায়, নয় বাছুড়েয় মতো আকাশে কেরে। আমি রোম্যাব্দের পরমহংস। ভালোবাসার সত্যকে আমি একই শক্তিতে জলে ছলে উপলব্ধি করব, আবার আকাশেও। নদীর চরে রইল আমার পাকা দশল, আবার

মানসের দিকে যখন যাত্রা করব সেটা হবে আকাশের কাঁকা রাস্তায়। জয় হ'ক আমার লাবণ্যর, জয় হ'ক আমার কেডকীর, আর সব দিক থেকেই ধস্ত হ'ক অমিত রায়।"

ষতী শুদ্ধ হরে বলে রইল, বোধ করি কথাটা তার ঠিক লাগল না। অমিত তার মুখ দেবে ইবং হেসে বললে, "দেখো ভাই, সব কথা সকলের নর। আমি যা বলছি, হরতো সেটা আমারই কথা। সেটাকে তোমার কথা বলে বৃশ্ধতে গেলেই ভূল বৃশ্ধবে। আমাকে গাল দিয়ে বসবে। একের কথার উপর আরের মানে চাপিরেই পৃথিবীতে মারামারি খুনোখুনি হয়। এবার আমার নিজের কথাটা স্পষ্ট করেই না হয় তোমাকে বলি। রূপক দিয়েই বলতে হবে নইলে এ-সব কথার রূপ চলে যায়—কথাগুলো লক্ষিত হয়ে ওঠে। কেতকীর সক্ষে আমার সমন্ধ ভালোবাসারই, কিন্তু সেয়েন ঘড়ায় তোলা জল, প্রতিদিন তুলবে, প্রতিদিন ব্যবহার করবে। আর লাবণার সক্ষে আমার যে-ভালোবাসা, সে রইল দিষি, সে ঘরে আনবার নয়, আমার মন তাতে দাঁতার দেবে।"

যতী একটু কৃষ্ঠিত হয়ে বললে, "কিন্তু অমিতদা, হুটোর মধ্যে একটাকেই কি বেছে নিতে হয় না ?"

"ধার হয় তারই হয়, আমার হয় না।"

"কন্ত শ্ৰীমতী কেতকী যদি—"

"তিনি সব জানেন। সম্পূর্ণ বোঝেন কি না বলতে পারি নে। কিন্তু সমস্ত জীবন দিয়ে এইটেই তাঁকে বোঝাব যে, তাঁকে কোথাও ফাঁকি দিচ্ছি নে। এও তাঁকে ব্যুতে হবে যে, লাবণ্যর কাছে তিনি ঋণী।"

"তা হ'ক, শ্রীমতী লাবণ্যকে তো তোমার বিষের থবর জানাতে হবে।"

"নিশ্চর জানাব। কিন্তু তার আগে একটি চিঠি দিতে **চাই, সেটি তুমি পৌছি**রে দেবে ?"

"দেব।"

অমিতর এই চিঠি:

সেদিন সন্ধ্যেবেলার রাস্তার লেবে এসে ষধন দাঁড়ালুম, কবিভা দিরে যাত্রা লেব করেছি। আজও এসে থামলুম একটা রাস্তার লেবে। এই লেবমূহুওঁটির উপর একটি কবিতা রেখে থেতে চাই। আর কোনো কথার ভার সইবে না। হতভাগা নিবারণ চক্রবর্তীটা বেদিন ধরা পড়েছে সেইদিন মরেছে—অতি শৌধিন জলচর মাছের মতো। তাই উপান্ন না দেখে তোমারই কবির উপর ভার দিলুম আমার শেব-কথাটা তোমাকে জানাবার জপ্তে: তব অন্তর্ধানপটে হেরি তব রূপ চিরস্তন, অন্তরে অলক্ষ্যলোকে তোমার অন্তিম আগমন। লভিরাছি চিরম্পর্শমণি; আমার শৃক্ততা তৃমি পূর্ণ করি গিরেছ আপনি।

জীবন আঁধার হল, সেইক্ষণে পাইছ সন্ধান সন্ধার দেউল দীপ চিত্তের মন্দিরে তব দান। বিচ্ছেদের হোমবহ্নি হতে পূজামূর্তি ধরি প্রেম দেখা দিল ছঃখের আলোতে।

মিতা

তার পরেও আরও কিছুকাল গেল। সেদিন কেতকী গেছে তার বোনের মেরের অন্নপ্রাশনে। অমিত গেল না। আরামকেদারায় বলে সামনের চৌকিতে পা-ছুটো তুলে দিয়ে বিলিয়ম জ্বেমসের পত্তাবলী পড়ছে। এমন সময় যতিশংকর লাবণার লেখা এক চিঠি তার হাতে দিলে। চিঠির এক পাতে শোভনলালের সঙ্গে লাবণার বিবাহের পবর। বিবাহ হবে ছ-মাস পরে, জ্যৈষ্ঠমাসে, রামগড় পর্বতের শিপরে। অপর পাতে:

কালের যাত্রার ধ্বনি গুনিতে কি পাও
তারি রথ নিতাই উধাও
জাগাইছে অম্বরীক্ষে হাদয়-স্পন্দন,
চক্রে পিষ্ট জাধারের বক্ষ-ফাটা তারার ক্রন্দন।

প্রেগা বশ্ব,
সেই ধাবমান কাল
ক্ষড়ারে ধরিল মোরে কেলি' তার জ্বাল,—
তুলে নিল ক্ষতরপে
হুংসাহসী ভ্রমণের পথে
তোমা হতে বহু দূরে।
মনে হর অক্ষম্র মৃত্যুরে
পার হরে আসিলাম
আজি নবপ্রভাতের শিধরচ্ডার,
রপ্রের চঞ্চল বেগ হাওরার উড়ার

আমার পুরানো নাম।

ক্ষিরিবার পথ নাহি;

দ্ব হতে ধদি দেখ চাহি

পারিবে না চিনিতে আমায়।

হে বদ্ধু, বিদায়।

কোনোদিন কর্মহীন পূর্ণ অবকাশে, বসস্ত-বাতাসে অতীতের তীর হতে যে-রাত্রে বহিবে দীর্ঘখাস. ঝরা বকুলের কালা ব্যবিবে আকাশ, সেইক্ষণে খুঁজে দেখো, কিছু মোর পিছে রহিল সে তোমার প্রাণের প্রান্তে: বিশ্বতপ্রদোবে হয়তে। দিবে সে জ্যোতি, হয়তো ধরিবে কভু নামহারা স্বপ্রের মূরতি। তবু দে তো স্বপ্ন নয়, সব-চেয়ে সভা মোর, সেই মৃত্যুঞ্জয়, সে আমার প্রেম। ভারে আমি রাধিয়া এলেম অপরিবর্তন অর্ঘ্য তোমার উদ্দেশে। পরিবর্তনের স্রোতে আমি যাই ভেসে কালের যাত্রায়। **ट्ट** वक्, विनाय ।

তোমার হয় নি কোনো ক্ষতি।
মর্ত্যের মৃত্তিকা মোর, তাই দিয়ে অমৃত-মুরতি
যদি সৃষ্টি করে থাক, তাহারি আরতি
হ'ক তব সন্ধ্যাবেলা,
পূজার সে খেলা
ব্যাঘাত পাবে না মোর প্রত্যাহের মানস্পর্শ লেগে;
তৃষার্ত আবেগ-বেগে
ভাষ্ট নাহি হবে তার কোনো ফুল নৈবেছের থালে।

তোমার মানস-ভোজে স্বত্বে সাজালে বে ভাব-রসের পাত্র বাণীর ভূষার, তার সাথে দিব না মিশারে যা মোর খুলির ধন, যা মোর চক্ষের জলে ভিজে। আজো ভূমি নিজে হয়তো বা করিবে রচন মোর শ্বিটুকু দিয়ে স্বপ্লাবিষ্ট তোমার বচন। ভার তার না রহিবে, না রহিবে দায়। তে বন্ধ, বিদায়।

মোর লাগি করিয়ো না শোক, আমার রয়েছে কর্ম, আমার রয়েছে বিশ্বলোক। মোর পাত্র রিক্ত হয় নাই. শৃক্তেরে করিব পূর্ব, এই ব্রত বহিব সদাই। উংকণ্ঠ আমার লাগি কেছ যদি প্রতীক্ষিয়া থাকে সে-ই ধন্ত করিবে আমাকে। তঙ্গপক হতে আনি' রজনীগন্ধার রুম্বধানি যে পারে সান্ধাতে অর্ঘ্যবালা ক্রম্পক রাতে, যে আমারে দেখিবারে পায় অসীম ক্ষমায় ভালোমন্দ মিলায়ে সকলি, এবার পূজায় তারি আপনারে দিতে চাই বলি। তোমারে যা দিয়েছিল, তার পেন্নেছ নিঃশেষ অধিকার। হেখা মোর ডিলে ডিলে দান করুণ মুহূর্তগুলি গণ্ডুৰ ভবিয়া করে পান ব্ৰদয়-অঞ্চলি হতে মম।

ওগো তৃমি নিরুপম,
হে ঐশর্ষবান,
তোমারে যা দিয়েছিম্থ সে তোমারি দান ;
গ্রহণ করেছ যত ঋণী তত করেছ আমায়
হে বন্ধু, বিদায়।

ব্যুণ

२१ ङ्ग्, ১৯२৮ वालाङ्गव, वालावाद প্রবন্ধ

# রাজা প্রজা

## রাজা প্রজা

## ইংরেজ ও ভারতবাসী

There is nothing like love and admiration for bringing people to a likeness with what they love and admire; but the Englishman seems never to dream of employing these influences upon a race he wants to fuse with himself. He employs simply material interests for his work of fusion; and, beyond these nothing except scorn and rebuke. Accordingly there is no vital union between him and the races he has annexed; and while France can freely boast of her magnificent unity, a unity of spirit no less than of name between all the people who compose her, in our country the Englishman proper is in union of spirit with no one except other Englishmen proper like himself:

Matthew Arnold

আমাদের প্রাচীন পুরাণে ইতিহাসে পাঠ করা যার যে, চরিত্রে বা আচরণে একটা ছিদ্র না পাইলে অলক্ষী প্রবেশ করিতে পথ পার না। কিন্তু ঘূর্ভাগ্যক্রমে প্রত্যেক জাতিরই প্রায় একটা কোনো ছিদ্র থাকে। আরও ঘূর্ভাগ্যের বিষয় এই যে, যেথানে মাছরের ঘূর্বলতা সেইখানে তাহার ক্ষেহও বেলি। ইংরেজও আপনার চরিত্রের মধ্যে ঔদ্ধত্যকে যেন কিছু বিশেষ গৌরবের সহিত পালন করে। তাহার দ্বৈপারন সংকীর্ণতার মধ্যে সে যে অটল এবং ভ্রমণ অথবা রাজত্ব উপলক্ষে সে যাহাদের সংশ্রবে আসে তাহাদের সহিত মেলামেলা করিবার যে কিছুমাত্র প্রয়াস পায় না, সাধারণ "জন"-পুংগব এই গুণ্টিকে মনে মনে কিছু যেন শ্লাঘার বিষয় বিলিয়া জ্ঞান করে। তাহার ভাবখানা এই যে, টেকি ধ্রমন স্বর্গেও টেকি, তেমনি ইংরেজ সর্বত্রই খাড়া ইংরেজ, কিছুতেই তাহার আর অক্সধা হইবার জো নাই।

এই যে মনোহারিছের অভাব, এই যে অমূচর-জাশ্রিতবর্গের অম্বরক হইরা তাহাদের মন বৃদ্ধিবার প্রতি সম্পূর্ণ উপেক্ষা, এই যে সমন্ত পৃথিবীকে নিজের সংস্থার অমুসারেই বিচার করা, ইংরেজের চরিজের এই ছিন্তুটি অলক্ষীর একটা প্রবেশপথ। কোপায় কোন্ শত্ৰু জাসিবার সম্ভাবনা আছে ইংরেজ সে ছিন্ত যত্নপূর্বক রোধ করে, যেখানে যত পথঘাট আছে সর্বত্রই পাহারা বসাইয়া রাথে এবং আশহার অশ্বরট পর্যন্ত পদতলে দলন করিয়া ফেলে, কেবল নিজের স্বভাবের মধ্যে যে একটি নৈতিক বিদ্ব আছে সেইটাকে প্রতিদিন প্রশ্রয় দিয়া ফুর্দম করিয়া তুলিতেছে—কখনো কখনো অল্পস্কল্প অরিয়াও থাকে—কিন্তু মমতাবশত কিছুতেই তাহার গায়ে হাত তুলিতে পারে না।

ঠিক যেন এক জন লোক বুট পায়ে দিয়া আপনার শক্তক্ষেত্রময় ইই ইই করিয়া বেড়াইতেছে পাছে পাধিতে শক্তের একটি কণামাত্র খাইয়া যায়। পাধি পলাইতেছে বটে কিন্তু কঠিন ব্টের তলায় অনেকটা ছারধার ইইয়া য়াইতেছে তাহার কোনো ধেয়াল নাই।

আমাদের কোনো শক্রর উপদ্রব নাই, বিপদের আশকা নাই, কেবল বৃক্রের উপরে অকন্মাং সেই বৃট্টা আসিয়া পড়ে। তাহাতে আমরা বেদনা পাই এবং সেই বৃট্ওআলার যে কোনো লোকসান হয় না তাহা নহে। কিন্তু ইংরেজ স্বত্রই ইংরেজ, কোথাও সে আপনার বৃটজোড়াটা খুলিয়া আসিতে রাজি নহে।

আয়র্লণ্ডের সহিত ইংরেজের যে-সমস্ত থিটিমিটি বাধিয়াছে সে-সকল কথা আমাদের পাড়িবার আবশ্যক নাই; অধীন ভারতবর্ষেও দেখা যাইতেছে ইংরেজের সহিত ইংরেজিনিক্ষিতদের ক্রমশই একটি অ-বনিবনাও হইয়া আসিতেছে। তিলমাত্র অবসর পাইলে কেহ কাহাকেও ছাড়িতে চায় না। ইটটির পরিবর্তে পাটকেলটি চলিতেছেই।

আমরা যে, সকল জারগার স্থবিচারপূর্বক পাটকেল নিক্ষেপ করি তাহা নহে, অধিকাংশ স্থলে অন্ধকারেই ঢেলা মারি। আমাদের কাগজে পত্রে অনেক সময় আমরা অস্তায় বিটিমিটি করিয়া বাকি এবং অমূলক কোন্দল উত্থাপন করি, সে-কবা অস্থীকার করা বায় না।

কিন্তু সেগুলিকে স্বতন্ত্ৰভাবে বিচার করিবার আবক্তক নাই। তাহার কোনোটা সত্য কোনোটা মিথ্যা, কোনোটা গ্রায় কোনোটা অগ্রায় হইতে পারে; আসল বিচার্ঘ বিষয় এই ষে, আজকাল এইরূপ পাটকেল ছুঁড়িবার প্রবৃত্তিটা এত প্রবল হইয়া উঠিতেছে কেন ? শাসনকর্তা ধ্বরের কাগজের কোনো একটা প্রবন্ধবিশেষকে মিথ্যা সাব্যন্ত করিয়া সম্পাদককে এবং হতভাগ্য মুদ্রাকরকে পর্যন্ত জেলে দিতে পারে কিন্তু প্রতিদিনই ব্রিটিশ সামাজ্যের পথে এই ষে-সমন্ত ছোটো ছোটো কাঁটাগাছগুলি গঞ্চাইয়া উঠিতেছে তাহার বিশেষ কী প্রতিকার করা হইল ?

এই কাঁটাগাছগুলির মূল যথন মনের মধ্যে তথন ইহাকে উৎপাটন করিতে হইলে সেই মনের মধ্যে প্রবেশ করিতে হইবে। কিন্তু পাকা রাস্তা ও কাঁচা রাস্তা বোগে ইংরেজরাজের আর সর্বত্রই গতিবিধি আছে কেবল তুর্ভাগ্যক্রমে সেই মনের মধ্যেই নাই। হয়তো সে-জায়গাটাতে প্রবেশ করিতে হইলে ঈয়ং একটুথানি মাথা হেলাইয়া চুকিতে হয়, কিন্তু ইংরেজের মেক্সম্ভ কোনোথানেই বাঁকিতে চায় না।

অগত্যা ইংরেশ আপনাকে এইরপ বৃষাইতে চেষ্টা করে যে, এই যে থবরের কাপজে কটুকথা বলিতেছে, সভা হইতেছে, রাজ্যতন্ত্রের অপ্রিন্ন সমালোচনা চলিতেছে ইহার সহিত "পীপলের" কোনো যোগ নাই;—এ কেবল কতকগুলি শিক্ষিত পুতৃলনাচওআলার বৃশ্বকণিমাত্র। বলে যে, ভিতরে সমন্তই আছে ভালো; বাহিরে যে একটু-আখটু বিক্রতির চিহ্ন দেখা ঘাইতেছে সে চতুর লোকে রং করিয়া দিরাছে। তবে তো আর ভিতরে প্রবেশ করিয়া দেখিবার আবশ্রক নাই; কেবল যে-চতুর লোকটাকে সন্দেহ করা যায় তাহাকে শাসন করিয়া দিলেই চুকিয়া যায়।

ওইটেই ইংরেজের দোষ। সে কিছুতেই ঘরে আসিতে চায় না। কিন্তু দ্র ছইতে, বাহির ছইতে, কোনোক্রমে স্পর্শসংশ্রব বাঁচাইয়া মান্থবের সহিত কারবার করা যায় না ;—ষে-পরিমাণে দূরে থাকা যায় সেই পরিমাণেই নিফলতা প্রাপ্ত হইতে হয়। মান্থব তো জড়বয় নছে য়ে, তাহাকে বাহির ছইতে চিনিয়া লওয়া যাইবে ; এমন কি পতিত ভারতবর্ষেরও একটা হৃদয় আছে এবং সে-হৃদয়টা সে তাহার জামার আন্তিনে কুলাইয়া রাথে নাই।

স্থাপদার্থকেও বিজ্ঞানের সাহাব্যে নিগৃচ্রপে চিনিরা লইতে হয় তবেই ক্ষড়প্রকৃতির উপর সম্পূর্ণ কর্তৃত্ব বিস্তার করিতে পারা যায়। মহয়লোকে যাহারা স্থারী প্রভাব রক্ষা করিতে চাহে তাহাদের অক্সান্ত অনেক গুণের মধ্যে অস্তরক্ষরপে মাহ্র্য চিনিবার বিশেষ গুণাট থাকা আবশ্রক। মাহুবের অত্যন্ত কাছে যাইবার যে ক্ষমতা সে একটা ত্বর্গত ক্ষমতা।

ইংরেজের বিশুর ক্ষমতা আছে কিন্তু সেইটি নাই। সে বরঞ্চ উপকার করিতে অসম্মত নহে কিন্তু কিছুতেই কাছে আসিতে চাহে না। কোনোমতে উপকারটা সারিয়া ফেলিয়া অমনি তাড়াতাড়ি সরিতে পারিলে বাঁচে। তাহার পরে সে ক্লবে গিয়া পেগ খাইয়া বিলিয়ার্ড খেলিয়া অনুগৃহীতদের প্রতি অবক্ষাম্মচক বিশেষণ প্রয়োগপূর্বক তাহাদের বিজ্ঞাতীয় অন্তিত্ব শরীরমনের নিকট হইতে বধাসাধ্য দুরীক্ষত করিয়া রাখে।

ইহারা দরা করে না উপকার করে, স্নেহ করে না রক্ষা করে, শ্রেছা করে না অবচ জ্যায়াচরণের চেষ্টা করে; ভূমিতে জ্বল সেচন করে না, অবচ রাশি রাশি বীজ্ঞ বপন করিতে কার্পণ্য নাই। কিন্তু তাহার পর যথন যথেষ্ট ক্লডক্সতার শশু উৎপন্ন হয় না তখন কি কেবলই মাটির দোষ দিবে ? এ নিয়ম কি বিশ্ব্যাপী নহে যে, হৃদয়ের সহিত কাব্দ না করিলে হৃদয়ে তাহার ফল ফলে না ?

আমাদের দেশের শিক্ষিতসম্প্রদায়ের অনেকেই ইংরেজক্বত উপকার যে উপকার নছে ইহাই প্রাণপণে প্রমাণ করিতে চেষ্টা করিতেছে। হৃদয়শৃন্ত উপকার গ্রহণ করিয়া তাহারা মনের মধ্যে কিছুতেই আত্মপ্রসাদ অমৃতব করিতে পারিতেছে না। কোনোক্রমে তাহারা ক্বতজ্ঞতার দায় হইতে আপনাকে যেন মৃক্ত করিতে চাহে। সেইজন্ত আজকাল আমাদের কাগজে পত্রে কথায় বার্তায় ইংরেজ সম্বন্ধে নানাপ্রকার কৃতক্রদেশা যায়।

এক কথায়, ইংরেজ নিজেকে আমাদের পক্ষে আবশ্যক করিয়া তুলিয়াছে কিন্তু প্রিয় করিয়া তোলা আবশ্যক বোধ করে নাই; পণ্য দেয়, কিন্তু তাহার মধ্যে স্থাদ সঞ্চার করিয়া দেয় না, অবশেষে ধখন বমনোন্ত্রেক হয় তখন চোধ রাঙাইয়া হুছংকার দিয়া উঠে।

আজকালকার অধিকাংশ আনোলন গৃঢ় মনংক্ষোভ হইতে উৎপন্ন। এখন প্রত্যেক কণাটাই ছুই পক্ষের হারন্ধিতের কণা হইয়া দাঁড়ায়। হয়তো যেখানে পাঁচটা নরম কণা বলিলে উপকার হয় সেখানে আমরা তীব্রভাষায় অগ্নিফুলিক ছড়াইতে গাকি, এবং যেখানে একটা অফুরোধ পালন করিলে বিশেষ ক্ষতি নাই সেথানেও অপর পক্ষ বিমুধ হইয়া থাকে।

কিন্তু বৃহৎ অন্তর্গানমাত্রেই আপস ব্যতীত কাজ চলে না। পঞ্চবিংশতি কোটি প্রজাকে স্থেশুঝলায় শাসন করা সহজ্ব ব্যাপার নহে। এতবড়ো বৃহৎ রাজশক্তির সহিত যথন কারবার করিতে হয় তথন সংযম, অভিজ্ঞতা এবং বিবেচনার আবশ্যক। এইটে জানা চাই গবর্মেন্ট ইচ্ছা করিলেই একটা কিছু করিতে পারে না; সে আপনার বৃহত্বে অভিভূত, জটিলতায় আবদ্ধ। তাহাকে একটুখানি নড়িতে হইলেই অনেক দূর হইতে অনেকগুলা কল চালনা করিতে হয়।

আমাদের এখানে আবার আ্যাংলো-ইন্ডিরান এবং ভারতবর্ষীয় এই এই অত্যস্ত বিসদৃশ সম্প্রদায় লইয়া কারবার। উভয়ের স্বার্থ অনেক স্থলেই বিরোধী। রাজ্যতন্ত্রের যে চালক সে এই এই বিপরীত শক্তির কোনোটাকেই উপেক্ষা করিতে পারে না—যে করিতে চায় সে নিফল হয়। আমরা যথন আমাদের মনের মতো কোনো একটা প্রস্তাব করি তখন মনে করি, গবর্মেন্টের পক্ষে আ্যাংলো-ইন্ডিয়ানের বাধাটা যেন বাধাই নহে। অবচ প্রকৃতপক্ষে শক্তি তাহারই বেশি। প্রবল শক্তিকে অবহেলা করিলে কিরুপ সংকটে পড়িতে হর ইলবার্ট বিলের বিপ্লবে ভাহার পরিচয় পাওয়া গেছে। সংপধ্বে এবং স্তায়পথেও রেলগাড়ি চালাইতে হইলে আগে যথোচিত উপারে মাটি সমতক

করিয়া লাইন পাতিতে হইবে। ধৈর ধরিয়া সেই সমর্টুকু যদি অপেক্ষা করা যার এবং সেই কাজটা যদি সম্পন্ন হইতে দেওয়া যার তার পরে ফ্রন্ডবেগে চলিবার ধ্ব স্থবিধা হয়।

ইংলণ্ডে রাজ্যপ্রজার মধ্যে বৈষম্য নাই; এবং সেখানে রাজ্যভন্নের কল বছকাল হইতে চলিরা সহজ্ব হইরা আসিয়াছে। তবু সেখানে একটা হিতজনক পরিবর্তন সাধন করিতেও কত কৌশল কত অধ্যবসার প্রয়োগ এবং কত সম্প্রদারকে কত ভাবে চালনা করিতে হয়। অথচ সেথানে বিপরীত স্বার্থের এমন তুমূল সংঘর্ষ নাই; সেখানে একবার যুক্তি ঘারা প্রভাববিশেষের উপকারিতা সকলের কাছে প্রমাণ করিবামাত্র সাধারণ অথবা অধিকাংশের স্বার্থ এক হইরা তাহা গ্রহণ করে। আর আমাদের দেশে যখন ছই শক্তি লইয়া কথা এবং আমরাই যখন স্বাংশে ছ্বল তখন কেবল ভাষার বেগে গবর্মেন্টকে বিচলিত করিবার আশা করা যার না। নানা দ্রগামী উপার অবলম্বন করা আবশ্রক।

রাঞ্চনীয় ব্যাপারে সর্বরই ভিপ্লম্যাসি আছে এবং ভারতবর্বে আমাদের পক্ষে তাহার সর্বাপেক্ষা আবশ্রক। আমি ইচ্ছা করিতেছি এবং আমার ইচ্ছা অক্সায় নহে বলিয়াই পৃথিবীতে কাঞ্জ সহজ্ঞ হয় না। যখন চুরি করিতে যাইতেছি না শুগুরবাড়ি যাইতেছি তখন পথের মধ্যে যদি একটা পৃষ্করিণী পড়ে তবে তাহার উপর দিয়াই হাঁটিয়া চলিয়া যাইব এমন পণ করিয়া বসিলে, চাই কি, শুগুরবাড়ি না পৌছিতেও পারি। সেম্বলে পুক্রটা ঘূরিয়া যাওয়াই ভালো। আমাদের রাজনৈতিক শুগুরবাড়ি, যেখানে ক্ষারটা সরটা মাছের মুড়াটা আমাদের জক্ত অপেক্ষা করিয়া আছে সেখানে যাইতে হইলেও নানা বাধা নানা উপায়ে অতিক্রম করিয়া ঘাইতে হইবে। যেখানে লক্ষ্মন করিলে চলে সেখানে লক্ষ্মন করিতে হইবে, যেখানে সে স্থ্রিধা নাই সেখানে রাগারাগি করিতে না বসিয়া ঘূরিয়া যাওয়া ভালো।

ডিপ্লম্যাসি অর্থে যে কপটাচরণ বৃথিতে হইবে এমন কথা নাই। তাহার প্রকৃত মর্ম এই, নিজের ব্যক্তিগত হৃদয়র্ভি বারা অকন্মাৎ বিচলিত না হইয়া কাজের নিয়ম ও সময়ের সুযোগ বৃথিয়া কাজ করা।

কিন্তু আমরা সেদিক দিরা যাই না। আমরা কাজ পাই বা না পাই কথা একটাও বাদ দিতে পারি না। তাহাতে কেবল যে আমাদের অনভিক্ষতা ও অবিবেচনা প্রকাশ পার তাহা নহে; তাহাতে প্রকাশ পার যে, কাজ আদারের ইচ্ছার অপেক্ষা চুরো দিবার, বাহবা লইবার, এবং মনের ঝাল ঝাড়িবার ইচ্ছা আমাদের বেশি। তাহার একটা ম্বোগ পাইলে আমরা এত খুলি হই যে, তাহাতে আসল কাজের কত ক্ষতি হইল তাহা আমরা ভূলিয়া যাই। এবং কটু ভংগনার পর সংগত প্রার্থনা পূরণ করিতেও গবর্মেন্টের মনে বিধা উপস্থিত হয়, পাছে প্রজার স্পর্ধা বাড়িয়া উঠে।

ইহার প্রধান কারণ, মনের ভিতরে এমন একটা অসদ্ভাব জন্মিরা গিরাছে এবং প্রতিদিন তারতর হইরা উঠিতেছে যে, উভর পক্ষেরই কর্তব্যপালন ক্রেমশই কিছু কিছু করিরা ত্রহ হইতেছে। রাজাপ্রজার এই অহরহ কলহ দেখিতেও কিছুমাত্র ভালো হইতেছে না। গবর্মেন্টও বাহত যেমনই হউক, মনে মনে যে এ-সম্বন্ধে উদাসীন তাহা বিশাস হর না। কিন্তু উপায় কী ? বিটিশ চরিত্র, হাজার হউক, মহারচরিত্র তো বটে।

ভাবিয়া দেখিলে এ সমস্তার মীমাংসা সহজ নহে।

সব-প্রথম সংকট বর্ণ লইয়। শরীরের বর্ণটা যেমন ধুইয়া-মুছিয়া কিছুতেই দূর করা য়ায় না তেমনি বর্ণসম্বন্ধীয় যে সংস্কার সেটা মন হইতে তাড়ানো বড়ো কঠিন। শেতকায় আর্মগণ কালো রংটাকে বহু সহস্র বংসর ধরিয়া ঘুণাচক্ষে দেবিয়া আসিতেছেন। এই অবসরে বেদের ইংরেজি তর্জমা এবং এনসাইক্লোপীডিয়া হইতে এ-সম্বন্ধে অধ্যায়, স্বত্র এবং পৃষ্ঠায় সমেত উংকট প্রমাণ আহরণ করিয়া পাঠকদের প্রতি দেবিয়ায়্মা করিতে চাহি না—কথাটা সকলেই বৃঝিবেন। শেতক্তক্ষে যেন দিনরাত্রির ভেদ। শেতজাতি দিনের য়ায় সদাজাগ্রত, কর্মশীল, অমুসন্ধানতংপর, আর ক্ষক্ত্রাতি রাত্রির স্থায় নিক্টেই, কর্মহীন, স্বপ্রকৃহকে আবিষ্ট। এই শ্রামা-প্রকৃতিতে হয়তো রাত্রির মতো একটা গভীরতা, মাধুর্য, মিয় কক্ষণা এবং স্থানবিড় আত্মীয়তার ভাব আছে, তুর্তাগাক্রমে ব্যস্ত চঞ্চল শেতাঙ্গের তাহা আবিদ্ধার করিবার অবসর নাই এবং তাহার কাছে ইহার মণেই মূল্যও নাই। তাহাদিগকে এ-কথা বলিয়াও কোনো ফল নাই যে, কালো কন্ধতেও সালা ছ্র্য দিয়া থাকে এবং ভিন্ন বর্ণের মধ্যে হলম্বের একটা গভীর ঐক্য আছে। কিন্তু কাঞ্চ নাই এ-সকল ওরিয়েন্টাল উপমা-তুলনায়—কথাটা এই যে, কালো রং দেবিবামাত্র শেতজাতির মন কিছু বিমুধ না হইয়া থাকিতে পারে না।

তার পরে বসনভ্ষণ-অভ্যাস-আচারে প্রত্যেক বিষয়েই এমন সকল বৈসাদৃত আছে যাহা হাদয়কে কেবলই প্রতিহত করিতে থাকে।

শরীর অর্ধাবৃত রাধিয়াও যে মনের অনেক সদ্পুণ পোষণ করা ঘাইতে পারে, মনের গুণগুলা যে ছায়াপ্রিয় শৌধিনজাতীয় উদ্ভিক্ষের মতে। নহে, তাহাকে যে জিন-বনাতের য়ারা না মৃড়িলেও অন্ত উপায়ে রক্ষা করা যায় সে-সমন্ত তর্ক করা মিধ্যা। ইহা তর্কের কথা নহে সংস্থারের কথা।

এক, নিকট-সংস্রবে এই সংস্কারের বদ কতকটা অভিতৃত হইতে পারে। কিছ

ওই সংস্থারই আবার নিকটে আসিতে দের না। বর্ধন স্টীমার ছিল না এবং আফ্রিকা বেইন করিরা পালের জাহাজ স্থামিকালে ভারতবর্ষ হইতে বিলাতে গিরা পৌছিত তপন ইংরেজ দেশী লোকের সদে কিছু যেন বেশি ঘনিষ্ঠতা করিত। কিন্তু আজকাল সাহেব তিনটি মাসের ছুটি পাইলেই তংক্ষণাথ ইংলণ্ডে পলাইরা গিরা ভারতবর্ষের সমত্ত ধূলা ধৌত করিয়া আসেন এবং ভারতবর্ষেও তাঁহাদের আস্মীরসমাজ ব্যাপক হইয়া পড়িতেছে, এই জন্ত যে-দেশ তাঁহারা জয় করিয়াছেন সে-দেশে থাকিয়াও যথাসম্ভব না থাকা এবং বে-জাতিকে শাসন করিতেছেন সে-জাতিকে ভালো না বাসিয়াও কাজ করা স্থাধ্য হইয়া পড়িয়াছে। সহস্র ক্রোশ দ্ব হইতে সম্ভ লক্ষন করিয়া আসিয়া একটি সম্পূর্ণ বিদেশী রাজ্য নিতান্ত আপিসের কাজের স্তান্ত দিনের বেলার শাসন করিয়া সন্ধাবেলার পুনশ্চ সম্ক্রে থেয়া দিয়া বাড়ি গিয়া তপ্ত ভাত বাওয়া, ইতিহাসে এমন দৃষ্টান্ত আর কোপায় আছে।

এক তো, আমরা সহজেই বিদেশী—এবং আমাদের রূপ রস গন্ধ শব্দ ও ম্পার্শ ইংরেজের বভাবতই অকচিকর, তাহার উপরে আরও একটা উপসর্গ আছে। অ্যাংলোই গ্রিয়ানসমাজ এ-দেশে ধতই প্রাচীন হইতেছে ততই তাহার কতকগুলি লোকব্যবহার ও জনম্প বঙ্গম্প হইয়া যাইতেছে। যদিও বা কোনো ইংরেজ স্বাভাবিক উদারতা ও সহদয়তাগুণে বাহ্ম বাধাসকল দূর করিয়া আমাদের অস্তরে প্রবেশ করিবার পথ পাইতেন এবং আমাদিগকে অস্তরে আহ্বান করিবার জন্ত দার উদ্ঘাটন করিয়া দিতেন, তিনি এখানে আসিবামাত্র ইংরেজসমাজের জালের মধ্যে আবদ্ধ হইয়া পড়েন। তপন তাহার নিজের স্বাভাবিক সংখ্যার এবং স্বজাতিসমাজের পৃঞ্জীভূত সংখ্যার একত্র হইয়া একটা অলক্ষ্য বাধার স্বন্ধপ হইয়া দাড়ায়। পুরাতন বিদেশী নৃতন বিদেশীকে আমাদের কাছে আসিতে না দিরা তাহাদের তুর্গম সমাজত্বর্গের মধ্যে কঠিন পাবাণময় স্বাতন্থ্যের দারা বেষ্টন করিয়া রাখেন।

দ্রীলোক সমাজের শক্তিশ্বরূপ। রমণী চেষ্টা করিলে বিরোধী পক্ষের মিলন সাধন করিয়া দিতে পারেন। কিন্তু তুর্ভাগ্যক্রমে তাঁহারাই দ্রবাপে লা অধিকমাত্রায় দংখারের বন। আমরা সেই আাংলো-ই তীয় রমণীগণের স্নায়্বিকার ও শিরংপীড়াজনক। সেজভ তাঁহাদের কী দোষ দিব, সে আমাদের অদৃষ্টদোষ। বিধাতা আমাদিগকে স্বাংশেই তাঁহাদের কচিকর করিয়া গড়েন নাই।

তাহার পরে, আমাদের মধ্যে ইংরেজেরা বে-ভাবে আমাদের সম্বন্ধ বলাকহা করে, চিন্তামাত্র না করিয়া আমাদের প্রতি যে-সমস্ত বিশেষণ প্রয়োগ করে, এবং আমাদিগকে সম্পূর্ণজ্পে না জানিয়াও আমাদের যে-সমস্ত কুংসাবাদ করিয়া থাকে, প্রত্যেক সামান্ত

কণাটিতে আমাদের প্রতি তাহাদের যে বছমূল অপ্রেম প্রকাশ হইয়া থাকে তাহা নবাগত ইংরেজ অল্লে অল্লে সমন্ত অস্তঃকরণ দিয়া শোষণ না করিয়া থাকিতে পারে না।

এ-কথা আমাদিগকে স্বীকার করিতেই হইবে যে, বিধিবিড়ম্বনার আমরা ইংরেজের অপক্ষা অনেক চুর্বল এবং ইংরেজ্বরুত অসমানের কোনো প্রতিকার করিতে পারি না এ যে নিজের সম্মান উদ্ধার করিতে পারে না এ পৃথিবীতে সে সম্মান পায় না। যখন একজন তাজা বিলাতি ইংরেজ আসিয়া দেখে যে, আমরা অপমান নিশ্চেষ্টভাবে বৃহন করি তখন আমাদের পরে আর ভাহার শ্রহা থাকিতে পারে না।

তথন তাহাদিগকে কে বুঝাইবে যে, অপমান সম্বন্ধে আমরা উদাসীন নহি কিন্ত আমরা দরিত্র এবং আমরা কেহই স্বপ্রধান নহি, প্রত্যেক ব্যক্তিই এক-একটি বৃহং পরিবারের প্রতিনিধি। তাহার উপরে কেবল তাহার একলার নহে, তাহার পিতামাতা-প্রাতা-স্ত্রীপুত্রপরিবারের জীবনধারণ নির্ভর করিতেছে। তাহাকে অনেক আত্মসংযম আত্মত্যাগ করিয়া চলিতে হয়। ইহা তাহার চিরদিনের শিক্ষা ও অভ্যাস। সে যে কুত্র আত্মরক্ষণেচ্ছার নিকট আত্মসমান বলি দের তাহা নহে, বৃহৎ পরিবারের নিকট, কর্তব্যজ্ঞানের নিকট দিয়া থাকে। কে না জ্ঞানে দরিদ্র বাঙালি কর্মচারিগণ কতদিন স্থগভীর নির্বেদ এবং স্থতীত্র ধিককারের সহিত আপিস হইতে চলিয়া আসে, তাহাদের অপমানিত জীবন কী অসম্ভ দুৰ্ভর বলিয়া বোধ হয়—দে তীব্ৰতা এত আতান্তিক যে, সে-অবস্থায় অক্ষমতম ব্যক্তিও সাংঘাতিক হইয়া উঠে কিন্তু তথাপি তাহার প্রদিন যথাসময়ে ধৃতির উপর চাপকানটি পরিয়া সেই আপিসের মধ্যে গিয়া প্রবেশ করে এবং সেই মসীলিপ্ত ডেম্বে চামড়ায় বাধানো বৃহৎ খাতাটি খুলিয়া সেই পিকলবৰ্ণ বড়োসাহেবের ব্লুট লাজুনা নীব্ৰবে সহু কবিতে থাকে। হঠাং আত্মবিশ্বত হইয়া সে কি একমুহুর্তে আপনার বৃহৎ সংসারটিকে ডুবাইতে পারে ? আমরা কি ইংরেঞের মতো বতম, সংসার-ভারবিহীন ? আমরা প্রাণ দিতে উছত হইলে অনেকগুলি নিরুপার নারী অনেকগুলি অসহায় শিশু ব্যাকুল বাহ উত্তোলন করিয়া আমাদের কল্পনাচক্ষে উদিত হয় আমাদের বহুযুগের অভ্যাস।

কিন্তু সে-কথা ইংরেজের ব্রিবার নহে। ভাষার একটিমাত্র কথা আছে, ভীকতা।
নিজের জন্ম ভীকতা ও পরের জন্ম ভীকতার প্রভেদ নির্ণয় করিয়া কোনো কথার স্বষ্টি
হয় নাই। স্তরাং ভীক শব্দটা মনে উদর হইবামাত্র তৎসংবলিত দৃদ্বক্ষমূল অবজ্ঞাও
মনে উদয় হইবে। আমরা বৃহৎ পরিবার ও বৃহৎ অপমান একত্রে মাধার বহন
করিতেছি।

তাহার পরে ভারতবর্বের অধিকাংশ ইংরেজি ধববের কাগজ আমাদের প্রতিকৃপপক্ষ অবলঘন করিরা আছে। চা কটি এবং আগ্রার সহিত আমাদের নিন্দাবাদ ভারতবর্বীর ইংরেজের ছোটাহাজরি। অন্ধ হইরা পড়িরাছে। ইংরেজে সাহিত্যেও গরে, অমণ\*বৃত্তান্তে, ইতিহাসে, ভূগোলে, রাজনৈতিক প্রবন্ধে এবং বিদ্ধপান্ত্রক কবিতার ভারতবর্বীরের বিশেষত শিক্ষিত "বাব্"দের প্রতি ইংরেজের অকচি উত্তরোত্তর বর্ধিত করিয়া ভূলিতেছে।

ভারতবর্ষীরেরা আপন গরিবধানার পড়িরা পড়িরা তাহার প্রতিশোধ লইতে চেটা করে। কিছু আমরা কী প্রতিশোধ লইতে পারি। আমরা ইংরেজের কড়টুকু ক্ষতি করিতে সক্ষম? আমরা রাগিতে পারি, দরে বিদিয়া গাল পাড়িতে পারি, কিছু ইংরেজ যদি কেবলমাত্র তুইটি অনুলি দ্বারা আমাদের কোমল কর্ণমূলে কিঞ্চিং কঠিন মর্দন প্রয়োগ করে তবে সেটা আমাদিগকে সন্থ করিতে হয়। এইরূপ মর্দন করিবার ছোটো বড়ো কতপ্রকার অবসর যে তাহাদের আছে তাহা সদর-মন্ত্রপারে লোকের অবিদিত নাই। ইংরেজ আমাদের প্রতি মনে মনে বতই বিম্ব বীতশ্রম হইতে থাকিবে ততই আমাদের প্রকৃত স্বভাব বোঝা, আমাদের স্থবিচার করা, আমাদের উপকার করা তাহাদের পক্ষে হংসাধ্য হইরা দাঁড়াইবে। ভারতবর্ষীরের অবিশ্রাম নিন্দা ও তাহার প্রতি অবজ্ঞা প্রকাশ করিয়া ইংরেজের নিন্দা করিয়া করেল আমাদের নির্দ্ধার অসম্ভোব লালন করিতেছি মাত্র।

এ-পর্যন্ত ভারত-অধিকারকার্ধে যে অভিজ্ঞতা জ্বিয়াছে তাহাতে ইহা নিশ্চর জানা গিয়াছে যে, ভারতবর্ষীরের নিকট হইতে ইংরেজের আশ্বরার কোনো কারণ নাই। দেড়শত বংসর পূর্বেই ষখন কারণ ছিল না বলিলেই হয় তখন এখনকার তো আর কথাই নাই। রাজ্যের মধ্যে যাহারা উপদ্রব করিতে পারিত তাহাদের নখদন্ত গিয়াছে এবং অনভ্যাসে তাহারা এতই নির্জীব হইয়া পড়িয়াছে যে, ভারতরক্ষাকার্যের জন্মই সৈপ্ত পাওয়া ক্রমশ তুর্ঘট ইইতেছে। তথাপি ইংরেজ "সিভিশন" দমনের জন্ম সর্বদা উন্মত। তাহার কারণ, প্রবীণ রাজনীতিজ্ঞগণ কোনো অবস্থাতেই স্তর্কতাকে শিথিল হইতে দেন না! সাবধানের বিনাশ নাই।

তত্রাচ উহা অতিসাবধানতামাত্র। কিন্তু অপর পক্ষে ইংরেজ বদি ক্রমণই ভারতন্ত্রোহী হইয়া উঠিতে থাকে তাহা হইলেই রাজকার্ধের বাস্তবিক বিশ্ব দটা সম্ভব। বরং উদাসীন-ভাবেও কর্তব্যপালন করা যায় কিন্তু আম্বরিক বিশ্বেষ লইরা কর্তব্যপালন করা মহয়-ক্ষমতার অতীত।

তথাপি, অমাহ্যিক ক্ষমতাবলে সমস্ত কর্তব্য ষধাষণ পালন করিলেও সেই অম্বরন্থিত বিদ্বের প্রজাকে পীড়ন করিতে থাকে। কারণ, যেমন জলের ধর্ম আপনার সমতল সন্ধান করা তেমনি মানবহৃদরের ধর্ম আপনার সম-এক্য অন্বেষণ করা। এমন কি, প্রেমের ফ্রেই ইম্বরের সহিত সে আপনার এক্য স্থাপন করে। যেখানে সে আপনার এক্যের্যণ পথ খুঁজিয়া না পায় সেখানে অন্ধ ষতপ্রকার স্থাবিধা থাক সে অভিশন্ত ক্লিষ্ট হইতে থাকে। মুসলমান রাজা অত্যাচারী ছিল কিন্ত তাহাদের সহিত আমাদের অনেক বিষয়ে সমকক্ষতার সামা ছিল। আমাদের দর্শন কাব্য আমাদের কলাবিদ্যা আমাদের বৃদ্ধির্ক্তিতে রাজায় প্রজায় আদানপ্রদান ছিল। স্মতরাং মুসলমান আমাদিগকে পীড়ন করিতে পারিত কিন্তু অসম্মান করা তাহার সাধ্য ছিল না। মনে মনে আমাদের আয়ুসম্মানের কোনো লাঘ্ব ছিল না, কারণ বাহুবলের বারা শ্রেষ্ঠতা কিছুতেই অভিভূত হইতে পারে না।

কিন্তু আমরা ইংরেজের রেলগাড়ি কলকারখানা রাজ্যশৃদ্ধলা দেখি আর হাঁ করিয়া ভাবি ইহারা ময়দানবের বংশ—ইহারা এক জাতই স্বতন্ত্র, ইহাদের অসাধ্য কিছুই নহে—এই বলিয়া নিশ্চিন্তমনে রেলগাড়িতে চড়ি, কলের মাল সন্তায় কিনি এবং মনে করি ইংরেজের মূল্লকে আমাদের আর কিছু ভয় করিবার চিন্তা করিবার চেন্তা করিবার নাই—কেবল, পূর্বে ভাকাতে যাহা লইত এখন তাহা পূলিস এবং উকিলে মিলিয়া অংশ করিয়া লয়।

এইরপে মনের এক ভাগ যেরপ নিশ্চিম্ব নিশ্চেষ্ট হয়, অপর ভাগে এমন কি, মনের গভীরতর মূলে ভার বোধ হইতে থাকে। খাগ্ররস এবং পাকরস মিশিয়া তবে আহার পরিপাক হয়, ইংরেজের সভ্যতা আমাদের পক্ষে বাগ্যমাত্র কিন্তু তাহাতে রসের একান্ত অভাব হওয়াতে আমাদের মন তত্বপযুক্ত পাকরস নিজের মধ্য হইতে জোগাইতে পারিতেছে না। লইতেছি মাত্র কিন্তু পাইতেছি না। ইংরেজের সকল কার্বের ফলভোগ করিতেছি কিন্তু আমার করিতে পারিতেছি না, এবং করিবার আশাধ নিরম্ব হইতেছে।

রাজ্য জর করিয়া গৌরব এবং লাভ আছে, রাজ্য সুশাসন করিয়া ধর্ম এবং অর্থ আছে, আর রাজাপ্রজার হৃদয়ের মিলন স্থাপন করিয়া কি কোনো মাহাস্থ্য এবং কোনো স্থবিধা নাই? বর্তমান কালের ভারত-রাজ্বনীতির সেই কি স্বাপেক্ষা চিন্তা এবং আলোচনার বিষয় নহে?

কেমন করিয়া হইবে তাহাই প্রশ্ন। একে একে তো দেখানো গিয়াছে যে, রাজাপ্রজার মধ্যে হর্ভেড ছব্লহ স্বাভাবিক বাধাসকল বর্তমান। কোনো কোনো সহায় ইংরেজও সেজজ অনেক সময় চিস্তাও তৃংধ অস্ভব করেন। তবু বাহা অসম্ভব যাহা অসাধ্য তাহা লইয়া বিলাপ করিয়া কল কী ?

কিন্ত বৃহৎ কার্য মহৎ অফুষ্ঠান কবে সহজ স্থান্য হইরাছে ? এই ভারতজ্ঞর-ভারতশাসনকার্যে ইংরেজের যে-সকল গুণের আবক্তক হইরাছে সেগুলি কি স্থলভ গুল ? সে সাহস, সে অদম্য অধ্যবসায়, সে ত্যাগন্ধীকার কি স্বল্ল সাধনার ধন ? আর পঞ্চবিংশতি কোটি বিদেশীর প্রজার হাদর স্বন্ধ করিবার জন্ত যে চুর্লভ সহদয়তাগুণের আবক্তক তাহা কি সাধনার যোগ্য নহে ?

ইংরেজ কবিন্নণ গ্রীস ইটালি ছাঙ্গেরি পোলাণ্ডের ছৃংগে অশ্রুমোচন করিয়াছেন, আমরা ততটা অশ্রুপাতের অধিকারী নহি, কিন্তু এ-পর্যন্ত মহাত্মা এডবিন আর্নপৃত ব্যক্তীত আর কোনো ইংরেজ কবি কোনো প্রসঙ্গ উপলক্ষে ভারতবর্ষের প্রতি প্রীতি ব্যক্ত করেন নাই। বরঞ্চ শুনিয়াছি নিঃসম্পর্ক ফ্রান্সের কোনো কোনো বড়ো কবি ভারতব্যীয় প্রসঙ্গ অবলম্বন করিয়া কাবা রচনা করিয়াছেন। ইহাতে ইংরেজের যতটা অনাস্থীয়তা প্রকাশ পাইরাছে এমন আর কিছুতেই নহে।

ভারতবর্ষ ও ভারতবর্ষীয়দের লইয়া আঞ্চকাল ইংরেজি নভেল অনেকগুলি বাহির হইতেছে। শুনিতে পাই আধুনিক আংলো-ইভিয়ান লেখকসম্প্রদায়ের মধ্যে রাভইয়ার্ড কিপ্লিং প্রতিভায় অগ্রগণ্য। তাঁহার ভারতবর্ষীয় গল্প লইয়া ইংরেজ পাঠকেরা অত্যন্ত মৃদ্ধ হইয়াছেন। উক্ত গল্পগুলি পড়িয়া তাঁহার একজন অফুরক্ত ভক্ত ইংরেজ কবির মনে কিরপ ধারণা হইয়াছে তাহা পড়িয়াছি। সমালোচনা উপলক্ষে এডমণ্ড গস্বলিতেছেন:

"এই সকল গল্প পড়িতে পড়িতে ভারতবর্ষীর সেনানিবাসগুলিকে জনহীন বালুকাসমূত্রের মধ্যবর্তী এক-একটি দ্বীপের মতো বোধ হয়। চারিদিকেই ভারতবর্ষের অপরিসীম মক্রমন্থতা,—অব্যাত, একদেয়ে, প্রকাণ্ড—সেধানে কেবল কালা আদমি, পারিয়া কুকুর, পাঠান এবং সবুজ্ববর্ণ টিয়াপাধি, চিল এবং ক্ষীর, এবং লছা ঘাসের নির্জন ক্ষেত্র। এই মক্রসমূত্রের মধাবর্তী দ্বীপে কতকগুলি ঘ্রাপুক্র বিধবা মহারানীর কার্য করিতে এবং তাঁহার অধীনস্থ পূর্বদেশীয় ধনসম্পদপূর্ণ বর্ষর সামাজ্য রক্ষা করিতে অ্বং তাঁহার অধীনস্থ পূর্বদেশীয় ধনসম্পদপূর্ণ বর্ষর সামাজ্য রক্ষা করিতে অ্বং তাঁহার ভাষতে প্রেরিত হইয়াছে।"

ইংরেক্সের ত্লিতে ভারতবর্ষের এই গুদ্ধ শোভাহীন চিত্র অন্ধিত দেখিয়া মন নৈরাক্ষে বিবাদে পরিপূর্ব হইয়া যায়। আমাদের ভারতবর্ষ তো এমন নয়। কিছ ইংরেক্সের ভারতবর্ষ কি এত তক্ষাত। পরস্ক ভারতবর্ষের সহিত স্বার্থসম্পর্কীয় সম্বন্ধ লইয়া প্রবন্ধ আজকাল প্রায়ই দেখা বার । ইংলণ্ডের জনসংখ্যা প্রতিবংসর বৃদ্ধি হইয়া ক্রমণ কী পরিমাণে খাছাভাব হইতেছে এবং ভারতবর্ষ তাহা কী পরিমাণে পূরণ করিতেছে এবং বিলাতি মালের আমদানি করিয়া বিলাতের বছসংখ্যক শ্রমজীবীর হাতে কাজ দিয়া তাহাদের কিরুপে জীবনোপার করিয়া দিতেছে তাহার তালিকা বাহির হইতেছে।

ইংলণ্ড উত্তরোত্তর ভারতবর্ষকে তাঁহাদেরই রাজগোষ্ঠের চিরপালিত গোন্সটির মতো দেখিতেছেন। গোষাল পরিষার বাধিতে এবং খোলবিচালি জোগাইতে কোনো আলক্ত নাই, এই অন্থাবর সম্পত্তিটি ধাহাতে রক্ষা হয় সে-পক্ষে তাঁহাদের ষত্ব আছে, যদি কংনো দোরাত্মা করে সেজজ শিং ঘুটা ঘবিয়া দিতে উদাসীক্ত নাই এবং ছুই বেলা ছম্ম দোহন করিয়া লইবার সময় ক্লশকায় বংসগুলাকে একেবারে বঞ্চিত করে না। কিন্তু তবু স্বার্থের সম্পর্কটাকেই উত্তরোত্তর জ্বাঞ্চলামান করিয়া তোলা হইতেছে। এই সকল প্রবন্ধে প্রায় একই সময় ভারতবর্ষের সহিত ইংরেজি উপনিবেশ্রুলিরও প্রসঙ্গ অবতারণা করা থাকে। কিন্তু স্থরের কত প্রভেদ। তাহাদের প্রতি কত প্রেম, কত সৌলাত্র। কত বারংবার করিয়া বলা হয় যে, যদিও মাতৃভূমি হইতে তাহারা বিচ্ছিন্ন হইয়া গেছে তথাপি এখনও মাতার প্রতি তাহাদের অচলা ভক্তি আছে, তাহারা নাড়ির টান ভূলিতে পারে নাই—অর্থাং সে-স্থলে স্বার্থের সঙ্গে প্রেমের কণারও উল্লেখ করা আবশ্রক হয়। আর হতভাগা ভারতবর্ষেরও কোণাও একটা হদর আছে এবং সেই হৃদয়ের সঙ্গে কোধাও একটু যোগ ধাকা আবক্তক সে-কথার কোনো আভাসমাত্র থাকে না। ভারতবর্ষ কেবল হিসাবের খাতায় শ্রেণীবদ্ধ অরপাতের ঘারায় নির্দিষ্ট। ইংলণ্ডের প্রাাকটিক্যাল লোকের কাছে ভারতবর্ষের কেবল মন-দরে সের-দরে, টাকার দরে সিকার দরে গোরব। সংবাদপত্র এবং মাসিক-পত্রের লেখকগণ ইংলগুকে কি কেবল এই গুৰু পাঠিই অভ্যাস করাইবেন ? ভারতবর্ষের সহিত যদি কেবল তাহার স্বার্থের সম্পর্কই দৃঢ় হয় তবে যে স্থামান্দিনী গাভীট আব্দ দুধ দিতেছে কালে গোপকুলের অষণা বংশবৃদ্ধি ও কৃধাবৃদ্ধি হইলে তাহার লেঞ্চুকু এবং ক্রটুকু পর্যন্ত তিরোহিত হইবার সম্ভাবনা। এই বার্ধের চক্ষে দেখা হর বলিয়াই তো ল্যাহাশিয়র নিরুপায় ভারতবর্বের তাঁতের উপর মাস্থল বসাইয়াছে আর নিজের মাল বিনা মাস্থলে চালান করিভেছে।

আমাদের দেশটাও যে তেমনি। যেমন রৌদ্র তেমনি ধূলা। কেবলই পাধার বাতাস এবং বরকজন না ধাইলে সাহেব বাঁচে না। আবার ভূতাগ্যক্রমে পাধার কুলিটিও কর সীহা লইমা ঘুমাইয়া পড়ে এবং বরক সর্বত্ত ফুলভ নহে। ভারতবর্ষ্ ইংরেশের পক্ষে রোগশোক স্বঞ্চনবিচ্ছেদ এবং নির্বাসনের দেশ, স্কুতরাং বুব মোটা মাহিনার সেটা পোষাইদা লইতে হয়। আবার পোড়া এক্সচেঞ্চ তাহাতেও বাদ সাধিতে চাহে। স্বার্থসিছি ছাড়া ভারতবর্ব ইংরেশ্বকে কী দিতে পারে।

হার হতভাগিনী ইণ্ডিরা, তোমাকে তোমার স্বামীর পছন্দ হইল না; তুমি তাহাকে প্রেমের বন্ধনে বাধিতে পারিলে না। এখন দেখা, যাহাতে তাহার সেবার ফ্রাট না হয়। তাহাকে অভ্যান্ত থক্তে বাতাস করো; খসখসের পর্দা টাঙাইরা জল সেচন করো, যাহাতে তুই দও তোমার দরে সে স্থান্থির হইয়া বসিতে পারে। থোলো, তোমার সিন্দৃকটা খোলো, তোমার গহনাগুলো বিক্রম্ম করো, উদর পূর্ব করিয়া আহার এবং পকেট পূর্ব করিয়া দক্ষিণা দাও। তবু সে মিট কথা বলিবে না, তবু মুখ ভার করিয়া থাকিবে, তবু তোমার বাপের বাড়ির নিন্দা করিবে। আজকাল তুমি লক্ষার মাথা থাইয়া মান-অভিমান করিতে আরম্ভ করিয়াছ, বংকার সহকারে ত্ত্তিমাল বাদি কথা গুনাইয়া দিতেছ; কাজ নাই বকাবকি করিয়া; যাহাতে তোমার বিদেশী স্বামী সম্ভোবে থাকে আরামে থাকে একমনে তাহাই সাধন করো। তোমার হাতের লোহা অক্ষর হউক।

ইংরেঞ্জ রাজকবি টেনিসন মৃত্যুর পূর্বে তাঁহার সর্বশেষ গ্রন্থে সোভাগ্যক্রমে ভার-চবর্ষকে কিঞ্চিং শ্বরণ করিয়াছেন।

কবিবর উক্ত গ্রন্থে আক্বরের বপ্প নামক একটি কবিতা প্রকাশ করিয়াছেন। আকবর তাঁহার প্রিয়স্ক্রং আবৃদ কজলের নিকট রাত্রের স্থপ্রবর্ণন উপলক্ষে তাঁহার ধর্মের আদর্শ ও জীবনের উদ্দেশ্ত ব্যক্ত করিতেছেন। তিনি ভারতবর্ষের ভিন্ন ধর্মের মধ্যে যে ঐক্য এবং ভিন্ন জাতির মধ্যে যে প্রেম ও শাস্তি স্থাপনার চেটা করিয়াছেন, স্বপ্নে দেখিয়াছেন তাঁহার পরবর্তিগণ সে চেটা বিপর্যন্ত করিয়া দিয়াছে এবং অবশেষে স্থান্তের দিক হইতে একদল বিদেশী আসিয়া তাঁহার সেই ভূমিসাং মন্দিরকে, একটি একটি প্রস্তর গাঁধিয়া প্রপ্রতিষ্ঠিত করিয়া ভূলিয়াছে এবং সেই মন্দিরে সত্য এবং শাস্তি, প্রেম এবং স্থারপরতা পুনরায় আপন সিংহাসন স্থাপন করিয়াছে।

কবির এই স্বপ্ন সফল হউক প্রার্থনা করি। আব্দ্র পর্যন্ত এই মন্দিরের প্রস্তরগুলি গ্রাথিত হইয়াছে; বল, পরিশ্রম ও নৈপুণ্যের দারা বাহা হইতে পারে তাহার কোনো ফেট হয় নাই কিন্তু এখনও এ মন্দিরে সকল দেবতার অধিদেবতা প্রেমের প্রতিষ্ঠা হয় নাই।

প্রেম পদার্থ টি ভাবাত্মক, অভাবাত্মক নহে। আকবর সকল ধর্মের বিরোধভঞ্জন করিয়া যে একটি প্রেমের ঐক্য স্থাপনের চেটা করিয়াছিলেন ভাহা ভাবাত্মক। তিনি নিজ্যের হাদরমধ্যে একটি ঐক্যের আদর্শ লাভ করিয়াছিলেন, তিনি উদার হাদর লইয়া শ্রদার সহিত সকল ধর্মের অন্তরে প্রবেশ করিয়াছিলেন। তিনি একাগ্রতার সহিত নিষ্ঠার সহিত হিন্দু মুসলমান ঞ্জীন্টান পারসি ধর্মজ্ঞদিগের ধর্মালোচনা শ্রবণ করিতেন ও তিনি হিন্দু রমণীকে অন্তঃপুরে, হিন্দু অমাত্যদিগকে মন্ত্রী-সভার, হিন্দু বীরগণকে দেনানায়কতার প্রধান আসন দিয়াছিলেন। তিনি কেবল রাজনীতির বারায় নহে প্রেমের দারা সমন্ত ভারতবর্ষকে, রাজা ও প্রজাকে এক করিতে চাহিয়াছিলেন। স্থাতভূমি হইতে বিদেশী আসিয়া আমাদের ধর্মে কোনো হত্তক্ষেপ করে না,—কিন্তু সেই নির্দিপ্ততা প্রেম, না রাজনীতি ও উভয়ের মধ্যে আকাশপাতাল প্রভেদ।

কিছ্ক এক জন মহদাশর ক্ষণজ্বনা পুরুষ যে অত্যুক্ত আদর্শন লাভ করিয়াছিলেন একটি সমগ্র জাতির নিকট তাহা প্রত্যাশা করা যায় না। সেইজক্স কবির স্বপ্ন কবে সত্য হইবে বলা কঠিন। বলা আরও কঠিন এইজক্স, যে, দেখিতে পাইতেছি, রাজা-প্রজার মধ্যে যে চলাচলের পথ ছিল উভয় পক্ষে কাঁটাগাছের বের দিয়া প্রতিদিন সে-পথ মারিয়া লইতেছেন। নব নব বিষেষ মিলনক্ষেত্রকে আচ্ছন্ন করিয়া ফেলিতেছে।

রাজ্যের মধ্যে এই প্রেমের অভাব আমরা আজকাল এত অধিক করিয়া অমুভব করি যে, লোকের মনে ভিতরে ভিতরে একটা আনন্ধা এবং অনান্তি আন্দোলিত হইতেছে। তাহার একটা দৃষ্টান্ত দেপা যায় যে, আজকাল হিন্দু-মুসলমানের বিরোধ উত্তরোত্তর যে নিদারুণতর হইয়। উঠিতেছে আমরা আপনাদের মধ্যে তাহা লইয়া কিরণ বলাকহা করি ? আমরা কি গোপনে বলি না ষে, এই উৎপাতের প্রধান কারণ, ইংরেজেরা এই বিরোধ নিবারণের জন্ম যথার্থ চেষ্টা করে না। তাহাদের রাজনীতির মধ্যে প্রেমনীতির স্থান নাই। ভারতবর্ষের তুই প্রধান সম্প্রদারের মধ্যে ভাষারা প্রেমের অপেকা ইধা বেশি করিয়া বপন করিয়াছে। ইচ্ছাপূর্বক করিয়াছে এমন নাওু ছইতে পারে-কিন্তু আকবর যে একটি প্রেমের আদর্শে খণ্ড ভারতবর্ধকে এক করিবার ८० हो कित्रशाहित्वन देशदराजद शिमित मासा त्मरे आपनी नारे विषयारे धरे हुई জাতির স্বাভাবিক বিরোধ গ্রাস না হইরা উন্তরোত্তর বৃদ্ধি পাইবার উপক্রম দেখা যাইভেছে। কেবল আইনের দ্বারা শাসনের দ্বারা এক করা দার না—অন্তরে প্রবেশ করিতে হয়, বেদনা বৃক্তিতে হয়, ধবার্থ ভালোবাসিতে হয়—আপনি কাছে আসিয়া হাতে . হাতে ধরিয়া মিলন করাইয়া দিতে হয়। কেবল পুলিস মোতাইন করিয়া এবং হাতকড়ি দিয়া খান্তি স্থাপন করায় তুর্ধর্ব বলের পরিচয় পাওয়া যায় কিন্তু সেটা ঠিক আক্বরের স্বপ্লের মধ্যে ছিল না এবং সুর্যান্তভূমির কবিগণ অলীক অভংকার না করিয়া ধদি বিনীত প্রেমের সহিত স্থগভীর আক্ষেপের সহিত স্বজাতিকে লাম্বনা করিয়া প্রেমের সেই উচ্চ আদৰ্শ শিক্ষা দেন তবে তাঁহাদের ব্যঞ্জাতিরও উন্নতি হয় এবং এই আমিত-

বর্ণোরও উপকার হয়। ইংরেঞ্জের আত্মাভিমান সভ্যতাগর্ব জাত্যহংকার কি ধণেষ্ট নাই, কবি কি কেবল সেই অগ্নিতেই আহতি দিবেন? এখনও কি নম্রতাশিক্ষা ও প্রেমচর্চার সময় হয় নাই? সোভাগ্যের উন্নততম শিখরে অধিবোহণ করিয়া এখনও কি হংরেজ কবি.কেবল আত্মধোষণা করিবেন।

কিন্তু আমাদের মতো অবস্থাপন্ন লোকের মূখে এ-সকল কথা কেমন শোভন হয় না, সেইজ্বন্ত বলিতেও লক্ষা বোধ হয়। দায়ে পড়িয়া প্রেম ভিক্ষা করার মতো দীনতা আর কিছু নাই। এবং এ-সম্বন্ধ তুই-এক কথা আমাদিগকে মাঝে মাঝে শুনিতেও হয়।

মনে পড়িতেছে কিছুদিন হইল ভক্তিভাজন প্রতাপচন্দ্র মন্থাদার মহাশরের এক পত্রের উক্তরে লণ্ডনের স্পেক্টেটর পত্র বলিয়াছিলেন, নব্য বাঙালিদের অনেকগুলা ভালো লক্ষণ আছে কিন্তু একটা দোব দেবিতেছি সিমপ্যাবি-লালসাটা তাহাদের বড়ো বেশি হইয়াছে।

এ দোব শীকার করিতে হয় এবং এতক্ষণ আমি ষে-ভাবে কণাগুলা বলিয়া আদিতেছি তাহাতে এ দোব হাতে হাতে প্রমাণ হয়। ইংরেজের কাছ হইতে আদর পাইবার ইচ্ছাটা জ্বামাদের কিছু অস্বাভাবিক পরিমাণে বাড়িয়া উঠিয়াছে। তাহার কারণ, আমরা স্পেক্টেটরের স্থায় স্বাভাবিক অবস্থার নাই। আমরা যথন "ত্যার্ড হইরা চাহি এক ঘট জল" আমাদের রাজা তথন "তাড়াতাড়ি এনে দের আধখানা বেল।" আধখানা বেল সমন্ববিশেষে অত্যন্ত উপাদের হইতে পারে কিন্তু তাহাতে কুধাতৃষ্ণা ছই একসঙ্গে দূর হয় না। ইংরেজের স্থানিরমিত স্বিচারিত গবর্মেন্ট অত্যন্ত উত্তম এবং উপাদের কিন্তু তাহাতে প্রজার হৃদরের তৃষ্ণা মোচন না হইতেও পরের, এমন কি, গুরুপাক প্রচুর ভোজনের স্থায় তক্ষারা তৃষ্ণা অত্যন্ত বাড়িয়া উঠিতেও আটক নাই। স্পেক্টেটর দেশদেশান্তরের সকলপ্রকার ভোজ্য এবং সকলপ্রকার পানীর অপর্যাপ্ত পরিমাণে আহরণ করিয়া পরিপূর্ণ ভিনারের মাঝখানে বদিয়া কিছুতেই ভাবিয়া পান না তাঁহাদের বাতায়নের বহিঃস্থিত পর্যপ্রস্থিত্তি ওই বিদেশী বাঙালিটির এমন বৃভুক্ষ্ কাঙালের মতো ভাবধানা কেন?

কিন্ত স্পেক্টেটর শুনিয়া হয়তো সুধী হইবেন, অতিহুপ্রাপ্য তাঁহাদের সেই সিমপ্যাধির আঙুর ক্রমে আমাদের নিকটও টক হইয়া আসিয়াছে। আমরা অনেকক্ষণ উর্দের্থ লোপুপ দৃষ্টিপাত করিয়া অবশেষে ধীরে ধীরে ধরে ফিরিবার উপক্রম করিতেছি। আমাদের এই চির-উপবাসী কৃষিত স্বভাবের মধ্যেও ফেটুকু মন্থ্যত্ব অবশিষ্ট ছিল তাহা ক্রমে বিজ্ঞোহী হইয়া উঠিতেছে।

আমরা বলিতে আরম্ভ করিরাছি—তোমরা এতই কি শ্রেষ্ঠ। তোমরা না হয় কল ১০—৫০

চালাইতে এবং কামান পাতিতে শিধিয়াছ কিন্তু মানবের প্রক্লত সভ্যতা আধ্যান্থিক সভ্যতা, সেই সভ্যতায় আমরা তোমাদের অপেক্ষা অনেক শ্রেষ্ঠতর। অধ্যান্থবিদ্যার ক খ হইতে আমরা তোমাদির শেল শিখাইতে পারি। তোমরা যে আমাদিরকে ব্রুসভা বলিয়া অবজ্ঞা কর সে তোমাদের অন্ধ মৃচ্তাবশত, হিন্দুজাতির শ্রেষ্ঠতা ধারণা করিবার্ব শক্তিও তোমাদের নাই। আমরা পুনরায় চক্ষু মৃদ্রিত করিয়া ধ্যানে বসিব। আজ্ব হইতে তোমাদের মুরোপের স্থাসক্ত চপল সভ্যতার বাল্যলীলা হইতে সমস্ত দৃষ্টি ফিরাইয়া আনিয়া তাহাকে কেবলমাত্র নাসাগ্রভাগে নিবিষ্ট করিয়া রাধিলাম। তোমরা কাছারি করো, আপিস করো, দোকান করো, নাচো, খেলো, ম্যুরো, ধরো, হুটোপাটি করো এবং সিমলার শৈলশিখরে বিলাসের স্বর্গপুরী নির্মাণ করিয়া সভ্যতাম্বদে প্রমন্ত হইয়া থাকো।

দরিক্র বঞ্চিত মানব আপনাকে এইরপে সাম্বনা দিতে চেষ্টা করে। যে শ্রেষ্ঠতার সহিত প্রেম নাই সে শ্রেষ্ঠতা সে কিছুতেই বহন করিতে সন্মত হয় না। কারণ, তাহার অস্তরে একটি সহজ্ঞ জ্ঞান আছে তন্ধারা সে জানে যে, এইরপ শুদ্ধ শ্রেষ্ঠতা বাধ্য হইয়া বহন করিতে হইলে ক্রমণ ভারবাহী মৃচ্ পশুর সমতুলা হইয়া যাইতে হইবে।

কিন্তু কে বলিতে পারে এই মানসিক বিদ্রোহই বিধাতার অভিপ্রেত নহে। তিনি ক্ষু পৃথিবীকে যেরূপ প্রচণ্ড স্থের প্রবল আকর্ষণ হইতে রক্ষা করিতেছেন, তাহার অন্তরে একটি প্রতিকৃল শক্তি নিহিত করিয়া দিয়াছেন, সেই শক্তির বলে সে স্থের আলোক-উত্তাপ ভোগ করিয়াও আপনার স্বাতম্ম রক্ষা করিতেছে এবং স্থের স্থায় প্রতাপশালী হইবার চেষ্টা না করিয়া আপনার অন্তর্নিহিত স্নেহশক্তি ধারা স্থামলা শক্তশালিনা কোমলা মাতৃর্নপিণী হইয়া উঠিয়াছে, বিধাতা বোধ করি সেইব্লপ আমাদিগকেও ইংরেজের বৃহৎ আকর্ষণের কবল হইতে রক্ষা করিবার উদ্যোগ করিয়াছেন। বোধ করি তাহার অভিপ্রায় এই বে, আমরা ইংরেজি সম্ভাতার জ্ঞানালোকে নিজের স্বাতম্বাকেই সমুক্ষ্যণ করিয়া তুলিব।

তাহার লক্ষণও দেখা যায়। ইংরেজের সহিত সংঘর্ষ আমাদের অস্করে যে একটি উত্তাপ সঞ্চার করিয়া দিয়াছে তদ্ধারা আমাদের মৃষ্ধ্ জীবনীশক্তি পুনরার সচেতন হইয়া উঠিতেছে। আমাদের অন্তরের মধ্যে আমাদের যে-সমস্ত বিশেষ ক্ষমতা আছ ও জড়বং হইয়া অবস্থান করিতেছিল তাহারা নৃতন আলোকে পুনরায় আপনাকে চিনিতে পারিতেছে। স্বাধীন যুক্তিতর্কবিচারে আমাদের মানসভূমি আমাদের নিকট নবাবিশ্বত হইতেছে। দীর্ঘ প্রলম্বরাত্তির অবসানে অক্ষণোদ্বরে যেন আমরা আমাদেরই দেশ আবিকার করিতে বাহির হইয়াছি। স্বতিশ্রতি-কাব্যপুরাণ-ইতিহাসদর্শনের প্রাচীন

গছন অরণ্যের মধ্যে প্রবেশ করিরাছি—পুরাতন গুপ্তধনকে নৃতন করিয়া পাভ করিবার ইচ্ছা। আমাদের মনে যে একটা ধিক্কারের প্রতিষাত উপস্থিত হইয়াছে তাহাতেই আমাদিগকে আমাদের নিজের দিকে পুনরার সবলে নিক্ষেপ করিরাছে। প্রথম আক্ষেপে আমরা কিছু অস্কভারে আমাদের মাটি ধরিয়া পড়িয়াছি—আশা করা বায়, একদিন স্থিরভাবে অক্ষাচিন্তে ভালোমন্দ বিচারের সমর আসিবে এবং এই প্রতিষাত হইতে যথার্থ গভীর শিক্ষা এবং স্থায়ী উরতি লাভ করিতে পারিব।

একপ্রকারের কালি আছে যাহা কাগব্দের গারে কালক্রমে অদৃষ্ঠ হইরা যার অবলেবে অগ্নির কাছে কাগন্ধ ধরিলে পুনর্বার রেধার রেধার ফুটিয়া উঠে। পৃথিবীর অধিকাংশ সভ্যতা সেই কালিতে লেধা; কালক্রমে লুগু হইয়া যায় আবার গুভ দৈবক্রমে নব-সভ্যতার সংশ্রবে নবন্ধীবনের উত্তাপে তাহা পুনরায় ফুটিয়া উঠা অসম্ভব বোধ হয় না। আমরা তো সেইরূপ আশা করিয়া আছি। এবং সেই বিপুল আশার উৎসাহিত হইয়া আমাদের সমৃদয় প্রাচীন পৃথিপত্রগুলি সেই উত্তাপের কাছে আনিয়া ধরিতেছি,—যদি পূর্ব অক্ষর ফুটিয়া উঠে তবেই পৃথিবীতে আমাদের গৌরব রক্ষিত হইতে পারে—নচেং বদ্দ ভারতের জরাজীণ দেহ সভ্যতার ক্ষলম্ভ চিতায় সমর্পণ করিয়া লোকান্তর ও রূপান্তর প্রাপ্তি হওয়াই সদগতি।

আমাদের মধ্যে সাধারণের সম্মানভাজন এক সম্প্রদারের লোক আছেন তাঁহার। বর্তমান সমস্তার সহজ্ঞ একটা মামাংসা করিতে চান। তাঁহাদের ভাবধানা এই :

ইরেজের সহিত আমাদের অনেকগুলি বাহ্ন অমিল আছে। সেই বাহ্ন অমিলই সর্বপ্রথম চক্ষে আঘাত করে এবং তাহা হইতেই বিজ্ঞাতীয় বিচ্ছেবর স্থানত হইয়া থাকে। অতএব বাহ্ন অনৈকাটা মধাসম্ভব দূর করা আবক্সক। যে-সমস্ত আচার-বাবহার এবং দৃশ্য চিরাভ্যাসক্রমে ইংরেজের সহজ্ঞে শ্রমা আকর্ষণ করে সেইগুলি দেশে প্রবর্তন করা দেশের পক্ষে হিতজনক। বসনভূষণ ভাবতিরি, এমন কি, ভাষাটা পর্বস্ত ইংরেজি হইয়া গেলে তুই জ্ঞাতির মধ্যে মিলনসাধনের একটি প্রধান অস্তরায় চলিয়া যায় এবং আমাদের আত্মসন্থান রক্ষার একটি সহজ্ঞ উপায় অবলম্বন করা হয়।

আমার বিবেচনায় এ-কথা সম্পূর্ণ শ্রেক্ষের নহে। বাহু অনৈক্য লোপ করিয়া দেওয়ার একটি মহৎ বিপদ এই যে, অনভিক্ষ দর্শকের মনে একটি মিখ্যা আশার সঞ্চার করিয়া দেওয়া হয় এবং সেই আশাটি রক্ষা করিবার জন্ম অলক্ষিতভাবে মিখ্যার শরণাপর হইতে হয়। ইংরেক্ষদিগকে জানাইয়া দেওয়া হয় আমরা তোমাদেরই মতো, এবং যেখানে অগ্যতর কিছু বাহির হইয়া পড়ে সেখানে তাড়াতাড়ি যেন তেন প্রকারে চাপাচুপি দিয়া ফেলিতে ইছো করে। আডাম এবং ইড ক্সানবৃক্ষের কল শাইবার পূর্বে যে সহজ বেশে

ভ্রমণ করিতেন তাহা অতি শোভন ও পবিত্র কিন্তু ক্রানহুক্ষের ফল খাইবার পরে যে-পর্যন্ত না পৃথিবীতে দরজির দোকান বসিয়াছিল সে-পর্যন্ত তাহাদের বেশভ্যা অঙ্গীলতা-নিবারিণী সভায় নিন্দার্হ হইয়াছিল সন্দেহ নাই। আমাদেরও নব-আবরণে লক্ষানিবারণ না করিয়া লক্ষাবৃদ্ধি করিবারই সম্ভব। কারণ, সমন্ত দেশটাকে ঢাকিবার মতো দরজির্ব এক্টারিশমেন্ট এখনও খোলা হয় নাই। ঢাকিতে গিয়া ঢাকা পড়িবে না এবং তাহার মতো বিভ্রমা আর কিছুই নাই। যাহারা লোভে পড়িয়া সভ্যতারুক্ষের এই ফলটি খাইয়া বসিয়াছেন তাহাদিগকে বড়োই বাতিবান্ত হইয়া থাকিতে হয়। পাছে ইংরেজ দেখিতে পায় আমরা হাতে করিয়া খাই, পাছে ইংরেজ জানিতে পায় আমরা আসনে চৌকা হইয়া বসি, এজন্ত কেবলই তাঁহাদিগকে পর্দা টানিয়া বেড়াইতে হয়। এটকেট-শাল্রে একটু ক্রটি হওয়া, ইংরেজি ভাষায় স্বল্প আদর্শের নানতা দেখিলে লক্ষা ও অবজ্ঞা অফুভব করিয়া থাকেন। ভাবিয়া দেখিলে অনাবরণ অপেক্ষা এই অসম্পূর্ণ আবরণে, এই আবরণের নিক্ষল চেষ্টাতেই প্রকৃত অঞ্লীলতা—ইহাতেই যথার্থ আয়াবমাননা।

কতকটা পরিমাণে ইংরেজি ছদ্মবেশ ধারণ করিলে বৈসাদৃষ্ঠটা আরও বেশি জাজ্জলামান হইয়া উঠে। তাহার ফলটা বেশ স্থাভন হয় না। স্বতরাং ফটিতে বিগুণ আঘাত দেয়। ইংরেজের মনটা অভ্যাসকুহকে নিকটে আরুষ্ট হওয়াতেই আপনাকে অক্যায় প্রতারিত জ্ঞান করিয়া বিগুণ বেগে প্রতিহত হয়।

নব্য জাপান মুরোপীয় সভ্যতায় রীতিমতো দীক্ষিত হইয়াছে। তাহার শিক্ষা কেবল বাহাশিক্ষা নহে। কলকারধানা শাসনপ্রণালী বিভাবিন্তার সমন্ত সে নিজের হাতে চালাইতেছে। তাহার পটুতা দেখিয়া মুরোপ বিশ্বিত হয় এবং কোধাও কোনো আটি খুঁজিয়া পায় না কিন্তু তথাপি মুরোপ আপনার বিভালয়ের এই সর্দার প'ড়োটকে বিলাতি বেশভূষা-আচারব্যবহারের অন্তকরণ করিতে দেখিলেই বিমৃথ না হইয়া থাকিতে পারে না। জাপান নিজের এই অন্তুত কুকচি, এই হাস্তজনক অসংগতি সম্বন্ধ নিজে একেবারেই অন্ধ। কিন্তু মুরোপ এই ছন্মবেশী এশিয়াবাসীকে দেখিয়া বিপুল শ্রন্ধাসন্তেও না হাসিয়া থাকিতে পারে না।

আর আমরা কি যুরোপের সহিত অক্ত সমন্ত বিষয়েই এতটা দূর একান্দা হইরা গিয়াছি যে, বাহু অনৈক্য বিলোপ করিয়া দিলে অসংগতি নামক গুরুতর কচিদোষ ঘটবে না ?

**এই তো গেল একটা কথা। दि**ञीय कथा এই যে, এই উপারে লাভ চুলাছ যাক,

মূলধনেরই ক্ষতি হয়। ইংরেজের সহিত অনৈক্য তো আছেই আবার বদেশীরের সহিত অনৈক্যের স্ট্রনা হয়। আমি যদি আজ্ঞ ইংরেজের মতো হইরা ইংরেজের নিকট মান কাজিতে যাই তবে আমার যে-ভ্রাতারা ইংরেজের মতো সাজ্ঞে নাই তাহাদিগকে আত্মীর বিদিয়া পরিচর দিতে বভাবতই কিছু সংকোচ বোধ হরই। তাহাদের জন্ত লক্ষা অন্তত্তব না করিয়া থাকিবার জ্যো নাই। আমি যে নিজ্ঞাণে ওই সকল মান্তবের সহিত বিচ্ছির হইয়া বতরজাতিত্বক হইয়াছি এইরূপ পরিচর দিতে প্রবৃত্তি হয়।

ইহার অর্থ ই এই—জাতীয় সমান বিক্রন্ন করিয়া আত্মসমান ক্রন্ন করা। ইংরেজের কাছে একরকম করিয়া বলা যে, সাহেব, ওই বর্বরদের প্রতি ধেমন ব্যবহারই কর আমি যখন কতকটা তোমাদের মতো চেহারা করিয়া আসিরাছি তখন মনে বড়ো আশা আছে যে, আমাকে তুমি দূর করিয়া দিবে না।

মনে করা যাক যে, এইরূপ কাঙালবৃত্তি করিয়া কিছু প্রসাদ পাওয়া যায় কিছ ইহাতেই কি আপনার কিংবা স্বজাতির সম্মান রক্ষা করা হয় ?

কর্ণ ধখন অশ্বথামাকে বলেন যে, তুমি ব্রাহ্মণ, তোমার সহিত কী যুদ্ধ করিব, তখন অশ্বথামা বলিয়াছিলেন, আমি ব্রাহ্মণ সেইজক্তই তুমি আমার সহিত যুদ্ধ করিতে পারিবে না ? আচ্ছা, তবে আমার এই পইতা ছি'ড়িয়া ফেলিলাম।

সাহেব যদি শেকছা ওপূর্বক বলে এবং এস্বোয়ার যোজনাপূর্বক লেখে যে, আছে।
তুমি যখন তোমার জাতীয়ত্ব যথাসপ্তব ঢাকিয়া আসিয়াছ তখন এবারকার মতো
তোমাকে আমাদের স্লাবের সভ্য করা গেল, আমাদের হোটেলে য়ান দেওয়া গেল, এমন
কি, তুমি দেখা করিলে এক-আধবার তোমার "কল রিটার্ন" করা ঘাইতেও পারে—
তবে কি তৎক্ষণাং আপনাকে পরমসন্মানিত জ্ঞান করিয়া পূলকিত হইয়া উঠিব, না,
বলিব—ইহারই জন্ম আমার সন্মান! তবে এ ছন্ধবেশ আমি ছিঁড়িয়া ছুঁড়িয়া ফেলিয়া
দিলাম। যতক্ষণে না আমার সমস্ত ক্লাতিকে আমি যথার্থ সন্মানযোগ্য করিতে
পারিব ততক্ষণ আমি রং মাধিয়া এক্সেপন্মন সাজিয়া তোমাদের বারে পদার্পণ করিব না।

আমি তো বলি সেই আমাদের একমাত্র ব্রত: সম্মান বঞ্চনা করিয়া লইব না, সম্মান আকর্ষণ করিব। নিজের মধ্যে সম্মান অমুভব করিব। সেদিন যখন আসিবে তখন পৃথিবীর যে-সভায় ইচ্ছা প্রবেশ করিব— ছদ্মবেশ, ছদ্মনাম, ছদ্মব্যবহার এবং যাচিয়া মান কাঁদিয়া সোহাগের কোনো প্রয়োজন থাকিবে না।

উপায়টা সহজ্ব নছে। কিন্তু পূর্বেই বলিয়াছি সহজ্ব উপায়ে কোন্ ছুঃসাধ্য কাজ্ব হইয়াছে। বড়ো কঠিন কাজ্ব সেইজজ্ব অন্ত সমস্ত কেলিয়া ভাহারই প্রতি বিশেষ মনোযোগ করিতে হইবে।

কার্বে প্রবৃত্ত হইবার আরম্ভে এই পণ করিয়া বসিতে হইবে যে, যতদিন না সুযোগ্য হইব ততদিন অক্সাতবাস অবশ্যন করিয়া থাকিব।

নির্মাণ হইবার অবস্থার গোপনের আবশ্রক। বীঞ্চ মৃত্তিকার নিম্নে নির্হিত পাকে; জন গর্ভের মধ্যে প্রচ্ছন্তভাবে রক্ষিত হয়। শিক্ষাবস্থার বালককে সংসারে অধিক পরিমাণে মিশিতে দিলে সে প্রবীণ সমাজের মধ্যে গণ্য হইবার ছরাশায় প্রবীণদিগের অমণা অফুকরণ করিয়া অকালপক হইয়া যায়। সে মনে করে সে একজন গণ্যমান্ত লোক হইয়া গিরাছে। তাহার আর রীতিমতো শিক্ষার প্রয়োজন নাই—বিনয় তাহার পক্ষে বাহলা।

পাওবেরা পূর্বগোরব গ্রহণ করিতে প্রবৃত্ত হইবার পূর্বে অজ্ঞাতবাদে থাকিয়া বল সঞ্চয় করিয়াছেন। সংসারে উদযোগপর্বের পূর্বে অজ্ঞাতবাসের পূর্ব।

আমাদেরও এখন আত্মনির্মাণ-জাতিনির্মাণের অবস্থা, এখন আমাদের অস্তাতবাদের সময়।

কিন্তু এমনি আমাদের ত্র্ভাগ্য আমর। বড়োই বেশি প্রকাশিত হইয়া পড়িয়াছি। আমরা নিতান্ত অপরিপক অবস্থাতেই অধীরভাবে ডিম্ব ভাঙিয়া বাহির হইয়া পড়িয়াছি, এখন প্রতিকৃল সংসারের মধ্যে এই ত্র্বল অপরিণত শরীরের পৃষ্টিসাধন বড়ো কঠিন হইয়া পড়িয়াছে।

আমরা আজ পৃথিবীর রণভূমিতে কী অস্ত্র লইয়া আসিয়া দাড়াইলাম ? কেবল বক্তা এবং আবেদন ? কী বর্ম পরিয়া আত্মরক্ষা করিতে চাহিতেছি ? কেবল ছদ্মবেশ ? এমন করিয়া কতদিনই বা কান্ধ চলে এবং কতটুকুই বা ফল হয় ?

একবার নিজেদের মধ্যে অকপটচিত্তে সরলভাবে স্বীকার করিতে দোষ কী যে, এখনও আমাদের চরিত্রবল জরে নাই? আমরা দলাদলি ঈর্বা ক্ষতার জাঁও। আমরা একত্র ইতি পারি না, পরম্পরকে বিশাস করি না, আপনাদের মধ্যে কাহারও নেতৃত্ব স্বীকার করিতে চাহি না। আমাদের বৃহৎ অষ্ট্রানগুলি বৃহৎ বৃদ্বদের মতো কাটিয়া যার; আরম্ভে ব্যাপারটা খুব তেজের সহিত উদ্ভিন্ন হইরা উঠে তুইদিন পরেই সেটা প্রথমে বিচ্ছিন্ন, পরে বিক্বত, পরে নির্জীব হইয়া যায়। যতক্ষণ না যথার্থ ত্যাগস্বীকারের সমন্ত্র আসে ততক্ষণ আমরা ক্রীড়াসক্র বালকের মতো একটা উদ্ধোগ লইয়া উন্নত্ত হইয়া থাকি, তার পরে কিঞ্চিৎ ত্যাগের সমর উপস্থিত হইলেই আমরা নানান ছুতার স্ব স্ব গুহে সিরিয়া পড়ি। আআভিমান কোনো কারণে তিলমাত্র স্বয় হউক কাল আরম্ভ হইতে না হইতেই তপ্ত তপ্ত নামটা চাই। বিজ্ঞাপন, রিপোর্ট, ধুম্ধাম এবং খ্যাতিটা ব্রেইড্রিরানণ

হইক্লেই আমাদের এমনি পরিপূর্ণ পরিস্থান্তি বোধ হয় যে, তাহার পরেই প্রকৃতিটা নির্মাণ্য-শ্রীয়া আগে; ধৈর্যসাধ্য অমসাধ্য নিষ্ঠাসাধ্য কাব্দে হাত দিতে আর তেমন গাঁ লাগে না ।

্রাঞ্ছ দুর্বূল অপরিণত শতকীর চরিত্রটা লইরা আমর। কী সাহসে বাহিরে আসিয়া কাড়াইরাছি তাহাই বিশ্বয় এবং ভাবনার বিষয়।

এরপ অবস্থার অসম্পূর্ণতা সংশোধন না করিয়া অসম্পূর্ণতা গোপন করিতেই ইচ্ছা যার। একটা কোনো আত্মদোষের সমালোচনা করিতে গেলেই সকলে মিলিয়া মুখ চালিয়া ধরে, বলে, আরে চুপ চুপ, ইংরেজেরা শুনিতে পাইবে—তাহারা কাঁ মনে করিবে?

আবার আমাদের ত্রাগ্যক্রমে ইংরেঞ্জ অনেক গুলি বিষয়ে কিছু সুলদৃষ্টি। ভারত-বর্ষীয়ের মধ্যে যে বিশেষ গুণগুলি আছে এবং থেগুলি বিশেষ সমাদরের যোগ্য তাহা তাহারা তলাইরা গ্রহণ করিতে পারে না; অবজ্ঞাভরেই হউক বা যে-কারণেই হউক তাহারা বিদেশী আবরণ ভেদ করিতে পারে না বা চাহে না। তাহার একটা দৃষ্টান্ত দেখো—বিদেশে থাকিয়া শুর্মান যেমন একাগ্রতার সহিত আমাদের সংস্কৃত শান্তের অফশীলন করিয়াছে স্বক্ষেত্রে উপস্থিত থাকিয়া ইংরেঞ্জ তেমন করে নাই। ইংরেঞ্জ ভারতবর্ষে জীবনযাপন করে এবং দেশটাকে সম্পূর্ণ ই দুখল করিয়াছে কিন্তু দেশী ভাষাটা দুখল করিতে পারে নাই।

অতএব ইংবেজ ভারতবর্ষীয়কে ঠিক ভারতবর্ষীয়ভাবে বৃঝিতে এবং শ্রদ্ধা করিতে অক্ষম। এইজন্ত আমরা অগতা৷ ইংবেজকে ইংরেজি ভাবেই মুদ্ধ করিতে চেষ্টা করিতেছি। মনে যাহা জানি মুখে তাহা বলি না, কাজে যাহা করি কাগজে তাহা বাড়াইয়া লিখি। জানি যে, ইংরেজ পীপল নামক একটা পদার্থকে জ্জুর মতো দেখে, আমরাও সেইজন্ত কোনোমতে পাচজনকে জড়ো করিয়া পীপল সাজিয়া গলা গন্তীর করিয়া ইংরেজকে ভন্ন দেখাই। পরস্পরকে বলি, কী করিব ভাই, এমন না করিলে উহারা যদি কোনো কথায় কর্ণপাত না করে তবে কা করা যায়। উহারা কেবল নিজের দক্ষরটাই বোরে।

এইরপে ইংরেজের শ্বভাবপ্তণেই আমাদিগকে ইংরেজের মতে। ভান করিয়া আড়ম্বর করিয়া তাহাদের নিকট সন্মান এবং কাজ আদায় করিতে হয়। কিন্ত তবু আমি বলি, সর্বাপেক্ষা ভালো কথা এই বে, আমরা সাজিতে পারিব না। না সাজিলে কর্তারা যদি আমাদিগকে একটুধানি অধিকার বা আধটুকরা অহ্পগ্রহ না দেন তো নাই দিলেন।

কর্তৃপক্ষের প্রতি অভিমান করিয়া যে এ-কথা বলা হইতেছে তাহা নছে। মনে বড়ো ভয় আছে। আমরা মংপাত্র, কাংস্পাত্রের সহিত বিবাদ চুলায় যাউক আন্মীয়তাপূর্বক শেকছাণ্ড করিতে গেলেও আশহার সম্ভাবনা জন্মে।

কারণ, এত অনৈক্যের সংঘাতে আত্মরক্ষা করা বড়ো কঠিন। আমরা তুর্বল বলিয়াই ভয় হয় যে, সাহেবের কাছে যদি একবার ঘেঁষি, সাহেব যদি অন্থগ্রহ করিয়া আমার প্রতি কিছু স্থপ্রসম্ম হাস্ত বর্ষণ করে তাহার প্রলোভন আমার কাছে বড়ো বেশি—এত বেশি য়ে, সে-অন্থগ্রহের তুলনায় আমাদের য়ণার্থ হিত আমর। ভূলিয়া য়াইতে পারি। সাহেব যদি হাসিয়া বলিয়া বসে, বাং বাবু, তুমি তো ইংরেজি মন্দ বল না; তাহার পর হইতে বাংলার চর্চা করা আমার পক্ষে বড়োই কঠিন হইয়া উঠে। য়ে বহিরংশে ইংরেজের অন্থগ্রহদৃষ্টি পড়ে সেই অংশেরই চাকচিকা সাধনে প্রবৃত্তি হয়; য়েদিকটা মুরোপের চক্রোচর হইবার সম্ভাবনা নাই সেদিকটা অন্ধকারে অনাদরে আবর্জনায় আচন্তম হইয়া গাকে। সেদিকের কোনোরূপ সংশোধনে হাত দিতে আলস্ত বোধ হয়।

মাহ্বকে দোষ দিতে পারি না; অকিঞ্চন অপমানিতের পক্ষে এ প্রলোভন বড়ো স্বাভাবিক। সৌভাগ্যবানের প্রসন্ধতার তাহাকে বিচলিত না করিয়া পাকিতে পারে না।

আৰু আমি বলিতেছি, ভারতবর্ষের দীনতম মলিনতম ক্লযককেও আমি ভাই বলিয়া আলিশ্বন করিব আর ওই যে রাঙা সাহেব টমটম হাকাইয়া আমার স্বাঞ্চে কাদা ছিটাইয়া চলিয়া যাইতেছে উহার সহিত আমার কানাকড়ির সম্পর্ক নাই

ঠিক এমন সমন্ত্রতিত যদি উক্ত রাঙা সাহেব হঠাং টমটম থামাইরা আমাবই দরিত্র কুটিরে পদার্পণ করিয়া বলে, "বাব্ তোমার কাছে দেশালাই আছে ?" তপন ইচ্ছা করে দেশের পঞ্চবিংশতি কোটি লোক সারি সারি কাতার দিরা দাঁড়াইরা দেখিরা যার যে, সাহেব আজ আমারই বাড়িতে দেশালাই চাহিতে আসিরাছে। এবং দৈবাং ঠিক সেই সমন্ত্রিতে যদি আমার দীনতম মলিনতম ক্লমক ভাইটি মাঠাককনকে প্রশাম করিবার জন্ত আমার বারে আসিরা উপস্থিত হয় তপন সেই কুংসির্ত দৃশ্রটিকে ধরণীতলে বিলুপ্ত করিয়া দিতে ইচ্ছা করে; পাছে সেই বর্ধরের সহিত আমার কোনো যোগ কোনো সংশ্রব কোনো স্মৃত্ব ঐক্য বড়ো সাহেবের কল্পনাপ্রণে উদিত হয়।

অতএব, যথন মনে মনে বলি সাহেবের কাছে আর খেঁবিব না তথন অহংকারের সহিত বলি না, বড়ো বিনয়ের সহিত বড়ো আলঙ্কার সহিত বলি। জানি যে, সেই সোঁভাগাগর্বেই আমার সর্বাপেকা সর্বনাল হইবে—আমি আর নিজ্তে বসিয়া আলনার কর্তবাপালন করিতে পারিব না, মনটা সর্বদাই উদ্ভু উদ্ভু করিতে থাকিবে এবং আপনাদের দরিদ্র বজনের খ্যাতিহীন গৃহটাকে বড়োই বেশি শৃষ্ঠ বলিয়া বোধ হইবে। বাহাদের জম্ম জীবন উৎসর্গ করা আমার কর্তব্য তাহাদের সহিত নিকট-আত্মীয়ের মতো ব্যবহার করিতে আমার লক্ষা বোধ হইবে।

ইংরেজ তাহাদের আমোদপ্রমোদ আহারবিহার আসক্রপ্রশন্ধ বন্ধ্রপ্রণর হইতে আমাদিগকে সর্বভোভাবে বহিন্ধত করিয়া বার কর্ম রাখিতে চাহে তরু আমরা নত হইয়া প্রণত হইয়া ছল করিয়া কল করিয়া একটুথানি প্রবেশাধিকার পাইলে, রাজস্মাজের একটু আগমাত্র পাইলে, এত ক্বতার্থ হই য়ে, আপনার দেশের লোকের আত্মীয়তা সে-গৌরবের নিকট তুচ্ছ বোধ হয়, এমন স্থলে, এমন তুর্বল মানসিক অবস্থায় সেই সর্বনাশী অম্গ্রহমন্তকে অলেয়মন্সর্লাং বলিয়া সর্বথা পরিহার করাই কর্ম্বা

আরও একটা কারণ আছে। ইংরেজের অমুগ্রহকে কেবল গোরব মনে করিয়া কেবল নিংমার্থভাবে ভোগ করাও আমাদের পক্ষে কঠিন। কারণ আমরা দরিছ, এবং জঠরানল কেবল সম্মানবর্বণে শাস্ত হয় না। আমরা অমুগ্রহটিকে সুবিধার ভাঙাইয়া লইতে চাহি। কেবল অমুগ্রহ নহে সেই সঙ্গে কিছু অরেরও প্রভ্যাশা রাখি। কেবল শেকহাও নহে চাকরিটা বেতনর্বিটাও আবস্তক। প্রথম তুই দিন যদি সাহেবের কাছে বর্দ্ধ মতো আনাগোনা করি তো তৃতীয় দিনে ভিম্ক্কের মতো হাত পাতিতে লজ্জা বোধ করি না। স্বতরাং সম্বন্ধটা বড়োই হীন হইয়া পড়ে। এদিকে অভিমান করি থে, ইংরেজ আমাদিগকে সমকক্ষ ভাবের সন্মান দেয় না ওদিকে তাহাদের দ্বারম্ম হইয়া ভিক্ষা করিতেও ছাড়ি না।

ইংরেজ আমাদের দেশী সাক্ষাংকারীকে উমেদার, অমুগ্রহপ্রার্থী অথবা টাইটেল-প্রত্যাশী না মনে করিয়া থাকিতে পারে না। কারণ, ইংরেজের সঙ্গে তো আমাদের দেখাশুনার কোনো সম্বন্ধই নাই। তাহাদের বরের বার রুদ্ধ, আমাদের কপাটে তালা। তবে আজ হঠাং ওই বে লোকটা পাগড়ি-ঢাপকান পরিয়া শঙ্কিতগমনে আসিতেছে, অপ্রস্তুত অভ্যন্তের মতো অনভাত্ত অশোভন ভাবে সেলাম করিতেছে, কোথায় বসিবে ভাবিয়া পাইতেছে না এবং বতমত খাইয়া কথা কহিতেছে উহার সহসা এত বিরহবেদনা কোথা হইতে উৎপন্ন হইল যে, বারীকে কিঞ্চিং পারিতোষিক দিয়াও সাহেবের ম্বচক্রমা দেখিতে আসিয়াছে ?

যাহার অবস্থা হীন সে ধেন বিনা আমন্ত্রণে বিনা আমরে সোঁভাগ্যশালীর সহিত ধনিষ্ঠতা করিতে না ধার—তাহাতে কোনো পক্ষেরই মঙ্গল হর না। ইংরেজ এ-দেশে আসিয়া ক্রমশই নৃতন মৃতি ধারণ করিতে থাকে তাহার অনেকটা কি সামাদেরই হীনতাবশত নহে ? সেইজন্মও বলি, অবস্থা যধন এতই মন্দ তথন আমাদের সংশ্রব সংঘ্র্ব হইতে ইংরেজকে বক্ষা করিলে উহাদেরও চরিত্রের এমন দ্রুত বিক্কৃতি হইবে না। সে উভয় পক্ষেবই লাভ।

অতএব সকল দিক পথালোচনা করিয়া রাজাপ্রজার বিষেষভাব শমিত রাখিবার প্রশ্নন্ত উপায় এই দেখা বাইতেছে ইংরেজ হইতে দূরে থাকিয়া আমাদের নিকটকর্তবাসকল পালনে একান্তমনে নিযুক্ত হওয়। কেবলমাত্র ভিক্ষা করিয়া কথনোই আমাদের মনের যথার্থ সন্তোষ হইবে না। আজ আমরা মনে করিতেছি ইংরেজের নিকট হইতে কতকগুলি অধিকার পাইলেই আমাদের সকল হঃখ দূর হইবে। ভিক্ষান্তরূপে সমস্ত অধিকারগুলি যথন পাইব তথনও দেখিব অন্তর হইতে লাম্থনা কিছুতেই দূর হইতেছে না—বরং যতদিন না পাইয়াছি ততদিন যে-সান্তনাটুকু ছিল সে সান্তনাও আর থাকিবে না। আমাদের অন্তরের শূক্তার না প্রাইতে পারিলে কিছুতেই আমাদের শান্তি নাই। আমাদের সভাবকে সমস্ত ক্ষ্ত্তার বন্ধন হইতে মৃক্ত করিতে পারিলে তবেই আমাদের যথার্থ দৈন্ত দূর হইবে এবং তথন আমরা তেজের সহিত সন্মানের সহিত রাজসাক্ষাতে যাতায়াত করিতে পারিব।

আমি এমন বাতুল নহি যে, আশা করিব সমত ভারতবর্ষ পদচিন্তা প্রভাবচিন্তা ইংরেজের প্রসাদচিন্তা ত্যাগ করিয়া, বাহ্ আন্দালন বাহ্ন যশ-প্যাতি পরিহার করিয়া ইংরেজ-আকর্ষণের প্রবল মোহ হ্ইতে আপনাকে রক্ষা করিয়া, নিবিষ্টমনে **অবিচলি**তচিন্তে চরিত্রবুল সঞ্চয় করিবে, জ্ঞানবিজ্ঞান অর্জন করিবে, স্বাধীন বাণিজ্যে প্রবৃত্ত হইবে, পৃথিবী ভ্রমণ করিয়া লোকব্যবহার শিক্ষা করিবে, পরিবার ও সমাজের মধ্যে সত্যাচরণ সত্যাহ্যতান প্রচার করিবে, মাহ্রুর যেমন আপন মন্তক সহজে বহন করে তেমনি অনারাসে সভাবতই আপনার সন্মান উর্দেব বহন করিয়া রাখিবে, লালায়িত লোলজিহ্বায় পরের কাছে মান যাচ্ঞা করিতে যাইবে না এবং ধর্মো রক্ষতি রক্ষিত্য এই কথাটির স্থাভীর তাংপর্য সম্পূর্ণরূপে হদরংগম করিবে। এ-কথা স্থবিদিত যে, স্থবিধার ঢাল যে-দিকে, মাহ্রুয় অলক্ষিতে ধীরে ধীরে সেই দিকে গড়াইয়া যায়; বদি ফাটকোট পরিয়া ইংরেজি ভাষা অবলম্বন করিয়া, ইংরেজের নারস্থ হইয়া, ইংরেজিতে নিজেকে বড়ো বড়ো অক্ষরে তর্জমা করিয়া কোনো স্থবিধা থাকে তবে অল্পে অল্পে লোকে হাটকোট ধরিবে, সন্তান-দিগকে বহুচেষ্টায় বাংলা ভূলিতে দিবে এবং নিজের পিতা-ভ্রাভার অলেক্ষা সাহেবের ধারবানমহলে বেশি আত্মীয়ভা স্থাপন করিবে। এ প্রবাহ রোধ করা ত্বঃসাধ্য।

্ সংসাধ্য, তবু মনের আক্ষেপ স্পষ্ট করিয়া ব্যক্ত করিয়া বলা আবশ্রক। যদি অরণ্যে রোদনও হয় তবু বলিতে হইবে যে, ইংরেজি ফলাইয়া কোনো ফল নাই, স্বভাষায় শিক্ষার

মৃশভিত্তি স্থাপন করিরাই দেশের স্থায়ী উরতি; ইংরেজের কাছে আদর কুড়াইয়া কোনো কল নাই, আপনাদের মন্ত্রস্তবকে সচেতন করিয়া ভোলাতেই যথার্থ গোরব; অন্তের নিকট হইতে ফাঁকি দিয়া আদায় করিয়া কিছু পাওয়া যার না, প্রাণপণ নিষ্ঠার সহিত ভ্যাগরীকারেই প্রক্লত কার্যসিদ্ধি।

শিধদিগের শেষগুরু গুরুগোবিন্দ যেমন বহুকাল জনহীন হুর্গম স্থানে বাস করিয়া নানা জাতির নানা শান্ত অধ্যয়ন করিয়া স্থানীর্থ অবসর লইয়া আথ্যোয়তিসাধনপূর্বক তাহার পর নির্জন হইতে বাহির হইয়া আসিয়া আপনার গুরুপদ গ্রহণ করিয়াছিলেন তেমনি আমাদের যিনি গুরু হইবেন তাঁহাকেও গ্যাতিহীন নিভ্ত আশ্রমে অজ্ঞাতবাস মাপন করিতে হইবে, পরম ধৈর্বের সহিত গভীর চিন্তায় নানা দেশের জ্ঞানবিজ্ঞানে আপনাকে গড়িয়া ভূলিতে হইবে, সমস্ত দেশ অনিবার্ধবেগে অজ্ঞভাবে যে-আকর্ষণে ধাবিত হইয়া চলিয়াছে সেই আকর্ষণ হইতে বহুয়তে আপনাকে দ্রে রক্ষা করিয়া পরিজার স্থান্থরির হেইয়া আসিয়া যখন আমাদের চিরপরিচিত ভারায় আমাদিগকে আহ্বান করিবেন আদেশ করিবেন, তখন আর কিছু না হউক সহসা চৈতন্ত হইবে এতদিন আমাদের একটা শ্রম হইয়াছিল, আম্রা একটা স্বপ্লের বশ্বর্তী হইয়া চোপ বৃজ্য়িয়া সংকটের পথে চলিতেছিলাম, সেইটাই পতনের উপত্যকা।

আমাদের সেই গুরুদের আজিকার দিনের এই উদ্প্রান্ত কোলাহলের মধ্যে নাই;
তিনি মান চাহিতেছেন না, পদ চাহিতেছেন না, ইংরেজি কাগজের রিপোর্ট চাহিতেছেন
না, তিনি সমস্ত মন্ততা হইতে মৃঢ় জনস্রোতের আবর্ত হইতে আপনাকে সমত্রে রক্ষা
করিতেছেন; কোনো একটি বিশেষ আইন সংশোধন করিরা বা বিশেষ সভায় স্থান
পাইরা আমাদের কোনো ষথার্থ তুর্গতি দূর হইবে আলা করিতেছেন না। তিনি নিভ্তে
শিক্ষা করিতেছেন এবং একাস্তে চিন্তা করিতেছেন; আপনার জীবনকে মহোচ্চ আদর্শে
অটল উন্ধত করিরা তুলিরা চারিদিকের জনমণ্ডলীকে অলক্ষ্যে আকর্ষণ করিতেছেন।
তিনি চতুর্দিককে যেন উদার বিশ্বগ্রাহী হৃদয় দিয়া নীরবে শোষণ করিরা লইতেছেন;
এবং বঙ্গলন্ধী তাঁহার প্রতি স্নেহদৃষ্টপাত করিরা দেবতার নিকট একান্তমনে প্রার্থনা
করিতেছেন যেন এখনকার দিনের মিধ্যা তর্ক ও বাঁধি কথার তাঁহাকে কখনো লক্ষ্যভাষ্ট
না করে এবং দেশের লোকের বিশ্বসহীন নিষ্ঠাহীনতার, উক্ষেশ্রসাধন অসাধ্য বলিরা
তাঁহাকে নিরুৎসাহ করিরা না দের। অসাধ্য বটে, কিন্তু এ-দেশের যিনি উন্নতি
করিবেন অসাধ্যসাধনই তাঁহার ব্রত।

### রাজনীতির দিধা

সাধারণত ক্সায়পরতা দয়া প্রভৃতি অনেক বড়ো বড়ো গুণ আপন সমকক লোকদের
মধ্যে ষতটা ক্তি পায় অসমকক লোকদের মধ্যে ততটা ক্তি পায় না। এমন অনেক
দেখা যায় যাঁহারা আপনার সমশ্রেণীর লোকের মধ্যে গৃহপালিত মুগশিশুর মতো মুছ্মভাব
তাঁহারাই নিম্নশ্রেণীয়দের নিকট ডাঙার বায়, জ্বলের ক্স্তীর এবং আকাশের
শ্রেনপক্ষিবিশেষ।

যুরোপীয় জাতি যুরোপে যত সভা, যত সদয়, যত স্থায়পর, বাহিরে ততটা নহে এ-পর্যন্ত ইহার অনেক প্রমাণ পাওয়া গেছে। যাহারা প্রীস্টানদের নিকট প্রীস্টান অর্থাং গালে চড় থাইলে সময়বিশেষে অন্ত গালটিও ফিরাইয়া দিতে বাধা হয় তাহারাই স্থানান্তরে গায়ে পড়িয়া অপ্রীস্টানের এক গালে চড় মারিয়া তাহাকে অন্ত গাল ফিরাইতে বলে এবং অপ্রীস্টান যদি হুর্ ফিবশত উক্ত অন্তরোধ পালনে ইতন্তত করে তবে তংক্ষণাং তাহাকে কান ধরিয়া ঘরের বাহির করিয়া দিয়া তাহার ঘরের মধ্যে নিজের চৌকি টেবিল ও ক্যাম্পবাট আনিয়া হাজির করে, তাহার শক্তকের হইতে শক্ত কাটিয়া লয়, তাহার বর্ণবনি হইতে স্বর্ণ উত্তোলন করে, তাহার গাভান্তপা হইতে ক্যা দোহন করে এবং তাহার বাছুরপ্তলা কাটিয়া বার্চিবানার বোঝাই করিতে পাকে।

সভা ঐস্টান আমেরিকায় কিরপ প্রলয়ব্যাপার এবং অক্টেলিয়ায় কিরপ নিদারণ লোকসংহার উপস্থিত করিয়াছিল সেই অপেক্ষাকৃত পুরাতন কথা পাড়িবার আবস্তক দেখি না। দক্ষিণ-আফ্রিকায় মাটোবিলি যুদ্ধের বৃত্তান্ত ভালো করিয়া প্রধালোচনা করিয়া দেখিলেই, অঐস্টানের গালে ঐস্টানি চড় কাহাকে বলে কতকটা বৃক্তিতে পারা যায়।

সমন্ত সংবাদ পুরাপুরি পাওয়া যায় না, এবং যাহা পাওয়া যায় তাহার যে সমন্তই সত্য তাহাতেও সন্দেহ আছে, কারণ, যুদ্ধসংবাদের টেলিগ্রাম রচনার ভার উক্ত শ্রীস্টানের হাতে। ট্রুণ নামক বিখ্যাত ইংরেজি সাপ্তাহিক পত্রে এই যুদ্ধ সম্বন্ধে যে করেকটি পত্র ও প্রবন্ধ বাহির হইয়াছে তাহা পাঠকদিগকে পাঠ করিতে অন্ধরোধ করি।

পাঠ করিয়া যে কেছ বিশেষ আশন্ত হইবেন বা আনন্দ লাভ করিবেন এরপ আশা দিতে পারি না, তবে এইটুকু বৃঝিতে পারিবেন সভা জাতি যাহাকে আপনার অপেক্ষা আর সভা জ্ঞান করে তাহার নিকট আপন সভাতাকে এবং সেই সঙ্গে সেই অসভাটাকে বলিদান দিতে কৃষ্ঠিত বোধ করে না। উনিশ শত বংসরের চিরস্কিত সভানীতি, যুরোপীর আলোকিত নাট্যমঞ্চের বাহিরে অন্ধকার নেপথ্যদেশে ক্ষণপরিহিত ছদ্মবেশের মতো ধসিয়া পড়ে এবং সেথানে যে আদিম উলক মাছ্য বাহির হইয়া পড়ে উলক ম্যাটাবিলি তাহার অপেকা নিক্টতের নহে।

কিছু সসংকোচে বলিলাম নিক্কইতর নহে, নির্তমে সত্য বলিতে গেলে অনেকাংশে প্রেষ্ঠতর। বর্বর লবেক্লো ইংরেজদের প্রতি বাবহারে যে উদারতা এবং উন্নত বারহদরে পরিচম দিয়াছে ইংরেজদের ক্রুর ব্যবহার তাহার নিকট লক্ষাম মান হইয়া রহিয়াছে ইংরেজের পত্রেই তাহা প্রকাশ পাইয়াছে।

কোনো ইংরেজ যে সে-কথা স্বীকার করে ইহাই অনেকে ইংরেজের গৌরব বলিয়া মনে করিবেন এবং আমিও তাহা করি। কিন্তু আঞ্চকাল ইংরেজের মধ্যে অনেকে সেটাকে গৌরব বলিয়া জ্ঞান করে না।

ভাষার। মনে করে ধর্মনীতি আঞ্চলাল বড়ো নেশি সুন্ধ হইয়া আসিতেছে। পদে পদে এত খুঁতখুঁত করিলে কাঞ্চলে না। ইংরেজের যখন গোরবের মধ্যাহকাল ছিল তখন নীতির সুন্ধ গণ্ডিগুলা এক লন্দ্রে সে উন্ধান্তন করিতে পারিত। যখন আবশ্রক তখন অন্তায় করিতে হইবে। নর্মান দক্ষ্য যখন সমূদ্রে দক্ষাবৃত্তি করিয়া বেড়াইত তখন ভাষারা স্বন্ধ সবল ছিল, এখন ভাষার যে ইংরেজ বংশধর ভিন্নজাতির প্রতি জ্বরদন্তি করিতে কৃষ্ঠিত হয় সে ত্র্বল ক্ষপ্রপ্রকৃতি। কিসের মাাটাবিলি, কেই বা লবেস্থালা, আমি ইংরেজ, আমি ভোমার সোনার খনি, ভোমার গোকর পাল লুঠিতে ইচ্ছা করি ইহার জন্ম এত ছুতা এত ছল কেন, মিধ্যা সংবাদই বা কেন বানাই, আর ত্টো-একটা ত্রন্থপনা ধরা পড়িলেই বা এত উচ্চৈম্বরে কাগজে পরিতাপ করিতে বসি কেন।

কিন্তু বালককালে বাহা শোভা পার বয়সকালে তাহা শোভা পার না। একটা হুরন্ত লুব্ধ বালক নিব্দের অপেক্ষা ছোটো এবং চুর্বলতর বালকের হাতে মোওয়া দেখিলে কাড়িয়া ছিঁ ড়িয়া লুটপাট করিয়া লইয়া এক মৃহুর্তে মুপের মধ্যে পুরিয়া বসে, হৃতমোদক অসহায় শিশুর ক্রন্সন দেখিয়াও কিছুমাত্র অমৃতপ্ত হয় না। এমন কি, হয়তো ঠাস করিয়া তাহার গালে একটা চড় বসাইয়া সবলে তাহার ক্রন্সন থামাইয়া দিতে চেইা করে এবং অক্যান্ত বালকেরাও মনে মনে তাহার বাহ্বল ও দৃঢ় সংক্রের প্রশংসা করিতে থাকে।

বয়সকালেও সেই বলবানের বদি অসংযত লোভ থাকে তবে সে আর চড় মারিরা মোওয়া লয় না, ছল করিয়া লয় এবং যদি ধরা পড়ে তো কিছু অপ্রতিভ হয়। তথন সে আর পরিচিত প্রতিবেশীদের ঘরে হাত বাড়াইতে সাহস করে না; দূরে কোনো দরিদ্রপরীর অসভা মাতার উলক্ষ শীর্ণ সন্তানের হল্ডে যখন তাহার এক সন্থার একমাত্র উপজীব্য খাগুখগুটুকু দেখে চারিদিকে চাহিয়া গোপনে ছোঁ মারিশ্বা লয় এবং ঘখন তাহার ক্রন্সনে গগনতল বিদীর্ণ হইতে থাকে তখন সমাগত স্বজাতীয় পাছদের প্রতি চোখ টিপিয়া বলে, এই অসভা কালো ছোকরাটাকে আচ্ছা শাসন করিয়া দিয়াছি। কিন্তু স্বীকার করে না যে, কৃধা পাইয়াছিল তাই কাড়িয়া খাইয়াছি।

পুরাকালের দস্যবৃত্তির সহিত এই অধুনাতন কালের চৌধর্ত্তির অনেক প্রভেদ আছে। এখনকার অপহরণব্যাপারের মধ্যে পূর্বকালের সেই নির্কল্প অসংকোচ বলদর্প থাকিতেই পারে না। এখন নিজের কাজের সম্বন্ধ নিজের চেতনা জন্মিরাছে স্কুতরাং এখন প্রত্যেক কাজের জন্ম বিচারের দায়িক হইতে হয়। তাহাতে কাজেও পূর্বের মতো তেমন সহজে সম্পন্ন হয় না এবং গালিও খাইতে হয়। পুরাতন দস্য যদি ত্রাগ্যক্রমে উনবিংশ শতাকীতে জন্মগ্রহণ করে তবে তাহার আবির্তাব নিতান্ত অসাময়িক হইয়া পড়ে।

সমাজে এরপ অসাময়িক আবির্তাব সর্বদা ঘটিয়া থাকে। দস্যা বিশুর জন্মে কিন্তু সহসা তাহাদিগকে চেনা যায় না—অকালে অস্থানে পড়িয়া তাহারা অনেক সময় আপনাদিগকেও চেনে না। এদিকে তাহারা গাড়ি চড়িয়া বেড়ায়, সংবাদপত্র পড়ে, হুইস্ট থেলে, স্ত্রীসমাজে মধুরালাপ করে, কেহ সন্দেহমাত্র করে না যে, এই সাদা কামিজ কালো কোর্তার মধ্যে রবিন হডের নব অবতার ফিরিয়া বেড়াইতেছে।

যুরোপের বাহিরে গিয়া ইহারা সহসা পূর্বশক্তিতে প্রকাশিত হইয়া পড়ে। ধর্মনীতির আবরণমূক্ত সেই উৎকট ক্রমুর্তির কথা পূর্বেই বলিয়াছি। কিন্ধ যুরোপের সমাজমধ্যেই যে-সমস্ত ভন্মাচ্ছাদিত অস্বার আছে তাহাদেরও উত্তাপ বড়ো অল্প নহে।

ইহারাই আজকাল বলিতেছে, বলনীতির সহিত প্রেমনীতিকে যোগ করিলে নীতির নীতির বাড়িতে পারে কিন্তু বলের বলর কমিরা যার। প্রেম দরা এ-সব কথা শুনিতে বেশ—কিন্তু যেথানে আমরা রক্তপাত করিয়া আপন প্রভূত্ব প্রতিষ্ঠিত করিয়াছি সেখানে যে নীতিত্বর্বল নব শতান্ধীর স্কুমারহদয় শিশু সেন্টিমেন্টের অশ্রপাত করিতে আসে তাহাকে আমরা অন্তরের সহিত ত্বণা কি:। এথানে সংগীত সাহিত্য শিল্পকলা এবং শিষ্টাচার, সেথানে উলঙ্গ তরবারি এবং অসংকোচ একাধিপত্য।

এইজন্ম আমাদের কর্তৃজাতীয়দের মধ্য হইতে আজকাল দুই স্থরের গলা শুনা যায়। একদল প্রবলতার পক্ষপাতী, আর একদল প্রেম এবং শান্তি এবং স্থবিচার জগতে বিস্তার করিতে চাহে।

জাতি হেদর এইরপে বিভক্ত হইয়া গেলে বলের থর্বতা হয়—আপনি আপনাকে বাধা দিতে থাকে। আজকাল ভারতবর্ষীয় ইংরেজসম্প্রদায় ইহাই লইয়া সুতীত্র আক্ষেপ করে। তাছারা বলে, আমরা কিছু জোরের সহিত বে-কাঞ্চী করিতে চাই ইংলপ্তীর প্রাতারা তাহাতে বাধা দিয়া বসে। সকল কথাতেই নৈতিক কৈফিয়ত দিতে হয়। যখন দম্য ব্লেক সমুজদিগ্বিজ্ঞর করিয়া বেড়াইত, যখন ক্লাইব ভারতভূমিতে র্টিশ ধ্যঞা খাড়া করিয়া দাঁড়াইল তখন নীতির কৈফিয়ত দিতে হইলে ঘরের বাহিরে ইংরেজের ছেলের এক চটাক জমি মিলিত না।

কিন্তু এমন করিয়া ষতই বিলাপ কর কিছুতেই আর সেই অখণ্ড দোর্দণ্ড বলের বরুসে কিরিয়া যাইতে পারিবে না। এখন কোনো জুলুমের কাজ করিতে বসিলেই সমস্ত দেশ ব্যাপিয়া একটা দিধা উপস্থিত হইবে। এখন যদি কোনো নিপীড়িত ব্যক্তি স্থায়বিচার প্রার্থনা করে তবে স্থার্থহানির সম্ভাবনা থাকিলেও, নিদেন, গুটকতক লোকও তাহার সদ্বিচার করিতে উহ্নত হইবে। এখন একজন ব্যক্তিও যদি স্থায়ের দোহাই দিয়া উঠিয়া দাড়ায় তবে প্রবল স্থার্থপরতা হয় লজ্জায় কিঞ্চিং সংকৃচিত হইয়া পড়ে, নয়, স্থায়েরই ছদ্মবেশ ধারণ করিতে চেষ্টা করে। অস্তায় অনীতি ষখন বলের সহিত্ত আপনাকে অসংকোচে প্রকাশ করিত তখন বল ব্যতীত তাহার আর কোনো প্রতিষ্ণী ছিল না, কিন্তু যখনই সে আপনাকে আপনি গোপন করিতে চেষ্টা করে এবং বলের সহিত্ত আপন কুটুবিতা অস্বীকার করিয়া স্থায়কে আপন পক্ষে টানিয়া বলী হইতে চায় তখনই সে আপনি আপনার শক্ততা সাধন করে। এইজন্ত বিদেশে ইংরেজ আজকাল কিঞ্চিং ত্বল এবং সেজন্ত সে সর্বদা অধৈর্থ প্রকাশ করে।

আমরাও সেইজন্ম ইংরেজের দোষ পাইলে তাহাকে দোষী করিতে সাহসী হই! সেজন্ম ইংরেজ প্রভ্রা কিছু রাগ করে। তাহারা বলে, নবাব যথন যথেচ্ছাচারী ছিল, বর্গি যথন লুটপাট করিত, ঠগি যথন গলায় ফাঁসি লাগাইত তথন তোমাদের কনগ্রেসের সভাপতি এবং সংবাদপত্ত্বের সম্পাদক ছিল কোধায়। কোধাও ছিল না এবং থাকিলেও কোনো ফল হইত না। তথন গোপন বিলোহী ছিল, মারহাট্টা এবং রাজপুত ছিল, তথন বলের বিক্লজে বল ছাড়া গতি ছিল না। তথন চোরার নিকট ধর্মের কাহিনী উথাপন করিবার কথা কাহারও মনেও উদয় হইত না।

আজ যে কনগ্রেস এবং সংবাদপত্রের অভ্যুদয় হইয়াছে তাহার কারণই এই ষে, ইংরেজের মধ্যে অথগু বলের প্রাহুর্ভাব নাই। এখন চোরকে ধর্মের কাহিনী বলিলে যদি বা সে না মানে তব্ তার একটা ধর্মসংগত জ্বাব দিতে চেষ্টা করে এবং ভালো জ্বাবটি দিতে না পারিলে তেমন বলের সহিত কাজ করিতে পারে না। অতএব যে-সকল ইংরেজ ভারতবর্ষীয় সভাসমিতি ও সংবাদপত্রের বাছলাবিন্তারে আক্ষেপ প্রকাশ করে, তাহারা যথার্থপক্ষে স্বদেশীরদের জাতীয় প্রকৃতিতে ধর্মবৃদ্ধির অতিত্ব লইরা ছঃখ

করে। তাহারা যে বরঃপ্রাপ্ত হইরাছে, তাহারা যে নিজের ফটির জক্স নিজে লক্ষিড হইতে শিধিরাছে ইহাই তাহাদের নিকট শোচনীয় বলিয়া বোধ হয়

' এক হিসাবে ইহার মধ্যে কতকটা শোচনীয়তা আছে। এদিকে ক্ষার আলাও নিবারণ হয় নাই ওদিকে পরের অন্ধও কাড়িতে পারিব না এ এক বিষম সংকট। জাতির পক্ষে নিজের জীবনরক্ষা এবং ধর্মরক্ষা উভয়ই পরমাবশুক। পরের প্রতি অস্তায়াচরণ করিলে যে পরের ক্ষতি হয় তাহা নহে নিজেদের ধর্মের আদর্শ ক্রমশ ভিত্তিহীন হইয়া পড়ে। দাসদের প্রতি যাহারা অত্যাচার করে তাহারা নিজের চরিত্র ধ্বংস করে। ধর্মকে সর্বপ্রয়ন্ত্র বলবান না রাখিলে আপনাদের মধ্যে জাতীয় বন্ধন ক্রমশ শিবিল হইয়া পড়িতে থাকে। অপর পক্ষে, পেট ভরিয়া থাইতেও হইবে। ক্রমে বংশবৃদ্ধি ও স্থানাভাব হইতেছে এবং সভ্যতার উয়তিসহকারে জীবনের আবশ্রক উপকরণ অতিরিক্ত বাড়িয়া চলিয়াছে।

অতএব পঢ়িশ কোটি ভারতবাসীর অদৃষ্টে যাহাই থাক মোটাবেতনের ইংরেজ কর্মচারীকে এক্সচেক্সের ক্ষতিপ্রণম্বরূপ রাশি রাশি টাক। ধরিয়া দিতে হইবে। সেইজ্জ রাজকোষে যদি টাকার অনটন পড়ে তবে পণাদ্রব্যে মাস্থল বসানো আবশুক হইবে। কিন্তু তাহাতে যদি ল্যায়াশিয়রের কিঞ্চিং অস্থবিধা হয় তবে তুলার উপর মাস্থল বসানো যাইতে পারে। তংপরিবর্তে বরঞ্চ পবলিক ওআ্বার্কস কিছু থাটো করিয়। এবং চ্ভিক্ষক্ত বাজেয়াপ্ত করিয়। কাজ চালাইয়া লইতে হইবে।

একদিকে ইংরেজ কর্মচারীদিগেরও কট চক্ষে দেখা যায় না, অপরদিকে ল্যান্ধানিয়রের ক্ষতিও প্রাণে সন্থ হয় না। এদিকে আবার পঞ্চবিংশতিকোটি হতভাগ্যের জন্ত যে কিছুমাত্র হুংব হয় না তাহাও নহে। ধর্মনীতি এমন সংক্ষেও ক্ষেলে!

অমনি ব্যৱের কাগজে চাক বাজিয়া যায়, আহতনীড় পক্ষিসমাজের ক্যায় সভাস্থলে কর্ণবিধির কলকলধ্বনি উত্থিত হয়, ইংরেজ ভারি চটিয়া উঠে।

্ষধন কাজটা স্থায়সংগত হইতেছে না বলিয়া মন বলিতেছে অথচ না করিয়াও এড়াইবার জাে নাই সেই সময়ে ধর্মের দােহাই পাড়িতে থাকিলে বিষম রাগ হয়। তপন বিক্রুহত্তে কোনাে যুক্তি-অস্ত্র না থাকাতে একেবারে ঘূরি মারিতে ইচ্ছা করে। কেবল মামুষটা নহে ধর্মশাস্ত্রটার উপরেও দিক ধরিয়া যায়।

ভারত-মন্ত্রিসভার সভাপতি এবং অনেক মাতব্বর সভা ভাবগতিকে বলিয়াছেন ধে, কেবল ভারতবর্বের নহে সমস্ত ইংরেজ-রাজ্যের মৃশ চাহিয়া যথন আইন করিতে হইবে তথন কেবল স্থানীয় ল্লায়-অক্সায় বিচার করিলে চলিবে না এবং করিলে ভাহা টি কিবেও না। ল্যাহাশিরর স্বপ্ন নহে। ভারতবর্বের দুংশ যেমন সত্য ল্যাহাশিররের লাভও তেমনি সতা, বরঞ্চ শেবোকটার বল কিছু বেশি। আমি যেন ভারত-মন্ত্রিসভার ল্যান্থানিররকে ছাড়িয়া দিয়াই একটা আইন পাস করিয়া দিলাম, কিন্তু ল্যান্থানিয়র আমাকে ছাড়িবে কেন ? কমলি নেহি ছোড়তা—বিশেষত কমলির গায়ে ধুব জোর আছে।

চতুর্দিকের অবস্থাকে উপেক্ষা করিয়া তাড়াতাড়ি একটা আইন পাস করিয়া লেষকালে আবার দায়ে পড়িয়া তাহা হইতে পশ্চাদ্বতী হইলেও মান থাকে না, এদিকে আবার কৈন্দিয়তও তেমন স্থাবিধামতো নাই। নবাবের মতো বলিতে পারি না যে, আমার যে-অভাব হইবে আমার যেমন ইচ্ছা তাহা প্রণ করিব, ওদিকে ক্যায়বৃদ্ধিতে যাহা বলে তাহা সম্পন্ন করিবার অলক্ষা বিশ্ব—অথচ এই সংকটের অবস্থাটাও সাধারণের কাছে প্রকাশ করিতে লক্ষা বোধ হয়, ইহা বাত্তবিকই শোচনীয় বটে।

এইরপ সময়টার আমরা দেশী সভা এবং দেশী কাগজপত্রে ঘরন গোলমাল করিতে আরম্ভ করিয়া দিই তর্গন সাহেবেরা মাঝে মাঝে আমাদিগকে শাসায় এবং গ্রন্থেন্ট যদি বা আমাদের গায়ে হাত তুলিতে সংকোচ বোধ করে, ছোটো ছোটো কর্তারা কোনো স্থযোগে একবার আমাদিগকে হাতে পাইলে ছাড়িতে চায় না এবং ভারতবর্ষীয় ইংরেজের বড়ো বড়ো ববরের কাগজগুলো শৃত্যালবদ্ধ কুরুরের মতো দাঁত বাহির করিয়া আমাদের প্রতি অবিশ্রাম তারম্বর প্ররোগ করিতে থাকে। ভালো, যেন আমরাই চুপ করিলাম কিন্ধ তোমাদের আপনাদিগকে থামাও দেখি। তোমাদের মধ্যে ঘাঁহারা মার্থকে উপেক্ষা করিয়া ধর্মের পতাকা ধরিয়া দগুরুমান হন, তাহাদিগকে নির্বাসিত করো, তোমাদের জাতীয় প্রকৃতিতে যে স্থারপরতার আদর্শ আছে তাহাকে পরিহাস করিয়া দাও।

কিন্ত সে কিছুতেই হইবে না। তোমাদের রাজনীতির মধ্যে ধর্মবৃদ্ধি একটা সত্য পদার্থ। কপনো বা তাহার পর হয় কপনো বা তাহার পরাজয় হয় কিন্তু তাহাকে বাদ দিয়া চলিতে পারে না। আয়র্লণ্ড যথন ত্রিটেনিয়ার নিকট কোনো অধিকার প্রার্থনা করে তখন সে যেমন একদিকে খুনের ছুরিতে শান দিতে থাকে তেমনি অন্তদিকে ইংলণ্ডের ধর্মবৃদ্ধিকে আপন দলে লইতে চেষ্টা করে। ভারতবর্ধ যথন বিদেশী স্বামীর ঘারে আপন হংশ নিবেদন করিতে সাহসী হয় তখন সেও ইংরেজের ধর্মবৃদ্ধিকে আপন সহায় করিবার জন্তা বায় হয়। মাঝে হইতে ইংরেজের রাজকার্যে ল্যাঠা বিন্তর বাড়িয়া বায়।

কিন্তু ষতদিন ইংরেজপ্রকৃতির কোধাও এই সচেতন ধর্মবৃদ্ধির প্রভাব থাকিবে, যতদিন তাহার নিজের মধ্যেই তাহার নিজের স্কৃতি-তৃ্ছৃতির একটি বিচারক বর্তমান থাকিবে ততদিন জামাদের সভাসমিতি বাড়িয়া চলিবে, জামাদের সংবাদপত্র ব্যাপ্ত হইতে পাকিবে। ইহাতে আমাদের বলবান ইংরেঞ্জগণ বিফল গাত্রদাহে যতই অধীর হইয়া উঠিবে আমাদের উৎসাহ এবং উন্সমের আবশ্যকতা ততই আরও বাড়াইরা তুলিবে মাত্র।

2000

# অপমানের প্রতিকার

একদা কোনো উচ্চপদস্থ বাঙালি গবর্মেণ্ট-কর্মচারীর বাড়িতে কোনো কলেজের ইংরেজ অধ্যক্ষ নিমন্ত্রিত হইয়াছিলেন। তথন জুরি-দমন বিল লইয়া দেশে একটা আন্দোলন উপস্থিত হইয়াছিল।

আহারান্তে নিমন্ত্রিত মহিলাগণ পাশ্ববর্তী গৃহে উঠিয়া গেলে প্রসন্ধক্রমে জুরিপ্রথার কথা উঠিল। ইংরেজ প্রোকেসর কহিলেন, যে-দেশের লোক অধসভা, অধনিক্ষিত, যাহাদের ধর্মনীতির আদর্শ উন্নত নহে, জুরির অধিকার তাহাদের হত্তে কৃষ্ণল প্রস্ব করে।

শুনিয়া এই কথা মনে করিলাম, ইংরেজ এত অধিক সভা হইয়াছে যে, আমাদের সহিত সভাতা রক্ষা সে বাহলা জ্ঞান করে। আমাদের নৈতিক আদর্শ কত মাত্রা উঠিয়াছে অথবা নামিয়াছে জানি না, কিন্তু ইহা জানি, যাহার আতিথা ভোগ করিতেছি তাহার স্বজাতিকে পরুষবাক্যে অবমাননা করা আমাদের শিষ্টনীতির আদর্শের অনেক বাহিরে।

অধ্যাপক মহাশয় আর-একটি কথা বলিয়াছিলেন, যে-কথা কেবলমাত্র অমিষ্ট ও অশিষ্ট নহে পরস্ক ইংরেজের মূপে অত্যন্ত অসংগত শুনিতে হইয়াছিল। তিনি বলিয়াছিলেন, জীবনের পবিত্রতা, অর্থাং জাঁবনের প্রতি হস্তক্ষেপ করার পরমদ্যণীয়তা সম্বন্ধে ভারতবাসীর ধারণা ইংরেজের তুলনায় অত্যন্ত স্বল্পরিমিত। সেইজক্ত হত্যাকারীর প্রতি ভারতবর্ষীয় জুরির মনে যথোচিত বিদ্বেষের উদ্রেক হয় না।

যাহারা মাংসাশী জাতি এবং যাহারা বিরাট হত্যাকাণ্ডের দ্বারা পৃথিবীর ছুই নবাবিষ্কৃত মহাদেশের মধ্যে আপনাদের বাসযোগ্য স্থান পরিষ্কার করিয়া লইয়াছে, এবং সম্প্রতি তরবারির দ্বারা তৃতীয় মহাদেশের প্রচ্ছের বক্ষোদেশ আরে আরে বিদীর্ণ করিয়া তাহার শক্ত-অংশটুকু স্থবে ভক্ষণ করিবার উপক্রম করিতেছে তাহারা যদি নিমন্ত্রণ-সভায় আরামে ও স্পর্ধাভরে নৈতিক আদর্শের উচ্চ দণ্ডে চড়িয়া বসিয়া জীবনের

পবিত্রতা ও প্রাণহিংসার অকর্তব্যতা সম্বদ্ধে অহিংসক ভারতবর্ষকে উপদেশ দিতে থাকে তবে অহিংসা পরমোধর্ম: এই শান্তবাক্য শ্বরণ করিয়াই সহিষ্কৃতা অবলম্বন করিতে হয়।

তাই ঘটনা আজ বছর ছয়েকের কথা হইবে। সকলেই জ্ঞানেন তাহার পরে এই ছই বংসরের মধ্যে ইংরেজ কর্তৃক অনেকগুলি ভারতবাসীর অপমৃত্যু ঘটিয়াছে এবং ইংরেজের আদালতে সেই সকল হত্যাকাতে এক জন ইংরেজেরও দোষ সপ্রমাণ হয় নাই। সংবাদপত্রে উপর্য্পরি এই সকল সংবাদ পাঠ করা যায় এবং ভারতবর্ষীয়ের প্রতি সেই মৃত্তিতক্তক্ষাশ্রু খড়গনাসা ইংরেজ অধ্যাপকের তীব্র মুণাবাকা এবং জীবনহনন সম্বন্ধে তাঁহাদের নৈতিক আদর্শের শ্রেষ্ঠহাভিমান মনে পড়ে। মনে পড়িয়া ভিলমার সাম্বনা লাভ হয় না।

ভারতবর্ষীয়ের প্রাণ এবং ইংরেজের প্রাণ ফাঁসিকাঠের অটল তুলাদণ্ডে এক ওজনে তুলিত হইয়া থাকে ইচা বোধ হয় ইংরেজ মনে মনে রাজনৈতিক কুদৃষ্টান্তস্করপে গণ্য করে।

ইংরেজ এমন কণা মনে করিতে পারে, আমরা গুটিকতক প্রবাসী পঁচিশ কোটি বিদেশীকে শাসন করিতেছি। কিসের জোরে? কেবলমাত্র অন্তের জোরে নহে, নামের জোরেও বটে। সেইজন্ত সর্বদাই বিদেশীর মনে ধারণা জন্মাইয়া রাধা আবস্তুক আমরা তোমাদের অপেকা পঁচিশ কোটি গুণে শ্রেষ্ঠ। আমরা সমান ক্ষেত্রে আছি এরপ ধারণার লেশমাত্র জনিতে দিলে আমাদের বলক্ষয় হয়। পরম্পরের মধ্যে একটা স্থদ্র ব্যবধান, অধীন জাতির মনে একটা অনির্দিষ্ট সম্ভম এবং অকারণ ভয় শতগহস্র সৈন্তের কাজ করে। ভারতবর্ষীয় য়ে, কোনোদিন বিচারে নিজের প্রাণের পরিবর্তে ইংরেজকে প্রাণত্যাগ করিতে দেশে নাই, ইহাতে তাহার মনে সেই সম্ভম দৃঢ় হয়—মনে ধারণা হয় আমার প্রাণে ইংরেজের প্রাণে অনেক তক্ষাত, অসহ্ অপমান অধবা নিতান্ত আত্মরক্ষার স্থপেও ইংরেজের গায়ে হাত ভূলিতে তাহার বিধা হয়।

এই পদিসির কথা স্পষ্টত অথবা অস্পষ্টত ইংরেজের মনে আছে কিনা জোর করিরা বলা কঠিন—কিন্তু এ-কথা অনেকটা নিশ্চর অন্থমান করা যাইতে পারে যে, স্বজাতীর প্রাণের পবিত্রতা তাঁহারা মনে মনে অতান্ত অধিক করিয়া উপলব্ধি করেন। একজন ইংরেজ ভারতবর্ষীরকে হতা৷ করিলে নিঃসন্দেহ তাঁহারা হৃঃবিত হন—সেটাকে একটা "গ্রেট মিস্টেক", এমন কি, একটা "গ্রেট শেম" মনে করাও তাঁহাদের পক্ষে সম্ভব—কিন্তু তাই বলিয়া তাহার শান্তিস্করপে মুরোপীয়ের প্রাণ হরণ করা তাঁহারা সম্চিত মনে করিতে পারেন না। তদপেক্ষা লঘু শান্তি যদি আইনে নির্দিষ্ট থাকিত তবে ভারতবর্ষীয়

হত্যাপরাথে ইংরেজের শান্তি পাইবার সম্ভাবনা অনেক অধিক হইত। যে-জাতিকে নিজেদের অপেক্ষা অনেক নিরুষ্টতর বলিয়া বিবেচনা করা যায়, সে-জাতি সম্বন্ধে আইনের ধারায় অপক্ষপাতের বিধান থাকিলেও বিচারকের অন্তঃকরণে অপক্ষপাত রক্ষিত হওয়া কঠিন হইয়া উঠে। সে-স্থলে প্রমাণের সামান্ত কটে, সাক্ষোর সামান্ত স্থলন এবং আইনের ভাষাগত তিলমাত্র ছিদ্রুও স্বভাবতই এত বৃহং হইয়া উঠে যে, ইংরেজ অপরাধী অনায়ানে তাহার মধ্যে দিয়া গলিয়া বাহির হইয়া যাইতে পারে।

আমাদের দেশের লোকের পর্যবেক্ষণশক্তি এবং ঘটনাম্বৃতি তেমন পরিষার এবং প্রবল নহে; আমাদের স্বভাবের মধ্যে মানসিক শৈবিলা এবং ক্রনার উচ্ছুশুলতা আছে এ-দোর স্বীকার করিতেই হয়। একটা ঘটনার মধ্যে উপস্থিত বাকিয়াও তাহার সমস্ত আহুপূর্বিক পরম্পরা আমাদের মনে মুদ্রিত হইয়া যায় না—এইজন্ত আমাদের বর্ণনার মধ্যে অসংগতিও দ্বিধা বাকে—এবং ভয় অবনা তর্কের মূপে পরিচিত সত্য ঘটনারও স্বত্র হারাইয়া ফেলি। এইজন্ত আমাদের দেশীয় সাক্ষোর সত্যমিব্যা স্ক্রপে নিধারণ করা বিদেশীয় বিচারকের পক্ষে স্বাহাই কঠিন। তাহার উপরে অভিযুক্ত যথন স্বদেশী তপন কঠিনতা শতসহস্রগুণে বাড়িয়া উঠে। আরও বিশেষত যথন স্বভাবতই ইংরেজের নিকটে স্বল্লার্বত স্বল্লাহারা স্বল্লমান স্বল্লবল ভারতবার্গর প্রাণের পবিত্রতা স্বদেশীরের ত্লনায় ক্ষত্রমভ্যাংশপরিমিত, তপন ভারতবার্গর পক্ষে ধ্যোপযুক্ত প্রমাণ সংগ্রহ করা একপ্রকার অসম্ভব হইয়া পড়ে। অতএব একে আমাদের সাক্ষ্য ত্র্বল, তাহাতে শ্লীহা প্রভৃতি আমাদের শারারয়ন্ত্রগুলিরও বিশুর ক্রটি আবিষ্কৃত হইয়া থাকে, স্তরাং আমারা সহজে মারাও পড়ি এবং তাহার বিচার পাওয়াও আমাদের স্বায় ত্রাপাধ্য হয়।

লক্ষা এবং দৃংধ সহকারে এ-সমন্ত দুর্বলতা আমাদিগকে স্বীকার করিতে হয় কিস্কু
সেই সঙ্গে এ সত্যাটুকুও প্রকাশ করিয়া বলা উচিত যে, উপযূপির এই সকল ঘটনায়
দেশের লোকের চিত্ত নিরতিশয় ক্ষুক্ত হইয়া উঠিতেছে। সাধারণ লোকে আইনের এবং
প্রমাণের স্ক্ষবিচার করিতে পারে না। ভারতবর্ষীয়কে হত্যা করিয়া কোনো
ইংরেজেরই প্রাণদণ্ড হয় না এই তথাটি বারংবার এবং ক্ষ্মকালের মধ্যে ঘন ঘন
লক্ষ্য করিয়া তাহাদের মনে ইংরেজের অপক্ষপাত তায়পরতা সম্বন্ধে স্থতীর সন্দেহের
উদয় হয়।

সাধারণ লোকের মৃচ্তার কেন দোষ দিই, গবর্মেণ্ট অন্তর্ন স্থলে কী করেন ? যদি তাঁহার! দেখেন কোনো ভেপ্টি ম্যাজিস্টেট অধিকাংলসংপ্যক আসামিকে থালাস দিতেছেন, তথন তাঁহারা এমন বিবেচনা করেন না যে, সম্ভবত উক্ত ভেপ্টি ম্যাজিক্টেট অক্স মাজিস্ট্রেট অপেক্ষা অধিকতর ক্যায়পর, এবং তিনি সাক্ষ্যের সতামিধাা সম্পূর্ণ নিংসংশয় স্ক্রেপে নির্ণয় না করিয়া আসামিকে দণ্ড দিতে কৃষ্ঠিত, অতএব এই সচেতন ধর্মবৃদ্ধি এবং সতর্ক ক্যায়পরক্তার জক্ত সমর তাঁহার পদবৃদ্ধি করিয়া দেওয়া কর্তব্য; অথবা বিদি দেখিতে পান যে, কোনো পূলিস-কর্মচারীর এলাকায় অপরাধের সংখ্যার ত্লনায় অল্পসংখ্যক অপরাধী ধরা পড়িতেছে অথবা চালান আসামি বহলসংখ্যায় খালাস পাইতেছে তৃপন তাঁহারা এমন তর্ক করেন না যে, সম্ভবত এই পূলিস-কর্মচারী অক্ত পূলিস-কর্মচারী অপেক্ষা সংপ্রকৃতির—ইনি সাধু লোককে চোর বলিয়া চালান দেন না এবং মিধ্যাসাক্ষা স্বহত্তে কজন করিয়া অভিযোগের ছিত্রসকল সংশোধন করিয়া লন না, অতএব পুরস্কার স্করপে অচিরাং ইহার গ্রেড বৃদ্ধি করিয়া দেওয়া কর্তব্য। আমরা যে তৃই আন্থমানিক দৃষ্টান্ডের উল্লেখ করিলাম উভয়তই সম্ভবপ্রতা লায় ও ধর্মের দিকেই অধিক। কিন্তু কাহারও অবিদিত নাই গ্রহ্মেন্টের হত্তে উক্রবিধ হতভাগ্য সাধ্বিণগের সন্মান এবং উন্নতি লাভ হয় না।

জনসাধারণও গবর্মেন্টের অপেক্ষা অধিক স্কর্দ্ধি নহে, সেও খুব মোটামুটি রকমের বিচার করে। সে বলে আমি অত আইনকান্থন সাক্ষীসাবৃদ্ বৃথি না, কিন্তু ভারতবর্ষীয়কে হতা। করিয়া একটা ইংরেজও উপযুক্ত দণ্ডাই হয় না এ কেমন কথা।

বারংবার আঘাতে প্রকাসাধারণের হৃদয়ে যদি একটা সাংঘাতিক ক্ষত উৎপন্ন হইতে পাকে তবে তাহা গোপনে আচ্চন্ন করিয়া রাগা রাজভক্তি নহে। তাই 'ব্যাবৃ'-অভিহিত্ত অস্মংপক্ষায়েরা এ-সকল কণা প্রকাশ করিয়া বলাই কর্তব্য জ্ঞান করে। আমরা ভারতরাজ্ঞা-পরিচালক বাশ্বয়ন্ত্রের "বয়লার"দ্বিত তাপমান মাত্র, আমাদের নিজের কোনো শক্তি নাই, ছোটো বড়ো বিচিত্র লোহচক্রচালনার কোনো ক্ষমতাই রাখি না, কেবল বৈজ্ঞানিক নিগৃঢ় নিয়মান্তসারে সময়ে সময়ে আমাদের চঞ্চল পারদবিন্দ হঠাং উপরের দিকে চড়িয়া যায়, কিন্ধ এঞ্জিনিয়ার সাহেবের তাহাতে রাগ করা কর্তব্য নহে। তিনি একটি ঘূষি মারিলেই এই ক্ষ্মে ক্ষণভঙ্কুর পদার্থটি ভাঙিয়া তাহার সম্ভ পারদটুকু নান্তিনভৃত হইয়া যাইতে পারে— বিন্ধ বয়লার গত উত্তাপের পরিমাণ নিণম করা যন্ত্রচালনকার্যের একটা প্রধান অক্ষ। ইংরেজ অনেক সময় বিপরীত উগ্রম্ভি ধারণ করিয়া বলে—প্রকাসাধারণের নাম করিয়া আত্মপরিচয় দিতেছ, তোমরা কে। তোমরা তো আমাদেরই স্থলের গুটকয়েক বাক্যবিশারদ ইংরেজনবিশ।

প্রাকৃ, আমরা কেছই নহি। কিন্তু তোমাদের বিজ্ঞপ বিরক্তি এবং জোধদহনের বারা অহুমান করিতেছি তোমরা আমাদিগকে নিভান্তই সামান্ত বলিয়া জ্ঞান কর না। এবং সামান্ত জ্ঞান করা কর্তব্যও নহে। সংখ্যার সামান্ত হুইলেও এই বিচ্ছিন্সমাজ

ভারতবর্ষে কেবল শিক্ষিতসম্প্রদায়ের মধ্যেই শিক্ষা এবং হৃদয়ের ঐক্য আছে—এবং এই শিক্ষিতসম্প্রদায়ই ভারতবর্ষীয় হৃদয়বেদনা স্পষ্ট করিয়া প্রকাশ এবং নানা উপায়ে সঞ্চারিত করিয়া দিতে পারে। এই শিক্ষিতসাধারণের অন্তরে কখন কীরূপ আঘাতঅভিঘাত লাগিতেছে তাহা মনোযোগসহকারে আলোচনা করা গবর্মেন্টের রাজনীতির 
একটা প্রধান অক্স হওয়া উচিত। লক্ষণে যতদূর প্রকাশ পায় গবর্মেন্টেরও ভাহাতে সম্পূর্ণ ঔদাসীক্ত নাই।

আমরা আলোচিত বাপোরে তুই কারণে আঘাত পাই। প্রথমত, একটা অত্যাচারের কথা শুনিলেই তাহার উপযুক্ত দওবিধানের প্রত্যাশা করিয়া হৃদয় বাগ্র হইয়া থাকে। যেজন্মই হউক দোষী অব্যাহতি পাইলে অন্তর ক্ষুদ্ধ হয়। দিতীয়ত, এই দকল ঘটনার আমরা আমাদের জাতীয় অসন্মান তীব্ররূপে অমূভব করিয়া একাস্ত মর্মাহত হই।

দোষী অব্যাহতি পাওয়া দোষের বটে কিন্তু আদালতের বিচারের নিকট অদৃষ্টবাদী ভারতবর্ষ অসম্ভব কিছু প্রত্যাশা করে না। আইন এতই জটল, সাক্ষ্য এতই পিচ্চল, এবং দেশীয় চরিত্রজ্ঞান মমত্বহীন অবজ্ঞাকারী বিদেশীয়ের পক্ষে এতই তুর্লভ যে, অনিশ্চিতকল মকদমা অনেকটা জ্য়াখেলার মতো বোধ হয়। এইজন্মই জুয়াখেলার যেমন একটা মোহকারী উত্তেজনা আছে আমাদের দেশের অনেক লোকের কাছে মকদমার সেইরূপ একটা মাদকতা দেখা যায়। অতএব মকদমার ফলের অনিশ্চয়তা সম্বন্ধে যখন সাধারণের একটা ধারণা আছে এবং যখন সে অনিশ্চয়তা জন্ম আমাদের স্বভাবদোষও অনেকটা দায়ী তখন মধ্যে মধ্যে নির্দোধীর পীড়ন ও দোষীর নিষ্কৃতি শোচনীয় অথচ অবশ্বস্তারী বলিয়া দেবিতে হয়।

কিন্তু বারংবার মূরোপীয় অপরাধীর অব্যাহতি এবং তৎসম্বন্ধে কর্তৃপক্ষীয়ের ঔদাসীক্তে ভারতবর্ষীয়ের প্রতি ইংরেজের আন্তরিক অবজ্ঞার পরিচয় দেয়। সেই অপমানের ধিককার শেলের ন্যায় স্থায়ীভাবে হৃদয়ে বিধিয়া থাকে।

যদি ঠিক বিপরীত ঘটনা ঘটত, যদি স্বল্পকালের মধ্যে আনেকগুলি মুরোপীয় দেশীয় কর্তৃক হত হইত এবং প্রত্যেক অভিযুক্তই বিচারে মুক্তি পাইত, তবে এরপ দুর্ঘটনার সমস্ত সম্ভাবনা লোপ করিবার সহস্রবিধ উপায় উদ্ভাবিত হইত। কিন্তু প্রাচ্য ভারতবাসী যথন নির্থক গুলি খাইয়া লাখি খাইয়া মরে তথন পাশ্চাত্য কর্তৃপুক্ষদের কোনোপ্রকার দুর্ভাবনার লক্ষণ দেখা যায় না। কী করিলে এ-সমস্ত উপদ্রব নিবারণ হইতেও পারে সে-সম্বন্ধ কোনোরূপ প্রশ্ন উত্থাপন হইতেও শুনা যায় না।

কিছ আমাদিগের প্রতি কর্তৃস্বাতীরের এই যে অবজ্ঞা, সেক্স্ক প্রধানত আমরাই

ধিক্কারের যোগা। কারণ, এ-কথা কিছুতেই আমাদের বিশ্বত হওরা উচিত নয় যে, আইনের সাহায়ে সন্মান পাওরা যায় না—সন্মান নিজের হতে। আমরা সামনাসিক বরে যেভাবে ক্রমাগত নালিশ করিতে আরম্ভ করিয়াছি তাহাতে আমাদের আত্মর্যাদার

উদাহরণস্থলে আমরা খুলনার ম্যাজিস্টেট কর্তৃক মুহুরি মারার ঘটনা উল্লেখ করিতে পারি। কিন্তু প্রথমেই বলিরা রাধা আবশুক ডিফ্রিক্ট ম্যাজিস্টেট বেল সাহেব অতান্ত দ্যালু উল্লতচেতা সহদর ব্যক্তি এবং ভারতবর্ষীয়ের প্রতি তাঁহার উদাসীয় অথবা অবকা নাই। আমাদের বিশাস, তিনি যে মুহুরিকে মারিরাছিলেন তাহাতে কেবল ঘর্ষই ইংরেজপ্রকৃতির হঠকারিতা প্রকাশ পাইয়াছে, বাঙালিয়ণা প্রকাশ পায় নাই। জঠরানল যথন প্রজ্ঞালিত তথন কোধানল সামায় কারণেই উদ্দীপ্ত হইয়া থাকে, তা বাঙালিরও হয় ইংরেজেরও হয়; অতএব এ ঘটনার প্রসঙ্গে বিজ্ঞাতিবিজ্ঞেরর কথা উত্থাপন করা উচিত হয় না।

কিন্তু করিয়াদির পক্ষের বাঙালি ব্যারিস্টার মহাশয় এই মকদমার প্রসক্ষে বারংবার বলিয়াছেন মৃছবি-মারা কাজটা ইংরেজের অযোগ্য হইয়াছে, কারণ, বেল সাহেবের জানা ছিল অথবা জানা উচিত ছিল যে, মুছরি তাঁহাকে ফিরিয়া মারিতে পারে না।

এ-কণা যদি সত্য হয় তবে যথার্থ লক্ষার বিষয় মৃহরির এবং মৃহরির স্বজাতিবর্ণের। কারণ, হঠাং রাগিয়া প্রহার করিয়া বসা পুরুষের তুর্বলতা, কিন্তু মার খাইয়া বিনা প্রতিকারে ক্রন্দন করা কাপুরুষের তুবলতা। এ-কণা বলিতে পারি মৃহরি যদি ফিরিয়া মারিত তবে বেল সাহেব যথার্থ ইংরেজের নায় তাঁহাকে মনে মনে শ্রহা করিতেন।

যথেষ্ট অপমানিত হইলেও একজন মুছরি কোনো ইংরেজকে ফিরিয়া মারিতে পারে না এই কথাটি ধ্রুব সভারূপে অমানমূখে স্বীকার করা এবং ইহারই উপরে ইংরেজকে বেশি করিয়া দোষাই করা আমাদের বিবেচনায় নিভান্ত অনাবক্সক এবং লক্ষ্যজনক আচরণ।

মার খাওয়ার দক্ষন আইনমতে মৃহরির যে-কোনো প্রতিকার প্রাপা, তাহা হইতে সে তিলমাত্র বঞ্চিত না হয় তংপ্রতি আমাদের দৃষ্টি রাখা উচিত হইতে পারে কিন্তু তাহার আঘাত এবং অপমান-বেদনার উপর সমস্ত দেশের লোক মিলিয়া অজ্ঞ্জ্র-পরিমাণে আহা উহু করার, এবং কেবলমাত্র বিদেশকৈ গালিমন্দ দিবার কোনো কারণ দেখি না। বেল সাহেবের ব্যবহার প্রশংসনীয় নহে, কিন্তু মৃহরি ও তাহার নিকটবর্তী সমস্ত লোকের আচরন হেয়, এবং খুলনার বাঙালি ভেপুটি ম্যাজিন্টেটের আচরণে হীনতা ও অক্সায় মিশ্রিত হইয়া স্বাপেক্ষা বীভংস হইয়া উরিয়াছে।

্ অল্পকাল হইল ইহার অমুরপ ঘটনা পাবনায় ঘটিয়াছিল। সেধানে ম্নিসিপালিটির ধেরাঘাটের কোনো আন্ধণ কর্মচারী পূলিস সাহেবের পাধা-টানা বেহারার নিকট উচিত মান্থল আদায় করাতে পূলিস সাহেব তাছাকে নিজের ঘরে লইয়া লাছনার একশেষ করিয়াছিলেন; বাঙালি মাাজিস্টেট সেই অপরাধী ইংরেজের কোনোরপ দণ্ডবিধান না করিয়া কেবলমাত্র সত্রক করিয়া ছাড়িয়া দিয়াছিলেন। অপচ ঘধন পাধা-টানা বেহারা উক্ত আন্ধণের নামে উপদ্রবের নালিশ আনে তপন তিনি আন্ধণকে জরিমানা না করিয়া ছাড়েন নাই।

যে কারণবশত বাঙালি মাজিস্টেট প্রবল ইংরেজ অপরাধীকে সতর্ক এবং অক্ষম বাঙালি অভিযুক্তকে জরিমানা করিয়া থাকেন, সেই কারণটি আমাদের জাতির মর্মে মর্মে অমুপ্রবিষ্ট ইইয়া আছে। আমাদের স্বজাতিকে যে সম্মান আমরা নিজে দিতে জানি না, আমরা আশা করি এবং আবদার করি সেই সম্মান ইংরেজ আমাদিগকে যাতিয়া সাধিয়া দিবে।

এক বাঙালি ষণন নীরবে মার পায় এবং অক বাঙালি যপন তাই। কৌত্হলভরে দেশে, এবং স্বহন্তে অপমানের প্রতিকার সাধন বাঙালির নিকট প্রত্যাশাই করা যায় না এ-কথা যথন বাঙালি বিনা লজ্জায় ইন্ধিতেও স্বাকার করে তপন ইহা বৃকিতে ইইবে যে, ইংরেজের দ্বারা হত ও আহত হইবার মূল প্রধান কারণ আমাদের নিজের স্বভাবের মধ্যে—গ্রমেন্ট কোনো আইনের দ্বারা বিচারের দ্বারা তাই। দূর করিতে পারিবেন না।

আমরা অনেক সমর ইংরেজ কর্তৃক অপমানবৃত্তান্ত শুনিলে আক্ষেপ করিয়া বলিয়া থাকি, কোনো ইংরেজের প্রতি ইংরেজ এমন বাবহার করিত না। করিত না বটে, কিন্তু ইংরেজের উপর রাগ করিতে বসার অপেক্ষা নিজের প্রতি রাগ করিতে বসিলে অধিক ফল পাওয়া যায়। যে যে কারণবশত একজন ইংরেজ সহজে আব-একজন ইংরেজের গায়ে হাত তুলিতে সাহস করে না সেই কারণগুলি থাকিলে আমরাও অম্বরূপ আচরণ প্রাপ্ত হইতে পারিতাম, সামুনাসিক স্বরে এত অধিক কারাকাটি করিতে হইত না।

বাঙালির প্রতি বাঙালি কিরপ ব্যবহার করে সেইটে গোড়ায় দেখা উচিত। কারণ তাহারই উপর আমাদের সমস্ত শিক্ষা নির্ভর করে। আমরা কি আমাদের ভৃত্যদিগকে প্রহার করি না, আমাদের অধীনস্থ ব্যক্তিদের প্রতি ঔক্ষত্য এবং নিয়ন্ত্রণীক্ষদিগের প্রতি সর্বদা অসমান প্রকাশ করি না ? আমাদের সমাজ স্করে স্তরে উচ্চে নীচে বিভক্ত, যেবাক্তি কিছুমাত্র উচ্চে আছে সে নিয়তর ব্যক্তির নিকট হইতে অপরিমিত অধীনতা

প্রত্যাশা করে। নিমবর্তী কেছ তিলমাত্র স্বাতন্ত্র্য প্রকাশ করিলে উপরের লোকের গারে তাহা অসম্ভ বোধ হয়। ভদ্রলোকের নিকট "চাষা বেটা" প্রায় মন্তব্যের মধোই নহে ;—ক্ষমতাপন্নের নিকট ক্ষক্ষ লোক যদি স্পূর্ণ অবনত হইয়া না থাকে তবে ভাছাকে ভাঙিয়া দিবার চেষ্টা করা হয়। যেমন দেখা যায় চৌকিদারের উপর কনস্টেবল, কনস্টেবলের উপর দারোগা, কেবল ধে প্রর্মেন্টের কাব্দ আদার করে তাহা নছে. কেবল বে উচ্চতর পদের উচিত সম্মানটক গ্রহণ করিয়া সম্ভুষ্ট হয় তাহা নহে. उम्जितिक मान्य मार्चि कविदा थारक-फोकिमाद्यव निक्रे कन्त्रकेवन ग्रंथकारावी वासा. এবং কনস্টেবলের নিকট দারোগাও ডক্রপ. ডেমনি আমাদের সমাজে সর্বত্র অধস্তনের নিকট উচ্চতনের দাবিব একেবারে সীমা নাই। তবে শুরে প্রভূত্বের ভার পড়িয়া দাসত্ব এবং ভর আমাদের মঞ্জার মধ্যে সঞ্চারিত হইতে থাকে। আমাদের আঞ্চর-কালের প্রতিনিয়ত অভ্যাস ও দৃষ্টান্তে আমাদিগকে অন্ধ বাধ্যতার জন্ম সম্পূর্ণ প্রস্তুত করিয়া রাগে, তাহাতে আমরা অধীনম্ব লোকের প্রতি অভ্যাচারী, সমকক্ষ লোকের প্রতি ঈর্বাধিত এবং উপরিস্থ লোকের নিকট ক্রীতদাস হইতে শিক্ষা করি। সেই আমাদের প্রতিমূহর্তের শিক্ষার মধ্যে আমাদের সমন্ত ব্যক্তিগত এবং জাতীয় অসন্মানের মল নিহিত বহিষাছে। শুক্তকে ভব্তি করিবা ও প্রভুকে সেবা করিবা ও মান্ত লোককে যথোচিত সন্মান দিয়াও মহয়মাত্রের যে একটি মহুয়োচিত আত্মর্যাদা ধাকা আবস্তুক তাহা রক্ষা করা যার। আমাদের গুরু, আমাদের প্রভু, আমাদের রাজা, আমাদের মাজ বাজিগণ যদি সেই আত্মমনাদাটুকুও অপহরণ করিয়া লন তবে একেবারে মমুক্তাত্তের প্রতি হতকেপ করা হয়। সেই সকল কারণে আমরা ষ্ণার্থ ই মুদুগুত্বীন হইরা পড়িয়াছি এবং সেই কারণেই ইংরেঞ্চ ইংরেজের প্রতি বেমন ব্যবহার করে আমাদের প্রতি সেরপ বাবহার করে না।

গৃহের এবং সমাঞ্চের শিক্ষার ষধন আমরা সেই মহুগ্রন্থ উপার্জন করিতে পারিব তথন ইংরেজ আমাদিগকে শ্রন্ধা করিতে বাধ্য হইবে এবং অপমান করিতে সাহস করিবে না। ইংরেজ প্রর্মেন্টের নিকট আমরা অনেক প্রত্যাশা করিতে পারি কিন্তু স্বাভাবিক নিরম বিপধন্ত করা তাঁহাদেরও সাধ্যায়ত্ত নহে। হীনত্বের প্রতি আঘাত ও অবমাননা সংসারের স্বাভাবিক নিরম।

2002

## স্বিচারের অধিকার

সংবাদপত্রপাঠকগণ অবগত আছেন অল্পকাল হইল সেতারা জিলায় বাই নামক নশ্বরে তেরো জন সন্থান্ত হিন্দু জেলে গিয়াছেন। তাঁহারা অপরাধ করিয়া গাকিবেন, এবং আইনমতেও হয়তো তাঁহারা দওনীয়—কিন্তু ঘটনাটি সমস্ত হিন্দুর হৃদয়ে আঘাত করিয়াছে এবং আঘাতের ক্যায়্য কারণও আছে।

উক্ত নগরে হিন্দুসংখ্যা মুসলমান অপেক্ষা অনেক অধিক এবং পরস্পারের মধ্যে কোনো কালে কোনো বিরোধের লক্ষণ দেখা যায় নাই। একটি মুসলমান সাক্ষীও প্রকাশ করিয়াছে যে, সে-স্থানে হিন্দুর সহিত মুসলমানের কোনো বিবাদ নাই—বিবাদ হিন্দুর সহিত গ্রমেন্টের।

অকস্মাৎ ম্যাজিস্ট্রেট অশান্তি আশহা করিয়া কোনো এক পূজা উপলক্ষ্যে হিন্দুদিগকে বাগ বন্ধ করিতে আদেশ করেন। হিন্দুগণ ফাপরে পড়িয়া রাজান্তা ও দেবসম্মান উভয়বক্ষা করিতে গিরা কোনোটাই রক্ষা করিতে পারিলেন না। তাঁহারা চিরনিয়মায়-মোদিত বাগাড়ম্বর বন্ধ করিয়া একটিমাত্র সামান্ত বালযোগে কোনোমতে উৎসব পাশন করিলেন। ইহাতে দেবতা সম্ভন্ত হইলেন কিনা জানি না, মুসলমানগণ অসম্ভন্ত হইলেন না, কিন্তু ম্যাজিস্ট্রেট কন্তম্তি ধারণ করিলেন। নগরের তেরো জন ভদ্র হিন্দুকে জেশে চালান করিয়া দিলেন।

হাকিম খুব জবরদন্ত, আইন খুব কঠিন, শাসন খুব কড়াক্কড়, কিন্তু এমন করিয়া স্থায়া শান্তি স্থাপিত হয় কিনা সন্দেহ। এমন করিয়া যেবানে বিরোধ নাই সেধানে বিরোধ বাধিয়া উঠে, বেবানে বিশ্বেষর বাজমাত্র আছে সেধানে তাহা অন্তুরিত ও পদ্ধবিত হইয়া উঠিতে বাকে। প্রবল প্রতাপে শান্তি স্থাপন করিতে গিয়া মহাসমারোহে অশান্তিকে জাগ্রত করিয়া তোলা হয়।

সকলেই জানেন অনেক অসভাদের মধ্যে আর-কোনোপ্রকার চিকিৎসা নাই কেবল ভূতঝাড়ানো আছে। তাহারা গর্জন করিয়া নৃত্যু করিয়া রোগাঁকে মারিয়া ধরিয়া প্রাল্যকাণ্ড বাধাইয়া দেয়। ইংরেজ হিন্দুমূলমান-বিরোধব্যাধির যদি সেইরূপ আদিম প্রণালীনমতে চিকিৎসা শুরু করেন তাহাতে রোগীর মৃত্যু হইতে পারে কিন্তু ব্যাধির উপশম না হইবার সম্ভাবনা। এবং ওঝা ভূত ঝাড়িতে গিয়া যে-ভূত নামাইয়া আনেন ভাহাকে শাস্ত করা দুংসাধ্য হইয়া উঠে।

অনেক হিলুর বিশাস, বিরোধ মিটাইয়া দেওয়া গবর্মেন্টের আস্তরিক অভিপ্রার

নছে। পাছে কনগ্রেস প্রভৃতির চেষ্টার হিন্দুমূলমানগণ ক্রমল ঐক্যপণে অগ্রসর হয় এইজন্ম তাঁহারা উভয় সম্প্রদারের ধর্মবিধেব জাগাইয়া রাবিতে চান, এবং মূসলমানের হারা হিন্দুর দর্প চূর্ণ করিয়া মুসলমানকে সম্ভুষ্ট ও হিন্দুকে অভিভূত করিতে ইচ্ছা করেন।

অখন কর্বা লাক্সডাউন হইতে আরম্ভ করিয়া লর্ভ ছারিস পর্যন্ত সকলেই বলিতেছেন এমন কর্বা যে মূপে আনে সে পাষত্ত মিব্যাবাদী। ইংরেজ-গবর্মেন্ট হিন্দু অপেকা মুসলমানের প্রতি যে অধিক পক্ষপাত প্রকাশ করিতেছেন এ অপবাদকেও তাঁহার। সম্পূর্ণ অমূলক বলিয়া তিরস্কার করিয়াছেন।

আমরাও তাঁহাদের কথা অবিশাস করি না। কনগ্রেসের প্রতি গবর্মেন্টের স্বগভীর প্রীতি না পাকিতে পারে এবং মুসলমানগন হিন্দুদের সহিত যোগ দিয়া কনগ্রেসকে বলশালী না করুক এমন ইচ্ছাও তাঁহাদের থাকা সম্পূর্ণ সম্ভব, তথাপি রাজ্যের ছই প্রধান সম্প্রদায়ের অনৈকাকে বিরোধে পরিণত করিয়া ভোলা কোনো পরিণামদর্শী বিবেচক গবর্মেন্টের অভিপ্রেত হইতে পারে না। অনৈকা পাকে সে ভালো, কিন্তু তাহা গবর্মেন্টের স্থশাসনে শাস্তমৃতি ধারণ করিয়া পাকিবে। গবর্মেন্টের বারুদ্যানায় বারুদ্র যেমন শীতল হইয়া আছে অখচ তাহার দাহিকাশক্তি নিবিয়া যায় নাই—হিন্দুমুসলমানের আভাস্তরিক অসদ্ভাব গবর্মেন্টের রাজনৈতিক শস্ত্রশালায় সেইরপ স্থশীতলভাবে রক্ষিত হইবে এমন অভিপ্রায় গবর্মেন্টের মনে পাকা অসম্ভব নহে।

এই কারনে, গবর্মেণ্ট হিন্দুম্পলমানের গলাগলি-দৃশ্য দেখিবার জন্তও ব্যাক্লতা প্রকাশ করিতেছেন না, অথচ লাঠালাঠি-দৃশ্যটাও তাঁহাদের স্থশাসনের হানিজনক বলিয়া বিরক্ত হইয়া উঠিতেছেন।

সর্বদাই দেখিতে পাই ছই পক্ষে যখন বিরোধ ঘটে এবং শান্তিভক্ষের আনকা উপন্থিত হয় তখন মাজিকেটি স্ক্রবিচারের দিকে না গিয়া উভয় পক্ষকেই সমানভাবে দমন করিয়া রাবিতে চেষ্টা করেন। কারণ, সাধারণ নিরম এই যে, এক হাতে তালি বাজে না। কিন্তু হিন্দুমূলনমানবিরোধে সাধারণের বিশাস দূর্বজম্ল হইয়াছে যে, দমনটা অধিকাংশ হিন্দুর উপর দিয়াই চলিতেছে এবং প্রশ্রহটা অধিকাংশ মুস্লমানেরাই লাভ করিতেছেন। এরপ বিশাস ক্ষরিয়া যাওয়াতে উভয় সম্প্রদারের মধ্যে দ্বর্ধানল আরও অধিক করিয়া জলিয়া উঠিতেছে। এবং যেগানে কোনোকালে বিরোধ ঘটে নাই সেধানেও কর্তৃপক্ষ আগোভাগে অমূলক আনকার অবতারণা করিয়া একপক্ষের চিরাগত অধিকার কাড়িয়া লওয়াতে অন্তপক্ষের সাহস ও স্পর্ধা বাড়িতেছে এবং চিরবিরোধের বীক্ষ বপন করা হইতেছে।

হিন্দ্দের প্রতি গবর্মেন্টের বিশেষ একটা বিরাগ না থাকাই সম্ভব কিছু একমাত্র গবর্মেন্টের পলিসির ঘারাই গবর্মেন্ট চলে না—প্রাক্ষতিক নিয়ম একটা আছে। স্বর্গরাজ্যে পবনদেবের কোনোপ্রকার অসাধ্ অভিপ্রায় থাকিতে পারে না তথাচ উত্তাপের নিয়মের বন্ধবর্তী হইয়া তাঁহার মর্ত্যরাজ্যের অম্চর উনপঞ্চাশ বায়ু অনেক সময় অকশ্বার্থ এড় বাধাইয়া বসে। আমরা গবর্মেন্টের স্বর্গলোকের থবর ঠিক করিয়া বলিতে পারি না, সে-সকল থবর লর্ড ল্যান্সভাউন এবং লর্ড হারিস জানেন কিছু আমরা আমাদের চতৃদিকের হাওয়ার মধ্যে একটা গোলযোগ অমভব করিতেছি। স্বর্গধাম হইতে মাজৈঃ মাজৈঃ শব্দ আসিতেছে কিছু আমাদের নিকটবর্তী দেবচরগণের মধ্যে ভারি একটা উন্মার লক্ষ্ণ প্রকাশ পাইতেছে। মুসলমানেরাও জানিতেছেন তাঁহাদের ক্রন্ত বিষ্ণুদ্ত অপেক্ষা। করিয়া আছে, আমরাও হাড়ের মধ্যে কম্পসহকারে অম্ভব করিতেছি আমাদের ক্রন্ত যমদ্ত ঘারের নিকটে গদাহত্তে বসিয়া আছে এবং উপরস্ক সেই যমদ্তগুলার খোরাকি আমাদের নিজ্বের গাঁঠ হইতে দিতে হইবে।

হাওয়ার গতিক আমরা যেরপে অহতের করিতেছি তাহা যে নিতান্ত অমৃলক এ-কথা বিশাস হয় না। অল্পকাল হইল স্টেটসমান পত্রে গবর্মেন্টের উচ্চ-উপাধিধারী কোনো প্রদেশ ইংরেজ সিভিলিয়ান প্রকাশ করিয়াছেন যে, আজকাল সাধারণ ভারতবর্ষীয় ইংরেজের মনে একটা হিন্দ্বিছেষের ভাব ব্যাপ্ত হইয়াছে এবং মৃস্লমানজাতির প্রতিও একটি আকশ্বিক বাংসলারদের উদ্রেক দেং। যাইতেছে। মৃস্লমান জাতাদের প্রতি ইংরেজের জনে যদি ক্ষীরসঞ্চার হইয়া থাকে তবে তাহা আনন্দের বিষয় কিছ্ক আমাদের প্রতি যদি কেবলই পিশুসঞ্চার হইয়া থাকে তবে সে আনন্দ অকপটভাবে রক্ষা করা করিন হইয়া উঠে।

কেবল বাগদ্বের ঘারা পক্ষপাত এবং অবিচার ঘটতে পারে তাহা নহে, ভরেতে করিয়াও গ্রায়পরতার নিজির কাঁটা অনেকটা পরিমাণে কম্পিত বিচলিত হইরা উঠে। আমাদের এমন সন্দেহ হয় যে, ইংরেজ মুসলমানকে মনে মনে কিছু ভব করিরা থাকেন। এইজন্ত রাজদওটা মুসলমানের গা ঘেঁষিয়া ঠিক হিন্দুর মাথার উপরে কিছু জ্যোরের সহিত পড়িতেছে।

ইহাকে নাম দেওয়া যাইতে পারে "বিকে মারিয়া বউকে শেখানো" রাজনীতি। বিকে কিছু অস্তায় করিয়া মারিলেও সে সহু করে, কিছু বউ পরের ঘরের মেরে, উচিত শাসন উপলক্ষ্যে গারে হাত তুলিতে গেলেও বরদান্ত না করিতেও পারে। অথচ বিচারকার্যটা একেবারে বছ করাও যায় না। যেগানে বাধা বল্লতম সেধানে শক্তিপ্রয়োগ করিলে শীত্র ফল পাওয়া যায় এ-কথা বিজ্ঞানসম্মত। অতএব হিন্দু-

মুসলমানের কবে শান্তপ্রকৃতি, ঐক্যবন্ধনহীন, আইন ও বেআইনসহিষ্ণু হিন্দুকে দমন করিয়া দিলে মীমাংসাটা সহজে হয়। আমরা বলি না বে, প্রমেক্টের এইরপ পলিসি, কিন্তু কার্যবিধি বভাবত, এমন কি অক্তানত, এই পথ অবলম্বন করিতে পারে। বৈমন, নদীশ্রোত কঠিন মৃত্তিকাকে পাশ কাটাইরা স্বতই কোমল মৃত্তিকাকে খনন করিয়া চলিয়া বায়।

অতএব, হাজার গবর্মেন্টের দোহাই পাড়িতে থাকিলেও গবর্মেন্ট যে ইহার প্রতিকার করিতে পারেন এ-কথা আমরা বিশ্বাস করি না। আমরা কনগ্রেসে যোগ দিয়াছি, বিলাতে আন্দোলন করিতেছি, অমৃতবাজারে প্রবন্ধ লিখিতেছি, ভারতবর্ধের উচ্চ হইতে নিম্নতন ইংরেজ কর্মচারীদের কার্য স্বাধীনভাবে সমালোচনা করিতেছি, অনেক সময় তাঁহাদিগকে অপদস্থ করিতে ক্বতকার্য হইতেছি এবং ইংলওবাসী অপক্ষপাতী ইংরেজের সহারতা লইয়া ভারতীয় কর্তৃপক্ষের বিরুদ্ধে অনেক রাজবিধি সংশোধন করিতেও সক্ষম হইয়াছি—এই সকল ব্যবহারে ইংরেজ এতদ্র পর্বন্থ জালাতন হইয়া উঠিয়াছে যে, ভারত-রাজ্বতম্বের বড়ো বড়ো ভূধর-শিধর হইতেও রাজনীতি সন্মত মৌন ভেদ করিয়া মাঝে মাঝে আগ্রেহ্মাব উচ্চুসিত হইয়া উঠিতেছে। অপর পক্ষে, মুসলমানগর্ম রাজভক্তিভরে অবনতপ্রার হইয়া কনগ্রেসের উদ্দেশ্রপণে বাধাস্বরূপ হইয়া দাড়াইয়াছেন। এই সকল কারণে ইংরেজের মনে একটা বিকার উপস্থিত হইয়াছে—গর্মেণ্টের ইহাতে কোনো হাত নাই।

কেবল ইছাই নছে। কনগ্রেস অপেকা গোরক্ষণী সভাটাতে ইংরেজের মনে অধিক আন্দোলন উপস্থিত করিয়াছিল। তাঁহার। জানেন ইতিহাসের প্রারম্ভবাল হইতে যে-হিনুজাতি আয়রক্ষার জল্প কখনো একত্র হইতে পারে নাই, চাই কি গোরক্ষার জল্প সে-জাতি একত্র হইতেও পারে। অতএব, সেই স্থত্রে বখন হিনুমুসলমানের বিরোধ আরম্ভ হইল তখন স্বভাবতই মুসলমানের প্রতিই ইংরেজের দরদ বাড়িয়া গিয়াছিল। তখন উপস্থিত ক্ষেত্রে কোন্ পক্ষ অধিক অপরাধী, অথবা উতর পক্ষ নানাধিক অপরাধী কি না তাহা অবিচলিতচিত্তে অপক্ষপাতসহকারে বিচার করিবার ক্ষমতা অতি অল্ল ইংরেজের ছিল। তখন তাঁহারা ভীতচিত্তে একটা রাজনৈতিক সংকট কিরপে নিবারণ হইতে পারে সেইদিকেই অধিক মনোযোগ দিয়াছিলেন। ততীয় খণ্ড সাধনায় "ইংরেজের আত্তম" নামক প্রবদ্ধে আমরা সাঁওতাল-দমনের উদাহরণ দিয়া দেখাইরাছি, ভর পাইলে স্থবিচার করিবার ধৈর্ঘ থাকে না এবং যাহারা জ্ঞানত অথবা অক্ষানত ভীতির কারণ, তাহাদের প্রতি একটা নিষ্ঠ্য হিংম্র ভাবের উদয় হয়। এই কারণে, গবর্মেন্ট নামক যন্ত্রিট বেমনই নিরপেক্ষ থাক গবর্মেন্টের

ছোটোবড়ো ষন্ত্ৰীগুলি যে আছোপাস্ত বিচলিত হইয়া উঠিয়াছিলেন তাহা তাঁহায়। বারংবার অধীকার করিলেও লক্ষণে স্পষ্টই প্রকাশ পাইয়াছিল এখনও প্রকাশ পাইতেছে। এবং সাধারণ ভারতবর্ষীয় ইংরেজের মনে বিবিধ স্বাভাবিক কারণে একবার এইরূপ বিকার উপস্থিত হইলে তাহার যে ফল সে ফলিতে থাকিবেই;— ক্যাম্রাট যেমন সমুদ্রতরহকে নিয়মিত করিতে পারেন নাই গবর্মেন্টও সেইরূপ স্বাভাবিক নিয়মকে বাধা দিতে পারিবেন না।

প্রশ্ন উঠিতে পারে, তবে কেনই বা বুধা আন্দোলন করা এবং আমারই বা এ প্রবন্ধ লিখিতে বসিবার প্রয়োজন কী ছিল ?

গবর্ষেন্টের নিকট সকরুণ অথবা সাভিমান স্বরে আবেদন বা অভিযোগ করিবার জন্ম প্রবন্ধ নিথার কোনো আবশুক নাই সে-কথা আমি সহস্রবার স্বীকার করি। আমাদের এই প্রবন্ধ কেবল আমাদের স্বজাতীয়ের জন্ম। আমরা নিজেরা বাতীত আমাদের নিজেদের প্রতি অক্যায় ও অবিচারের প্রতিকার কাহারও সাধাায়ন্ত নহে।

ক্যাম্বাট সম্প্রতরন্ধকে যেখানে ধামিতে বলিরাছিলেন, সম্প্রতরন্ধ সেধানে ধামে নাই—েস জড়শক্তির নিয়মামূবর্তী হইয়া যথোপযুক্ত স্থানে গিয়া আঘাত করিয়াছিল। ক্যাম্বাট ম্থের কথায় বা মন্ত্রোচ্চারণে তাহাকে ফিরাইতে পারিতেন না বটে কিন্তু বাঁধ বাঁধিয়া তাহাকে প্রতিহত করিতে পারিতেন।

স্বাভাবিক নিয়মান্ত্রণত আঘাতপরস্পরাকে যদি অর্থপথে বাধা দিতে হয় তবে আমাদিগকেও বাঁধ বাঁধিতে হইবে। সকলকে এক হইতে হইবে। সকলকে সমস্কদয় হইয়া সমবেদনা অন্তভব করিতে হইবে।

দল বাঁধিয়া যে বিপ্লব করিতে ইইবে তাহা নহে— আমাদের সে শক্তিও নাই। কিন্তু দল বাঁধিলে যে একটা বৃহত্ব এবং বল লাভ করা যায় তাহাকে লোকে শ্রদ্ধা না করিয়া থাকিতে পারে না। শ্রদ্ধা আকর্ষণ করিতে না পারিলে ভ্রবিচার আকর্ষণ করা বড়ো কঠিন।

কিন্তু বালির বাঁধ বাঁধিবে কী করিয়া? বাহারা বারংবার নিহত পরাহত হইয়াছে অপচ কোনোকালে সংহত হইতে শিশে নাই, বাহাদের সমাজের মধ্যে অনৈক্যের সহস্র বিষবীজ নিহিত রহিয়াছে তাহাদিগকে কিসে বাঁধিতে পারিবে? ইংরেজ বে আমাদের মর্মবেদনা অফুভব করিতে পারে না এবং ইংরেজ ঔবধের বারা চিকিৎসার চেষ্টা না করিয়া কঠিন আবাতের বারা আমাদের হৃদয়ব্যপা চতু্র্ভূণ বর্ধিত করিবার উদ্যোগ করিতেছে এই বিশ্বাদে উত্তর হইতে দক্ষিণে এবং পূর্ব হইতে পশ্চিমে সমস্ত হিন্দুজাতির হৃদয় অলক্ষিতভাবে প্রতিদিন পরক্ষার নিকটে আরুই হইয়া আসিতেছে।

কিছ ইহাই যথেষ্ট নহে। আমাদের শ্বজাতি এখনও আমাদের শ্বজাতীরের পক্ষে ধ্বৰ আশ্রমভূমি হইয়া উঠিতে পারেন নাই। এই জন্ত বাহিরের ঝটিকা অপেকা আমাদের গৃহভিত্তির বালুকাময় প্রতিষ্ঠাস্থানকে অধিক আশবা করি। থরবেগ নদীর শধ্যযোত অপেকা তাহার শিধিলবন্ধন ভদপ্রবণ তটভূমিকে পরিহার করিয়া চলিতে হয়।

আমরা জানি, বহুকাল পরাধীনতার পিষ্ট হইরা আমাদের জাতীর মহুলত্ব ও সাহস চূর্ব হইরা গেছে, আমরা জানি বে, অক্টারের বিক্লতে বদি দণ্ডারমান ইইতে হর তবে সর্বাপেকা ভর আমাদের স্বজাতিকে—বাহার হিতের জক্ত প্রাণপণ করা বাইবে সেই আমাদের প্রধান বিপদের কারণ, আমরা বাহার সহায়তা করিতে বাইব তাহার নিকট হইতে সহায়তা পাইব না, কাপুরুষণণ সত্তা অস্বীকার করিছেব, নিপীড়িতগণ আপন পীড়া গোপন করিয়া বাইবে, আইন আপন বন্তুমৃষ্টি প্রসারিত করিবে এবং জেলখানা আপন লোহবদন ব্যাদান করিয়া আমাদিগকে গ্রাস করিতে আসিবে কিন্তু তথাপি অক্লিরম মহন্ত এবং স্বাভাবিক স্থায়প্রিয়তাবশত আমাদের মধ্যে তুই-চারিজন লোকও ঘধন শেষ পর্যন্ত অটল থাকিতে পারিবে তখন আমাদের জাতীর বন্ধনের স্বত্রপাত হইতে থাকিবে এবং তখন আমরা স্তারবিচার পাইবার অধিকার প্রাপ্ত হইব।

জানি না হিন্দু ও মুগলমানের বিরোধ অথবা ভারতবর্ষীয় ও ইংরেজের সংঘর্ষস্থলে আমরা বাহা অসুমান ও অস্থভব করিরা পাকি তাহা সত্য কি না, আমরা যে অবিচারের আশকা করিয়া পাকি, তাহা সম্লক কি না, কিন্তু ইহা নিশ্চয় জানি বে, কেবলমাত্র বিচারকের অস্থগ্রহ ও কর্তবাব্দির উপর বিচারভার রাগিয়া দিলে সুবিচারের অধিকারী হওয়া যায় না। রাজতের যতই উয়ত হউক প্রজার অবস্থা নিতান্ত অবনত হইলে সে কধনোই আপনাকে উচ্চে ধারণ করিয়া রাগিতে পারে না, কারণ মাস্থনের দ্বারাই রাজা চলিয়া থাকে, যম্মের দ্বারাও নহে, দেবতার দ্বারাও নহে। তাহাদের নিকট যগন আমরা অক্লানদিগকে মন্তুম্ব বিলয়া প্রমাণ দিব তথন তাহারা সকল সময়েই আমাদের সহিত মন্তুজাচিত ব্যবহার করিবে। যথন ভারতবর্ষে অন্তত কতকগুলি লোকও উঠিবেন হাছায়া আমাদের মধ্যে অটল সত্যপ্রিরতা ও নির্ভীক গ্রায়পরতার উয়ত আদর্শ স্থাপন করিবেন, যথন ইংরেজ অন্তরের সহিত অন্তত্ব করিবে যে, ভারতবর্ষ প্রায়বিচার নিশ্চেইভাবে গ্রহণ করে না, সচেইভাবে প্রার্থনা করে, অস্থার নিবারণের জন্ম প্রাপ্রণাক করিতে প্রস্তুত হয় তথন তাহায়া ক্রমনে ভ্রমেও আমাদিগকে অবহেলা করিবে না এবং আমাদের প্রতি স্থায়বিচারে শৈপিল্য করিতে তাহাদের স্বভাবতই প্রবৃত্তি হইবে না।

# কণ্ঠরোধ

#### সিভিশন বিল পাস হইবার পূর্ব দিনে টাউনহলে পঠিত

অন্য আমি যে-ভাষায় প্রবন্ধ পাঠ করিতে উন্মত হইয়াছি তাহা যদিও বাঙালির ভাষা, দুর্বলের ভাষা, বিজিত জাতির ভাষা তথাপি সে-ভাষাকে আমাদের কর্তৃপক্ষেরা ভয় করিয়া থাকেন। তাহার একটি কারণ, এ-ভাষা জাঁহারা জানেন না। এবং যেখানেই অঞ্জানের অন্ধকার সেইখানেই অন্ধ আশহার প্রেতভূমি।

কারণ যাহাই হউক না কেন যে-ভাষা আমাদের শাসনকর্তারা জ্ঞানেন না, এবং যে-ভাষাকে তাঁহারা মনে মনে ভয় করেন সে-ভাষায় তাঁহাদিগকে সম্ভাষণ করিতে আমি ততোধিক ভয় করি। কেননা আমরা কোন্ ভাব হইতে কী কথা বলিতেছি, আমাদের কথাগুলি শুহুংসহ বেদনা হইতে উচ্ছুসিত, না হুবিষহ স্পর্ধা হইতে উদ্গিরিত তাহার বিচারের ভার তাঁহাদেরই হত্তে, এবং তাহার বিচারের ফল নিতান্ত সামান্ত নহে।

আমি বিজ্ঞাহী নহি, বীর নহি, বোধ করি নিধোধও নহি। উচ্চত রাজদওপাতের দারা দলিত হইয়া অকম্মাং অপদাতমৃত্যুর ইচ্ছাও আমার নাই ; কিন্তু আমাদের রাঞ্জীয় দওধারী পুরুষটি ভাষার ঠিক কোন সীমানার ঘাট বাধিয়া চুপ করিয়া বসিয়া আছেন তাহা আমি স্পষ্টরূপে জানি না,—এবং আমি ঠিক কোনখানে পদার্পণ করিলে শাসন-কর্তার লগুড় আসিয়া আমাকে ভূমিশায়ী করিবে তাহা কর্তার নিকটও অম্পষ্ট,—কারণ, কর্তার নিকট আমার ভাষা অম্পষ্ট, আমিও নিরতিশয় অম্পষ্ট, স্বভরাং স্বভাবতই জাহার শাসনদণ্ড আতুমানিক আশ্বাবেগে অন্ধভাবে পরিচালিত হইয়া দণ্ডবিধির ক্রায়সীমা উন্নত্যনপূৰ্বক আক্ষিক উদ্বাপাতের স্থায় অষণাশ্বানে ত্ৰ্বলঞ্জীবের অন্ধন্দ্রিয়কে অসময়ে স্চকিত করিয়া তুলিতে পারে। এমনস্থলে সর্বতোভাবে মৃক হইয়া থাকাই স্মৃত্তির काक, এवः आभारमत এই पूर्जाना स्मत्म अत्मत्करे कर्जवात्कत रहेरा यस मृत প্রচ্ছর থাকিয়া সেই নিরাপদ সদ্বৃদ্ধি অবলম্বন করিবেন তাহারও ছুই-একটা লক্ষ্ণ এখন হইতে দেখা ধাইতেছে,—আমাদের দেশের বিক্রমশালী বাগ্নী गাহারা বিলাতি সিংহনাদৈ বেতবৈপায়নগণের চিত্তেও সহসা বিভ্রম উংপাদন করিতে পারেন তাঁছাদের অনেকে বিবর আশ্রয় করিয়া বাগুরোধ অভ্যাস করিতে বসিবেন দেশের এমন একটা তুঃসময় আসম ;—সে-সময়ে তুর্ভাগ্য দেশের নির্বাক বেদনা নিবেদন করিতে রাজ্বারে অগ্রসর হইবে এমন হুঃসাহসিক দেশবদ্ধ হুর্লভ হইয়া পড়িবে। যদিচ শাল্তে আছে "রাজ্বারে শ্মশানে চ যতিষ্ঠতি স বাদ্ধবং" তথাপি শ্মশান যখন রাজ্বারের এত অত্যন্ত নিকটবর্তী হইয়াছে তখন জীত বন্ধুদিগকে কথঞিং মার্জনা করিতে হইবে।

অবস্তু, রাজা বিমুধ হইলে আমরা ভর পাইব না আমাদের এমন স্বভাবই নহে কিন্তু রাজা যে কেন আমাদের প্রতি এতটা ভর প্রকাশ করিতে আরম্ভ করিরাছেন সেই প্রশ্নই আমাদিগকে অত্যন্ত উল্লিয় করিরা তুলিরাছে।

বদিচ ইংরেজ আমাদের একেশ্বর রাজা, এবং তাঁহাদের শক্তিও অপরিমের, তথাপি এ-দেশে তাঁহারা ভরে ভয়ে বাস করেন ক্ষণে ক্ষণে তাহার পরিচয় পাইরা আমরা বিশ্বর বাধ করি। অভিদূরে কশিরার পদক্ষনি অমুমানমাত্র করিলে তাঁহারা যে কিরুপ চকিত হইয়া উঠেন তাহা আমরা বেদনার সহিত অমুভব করিয়াছি। কারণ প্রত্যেকবার তাঁহাদের সেই হংকম্পের চমকে আমাদের ভারতলন্ত্রীর শৃক্তপ্রায় ভাগারে ভ্রমিকম্প উপস্থিত হয়, আমাদের দৈন্তপীভিত কর্মালসার দেশের ক্ষ্যার আমপিওগুলি মৃহত্তের মধ্যে কামানের কঠিন লোহপিওে পরিণত হইয়া যায়;—সেটা আমাদের পক্ষে লঘুপাক গান্ত নহে।

বাহিরে প্রবন্ধ শক্ষসম্বন্ধে এইরূপ সচকিত সতর্কতার সম্পূক্ক কারণ থাকিতেও পারে, তাহার নিগৃঢ় সংবাদ এবং স্কটিশ তত্ত্ব আমাদের জানা নাই।

কিন্তু আমরা আমাদিগকে জানি। আমরা যে কোনো অংশেই ভয়ংকর নহি দে-বিশাস আমাদের বন্ধমূল। এবং যতক্ষণ সে-বিশাস আমাদের নিজের মনে নিংসংশয়-ভাবে দৃঢ় থাকে ততক্ষণ আমাদের ভয়ংকারিতাও সর্বতোভাবে দ্রীকৃত।

কিন্তু অল্পনের মধ্যে উপযুপিরি কতকগুলি অভাবনীয় ঘটনায় আমরা হঠাং আবিষার করিরাছি যে, বিনা চেষ্টায় বিনা কারণে আমরা ভর উৎপাদন করিতেছি। আমরা ভরংকর! আশ্চর্য! ইহা আমরা পূর্বে কেহ সন্দেহই করি নাই।

ইতিমধ্যে একদিন দেখিলাম গবর্মেণ্ট অত্যস্ত সচকিত ভাবে তাঁহার পুরাতন দণ্ডশালা হইতে কতকগুলি অব্যবহৃত কঠিন নিম্নমের প্রবল লোহশৃষ্থল টানিয়া বাহির করিয়া তাহার মরিচা সাক্ষ করিতে বসিয়াছেন। প্রত্যহ প্রচলিত আইনের মোটা কাছিতেও আমাদিগকে আর বাধিয়া রাধিতে পারে না—আমরা অত্যস্ত ভরংকর!

একদিন শুনিলাম অপরাধিবিশেষকে সন্ধানপূর্বক গ্রেক্ষতার করিতে অক্ষম হইয়া রোষরক্ত গবর্ষেন্ট সাক্ষীসাবুদ-বিচারবিবেচনার বিলম্মাত্র না করিয়া একেবারে সমস্ত পুনা শহরের বক্ষের উপর রাজ্বদণ্ডের জগদল পাধর চাপাইয়া দিলেন। আমরা ভাবিলাম, পুনা বড়ো ভয়ংকর শহর। ভিতরে ভিতরে না জানি কী ভয়ানক কাওই করিয়াছে! আৰু পৰ্যন্ত সে ভয়ানক কাণ্ডের কোনো অন্ধিসন্ধি পাওয়া গেল না।

কাওটা সত্য অথবা স্বপ্ন ইহাই ভাবিয়া অবাক হইয়া বসিয়া আছি এমন
সময় তারের ধবর আসিল, রাজপ্রাসাদের গুপ্তচ্ছা হইতে কোন্ এক অক্তাত
অপরিচিত বীজ্ঞসে আইন বিহাতের মতো পড়িয়া নাটুভাত্যুগলকে ছোঁ মারিয়া
কোধায় অন্তর্ধান করিয়াছে। দেখিতে দেখিতে আক্মিক গুরুবর্ধার মতো সমস্ত
বছাই প্রদেশের মাধার উপরে কালো মেঘ নিবিড় হইয়া উঠিল এবং ক্ষবরদন্ত
শাস্নের ঘন ঘন বন্ধ্রপাত ও শিলাবৃষ্টির আয়োজন-আড়ম্বরে আমরা ভাবিলাম, ভিতরে
কী ঘটিয়াছে জানি না, কিন্ত বেশ দেখিতেছি, ব্যাপারটি সহজ্ব নহে। মাহারাট্টারা
বড়ো ভয়ংকর জাত!

একদিকে পুরাতন আইন-শৃশ্বলের মরিচা সাফ হইল আবার অক্সদিকে রাজকারধানায় নৃতন লোহশৃশ্বল নির্মাণের ভীষণ হাতুড়ি-ধ্বনিতে সমস্ত ভারতবর্ষ কম্পাবিত হইয়া উঠিয়াছে। একটা ভয়ানক ধুম পড়িয়া গেছে। আমরা এতই ভয়ংকর!

আমরা এতকাল বিপুলা পৃথিবীকে অচলা বলিয়া বিশ্বাস করিতাম এবং এই প্রবলা বস্থদ্ধরার প্রতি আমরা যতই নির্ভর ও যতই উপদ্রব করিয়াছি তিনি তাহা অকুন্তিত প্রকাণ্ড শক্তিতে অনায়াসে বহন করিয়াছেন। একদিন নববর্ধার হুর্যোগে মেঘারত অপরাত্নে অকম্মাৎ আমাদের সেই চিরনির্ভরভূমি জানি না কোন্ নিগৃঢ় আশক্ষায় কম্পাদ্বিত হইতে লাগিলেন। আমরা দেখিলাম তাঁহার সেই মুহুর্তকালের চাঞ্চল্যে আমাদের বহুকালের প্রিয় পুরাতন বাসন্থানগুলি ধলিসাৎ হইল।

গবর্মেন্টের অচলা নীতিও যদি অকন্মাং সামান্ত অথবা অনির্দেশ্ত আতকে বিচলিত ও বিদীর্ণ হইয়া আমাদিগকে গ্রাস করিতে উন্নত হয় তাহা হইলে তাহার শক্তি ও নীতির দূচতা সম্বন্ধে আমাদের চিরবিশাস হঠাং প্রচন্ত আঘাত প্রাপ্ত হয়। সেই আঘাতে প্রজার মনে ভয়সঞ্চার হওয়া সম্ভবপর কিন্তু সেই সঙ্গে নিজের প্রতিও তাহার অকন্মাং অত্যধিক মনোযোগ আরুষ্ট হওয়া স্বাভাবিক। হঠাং এ প্রশ্নটা আপনিই মনে উদয় হয় আমি না জানি কী!

স্তরাং ইহার মধ্যে আমাদের একটুবানি সান্ধনা আছে। কারুল, সম্পূর্ণ নিডেজ নিঃসব জাতির প্রতি বলপ্রয়োগ করা ষেমন অনাবক্তক, তেমনি তাহাকে শ্রদ্ধা করাও অসম্ভব। আমাদিগকে দমন করিবার জন্ম অতিরিক্ত আয়োজন দেখিলে ন্থার-অন্থায় বিচার-অবিচারের তর্ক দূরে রাখিয়া এ-কথা আমাদের স্বভাবতই মনে হয় যে, হয়তো আমাদের মধ্যে একটা শক্তির সম্ভাবনা আছে যাহা কেবল মৃচতাবলত আমরা সকল সময়ে উপলব্ধি করিতে পারি না। গরমেন্ট বধন চারি তরফ ছ্ইতেই কামান পাতিতেছেন তধন ইহা নিশ্চর যে আমরা মশা নহি,—অস্তত মরা মশা নহি।

আমাদের স্বন্ধাতির অন্তরে একটা প্রাণ একটা শক্তির স্থার-সম্ভাবনা আমাদের পক্ষে পরমানন্দের বিষয় এ-কণা অস্বীকার করা এমন সুস্পষ্ট কপটতা যে, তাহা পলিসিম্বরূপে অনাবশ্রক এবং প্রবঞ্চনাম্বরূপে নিম্নস। অতএব গবর্মেন্টের তরফ হইতে আমাদের কোনোগানে সেই শক্তির স্বীকার দেখিতে পাইলে নিরাশচিত্তে কিঞ্চিং গর্বের সঞ্চার না হইয়া থাকিতে পারে না।

কিন্তু, হায়, এ গর্ব আমাদের পক্ষে সাংঘাতিক,—গুক্তির মৃত্যার স্থার ইহা আমাদের পক্ষে ব্যাধি,—উপযুক্ত ধাঁবররাজ আমাদের জঠরের মধ্যে কঠোর চুরিকা চালাইয়া এই গর্বটুকু নিংশেবে বাহির করিয়া লইয়া নিজেদের রাজমুকুটের উপরে স্থাপন করিবেন। ইংরেজ নিজের আদর্শে পরিমাপ করিয়া আমাদিগকে যে অ্যথা সম্মান দিতেছেন সে-সম্মান হয়তো আমাদের পক্ষে একই কালে পরিহাস এবং মৃত্যু। আমাদের যে-বল সন্দেহ করিয়া গবর্মেন্ট আমাদের প্রতি বলপ্রয়োগ করিতেছেন সে-বল যদি আমাদের না থাকে তবে গবর্মেন্টের গুরুদণ্ডে আমরা নই হইয়া য়াইব,—সে-বল যদি যথার্থ থাকে তবে দণ্ডের তাড়নায় তাহা উত্তরোত্তর দৃঢ় এবং গোপনে প্রবল হইবে।

আমরা তো আমাদিগকে জানি, কিন্তু ইংরেজ আমাদিগকে জানেন না।
না জানিবার ১০১ কারণ আছে—তাহা বিস্তারিত পর্যালোচনা করিবার প্রয়োজন
নাই। মৃল কথাটা এই, তাঁহারা আমাদিগকে জানেন না। আমরা পূর্বদেশী,
তাঁহারা পশ্চিমদেশী। আমাদের মধ্যে যে কী হইতে কী হয়, কোধায় আঘাত
লাগিলে কোন্ধানে ধোঁয়াইয়া উঠে তাহা তাঁহারা ঠিক করিয়া ব্ঝিতে পারেন না।
সেইজক্তই তাঁহাদের ভয়। আমাদের মধ্যে ভয়ংকরত্বের আর কোনো লক্ষণ নাই
কেবল একটি আছে, আমরা অজ্ঞাত। আমরা শুক্তপায়ী উদ্ভিজ্ঞাশী জীব, আমরা শাস্ত
সহিষ্ণু উদাসীন কিন্তু তবু আমাদিগকে বিশ্বাস করিতে নাই, কারণ আমরা প্রাচ্য
আমরা দ্বজ্রের।

সত্য যদি তাহাই হইবে, তবে হে রাজন, আমাদিগকে আরও কেন অজ্ঞের করিয়া তুলিতেছ? যদি রক্ষ্তে সর্পভ্রম ঘটিয়া থাকে তবে তাড়াতাড়ি ঘরের প্রদীপ নিবাইয়া দিয়া ভয়কে আরও পরিব্যাপ্ত করিয়া তুলিতেছ কেন ? যে একমাত্র উপায়ে আময়া আত্মপ্রশাল করিতে পারি, তোমাদের নিকট আপনাকে পরিচিত করিতে পারি তাহা রোধ করিয়া ফল কী? সিপাহিবিদ্রোহের পূর্বে হাতে হাতে যে-কটি বিলি হইয়াছিল তাহাতে একটি অক্ষরও লেখা ছিল না-—সেই নির্বাক নিরক্ষর সংবাদপত্রই কি যথার্থ ভয়ংকর নহে? সপের গতি গোপন এবং দংশন নিঃশব্দ, সেইজ্লুই কি তাহা নিদারুণ নহে? সংবাদপত্র যতই অধিক এবং যতই অবাধ হইবে স্বাভাবিক নিয়ম অন্তুসারে দেশ ততই আত্মগোপন করিতে পারিবে না। যদি কখনো কোনো ঘনান্ধকার অমাবস্থারাত্রে আমাদের অবলা ভারতভূমি ভ্রাশার ভ্ঃসাহসে উন্নাদিনী হইয়া বিপ্লবাভিসারে যাত্রা করে, তবে সিংহত্বারের ক্রুর না ডাকিতেও পারে, রাজার প্রহরী না জাগিতেও পারে, পুররক্ষক কোন্ডোমাল তাহাকে না চিনিতেও পারে, কিন্তু তাহার নিজেরই স্বাক্ষের কম্বণকিছিণীন্পুরকেয়্র, তাহার বিচিত্র ভাষার বিচিত্র সংবাদপত্রগুলি কিছু-না-কিছু বাজিয়া উঠিবেই, নিষেধ মানিবে না। প্রহরী যদি নিজহত্তে সেই মুখর ভূষণগুলির ধ্বনি রোধ করিয়া দেন তবে তাহার নিলার স্থ্যোগ হইতে পারে কিন্তু পাহারার কী স্ক্রিধা হইবে জানি না।

কিছ পাহারা দিবার ভার যে জাগ্রত লোকটির হাতে, পাহারা দিবার প্রণালীও তিনি স্থির করিবেন; সে-সম্বন্ধ বিজ্ঞভাবে পরামর্শ দেওয়া আমার পক্ষে নিরভিশয় য়ইতা এবং সম্ভবত তাহা নিরাপদও নহে। অতএব মাতৃভাষায় আমার এই ত্র্বল উদ্যমের মধ্যে সে তুল্চেষ্টা নাই। তবে আমার এই ক্ষীণ, ক্ষুদ্র, ব্যর্থ অবচ বিপংসংকুল বাচালতা কেন? সে কেবল, প্রবলের ভয় ত্র্বলের পক্ষে কাঁ ভয়ংকর তাহাই মুরণ করিয়া।

ইহার একটি ক্ষ্ দৃষ্টান্ত এখানে অপ্রাসন্ধিক হইবে না। কিছুদিন হইল একদল ইতরশ্রেণীর অবিবেচক মৃদলমান কলিকাতার রাজপথে লোট্রগণ্ডইন্তে উপদ্রেবর চেটা করিয়াছিল। তাহার মধ্যে বিশ্বরের ব্যাপার এই মে, উপদ্রবের লক্ষ্যটা বিশেষরূপে ইংরেজেরই প্রতি। তাহাদের শান্তিও ষথেই হইয়াছিল। প্রবাদ আছে, ইটটি মারিলেই পাটকেলটি খাইতে হয়, কিন্তু মৃঢ়গণ ইটটি মারিয়া পাটকেলের অপেক্ষা অনেক শন্ত শন্ত জিনিস থাইয়াছিল। অপরাধ করিল দণ্ড পাইল কিন্তু ব্যাপারটা কী আজ্ব পর্যন্ত ক্লাই ব্যা গেল না। এই নিম্লেণীর মৃদলমানগণ সংবাদপত্র পড়েও না, সংবাদপত্রে লেখেও না;—একটা ছোটো বড়ো কাণ্ড হইয়া গেল অথচ এই মৃক নির্বাক প্রজাসম্প্রদারের মনের কথা কিছুই বোঝা গেল না। ব্যাপারটি রহস্তাবৃত রহিল বলিয়াই সাধারণের নিকট তাহার একটা অযথা এবং ক্রিম গোরব জ্বিলা। কোত্রহলী কল্পনা আরিসন রোডের প্রান্ত হইতে আরম্ভ করিয়া তুরম্বের অর্ধচন্দ্রশিবরী রাজপ্রাসাদ পর্যন্ত সম্ভব ও অসম্ভব অন্থ্যানকে শাধাপল্পবান্তিত করিয়া চলিল। ব্যাপারটি রহস্তাবৃত রহিল বলিয়াই আতরচকিত ইংরেজি কাগজ্ব কেহ বলিল, ইহা কনগ্রেসের স্বিভ যোগবন্ধ রাষ্ট্রবিপ্লবের স্থচনা, কেহ বলিল, মৃসলমানদের বসতিগুলা একেবারে উড়াইয়া পূড়াইয়া

দেওরা যাক, কেছ বলিল, এমন নিদারুল বিপংপাতের সময় তৃহিনাবৃত লৈললিখরের উপর বড়োলাটসাহেবের এতটা সুলীতল হইরা বসিরা থাকা উচিত হয় না।

রহস্তই অনিশ্চিত ভরের প্রধান আশ্রয়ন্থান—এবং প্রবল ব্যক্তির অনিশ্চিত ভর ত্র্বল ব্যক্তির নিশ্চিত মৃত্যু। ক্ষরবাক সংবাদপত্রের মাঝখানে রহস্তাদ্ধকারে আচ্চর ইয়া থাকা আমাদের পক্ষে বড়োই ভরংকর অবস্থা। তাহাতে করিরা আমাদের সমস্ত ক্রিয়াকলাপ রাজপুরুষদের চক্ষে সংশ্রাদ্ধকারে অভ্যন্ত ক্ষম্বর্গ দেশাইবে। ত্রপনের অবিশাসে রাজদণ্ড উন্তরোভর ধরধার হইরা উঠিবে এবং প্রজার হৃদর বিবাদে ভারাক্রান্ত ও নির্বাক্ষ বিবতিক হইতে থাকিবে। আমরা ইংরেজের একান্ত অধীন প্রজা, কিন্ত প্রকৃতির নিরম তাহার দাসত্ব করে না। আঘাত করিলে আমরা বেদনা পাইব; ইংরেজ হাজার চক্ রক্তবর্গ করিলেও এ নিরমটাকে দেশান্তরিত করিতে পারিবেন না। তাহারা রাগ করিয়া আঘাতের মাত্রা বাড়াইতে পারেন, কিন্ধ বেদনার মাত্রাও সঙ্গে বাড়িরা উঠিবে। কারণ, সে বিধির নিরম; পিনাল কোন্ডে তাহার কোনো নিষেধ নাই। অন্তর্পাহ বাকো প্রকাশ না হইলে অন্তরে সঞ্চিত হইতে থাকে। সেইরূপ সন্বান্থাকর অন্যাভাবিক অবস্থায় রাজাপ্রজার সমন্ধ যে কিন্ধপ বিকৃত হইবে তাহা কল্পনা করিয়া আমরা ভীত হইতেছি।

কিন্তু এই অনির্দিষ্ট সংশয়ের অবস্থা স্বাপেক্ষা প্রধান অমঙ্গল নহে। আমাদের পক্ষে ইহা অপেকা গুরুতর অন্তত্ত আছে।

মানবচরিত্তের উপরে পরাধীনতার অবনতিকর ফল আছেই তাহা আমরা ইংরেজের নিকট হইতেই শিবিরাছি। অসত্যাচরণ কপটতা অধীন জ্ঞাতির আত্মরক্ষার অস্কুষরূপ হইয়া তাহার আত্মসম্মানকে তাহার মন্ত্রগ্রহকে নিশ্চিতরূপে নই করিয়া ফেলে। যাধীনতাপ্ত্রক ইংরেজ আপন প্রজ্ঞাদিগের অধীনদশা হইতে সেই হানতার কলক যধাসম্ভব অপনয়ন করিয়া আমাদিগকে মন্ত্রগ্রের শিক্ষা দিতে প্রবৃত্ত হইরাছিলেন। আমরা বিজিত তাঁহারা বিজেতা, আমরা চুর্বল তাঁহারা সবল ইহা তাঁহারা পদে পদে শারণ করাইয়া রাধেন নাই। এতদ্র পর্বস্তুও ভূলিতে দিরাছিলেন যে, আমরা মনে করিয়াছিলাম ভাবপ্রকাশের স্বাধীনতা আমাদের মন্ত্রগ্রহের স্বাভাবিক অধিকার।

আৰু সহসা ৰাগত হইরা দেখিতেছি হুর্বলের কোনো অধিকারই নাই। আমরা
থাহা মহন্তমাত্রেরই প্রাপ্য মনে করিয়াছিলাম তাহা হুর্বলের প্রতি প্রবলের স্বেচ্ছাধীন
অহগ্রহ মাত্র। আমি আৰু যে এই সভাস্থলে দাঁড়াইরা একটিমাত্র শব্দোচারণ
করিতেছি তাহাতে আমার মহুক্তোচিত গ্রাহুত্ব করিবার কোনো কারণ নাই,—দোষ

করিবার ও বিচার হইবার পূর্বেই যে আমি কারাগারের মধ্যে আপনাকে প্রতিষ্ঠিত দেখিতেছি না তাহাতেও আমার কোনো গোরব নাই।

ইহা এক হিসাবে সতা। কিন্তু এই সতা সর্বদা অহুভব করা রাজা প্রজা কাহারও পক্ষে হিতকর নহে। মহুয়, অবস্থার পার্থকোর মাঝখানে হৃদয়ের সম্বন্ধ স্থাপন করিয়া অসমানতার মধ্যেও নিজের মহুয়াত্ব বক্ষার চেষ্টা করে।

শাসিত ও শাসনকর্তার মধ্যবতী শাসনশৃথলটাকে সর্বদ। ঝংকার না দিয়া সেটাকে আত্মীয়সম্বন্ধ-বন্ধনরূপে ঢাকিয়া রাধিলে অধীন জাতির ভার লাঘব হয়।

মুদ্রাযমের স্বাধীনতা এই প্রকারের একটা আচ্চাদনপট। ইহাতে অম্মাদের অবস্থার হীনতা গোপন করিয়া রাধিয়াছিল। আমরা জেতৃজাতির সহস্র ক্ষমতা হইতে বঞ্চিত হইয়াও এই স্বাধীনতাস্বত্বে অস্তরক্ষভাবে তাঁহাদের নিকটবর্তী ছিলাম। আমরা তুর্বলজাতির হীন ভয় ও কপটতা ভূলিয়া মূত্ত হৃদয়ে উন্নতমন্তকে সত্য কণা স্পষ্ট কথা বলিতে শিধিতেছিলাম।

যদিচ উচ্চতর রাজকার্যে আমাদের স্বাধীনতা ছিল না. তথাপি নির্ভীকভাবে পরামর্শ দিয়া স্পষ্টবাক্যে সমালোচনা করিয়া আপনাদিগকে এই বিপুল ভারতরাজাশাসন-কার্ষের অঙ্গ বলিয়া জ্ঞান করিতাম। তাহার অন্ত ফলাফল বিবেচনা করিবার সময় নাই, কিন্তু তাহাতে আমাদের আত্মসন্মান বাড়িয়া উঠিয়াছিল। আমরা জানিতাম আমাদের স্বদেশ-শাসনের বিপুল ব্যাপারে আমরা অকর্মণ্য নিশ্চেষ্ট নহি-ইহার মধ্যে আমাদেরও কর্তব্য আমাদেরও দায়িত্ব আছে। এই শাসনকার্যের উপর যথন প্রধানত আমাদের স্বশ্বত্রংধ আমাদের গুড-অগুড নির্ভর করিতেছে, তথন তাহার সহিত আয়াদের কোনো মন্তব্য কোনো বক্তব্য কোনো কর্তব্যবন্ধনের যোগ না থাকিলে আমাদের দীনতা আমাদের হাঁনতার আর অবধি থাকে না। বিশেষত আমরা ইংরেজি বিতালয়ে শিক্ষা পাইয়াছি, ইংরেজি সাহিত্য হইতে ইংরেজ কর্মবীরগণের मृष्टी ख जामारमञ्ज जलाक कदार्गत्र मर्सा প্রতিষ্ঠিত হইয়াছে, সর্বপ্রকার ব্যাপারেই নিজের ভতসাধনে আমাদের নিজের স্বাধীন অধিকার ধাকার মে পরম গৌরব ভালা আমরা অমূভব করিয়াছি। আৰু ধদি অকন্মাৎ আমরা সেই ভাবপ্রকাশের স্বাধীনতা হইতে বঞ্চিত হই,—রাজকার্যচালনার সহিত আমাদের সমালোচনার কৃত্র সম্মুটুকুও এক व्याचारक विष्कृत दश, अवर दश व्याभवा नित्कहे छेमानी ने काव मत्या निमन्न दहेवा थाकि, নয় কপটতা ও মিথাা বাক্যের ধারা প্রবলতার রাজপদতলে আপন মহয়ত্বকে সম্পূর্ণ বলিদান করি, তবে পরাধীনতার সমন্ত হীনতার সঙ্গে উচ্চশিক্ষাপ্রাপ্ত আকাক্ষার বাক্যহীন বার্থবেদনা মিশ্রিত হইয়া আমাদের তুর্দলা পরাকার্চাপ্রাপ্ত হইবে: যে-সম্বন্ধের

মধ্যে আদানপ্রদানের একটি সংকীর্ব পধ খোলা ছিল ভর আসিয়া সে পধ রোধ করিয়া দাঁড়াইবে ;—রাজার প্রতি প্রজার সে-ভয় গোরবের নহে এবং প্রজার প্রতি রাজার সে-ভয় তড়োধিক শোচনীয়।

এই মূলায়ন্ত্রের স্বাধীনতাবরণ উত্তোলন করিয়া লইলে আমাদের পরাধীনতার সমন্ত কঠিন কথাল একম্ছুর্তে বাহির হইরা পড়িবে। আজকালকার কোনো কোনো জবরদন্ত ইংরেজ লেখক বলেন, বাহা সত্য তাহা অনারত হইয়া থাকাই ভালো। কিন্তু, আমরা জিজ্ঞাসা করি ইংরেজশাসনে এই কঠিন শুক্ত পরাধীনতার কথালই কি একমাত্র সত্য, ইহার উপরে জীবনের লাবণ্যের যে আবরণ, স্বাধীন গতিভঙ্গির যে বিচিত্র লীলা মনোহর আ অর্পণ করিরাছিল তাহাই কি মিধ্যা, তাহাই কি মায়া ? তুইশত বংসর পরিচরের পরে আমাদের মানবসম্বন্ধের এই কি অবশেষ ?

3006

# देम्भौतिय्रनिक्य

বিলাতে ইম্পীরিয়লিজ্মের একটা নেশা ধরিয়াছে। অধীন দেশ ও উপনিবেশ প্রভৃতি জড়াইক্স ইংরেজসায়াজ্যকে একটা বৃহং উপসর্গ করিয়া তুলিবার ধ্যানে সে-দেশে অনেকে নিষ্ক্ত আছেন। বিশ্বামিত্র একটা নৃতন জগং স্পষ্ট করিবার উদ্যোগ করিয়াছিলেন, বাইবেল-কথিত কোনো রাজা স্বর্গের প্রতি স্পর্ধা করিয়া এক গুল্ভ তুলিবার চেষ্টা করিয়াছিলেন, স্বরং দশাননের সম্বন্ধেও এরপ একটা জনশ্রুতি প্রচলিত আছে।

দেখা যাইতেছে এইরূপ বড়ো বড়ো মতলব পৃথিবীতে অনেক সময়ে অনেক লোকে মনে মনে আঁটিয়াছে। এ-সকল মতলব টেকে না—কিন্তু নষ্ট হইবার পূর্বে পৃথিবীতে কিছু অমঙ্গল না সাধিয়া যায় না।

তাঁহাদের দেশের এই ধেরালের তেওঁ লওঁ কার্জনের মনের মধ্যেও বে তোলপাড় করিতেছে সেদিনকার এক অলক্ষণে বক্তৃতায় তিনি তাহার আভাস দিরাছেন। দেখিরাছি আমাদের দেশের কোনো কোনো ধবরের কাগজ কধনো কধনো এই বিষয়টাতে একটু উৎসাহ প্রকাশ করিরা থাকেন। তাঁহারা বলেন, বেশ কথা, ভারতবর্ষকে ব্রিটিল "এম্পারারে" একান্ধা হইবার অধিকার দাও না। কথার ছল ধরিয়া তো কোনো অধিকার পাওয়া যায় না—এমন কি, লেখাপড়া পাকা কাগজে হইলেও তুর্বল লোকের পক্ষে নিজের স্বত্ন উদ্ধার করা শক্ত। এই কারণে যখন দেখিতে পাই বাহারা আমাদের উপরওআলা তাঁহারা ইম্পীরিয়লবায়্গ্রন্ত, তখন মনের মধ্যে স্বন্তি বোধ কবি না।

পাঠকেরা বলিতে পারেন, তোমার অত ভয় করিবার প্রয়োজন কী, ষাহার হাতে ক্ষমতা আছে সে-ব্যক্তি ইম্পীরিয়লিছ্মের বুলি আওড়াক বা নাই আওড়াক তোমার মন্দ করিতে ইচ্ছা করিলে সে তো অনায়াসে করিতে পারে।

অনারাসে করিতে পারে না। কেননা হাজার হইলেও দয়াধর্ম একেবারে ছাড়া কঠিন। লঙ্জাও একটা আছে। কিন্তু একটা বড়ো-গোর্ছের বৃলি যদি কাহাকেও পাইয়া বসে, তবে তাহার পক্ষে নিষ্ঠুরতা ও অক্সায় সহজ্ঞ হইয়া উঠে।

অনেক লোকে জন্তকে শুধু শুধু কট্ট দিতে পীড়া বোধ করে। কিন্তু কট্ট দেওয়ার একটা নাম যদি দেওয়া যায় "শিকার" তবে সে-ব্যক্তি আনন্দের সহিত হত-আহত নিরীহ পাথির তালিকা বৃদ্ধি করিয়া গৌরব বোধ করে। নিশ্চয়ই, বিনা-উপলক্ষ্যে যে-ব্যক্তি পাথির তানা ভাঙিয়া দেয়, সে-ব্যক্তি শিকারির চেয়ে নিষ্ঠ্র, কিন্তু পাথির তাহাতে বিশেষ সান্থনা নাই। বরঞ্চ অসহায় পক্ষিকুলের পক্ষে খভাবনিষ্ঠ্রের চেয়ে শিকারির দল অনেক বেশি নিদাকণ।

যাহারা ইম্পীরির্গিজ্মের পেরালে আছেন, তাঁহারা ত্বলের স্বতম্ন অন্তিম্ব ও অধিকার সম্বন্ধে অকাতরে নির্মম হইতে পারেন এ-বিষয়ে সন্দেহ নাই, পৃথিকীর নানাদিকেই তাহার দৃষ্টাস্ত দেধা যাইতেছে।

লাশিরা, ফিনল্যাও-পোল্যাওকে নিজের বিপুল কলেবরের সহিত একেবারে বেমালুম মিশাইরা লইবার জন্ত যে কী পর্যন্ত চাপ দিতেছে, তাহা সকলেই জানেন। এতদূর পর্যন্ত ক্থনোই সন্তব হইত না যদি না রাশিরা মনে করিত, তাহার অধীন দেশের স্বাভাবিক বৈষমাগুলি জ্বরদন্তির সহিত দূর করিয়া দেওয়াই ইম্পীরিয়লিজ্বম নামক একটা স্বাজীণ বৃহৎ স্বার্থের পক্ষে প্রয়োজনীয়। এই স্বার্থকে রাশিয়া পোল্যাও-ফিনল্যাওেরও স্বার্থ বিলিয়া গণ্য করে।

লর্ড কার্জনও সেই ভাবেই বলিতেছেন, জাতীয়তার কথা ভূলিয়া এম্পায়ারের স্বার্থকে তোমাদের নিজের স্বার্থ করিয়া তোলো।

কোনো শক্তিমানের কানে এ-কথা বলিলে তাহার ভন্ন পাইবার কারণ নাই; কেননা, ভগু কথায় সে ভূলিবে না। বস্তুতই তাহার স্বার্থ কড়ায় গুগুদ্ধ সম্প্রমাণ হওয়া চাই। অর্থাৎ সে-স্থলে তাহাকে দলে টানিতে গেলে নিজের স্বার্থও ষ্বেষ্টপরিমাণে বিসর্জন না দিলে তাহার মন পাওয়া ঘাইবে না। অতএব, সেধানে অনেক মধু ঢালিতে হয়, অনেক তেল খরচ না করিয়া চলে না।

ইংলণ্ডের উপনিবেশগুলি তাহার দৃষ্টান্ত। ইংরেজ ক্রমাগতই তাহাদের কানে মন্ত্র আওড়াইতেছে, "যদেতং হৃদয়ং মম ওদন্ত হৃদয়ং তব," কিন্তু তাহারা শুধু মন্ত্রে ভূলিবার নয়—পণের টাকা গনিয়া দেখিতেছে।

হতভাগা আমাদের বেলার মন্ত্রেরও কোনো প্ররোজন নাই, পণের কড়ি তো দূরে পাক!

আমাদের বেলার বিচাধ এই যে, বিদেশীরের সহিত ভেদবৃদ্ধি জাতীরতার পক্ষে আবশুক কিন্তু ইম্পীরিরলিজ্মের পক্ষে প্রতিকৃশ; অতএব সেই ভেদবৃদ্ধির ধে-সকল কারণ আছে, সেগুলাকে উৎপাটন করা কর্তব্য।

কিন্ধ সেটা করিতে গেলে দেশের ভিন্ন ভিন্ন অংশের মধ্যে যে একটা ঐক্য জমিরা উঠিতেছে, সেটাকে কোনোমতে জমিতে না দেওরাই ভ্রের। সে যদি বও বও চুর্ণ চূর্ণ অবস্থাতেই থাকে, ভবে তাহাকে আত্মসাং করা সহজ্ঞ।

ভারতবর্ষের মতো এতবড়ো দেশকে এক করিয়া তোলার মধ্যে একটা গৌরন আছে। ইহাকে চেষ্টা করিয়া বিচ্ছিন্ন রাখা ইংরেন্সের মতো অভিমানী জাতির পক্ষে লক্ষার কথা।

কিন্ত ইম্পীরিয়লিজ্ম-মন্ত্র এই লক্ষা দূর হয়। ব্রিটিশ এম্পায়ারের মধ্যে এক হইয়া যাওয়াই ভারতবর্বের পক্ষে যখন প্রমার্থলাভ, তখন সেই মহতুদ্দেক্তে ইহাকে জাঁতায় পিষিয়া বিশ্লিষ্ট করাই "হিম্নমানিট"।

ভারতবর্বের কোনো স্থানে তাহার স্বাধীন শক্তিকে সঞ্চিত হইতে না দেওরা ইংরেজ-সভানীতি অহুসারে নিশ্চরই কজাকর : কিন্তু যদি মন্ত্র বলা যার "ইম্পীরিয়লিজ্ম"— তবে বাহা মহুন্তত্বের পক্ষে একাস্ত কজা তাহা রাষ্ট্রনীতিকতার পক্ষে চূড়ান্ত গোরব হইরা উঠিতে পারে ।

নিজেদের নিশ্চিম্ব একাধিপত্যের জন্ম একটি বৃহৎ দেশের জনংখ্য লোককে নিরন্ত্র করিয়া তাহাদিগকে চিরকালের জন্ম পৃথিবীর জনসমাজে সম্পূর্ণ নিঃম্বত্ব নির্ক্তরার তালা যে কতবড়ো অধর্ম, কী প্রকাণ্ড নির্কৃত্রতা, তাহা ব্যাখ্যা করিবার প্রয়োজন নাই : কিন্তু এই অধর্মের মানি হইতে আপনার মনকে বাঁচাইতে হইলে একটা বড়ো বৃলির ছায়া লইতে হয়।

সেসিল রোডস একজন ইন্সীরিয়লবার্গ্রন্ত লোক ছিলেন; সেইজন্ম দক্ষিণ-আফ্রিকা হইতে বোন্নারদের স্বাত্ত্যে লোপ করিবার জন্ম তাঁহাদের দলের লোকের কিন্ত্রপ আগ্রহ ছিল, তাহা সকলেই জানেন। ব্যক্তিগত ব্যবহারে যে-সকল কাজকে চৌর্য, মিধ্যাচার বলে, যাহাকে জাল, খুন, ডাকাতি নাম দের, একটা ইজ্য-প্রত্যন্ত্রক শক্ষে তাহাকে লোধন করিয়া কতদূর গৌরবের বিষয় করিয়া তোলে, বিলাতি ইতিহাসের মাক্সবাভিদের চরিত্র হইতে ডাহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়।

এইজন্য আমাদের কর্তাদের মৃথ হইতে ইম্পীরিয়লিজ্মের আভাস পাইলে আমরা স্থান্থির হইতে পারি না। এতবড়ো রথের চাকার তলে যদি আমাদের মর্মন্থান পিট হয়, তবে ধর্মের দোহাই দিলে কাহারও কর্নগোচর হইবে না। কারণ, পাছে কাজ ভঙ্গ করিয়া দের, এই ভয়ে মাহম তাহার বৃহৎ ব্যাপারগুলিতে ধর্মকে আমল দিতে চাহে না।

প্রাচীন গ্রীদে প্রবল এপীনিয়ানগণ যথন ছবল মেলিয়ানদের দ্বীপটি অস্থায় নিষ্ঠরতার সহিত গ্রহণ করিবার উপক্রম করিয়াছিল, তথন উভয় পক্ষে কিরূপ বাদাহবাদ হইয়াছিল, গ্রীক ইতিহাসবেতা থ্কিদিদীস তাহার একটা নমুনা দিয়াছিলেন। নিম্নে ভাহার কিয়দংশ উদ্ধৃত করিয়া দিলাম—ইহা হইতে পাঠকেরা বৃ্ঝিতে পারিবেন, ইম্পীরিয়নিজ্মত্ব যুরোপে কত প্রাচীন—এবং যে-পলিটকসের ভিত্তির উপরে যুরোপীয় সভাতা গঠিত, তাহার মধ্যে কিরূপ নিদারুল ক্রতা প্রচ্ছন্ন আছে।

- Athenians. But you and we should say what we really think, and aim only at what is possible, for we both alike know that into the discussion of human affairs the question of justice only enters where the pressure of necessity is equal, and that the powerful exact what they can, and the weak grant what they must. ... And we will now endeavour to show that we have come in the interests of our empire, and that in what we are about to say we are only seeking the preservation of your city. For we want to make you ours with the least trouble to ourselves and it is for the interest of us both that you should not be destroyed.
- Mel. It may be your interest to be our masters, but how can it be ours to be your slaves?
- Ath. To you the gain will be that hy submission you will svert the worst; and we shall be all the richer for your preservation.

### রাজভক্তি

রাজপুত্র আসিলেন। রাজ্যের যত পাত্রের পুত্র তাঁহাকে গণ্ডি দিয়া বিরিয়া বসিল—
তাহার মধ্যে একটু ফাঁক পায় এমন সাধ্য কাহারও রহিল না। এই ফাঁক যতদ্র
সম্ভব সংকীর্ণ করিবার জন্ত কোটালের পুত্র পাহারা দিতে লাগিল—সেজন্ত সে
শিরোপা পাইল। তাহার পর? তাহার পর বিশ্বর বাজি পুড়াইয়া রাজপুত্র জাহাজে
চড়িয়া চলিয়া গেলেন—এবং আমার কণাট দুরাল, নটেশাকটি মুড়াল।

ব্যাপারধানা কী? একটি কাহিনামাত্র। রাজ্য ও রাজপুত্রের এই বছত্র্লভ মিলন যত স্থান্র, যত স্বল্ল, যত নির্থক হওরা সম্ভব তাহা হইল। সমস্ত দেশ পর্যটন করিয়া দেশকে যত কম জানা, দেশের সঙ্গে যত কম যোগস্থাপন হইতে পারে, তাহা বহু বাল্লে বহু নৈপুণ্য ও সমারোহসহকারে সমাধা হইল।

অবশ্বই রাজপুরুবেরা ইহার মধ্যে কিছু একটা পদিসি, কিছু একটা প্রয়োজন বৃঝিয়াছিলেন—নহিলে এত বাজে ধরচ করিবেন কেন? রূপকথার রাজপুত্র কোনো স্থা রাজকভাকে জাগাইবার জন্ত সাত সমুদ্র তেরো নদী পার হইয়াছিলেন; আমাদের রাজপুত্রও বোধ করি স্থা রাজভক্তিকে জাগাইবার জন্তই যাত্রা করিয়া থাকিবেন, কিছু সোনার কাঠি কি মিলিয়াছিল?

নানা ঘটনায় স্পষ্টই দেখা যাইতেছে, আমাদের রাজপুরুবেরা সোনার কাঠির চেয়ে লোহার কাঠির উপরেই বেশি আন্থা রাধিয়া থাকেন। তাঁহাদের প্রতাপের <del>আড়্</del>মরটাকেই তাঁহারা বন্ধ্রগর্ভ বিদ্যাতের মতো ক্ষণে ক্ষণে আমাদের চোথের উপর দিয়া ঝলকিয়া লইয়া যান। তাহাতে আমাদের চোখ ধাঁথিয়া যায়, স্বংকম্পণ্ড হইতে পারে কিন্তু রাজাপ্রজার মধ্যে অন্তরের বন্ধন দৃঢ় হয় না—পার্থক্য আরও বাড়িয়া যায়।

ভারতবর্ধের অদৃষ্টে এইরূপ অবস্থা অবশ্বস্থাবী। কারণ, এগানকার রাজাসনে বাঁহারা বসেন, তাঁহাদের মেয়াদ বেশিদিনকার নহে, অবচ এগানে রাজক্ষমতা বেরূপ অত্যুৎকট, স্বয়ং ভারতসমাটেরও সেরূপ নহে। বস্তুত ইংলণ্ডে রাজত্ব করিবার স্বয়োগ কাঁহারও নাই; কারণ, সেধানে প্রজ্ঞাগণ স্বাধীন। ভারতবর্ধ যে অধীন রাজ্য, তাহা ইংরেজ এখানে পদার্পণ করিবামাত্র বৃত্তিতে পারে। স্থতরাং এ-দেশে কর্তৃত্বের দস্ত ক্ষমতার মন্ততা সহসা সংবরণ করা কুক্তপ্রকৃতির পক্ষে অসম্ভব হইয়া পড়ে।

বনিরাদি রাজাকে রাজকীয় নেশায় টলাইতে পারে না ৷ হঠাৎ-রাজার পক্ষে এই

নেশা একেবারে বিষ । ভারতবর্ষে থাঁহারা কর্তৃত্ব করিতে আসেন, তাঁহারা অধিকাংশই এই মদিরায় অভান্ত নহেন। তাঁহাদের বদেশ হইতে এ-দেশের পরিবর্তন অত্যন্ত বেশি। থাঁহারা কোনোকালেই বিশেষ কেছ নহেন, এগানে তাঁহারা একম্কর্তেই হর্তাকর্তা। এমন অবস্থায় নেশার ঝোঁকে এই নৃতনলন্ধ প্রতাপটাকেই তাঁহারা সকলের চিরে প্রিয় এবং শ্রেয় জ্ঞান করেন।

প্রেমের পথ নম্রতার পথ। সামান্ত লোকেরও হৃদয়ের মধ্যে প্রবেশ করিতে হইলে নিজের মাথাটাকে তাহার বারের মাপে নত করিতে হয়। নিজের প্রতাপ ও প্রেন্টিজ সম্বন্ধে যে-ব্যক্তি হঠাং-নবাবের মতো সর্বদাই আপাদমন্তক সচেতন, সে-ব্যক্তির পক্ষে এই নম্রতা হৃঃসাধ্য। ইংরেজের রাজত্ব যদি ক্রমাগতই আনা-গোনার রাজত্ব না হইত, যদি এ-দেশে তাহারা স্থায়ী হইয়া কর্তৃত্বের উগ্রতাটা কতকটা পরিমাণে সহ্ন করিতে পারিত, তাহা হইলে নিশ্রেই তাহারা আমাদের সঙ্গে হদয়ের যোগস্থাপনের চেষ্টা করিতে বাধ্য হইত। কিন্তু বর্তমান ব্যবস্থায় ইংলত্তের অধ্যাত প্রান্ত হইতে কয়েক দিনের জন্ম এ-দেশে আসিয়া ইহারা কোনোমতেই তৃলিতে পারে না যে, আমরা কর্তা—এবং সেই ক্ষ্মে দম্ভটাকেই সর্বদা প্রকাশমান রাধিবার জন্ম তাহারা আমাদিগকে সকল বিষয়েই অহরহ দ্বে ঠেকাইয়া রাথে এবং কেবলমাত্র প্রবলতার হারা আমাদিগকে অভিতৃত করিয়া রাথিতে চেষ্টা করে। আমাদের ইচ্চা-অনিচ্চা যে তাহাদের রাজনীতিকে স্পর্ল করিতে পারে, এ-কথা তাহারা স্বীকার করিতে কৃষ্টিত হয়। এমন কি, তাহাদের কোনো বিধানে আমরা যে বেদনা অহতব ও বেদনা প্রকাশ করিব, তাহাও ভাহারা স্পাধা বলিয়া জ্ঞান করে।

কিন্তু স্বামী যতই কঠোর হউক না কেন সে স্ত্রীর কাছে যে কেবল বাধাতা চাহে তাহা নহে, স্ত্রীর হৃদয়ের প্রতিও তাহার ভিতরে ভিতরে আকাক্ষা বাকে। অবচ হৃদয় অধিকার করিবার ঠিক পথটি সে গ্রহণ করিতে পারে না, তাহার তুর্ণমা ঔষতো বাধা দেয়। যদি তাহার সন্দেহ জন্মে যে, স্ত্রী তাহার আধিপতা সন্ধ করে কিন্তু তাহাকে ভালোবাসে না, তবে সে তাহার কঠোরতার মাত্রা বাড়াইতেই বাকে। প্রীতি জন্মাইবার ইহা যে প্রকৃষ্ট উপায় নহে, সে-ক্রধা বলাই বাহলা।

সেইরূপ ভারতবর্ষের ইংরেজ-রাজারা আমাদের কাছ হইতে রাজভাক্তির দাবিটুক্ও ছাড়িতে পারে না। কিন্তু ভক্তির সম্বন্ধ হাদরের সম্বন্ধ—সে-সম্বন্ধে দান-প্রতিদান আছে— তাহা কলের সম্বন্ধ নহে। সে-সম্বন্ধ স্থাপন করিতে গেলেই কাছে আসিতে হয়, তাহা শুমাত্র জ্বরদন্তির কর্ম নহে। কিন্তু কাছেও ঘেঁষিব না, ক্রম্মণ্ড দিব না— অধচ রাঞ্চক্তিও চাই। শেষকালে সেই ভক্তিসমধ্যে বধন সন্দেহ জন্মে, তধন গুরুধা লাগাইরা, বেড চালাইরা, জেলে দিয়া ভক্তি আদার করিতে ইচ্ছা হয়।

ইংরেজ, শাসনের কল চালাইতে চালাইতে হঠাং এক-একবার রাজভক্তির জন্ত ব্যগ্র \*হইয়া উঠেন, কার্জনের আমলে তাহার একটা নমুনা পাওরা গিরাছিল।

ষাভাবিক আভিজাত্যের অভাবে লর্ড কার্মন কর্তৃত্বের নেশার উন্নপ্ত হইরাছিলেন, তাহা স্পষ্ট অমুভব করা গিরাছিল। এ গদি ছাড়িতে তাঁহার কিছুতেই মন সরিতেছিল না। এই রাজকীর আড়মর হইতে অবস্তত হইরা তাঁহার অন্তরাত্মা "থোঁরারি"গ্রন্ত মাতালের মতো আজ্ব বে-অবস্থার আছে, তাহা বদি আমরা বধার্যভাবে অমুভব করিতাম, তবে বাঙালিও বােধ হয় আজ্ব তাঁহাকে দরা করিতে পারিত। এরপ আধিপত্য লোলুপতা বােধ করি ভারতবর্ষের আর-কোনো শাসনকর্তা এমন করিরা প্রকাশ করেন নাই। এই লাটসাহেবটি ভারতবর্ষের প্রতন বাদশাহের ক্রায় দরবার করিবেন স্থির করিলেন—এবং স্পর্ধাপুর্বক দিলিতে সেই দরবারের স্থান করিলেন।

কিন্ধ প্রাচ্যরাজামাত্রেই বৃথিতেন দরবার স্পর্ধাপ্রকাশের জন্ত নছে; দরবার রাজার সহিত প্রজাদের আনন্দশিকানের উৎসব। সেদিন কেবল রাজোচিত ঐশর্ষের দ্বারা প্রজাদিগকে অন্তিত করা নয়, সেদিন রাজোচিত ঔদার্থের দ্বারা তাহাদিগকে নিকটে আঞ্চান করিবার দিন। সেদিন ক্ষমা করিবার, দান করিবার, রাজ্পাসনকে সুন্দর করিয়া সাজাইবার শুভ অবসর।

কিন্তু পশ্চিমের হঠাং-নবাব দিয়ির প্রাচা ইতিহাসকে সম্মৃথে রাগিয়া এবং বদান্মতাকে সওদাগরি কার্পণাদারা ধর্ব করিয়া কেবল প্রতাপকেই উগ্রতর করিয়া প্রকাশ করিলেন। ইহাতে বন্ধত ইংরেজের রাজপ্রী আমাদের কাছে গৌরব লাভ করে নাই। ইহাতে দরবারের উদ্দেশ্ত সম্পূর্ণ বার্থ হইয়া গেছে। এই দরবারে ছংসহ দর্পে প্রাচাহনমর পীড়িত হইয়াছে, লেশমাত্র আক্রম্ভ হয় নাই। সেই প্রচূর অপবার বদি কিছুমাত্র ফল রাগিয়া থাকে, তবে ভাহা অপমানের শ্বতিতে। লোহার কার্টির দারা সোনার কার্টির কাঞ্ব সারিবার চেষ্টা যে নিম্মল ভাহা নহে—ভাহাতে উলটা কল হইয়া থাকে।

এবারে রাজপুত্রকে ভারতবর্ষে আনা হইল। রাজনীতির তরক হইতে পরামর্শ উত্তম হইয়াছে। কারণ, সাধারণত রাজবংশীরের প্রতি ভারতবর্ষীর হৃদরের অভিমূখিতা বহুকালের প্রকৃতিগত। সেইজ্লন্ত দিয়ির দরবারে ভূকে আক কনট থাকিতে কার্জনের দরবারতক্ত গ্রহণ ভারতবর্ষীরমাত্রকেই বাজিয়াছিল; এরূপ স্থলে ভূাকের উপস্থিত থাকাই উচিত ছিল না। বজ্বত প্রজাগণের ধারণা হইয়াছিল যে কার্জন নিজের দস্তপ্রচার করিবার জ্বন্তই ইচ্ছাপুর্বক দরবারে ভূকে আক কনটের উপস্থিতি ঘটাইয়াছিলেন।

আমরা বিলাতি কাষদা বৃঝি না, বিশেষত দরবার ব্যাপারটাই যথন বিশেষভাবে প্রাচ্য, তথন এ উপলক্ষ্যে রাজবংশের প্রকাশ্য অবমাননা অন্তত পলিসিসংগত হয় নাই।

যাই হ'ক ভারতবর্ষের রাজভক্তিকে নাড়া দিবার জন্ত একবার রাজপুত্রকে সমন্ত দেশের উপর দিয়া বুলাইয়া লওয়া উচিত : বোধ করি এইরূপ পরামর্শ হইয়া থাকিবে। কিন্তু ভারতবর্ষের ইংরেজ হৃদয়ের কারবার কোনোদিন করে নাই। তাহারা এ-দেশকে হৃদয় দেয়ও নাই এ-দেশের হৃদয় চায়ও নাই, দেশের হৃদয়টা কোথায় আছে তাহার খবরও রাখে না। ইহারা রাজপুত্রের ভারতবর্ষে আগমনব্যাপারটাকে মত স্বর্মকলপ্রেদ করা সন্তব তাহা করিল। আজ রাজপুত্র ভারতবর্ষের মাটি ছাড়িয়া জাহাজে উঠিতেছেন আর আমাদের মনে ইইতেছে যেন একটা স্বপ্র ভারিত্রকরের মাট ছাড়িয়া জাহাজে উঠিতেছেন হৃদয় । কিছুই হইল না—মনে রাধিবার কিছু রহিল না, যাহা যেমন ছিল তাহা তেমনি রহিয়া গেল।

ভারতবর্ধের রাঞ্চজি প্রকৃতিগত এ-কথা সতা। হিন্দু-ভারতবর্ধের রাঞ্চজিব একটু বিশেষত্ব আছে। হিন্দুরা রাঞ্চাকে দেবতুলাও রাঞ্চজিকে ধর্মপ্ররূপে গণা করিয়া থাকেন। পাশ্চাতাগণ এ-কথার যথার্থ মর্ম গ্রহণ করিতে পারেন না। তাঁহারা মনে করেন ক্ষমতার কাছে এইরূপ অবনত হওয়া আমাদের স্বাভাবিক দীন চরিত্রের পরিচয়।

সংসারের অধিকাংশ সম্বন্ধকেই হিন্দু দৈবসম্বন্ধ না মনে করিয়া থাকিতে পারে না। হিন্দুর কাছে প্রায় কিছুই আকস্থিক সম্বন্ধ নহে। কারণ, হিন্দু জ্ঞানে, আমাদের কাছে প্রকাশ বতই বিচিত্র ও বিভিন্ন হউক না, মৃলশক্তি একই। ভারতবর্ষে ইহা কেবলমাত্র একটা দার্শনিক তব্ব নহে, ইহা ধর্ম,—ইহা পুঁথিতে লিথিবার কালেজে পড়াইবার নহে—ইহা জ্ঞানের সঙ্গেদের হৃদয়ে উপলব্ধি ও জ্ঞাবনের প্রাত্তাহিক ব্যবহারে প্রতিক্ষলিত করিবার। আমরা পিতামাতাকে দেবতা বলি, স্বামীকে দেবতা বলি, সতী জ্ঞাকে লক্ষ্মী বলি। গুরুজনকে পূজা করিয়া আমরা ধর্মকে ভৃপ্ত করি। ইহার কারণ, যে-কোনো সম্বন্ধের মধ্য হইতে আমরা মঙ্গললাভ করি, সেই সম্বন্ধের মধ্যেই আমরা আদি মঙ্গলশক্তিকে স্থাকার করিতে চাই। সেই সকল উপলক্ষ্য হইতে বিচ্ছিন্ন করিয়া মঙ্গলমন্তকে স্থানুর বর্গে স্থাপনপূর্বক পূজা করা ভারতবর্ষের ধর্ম নহে। পিতামাতাকে যখন আমরা দেবতা বলি, তখন এ মিথাকে আমরা মনে স্থান দিই না যে, তাহারা বিশ্বভ্বনের ঈশ্বর বা তাহাদের অলোকিক শক্তি আছে। তাহাদের দৈন্ত ত্বলতা তাহাদের মহন্যন্ত সমন্তই আমরা নিশ্বিত জানি, কিন্ত ইহাও সেইব্রূপ নিশ্বিত জানি যে, ইহার। পিতামাতাকপে আমাদের যে কল্যাণ সাধন করিতেছেন,

সেই পিতৃমাতৃত্ব প্রগতের পিতামাতারই প্রকাশ। ইন্দ্র-চন্দ্র-আন্ন-বাযুকে যে বেদে দেবতা বলিয়া খাকার করা হইরাছে তাহারও এই কারণ; শক্তিপ্রকাশের মধ্যে ভারতবর্ষ শক্তিমান পুরুবের সন্তা অভুতর না করিয়া কোনোদিন তৃপ্ত হয় নাই। °এইজ্ঞ বিশ্বভূবনে নানা উপলক্ষ্যে নানা আকারেই ভক্তিবিনম ভারতবর্ণের পূজা সমাজত হইয়ছে। জগৎ আমাদের নিকট স্বদাই দেবশক্তিতে সঞ্জীব।

এ-কণা সম্পূর্ণ মিধ্যা যে, স্মামরা দীনতাবশতই প্রবলতার পূজা করিয়া থাকি। সকলেই জানে গাড়ীকেও ভারতবর্ষ পূঞা করিয়াছে। গাড়ী যে পশু তাহা সে कारन ना, देश नरह। भारूर প्रवन ध्वरः भाजीहे पूर्वन। किन्ह जावज्ववीत्र ममान গাভীর নিকট হইতে নানাপ্রকার মঙ্গল লাভ করে। সেই মঙ্গল মাসুষ ষে °নিজের গায়ের জোরে পশুর কাছ হইতে আদায় করিয়া লইতেছে, এই ঔদ্ধতা ভারতবর্ষের নতে। সমন্ত মঙ্গলের মূলে সে দৈব অভুগ্রহকে প্রণাম করিয়া সকলের সঙ্গে আগ্রীয়-সম্বন্ধ স্থাপন করিতে পারিলে তবে বাঁচে। কারিকর তাহার যহকে প্রণাম করে, খোদা তাহার তরবারিকে প্রণাম করে, গুলী তাহার বাঁণাকে প্রণাম করে:—ইহারা যে যম্বকে যম্ম বলিয়া জানে না তাহা নহে ; কিন্তু ইহাও জানে যম্ম একটা উপলক্ষ্যমাত্র— যন্ত্রের মধ্য হইতে সে যে আনন্দ বা উপকার লাভ করিতেছে, তাহা কাঠ বা লোহার দান নহে, কারণ, আত্মাকে আত্মীয় ছাড়া কোনো সামগ্রীমাতে স্পর্ন করিতে পারে না। এই জন্ম ভাহাদের কৃতজ্জতা, ভাহাদের পূঞা বিনি বিশ্ববন্ধের যথা তাঁহার নিকট এই যম্ববোগেই সমর্পিত হয়।

এই ভারতবর্ব রাজশাসন-ব্যাপারকে যদি পুরুষরূপে নহে, কেবল বয়ুরূপে অমূভব করিতে থাকে, তবে তাহার পক্ষে এমন পীড়াক্তর আর-কিছুই হইতে পারে ম।। জডের মধ্যেও **আহাার সম্পর্ক অমূ**ভব করিয়া তবে বাহার তুপ্তি হয়, রাষ্ট্রতন্ত্রের মতো এতবড়ো মানব-ব্যাপারের মধ্যে সে হৃদরের প্রত্যক্ষ আবিভাবকে মৃতিমান্ না দেবিয়া বাচে কিব্ৰূপে ? আত্মাৰ সঙ্গে আত্মীৰেৰ সম্ম বেণানে আছে সেণানেই নত ২ওয়া যায়--মেশানে তাহা নাই দেখানে নত হইতে অহরহ বাধ্য হইলে অপমান ও পীড়া বোধ হয়; অভএব বাইব্যাপারের মধ্যম্বলে আমরা দেবতার শত্তিকে মঙ্গলের প্রতাক্ষম্বরপকে রাজ্বরূপে দেখিতে পাইলে শাসনের বিপুল ভার সহজে বহন করিতে পারি। নহিলে হাদর প্রতিক্ষণেই ডাঙিরা বাইতে থাকে। আমরা পূজা করিতে চাই— রাজভন্তের মধ্যে প্রাণপ্রতিষ্ঠা করিয়া ভাষার সহিত আমাদের প্রাণের যোগ অফুভব করিতে চাই---আমরা বলকে কেবলমাত্র বলরপে সহ করিতে পারি না।

ষ্মতএব ভারতবর্বের রাজভব্তি প্রকৃতিগত এ-কণা সতা। কিন্তু সেই জন্ত

বাৰা তাহার পক্ষে তথ্যাত্র তামাশার রাজা নহে। রাজাকে সে একটা অনাবস্তুক আড়ম্বের অক্ষরণে দেখিতে ভালোবাসে না। সে রাজাকে যথার্থ সত্যরূপে অমূভব করিতেই ইচ্ছা করে। সে রাশাকে বছকাল ধরিয়া পাইতেছে না বলিয়া উন্তরোভর পীড়িত হইরা উঠিতেছে। ক্ষণশ্বারী বছরাঞ্চার হংসহভারে এই বৃহং দেশ কিরুপে মর্মে মর্মে বাধিত হইয়া উঠিয়াছে, প্রতিদিন কিরূপ নিরুপায়ভাবে দীর্ঘনিশাস ষ্পেলিতেছে, তাহা অন্তৰ্গামী ছাড়া কেহ দেখিবার নাই। যাহারা পথিকমাত্র, ছুটির দিকেই যাহাদের মন পড়িয়া আছে, যাহারা পেটের দায়ে নির্বাসনে দিন যাপন क्रिक्टिंह, याशांत्रा त्यञ्ज नहेत्रा এहे मामज-कात्रथानात कल ठालाहेत्रा याहेत्ज्रह्, ষাহাদের সহিত আমাদের সামাজিক কোনো সম্বন্ধ নাই-অহরহ পরিবর্তমান এমন উপেক্ষাপরায়ণ জনসম্প্রদায়ের হৃদয়-সম্পর্কশৃত্ত আপিসিশাসন নিরম্ভর বহন করা যে কী দুৰ্বিষহ তাহা ভারতবর্ষই জানে। রাজভক্তিতে দীক্ষিত ভারতবর্ষের অস্তঃকরণ কাতরভাবে প্রার্থনা করিতেছে যে, হে ভারতের প্রতি বিমুণ ভগবান, আমি এই সকল কৃম রাঞ্চা ক্ষণিক রাঞ্চা অনেক রাজা আর সহিতে পারি না, আমাকে এক রাঞ্চা দাও। এমন রাঞ্চা দাও যিনি বলিতে পারিবেন, ভারতবর্ষ আমারই রাঞা; বণিকের নয়, খনিকের নম্ন, চা-করের নম্ন, ল্যাকাশিয়রের নম্ন ;—ভারতবর্ষ থাহাকে অন্তরের সহিত বলিতে পারিবে, আমারই রাজা; ফালিডে রাজা নয়, ফুলর রাজা নয়, পায়োনিয়র-সম্পাদক রাজা নয়। রাজপুত্র আম্মন, ভারতের রাজতক্তে বম্মন, তাহা হইলে স্বভাবতই তাহার নিকট ভারতবর্ষই মুধ্য এবং ইংলও গৌণ হইয়া উঠিবে। তাহাতেই ভারতের মঞ্চল এবং ইংলভের স্থায়ী লাভ। কারণ, মামুষকে কল দিয়া শাসন করিব, ভাহার সহিত হদয়ের সম্পর্ক সমাজের সম্পর্ক রাধিব না এ স্পর্ধা ধর্মরাজ্ঞ কখনোই চির্লিন সহ্ করিতে পারেন না—ইহা স্বাভাবিক নছে, ইহা বিশ্ববিধানকে পীড়িত করিতে খাকে। সেইজন্ত সুশাসনই বল, শান্তিই বল, কিছুর বারাই এই দারুণ হুদয়-চুক্তিক পুরুণ হুইডে পারে না। এ-কথা শুনিয়া আইন ক্রন্ধ হইতে পারে, পুলিস-সর্প ফণা তুলিতে পারে; কিছ যে ক্ষিত সতা ত্রিশ কোট প্রজার মর্মের মধ্যে হাহাকার করিতেছে, ভাহাকে বলের মারা উচ্ছেদ করিতে পারে এমন শাসনের উপায় কোনো মানবের হাতে নাই, কোনো দানবের হাতে নাই :

ভারতবর্ষীর প্রজার এই যে হাদর প্রত্যাহ ক্লিষ্ট হইতেছে, ইহাকেই কতকটা সান্ধনা দিবার জন্ম রাজপুত্রকে আনা হইরাছিল—আমাদিগকে দেখানো হইরাছিল যে, আমাদেরও রাজা আছে। কিন্তু মরীচিকার ঘারা সত্যকার ভূষণা দূর হর না।

বুল্কত আমরা রাজশক্তিকে নহে—রাজহাণয়কে প্রত্যক্ষ অমুভব করিতে ও প্রত্যক্ষ

রাঞ্জাকে আমাদের হাদর অর্পন করিতে চাই। ধনপ্রাণ স্থরক্ষিত হওঁরাই যে প্রজার চরম চরিতার্থতা, প্রভূগন, এ-কথা মনেও করিরো না। তোমরা আমাদিগকে নিতান্ত অবজ্ঞা কর বলিরাই তোমরা বলিরা থাক, ইহারা লান্তিতে আছে তবু ইহারা আর কী চার। ইহা জানিরো, হাদরের হারা মাছবের হাদরকে বল করিলে সে ধনপ্রাণ স্বেছা-পূর্বক ত্যাগ করিতে পারে, ভারতের ইতিহাসে তাহার প্রমাণ আছে। শান্তি নহে, মাছব তৃত্তি চাহে এবং দৈব আমাদের প্রতি যতই বিরূপ হউন, আমরা মাছব। আমাদেরও ক্ধা দূর করিতে হইলে স্তাকার অরেরই প্রয়োজন হয়—আমাদের হাদর বল করা ফ্লর, প্রানিটিভ প্রিস এবং জ্যোর-জ্নুমের কর্ম নহে।

रावरे रुपेन जात मानवरे रुपेन, माहेरे रुपेन जात खाकरे रुपेन, रामारन रक्तन প্রতাপের প্রকাশ, বলের বাছলা, দেখানে ভীত হওয়া নত হওয়ার মতো আয়াবমাননা. অস্তবামী ঈশবের অবমাননা, আর নাই। হে ভারতবর্ব, সেধানে তৃমি তোমার চির-দিনের উদার অভয় ব্রহ্মজানের সাহায্যে এই সমস্ত লাম্বনার উর্চের ভোমার মন্তককে অবিচলিত রাগো—এই সমও বড়ো বড়ো নামধারী মিধাকে তোমার সর্বাস্তকেরণের ধারা অস্বীকার করো, ইহারা যেন বিভীষিকার মুশোল পরিয়া তোমার অন্তরাত্মাকে লেশমাত্র সংস্কৃতিত করিতে না পারে। তোমার আত্মার দিবাতা উচ্ছলতা পরম-শক্তিমন্তার কাছে এই সমস্ত ভর্জন গর্জন, এই সমস্ত উচ্চপদের অভিমান, এই সমস্ত শাসন-লোষণের আয়োজন-আড়ম্বর, তুচ্ছ ছেলেপেলামাত্র—ইহারা ধদি বা তোমাকে . পীড়া দেয় ভোষাকে ষেন ক্ষুদ্র করিতে না পারে। যেখানে প্রেমের সম্বন্ধ সেইধানেই নত হওয়ার গৌরব-—বেধানে সে-সমন্ধ নাই সেধানে যাহাই ঘটুক, অন্তঃকরণকে মুক্ত রাবিরো, ঋদু রাথিয়ো, দীনতা স্বীকার করিরো না, ভিক্ষাবৃত্তি পরিত্যাগ করিয়ো, নিজের প্রতি অক্সর আকা রাগিরো ৷ কারণ, নিশ্চরই জগতে তোমার একান্ত প্ররোজন আছে— সেইজন্ম বহুত্:খেও ভূমি বিনাৰপ্রাপ্ত হও নাই। অক্তের বাহ্ন অফুকরণের চেষ্টা করিয়া ভূমি যে এতকাল পরে একটা ঐতিহাসিক প্রহসন রচনা করিবার জন্ম এতদিন বাঁচিয়া আছ, তাহা কণনোই নহে। তুমি বাহা হইবে বাহা করিবে অন্ত দেশের ইতিহাসে ভাহার নমুনা নাই—ভোমার যথাস্থানে তুমি বিশ্বভূবনের সকলের চেয়ে মহং ৷ হে আমার বদেশ, মহাপর্বতমালার পাদমূলে মহাসমুদ্রপরিবেষ্টিত তোমার আসন বিস্তীৰ্ণ বহিষাছে—এই আসনের সন্মুখে হিন্দু মুসলমান প্রীস্টান বৌদ্ধ বিধাতার আংবানে আকৃষ্ট হইয়া বছদিন হইতে প্রতীকা করিতেছে, তোমার এই আসন তুমি দখন পুনবার একদিন গ্রহণ করিবে, তখন আমি নিশ্চর জানি, ভোমার মত্রে কি জ্ঞানের, কি কর্মের, কি ধর্মের অনেক বিরোধ মীমাংসা হইরা বাইবে এবং তোমার চরণপ্রান্তে

আধুনিক নিষ্ঠর পোলিটক্যাল কালভুজকের বিদ্বেষী বিষাক্ত দর্প পরিশান্ত হইবে।
ভূমি চঞ্চল হইয়ো না, লুক্ক হইয়ো না, ভীত হইয়ো না, ভূমি

আত্মানং বিদ্ধি

আপনাকে কানো। এবং

উত্তিৰ্ভত জাঞ্ৰত প্ৰাণ্য বয়ান নিবােধত

ক্ষুবস্ত ধারা নিশিতা হুরতারা হুর্গং পথস্তৎ কবরো বদস্তি।

छेर्र, बाला, बाहा टाई छाहारे भारेश अव्य हत,

যাহা বথার্থ পথ তাহা কুরধারশাণিত হুর্গম হুরতার, কবিরা এইরূপ বলিরা থাকেন।

2025

# বহুরাজকতা

সাবেক কালের সঙ্গে এখনকার কালের তুলনা করিতে আমরা ছাড়ি না।
সাবেক কাল যখন হাজির নাই, তখন একতরকা বিচারে যাহা হইতে পারে তাহাই
ঘটিয়া থাকে অর্থাং বিচারকের মেঞ্চাঞ্চ অফুসারে কখনো বা সেকালের ভাগো যশ জোটে, কখনো বা একালের জিত হয়। কিন্তু এমন বিচারের উপরে ভরসা রাধা
যায় না।

আমাদের পক্ষে মোগলের আমল কুবের ছিল কি ইংরেজের আমল কুবের, গোটাকতক মোট। মোটা সাক্ষীর কথা শুনিরাই তাহার দেষ নিশান্তি হইতে পারে না। নানা কৃষ্ণ জিনিসের উপর মাহুষের কুবতুংখ নির্ভর করে—সে-সমন্ত তন্ন করিয়া দেখা সম্ভবপর নয়। বিশেষত যেকালটা গেছে সে আপনার অনেক সাক্ষীসাবৃদ সক্ষে লইয়া গেছে।

কিন্তু সেকাল-একালের একটা মন্ত প্রভেদ ছোটোবড়ো আর-সমন্ত প্রভেদের উপরে মাথা তুলিরা আছে। এই প্রভেদটা যেমন সকলের চেন্নে বড়ো, তেমনি নিশ্চরই এই প্রভেদের ফলাফলও আমাদের দেশের পক্ষে সকলের চেন্নে গুরুতর। আমাদের এই ছোটো প্রবন্ধে আমরা সেই প্রভেদটির কথাই সংক্ষেপে পাড়িরা দেখিতে চাই।

ইতিপূর্বে ভারতবর্ষের সিংহাসনে একজন বাদশাহ ছিল, তাহার পরে একটি কোম্পানি বসিয়াছিল, এখন একটি জাতি বসিয়াছে। আগে ছিল এক, এখন হইয়াছে

ব্দনেক। এ-কথাটা এতই সোজা যে ইহা প্রমাণ করিবার অস্ত কোনো স্ক্র তর্কের প্রয়োজন হয় না।

বাদশা মধন ছিলেন, তথন তিনি জানিতেন সমন্ত ভারতবর্গ তাঁরই, এখন ইংরেজজাত জানে ভারতবর্গ তাহাদের সকলেরই। একটা রাজপরিবারমাত্র নহে, সমন্ত ইংরেজজাতটা এই ভারতবর্গকে কইবা সমৃদ্দিস্পার হইরা উঠিয়াছে।

খুব সম্ভব বাদশাহের অত্যাচার বথেষ্ট ছিল—এখন অত্যাচার নাই কিন্তু বোঝা আছে। হাতির পিঠে মাহত বসিয়া তাহাকে মাঝে মাঝে অঙ্গ দিয়া মারে, হাতির পক্ষে তাহা স্থপকর নহে। কিন্তু মাহতের বদলে যদি আর-একটা গোটা হাতিকে সর্বদা বহন করিতে হইত তবে বাহকটি অঙ্গুশের অভাবকেই আপনার একমাত্র সোভাগ্য বলিয়া জ্ঞান করিত না।

একটিমাত্র দেবতার পূজার থালার যদি ফুল সাজাইরা দেওরা যার, তবে তাহা দেবিতে শুপাকার হইতে পারে এবং যে-বাক্তি ফুল আহরণ করিরাছে তাহার পরিশ্রমটাও হরতো অত্যন্ত প্রত্যক্ষরণে দেখা যার। কিন্তু তেজিশ কোটি দেবতাকে একটা করিরা পাপড়িও যদি দেওরা যার, তবে তাহা চোখে দেখিতে বতই সামাল হউক না কেন, তলে তলে ব্যাপারশানা বড়ো কম হয় না। তবে কিনা, এই একটা একটা করিয়া পাপড়ির হিসাব এক জারগার সংগ্রহ করা কঠিন বলিরা নিজের অদৃষ্টকে ছাড়া আর কাহাকেও দারী করার কথা মনেও উদস্ব হয় না।

কিন্ধ এখানে কাহাকেও বিশেষরপে দায়ী করিরার কথা হইতেছে না। মোগলের চেয়ে ইংরেজ ভালো কি মন্দ তাহার বিচার করিয়া বিশেষ কোনো লাভ নাই। তবে কিনা অবস্থাটা জানা চাই, তাহা হইলে অনেক বুধা আশা ও বিষ্ণল চেষ্টার হাত হইতে বক্ষা পাওয়া যায়, সেও একটা লাভ।

মনে করো,—এই যে আমরা আক্ষেপ করিয়া মরিতেছি দেশের বড়ো বড়ো চাকরি প্রায় ইংরেক্সের ভাগ্যে পড়িতেছে ইহার প্রতিকারটা কোন্ধানে? আমরা মনে করিতেছি বিলাতে গিয়া যদি ঘারে ঘারে ত্ঃগ নিবেদন করিয়া কিরি, তবে একটা সদ্গতি হুইতে পারে।

কিন্ত এ-কথা মনে রাধিতে হইবে ধাহার বিরুদ্ধে নালিশ, আমরা তাহার কাছেই নালিশ করিতে ধাইতেছি।

বাদশাহের আমলে আমরা উজির হইয়াছি, সেনাপতি হইয়াছি, দেশ শাসন করিবার ভার পাইরাছি, এখন যে তাহা আমাদের আশার অতীত হইয়াছে ইহার কারণ কী? অন্ত গুঢ় বা প্রকাশ্ত কারণ ছাড়িয়া দাও, একটা মোটা কারণ আছে দে তো ম্পাইই দেখিতেছি। ইংলগু সমস্ত ইংরেজকে অন্ধ দিতে পারে না—ভারতবর্বে তাছাদের **অস্ত** অন্ধ্যত্র খোলা থাকা আবশুক। একটি জাতির অন্ধের ভার অনেকটা পরিমাণে আমাদের ক্ষমে পড়িরাছে; সেই অন্ধ নানারকম আকারে নানারকম পাত্রে জোগাইতে হইতেছে।

ষদি সপ্তম এডোআর্ড বধার্ধ ই আমাদের দিয়ির সিংহাসনে রাজা হইয়া বসিতেন, তবে তাঁহাকে গিয়া বলিতে পারিতাম যে, হজুর, অয়ের যদি বড়ো বড়ো গ্রাস সমস্তই বিদেশী লোকের পাতে পড়ে, তবে তোমার রাজা টেকে কী করিয়া।

তখন সমাটও বলিতেন, তাইতো আমার সাম্রাজ্ঞা হইতে আমার ভোগের জ্বন্থ যাহা গ্রহণ করি তাহা শোভা পার, কিন্তু তাই বলিয়া বারো ভূতে মিলিয়া পাত পাড়িয়া বসিলে চলিবে কেন ?

তথন আমার রাজ্য বলিয়া তাঁহার দরদ বোধ হইত এবং অক্টের লুক্কহন্ত ঠেকাইয়া রাধিতেন। কিন্তু আজ্ প্রত্যেক ইংরেজই ভারতবর্ধকে 'আমার রাজ্যা' বলিয়া জ্ঞানে। এ-রাজ্যে তাহাদের ভোগের ধর্বতা ঘটিতে গেলেই তাহারা সকলে মিলিয়া এমনি কলরব তুলিবে যে, তাহাদের স্বদেশীয় কোনো আইনকর্তা এ-সম্বন্ধে কোনো বদল করিতে পারিবেই না।

এই আমাদের প্রকাণ্ড বহুসহস্রম্থবিশিষ্ট রাজার ম্পের গ্রাসে ভাগ বসাইবার জ্ঞাত তাহারই কাছে দরবারে যাওয়া নিফ্ল, এ-কথা একটু ভাবিয়া দেখিলেই বুঝা যায়।

মোটকথা,—একটা আন্ত জ্বাত নিজের দেশে বাস করিয়া অস্ত দেশকে শাসন করিতেছে ইতিপূর্বে এমন ঘটনা ইতিহাসে ঘটে নাই। অত্যন্ত ভালো রাজা হইলেও এ-রকম অবস্থায় রাজার বোঝা বহন করা দেশের পক্ষে বড়ো কঠিন। মৃখ্যত অস্ত দেশের এবং গৌণত আপনার স্বার্থ ঘে-দেশকে একসঙ্গে সামলাইতে হর, তাহার অবস্থা বড়োই শোচনীয়। যে-দেশের ভারকেন্দ্র নিজের এতটা বাহিরে পড়িরাছে সে মাখা তুলিবে কী করিয়া? না হয় চুরি ডাকাতি বন্ধ হইল, না হয় আদালতে অত্যন্ত স্ক্ষ স্থবিচারই ঘটিয়া থাকে, কিন্ধ বোঝা নামাইব কোখায়?

অতএব কনগ্রেসের যদি কোনে। সংগত প্রার্থনা থাকে তবে তাহা এই যে, সম্রাট এতোআর্ডের পুত্রই হউন, স্বয়ং লর্ড কার্জন বা কিচেনারই হউন, অথবা ইংলিশমান-পারোনিয়রের সম্পাদকই হউন, ভালো মন্দ বা মাঝারি ষে-কোনো একজন ইংরেজ বাছিয়া পার্লামেন্ট আমাদের রাজা করিয়া দিয়ির সিংহাসনে বসাইয়া দিন। একটা দেশ যতই রসালো হউক না, একজন রাজাকেই পালিতে পারে, দেশস্থ রাজাকে পারে না।

## পথ ও পাথেয়

জেলে প্রতিদিন জাল কেলে তাহার জালে মাছ ওঠে। একদিন জাল কেলিতেই হঠাং একটা ঘড়া উঠিল, এবং ঘড়ার মূপ যেমন খুলিল অমনি তাহার ভিতর হইতে পুঞ্চ ধোঁয়ার আকার ধরিয়া একটা দৈতা বাহির হইয়া পড়িল, আরব্য উপস্থাসে এমনি একটা গল আছে।

আমাদের থবরের কাগজ প্রতিদিন থবর টানিয়া আনে; কিন্তু তাহার জালে যে সেদিন এমন একটা ঘড়া ঠেকিবে, এবং ঘড়ার মধ্য হইতে এতবড়ো একটা আসন্ধনক ব্যাপার বাহির হইয়া পড়িবে তাহা আমরা কোনোদিন প্রত্যাশাও করিতে পারি নাই।

নিতান্তই ঘরের ঘারের কাছ হইতে এমন একটা রহস্ত হঠাং চক্ষের নিমেষে উদ্ঘাটিত হয়া পড়িলে সমন্ত দেশের লোকের মনে যে আন্দোলন উপস্থিত হয় সেই স্বদূরবাাপী চাঞ্চল্যের সময় কথার এবং আচরণের সত্যাতা রক্ষা করা কঠিন হইয়া উঠে। জলে যখন টেউ উঠিতে থাকে তখন ছায়াটা আপনি বিক্বত হইয়া য়য়, সেজ্জ কাছাকেও দোম দিতে পারি না। অভ্যন্ত ভয় এবং ভাবনার সময় আমাদের চিন্তা ও বাক্যের মধ্যে সহজ্বেই বিকলতা ঘটে অথচ ঠিক এইরূপ সময়েই অবিচলিত এবং নির্বিকার সজ্যের প্রয়োজন সকলের চেয়ে বেলি। প্রতিদিন অসভ্য ও অধসত্য আমাদের তত গুক্তের অনিষ্ট করে না কিছু সংকটের দিনে তাছার মতো শক্র আর কেছ নাই।

অতএব ঈশর কক্ষন, আজ ধেন আমরা ভরে, ক্রোধে, আকন্মিক বিপদে, ছুর্বল চিন্তের অতিমাত্র আক্ষেপে আজুবিশ্বত ইইয়া নিজেকে বা অন্তকে ভূলাইবার জন্ত কেবল কতকগুলা বার্থ বাকোর ধূলা উড়াইরা আমাদের চারিদিকের আবিল আকাশকে আরও অক্ষচ্চ করিয়া না তুলি। তীত্র বাকোর হারা চাঞ্চল্যকে বাড়াইয়া ভোলা হয়, ভয়ের হারা সত্যকে কোনোপ্রকারে চাপা দিবার প্রবৃত্তি জয়ে—অতএব অভকার দিনে হদয়াবেগপ্রকাশের উত্তেজনা সংবরণ করিয়া যথাসন্তব শান্তভাবে যদি বর্তমান ঘটনাকে বিচার না করি, সত্যকে আবিহ্বার ও প্রচার না করি তবে আমাদের আলোচনা কেবল যে বার্থ হইবে তাহা নহে, তাহাতে অনিষ্ট হটিবে।

আমাদের হীনাবস্থা বলিয়াই উপস্থিত বিভাটের সময় কিছু অতিরিক্ত ব্যগ্রতার সহিত তাড়াডাড়ি অগ্রসর হইয়া উচ্চৈংশরে বলিতে ইচ্ছা করে, "আমি ইহার মধ্যে নাই; এ কেবল অমৃক দলের কীর্তি; এ কেবল অমৃক লোকের অফ্টায়; আমি পূর্ব হইতেই বলিয়া আসিতেছি এ-সব ভালে। হইতেছে না, আমি তো জানিতাম এমনি একটা ব্যাপার ঘটবে।"

কোনো আতদ্বজনক চ্হটনার পর এই প্রকার আশোভন উৎকণ্ঠার সহিত পরের প্রতি অভিযোগ বা নিজের স্থৃদ্ধি লইয়া অভিমান আমার কাছে চ্হলতার পরিচয় স্তরাং লজ্জার বিষয় বলিয়া মনে হয়। বিশেষত আমরা প্রবলের শাসনাধানে আছি এইজন্ত রাজপুরুষদের বিরাগের দিনে অন্তকে গালি দিয়া নিজেকে ভালোমার্মধের দলে দাড় করাইতে গেলে তাহার মধ্যে কেমন একটা হীনতা আসিয়া পড়েই—অতএব চ্হল পক্ষের এইরূপ ব্যাপারে অতিরিক্ত উৎসাহ প্রকাশ করিতে না যাওয়াই ভালো।

তাহার পরে, যাহারা অপরাধ করিয়াছে, ধরা পড়িয়াছে, নির্মম রাজ্ঞদণ্ড যাহাদের পরে উন্থত হইয়া উঠিয়াছে, আর-কিছু বিচার না করিয়া কেবলমাত্র বিপদ ঘটাইয়াছে বলিয়াই তাহাদের প্রতি তাঁত্রতা প্রকাশ করাও কাপুরুষতা। তাহাদের বিচারের ভার এমন হাতে আছে যে, অন্ধর্গ্রহ বা মমত্র সেই হাতকে লেশমাত্র দওলাঘবতার দিকে বিচলিত করিবে না। অতএব ইহার উপরেও আমরা যেটুকু অগ্রসর হইয়া যোগ করিতে যাইব তাহাতে ভারু স্বভাবের নির্দয়তা প্রকাশ পাইবে। ব্যাপারটাকে আমরা যেমনই দোষাবহ বলিয়া মনে করি না কেন, সে-সম্বন্ধে মতপ্রকাশের আগ্রছে আমরা আত্মসম্বন্ধের মর্যাদা লক্ষন করিব কেন ? সমন্ত দেশের মাধার উপরকার আকাশে যথন একটা ক্মরোষ রক্তবর্ণ ইইয়া গ্রহ ইয়া রহিয়াছে তথন সেই বন্ধুধরের সাম্মণে আমাদের দারিত্ববিহান চাপল্য কেবল যে অনাবশ্রক তাহা নহে তাহা কেমন এক-প্রকার অসংগত।

ধিনি নিজেকে ষতই দ্রদর্শী বলিয়া মনে করুন না এ-কথা আমাদিগকে বীকার করিতেই হইবে যে, ঘটনা যে এতদ্র আসিয়া পৌছিতে পারে তাহা দেশের অধিকাংশ লোক কর্মনা করে নাই। বৃদ্ধি আমাদের সকলেরই ন্যুনাধিক পরিমাণে আছে কিন্তু চোর পালাইলে সেই বৃদ্ধির ঘতটা বিকাশ হয় পূর্বে ততটা প্রত্যাশা করা যায় না।

অবশ্য, ঘটনা যথন ঘটিয়াছে তথন এ-কথা বলা সহজ্ঞ যে, ঘটনার সম্ভাবনা ছিল বলিয়াই ঘটিয়াছে। এবং অমনি এই সুযোগে আমাদের মধ্যে বাহারা স্বভাবত কিছু অধিক উত্তেজনাশীল তাঁহাদিগকেও ভংসনা করিয়া বলা সহজ্ঞ যে, ভোমরা ঘদি এতটা দূর বাড়াবাড়ি না করিতে তবে ভালো হইত। শামর। হিন্দু, বিশেষত বাঙালি, বাক্যে যতই উত্তেশনা প্রকাশ করি কোনো ছংসাছসিক কাজে কদাচ প্রবৃত্ত হইতে পারি না এই লক্ষার কথা দেশে বিদেশে রাষ্ট্র হইতে বাকি নাই। ইহা লইরা বাবৃদ্পপ্রদার বিশেষভাবে ইংরেজের কাছে অহরহ ছংসহ ভাষার খোটা খাইরা আসিরাছে। সর্বপ্রকার উত্তেজনাবাক্য অন্তত বাংলাদেশে যে সম্পূর্ব নিরাপদ এ সহছে আমাদের শক্রমিত্র কাহারও কোনো সন্দেহমাত্র ছিল না। তাই এ-পর্বন্ধ কথার বার্ভার ভাবে ভঙ্গিতে আমরা যতই বাড়াবাড়ি প্রকাশ করিরাছি তাহা দেশিরা কগনো বা পর কথনো বা আত্মীর বিরক্ত হইরাছে, রাগ করিরাছি, আমাদের অসংযমকে প্রহসন বলিরা উপহাস করিতেও ক্ষান্ত হয় নাই। বস্তুত বাংলা কাগজে অথবা কোনো বাঙালি বক্তার মূথে যথন অপরিমিত স্পর্ধাক্য বাহির হইত তথন এই বলিরাই বিশেষভাবে স্বজ্ঞাতির জন্ত লক্ষ্যা অস্তত্তব করিয়াছি যে, যাহারা ছংসাহসিক কাজ করিবার জন্ত বিখ্যাত নহে তাহাদের বাক্যের তেজ দীনতাকে আরও উক্ষনে করিয়া প্রকাশ করে মাত্র। বস্তুত বহদিন হইতে বাঙালিপ্রাতি ভীক অপবাদের ছংসহ ভার বহন করিয়া নতন্দির হইয়াছে বলিয়াই বর্তমান ঘটনাসম্বন্ধে স্থায় অন্তার ইট অনিট বিচার অতিক্রম করিয়াও অপমান-মোচনের উপলক্ষ্যে বাঙালির মনে একটা আনন্দ না জিয়িয়া থাকিতে পারে নাই।

অতএব এ-কথাটা সতা যে, বাংলাদেশের মনের জালা দেখিতে দেখিতে ক্রমণই যে-প্রকার অগ্নিমৃতি ধরিষা প্রকাশ পাইরা উঠিয়াছে ইহাকে আমাদের দেশের বা অন্ত দেশের কোনো জানী পুরুষ অবস্তজাবী বলিয়া কোনোদিন অহুমান কনে নাই। অতএব আঞ্চ আমাদের এই অকস্মাং-বৃদ্ধিবিকাশের দিনে, যাহাকে আমার ভালো লাগে না তাহাকে ধরিয়া অসাবধানতার জন্ত দায়ী করিতে বসা স্ববিচারসংগত নহে। আমিও এই গোলমালের দিনে কোনো পক্ষের বিরুদ্ধে নালিশ উত্থাপন করিতে চাই না। কিন্তু কেমন করিয়া কী ঘটিল এবং তাহার ফলাফলটা কী, সেটা নিরপেক্ষ-ভাবে বিচার করিয়া আমাদের পথ ঠিক করিয়া লাইতেই হইবে; সেই চেয়ায় প্রবৃত্ত হইয়া যদি একজনের বা অনেকের সক্ষে আমার মতের অনৈক্য প্রকাশ হয়, তবে দয়া করিয়া এ-কথা নিশ্চম মনে রাধিবেন বে, আমার বৃদ্ধির ক্ষীণতা থাকিতে পারে, আমার দৃষ্টিশক্তির স্বর্ধলতা থাকা সম্ভব, কিন্তু স্বদ্ধেরে হিতের প্রতি উদাসীয় বা হিতৈনীদের প্রতি কিছুমাত্র বিরুদ্ধ ভাববশত যে আমি বিচারে ভূল করিতেছি ইহা কদাচ সত্য নহে। অতএব আমার কথাওলি যদি বা গ্রাহ্ম না-ও করেন আমার অভিপ্রান্তের প্রতি বৈর্ধ ও শ্রম্মা কর্মাক করিবেন।

বাংলাদেশে কিছুকাল হইতে বাহা বটিয়া উঠিতেছে তাহার সংঘটনে আমাদের কোন

বাঙালির কতটা অংশ আছে তাহার সৃষ্ণ বিচার না করিয়া এ-কণা নিশ্চর বলা যায় যে, কায় বা মন বা বাক্যে ইহাকে আমরা প্রত্যেকেই কোনো-না-কোনো প্রকারে পাছ জোগাইয়াছি। অতএব যে-চিত্তদাহ কেবল পরিমিত স্থান লইয়া বন্ধ থাকে নাই, প্রকৃতিভেদে যাহার উত্তেজনা আমরা প্রত্যেকে নানাপ্রকারে অমুভব ও প্রকাশ করিয়াছি, তাহারই একটা কেন্দ্রক্ষিপ্ত পরিণাম যদি এইপ্রকার গুপ্ত বিপ্রবের অমুভ আয়োজন হয় তবে ইহার দায় এবং তৃংখ বাঙালিমাত্রকেই স্বীকার করিতে হইবে। জর যখন সমস্ত শরীরকে অধিকার করিয়াই হইয়াছিল তখন হাতের তেলো কপালের চেয়ে ঠাও। ছিল বলিয়াই মৃত্যুকালে নিজেকে সাধু ও কপালটাকেই যত নষ্টের গোড়া বলিয়া নিক্তি পাইবে না। আমরা কী করিব কী করিতে চাই সে-কথা স্পান্ত করিয়া ভাবি নাই; এই জানি, আমাদের মনে আগুন জলিয়াছিল; সেই আগুন স্বভাবধর্মবেশত ছড়াইয়া পড়িতেই ভিজা কাঠ ধোঁয়াইতে থাকিল, শুকনা কাঠ জলিতে লাগিল এবং ঘরের কোণে কোন্পানে কেরোসিন ছিল সে আপনাকে ধারণ করিতে না পারিয়া টিনের শাসন বিদীর্ণ করিয়া একটা বিভীষিকা করিয়া তুলিল।

তা যাই হ'ক, কার্যকারণের পরস্পরের যোগে পরস্পরের বাাপ্তি যেমন করিয়াই ঘটুক না কেন, তাই বলিয়া অগ্নি যথন অগ্নিকাণ্ড করিয়া ভূলে তথন পব তর্ক **ছাড়িয়া** তাহাকে নিবুত্ত করিতে হইবে এ-সম্বন্ধে মতভেদ হইলে চলিবে না।

বিশেষত কারণটা দেশ হইতে দ্ব হয় নাই: লোকের চিত্ত উত্তেজিত হইয়া আছে। উত্তেজনা এতই তীব্র মে, যে-সকল সাংঘাতিক ব্যাপার আমাদের দেশে অসম্ভব বলিয়া মনে করা যাইত তাহাও সম্ভবপর হইয়াছে। বিরোধবৃদ্ধি এতই গভীর এবং স্বদূরবিভূতভাবে ব্যাপ্ত যে, কর্তৃপক্ষ ইহাকে বলপূর্বক কেবল স্থানে স্থানে উংপাটিত করিতে চেষ্টা করিয়া কবনোই নিংশেষ করিতে পারিবেন না, বরঞ্চ ইহাকে আরও প্রবল ও প্রকাণ্ড করিয়া তৃলিবেন।

বর্তমান সংকটে রাজপুরুষদের কা করা কর্তব্য তাহা আলোচনা করিতে গেলে তাঁহারা শ্রন্ধা করিয় শুনিবেন বলিয়া ভরসা হয় না। আমরা তাঁহাদের দওদালার মারে বসিয়া তাঁহাদিগকে পোলিটিকাল প্রাঞ্জতা শিক্ষা দিবার হয়াশা রাখি না। আমাদের বলিবার কথাও অতি পুরাতন এবং শুনিলে মনে হইবে ভয়ে বলিতেছি। তর্ সত্য পুরাতন হইলেও সত্য এবং তাহাকে ভল ব্ঝিলেও তাহা সত্য। কথাটি এই—শক্ত ভ্য়ণং ক্ষমা—কথা আরও একটু আছে, ক্ষমা শুধু শক্তের ভূমণ নহে সময়বিশেষে শক্তের রক্ষান্তও ক্ষমা। কিন্তু আময়া যথন শক্তের দলে নহি তথন এই সান্তিক উপদেশটি লইয়া অধিক আলোচনা আমাদের পক্ষে শোভা পায় না।

বাাপারটা ঘূই পক্ষকে লইরা—অবচ ঘূই পক্ষের মধ্যে আপসে বোঝাপড়ার সম্বন্ধ অভ্যন্ত ক্ষীণ হইরা আসিরাছে; একদিকে প্রক্রার বেদনাকে উপেক্ষা করিরা বল একান্ত প্রবল মৃতি ধরিতেছে, অন্তদিকে ঘূর্বলের নিরাশ মনোরধ সকলভার কোনো পব না পাইরা প্রতিদিন মরিরা হইরা উঠিতেছে;—এ অবস্থার সমস্রাটি ছোটো নহে। কারণ, আমরা এই ঘূই পক্ষের ব্যাপারে কেবল এক পক্ষকে লইরা বেটুকু চেটা করিতে পারি ভাহাই আমাদের একমাত্র সম্বল। কড়ের দিনে হালের মাঝি নিজের বেরালে চলিতেছে; আমরা দাঁড় দিরা বেটুকু রক্ষা করিতে পারি অগত্যা ভাহাই করিতে হইবে;—মাঝি সহার যদি হর তবে ভালোই, যদি না-ও হয় তবু ঘুঃসাধ্য সাধনে প্রবৃত্ত হইতে হইবে; কারণ, যধন ডুবিতে বসিব তখন অন্তকে গালি পাড়িরা কোনো সান্ধনা পাইব না।

এইরূপ ত্রসমরে সত্যকে চাপাচূপি দিতে যাওয়া প্রলম্বন্ধেরে বসিয়া ছেলেবেলা করা মাত্র। আমরা গবর্মেন্টকে বলিবার চেষ্টা করিতেছি এ-সমস্ত কিছুই নয়, এ কেবল তুই-পাচ জন ছেলেমাস্থবের চিত্তবিকারের পরিচয়। আমি তো এ-প্রকার শৃত্তগর্ভ সান্ধনাবাক্যের কোনোই সার্থকতা দেখি না। প্রথমত এরূপ ফুংকারবায়্মাত্রে আমরা গবর্মেন্টের পলিসির পালকে এক ইঞ্চিও ফিরাইতে পারিব না। ছিতীয়ত দেশের বর্তমান অবস্থায় কোপায় কী হইতেছে তাহা নিশ্চয় জানি বলিলে যে মিগ্যা বলা হয় ভাহার সম্পূর্ণ প্রমাণ হইয়া গেছে। অভএব বিপদের সম্ভাবনা শীকার করিয়াই আমাদিগকে কাঞ্চ করিতে হইবে। দায়িত্ববোধবিহীন লঘু বাক্যের দারা কোনো সত্যকার সংকটকে ঠেকানো বায় না—এখন কেবল সত্যের প্রয়েজন।

এখন আমাদের দেশের লোককে অকপট হিতৈষণা হইতে এই কথা স্পষ্ট করিয়া বলিতে হইবে গবর্মেন্টের শাসননীতি যে-পদ্মাই অবলঘন করুক এবং ভারতবর্ষীর ইংরেঞ্জের ব্যক্তিগত ব্যবহার আমাদের চিন্তকে যেমনই মধিত করিতে থাক আমাদের পক্ষে আত্মবিশ্বত হইয়া আত্মহত্যা করা তাহার প্রতিকার নহে।

ধে কাল পড়িরাছে এখন ধর্মের দোহাই দেওরা মিখা। কারণ, রাট্রনীতিতে ধর্মনীতির স্থান আছে এ-কথা যে-ব্যক্তি সম্পূর্ণ বিশ্বাসে প্রকাশ করে লোকে তাহাকে হয় কাণ্ডজ্ঞানহীন নম্ব নীতিবায়্গ্রন্ত বলিরা অবক্তা করে। প্ররোজনের সময় প্রবল পক্ষ ধর্মকে মান্ত করা কার্যহন্তারক দীনতা বলিরা মনে করে, পশ্চিম-মহাদেশের ইতিহাসে তাহার ভূরি ভূরি দৃষ্টান্ত আছে; তংস্বন্ধেও প্ররোজনসাধনের উপলক্ষে ধদি দ্র্বলকে ধর্ম মানিতে উপদেশ দিই তবে উত্তেজনার অবস্থার তাহারা উত্তর দের, এতো ধর্ম মানা নম্ব এ ভর্কে মানা।

অন্ধদিন হইল যে বোয়ার-যুদ্ধ ইইয়াছিল তাহাতে জয়লন্ধী যে ধর্মবৃদ্ধির পিছন পিছন চলেন নাই সে-কথা কোনো কোনো ধর্মজীক ইংরেজের মৃধ ইইডেই শুনা গিয়াছে। যুদ্ধের সময় শত্রুপক্ষের মনে ভয় উত্রেক করিয়া দিবার জস্ত তাহাদের গ্রামপন্ধী উৎসাদিত করিয়া, ঘরত্রার জ্ঞালাইয়া, থাগুদ্রবা লুটপাট করিয়া নির্বিচার্বে বহুতর নিরপরাধ নরনারীকে নিরাশ্রম করিয়া দেওয়া যুদ্ধবাপারের একটা অঙ্ক বলিয়া গণ্য ইইয়াছে। "মার্শাল ল" শব্দের অর্থ ই প্রয়োজনকালে স্থায়বিচারের বৃদ্ধিকে একটা পরম বিদ্ধ বলিয়া নির্বাসিত করিয়া দিবার বিধি এবং তত্বপলক্ষে প্রতিহিংসাপরায়ণ মানবপ্রকৃতির বাধাম্ক পাশ্বিকতাকেই প্রয়োজনসাধনের সর্বপ্রধান সহায় বলিয়া ঘোষণা করা। প্রানিটিভ পুলিসের ঘারা সমস্ত নিরুপায় গ্রামের লোককে বলপ্র্বক ভারাক্রান্ত করিবার নির্বিবেক বর্বরতাও এইজাতীয়। এই সকল বিধির ঘারা প্রচার করা হয় যে, রাষ্ট্রকার্ধে বিশুদ্ধ স্থায়ধর্ম প্রয়োজনসাধনের পক্ষে প্রাপ্ত নহে।

যুরোপের এই অবিশ্বাসী রাষ্ট্রনীতি আজ পৃথিবীর সর্বত্রই ধর্মবৃদ্ধিকে বিষাক্ত করিয়া ত্লিতেছে। এমন সবস্থায় যথন বিশেষ ঘটনায় বিশেষ কারণে কোনো অধীন জাতি সহসা নিজেদের অধীনতার ঐকান্তিক মূর্তি দেখিয়া স্বাস্থাকরণে পীড়িত হইয়া উঠে, অথচ নিজেদের স্বপ্রকার নিরুপায়তার অপমানে উত্তপ্ত হইতে থাকে, তপন প্রাস্থাদের মধ্যে,একদল অধীর অসহিষ্ণু ব্যক্তি যথন গোপন পদ্ম অবলম্বন করিয়া কেবল ধর্মবৃদ্ধিকে নহে কর্মবৃদ্ধিকেও বিসর্জন দেয় তপন দেশের আন্দোলনকারী বক্তাদিগকেই এইজন্ত দায়ী করা বলদর্পে-অন্ধ গায়ের জ্যোরের মৃত্তা মাত্র।

অভএব দেশের যে-সকল লোক গুপ্তপদাকেই রাট্রহিতসাধনের একমাত্র পদ্বা বলিয়া দ্বির করিয়াছে তাহাদিগকে গালি দিয়াও কোনো ফল হইবে না এবং তাহাদিগকে ধর্মোপদেশ দিতে গেলেও তাহারা হাসিয়া উড়াইয়া দিবে। আমরা যে-যুগে বর্তমান, এ-বৃগে ধর্ম যগন রাষ্ট্রীয় স্বার্থের নিকট প্রকাশু ভাবে কুন্তিত, তপন এরপ ধর্মজংশতার যে-ছংব তাহা সমন্ত মান্তবকেই নানা আকারে বহন করিতেই হইবে; রাজাও প্রজা, প্রবলও তুর্বল, ধনী ও শ্রমী কেহ তাহা হইতে নিকৃতি পাইবে না। রাজাও প্রয়োজনের জন্ত প্রজাকে ছুর্নীতির দ্বারা আদাত করিবে এবং প্রজাও প্রয়োজনের জন্ত রাজাকেও ছুর্নীতির দ্বারাই আদাত করিতে চেষ্টা করিবে এবং যে-সকল তৃতীয় পক্ষের লোক এই সমন্ত ব্যাপারে প্রত্যক্ষভাবে লিপ্ত নহে তাহাদিগকেও এই অধর্মসংঘর্ষের অগ্রিদাহ সন্থ করিতে হইবে। বস্তুত সংকটে পড়িয়া মান্তব বেদিন স্কম্পন্ট বৃঝিতে পারে যে, অধর্মকে বেতন দিতে গেলে সে যে কেবল এক পক্ষেরই বাধা গোলামি করে তাহা নহে, সে তুই পক্ষেরই নিমক শাইরা বধন সকল পক্ষেই সমান ভয়ংকর হইয়া উঠে তখন তাহার সহায়তাকে অবিশাস করিয়া তাহাকে একযোগে নির্বাসিত করিয়া দিবার জন্ম বিপন্ন সমাজে পরস্পারের মধ্যে রকা চলিতে থাকে। এমনি করিয়াই ধর্মরাজ নিদারুল সংঘাতের মধ্য হইতেই ধর্মকে জন্মী করিয়া উদ্ধার করিয়া লইতেছেন। যতদিন তাহা সম্পূর্ণ না হয় ততদিন সন্দেহের সঙ্গে সন্দেহের সঙ্গে বিশ্বেরে এবং কপটনীতির সহিত কপটনীতির সংগ্রামে সমস্ত মানবসমাজ উত্তপ্ত হাতে থাকিবে।

অতএব বর্তমান অবস্থায় যদি উত্তেজিত দেশের লোককে কোনো কথা বলিতে হয় তবে তাহা প্রয়োজনের দিক হইতেই বলিতে হইবে। তাহাদিগকে এই কথা ভালো করিয়া নুঝাইতে হইবে বে, প্রয়োজন অভ্যন্ত গুরুতর হইলেও প্রশন্ত পণ দিয়াই তাহা মিটাইতে হয়—কোনো সংকীর্ণ রান্তা ধরিয়া কাজ সংক্ষেপে করিতে গেলে একদিন দিক হারাইয়া শেষে পণও পাইব না কাজও নই হইবে। আমার মনের তাগিদ অভান্ত বেশি বলিয়া জগতে কোনোদিন রান্তাও নিজেকে ছাঁটিয়া দেয় না, সময়ও নিজেকে গাটো করে না।

দেশের হিতামুষ্ঠান-জিনিস্টা যে কড়ই বড়ো এবং কড়দিকেই যে তাহার অগণা শাপাপ্রশাপা প্রসারিত সে-কথা আমরা যেন কোনো সাময়িক আক্ষেপে ভূলিয়া না যাই। ভারতবর্ষের মতো নানা বৈচিত্রা ও বিরোধগ্রন্ত দেশে তাহার সমস্তা নিতান্তই ছক্ত। ঈশ্বর আমাদের উপর এমন একটি স্থুমহং কর্মের ভার দিয়াছেন, আর্মরী यानवम्यात्कर अञ्चलको अकृति अकृति कृतिक कृतिक कृतिक अल्पाइस अल्पाइस अल्पाइस লইয়া আসিরাছি যে, তাহার মাহাত্মা যেন একস্থুতও বিশ্বত হইরা আমরা কোনো-প্রকার চাপলা প্রকাশ না করি। আদিকাল হইতে অগতে যতগুলি বড়ো বড়ো শক্তির প্রবাহ জাগ্রত হইরা উঠিয়াছে তাহাদের সকলগুলিরই কোনো-না-কোনো বৃহং ধারা এই ভারতবর্ষে আসিয়া মিলিত হইয়াছে। ঐতিহাসিক স্থৃতির অতীতকালে কোন্ নিগৃচ প্রয়োজনের তুর্নিবার ডাড়নার যেদিন আর্থকাতি গিরিগুহামুক্ত স্রোতম্বিনীর মতো অকশ্বাং সচল হট্য়া বিশ্বপথে বাহির হট্য়া পড়িলেন এবং তাঁহাদেরই এক শাখা বেদমন্ত উচ্চারণ করিয়া ভারতবর্ষের অরণাচ্চায়ায় যজের অগ্নি প্রজালত করিলেন দেইদিন ভারতবর্ষের আধ্যানাবস্থিলনকেত্রে যে বিপুল ইতিহাসের উপক্রমণিকা গান আরম্ভ হইরাছিল আজ কি তাহা সমাপ্ত হইবার পূর্বেই কাস্ত হইরা গিরাছে ? বিধাতা কি ভাহা শিশুর ধুলাম্বর নির্মাণের মডোই আব্দ হঠাৎ অনাদরে ভাঙিয়া क्लिबाइन १ जाहात भरत এই ভারতবর্ব হইতে বৌষধর্মের মিলনমন্ত করণাঞ্চলভার-গন্তীর মেষমক্রের মতো ধ্বনিত হইয়া এশিয়ার পূর্বসাগরতীববাসী সমস্ত মকোলীয়

জাতিদিগকে জাগ্ৰত কৰিয়া দিল এবং ব্ৰহ্মদেশ হইতে আৰম্ভ কৰিয়া অতিদূৰ জাপান পর্বস্ত ভিন্নভাষী অনাত্মীয়দিগকে ধর্মসহত্বে ভারতবর্ষের সঙ্গে একাস্থা করিয়া দিয়াছে, ভারতক্ষেত্রে সেই মহং শক্তির অভাদয় কি কেবল ভারতের ভাগোই পরিণামহীন পণ্ডতাতেই পর্যবসিত হইয়াছে? তাহার পরে এশিয়ার পশ্চিমতম প্রার্খে দৈববলের প্রেরণায় মানবের আর-এক মহাশক্তি স্থপ্তি হইতে জাগ্রত হইয়া ঐকামত্র বহন করিয়া দারুণবেগে পুথিবী প্লাবিত করিতে বাহির হইল; সেই শক্তিশ্রোতকে বিধাতা যে কেবল ভারতবর্ষে আহ্বান করিয়াছেন তাহা নহে. এইখানেই তিনি তাহাকে চিবদিনের জন্ত আশ্রয় দিয়াছেন। আমাদের ইতিহাসে এই ব্যাপার কি কোনো একটা আকস্মিক উৎপাত মাত্র ? ইহার মধ্যে নিভাসভোর কোনো চিরপরিচয় নাই ? তাহার পরে মুরোপের মহাক্ষেত্রে মানবশক্তি প্রাণের প্রাবলাে, বিজ্ঞানের को इरल, अनामः श्रद्धत जाकाकाग्र यथन विश्वास्त्रियी हरेगा वाहित हरेन उपन তাহারও একটি বৃহৎ প্রবল ধারা এই ভারতবর্ধে আসিয়াই বিধাতার আহ্বান বছন করিয়া আমাদিগকে আঘাতের ঘারা জাগ্রত করিয়া তুলিতেছে। এই ভারতবর্ষে বৌদ্ধর্মের প্লাবন অপুসারিত হইয়া গেলে পর ষধন খণ্ড খণ্ড দেশের গণ্ড খণ্ড ধর্মসম্প্রদায় বিরোধবিচ্ছিত্রতায় চতুদিককে কণ্টকিত করিয়া তুলিয়াছিল তথন শংকরাচার্য দেই সমস্ত খণ্ডতা ও ক্ষুত্রতাকে একমাত্র অণণ্ড বৃহত্ত্বের মধ্যে ঐক্যবদ্ধ করিবার চেষ্টায় ভীয়তবর্ষের প্রতিভারই পরিচয় দিয়াছিলেন। অবলেবে দার্শনিক আনপ্রধান সাধনা যখন ভারতবর্বে জানী-অজ্ঞানী অধিকারী-অনধিকারীকে বিচ্চিত্র করিতে লাগিল, তখন চৈতন্ত, নানক, দাদু, কবীর ভারতবর্ষের ভিন্ন প্রিচেশে জাতির জনৈক্য শাল্পের অনৈকাকে ভক্তির পরম একো এক করিবার অমৃত বর্ষণ করিয়াছিলেন। কেবলমাত্র ভারতবর্বের প্রাদেশিক ধর্মগুলির বিচ্ছেদক্ষত প্রেমের দারা মিলাইয়া দিতে প্রবৃত্ত হইয়াছিলেন তাহা নহে—তাঁহারাই ভারতবর্ষে হিন্দু ও মুসলমান প্রকৃতির মারণানে ধর্মসেত্ নির্মাণ করিডেছিলেন। ভারতবর্ষ এখনই যে নিল্টের হইয়া আছে তাহা নহে—রামমোহন রায়, স্বামী দয়ানন্দ, কেশবচন্দ্র, রামকৃষ্ণ পরমহংস, বিবেকানন্দ, শিবনারায়ণ স্বামী ইহারাও অনৈক্যের মধ্যে এককে, কুত্রভার মধ্যে ভূমাকে প্রভিষ্টিত করিবার জ্ঞ জীবনের সাধনাকে ভারতবর্ষের হত্তে সমর্পণ করিয়াছেন ৷ অতীতকাল হইতে আৰু পৰ্বস্ত ভারতবর্ষের এই এক-একটি অধ্যায় ইতিহাসের বিচ্ছিন্ন বিশিপ্ত প্রকাপমাত্র নহে,—ইহারা পরস্পর এবিত, ইহারা কেহই এক্সোরে স্থায়ে মতো অন্তর্ধান করে নাই,—ইহারা সকলেই রহিয়াছে; ইহারা সন্ধিতেই হউক সংগ্রামেই হউক যাতপ্রতিঘাতে বিধাতার অভিপ্রায়কে অপূর্ব বিচিত্ররূপে সংরচিত করিয়া

ভূলিতেছে। পৃথিবীর মধ্যে আর-কোনো দেশেই এতবড়ো বৃহৎ রচনার আরোজন হর নাই,—এত জাতি এত ধর্ম এত শক্তি কোনো তীর্থস্থলেই একত্র হর নাই,—একাস্ত বিভিন্নতা ও বৈচিত্র্যকে প্রকাশু সমন্বরে বাধিরা তূলিরা বিরোধের মধ্যেই মিলনের আদর্শকে পৃথিবীর মধ্যে জরী করিবার এমন স্মুস্পট্ট আদেশ জগতের আর-কোণাও ধানিত হর নাই। আর সর্বর মান্ত্র্য রাজ্য বিস্তার করুক, পণ্য বিস্তার করুক, প্রতাপ বিস্তার করুক—ভারতবর্বের মান্ত্র্য হুংসহ তপস্তা হারা এককে রক্ষকে, জানে প্রেমে ও কর্মে সমস্ত অনৈক্য ও সমস্ত বিরোধের মধ্যে স্বীকার করিরা মান্ত্র্যের কর্মশালার কঠোর সংকীর্শতার মধ্যে মৃক্তির উদার নির্মণ জ্যোতিকে বিকীর্ণ করিরা দিক—ভারত-ইতিহাসের আরম্ভ হইতেই আমাদের প্রতি এই অনুসাসন প্রচারিত হইরাছে। শেত ও রুক্ষ, মৃসলমান ও প্রীস্টান, পূর্ব ও পশ্চিম কেহ আমাদের বিরুদ্ধ নহে,—ভারতের পূণ্যক্ষেত্রেই সকল বিরোধ এক হইবার জন্ত শত শত শতাদ্ধী ধরিয়া অতিকঠোর সাধনা করিবে বলিরাই অতি স্মৃত্রকালে এধানকার তপোবনে একের তথ্য উপনিষদ এমন আন্তর্ণ সরল জ্যানের সহিত প্রচার করিয়াছিলেন বে, ইতিহাস তাহাকে নানাদিক দিয়া ব্যাখ্যা করিতে করিতে আঞ্বও অন্ত পায় নাই।

ভাই আমি অন্ধ্রোধ করিতেছিলাম অক্যান্ত দেশে মন্ত্রন্তরে আংশিক বিকাশের দৃষ্টান্তে ভারতবর্ষের ইতিহাসকে সংকীর্ণ করিয়া দেখিবেন না—ইহার মধ্যে যে বহুতর আপাতবিরোধ লক্ষিত হইতেছে ভাহা দেখিরা হতাশ হইয়া কোনো ক্ষুদ্র চেষ্টায় নিজেকে অন্ধভাবে নিযুক্ত করিবেন না—করিলেও কোনোমতেই কুতকার্য হইবেন না এ-কণা নিশ্চর জানিবেন। বিধাতার ইচ্ছার সহিত নিজের ইচ্ছাকে সম্মিলিত করাই সফলতার একমাত্র উপায়—ভাহার বিশ্বত্বে বিজ্ঞোহ করিতে গেলেই ক্ষণিক কার্যসিদ্ধি আমাদিগকে ভুলাইয়া লইয়া ভরংকর বার্ষতার মধ্যে ভুবাইয়া মারিবে।

বে-ভারতবর্ধ মানবের সমন্ত মহংশক্তিপুঞ্চ ছারা ধীরে ধীরে এইরপে বিরাটম্তি ধারণ করিয়া উঠিতেছে, সমন্ত আঘাত-অপমান সমন্ত বেদনা যাহাকে এই পরমপ্রকাশের অভিমূবে অগ্নর করিতেছে, সেই মহাভারতবর্ধের সেবা আমাদের মধ্যে সজানে সচেতনভাবে কে করিবেন, কে একান্ত অবিচলিত ভক্তির সহিত সমন্ত ক্ষোভ-অধৈর্থ-অহংকারকে এই মহাসাধনায় বিলীন করিয়া দিয়া ভারতবিধাতার পদতলে নিজের নির্মা শীবনকে প্রভার অর্থ্যের স্তায় নিবেদন করিয়া দিবেন? তারতের মহাজাতীয় উদ্বোধনের সেই আমাদের পুরোহিত্তবৃন্দ কোণায়? তাঁহারা বেধানেই থাকুন এ-কথা আপনারা গ্রন্থ সত্য বলিয়া জানিবেন, তাঁহারা চঞ্চল নহেন, তাঁহারা উক্সন্ত নহেন, তাঁহারা কর্মনির্দেশস্ক্য স্পর্ধাবাক্যের ছারা দেশের

লোকের হৃদয়াবেগকে উত্তরোশুর সংক্রামক বায়ুরোগে পরিণত করিতেছেন না—
নিশ্ব জানিবেন, তাঁহাদের মধ্যে বৃদ্ধি, হৃদর এবং কর্মনিষ্ঠার অতি অসামান্ত সমাবেশ
ঘটিরাছে, তাঁহাদের মধ্যে জ্ঞানের স্থগভীর শাস্তি ও ধৈর্য এবং ইচ্ছাশক্তির অপরাজিত
বেগ ও অধ্যবসায় এই উত্তরের স্থমহং সামঞ্জক্ত আছে।

কিন্তু ষধন দেখা যায় কোনো একটা বিশেষঘটনামূলক উত্তেজ্বনার তাড়নায়, একটা সামরিক বিরোধের ক্ষতান্ত দেশের অনেক লোক সহসা দেশের হিত করিতে হইবে বলিয়া একমূহুর্তে উর্ধবাসে ধাবিত হয়, নিশ্চয় বৃঝিতে হইবে হদয়াবেগকেই একমাত্র সধল করিয়া তাহারা হর্গম পলে বাহির হইয়া পড়িয়াছে। তাহারা দেশের স্বদ্ধ ও স্থবিস্তীর্ণ মঞ্চলকে শাস্তভাবে সত্যভাবে বিচার করিতে অবস্থাগতিকেই অক্ষম। তাহারা তাহাদের উপস্থিত বেদনাকেই এত তাঁব্রভাবে অঞ্ভব করে এবং তাহারই প্রতিকারচেষ্টাকে এত উগ্রভাবে মনে রাখে বে, আত্মসংবরণে অক্ষম হইয়া দেশের সমগ্র হিতকে আঘাত করা তাহাদের পক্ষে অসম্ভব হয় না।

ইতিব্যন্তের শিক্ষাকে ঠিকমতো বিচার করিয়া লওয়া বড়ো কঠিন। সকল দেশের ইতিহাসেই কোনো বৃহৎ ঘটনা যথন মৃতিগ্রহণ করিয়া দেখা দেয় তথন ভাহার অব্যবহিত পূর্বেই আমরা একটা প্রবল আঘাত ও আন্দোলন দেখিতে পাই। রাষ্ট্রে বা সমাজে অসামঞ্চল্ডের বোঝা অনেকদিন হঠতে নিঃশব্দে পৃঞ্জীভূত হইতে হইতে একদিন একটা আঘাতে হঠাং তাহা বিপ্লবে ভাঙিয়া পড়ে। সেই সময় দেশের মধ্যে যদি অন্তর্ভুল উপকরণ প্রস্তুত থাকে, পূর্ব হইতেই যদি তাহার ভাঙারে নিগ্রুভাবে জ্ঞান ও শক্তির সম্বল সঞ্চিত থাকে তবেই সেই বিপ্লবের দারুশ আঘাতকে কাটাইয়া সে-দেশ আপনার নৃতন জীবনকে নবীন সামপ্রস্তু দান করিয়া গড়িয়া তোলে। দেশের সেই আভ্যন্তবিক প্রাণসম্বল যাহা অন্তঃপ্রের ভাঙারে প্রচ্ছরভাবে উপচিত হয় তাহা আমরা দেখিতে পাই না বলিয়া আমরা মনে করি, বৃঝি বিপ্লবের ঘারাতেই দেশ সার্থকতা লাভ করিল; বিপ্লবেই যেন মন্ধলের মূলকারণ এবং মুখ্য উলায়।

ইতিহাসকে এইরপে বাছভাবে দেবিয়া এ-কণা ভূলিলে চলিবে না যে, যে-দেশের মর্মস্থানে সৃষ্টি করিবার শক্তি ক্ষাঁণ হইয়াছে প্রলয়ের আঘাতকে সে কথনোই কাটাইয়া উঠিতে পারে না। গড়িয়া তুলিবার বাঁধিয়া তুলিবার একটা স্বাভাবিক প্রবৃত্তি বাহাদের মধ্যে সঞ্জীবভাবে বিভামান, ভাঙনের আঘাত তাহাদের সেই জীবনধর্মকেই তাহাদের স্ক্রমাশক্তিকেই সচেতন করিয়া তোলে। এইরপে স্কৃতিকেই নৃতন বলে উত্তেজিত করে বলিয়াই প্রলয়ের গোরব। নতুবা শুদ্ধমাত্র ভাঙন, নির্বিচার বিশ্বব, কোনোমতেই কল্যাণকর হইতে পারে না।

পালে খুব দমকা হাওৱা লাগিতেই ষে-জাহাজ জড়ত্ব দ্ব করিবা হন্ত করিবা চলিবা গেল নিশ্চয় বৃষিতে হইবে আর-কিছু না হউক সে-জাহাজের খোলের তন্তা-গুলার মধ্যে ফাঁক ছিল না; যদি বা পূর্বে ছিল এমন হর তবে নিশ্চরই কোনো এক সমরে জাহাজের মিন্তি খোলের অন্ধকারে অলক্ষো বিসরা সেগুলা সারিবা দিরাছিল। কিছু যে জীর্ণ জাহাজকে একটু নাড়া দিলেই তাহার একটা আলগা তক্তার উপরে আর একটা আলগা তক্তা ঠকঠক করিবা আঘাত করিতে থাকে ওই দমকা হাওরা কি তাহার পালের পক্ষে সর্বনেশে জিনিস নর ? আমাদের দেশেও একটুমাত্র নাড়া খাইলেই হিন্দুতে মুস্লমানে, উচ্চবর্নে নিম্নবর্ণ সংঘাত বাধিবা যার না কি ? ভিতরে ধ্বন এমন সব ফাঁক তপন কড় কাটাইবা তেউ বাঁচাইবা স্বরাজের বন্দরে পৌছিবার জন্ম কি কেবল উত্তেজনাকে উন্নাদনার পরিবত করাই পরিত্রানের প্রশন্ত উপার ?

বাহির হইতে দেশ ধ্বন অপমান লাভ করে, ধ্বন আমাদের অধিকারকে विधीन कविवाद हेन्छ। कविरमहे कर्डनकराम्य निकृष्ट हहेरू जरमागाजाद जनवाम आश्र হইতে পাকি তথন আমাদের দেশের কোনো চুর্বলতা কোনো ক্রটি স্বীকার করা আমাদের পক্ষে অভ্যন্ত কঠিন হইয়া উঠে। তথন যে আমরা কেবল পরের কাছে মুগরক্ষা করিবার জন্মই গরিমা প্রকাশ করি তাহা নহে, আহত অভিমানে নিজের অবস্থা দশকে আমাদের বৃদ্ধিও অন্ধ হইয়া যায়; আমরা যে অবজ্ঞার যোগ্য নহি তাহা চন্দের পলকেই প্রমাণ করিয়া দিবার জন্ত আমরা একান্ত ব্যগ্র হইয়া উঠি আমরা সবই পারি, আমাদের সমন্তই প্রস্নত, গুদ্ধমাত্র বাহিরের বাধাতেই আমা-দিগকে অক্ষম করিয়া রাগিয়াছে এই কথাই কেবল অস্বাভাবিক উচ্চকণ্ঠে বলিবার চেষ্টা হয় তাহা নহে এইরূপ বিশ্বাসে কাজে প্রবৃত্ত হইবার জন্ম আমাদের লাম্বিত হৃদয় উদ্ধাম হইর। উঠে। এই প্রকারে অত্যন্ত চিত্তকোভের সমরেই ইতিহাসকে আমরা ভুল করিয়া পড়ি। মনে শ্বির করি, যে-সকল অধীন দেশ স্বাধীন হইয়াছে তাহারা বিপ্লব করিয়াছে বলিয়াই স্বাধীনতা লাভ করিয়াছে: এই স্বাধীনতাকে হাতে পাওয়া এবং হাতে রাধার জ্বন্ত আর কোনো গুণ থাকা আবশ্রক কি না তাহা আমরা ম্পষ্ট করিয়া ভাবিতেই চাহি না, অথবা তাড়াতাড়ি করিয়া মনে করি সে-সমও গুণ আমাদের আছে কিংবা উপযুক্ত সময় উপন্থিত হইলে সেগুলি আপনিই কোনোরকম করিরা জোগাইরা যাইবে।

এইরপে মান্নবের চিন্ত ধখন অপমানে আহত হইরা নিজের গোরব সপ্রমাণ করিবার চেষ্টা করিতেছে, সমস্ত কঠিন বাধাকে উন্মন্তের মতো একেবারে অস্বীকার করিবা অসাধ্য চেষ্টার আত্মহত্যা করিবার উদ্বোগ করিতেছে তখন ভাহার মতো মর্মান্তিক করুণাবহ ব্যাপার জগতে আর কী আছে। এই প্রকার তুশ্চেষ্টা অনিবার্ধ ব্যর্থতার মধ্যে লইনা যাইবেই, তথাপি ইহাকে আমরা পরিহাস করিতে পারিব না। ইহার মধ্যে মানবপ্রকৃতির যে পরমত্বকের অধ্যবসায় আছে তাহা পৃথিবীর সর্বত্রই সর্বকালেই নানা উপলক্ষ্যে নানা অসম্ভব প্রত্যাশায় অসাধ্যসাধনে বারংবার দম্পক্ষ পতকের ন্তায় নিশ্চিত পরাভবের বৃহ্দিশিয়া অন্ধভাবে বাঁপ দিয়া পড়িতেছে।

ষাই হ'ক, ষেমন করিয়াই হ'ক, শক্তির অভিমান আঘাত পাইয়া জাগিয়া উঠিলে সেটা জাতির পক্ষে যে অনিষ্টকর, তাহা বলা যার না। তবে কিনা বিরোধের কুদ্ধ আবেগের দ্বারা আমাদের এই উগ্রম হঠাং আবিভূতি হইয়াছে বলিয়াই আমাদের মধ্যে কেহ কেহ দেশের শক্তিকে বিরোধের মৃতিতেই প্রকাশ করিবার ত্র্দ্ধি অন্তরে পোষণ করিতেছেন। কিন্তু যাহারা সহজ অবস্থায় কোনোদিন স্বাভাবিক অম্বরাগের দ্বারা দেশের হিতাম্প্রানে ক্রমান্বরে অভ্যন্ত হয় নাই, যাহারা উচ্চসংক্রকে বছদিনের ধৈবে নানা উপকরণে নানা বাধাবিদ্নের ভিতর দিয়া গড়িয়া ভূলিবার কাজে নিজের প্রকৃতিকে প্রস্তুত করে নাই, অনেকদিন ধরিয়া রাষ্ট্রচালনার রহং কার্মক্রে হইতে ত্রভাগ্যক্রমে বঞ্চিত হইয়া যাহারা কৃদ্র স্বার্থের অম্বস্করণে সংকীর্বভাবে জীবনের কাজে করিয়া আদিয়াছে তাহারা হঠাং বিষম রাগ করিয়া এক নিমেবে দেশের একটা মন্ত হিত করিয়া ফেলিবে ইহা কোনোমতেই সম্ভবপর হইতে পারে না। ঠাণ্ডার দিনে নাকার কাছেও ঘেঁবিলাম না, ভূজানের দিনে তাড়াভাড়ি হাল ধরিয়া অসামান্ত মাঝি বলিয়া দেশে বিদেশে বাহবা লইব এইরূপ আশ্বর্ধ ব্যাপার স্বপ্রে ঘটাই সম্ভব। অভএব আমাদিগকেও কাজ একেবারে সেই গোড়ার দিক হইতেই শুক্র করিতে ইইবে। তাহাতে বিলম্ব হুইতে পারে—বিপরীত উপায়ে আরও অনেক বেশি বিলম্ব হুইবে।

মাহ্ব বিত্তীর্ন মঙ্গলকে সৃষ্টি করে তপস্তাঘারা। ক্রোধে বা কামে সেই তপস্তা ভঙ্গ করে, এবং তপস্তার কলকে একম্হূর্তে নষ্ট করিয়া দেয়। নিশ্চরই আমাদের দেশেও কল্যাণমর চেটা নিভ্তে তপস্তা করিতেছে; ক্রুত কললাভের লোভ তাহার নাই, সামরিক আশাভঙ্গের ক্রোধকে সে সংযত করিয়াছে; এমন সমর আঞ্চ অকশ্বাং ধৈর্ঘইন উন্নত্তা যজ্জক্ষেত্রে রক্তবৃষ্টি করিয়া তাহার বহুতৃঃখসঞ্চিত তপস্তার ফলকে কল্যবিত করিয়া নষ্ট করিবার উপক্রম করিতেছে।

ক্রোধের আবেগ তপস্থাকে বিশ্বাসই করে না; তাহাকে নিশ্চেষ্টতা বলিয়া মনে করে, তাহাকে নিজের আশু উদ্দেশ্রসিদ্ধির প্রধান অন্তরায় বলিয়া তুলা করে; উৎপাতের দ্বারা সেই তপংসাধনাকে চঞ্চল স্মৃতরাং নিফ্ল করিবার জন্ম উট্টিয়া-পড়িয়া প্রবৃত্ত হয়। ফলকে পাকিতে দেওয়াকেই সে উদাসীয়া বলিয়া জ্ঞান করে, টান দিয়া

কলকে ছিঁড়িয়া লওয়াকেই সে একমাত্র পৌরুষ বলিয়া জ্বানে; সে মনে করে খে-মালী প্রতিদিন গাছের তলায় জ্বল সেচন করিতেছে গাছের ভালে উঠিবার সাহস নাই বলিয়াই তাহার এই দীনতা। এ-অবস্থায় মালীর উপর তাহার রাগ হয়, জ্বল দৈওয়াকে সে ছোটো কাজ মনে করে। উত্তেজিত অবস্থায় মাহ্র্য উত্তেজনাকেই জ্বপতের মধ্যে সকলের চেয়ে বড়ো সত্য বলিয়া জ্বানে, বেখানে তাহার অভাব দেবে সেধানে সে কোনো সার্থকতাই দেখিতে পায় না।

কিন্তু ক্রিকের সঙ্গে শিধার যে-প্রভেদ উত্তেজনার সঙ্গে শক্তির সেই প্রভেদ।
চকমিক ঠুকিরা যে-ক্র্রিক বাহির হইতে থাকে তাহাতে ঘরের অন্ধকার দূর হয় না।
তাহার আরোজন বয় তেমনি তাহার প্ররোজনও সামান্ত। প্রদীপের আরোজন
আনেক, তাহার আধার গড়িতে হয়, সলিতা পাকাইতে হয়, তাহার তেল জোগাইতে
হয়। যপন যথায়থ মৃল্যা দিয়া সমন্ত কেনা হইয়াছে এবং পরিশ্রম করিয়া সমন্ত
প্রস্তুত হইয়াছে, তগনই প্রয়োজন হইলে ক্র্রিক প্রদীপের মৃথে আপনাকে য়ায়ী
শিখার পরিণত করিয়া ঘরকে আলোকিত করিয়া তুলিতে পারে। যথন উপযুক্ত
চেন্তার ঘারা সেই প্রদীপরচনার আয়োজন করিবার উত্তম জাগিতেছে না, যথন
ভক্ষমাত্র ঘন ঘন চকমকি ঠোকার চাঞ্চলামাত্রেই সকলে আনন্দে অভিভূত হইয়া
উঠিতেছি তপন সত্যের অফুরোধে শীকার করিতেই হইবে, এমন করিয়া কথনোই
ঘরে আলো জ্বলিবে না কিন্তু ঘরে আন্তন লাগা অসম্ভব নহে।

কিন্ত শক্তিকে সুগভ করিয়া ভূলিবার চেষ্টার মাসুষ উত্তেজনার আশ্রয় অবলম্বন করে। এ-কথা ভূলিয়া যায় যে, এই অম্বাভাবিক স্থলভতা একদিকে মূল্য কমাইয়া আর-একদিক দিয়া এমন করিয়া কষিয়া মূল্য আদায় করিয়া লয় যে, গোড়াতেই তাহার ধুমূল্যতা শীকার করিয়া লইলে তাহাকে অপেক্ষাকৃত সন্তার পাওয়া যাইতে পারে।

আমাদের দেশেও যপন দেশের হিতসাধনবৃদ্ধি নামক তুর্লভ মহামূল্য পদার্থ একটি আকল্পিক উত্তেজনায় আবালবৃদ্ধবনিতার মধ্যে অভাবনীয় প্রচ্ ররূপে দেখা দিল তথন আমাদের মতো দরিত্র জাতিকে পরমানন্দে উৎজ্ব করিয়া তুলিল। তথন এ-কথা আমাদের মনে করিতেও প্রবৃত্তি হয় নাই য়ে, ভালো জিনিসের এত স্থলভতা স্বাভাবিক নহে। এই ব্যাপক পদার্থকে কাজের শাসনের মধ্যে বাধিয়া সংযত সংহত করিতে না পারিলে ইহার প্রকৃত সার্থকতাই থাকে না। রাজ্ঞাঘাটের লোক যুদ্ধ করিব বলিয়া মাতিয়া উঠিলেই তাহাদিগকে সৈল্ল জান করিয়া বৃদ্ধি স্থলভে কাজ সারিবার আশাসে উল্লাস করিতে থাকি তবে সভাকার লড়াইয়ের বেলায় সমন্ত ধনপ্রাণ দিয়াও এই হঠাৎ-সন্তার সাংশাতিক লায় হইতে নিস্কৃতি পাওয়া যায় মা।

আসল কথা, মাতাল যেমন নিজের এবং মগুলীর মধ্যে নেলাকে কেবলই বাড়াইরা চলিতেই চার তেমনি উত্তেজনার মাদকতা আমরা সম্প্রতি যথন অম্ভব করিলাম তথন কেবলই সেটাকে বাড়াইয়া তুলিবার জন্ম আমাদের প্রবৃত্তি অসংষত হইয়া উঠিল। অথচ এটা যে একটা নেলার তাড়না সে-কথা স্বাকার না করিয়া আমরা বলিতে লাগিলাম, গোড়ায় ভাবের উত্তেজনারই দরকার বেশি; সেটা রীতিমতো পাকিয়া উঠিলে আপনিই তাহা কাজের দিকে ধাবিত হয়—অতএব দিনরাত ঘাহারা কাজ করিয়া বিরক্ত করিতেছে তাহারা ছোটো নজ্পরের লোক, তাহারা ভাবুক নহে—আমরা কেবলই ভাবে দেশ মাতাইব। সমস্ত দেশ জুড়িয়া আমরা ভাবের ভৈরবীচক্র বসাইয়া দিলাম; ময় এই হইল—

## পীম্বা পীম্বা পুনঃ পীম্বা পুনঃ প্ততি ভূতলে উপায় চ পুনঃ পীম্বা পুনর্জয়ে। ন বিদ্যুতে ।

চেষ্টা নহে, কর্ম নহে, কিছুই গড়িয়া তোলা নহে, কেবল ভাবোচ্ছাসই সাধনা, মন্ততাই মৃক্তি।

অনেককেই আহ্বান করিলাম, অনেককেই সমবেত করিলাম, জনতার বিস্তার দেখিয়া আনন্দিত হইলাম কিন্তু এমন করিয়া কোনো কাব্দের ক্ষেত্র প্রস্তুত করিলাম না যাহাতে উদবোধিত শক্তিকে সকলে সার্থক করিতে পারে। কেবল উৎসাহই দিতে লাগিলাম কাজ দিলাম না। মানুবের মনের পক্ষে এমন অস্বাস্থাকর ব্যাপার আর কিছুই নাই। মনে করিলাম উৎসাহে মামুষকে নির্ভীক করে এবং নির্ভীক হইলে মামুষ কর্মের বাধাবিপত্তিকে লঙ্গন করিতে কৃষ্টিত হয় না। কিন্তু এইরূপ লচ্ঘন করিবার উত্তেজনাই তো কর্মসাধনের স্বপ্রধান অব নহে—ব্রিরবৃদ্ধি লইরা বিচারের শক্তি, সংযত হইয়া গড়িয়া তুলিবার শক্তি যে তাহার চেয়ে বড়ো। এইজফুই মাতাল হইয়া মাহুষ বুন করিতে পারে কিন্তু মাতাল হইয়া কেহ যুদ্ধ করিতে পারে না। যুদ্ধের মধ্যে কিছু পরিমাণ মন্ততা নাই তাহা নহে কিন্তু অপ্রমন্ততাই প্রভূ হইয়া তাহাকে চালিত করে। সেই শ্বিরবৃদ্ধি দূরদর্শী কর্মোৎসাহী প্রভূকেই বর্তমান উত্তেজনার দিনে দেশ খুঁজিয়াছে, আহ্বান করিয়াছে, ভাগাছীন দেশের দৈল্লবশত তাঁহার তো সাড়া পাওরা যায় না। আমরা বাহারা ছুটিরা আসি কেবল মদের পাতে महरे गानि। अक्रिया कीरमद कमरे वाफ़ारेट बाकि। यथन अर्थ अर्थ, अब नमान করিয়া রেল বসাইবার আয়োজন কে করিবে তথন আমরা উত্তর করি, এ-সমস্থ নিতাত খুচরা কাজের হিসাব লইয়া মাধা বকাইবার প্রব্যেজন নাই-সময়কালে আপনিই সমন্ত ছইয়া যাইবে, মজুরদের কাজ মজুররাই করিবে কিন্তু আমরা বধন চালক তথন আমরা কেবল এজিনে দমই চড়াইতে থাকিব।

এ-পর্বস্থ বাঁহারা সহিষ্ণুতা বক্ষা করিতে পারিয়াছেন তাঁহারা হয়তো আমাকে এই প্রশ্ন ক্ষিলাসা করিবেন, তবে কি বাংলাদেশের সর্বসাধারণের মধ্যে যে-উত্তেজনার উদ্রেক হইয়াছে তাহা হইতে কোনো গুভফল প্রত্যাশা করিবার নাই ?

নাই এমন কথা আমি কখনোই মনে করি না। অসাড় শক্তিকে সচেষ্ট সচেতন করিয়া তুলিবার জন্ম এই উত্তেজনার প্রয়োজন ছিল। কিন্তু সচেতন করিয়া তুলিয়া তাহার পরে কী করিতে হইবে? কাল্প করাইতে হইবে, না মাতাল করিতেই হইবে? যে-পরিমাণ মদে ক্ষীণপ্রাণকে কাল্পের উপযোগী করিয়া তোলে তাহার চেয়ে বেশি মদে পুনন্দ তাহার কাল্পের উপযোগিতা নই করিয়া দেয়; যে-সকল সত্যকর্মে থৈয় এবং অধাবসারের প্রয়োজন সে-কাল্পে মাতালের শক্তি এবং অভিকৃতি বিমুখ হইয়া উঠে। ক্রমে উত্তেজনাই তাহার কক্ষা হর এবং সে দারে পড়িয়া কাল্পের নামে এমন সকল অকাল্পের সৃষ্টি করিতে থাকে বাহা তাহার মন্ততারই আমুকুল্য করিতে পারে। এই সকল উৎপাত-ব্যাপারকে বস্তুত তাহারা মাদকস্বরূপেই ব্যবহার করে অবত তাহাকে স্বদেশহিত নাম দিয়া উত্তেজনাকে উচ্চস্থরেই বাধিয়া, রাখে। হুদরাবেগ-জিনিসটা উপযুক্ত কাল্পের ধারা বহিমুখি না হইয়া যখন কেবলই অস্তরে সঞ্চিত ও বর্ষিত হইতে থাকে তখন তাহা বিষের মতো কাল্প করে—তাহার অপ্রয়োজনীয় উত্তম আমাদের স্বায়ুমণ্ডলকে বিকৃত করিয়া কর্মস্কাকে নৃত্যসন্তা করিয়া তোলে।

ঘৃম হইতে জাগিয়া নিজের সচল শক্তিকে সত্য বলিরা জানিবার জন্ত প্রথম যে একটা উত্তেজনার আঘাত আবশ্রক তাহাতে আমাদের প্রয়োজন ছিল। মনে নিশ্চয় দ্বির করিরাছিলাম, ইংরেজ জন্মান্তরের স্কুক্তি এবং জন্মকালের শুভগ্রহম্বরূপ আমাদের কর্মহীন জ্যোড়করপুটে আমাদের সমস্ত মঙ্গল আপনি তুলিরা দিবে। বিধাতানির্দিষ্ট আমাদের সেই বিনাচেষ্টার সোভাগাকে কখনো বা বন্দনা করিতাম কখনো বা তাহার সজে কলহ করিয়া কাল কাটাইতাম। এই করিতে করিতে মধ্যাহকালে যখন সমস্ত জগৎ আপিস করিতেছে তথন আমাদের স্থানিলা প্রগাঢ় হইতেছিল।

এমন সময় কোৰা হইতে একটা আঘাত লাগিল, ঘুমের ঘোরও কাটিল, আগেকার মতো পুনশ্চ অ্থবপ্ন দেখিবার অন্ত নয়ন মুদিবার ইচ্ছাও রহিল না, কিন্তু আশ্চর্য এই, আমাদের সেই স্বপ্নের সঙ্গে জাগরণের একটা বিষয়ে মিল রহিয়াই গেল।

তখন আমরা নিশ্চিত্ত হইরা ছিলাম যে, চেষ্টা না করিরাই আমরা চেষ্টার ফল পাইতে থাকিব, এখনও ভাবিডেচি ফল পাইবার আছু প্রচলিত পথে চেষ্টাকে

খাটাইবার প্রয়োজন আমরা যেন যথেষ্ট সংক্ষিপ্ত করিয়া লইতে পারি। বথাবন্ধাতেও অসম্ভবকে আঁকডিয়া পড়িয়া ছিলাম, জাগ্ৰত অবস্থাতেও সেই অসম্ভবকে ছাড়িতে পারিলাম না। শক্তির উত্তেজনা আমাদের মধ্যে অত্যন্ত বেশি হওয়াতে অত্যাবস্তক বিলম্বকে অনাবশুক বোধ হইতে লাগিল। বাহিরে সেই চিরপুরাতন দৈয়া বহিয়া ' গিয়াছে, অথচ অন্তরে নবজাগ্রত শক্তির অভিমান মাধা তুলিয়াছে, উভয়ের সামগ্রস্থ क्रिव की क्रिया ? शीरव शीरव ? क्रम् क्रम् ? मासवारनव প्रकाल शक्तवज्ञारक পাধরের সেতু দিয়া বাঁধিয়া? কিন্তু অভিমান দেরি সহিতে পারে না, মত্তও বলে আমার সিঁড়ির দরকার নাই আমি উড়িব। সময় লইয়া স্থসাধাসাধন তো সকলেই পারে, অসাধ্যসাধনে আমরা এখনই জগংকে চমক লাগাইয়া দিব এই কল্পনা আমাদের উত্তেজিত হইয়া উঠিয়াছে। তাহার কারণ, প্রেম যখন জাগে তখন সে গোড়া হইতে সকল কাজই করিতে চায়, সে ছোটো হইতে বড়ো কিছকেই অবজ্ঞা করে না, কোনো কর্তবা পাছে অসমাপ্ত থাকে এই আশহা তাহার ঘুচে না। প্রেম নিজেকে সার্থক করিতেই চায় সে নিজেকে প্রমাণ করিবার জন্য বাস্ত নহে। কিন্তু অপমানের ভাডনায় কেবল আত্মাভিমানমাত্র যথন জাগিয়া উঠে তথন সে বুক ফুলাইয়া বলে, আমি হাঁটিয়া চলিব না আমি ডিঙাইয়া চলিব। অর্থাং প্রিবীর অন্ত সকলের পক্ষেই যাহ। পাটে তার পক্ষে তাহার কোনো প্রয়োজন নাই, থৈর্যের প্রয়োজন নাই, অধাবসায়ের প্রয়োজন নাই, স্বদ্ধ উদ্দেশ্যকে লক্ষ্য করিয়া সুদীর্ঘ উপায় অবলয়ন করা অনাবশুক। ফলে দেখিতেচি পরের শক্তির প্রতি গতকলা যেমন অন্ধভাবে প্রত্যাশা করিয়া বসিয়া ছিলাম, নিজের শক্তির কাছে আন্ধ তেমনি অন্ধ প্রত্যাশা লইয়া আন্দালন করিতেছি। তপনও যধাবিহিত কর্মকে ফাঁকি দিবার চেষ্টা ছিল এপনও সেই চেষ্টাই বর্তমান। ক্থামালার রুষকের নিশ্চেষ্ট ছেলেরা যতদিন বাপ বাঁচিয়া ছিল থেতের ধারেও যায় নাই, বাপ চাষ করিত তাহারা দিব্য বাইত-বাপ যথন মৰিল তখন থেতে নামিতে বাধা হুইল কিছু চাষ করিবার জন্ম নহে—তাহারা স্থির করিল মাটি খুঁ ড়িয়া একেবারেই দৈবধন পাইবে। বস্তুত চাবের ফসলই যে প্রকৃত দৈবধন এ-কথা শিবিতে ভাহাদিগকে অনেক বুধা সময় নষ্ট করিতে হইয়াছিল। আমরাও যদি এ-কথা সহজে না শিবি যে, দৈবধন কোনো অন্তুত উপারে গোপনে পাওয়া যায় না, পৃথিবীস্কছ লোক সে-ধন যেমন করিয়া লাভ করিভেছে ও ভোগ করিতেছে আমাদিগকেও ঠিক তেমনি করিয়াই করিতে হইবে, তবে আঘাত এবং চঃধ কেবল বাড়িয়াই চলিতে থাকিবে এবং বিপৰে ষতই অগ্ৰসর হইব ফিরিবার পথও ততই দীর্ঘ ও তুর্গম হইয়া উঠিবে।

অধৈৰ্য বা অজ্ঞানবৰত বাভাবিক পন্থাকে অবিশাস করিয়া অসামান্ত কিছু একটাকে

ঘটাইয়া তুলিবার ইচ্ছা অত্যন্ত বেলি প্রবল হইয়া উঠিলে মায়বের ধর্মবৃদ্ধি নই হয়;—
তথন সকল উপকরণকেই উপকরণ, সকল উপায়কেই উপায় বলিয়া মনে হয়—তথন
ছোটো ছোটো বালকদিগকেও এই উন্মন্ত ইচ্ছার নিকট নির্মমভাবে বলি দিতে মনে
কোনো দিধা উপন্থিত হয় না। আমরা মহাভারতের সোমক রাজার ক্রায় অসামান্ত
উপায়ে সিন্ধিলাভের প্রলোভনে আমাদের অতিস্কৃষ্ণার ছোটো ছেলেটিকেই যজের
অগ্নিতে সমর্পন করিয়া বসিয়াছি—এই নির্বিচার নিষ্ঠ্রতার পাপ চিত্রগুপ্তের দৃষ্টি এড়ায়
নাই—তাহার প্রায়ক্তির আরম্ভ হইয়াছে, বালকদের কন্ত বেদনায় সমন্ত দেশের হদম্ব
বিদান হইতেছে—দুঃশ আরও কত সন্ত করিতে হইবে জানি না।

ত্বংশ সহ্ব করা তত কঠিন নহে কিন্তু তুর্মতিকে সংবরণ করা অত্যন্ত তুরহ। অস্তারকে অত্যাচারকে একবার বৃদ্ধি কর্মসাধনের সহায় বলিয়া গণ্য করি তবে অন্তঃকরণকে বিক্রতি হইতে রক্ষা করিবার সমস্ত স্বাভাবিক শক্তি চলিয়া যায়;—ক্যারধর্মের প্রুব কেন্দ্রকে একবার ছাড়িলেই বৃদ্ধির নইতা ঘটে, কর্মের স্থিরতা থাকে না—তপন বিশ্ববাপী ধর্মব্যবস্থার সঙ্গে আবার আমাদের এই জাবনের সামলক্ষ ঘটাইবার জন্ত প্রচণ্ড সংঘাত অনিবার্ষ হইয়া উঠে।

সেই প্রক্রিয়। কিছুদিন হইতে আমাদের দেশে চলিতেছে এ-কথা নম্রহদয়ে ত্ংথের সহিত আমাদিগকে বাকার করিতেই হইবে। এই আলোচনা আমাদের পক্ষে একাস্ত অপ্রিয়, তাই বলিয়া নারবে ইহাকে গোপন করিয়া অথবা অভ্যুক্তিদারা ইহাকে ঢাকা দিয়া অনিষ্টকে সাংঘাতিক হইয়া উঠিতে দেওয়া আমাদের কাহারও পক্ষে কর্তবা নহে।

আমরা সাধামতো বিধাতি পণাদ্রবা ব্যবহার না করিয়া দেশীয় শিল্পের রক্ষা ও উন্নতি সাধনে প্রাণপণে চেষ্টা করিব ইহার বিরুদ্ধে আমি কিছু বলিব এমন আশ্বরা করিবেন না। বহুদিন পূর্বে আমি ধ্ধন সিধিয়াছিলাম,

> নিজহজে শাক শন্ত তুলে বাও পাতে, ভাই বেন কচে,— মোটা বন্ত বুনে বাও বদি নিজ হাতে, ভাহে কজা বুচে ;—

তথন লর্ড কার্জনের উপর আমাদের রাগ করিবার কোনো কারণই ঘটে নাই এবং বছকাল পূর্বে যখন খদেশী ভাণ্ডার স্থাপন করিয়া দেশী পণ্য প্রচলিত করিবার চেট্টা করিয়াছিলাম তথন সময়ের প্রতিকৃষতার বিশ্বদেই আমাদিগকে দাঁড়াইতে হইয়াছিল।

তথাপি দেশে বিদেশী পণোর পরিবর্তে খদেশী পণ্য প্রচার যতবড়ো কাজই হউক

লেশমাত্র অক্টারের হারা তাহার সমর্থন করিতে হইবে এ-কথা আমি কোনামতেই বীকার করিতে পারি না। বিলম্ব ভালো, প্রতিকৃশতা ভালো, তাহাতে ভিত্তিকে পাকা, কর্মকে পরিণত করিয়া তুলে; কিন্তু এমন কোনো ইক্সঞ্জাল ভালো নহে যাহা একরাত্রে কোঠা বানাইয়া দেয় এবং আশাস্ দিয়া বলে আমাকে উচিত মূল্য নগদ তহবিল হইতে দিবার কোনো প্ররোজন নাই। কিন্তু হায়, মনে না কি ভর আছে যে একমুহূর্তের মধ্যে ম্যাঞ্চেন্টরের কল যদি বন্ধ করিয়া দিতে না পারি তবে দীর্ঘকাল ধরিয়া এই তৃঃসাধ্য উদ্দেশ্য, অটল নিষ্ঠার সহিত বহন করিবার শক্তি আমাদের নাই; সেইজ্বগু এবং কোনোমতে হাতে হাতে পার্টিশনের প্রতিশোধ লইবার তার্ভনায় আমরা পথ-বিপথ বিচার করিতেই চাই নাই। এইরূপে চারিদিক হইতে সামন্ত্রিক তাগিদের বিধিরকর কলকলায় বিভান্ত হইয়া নিজের প্রতি বিশ্বাসহীন ত্র্বলতা, স্বভাবকে অলাজা করিয়া, শুকুবৃদ্ধিকে অমান্ত করিয়া অতিসম্বর লাভ চুকাইয়া লইতে চায় এবং পরে অতিদীর্ঘকাল ধরিয়া ক্ষতির নিকাশ করিতে থাকে; মঙ্গলকে পীড়িত করিয়া মঙ্গল পাইব, স্বাধীনতার মূলে আঘাত করিয়া স্বাধীনতা লাভ করিব ইহা কপনো হইতেই পারে না—এ-কথা মনে আনিতেও তাহার ইচ্ছা হয় না।

আমরা অনেকে সম্পূর্ণ জানি না এবং অনেকে স্বাকার করিতে অনিচ্চুক যে, বয়কট-বাাপারট। অনেক স্থলে দেশের লোকের প্রতি দেশের লোকের অত্যাচারের দারা সাধিত হইয়াছে। আমি যেটাকে ভালো বৃঝি দুগ্রাম্ব এবং উপমেশের দারা অনু সকলকে তাহা বৃঝাইবার বিলম্ব যদি না সহে, পরের ক্রায়া অধিকারে বলপুর্বক হতকেপ করাকে অক্সায় মনে করিবার অভ্যাস যদি দেশ হইতে চলিয়া ঘাইতে থাকে তবে অসংযমকে কোনো সীমার মধ্যে আর ঠেকাইয়া রাখা অসম্ভব হইয়া পড়ে। কর্তব্যের নামে যথন অকর্তব্য প্রবল হয় তথন দেখিতে দেখিতে সমত্ত দেশ অপ্রকৃতিত্ব হইয়া উঠে। সেইজনুই স্বাধীনতাশাভের দোহাই দিয়া আমরা যথার্থ স্বাধীনতাধর্মের বিরুদ্ধে বিজ্ঞাহ করিয়াছি;—দেশে মতের অনৈক্য ও ইচ্ছার বিরোধকে দণ্ড উস্তোপন করিয়া বলপূর্বক একাকার করিয়া দিতে হইবে এইরূপ দুর্মতির প্রাদৃ্তাব হইয়াছে। আমি যাহা করিব সকলকেই তাহা করিতেই হইবে, আমি যাহা বলিব সকলকেই তাহা বলিতেই হইবে এইরূপ বলপ্রয়োগে দেশের সমন্ত মত, ইচ্ছা ও আচরণ-বৈচিত্র্যের অপবাতমৃত্যুর বারা পঞ্চলাভকেই আমরা জাতীয় ঐক্য বলিয়া স্থির করিয়া বসিয়াছি। মতাস্করকে আমরা সমাজে পীড়ন করিতেছি, কাগজে অতিকৃৎসিত ভাবে গালি দিতেছি, এমন কি, শারীরিক আবাতের বারাও বিক্লম মতকে শাসন করিব বলিয়া ভয় দেখাইতেছি। আপনারা নিশ্চয় জানেন এবং আমি ততোধিক নিশ্চরতর্মপে জানি, এরপ বেনামি শাসনপত্র সময়বিশেবে আমাদের দেশের অনেক লোকেই পাইরা থাকেন এবং দেশের প্রবীণ ব্যক্তিরাও অপমান হইতে রক্ষা পাইতেছেন না। জগতে অনেক মহাপুদ্ধ বিরুদ্ধ সম্প্রদায়ের মধ্যে মতপ্রচারের জন্ত নিজের প্রাণ্ড বিসর্জন করিয়াছেন, আমরাও মত প্রচার করিতে চাই কিন্তু আর-সকলের দুষ্টান্ত পরিহার করিয়া একমাত্র কালাপাহাড়কেই গুরু বলিয়া বরণ করিয়াছি।

প্ৰেই বলিয়াছি ষাহার ভিতরে গড়নের শক্তি নাই ভাঙন তাহার পক্ষে মৃত্যু।
জিজ্ঞাসা করি আমাদের দেশে সেই গঠনতবাট কোধার প্রকাশ পাইতেছে ? কোন্
ফজন শক্তি আমাদের মধ্যে ভিতর হইতে কাজ করিয়া আমাদিগকে বাধিয়া এক
করিয়া তুলিতেছে ? ভেদের লক্ষণই তো চারিদিকে। নিজের মধ্যে বিচ্ছিয়তাই
য়পন প্রবল তথন কোনোমতেই আমরা নিজের কর্তৃত্বকে প্রতিষ্ঠিত করিতে পারি না।
তাহা যখন পারি না তখন অস্তে আমাদের উপর কর্তৃত্ব করিবেই—কিছুতেই ঠেকাইতে
পারিব না। অনেকে ভাবেন এ-দেশের পরাধীনতা মাথাধরার মতো ভিতরের ব্যাধি
নহে, তাহা মাধার বোঝার মতো ইংরেজগবর্মেন্টরূপে বাহিরে আমাদের উপরে চাপিয়া
আছে—ওইটেকেই যে-কোনোপ্রকারে হ'ক টান মারিয়া ফেলিলেই পরমুহূর্তে আমরা
হালকা হইব। এত সহজ্ব নহে। ইংরেজগবর্মেন্ট আমাদের পরাধীনতা নয়, তাহা
আমাদের গভীর তর পরাধীনতার প্রমাণমাত্র।

কিন্তু গভীরতর কারণগুলির কথাকে আমল দিবার মতো অবকাশ ও মনের ভাব আক্ষাল আমাদের নাই। ভারতবর্ষে এত জাতিবিভাগসত্ত্বেও কেমন করিয়া এক মহাঞ্চাতি হইয়া স্বরাঞ্চ প্রতিষ্ঠা করিব এই প্রশ্ন যথন উঠে তখন আমাদের মধ্যে বাঁহারা বিশেষ ত্বরাহ্বিত তাঁহারা এই বলিয়া কথাটা সংক্ষেপে উড়াইয়া দেন ধে, সুইজ্বলায়েও তো একাধিক জাতির সমাবেশ হইয়াছে কিন্তু সেধানে কি তাহাতে স্বরাঞ্রের বাধা ঘটিরাছে?

এমনতরো নজির দেখাইয়া আমরা নিজেদের ভূলাইতে পারি কিন্তু বিধাতার চোপে ধূলা দিতে পারিব না : বন্ধত জাতির বৈচিত্রা থাকিলেও স্বরাজ চলিতে পারে কিনা সেটা আসল তর্ক নহে। বৈচিত্রা তো নানাপ্রকারে থাকে—বে-পরিবারে দশজন মান্তব আছে সেধানে তো দশটা বৈচিত্রা। কিন্তু আসল কথা সেই বৈচিত্রোর মধ্যে ঐক্যের তত্ত্ব কাজ করিতেছে কিনা। স্ট্রজরলাতি বদি নানাজাতিকে লইরাই এক হইরা থাকে তবে ইহাই বৃথিতে হইবে সেধানে নানাম্বকে অতিক্রম করিরাও একত্ব কর্তা হইরা উঠিতে পারিরাছে। সেধানকার সমাজে এমন একটি ঐক্যধর্ম আছে। আমাদের দেশে বৈচিত্রাই আছে কিন্তু ঐক্যধর্মর জভাবে বিশ্লিষ্টতাই ভাষা,

জাতি, ধর্ম, সমাজ ও লোকাচারে নানাবিধ আকার ধারণ করিয়া এই বৃছৎ দেশকে ছোটো বড়ো বহুতর ভাগে বিভাগে শতধাবিচ্ছিন্ন করিয়া রাধিয়াছে।

অতএব নজির পাড়িয়া তো নিশ্চিম্ত হইবার কিছু দেখি না। চক্ বৃজিয়া এ-কথা বৃলিলে ধর্ম শুনিবে না বে, আমাদের আর-সমন্তই ঠিক হইয়া গিয়াছে এখন কেবল ইংরেজকে কোনোমতে বাদ দিতে পারিলেই বাঙালিতে পাঞ্জাবিতে মারাঠিতে মান্তাজিতে হিন্তে মুসলমানে মিলিয়া একমনে একপ্রাণে একষার্থে স্বাধীন হইয়া উঠিব।

বস্তুত আজ ভারতবর্বে যেটুকু ঐক্য দেখিরা আমরা সিদ্ধিলাভকে আসর জ্ঞান করিতেছি তাহা যান্ত্রিক তাহা জৈবিক নহে। ভারতবর্ষের ভিন্ন জাতির মধ্যে সেই ঐক্য জীবনধর্মবন্দত ঘটে নাই—পরজাতির এক শাসনই আমাদিগকে বাহিরের বন্ধনে একত্র জ্যোড়া দিয়া রাখিয়াছে।

সঞ্জীব পদার্থ অনেক সময় যায়িকভাবে একত্র থাকিতে থাকিতে জৈবিকভাবে মিলিয়া যায় ৷ এমনি করিয়া ভিন্ন শ্রেণীর ডালে ডালে জড়িয়া বাঁণিয়া কলম লাগাইতে হয়। কিন্তু যতদিন না কালক্ৰমে সেই সঞ্জীব জোড়টি লাগিয়া যায় ডভদিন ভো বাহিবের শক্ত বাধনটা খুলিলে চলে না। অবশ্য, দড়ার বাধনটা নাকি গাছের অস্প নছে এইজন্ত যেমনভাবেই থাক, যত উপকারই করুক, সে তো গাছকে পীড়া দিবেই কিন্তু বিভিন্নতাকে যথন ঐক্য দিয়া কলেবরবন্ধ করিতে হইবে তথনই ওই দড়াটাকে স্বীকার না করিয়া উপায় নাই। যতটুকু প্রয়োজন তাহার চেয়ে সে বেশি বাঁধিয়াছে এ-কথা সূত্য হইতে পারে কিন্তু তাহার একমাত্র প্রতিকার—নিঞ্চের আভাস্তরিক সমন্ত শক্তি मित्रा अंदे ब्लाएज मूल तरम तम मिलादेवा, প্রাণে প্রাণ যোগ করিয়া ব্লোড়টিকে একাস্ত চেষ্টার সম্পূর্ণ করিয়া ফেলা। এ-কণা নিশ্চর বলা যায় জ্যোড় বাঁধিয়া গেলেই বিনি আমাদের মালা আছেন তিনি আমাদের দড়িদড়া স্ব কাটিয়া দিবেন। ইংরেজশাসন নামক বাহিরের বন্ধনটাকে স্বীকার করিয়া অপচ তাহার 'পরে জডভাবে নির্ভর না করিয়া সেবার ছারা, প্রীতির ছারা, সমন্ত কুত্রিম ব্যবধান নিরন্ত করার ছারা বিচ্ছিন্ন ভারতবর্ষকে নাড়ির বন্ধনে এক করিয়া লইতে হইবে। একত্রসংঘটনমলক সহস্রবিধ সঞ্জনের কাঞে ভৌগোলিক ভৃগগুকে বদেশ রূপে বহুতে গড়িতে ও বিযুক্ত জনসমূহকে বজাতিরূপে बारा होत्र वहना कवित्रा नहेर्छ इंहरत ।

শুনিয়াছি এমন কথাও কেহ কেহ বলেন যে, ইংরেজের প্রতি দেশের স্বসাধারণের বিষেবই আমাদিগকে ঐক্যদান করিবে। প্রাচ্য পরজাতীরের প্রতি স্বাভাবিক নির্মমতার ইংরেজ ঔদাসীন্যে ও ঔক্তো ভারতবর্ষের ছোটো বড়ো স্কল্কেই বাধিত করিয়া ভূলিতেছে। যত দিন যাইতেছে এই বেদনার তপ্ত শেল গ্রুটার ও গ্রুটারভররূপে আমাদের প্রকৃতির মধ্যে অন্ধবিদ্ধ হইয়া চলিরাছে। এই নিত্যবিস্তারপ্রাপ্ত বেদনার ঐক্যেই ভারতের নানা জাতি মিলিবার উপক্রম করিতেছে। অতএব এই বিষেবকেই আমাদের প্রধান আশ্রয়রূপে অবলয়ন করিতে হইবে।

এ-কথা যদি সভাই হয় তবে বিহেবের কারণটি বধন চলিয়া যাইবে, ইংরেজ বধনই এ-দেশ ত্যাপ করিবে, তধন ক্রত্রিম ঐক্যস্ত্রটি তো এক মূহুর্তে ছিল্ল হইরা যাইবে। তখন দিতীর বিদ্ধেবের বিষয় আমরা কোধার খুঁজিয়া পাইব ? তখন আর দূরে খুঁজিতে হইবে না, বাহিরে যাইতে হইবে না, রক্তপিপাস্থ বিদ্বেব্দির দ্বারা আমরা পরম্পরক ক্তবিক্ষত করিতে থাকিব।

"ততদিনে যেমন করিয়াই হউক একটা-কিছু সুষোগ ঘটিয়া ঘাইবেই, আপাতত এই-ভাবেই চলুব" এমন কথা যিনি বলেন তিনি এ-কথা ভূলিয়া যান যে, দেশ তাঁহার একলার সম্পত্তি নহে; ব্যক্তিগত রাগথেষ ও ইচ্ছা-অনিচ্ছা লইয়া তিনি চলিয়া গেলেও এ-দেশ রহিয়া ঘাইবে। ট্রাস্ট যেমন সর্বাপেক্ষা প্রশস্ত উপায় ব্যতীত ক্তম্ত ধনকে নিজের ইচ্ছামতো যেমন-তেমন করিয়া ঘাটাইতে পারেন না তেমনি দেশ যখন বহুলোকের এবং বহুকালের, তাহার মক্লাকে কোনো সাময়িক ক্ষোভের বেগে অদ্রদর্শী আপাতবৃদ্ধির সংশয়াপয় ব্যবস্থার হাতে চক্ষ্ বৃজিয়া সমর্পণ করিবার অধিকার আমাদের কাহারও নাই। মদেশের ভবিয়ং যাহাতে দায়গ্রত হইয়া উঠিতেও পারে এমনতরো নিতাস্ক টিলা বিবেচনার করিয়া কোনা কোনো লোকের পক্ষে কখনোই কর্তব্য হইতে পারে না। কর্মের ফল যে আমার একলার নহে, ত্বংগ যে অনেকের।

তাই বারংবার বলিয়াছি এবং বারংবার বলিব—শক্রতার্থিকে অহোরাত্র কেবলই বাহিরের দিকে উন্থত করিয়া রাণিবার জন্ম উত্তেজনার অগ্নিতে নিজের সমস্ত সঞ্চিত সম্বলকে আহতি দিবার চেটা না করিয়া ওই পরের দিক হইতে ক্রকৃতিকৃতিল ম্বটাকে কিরাও, আবাঢ়ের দিনে আকালের মেব বেমন করিয়া প্রচ্র ধারাবর্বনে তাপগুক ভৃষ্ণাভূর মাটির উপরে নামিয়া আসে তেমনি করিয়া দেশের সকল জাতির সকল লোকের মাঝণানে নামিয়া এস, নানাদিগভিম্বী মঙ্গলচেন্তার বৃহৎ জালে বদেশকে সর্বপ্রকারে বাধিয়া কেলো: কর্মক্ষেত্রকে সর্বত্র বিস্তৃত করো—এমন উদার করিয়া এতদ্র বিস্তৃত করো বে, দেশের উদ্ধ ও নীচ, হিন্দু মুসলমান ও খ্রীস্টান সকলেই বেধানে সমবেত হইয়া হদমের সহিত ক্রমর, চেটার সহিত চেটা সমিলিত করিতে পারে। আমাদের প্রতি রাজার সন্দেহ ও প্রতিকৃলতা আমাদিগকে ক্ষণে ক্ষণে প্রতিহত করিবার চেটা করিবে কিন্তু কধনোই আমাদিগকে নিরন্ত করিতে পারিবে না,—আমরা জন্মী হইবই,—বাধার উপরে উন্মাদের মতো নিজের মাধা ঠুকিয়া নহে, অটল অধাবসায়ে তাহাকে শনৈ: শনৈ:

অতিক্রম করিয়া কেবল যে জয়ী হইব তাহা নহে, কার্যসিদ্ধির সত্যসাধনাকে দেশের মধ্যে চিরদিনের মতো সঞ্চিত করিয়া তুলিব—আমাদের উত্তরপুরুষদের জন্ম শক্তি চালনার সমস্ত পূধ একটি একটি করিয়া উদ্ঘাটিত করিয়া দিব।

आक अहे य विमानाय लोहमुख्लद कर्छाद सःकाद छना गाहेत्छः ह, मध्यादी পুরুষদের পদশবে কম্পমান রাজপথ মুধরিত হইয়া উঠিতেছে ইহাকেই অত্যন্ত বড়ো করিয়া জানিয়ো না। যদি কান পাতিয়া শোন তবে কালের মহাসংগীতের মধ্যে ইহা কোধায় বিলপ্ত হইয়া যায়। কত যুগ হইতে বিপ্লবের আবর্ত, কত উৎপীড়নের মন্থন, এ-দেশের সিংহছারে কত বড়ো বড়ো রাজপ্রতাপের প্রবেশ ও প্রস্থানের মধ্য দিয়া ভারতবর্ষের পরিপূর্ণতা অভিবাক্ত হইয়া উঠিতেছে, অগুকার কুম দিন তাহার যে কুম ইতিহাসটুকু ইহার সহিত মিলিত করিতেছে আর কিছুকাল পরে সমগ্রের মধো তাহ। কি কোপাও দৃষ্টিগোচর হইবে। ভয় করিব না, ক্ষুদ্ধ হইব না, ভারতবর্ষের যে পরম মহিমা সমন্ত কঠোর তুঃধসংঘাতের মধ্যে বিশ্বক্ষির কঞ্জনানন্দকে বহন ক্রিয়া বারু ইইয়া উঠিতেছে—ভক্ত সাধকের প্রশান্ত ধ্যাননেত্রে তাহার অপণ্ড মৃতি উপকান্ধি করিব। চারি-দিকের কোলাহল ও চিত্তবিক্ষেপের মধ্যে সাধনাকে মহংলক্ষোর দিকে অবিচলিত রাধিব। নিশ্চর জানিব এই ভারতবর্ষে যুগযুগান্তরীর মানবচিত্তের সমস্ত আকাক্ষাবেগ মিলিত হইয়াছে—এইথানেই জ্ঞানের সহিত জ্ঞানের মন্তন হইবে, জ্ঞাতির সহিত জ্ঞাতির মিলন ঘটিবে। বৈচিত্র্য এখানে অত্যস্ত জটিল, বিচ্ছেদ এখানে অত্যন্ত প্রবল, বিপরীতের সমাবেশ এখানে অত্যন্ত বিরোধসংক্ল-এত বছত্ব এত বেদনা এত সংঘ্ত কোনো দেশই এত দীর্ঘকাল বহন করিয়া বাঁচিতে পারিত না-কিন্তু একটি অভিবৃহং অভিমহং সমন্বরের পরম অভিপ্রারই এই সমন্ত একান্ত বিরুদ্ধ-চাকে ধারণ করিয়া আছে, পরস্পারের আঘাতে কাহাকেও উৎসাদিত হইতে দেয় নাই। এই যে সমন্ত নানা বিচিত্ৰ উপকরণ কালকালান্তর ও দেশদেশান্তর হইতে এপানে আহ্বিত হইরাছে আমাদের ক্ষুদ্র শক্তিয়ারা তাহাকে আঘাত করিতে গেলে আমরা নিম্নেই আহত হটব, ভাহার কিছুই করিতে পারিব না। জানি, বাহির হইতে অন্তায় এবং অপমান আমাদের এমন প্রবৃত্তিকে উত্তেজিত করিতেছে, বাহা আঘাত করিতেই জানে, যাহা ধৈৰ মানে না, বাহা বিনাশ ৰীকার করিয়াও নিজের চরিতার্থতাকেই সার্থকতা বলিয়া জ্ঞান করে। কিন্ধ সেই আত্মাভিমানের প্রমন্ততাকে নিবৃত্ত করিবার জন্ম আমাদের অন্ত:করণের মধ্যে সুগন্তীর আত্মগোরব সঞ্চার করিবার অন্তর্জর শক্তি কি ভারতবর্ষ আমাদিগকে দান করিবেন না ? ষাহারা নিকটে আসিয়া আমাদের পরিচয় গ্রহণ করিতে মুণা করে, যাহারা দ্র হইতে আমাদের প্রতি বিষেষ উদ্গার করে সেই সকল ক্ষণকালীন বায়ুবারা স্ফীত সংবাদপত্তের

মর্মরঞ্জনি, সেই বিলাতের টাইমস অপবা এ-দেশের টাইমস অফ ইণ্ডিরার বিদ্বেষ্তীক বাণীই কি অঙ্কুশাঘাতের মতো আমাদিগকে বিরোধের পথে অন্ধবেগে চালনা করিবে? আর ইহা অপেকা সভাতর নিভাতর বাণী আমাদের পিভামহদের পবিত্র মুখ দিয়া কি এ-দেশে উচ্চারিত হয় নাই--যে-বাণী দূরকে নিকট করিতে বলে, পরকে আস্মীয় করিতে আহ্বান করে ? সেই সকল শান্তিগন্তীর স্নাতন কল্যাণবাক্যই আর্জ্র পরান্ত হইবে ? ভারতবর্বে আমরা মিলিব এবং মিলাইব, আমরা সেই হঃসাধ্য সাধনা করিব, যাহাতে শক্রমিক্রভেদ লুপ্ত হইরা যায়; যাহা সকলের চেয়ে উচ্চ সত্যা, যাহা পবিত্রতার তেকে ক্ষমার বীর্ষে প্রেমের অপরাঞ্চিত শক্তিতে পূর্ব, আমরা তাহাকে কথনোই অসাধ্য বলিয়া জানিব না, তাহাকে নিশ্চিত মদল জানিয়া শিরোধার্থ করিয়া লইব। তঃশ্বেদনার একাম্ব পীড়নের মধ্য দিয়াই যাত্রা করিয়া আজ উদার আনন্দে মন হইতে সমন্ত বিজ্ঞোহ ভাব দুর করিয়া দিব, জানিয়া এবং না জানিয়া বিশের মানব এই ভারতক্ষেত্রে মসম্বাত্তর যে পরমান্তর্ব মন্দির নানা ধর্ম, নানা শাস্ত্র, নানা জাতির সন্মিলনে গড়িয়া তুলিবার চেষ্টা কবিতেছে সেই সাধনাতেই যোগদান করিব, নিজের অন্তরের সমস্ত শক্তিকে একমাত্র ম্ষ্টিশক্তিতে পরিণ চ করিয়া এই রচনাকার্যে ভাষাকে প্রবুত্ত করিব। ভাষা যদি করিতে পারি, যদি জানে প্রেমে ও কর্মে ভারতবর্ষের এই ছভিপ্রায়ের মধ্যে সমস্ত প্রাণ দিয়া নিযুক্ত হইতে পারি তবেই মোহমুক্ত পবিত্র দৃষ্টিতে বদেশের ইতিহাসের মধ্যে সেই এক সভা সেই নিভা সভাকে দেখিতে পাইব, ঋষিৱা ঘাঁহাকে বলিয়াছেন

#### স সেতৃৰিধৃতিরেষাং লোকানাম্—

তিনিই সমস্ত লোকের বিশ্বতি, তিনিই সমস্ত বিচ্ছেদের সেতৃ এবং তাঁহাকেই বলা হইয়াছে

#### তত্ত হ্ৰা এতত বৃদ্ধোনাম সভাষ্---

সেই যে ব্রহ্ম, নিগিলের সমস্ত প্রভেদের মধ্যে ঐক্যবক্ষার যিনি সেতৃ ইহারই নাম সতা।

### সমস্তা

আমি "পথ ও পাথের" নামক প্রবদ্ধে আমাদের কর্তব্য এবং ভাছার সাধন-প্রণালী সম্বন্ধে আলোচনা করিয়াছিলাম। উক্ত প্রবন্ধটিকে সকলে বে অমৃকৃপভাবে প্রহণ করিবেন এমন আমি আশা করি নাই।

কোন্টা শ্ৰের এবং তাহা লাভের শ্রেষ্ঠ উপায়টি কী তাহা লইরা তো কোনো দেশেই আজও তর্কের অবসান হয় নাই। মানুবের ইতিহাসে এই তর্ক কত রজপাতে পরিণত হইরাছে এবং একদিক হইতে তাহা বিলুপ্ত হইরা আর-একদিক দিবা বাব বার অক্সবিত হইরা উঠিরাছে।

আমাদের দেশে দেশছিত সম্বন্ধে মততেদ এতকাল কেবল মুখে মুখে এবং কাগজে কাগজে, কেবল ছাপাখানার এবং সভাক্ষেত্রে কথার লড়াইরপেই সঞ্বন করিয়াছে। তাহা কেবল ধৌরার মতো ছড়াইরাছে, আগুনের মতো জলে নাই।

কিন্তু আজু নাকি সকলেই প্রম্পাবের মতামতকে দেশের হিতাহিতের সজে আসর ভাবে জড়িত মনে করিডেছেন, তাহাকে কাব্যালংকারের বংকারমাত্র বলিয়া গণ্য করিডেছেন না, সেইজন্ত খাহাদের সহিত আমার মতের অনৈক্য ঘটিবাছে তাঁহাদের প্রতিবাদবাক্যে যদি কথনো পক্রতা প্রকাশ পার ভাহাকে আমি অসংগত বলিয়া ক্ষোভ করিতে পারি না। এ-সমরে কোনো কথা বলিয়া কেছ অল্লের উপর দিয়া নিছতি পাইয়া বান না ইছা সমরের একটা ওভ লক্ষণ সক্ষেত্র নাই।

তবু তর্কের উত্তেজনা বতই প্রবল হ'ক বাঁহাদের সঙ্গে আমাদের কোনো কোনো কারগার মতের অনৈক্য ঘটিতেছে দেশের হিতসাধনে তাঁহাদের আছরিক নিঠা আছে এই প্রবা বখন নঠ হইবার কোনো কারণ দেখি না, তখন আমরা প্রশার কী কথা বলিতেছি কী ইছা করিতেছি তাহা সুস্পাঠ করিয়া বুকিরা লওরা আবশুক। গোড়াতেই রাগ করিয়া বসিলে অথবা বিক্রপক্ষের বুদ্ধির প্রতি সক্ষেক করিলে নিম্নের বুদ্ধিক হয় তো প্রতারিত করা হইবে। বুদ্ধির তারতম্যেই বে মতের অনৈক্য ঘটে এ-কথা সকল সমরে খাটে না। অধিকাংশ স্থলে প্রকৃতিভেদেই মততেদ ঘটে। অতথ্যর মতের ভিন্নতার প্রতি সন্মান করা করিলে বে নিজের বুদ্ধিবৃত্তির প্রতি অসম্মান করা হয় তাহা কদাচই সত্য নহে।

এইটুকুমাত্র ভূমিকা করিয়া "পথ ও পাথের" প্রবছে বে **আলোচনা উত্থাপিত** করিয়াছিলাম ভাচারট অন্তর্ভ করিছে প্রবৃত্ত চইলাম।

সংসারে বাস্তবের সঙ্গে আমাদিগকে কণনো আপস করিয়া কণনো বা লড়াই

3

করিয়া চলিতে হয়। অন্ধতা বা চাত্রীর জোরে বাত্তবকে লক্ত্যন করিয়া আমরা অতি ছোটো কাক্ষটুকুও করিতে পারি না।

অতএষ দেশহিতের সংকর সম্বন্ধ যথন আমরা তুর্ক করি তথন সেই তর্কের একটি প্রধান কথা এই যে, সংকর্মটি যতই বড় হ'ক এবং যতই ভাল হ'ক বাহুবের সঙ্গে তাহার সামশ্বস্ত আছে কিনা। কোন্ ব্যক্তির চেক-বহির পাতার কতগুলা অহ পড়িরাছে তাহা লইরাই তাড়াতাড়ি উৎসাহ করিবার কারণ নাই, কোন্ ব্যক্তির চেক ব্যাহে চলে তাহাই দেখিবার বিষয়।

সংকটের সময় যখন কাছাকেও পরামর্শ দিতে হইবে তথন এমন পরামর্শ দিলে চলে
না যাহা অত্যন্ত সাধারণ। কেহ যখন রিজপাত্র লইয়া মাধায় হাত দিয়া ভাবিতে থাকে
কেমন করিয়া তাহার পেট ভরিবে তথন তাহাকে এই কথাটি বলিলে তাহার প্রতি
হিতৈবিতা প্রকাশ করা হয় না যে, ভালে। করিয়া অমপান করিলেই ক্ধানিবৃত্তি হইয়া
পাকে। এই উপদেশের জন্তই সে এতক্ষণ কপালে হাত দিয়া অপেক্ষা করিয়া বসিয়া
ছিল না। সত্যকার চিন্তার বিষয় যেটা, সেটাকে লজ্পন করিয়া যত্বড়ো কথাই বলি
না কেন তাহা একেবারেই বাজে কথা।

ভারতবর্বের সম্বন্ধেও প্রধান প্রয়োজনটা কী সে কথা আলোচনা উপলক্ষে আমরা যদি তাহার বর্তমান বান্তব অভাব ও বান্তব অবস্থাকে একেবারেই চাপা দিয়া একটা ধ্ব মন্ত নীতিকথা বলিয়া বসি তবে শৃক্ষ তহবিলের চেকের মতো সে-কথার কোনো মূল্য নাই; তাহা উপস্থিতমতো ঋণের দাবি শাস্ত করিবার একটা কৌশলমাত্র হইতে পারে কিন্তু পরিধামে তাহা দেনদার বা পাওনাদার কাহারও পক্ষে কিছুমাত্র কল্যাণকর হইতে পারে না।

"পথ ও পাথেয়" প্রবাদ্ধ আমি যদি সেইরপ ফাঁকি চালাইবার চেষ্টা করিয়া থাকি তবে বিচার-আদালতের ক্ষমা প্রত্যাশা করিতে পারিব না। আমি যদি বাস্তবকে গোপন বা অস্বীকার করিয়া কেবল একটা ভাবের ভূমা দলিল গড়িয়া থাকি তবে সেটাকে সর্বসমক্ষে পশুবিশণ্ড করাই কর্তবা। কারণ, ভাব যথন বাস্তবের সহিত বিচ্ছির ইয়া দেখা দেয় তথন গাঁজা বা মদের মতো তাহা মান্তবকে অকর্মণ্য এবং উদ্প্রান্ত করিয়া তোলে।

কিন্ধ বিশেষ অবস্থার কোন্টা যে প্রকৃত বান্তব তাহা নির্ণয় করা সোজা নহে। সেইজস্তই অনেক সমর মান্ত্র মনে করে যেটাকে চোখে দেখা বার সেটাই সকলের চেয়ে বড়ো বান্তব; বেটা মানবপ্রকৃতির নিচের তলায় পড়িয়া থাকে স্টোই আসল সতা। কোনো ইংরেজ সাহিত্যসমালোচক রামারণের অপেক্ষা ইলিয়ভের শ্রেষ্ঠতা প্রমাণ করিবার কালে বলিয়াছেন, ইলিয়ড কাবা অধিকতর হিউম্যান, অর্থাৎ মানবচরিত্রের বাস্তবকে বেশি করিয়া দ্বীকার করিয়াছে;—কারণ উক্ত কাব্যে একিলিস
নিহত শক্রুর মৃতদেহকে রথে বাঁধিয়া ট্রেরর পথের ধূলার লুটাইয়া বেড়াইয়াছেন আর,
রামায়ণে রাম পরাজিত শক্রুকে ক্ষমা করিয়াছেন। ক্ষমা অপেক্ষা প্রতিহিংসা মানব চরিত্রের পক্ষে অধিকতর বাস্তব এ-কথার অর্থ যদি এই হয় যে, তাহা পরিমাণে বেশি
তবে তাহা স্বীকার করা যাইতে পারে। কিন্তু স্থল পরিমাণই বাস্তবতা পরিমাপের
একমাত্র বাটধারা এ-কথা মাছফ কোনোদিনই স্বীকার করিতে পারে না; এইজ্লুলই
মাছ্র্য ঘরভরা অন্ধকারের চেত্রে ঘরের কোণের একটি ক্ষ্ম্ম শিপাকেই বেশি মান্ত
করিয়া থাকে।

ষাহাই হউক, এ-কথা সতা যে, মানব-ইতিহাসের বছতর উপকরণের মধ্যে কোন্টা প্রধান কোন্টা অপ্রধান, কোন্টা বর্তমানের পক্ষে একান্ত বাস্তব এবং কোন্টা নহে, তাহা একবার কেবল চোলে দেখিয়াই মীমাংসা করা যায় না। অবশু এ-কণা স্বীকার করিতে পারি, উত্তেজনার সময় উত্তেজনাটাকেই সকলের চেয়ে বড়ো সতা বলিয়া মনে হয়। রাগের সময় এমন কোনো কথাকেই বাত্তবমূলক বলিয়া মনে হয় না যাহা রাগকে নিবৃত্ত করিবার জন্ম দঙ্যায়মান হয়। এরপ সময় মাছস সহজেই বলিয়া উঠে, "রেখে দাও তোমার ধর্মকথা।" বলে যে, তাহার কারণ এ নয় য়ে, ধর্মকথাটাই বাত্তব প্রয়োজনের পক্ষে অযোগ্য এবং ফ্লাই বৃদ্ধিই ভালপক্ষা উপ্রযোগী। কিন্তু তাহার কারণ এই যে, বাত্তব উপ্যোগিতার প্রতি আমি দৃক্পান্ত করিতে চাই না, বাত্তব প্রবৃত্তি-চরিতার্থতাকেই আমি মান্ত করিতে চাই।

কিন্ত প্রবৃত্তি-চরিভার্থভাতে বাস্তবের হিসাব অক্সই করিতে হয়, উপধােগিভায় তাহার চেয়ে অনেক বেশি করা আবহ্রক। মানবচরিত্রের বাস্তবের হিসাবটাকে নির্দরভাবে দলন করিতে পরামর্শ দিরাছিল তাহারা মানবচরিত্রের বাস্তবের হিসাবটাকে অভ্যন্ত সংকার্ণ করিয়াই প্রস্তুত করিয়াছিল; রাগের সময় এই প্রকায় সংকাণ হিসাব করাই যে স্বাভাবিক অর্থাং মাবাগনভিত্তে অধিকাংশ লোকই করিয়া থাকে তাহা ঠিক, কিন্তু লর্ড ক্যানিং ক্ষমার দিক দিয়া যে বাস্তবের হিসাব করিয়াছিলেন ভাষা প্রতিহিংসার হিসাব অপেক্ষা বাস্তবকে অনেক বৃহংপরিমাণে অনেক গভীর এবং দ্রবিশ্বভভাবেই গণনা করিয়াছিল।

কিন্ত যাহার। কুদ্দ তাহার। ক্যানিঙের ক্ষমানীতিকে সেন্টিমেন্টালিভ্ম অর্থাৎ বাস্তববজিত ভাববাতিকতা বলিতে নিশ্চয়ই কৃষ্টিত হয় নাই। চিরদিনই এইরূপ হইয়া আসিরাছে। যে-পক্ষ অক্ষোহিণী সেনাকেই গণনাগোরবে বড়ো স্ত্য বলিয়া মনে করে তাহারা নারায়ণকেই অবজ্ঞাপূর্বক নিজের পক্ষে না লইয়া নিশ্চিম্ভ থাকে। কিন্তু জন্মণাভকেই ধদি বান্তবভার শেষ প্রমাণ বলিয়া জানি তবে নারায়ণ যতই একলা হ'ন এবং যতই কুদ্রমূষ্টি ধরিয়া আত্মন তিনিই জিতাইয়া দিবেন।

আমার এত কথা বলিবার তাংপর্য এই যে, যণার্থ বাত্তব যে কোন্ পক্ষে আছে তাহা সামরিক উত্তেজনার প্রাবল্য বা লোকগণনার প্রাচ্ব হইতে স্থির করা যার না। কোনো একটা কথা শাস্তরসাম্রিত বলিরাই যে তাহা বাত্তবিক্তার ধর্ব, এবং যাহা মামুষকে এত বেগে তাড়না করে যে, পথ দেখিবার কোনো অবসর দেয় না তাহাই যে বাত্তবকে অধিক মাস্ত করিয়া থাকে এ-কথা আমরা স্বীকার করিব না।

"পণ ও পাথের" প্রবন্ধে আমি ছুইটি কথার আলোচনা করিয়াছি। প্রথমত ভারতবর্ষের পক্ষে দেশহিতব্যাপারটা কী ? অর্থাং তাহা দেশী কাপড় পরা বা ইংরেজ তাড়ানো বা আর-কিছু ? বিতীয়ত সেই হিতসাধন করিতে হইবে কেমন করিয়া।

ভার চববের পক্ষে চরম হিত যে কী তাহা বুঝিবার বাধা যে কেবল আমরা নিজেরা উপস্থিত করিতেছি তাহা নহে বস্তুত তাহার সর্বপ্রধান বাধা আমাদের প্রতি ইংরেজের বাবহার: ইংরেঞ্চ কোনোমডেই আমাদের প্রকৃতিকে মানবপ্রকৃতি বলিয়া গণা ক্ষিতেই চায় না। তাহার। মনে ক্রে তাহার। ধ্বন রাজা ত্বন জ্বাব্দিহি ক্রেল্মাত্র আমাদেরই, ভাহাদের একেবারেই নাই। বাংলাদেশের একজন ভূতপূর্ব হর্তাকর্তা ভারতবর্ষের চাঞ্চলা সম্বন্ধে যতকিছু উন্মা প্রকাশ করিরাছেন সমস্তই ভারতবাসীর প্রতি। তাহার মত এই যে কাগঞ্জলাকে উচ্ছেদ করো, স্থরেন্দ্রবাড়জো-বিপিনপালকে দমন কবিয়া দাও। দেশকে ঠাণ্ডা কবিবার এই একমাত উপায় যাহার। অনায়াসে কল্পনা ও নিঃসংকোচে প্রচার করিতে পারে ভাষাদের মতো বাহ্নি যে আমাদের শাসনকভার। পদে প্রতিষ্ঠিত ছিল ইহাই কি দেশের রক্ত গর্ম করিয়া তুলিবার পক্ষে অন্তত একটা প্রধান কারণ নতে ? ইংরেকের গায়ে জাের আছে বলিয়াই মানবপ্রকৃতিকে মানিয়া চলা কি ভাষার পক্ষে একেবারেই অনাবন্তক ? ভারতবর্ষের চাঞ্চলা নিবারণের পক্ষে ভারতের পেনশনভোগা এলিয়টের কি তাহার জাতভাইকে একটি কণাও বলিবার নাই? ধাহাদের হাতে ক্ষমতা অঞ্জয় তাহাদিগকেই আত্মদংবরণ করিতে হইবে না, আর থাহারা অভাবতই অক্ষম শমদম্নিরমসংখ্যের সমস্ত ব্যবস্থা কেবল তাহাদেরই জন্ত ! তিনি লিধিয়াছেন, ভারতবর্ষে ইংরেজের গায়ে যাহারা হাত তোলে তাহারা যাহাতে কোনোমতেই নিম্নতি না পার সেজন্ত সতর্ক হইতে হইবে। আর বে-সকল ইংরেজ ভারতবর্ষীরকে হত্যা করিয়া কেবলই দণ্ড হইতে অব্যাহতি পাইয়া ত্রিটিশ বিচার স্বত্তে চিত্রস্থারী কলভের রেখা আগুন দিয়া ভারতবর্ষের চিত্তে দাগিরা

দাগিয়া দিতেছে তাহাদের সম্বেই স্তর্ক হইবার কোনো প্রাঞ্জন নাই ? বলদর্পে ধর্মবৃদ্ধিহীন এইরপ স্পর্ধাই কি ভারতবর্ষে ইংরেঞ্গাসনকে ইংরেজের প্রজাকে উভয়কেই ভ্রষ্ট করিতেছে না ? অক্ষম মধন অন্থিমজ্ঞার জালিয়া অলিয়া মরে, ষধন হাতে হাতে অপমানের প্রতিশোধ লওয়ার কাছে মানবধর্মের আর<sup>-</sup> কোনো উচ্চতর দাবি তাহার কাছে কোনোমতেই ক্ষচিতে চাহে না তথন কেবল ইংরেন্দের রক্তচকু পিনাল কোডই ভারতবর্ষে শাস্তিবর্ষণ করিতে পারে এত শক্তি ভগবান ইংরেজের হাড়ে দেন নাই। ইংরেজ জেলে দিতে পারে, ফাঁসি দিতে পারে কিন্তু স্বহতে অগ্নিকাণ্ড করিয়া তলিয়া তার পরে পদাঘাতের দ্বারা তাহা নিবাইয়া দিতে পারে না-ষেধানে জলের মরকার সেধানে রাজ। হইলেও তাহাকে জল ঢালিতে হইবে। তাহা বদি मा करत, निरक्षत ताक्षम धरक यमि विश्वविधात्मत्र एएएत्र वर्षा विषया स्थान करत, उरव रमहे ভয়ংকর অন্ধতাবশতই দেশে পাপের বোঝা কৃপীকৃত হইয়া একদিন সেই ঘোরতর অসামঞ্চন্ত একটা নিদারুণ বিপ্লবে পরিণত না হইয়া থাকিতেই পারে না। প্রতিদিন দেশের অন্তরে অন্তরে বে-চিন্তবেদনা সঞ্চিত হইয়া উঠিতেছে তাহাকে ক্লাত্রম বলিয়া আত্মপ্রসাদক্ষীত ইংরেজ উড়াইয়া দিতে পার—মর্লি তাহাকে না মানাই রাষ্ট্রনীতিক সুবৃদ্ধিতা বলিয়া মনে করিতে পার এবং এলিয়ট তাহাকে পরাধীন জাতির ম্পর্ধামাত্র মনে করিয়া বন্ধনয়সেও দন্তের উপর দস্তবর্ধণের অসংগত চেষ্টা করিতে পার কিন্তু তাই বলিয়া অক্ষমেরও এই বেদনার হিসাব কি কেহই রাণিতেছে না মনে কর ! বলিষ্ঠ যখন মনে করে যে, নিজের অন্তায় করিবার অবাধ অধিকারকে সে সংযত করিবে না, কিন্তু ঈশবের বিধানে সেই অক্যায়ের বিরুদ্ধে যে অনিবার্য প্রতিকারচেট্টা মানবস্কুদয়ে ক্রমশই ধোঁৱাইরা ধোঁৱাইরা জলিয়া উঠিতে পাকে তাহাকেই একমাত্র অপরাধী করিয়া দলিত করিয়া দিয়া সম্পূর্ণ নিশ্চিম্ন থাকিবে তখনই বলের ছারাই প্রবল আপনার বলের মূলে আঘাত করে ;—কারণ তথন সে অশক্তকে আঘাত করে না—বিশ্ববদ্ধান্তের মূলে থে-শক্তি আছে সেই বজ্রশক্তির বিষ্ণয়ে নিজের বন্ধমৃষ্টি চালনা করে। যদি এমন কণা তোমরা বল ভারতবর্ষে আঞ্চ বে ক্ষোভ নিরন্ত্রকেও নিদারুণ করিয়া তুলিতেছে, যাহা অক্ষমের ধৈর্বকেও অভিভূত করিয়া তাহাকে নিশ্চিত আত্মঘাতের অভিমূবে তাড়না করিতেছে তাহাতে তোমাদের কোনো হাত নাই—তোমরা ক্রায়কে কোগাও পীডিত করিতেছ না, তোমরা স্বভাবসিদ্ধ অবজ্ঞা ও ঔহত্যের বারা প্রতিদিন তোমাদের উপকারকে উপরুতের নিকট নিভান্তই অঙ্গচিকর করিয়া তুলিভেছু না, ৰদি কেবল আমাদেরই দিকে তাকাইয়া এই কথাই বল বে, অক্তার্পের অসম্বোষ ভারতের পক্ষে অকারণ অপরাধ এবং অপমানের হঃবদাহ ভারতের পক্ষে নিরবচ্ছিত্র অভুতঞ্জভা, ভবে

সেই মিখ্যাবাক্যকে রাজতকে বসিরা বলিলেও তাহা ব্যর্থ হইবে এবং তোমাদের টাইম্সের পত্রলেথক, ভেলি মেলের সংবাদরচরিতা এবং পারোনিয়র-ইংলিশম্যানের সম্পাদকে মিলিয়া তাহাকে বিটিশ পশুরাজের ভীমগর্জনে পরিণত করিলেও সেই অসত্যের ঘারা তোমরা কোনো শুভকল পাইবে না। তোমার গায়ে জায়ে আহে বটে তব্ সত্যের বিশ্বদ্বেও তুমি চক্ রক্তবর্ণ করিবে এত জাের নাই। নৃতন আইনের ঘারা নৃতন লােহার শিকল গড়িয়া তুমি বিধাতার হাত বাঁধিতে পারিবে না।

অতএব মানবপ্রকৃতির সংগাতে বিশের নির্মে বে-আবর্ত পাক থাইর। উঠিতেছে তাহার ভাষণত্ব শ্বরণ করির। আমার প্রবন্ধটুকুর বারা তাহাকে নিরস্ত করিতে পারিব এমন হ্রালা আমার নাই। হ্র্কি যখন জাগ্রত হইরা উঠে তখন এ-কথা মনে রাধিতে হইবে সেই হ্র্কির মূলে বহুদিনের বহুতর কারণ সঞ্চিত হইরা উঠিতেছিল; এ-কথা মনে রাধিতে হইবে, যেগানে এক পক্ষকে সর্বপ্রকারে অক্ষম ও অমুপার করা হইরাছে সেগানে ক্রমলই অপর পক্ষের বৃদ্ধিত্রংল ও ধর্মহানি ঘটা একেবারেই অনিবার্থ—যাহাকে নির্বৃত্তই অপ্রক্ষা অসম্মান করি তাহার সহিত ব্যবহার করিয়া মামুষ কদাচই আশ্বসম্মানকে উজ্জ্বল রাধিতে পারে না—হ্র্বলের সংশ্রবে স্বল হিংশ্র হইয়া উঠে এবং অধানের সংশ্রবে শ্বাধীন অসংঘত হইতে থাকে;—শ্বভাবের এই নির্মকে কে ঠেকাইতে পারে গ অবশেষে অমিয়া উঠিতে উঠিতে ইহার কি কোথাও কোনোই পরিণাম নাই গ্রাধাহীন কর্তৃত্বে চরিত্রের অসংযম যখন বৃদ্ধির অদ্ধতাকে আনম্বন করে তথন কি কেবল তাহা দরিন্দ্রেরই ক্ষতি এবং ত্র্বপেরই হৃংধের কারণ হয় ?

এইরূপে বাহিরের আঘাতে বহিদন হইতে দেশের মধ্যে একটা উত্তেজনা ক্রমশই উদ্দীপ্ত হইরা উঠিতেছে এই অভাস্ক প্রভাক্ষ সভাটুকুকে কেহই অস্বীকার করিতে পারিবে না। এবং ইংরেজ সমস্ত শাসন ও সভর্কতা কেবল একটা দিকে কেবল ত্বলের দিকে চাপান দিয়া যে একটা অসমতার স্বাস্ট করিতেছে তাহাতে ভারতবাসীর সমস্ত বৃহ্দিকে সমস্ত কল্পনাকে সমস্ত বেদনাবোধকে অহরহ অতিরিক্ত পরিমাণে এই বাহিরের দিকেই, এই একটা নৈমিত্তিক উৎপাতের দিকেই উদ্রিক্ত করিয়া রাধিয়াছে তাহাতে সন্দেহ নাই।

অভএব এমন অবস্থার দেশের কোন্ কবাটা সকলের চেয়ে বড়ো কথা তাহা যদি একেবারেই ভূলিয়া যাই তবে তাহাতে আশ্চর্য হইবার কিছুই নাই। কিন্তু যাহা প্রাকৃতিক তাহা দুর্নিবার হইলেও তাহা সকল সময়ে শ্রেরন্থর হয় না। হদয়াবেগের তারতাকেই পৃথিবীয় সকল বাজবের চেয়ে বড়ো বাজব বলিয়া মনে করিয়া আময়া যে অনেক সময়েই ভয়ংকর শ্রমে পড়িয়া থাকি, সংসারে এবং নিজের ব্যক্তিগত জীবনে

পদে পদে তাহার পরিচয় পাইয়া আসিরাছি। জাতির ইতিহাসেও যে এ-কণা আরও অনেক বেশি থাটে তাহা দ্বিচিত্তে বিবেচনা করিয়া দেখা কর্তব্য।

"আছা, ভালো কথা, তুমি কোন্টাকে দেশের সকলের চেয়ে গুরুতর প্রয়োজন বলিয়া মনে কর" এই প্রশ্নটাই অনেকে বিশেষ বিরক্তির সহিত আমাকে জিঞাসাঁ করিবেন ইহা আমি অমুভব করিতেছি। এই বিরক্তিকে স্বীকার করিয়া লইয়াও আমাকে উত্তর দিতে প্রস্তুত হইতে হইবে।

ভারতবর্ষের সম্মুখে বিধাতা যে-সমস্রাট স্থাপিত করিয়াছেন তাহা অত্যন্ত ছ্বাহ ইইতে পারে কিন্তু সমস্রাট যে কী তাহা থুঁজিয়া পাওয়া কঠিন নহে। তাহা নিতান্তই আমাদের সম্মুখে পড়িয়া আছে; অন্ত দ্বদেশের ইতিহাসের নজিবের মধ্যে তাহাকে খুঁজিয়া বেড়াইলে তাহার সন্ধান পাওয়া যাইবে না।

ভারতবর্ষের পর্বভপ্রাস্ত হইতে সমূদ্রসীমা পর্যস্ত যে-জ্বিনিসটি সকলের চেয়ে স্মস্পষ্ট হইয়া চোবে পড়িতেছে সেটি কাঁ ? সেটি এই যে; এত ভিন্ন জাতি, ভিন্ন ভাষা, ভিন্ন আচার জগতে আর কোনো একটিমাত্র দেশে নাই।

পশ্চিমদেশের যে-সকল ইতিহাস ইস্কুলে পড়িয়াছি তাহার কোণাও আমগা এক্প সমস্তার পরিচর পাই নাই। যুরোপে যে-সকল প্রভেদের মধ্যে সংঘাত বাধিয়াছিল সে প্রভেদগুলি একান্ত ছিল না ;—তাহাদের মধ্যে মিলনের এমন একটি সহজ্ব তত্ত্ব ছিল যে, যথন তাহারা মিলিয়া গেল তপন তাহাদের মিলনের মুগে জ্বোড়ের চিক্টুকু পর্যস্থ খুঁ জিয়া পাওয়া কঠিন হইল। প্রাচীন যুরোপে গ্রীক রোমক গথ প্রভৃতি জ্বাতির মধ্যে বাহিরে শিক্ষাদীক্ষার পার্থক্য যতই থাক তাহারা প্রকৃতই একজাতি ছিল। তাহারা পরক্ষারের ভাষা, বিভা, রক্ত মিলাইয়া এক হইয়া উঠিবার জ্বল্প স্বভই প্রবণ ছিল। বিরোধের উত্তাপে তাহারা গলিয়া যথনই মিলিয়া গেছে তখনই বুঝা গিয়াছে তাহারা এক ধাতৃতেই গঠিত। ইংলণ্ডে একদিন স্থাকসন নর্মান ও কেণ্টিক জ্বাতির একত্র সংঘাত ঘুটিয়াছিল কিন্ত ইহাদের মধ্যে এমন একটি স্বাভাবিক ঐকাত্ব ছিল যে জ্বেতা জ্বাতি জ্বেতারূপে স্বতম্ব হইয়া থাকিতে পারিল না ; বিরোধ করিতে করিতেই কখন যে এক হইয়া গেল তাহা জানাও গেল না।

অতএব যুরোপীর সভ্যতার মাস্কবের সঙ্গে মাস্কবকে যে ঐক্যে সংগত করিরাছে তাহা সহজ ঐক্যা যুরোপ এখনও এই সহজ্ঞ ঐক্যাকেই মানে—নিজের সমাজের মধ্যে কোনো গুকতর প্রভেদকে স্থান দিতেই চার না, হয় তাহাকে মারিরা কেলে নম তাড়াইরা দের। যুরোপের যে-কোনো জ্ঞাতি হ'ক না কেন সকলেরই কাছে ইংরেজের উপনিবেশ প্রবেশবার উদ্ধাটিত রাধিরাছে আর এশিরাবাসীমাত্রই

ষাহাতে কাছে বেঁবিতে না পারে সেবস্ত তাহাদের সতর্কতা সাপের মতো ফোঁস করিয়া কণা মেলিয়া উঠিতেছে।

बुद्धारभव माम स्थव उपर्वंद वहेगाति भाषा हरेला स्वतं प्राप्त गारेला । ভারতবর্ষের ইতিহাস ব্ধনই শুরু হইল সেই মুহুর্তেই বর্ণের সঙ্গে বর্ণের, আর্থের সঙ্গে অনার্বের বিরোধ **বটিল।** তথন হইতে এই বিরোধের কুংসাধ্য সমন্বরের চেটায় ভারতবর্ধের চিত্ত ব্যাপ্ত রহিয়াছে। আর্থসমান্তে যিনি অবতার বলিয়া গণ্য সেই রাম6ক্র দাক্ষিণাত্যে আর্থ উপনিবেশকে অগ্রসর করিয়া দিবার উপলক্ষ্যে যেদিন গুহক চ গ্রাপরাক্ষের সহিত মৈত্রী স্থাপন করিয়াছিলেন, বেদিন কিছিদ্ধার অনার্বগণকে উচ্চিন্ন না করিয়া সহায়তায় দীক্ষিত করিয়াছিলেন, এবং লয়ার পরাস্ত রাক্ষসরাজ্যকে নিমূল করিবার চেষ্টা না করিয়া বিভীষণের সহিত বন্ধতার যোগে শত্রুপক্ষের শত্রুতা নিরস্ত করিয়াছিলেন, সেইদিন ভারতবর্বের অভিপ্রায় এই মহাপুরুষকে অবলম্বন করিয়া নিজেকে বাক্ত করিয়াছিল। তাহার পর হইতে আৰু পর্যন্ত এ-দেশে মান্তবের যে-সমাবেশ ঘটিয়াছে তাহার মধ্যে বৈচিত্র্যের আর অস্ত রহিল না। যে-উপকরণগুলি কোনোমতেই মিলিতে চাম না, ভাহাদিগকে একত্রে পাকিতে হইল। এমন ভাবে কেবল বোঝা তৈরি हम किन्द्र किन्द्र उदे प्रह गैथिया छेट्ठिएंड छात्र ना। जारे और त्यांका घाएं किन्नारे ভারতবর্গকে শত শত বংসর ধরিয়া কেবলই চেটা করিতে হইয়াছে, যাহারা বিচ্ছিন্ন কী উপায়ে সমাজের মধ্যে তাহারা সহযোগীরূপে থাকিতে পারে: যাহারা বিরুদ্ধ কী উপায়ে তাহাদের মধ্যে সামম্বন্তরকা করা সম্ভব হয়: যাহাদের ভিতরকার প্রভেদ মানবপ্রকৃতি কোনোমতেই অস্বীকার করিতে পারে না কিরুপ বাবস্থা করিলে সেই প্রভেদ যধাসম্ভব পরস্পারকে পীড়িত না করে:—অর্ধাং কী করিলে স্বাভাবিক ভেদকে স্বীকার করিতে বাধা হইয়াও সামাজিক ঐকাকে ব্যাসম্ভব মান্ত করা বাইতে পারে।

নানা বিভিন্ন লোক বেধানে একত্রে আছে সেধানকার প্রতিমূহুর্তের সমস্তাই এই বে, এই পার্থকোর পীড়া এই বিভেদের তুর্বলতাকে কেমন করিয়া দূর করা হাইতে পারে। একত্রে ধাকিতেই হইবে অধচ কোনোমতেই এক হইতে পারিব না মাহুবের পক্ষে এতবড়ো অমস্থল আর কিছুই হইতে পারে না। এমন অবস্থায় প্রথম চেষ্টা হয় প্রভেদকে সনিদিপ্ত গণ্ডিখারা স্বভন্ন করিয়া দেওরা;—পরস্পার পরস্পারকে আঘাত না করে সেইটি সামলাইয়া বাওরা; পরস্পারের চিহ্নিত অধিকারের সীমা কেছ কোনোদিক হইতে লক্ষ্মন না করে সেইরূপ বাবস্থা করা।

কিছ এই নিবেধের গণিওলি বাহা প্রথম অবস্থার বছবিচিত্রকে একত্রে অবস্থানে সহায়তা করে তাহাই কালক্রমে নানাকে এক হইয়া উঠিতে বাধা দিতে থাকে। তাহা আঘাতকেও বাঁচার তেমনি মিলনকেও ঠেকার। অশান্তিকে দ্বে শেদাইরা রাণাই বে শান্তিকে প্রতিষ্ঠা করা তাহা নহে। বস্তুত তাহাতে অশান্তিকে চিরদিনই কোনো একটা জারগার জিরাইরা রাখা হর; বিরোধকে কোনোমতে দ্বে রাণিলেও তব্ তাহাকে রাণা হয়—ছাড়া পাইলেই তাহার প্রলরমূর্তি হঠাং আসিরা দেখা দেয়।

শুধু তাই নয়। ব্যবস্থাবদ্ধভাবে একত্রে অবস্থানমাত্র মিলনের নেতিবাচক অবস্থা, ইতিবাচক নহে। তাহাতে মাহুব আরাম পাইতে পারে কিন্তু শক্তি পাইতে পারে না। শৃত্যলার ধারা কাব্দ চলে মাত্র, ঐক্যের ধারা প্রাণ জাগে।

ভারতবর্ষও এতকাল তাহার বহুতর অনৈক্য ও বিরুদ্ধতাকে একটি ব্যবস্থার মধ্যে টানিয়া প্রত্যেককে এক-একটি প্রকোষ্ঠে বন্ধ করিবার চেষ্টাতেই নিযুক্ত ছিল। অক্ষ কোনো দেশেই এমন স্ত্যকার প্রভেদ একত্রে আসিরা দাঁড়ায় নাই, স্ত্রাং অক্স কোনো দেশেরই এমন ত্রুসাধ্য সাধনে প্রবৃত্ত হইবার কোনো প্রয়োজনই হয় নাই।

নানা বিশৃষ্থল বিচ্ছিন্ন সত্য যখন স্কুপাকার হইয়া জ্ঞানের পণরোধ করিবার উপক্রম করে তথন বিজ্ঞানের প্রথম কান্ধ হয় তাহাদিগকে গুণকর্ম অফুসারে শ্রেণীবদ্ধ করিয়া কেলা। কিন্তু কি বিজ্ঞানে কি সমান্ধে শ্রেণীবদ্ধ করা আরম্ভের কান্ধ, কলেবরবদ্ধ করাই চূড়ান্ত ব্যাপার। ইটকাঠ চূনস্থরকি পাছে বিমিশ্রিত হইয়া পরম্পরকে নষ্ট করে এইজন্ম তাহাদিগকে ভাগ ভাগ করিয়া সাজাইয়া রাগাই যে ইমারত নির্মাণ করা তাহা নহে।

আমাদের দেশেও শ্রেণীবিভাগ হইরা আছে কিন্তু রচনাকার্য হর আরম্ভ হর নাই,
নয় অধিকদূর অগ্রসর হইতে পারে নাই। একই বেদনার অন্তভূতির বারা আজ্যোপাস্থ
আবিই, প্রাণমর রসরক্তমর সায়ুপেনীমাংসের বারা অন্থিরাশি বেমন করিরা ঢাকা পড়ে
তেমনি করিয়াই বিধিনিবেধের শুক্ত কঠিন ব্যবস্থাকে একেবারে আচ্চর এবং অস্তরাল
করিরা দিয়া যখন একই সরস অন্তভূতির নাড়িজাল সমগ্রের মধ্যে প্রাণের চৈতক্তকে ব্যাপ্ত
করিয়া দিবে তখনই জানিব মহাজাতি দেহধারণ করিয়াছে।

আমরা বে-সকল দেশের ইতিহাস পড়িরাছি তাহারা বিশেব বিশেব পথ দিরা নিজের সিদ্ধির সাধনা করিরাছে। বে বিশেব অমন্তল তাহাদের পরিপূর্ণ বিকাশের অন্ধরার, তাহারই সকে তাহাদিগকে লড়িতে হইরাছে। একদিন আমেরিকার একটি সমস্তা এই ছিল বে, উপনিবেশিকদল এক জারগার, আর তাহাদের চালকশক্তি সম্প্রপারে,—ঠিক বেন মাথার সক্ষে ধড়ের বিচ্ছেদ—এরপ অসামঞ্জস্ত কোনো জাতির পক্ষে বহন করা অসম্ভব। ভূমির্চ শিশু বেমন মাতৃগর্ভের সক্ষে কোনো বন্ধনে বাঁধা থাকিতে পারে না—নাড়ি ছেদন করিরা দিতে হয়—তেমনি আমেরিকার সন্মূপে বেদিন এই নাড়ি ছেদনের

প্ররোজন উপন্থিত হইল সেদিন সে ছুরি কইরা তাহা বাটিল। একদিন ফ্রান্সের সম্প্র একটি সমস্তা এই ছিল বে, সেধানে শাসরিতার দল ও শাসিতের দল ধদিচ একই জাতিস্কুক্ত তথাপি তাহাদের পরস্পরের জীবনযাত্রা ও বার্থ এতই সম্পূর্ণ বিরুদ্ধ হইরা উঠিয়াছিল বে সেই অসামঞ্জন্তের শীড়ন মাহুবের পক্ষে তুর্বহ হইরাছিল। এই কারণে এই আত্মবিচ্ছেদকে দূর করিবার জন্ত ফ্রান্সকে রক্তপাত করিতে হইরাছিল।

বাষ্ণত দেখিতে গেলে, সেই আমেরিকা ও ফ্রান্সের সমস্তার সঙ্গে ভারতবর্ধের মিল আছে। ভারতবর্ধেও শাসরিতা ও শাসিত পরস্পর অসংলর । তাহাদের পরস্পর সমস্বর্ধা ও সমবেদনার কোনো যোগই নাই। এমন স্থলে শাসনপ্রণালীর মধ্যে প্রবাবস্থার অভাব না ঘটিতে পারে ;—কিন্তু কেবলমাত্র ব্যবস্থার অপেক্ষা মান্থবের প্রয়োজন অনেক বেশি। যে-আনন্দে মান্থব বাঁচে এবং মান্থব বিকাশ লাভ করে, তাহা কেবল আইন-আদালত স্প্রতিষ্ঠিত ও ধনপ্রাণ স্থরক্ষিত হওরা নহে। কল কথা, মান্থব আধ্যাত্মিক জীব—তাহার শরীর আছে, মন আছে, হাদর আছে—তাহাকে তৃপ্ত করিতে গেলে তাহার সমস্তকেই তৃপ্ত করিতে হয়—যে-কোনো পদার্থে সজীব সর্বাদীণতার অভাব আছে তাহাতে সে পীড়িত হইবেই;—তাহাকে কোন করিয়া দেওয়া গেল সেই হিসাবটা আরও বড়ো হিসাব। উপকার তাহার পক্ষে বোঝা হইয়া উঠে য়দি সেই উপকারের সঙ্গে সঙ্গে আত্মশক্তির উপলব্ধি না থাকে। সে অত্যন্ত কঠিন শাসনও নীরবে সঞ্চ করিতে পারে, এমন কি স্বতঃপ্রবৃত্ত হইয়া তাহাকে বরণ করিতে পারে মদি তাহার সঙ্গে করিয়া রাখিতে পারে না।

অধান বেধানে শাসন্থিতা ও শাসিত পরস্পার দূরবর্তী ইইয়া থাকে, উভরের মাঝখানে প্রবোজনের অপেক্ষা উচ্চতর আত্মীরতর কোনো সম্পর্ক স্থাপিত ইইতে বাধা পায়, সেধানে রাইব্যাপার যদি অত্যন্ত ভালোও হয় তবে তাহা বিশুদ্ধ আপিস-আদালত এবং নিতান্তই আইনকাত্মন ছাড়া আর কিছু ইইতেই পারে না। কিন্তু তৎসন্থেও মাত্মর কেন যে কেবলই কুশ হইতে থাকে, তাহার অন্তর বাহির কেন যে আনন্দহীন হইয়া উঠে তাহা কর্তা কিছুতেই বৃত্তিতে চান না, কেবলই রাগ করেন—এমন কি, ভোকাও ভালো করিয়া নিজেই বৃত্তিতে পারে না। অতএব শাসন্থিতা ও শাসিত পরস্পার বিচ্ছিয় থাকাতে যে জীবনহীন শুদ্ধ শাসনপ্রধালী ঘটা একেবারেই জনিবার্থ, ভারতের ভাগ্যে তাহা ঘটিয়াছে সে-কর্থা কেইই অধীকার করিতে পারে না।

তাহার পরে অটাম্ন শতানীর ফ্রানের সলে বর্তমান ভারতের একটা মিল

আছে সে-কণাও মানিতে হইবে। আমাদের শাসনকর্তাদের জীবনধাতা আমাদের চেনে ষ্মনেক বেশি ব্যয়সাধ্য। তাঁহাদের খাওয়াপরা বিলাসবিহার, তাঁহাদের সমূত্রের এপার ওপার ছই পারের রসদ জোগানো, তাঁহাদের এখানকার কর্মাবসানে বিলাতি অবকাশের আরামের আরোজন এ-সমস্ত আমাদিগকে করিতে হইতেছে: দেখিতে দেখিতে তাঁহাদের বিলাসের মাত্রা কেবলই অভ্যস্ক বাড়িয়া চলিয়াছে তাহা সকলেই ব্দবগত আছেন। এই সমন্ত বিলাসের খরচা জোগাইবার ভার এমন ভারতবর্ষের ষাহার ছইবেলার অন্ন পুরা পরিমাণে জোটে না। এমন অবস্থায় বাহারা বিলাসী প্রবলপক্ষ, তাহাদের অন্তঃকরণ নির্মম হইয়া উঠিতে বাধা। যদি তাহাদিগকে কেহ বলে ওই দেখো এই হতভাগাগুলা বাইতে পায় না, তাহারা প্রমাণ করিতে ব্যস্ত হয় एक देशास्त्र भएक अटेक्नभ चाउबारे वाजाविक अवः हेशारे म्हारे एकना किनानि পনেরো-কৃড়ি টাকায় ভূতের বাটুনি বাটিয়া মরিতেছে মোটা মাহিনার বড়ো সাহেব ইলেকট্রিক পাধার নিচে বসিয়া একবার চিন্তা করিতেও চেষ্টা করে না যে, কেমন করিয়া পরিবারের ভার লইয়া ইহাদের দিন চলিতেছে। তাহারা মনকে শাস্থ স্পন্ধির রাবিতে চাম নতুবা তাহাদের পরিপাকের ব্যাঘাত এবং মন্ততের বিকৃতি ঘটে। 'এ-কণ্। ব্যন নিশ্চিত যে আলে তাহাদের চলে না, এবং ভারতবর্ষের উপরেই ভাহাদের নির্ভর তখন তাহাদের তুলনায় তাহাদের চারিদিকের লোকে কী শায় পরে কেমন করিয়া দিন কাটায় তাহ। নিঃস্বার্থভাবে তাহারা বিচার কপনোই করিতে পারে না। বিশেষত এক-আধন্তন লোক তো নয়—কেবল তো একটি রাজা নয় একজন সম্রাট নয়— একেবারে একটি সমগ্র জাতির বাবুয়ানার সম্বল এই ভারতবর্ষকে জ্বোগাইতে হইবে। ধাহারা বহুদ্রে থাকিয়া রাজার হালে বাঁচিয়া থাকিতে চায় তাহাদের জন্ত আস্মীয়তা-সম্পর্কপূন্ত অপরজাতিকে অন্নবন্ত্র সময় সংকীর্ণ করিয়া আনিতে হইতেছে এই যে নিষ্টুর অসামঞ্চন্ত ইহা যে প্রতিদিন বাড়িয়াই চলিল তাহা কেবল তাহারাই অন্ধীকার করিতেছেন গাঁহাদের পক্ষে আরাম অত্যন্ত আবক্তক হইর। উঠিয়াছে।

অতএব, একপক্ষে বড়ো বড়ো বেতন, মোটা পেনশন এবং লখা চাল, অক্তপক্ষে নিতান্ত ক্লেশে আথপেটা আহারে সংসার্থাত্তা নির্বাহ।—অবস্থার এই অসংগতি একেবারে গারে গারে সংলগ্ন। তথু অন্ধরন্ত্রের হীনতা নহে, আমাদের তরকে সম্মানে লাখব এত অত্যন্ত অধিক, পরস্পরের মূল্যের তারতম্য এত অতিমাত্ত্র, বে, আইনের পক্ষেও পক্ষপাত বাঁচাইরা চলা অসাধ্য; এমন স্থলে বত দিন মাইতেছে ভারতবর্বের বক্ষের উপর বিদেশীর ভার ততাই গুরুতর হইতেছে, উভরপক্ষের মধ্যেকার অসাম্যানিরতিশর অপরিমিত হইরা উঠিতেছে ইহা আজু আর কাহারও বৃক্তিতে বাকি নাই।

ইহাতে একদিকে বেদনা ষতই দুঃসহ হইতেছে আর-একদিকে অসাড়তা ও অবজ্ঞা ততই গভীরতা লাভ করিতেছে। এইরপ অবস্থাই বদি টিকিরা বায় তবে ইহাতে একদিন না একদিন বড় আনিয়া উপস্থিত করিবে তাহাতে সন্দেহ নাই।

থ এইরূপ ক্তক্টা ঐক্য থাকা সন্ত্বেও তথাপি আমাদিগকে বলিতে হইবে বিপ্লবের পূর্বে আমেরিকা ও ফ্রান্সের সম্মুবে বে একমাত্র সমস্রা বর্তমান ছিল—অর্থাং বে-সমস্রাটির মীমাংসার উপরেই তাহাদের মৃক্তি সম্পূর্ণ নির্ভর করিত আমাদের সম্মুবে সেই সমস্রাটি নাই। অর্থাং আমরা যদি দরধান্তের জ্যোরে বা গারের জ্যোরে ইংরেজকে ভারতবর্ষ হইতে বিদার লইতে রাজি করিতে পারি তাহা হইলেও আমাদের সমস্রার কোনো মীমাংসাই হয় না;—তাহা হইলে হয় ইংরেজ আবার ফিরিয়া আসিবে, নয়, এমন কেহ আসিবে যাহার মৃথের গ্রাস এবং পেটের পরিধি ইংরেজের চেয়ে হয়তো ছোটো না হইতে পারে।

এ-কথা বলাই বাহল্য, যে-দেশে একটি মহাঞ্চাতি বাধিয়া ওঠে নাই সে-দেশে বাধীনতা হইতেই পারে না। কারণ বাধীনতার "ব" জিনিসটা কোথার? বাধীনতা কাহার বাধীনতা ? ভারতবর্বে বাঙালি ধদি বাধান হর তবে দাক্ষণাত্যের নারর জাতি নিজেকে বাধীন বলিয়া গণ্য করিবে না এবং পশ্চিমের জাঠ যদি বাধীনতা লাভ করে তবে প্রপ্রান্তের আসামি তাহার সঙ্গে একই ফল পাইল বলিয়া গোরব করিবে না। এক বাংলাদেশেই হিন্দুর সঙ্গে মুসলমান যে নিজের ভাগ্য মিলাইবার জন্ত প্রস্তুত এমন কোনো লক্ষ্মণ দেখা যাইতেছে না। তবে বাধীন হইবে কে ? হাতের সঙ্গে পা, পারের সঙ্গে মাধা যধন একেবারে পৃথক হইয়া হিসাব মিলাইতে গাকে তথন লাভ বলিয়া জিনিসটা কাহার ?

এমন ভর্কণ তনা যার যে, যতদিন আমরা পরের কড়া শাসনের অধীন হইরা থাকিব ভতদিন আমরা জাত বাধিয়া তুলিতেই পারিব না পদে পদে বাধা পাইব এবং একত্র মিলিরা যে-সকল বড়ো বড়ো কাঞ্চ করিতে, করিতে পরস্পরে মিল হইরা যার সেই সকল কাজের অবসরই পাইব না। এ-কথা যদি সত্য হর তবে এ সমস্পার কোনো মীমাংসাই নাই। কারণ, বিজিয়ে কোনোদিনই মিলিতের সজে বিরোধ করিয়া শ্বলাভ করিতে পারে না; বিজিয়ের মধ্যে সামর্থ্যের ছিন্নতা, উদ্দেশ্যের ছিন্নতা, অধ্যবসারের ছিন্নতা। বিজিয়ে জিনিস জড়ের মতো পড়িয়া থাকিলে তবু টিকিরা থাকে কিন্তু কোনো উপারে কোনা বার্বেগে তাহাকে চালনা করিতে গেলেই সে ছড়াইরা পড়ে, সে ভাঙিরা যার, তাহার এক অংশ অপর অংশকে আযাত করিতে থাকে; তাহার অভ্যন্তরের সমন্ত মুর্বলতা নানা মৃতিতে জানিরা উঠিয়া তাহাকে বিনাশ

করিতে উন্নত হয়। নিজেরা এক না হইতে পারিলে আমরা এমন কোনো এককে স্থানচ্যুত করিতে পারিব না ধাহা কৃত্রিমভাবেও সেই ঐক্যের স্থান প্রণ করিরা আছে।

শুধু পারিব না তাহা নহে, কোনো নিতান্ত আকৃষ্মিক কারণে পারিলেও যে একটিমাত্র বাহ্যবন্ধনে আমরা বিশ্বত হইরা আছি তাহাও ছিন্ন হইরা পড়িবে। তখন আমাদের নিজের মধ্যে বিরোধ বাধিলে, আমরা কোনো এক প্রকার করিয়া, কিছুকাল মারামারি-কাটাকাটির পর তাহার একটা-কিছু মীমাংসা করিয়া লইব ইহাও সম্ভব হইবে না। আমাদিগকে সেই সময়টুকুও কেহ দিবে না। কারণ, আমরাই যেন আমাদের স্বোগের স্ববিধাটুকু লইবার জন্ত প্রস্তুত না থাকিতে পারি, কিন্তু জগতে যে-সকল প্রবল্ন জাতি সমরে অসময়ের সবদাই প্রস্তুত হইয়া আছে তাহারা আমাদের ঘরাও যুদ্ধকাও, অভিনয়ের দর্শকদের মতো, দ্বে বসিয়া দেখিবে না। ভারতবর্ষ এমন স্বান নহে, লুবের চক্ষ্ থাহার উপর হইতে কোনোদিনই অপসারিত হইবে।

অতএব বে-দেশে বহু বিচ্ছিন্ন জাতিকে লইন্না এক মহাঞাতি তৈরি হইন্না উঠে নাই সে-দেশে ইংরেজের কর্তৃত্ব থাকিবে কি না থাকিবে সেটা আলোচনার বিষয় নছে; সেই মহাঞাতিকে গড়িন্না তোলাই সেখানে এমন একটি উদ্দেশ্য অন্য সমন্ত উদ্দেশ্যই যাহার কাছে মাথা অবনত করিবে—এমন কি, ইংরেজ রাজত্ব যদি এই উদ্দেশ্যসাধনের সহায়তা করে তবে ইংরেজ-রাজথকে ও আমাদের ভারতবর্ষেরই সামশ্রী করিন্না স্বাকার করিন্না লইতে হইবে। তাহা অন্তরের সহিত প্রীতির সহিত স্বীকার করিবার অনেক বাধা আছে। সেই বাধাগুলিকে দূর করিন্না ইংরেজ-রাজত্ব কাঁ করিলে আমাদের আন্মাদানকে পীড়িত না করে, কাঁ করিলে তাহার সহিত্ত আমাদের গোঁরবকর আন্মাদ্র সমন্ত স্থাপিত হইতে পারে এই অতিকঠিন প্রশ্নের মীমাংসাভারও আমাদিগকে লইতে হইবে। রাগ করিন্না যদি বলি, "না আমরা চাই না" তবু আমাদিগকে চাহিতেই হইবে কারণ যতক্ষণ পর্যন্ত আমরা এক হইন্না মহাঞাতি বাধিন্না উঠিতে না পারি ততক্ষণ পর্যন্ত ইংরেজ-রাজত্বের যে-প্ররোজন তাহা কখনোই সম্পূর্ণ হইবে না।

আমাদের দেশের সকলের চেরে বড়ো সমস্তা যে কাঁ, অল্পদিন হইল বিধান্তা তাছার প্রতি আমাদের সমস্ত চেতনাকে আকর্ষণ করিয়াছিলেন। আমরা সেদিন মনে করিয়াছিলাম, পার্টিশন-ব্যাপারে আমরা যে অত্যন্ত কুল্ল হইয়াছি ইহাই ইংরেজকে দেশাইব, আমরা বিলাতি নিমকের সম্বন্ধ কাটিব এবং দেশের বিলাতি বল্লহরণ না করিয়া জলগ্রহণ করিব না। পরের সক্ষে যুহুঘোষণা বেমনি করিয়াছি অমনি বরের মধ্যে এমন একটা গোল বাধিল যে, এমনতরো আর কবনো দেখা যায় নাই। হিন্তে মুসলমানে বিরোধ হঠাৎ অত্যন্ত মর্যান্তিকরূপে বীভ্যুৎস হইয়া উঠিল।

এই ব্যাপার আমাদের পক্ষে যতই একান্ত কষ্টকর হউক কিন্তু আমাদের এই লিক্ষার প্রবাজন ছিল। এ-কথা আমাদের সম্পূর্ণ নিশ্চিতরূপেই জানা আবশুক ছিল, আমাদের দেশে ছিন্দু ও মূসলমান যে পৃথক এই বান্তবটিকে বিশ্বত হইরা আমারা যে-কাজ করিতেই বাই না কেন এই বান্তবটি আমাদিগকে কখনোই বিশ্বত হইবে না। এ-কথা বলিয়া নিজেকে ভূলাইলে চলিবে না যে, হিন্দুমূসলমানের সম্বন্ধের মধ্যে কোনো পাপই ছিল না, ইংরেজই মূসলমানকে আমাদের বিক্লন্ধ করিয়াছে।

ইংরেজ যদি মৃস্পমানকে আমাদের বিক্লকে সত্যই দাঁড় করাইরা থাকে তবে ইংরেজ আমাদের একটি পরম উপকার করিয়াছে—দেশের বে একটি প্রকাণ্ড বান্তব সত্যকে আমরা মৃঢ়ের মতো না বিচার করিয়াই দেশের বড়ো বড়ো কাজের আরোজনের হিসাব করিতেছিলাম, একেবারে আরজেই তাহার প্রতি ইংরেজ আমাদের দৃষ্টি ফিরাইয়ছে। ইহা হইতে কোনো শিক্ষাই না লইরা আমরা যদি ইংরেজের উপরেই সমন্ত রাগের মাত্রা চড়াইতে থাকি তবে আমাদের মৃচতা দৃর করিবার জন্ম পুনর্বার আমাদিগকে আঘাত সহিতে হইবে;—যাহা প্রকৃত যেমন করিয়াই হউক তাহাকে আমাদের ব্রিতেই হইবে;—কোনোমতেই তাহাকে এড়াইয়া চলিবার কোনো পন্থাই নাই।

এই সঙ্গে একটা কথা বিশেষ করিয়া মনে রাখিতে ছইবে যে, হিন্দু ও মুসলমান, অথবা হিন্দুদের মধ্যে জিল্ল ভিন্ন বিভাগ বা উচ্চ ও নীচ বর্ণের মধ্যে মিলন না হইলে আমাদের কাঞ্চের ব্যাঘাত হইতেছে অভএব কোনোমতে মিলনসাধন করিয়া আমরা বল লাভ করিব এই কথাটাই সকলের চেয়ে বড়ো কথা নয়, স্থতরাং ইহাই সকলের চেয়ে সভা কথা নয়ে।

আমি পূর্বেই বলিয়াছি, কেবলমাত্র প্ররোজনদাধনের স্থানগ, কেবলমাত্র স্থাবস্থার চেয়ে অনেক বেশি নছিলে মান্তবের প্রাণ বাঁচে না। বিশু বলিয়া গিয়াছেন মান্তব কেবলমাত্র প্রটির ছারা জীবনধারণ করে না; তাহার কারণ, মান্তবের কেবল শারীর জীবন নছে। সেই বৃহৎ জীবনের গান্তাভাব ঘটিতেছে বলিয়া ইংরেজ-রাজত্ব সকলপ্রকার স্থাসনসত্ত্বেও আমাদের আনন্দ শোসণ করিয়া লইতেছে।

কিন্তু এই বে পাছাভাব এ যদি কেবল বাহির হইতেই ইংরেজ-শাসন হইতেই ঘটত তাহা হইলে কোনোপ্রকারে বাহিরের সংশোধন করিতে পারিলেই আমাদের কাব সমাধা হইরা বাইত। আমাদের নিজের অন্তঃপুরের ব্যবস্থাতেও দীর্ঘকাল হইতেই এই উপবাসের ব্যাপার চলিরা আসিতেছে। আমরা হিন্দু ও মুসলমান, আমরা ভারতবর্বের ভিন্ন প্রেদেশীর হিন্দুভাতি এক জারগায় বাস করিতেছি বটে কিন্তু মাছ্য যাছ্যকে কটির চেরে যে উচ্চতর বাছ জোগাইরা প্রাণে শক্তিতে আনক্ষে পরিপুট করিয়া তোলে

আমরা পরস্পরকে সেই ধান্ত হইতেই বঞ্চিত করিরা আসিরাছি। আমাদের সমস্ত হদরবৃত্তি সমস্ত হিতচেষ্টা, পরিবার ও বংশের মধ্যে, এবং এক-একটি সংকীর্ণ সমাজের মধ্যে এতই অতিশব পরিমাণে নিবদ্ধ হইরা পড়িরাছে বে, সাধারণ মান্থবের সদে সাধারণ আত্মীরতার বে বৃহৎ সদদ্ধ তাহাকে শীকার করিবার সদল আমরা কিছুই উদ্বৃত্ত রাধিনাই। সেই কারনে আমরা শীপপুঞ্জের মতোই বতু বতু হইয়া আছি, মহাদেশের মতো ব্যাপ্ত বিস্তৃত ও এক হইয়া উঠিতে পারি নাই।

প্রত্যেক ক্ষুদ্র মান্থবটি বৃহৎ মান্থবের সঙ্গে নিজের ঐক্য নানা মঞ্চলের খারা নানা আকারে উপলব্ধি করিতে থাকিবে। এই উপলব্ধি তাহার কোনো বিশেষ কার্যসিন্ধির উপায় বলিয়াই গোরবের নহে, ইহা তাহার প্রাণ, ইহাই তাহার মহল্যত্ব অর্থাৎ তাহার ধর্ম। এই ধর্ম হইতে সে যে-পরিমাণেই বঞ্চিত হর সেই পরিমাণেই সে তই হয়। আমাদের ত্র্তাগাক্রমে বছদিন হইতেই ভারতবর্ধে আমরা এই ত্রুক্তাকে প্রশ্রম্ব দিয়া আসিয়াছি। আমাদের জ্ঞান, কর্ম, আচারবাবহারের, আমাদের সর্বপ্রকার আদানপ্রদানের বড়ো বড়ো রাজ্পপ এক-একটা ছোটো ছোটো ইওলার সম্মণে আসিয়া পত্তিত হইয়া গিয়াছে, আমাদের হদয় ও চেয়া প্রধানত আমাদের নিজের ঘর নিজের গ্রামের মধ্যেই ঘ্রিয়া বেড়াইয়াছে, তাহা বিশ্বমানবের অভিমূশে নিজেকে উদ্ঘাটিত করিয়া দিবার অবসর পায় নাই। এই কারণে আমরা পারিবারিক আরাম পাইয়াছি, ক্ষ্ম্ম সমাজের সহায়তা পাইয়াছি কিন্ধ বৃহৎ মান্থবের শক্তি ও সম্পূর্ণতা হইতে আমরা অনেকদিন হইতে বঞ্চিত হইয়া দৌনহীনের মতো বাস করিতেছি।

সেই প্রকাণ্ড অভাব পূরণ করিবার উপায় আমরা নিজের মধ্যে হইভেই যদি
বীধিয়া তুলিতে না পারি তবে বাহির হইতে তাহা পাইব কেমন করিরা? ইংরেজ
চলিয়া গেলেই আমাদের এই ছিদ্র পূরণ হইবে আমরা এ করনা কেন করিতেছি?
আমরা যে পরস্পরকে শ্রদা করি নাই, সহায়তা করি নাই, আমরা যে পরস্পরকে
চিনিবার মাত্রও চেষ্টা করি নাই, আমরা যে এতকাল "বর হইতে আভিনা বিদেশ"
করিয়া বিসিয়া আছি;—পরস্পর সম্বন্ধে আমাদের সেই উদাসীক্ত, অবজ্ঞা, সেই বিরোধ
আমাদিগকে যে একান্তই ঘূচাইতে হইবে সে কি কেবলমাত্র বিলাভি কাপড় তাাগ
করিবার স্থবিধা হইবে বলিয়া, সে কি কেবলমাত্র ইংরেজ কর্তৃপক্ষের নিকট নিজের
শক্তি প্রচার করিবার উদ্দেশে? এ নহিলে আমাদের ধর্ম পীড়িত হইতেছে,
আমাদের মহয়্মত্ব সংকৃচিত হইতেছে; এ নহিলে আমাদের বৃদ্ধি সংকীর্ণ হইবে, আমাদের
আনের বিকাশ হইবে না—আমাদের ত্র্বল চিত্ত শত শত অভসংভারের দারা জড়িত
হইরা থাকিবে—আমরা আযাদের অন্তর-বাহিরের সমন্ত অধীনতার বন্ধন ছেলন করিয়া

নির্ভাব নিংসংকোচে বিশ্বসমাজের মধ্যে মাথা ভূলিতে পারিব না। সেই নির্ভাক নির্বাধ বিপুল মহারহের অধিকারী হইবার জক্তই আমাদিগকে পরস্পারের সঙ্গে পরস্পারকে ধর্মের বন্ধনে বাধিতে হইবে। ইহা ছাড়া মান্তব কোনোমতেই বড়ো হইতে পারে না, কোনোমতেই বড়া হইতে পারে না। ভারতবর্বে যে-কেহ আছে যে-কেহ আসিরাছে, সকলকে লইরাই আমরা সম্পূর্ণ হইব—ভারতবর্বে বিশ্বমানবের একটি প্রকাণ্ড সমস্তার মীমাংসা হইবে। সে-সমস্তা এই যে, পৃথিবীতে মান্তব বর্ধে, ভাষার বভাবে আচরণে ধর্মে বিচিত্র—নরদেবতা এই বিচিত্রকে লইরাই বিরাট—সেই বিচিত্রকে আমরা এই ভারতবর্বের মন্দিরে একাল করিরা দেখিব। পার্থক্যকে নির্বাসিত বা বিলুপ্ত করিয়া নহে কিন্তু সর্বত্র বন্ধের উদার উপলব্ধি ছারা; মানবের প্রতি সর্বসহিষ্কৃ পরমপ্রেমের ঘারা; উচ্চনীচ আস্থীরপার সকলের সেবাতেই ভগবানের সেবা স্বীকার করিরা। আর কিছু নহে ভলচেরার ছারা দেশকে কর করিয়া লঙ্গ—মাহারা ভোমাকে সন্দেহ করে তাহাদের সন্দেহকে পরান্ত করো। ক্ষম্ব ছারা গেশকে করে করিয়া বারা কেবলে করে নাহারা ভোমার প্রতি বিহের করে তাহাদের বিষেবকে পরান্ত করো। ক্ষম্ব ছারা হারে আঘাত করো—কোনো নৈরান্তে কোনো আরাভিমানের ক্ষ্মতার ক্রিরা ঘাইরো না; মান্তবের হাদর মান্তবের হাদর মান্তবের হাল্যন ক্রিরা ঘাইরো না; মান্তবের হাদর মান্তবের হাল্যকে চিরদিন কগনোই প্রত্যাধান করিতে পারে না।

ভারতবর্ষের আহ্বান আমাদের অন্করেণকে স্পর্গ করিয়াছে। সেই আহ্বান ষে সংবাদপত্রের ক্রুদ্ধ গর্জনের মধ্যেই ধ্বনিত ইইরাছে বা হিংল্ল উত্তেজনার ম্পরতার মধ্যেই তাহার ধণার্থ প্রকাশ এ-কণা আমরা শ্রাকার করিব না কিন্তু সেই আহ্বান যে আমাদের অন্ধরাশ্বাকে উদ্বোধিত করিতেছে তাহা তথনই বুরিতে পারি ধখন দেখি আমরা জাতি-বর্গ-নির্বিচারে ছুভিক্ষকাত্রের বাবে অন্ধপাত্র বহন করিয়া লইয়া চলিয়াছি, যখন দেখি ভ্রমাভ্রম বার্লার প্রবাসে সমাগত যাত্রীদের সহায়তার জন্ম আমরা বছপরিকর ইইয়াছি, যখন দেখি রাজপুক্রদের নির্মম সন্দেহ ও প্রতিক্লতার ম্পেও অন্তাচার-প্রতিরোধের প্রয়োজনকালে আমাদের যুবকদিগকে কোনো বিপদের সন্থাবনা বাধা দিতেছে না। সেবার আমাদের সংকোচ নাই, কর্তব্যে আমাদের তর ঘৃটিয়া গিয়াছে, পরের সহায়তার আমরা উচ্চনীচের বিচার বিশ্বত ইইয়াছি, এই যে স্থলক্ষণ দেখা দিয়াছে ইহা হইতে বুরিয়াছি, এবার আমাদের উপরে যে-আহ্বান আসিয়াছে তাহাতে সমস্ত সংকীবতার অন্ধরাল হইতে আমাদিগকে বাহিরে আনিবে—ভারতবর্ষে এবার মাহুবের দিকে মান্থ্যের টান পড়িয়াছে। এবারে, যেখানে বাহার কোনো অভাব তাহা পূর্ণ করিবার জন্ম আমাদিগকে বাইতে হইবে;—আর স্বান্থ্য ও শিক্ষা বিতরণের জন্ম আমাদিগকে নিক্ত পরীর প্রান্তে নিজের জীবন উৎসর্গ করিতে হইবে; আমাদিগকে নিক্ত পরীর প্রান্তে নিজের জীবন উৎসর্গ করিতে হইবে; আমাদিগকে নাইনে জামাদিগকে নিক্ত পরীর প্রান্তে নিজের জীবন উৎসর্গ করিতে হইবে; আমাদিগকে

আর কেছই নিজের স্বার্থ ও স্বচ্ছন্দতার মধ্যে ধরিয়া রাধিতে পারিবে না। বছদিনের শুক্তা ও আনার্ষ্টির পর বর্ধা ধরন আসে তখন সে ঝড় লাইয়াই আসে—কিন্তু নববর্ধার সেই আরম্ভকালীন ঝড়টাই এই নৃতন আবির্ভাবের সকলের চেয়ে বড়ো অন্ধ নহে, তাহা স্থায়ীও হয় না। বিদ্যাতের চাঞ্চল্য বক্সের গর্জন এবং বায়ুর উন্মন্ততা আপনি লার্ত্ত হইয়া আসিবে,—তখন মেঘে মেঘে জোড়া লাগিয়া আকাশের পূর্বপশ্চিম প্রিয়তায় আর্ত হইয়া ঘাইবে—চারিদিকে ধারাবর্ধণ হইয়া তৃষিতের পাত্রে জল ভরিয়া উঠিবে এবং স্থিতের ক্ষেত্রে অল্লের আশা অন্থ্রিত হইয়া তৃষ্ট চক্ষ্ জুড়াইয়া দিবে। মন্ধলে পরিপূর্ণ সেই বিচিত্র সকলতার দিন বছকাল প্রতীক্ষার পরে আজ্ব ভারতবর্ধে দেখা দিয়াছে এই কথা নিশ্চর জানিয়া আমরা সেন আনন্দে প্রস্তুত হই। কিসের জন্ম ? ঘর ছাড়িয়া মাঠের মধ্যে নামিবার জন্ম, মাটি চিষবার জন্ম, বীজ বুনিবার জন্ম, তাহার পরে সোনার ক্ষমলে যপন লন্দ্রীর আবির্ভাব হইবে তথন সেই লন্দ্রীকে ঘরে আনিয়া নিত্যোৎসবের প্রতিষ্ঠা করিবার জন্ম।

2026

# সমূহ

# मयूर

## দেশনায়ক

সৈশ্রদন যথন বৰক্ষেত্রে যাত্রা করে, তথন যদি পালের গলি হইতে ভাহাদিগকে কেহ গালি দের বা গারে চিল ছুঁড়িরা মারে তবে ভগনই ছত্রভঙ্গ হইয়া অপমানের প্রতিলোধ লইবার জক্ষ ভাহারা পালের গলিতে ছুটিয়া যায় না। এ অপমান ভাহাদিগকে স্পর্শন্ত করিতে পারে না—কারণ, ভাহাদের সম্মুণে বৃহৎ সংগ্রাম, ভাহাদের সম্মুণে মহৎ মৃত্যু। তেমনি যদি আমরা যণার্থভাবে আমাদের এই বৃহৎ দেশের কাজ করিবার দিকে যাত্রা করি, তবে ভাহারই মাহাজ্যে ছোটোবড়ে। বহুতর বিক্ষোভ আমাদিগকে স্পর্শ ই করিতে পারে না—তবে ক্ষণে ক্রণে এক-একটা রাগারাগির ছুভা লইয়া ছুটাছুটি করিয়া বৃথা যাত্রাভক্ষ করিতে প্রবৃত্তি হয় না।

আমাদের দেশে সম্প্রতি যে-সকল আন্দোলন-আলোচনার টেউ উঠিয়াছে, তাহার মধ্যে অনেকটা আছে বাহা কলহমাত্র। নি:সন্দেহই দেশবংসল লোকেরা এই কলহের কল্প অস্তবে-অস্তবে লক্ষা অস্থভব করিভেছেন। কারণ, কলহ অক্ষমের উত্তেজনাপ্রকাশ, তাহা অকর্ষণার একপ্রকার আত্মবিনোদন।

একবার দেশের চারিদিকে চাছিয়া দেশিবেন, এত তুংব এমন নিংশন্দে বহন করিয়া চালিয়াছে, এরপ করুণ দৃষ্ঠ অগতের আর কোথাও নাই। নৈরাখ্য ও নিরানন্দ, অনশন ও মহামারী এই প্রাচীন ভারতবর্ধের মন্দিরভিত্তির প্রত্যেক গ্রন্থি করিয়া শিক্ড বিস্তার করিয়াছে। তুংগের মতো এমন কঠোর সতা, এমন নিদারুণ পরীক্ষা আর কী আছে ? ভাহার সন্দে খেলা চলে না—ভাহাকে ফাঁকি দিবার জো কী, ভাহার মধ্যে করিম কাল্লনিকভার অবকাশমাত্র নাই—সে শক্রমিত্র সকলকেই শক্ত করিয়া বাজাইয়া লয়। এই দেশব্যাপী ভীবন তুংগের সহছে আময়া কিরূপ ব্যবহার করিলাম, ভাহাতেই আমাদের মহুদ্ধত্বের ব্র্বার্থ পরিচর। এই তুংগের রুক্ষকঠিন নিক্ষণাধ্রের উপরে আমাদের দেশাহ্রাণ বদি উজ্জল রেখাপাত করিয়া না খাকে, তবে আপনারা নিক্ষ জানিবেন, ভাহা থাটি সোনা নছে। বাহা থাটি নছে, ভাহার মূল্য আপনারা কাহার কাছে প্রভাগা করেন ? ইংরেজ্কাত বে এ-সহছে জহরি, ভাহাকে ফাঁকি দিবেন কী

করিয়া? আমাদের দেশহিতৈষণার উদ্যোগ তাহাদের কাছে শ্রহ্ণালাভ করিবে কী উপায়ে? আমরা নিজে দান করিলে তবেই দাবি করিতে পারি। কিন্তু সভা করিয়া বলুন, কে আমরা কী করিয়াছি? দেশের দার্কণ ত্থোগের দিনে আমাদের মধ্যে যাহাদের স্ববের সমল আছে, তাহারা স্ববেই আছি: যাহাদের অবকাশী আছে, তাহাদের আরামের লেশমাত্র ব্যাঘাত হয় নাই; ত্যাগ যেটুকু করিয়াছি, তাহা উল্লেখযোগ্যই নহে; কট যেটুকু সহিয়াছি, আর্তনাদ তাহা অপেক্ষা অনেক বেশিমাত্রার করা হইয়াছে।

ইহার কারণ কাঁ? ইহার কারণ এই যে, এতকাল পরের ঘারে আমরা মাধা কুটিরা মরিবার চর্চা করিরা আদিয়াছি, স্বদেশসেবার চর্চা করি নাই। দেশের হংশ দ্র, হয় বিধাতা নয় গবর্মেন্ট করিবেন, এই ধারণাকেই আমরা সব-উপায়ে প্রশ্রম দিয়াছি। আমরা যে দলবদ্ধ প্রতিক্ষাবদ্ধ হইরা নিজে এই কাথে বাতী হইতে পারি, এ-কবা আমরা অকপটভাবে নিজের কাছেও স্বীকার করি নাই। ইহাতে দেশের লোকের সক্ষে আমাদের হদরের সক্ষম পাকে না, দেশের হংশের সক্ষে আমাদের চেষ্টার যোগ বাকে না, দেশাস্থরাগ বাত্তবতার ভিত্তির উপরে প্রতিষ্ঠিত হয় না—সেইজক্তই চাদার পাতা মিধ্যা ঘূরিয়া মরে এবং কাঞ্জের দিনে কাহারও সাড়া পাওয়া যায় না।

আজ ঠিক কুড়িবংসর হুইল, প্রেসিডেন্সি-কলেজের তদানীম্বন অধ্যাপক ডাকার শ্রীযুক্ত প্রসন্নকুমার রাম্ব মহাশয়ের বাড়িতে ছাত্রসন্মিলন উপলক্ষ্যে যে-গান রচিত ইইয়াছিল, তাহার এক অংশ উদ্ধৃত করি—

মিছে কথার বাধুনি কাত্নির পালা,
চোপে নাই কারো নীর,
আবেদন আর নিবেদনের থালা
ব'হে ব'হে নতলির।
কাদিরে সোহাগ ছিছি এ কাঁ লাজ,
জগতের মাঝে ভিগারির সাজ,
আপনি করি নে আপনার কাজ,

ওগো আপনি নামাও কলঙ্কপসরা, যেয়ো না পরের যার। পরের পারে ধ'রে মানভিক্ষা করা সকল ভিক্ষার ছার। দাও দাও ব'লে পরের পিছু-পিছু কাঁদিরা বেড়ালে মেলে না তো কিছু যদি মান চাও যদি প্রাণ চাও প্রাণে আগে করো দান।

সেদিন হইতে কৃড়িবংসরের পরবর্তী ছাত্রগণ আজ নি:সন্দেহে বলিবেন যে, এখন আমরা আবেদনের থালা নামাইরা তো হাত থোলসা করিরাছি, আজ তো আমরা নিজের কাজ নিজে করিবার জন্ত প্রস্তুত হইরাছি। যদি সত্যই হইরা থাকি তো ভালোই, কিন্তু পরের পরের অভিমানটুকু কেন রাশিরাছি—যেখানে অভিমান আছে, সেইখানেই যে প্রজ্ঞানের দাবি রহিরা গেছে। আমরা পুরুষের মতো বলিষ্ঠভাবে শ্রীকার করিরা না লই কেন যে, আমরা বাধা পাইবই, আমাদিগকে প্রতিকৃশতা অভিক্রম করিতে হইবেই; কথার-কথার আমাদের তুই চক্ এমন ছলছল করিয়া আসে কেন। আমরা কেন মনে করি, শক্রমিত্র সকলে মিলিয়া আমাদের পথ প্রগম করিয়া দিবে। উরতির পথ যে স্কুত্তরে, এ-কথা জগতের ইতিহাসে সর্বত্র প্রসিদ্ধ—

#### ক্ষত থাৰা নিশিতা হ্ৰডাৰ। হুৰ্যং পদাভং কৰৱো বদভি।

কেবল কি আমরাই—এই ত্রতার পথ যদি অপরে সহস্ক করিয়া সমান করিয়া না দের
—তবে নালিশ করিয়া দিন কাটাইব, এবং মৃথ অন্ধকার করিয়া বলিব, তবে আমরা
নিজের তাঁতের কাপড় নিজে পরিব, নিজের বিদ্যালয়ে নিজে অধ্যয়ন করিব। এ-সমগু
কি অভিমানের কথা।

আমি জিল্ঞাসা করি, সর্বনাশের সম্থ্য দাড়াইরা কাহারও কি অভিমান মনে আসে

— সূত্যুলখারে লিররে বসিরা কাহারও কি কলহ করিবার প্রবৃত্তি হইতে পারে। আমরা
কি দেখিতেছি না, আমরা মরিতে শুরু করিরাছি। আমি রূপকের ভাষার কথা
কহিতেছি না, — আমরা সভাই মরিতেছি। যাহাকে বলে বিনাল, যাহাকে বলে
বিলোপ, ভাহা নানা বেশ ধারণ করিরা এই পুরাতন জাতির আবাসস্থলে আসিরা

দেখা দিয়াছে। ম্যালেরিরার শতসহত্র লোক মরিতেছে এবং যাহারা মরিতেছে না
ভাহারা জীবরুত ছইরা পৃথিবীর ভারবৃত্তি করিতেছে। এই ম্যালেরিরা পূর্ব হইতে
পশ্চিমে, প্রদেশ হইতে প্রদেশান্তরে বাাপ্ত হইরা পড়িতেছে। প্রের একরান্তর অতিথির
মতো আসিল, ভার পরে বংস্বের পর বংসর বার, আজন্ত ভাহার নররক্তিপিপাসার

নিবৃত্তি হইল না। যে-বাদ একবার মহন্তমাংসের স্বাদ পাইরাছে, সে ষেমন কোনোমতে সে-প্রলোভন ছাড়িতে পারে না, তৃতিক তেমনি করিয়া বারংবার ফিরিয়া ফিরিয়া আমাদের লোকালয়কে জনশৃত্ত করিয়া দিতেছে। ইহাকে কি আমরা দৈবত্র্টনা বলিয়া চক্ মৃদ্রিত করিয়া ধাকিব ৮ সমন্ত দেশের উপরে মৃত্যুর এই যে অবিচ্ছিত্র জালনিক্ষেপ দেখিতেছি, ইহাকে কি আমরা আকস্মিক বলিতে পারি ?

ইহা আকৃষ্মিক নহে। ইহা বন্ধমূল ব্যাধির আকার ধারণ করিতেছে। এমনি করিয়া অনেক জাতি মারা পড়িয়াছে—আমরাও যে দেশব্যাপী মৃত্যুর আক্রমণ হইতে বিনা-চেষ্টায় নিছতি পাইব, এমন তো কোনো কারণ দেখি না। আমরা চক্ষের সমক্ষে দেখিতেছি যে, যে-সব জাতি স্বস্থ-সবল, তাহারাও প্রাণরক্ষার জন্ম প্রতিক্ষণে লড়াই করিতেছে—আর আমরা আমাদের জীর্ণতার উপরে মৃত্যুর পুনঃপুন নধরাঘাতসত্ত্বেও বিনাপ্রয়ানে বাঁচিরা থাকিব ?

এ-কথা আমাদিগকে মনে রাগিতে হইবে, ম্যানেরিয়া-প্রেগ-তৃত্তিক্ষ কেবল উপলক্ষামাত্র, তাহারা বাফ্লক্ষণমাত্র—মূল ব্যাধি দেশের মজ্জার মধ্যে প্রবেশ করিয়াছে।
আমরা এতদিন একভাবে চলিয়া আসিতেছিলাম—আমাদের হাটে বাটে গ্রামে
পল্লীতে আমরা একভাবে বাঁচিবার ব্যবস্থা করিয়াছিলাম, আমাদের সে-ব্যবস্থা বছকালের
পুরাতন। তাহার পরে আজ বাহিরের সংঘাতে আমাদের অবস্থান্তর ঘটিয়াছে।
এই নৃতন অবস্থার সহিত এগনও আমরা সম্পূর্ণ আপস করিয়া লইতে পারি নাই—
এক জায়গার মিলাইয়া লইতে গিয়া আর-এক জায়গার অঘটন ঘটিতেছে। যদি এই
নৃতনের সহিত আমরা কোনোদিন সামঞ্জন্ত করিয়া লইতে না পারি, তবে আমাদিগকে
মরিতেই হইবে। পৃথিবীতে যে-সকল জাতি মরিয়াছে, তাহারা এমনি করিয়াই
মরিয়াছে।

ম্যালেরিয়ার কারণ দেশে নৃত্র হইয়াছে, এমন নছে। চিরদিনই আমাদের দেশ অলা-দেশ—বনজল এখনকার চেয়ে বরং পূর্বে বেশিই ছিল, এবং কোনোদিন এখানে মশার অভাব ছিল না। কিন্তু দেশ তখন সজ্জল ছিল। বৃদ্ধ করিতে গেলে রসদের দরকার হয়—সর্বপ্রকার গুপ্ত মারীশক্রর সহিত লড়াইরে সেদিন আমাদের রসদের অভাব ছিল না। আমাদের পর্নীর অরপ্রা সেদিন নিজের সন্তানদিগকে অর্থভুক্ত রাবিয়া টাকার লোভে পরের ছেলেকে হক্ত দিতে বাইতেন না। তথু তাই নয়, তখনকার সমাজব্যবহার পরীর জলাশয় খনন ও সংস্কারের জক্ত কাহারও অপেক্ষা করিতে হইত না—পরীর ধর্ম্বি পরীর অভাবমোচনে নিয়ত জাগ্রত ছিল। আল বাংলার গ্রামে গ্রামে কেবল যে জলকট হইয়াছে, তাহা নছে, প্রাচীন জলাশয়গুলি গৃবিত

ছইরাছে। এইরূপে শরীর বধন জন্নাভাবে হীনবল এবং পানীয় জল বধন শোধনাভাবে রোগের নিকেতন, তখন বাঁচিবার উপায় কী ? এইরূপে প্লেগও সহজেই আমাদের দেশ অধিকার করিয়াছে—কোণাও দে বাধা পাইতেছে না, কারণ পুষ্ট-অভাবে আমাদের শ্রীর অরক্ষিত।

পৃষ্টির অভাব ঘটিবার প্রধান কারণ, নানা নৃতন নৃতন প্রণালীযোগে অন্ন বাহিরের দিকে প্রবাহিত হইরা চলিরাছে—-আমরা যাহা যাইরা এতদিন মাহ্বর হইরাছিলাম, তাহা যথেষ্টপরিমাণে পাইতেছি না। আরু পাড়াগাঁরে যান, সেধানে হুধ হুর্লভ, বি হুর্ন্পা, তেল কলিকাতা হইতে আসে, তাহাকে পূর্ব-অভ্যাসবশত সরিবার তেল বলিরা নিজেকে সান্ধনা দিই—তা ছাড়া, যেখানে কলকট সেখানে মাছের প্রাচুর্ব নাই, সে-ক্যা বলা বাছলা। সন্তার মধ্যে সিংকোনা সন্তা হইরাছে। এইরূপে একদিনে নহে, দিনে দিনে সমস্ত দেশের জীবনীশক্তির মূলসঞ্চয় ক্রেমে ক্রয় হইরা যাইতেছে। যেমন মহাজনের কাছে যথন প্রথম দেনা করিতে আরম্ভ করা যার, তগনও শোধ করিবার সন্থল ও সম্ভাবনা থাকে; কিন্ধ সম্পত্তি যখন ক্ষীণ হইতে থাকে, তখন যে-মহাজন একদা কেবল নৈমিন্তিক ছিল, সে নিতা হইরা উঠে—আমাদের দেশেও ম্যালেরিরা প্রেগ ওলাউঠা হুর্ভিক্ষ একদিন আকন্মিক ছিল, কিন্ধ এখন ক্রমে আর কোনোকালে তাহাদের দেনা শোধ করিবার উপার দেখা যার না, আমাদের মূলধন ক্ষর হইরা আসিরাছে, এখন তাহারা আর কেবল ক্ষণে ক্রণে তাগিদ করিতে আসে না, তাহারা আমাদের জমিজমাতে আমাদের ধ্রবাভিতে নিত্য হইরা বসিরাছে। বিনাশ যে এমনি করিবাই ঘটে, বংসরে বংসরে তাহার কি ছিলাব পাওয়া বাইতেছে না ?

এমন অবস্থার রাজার মন্ত্রণাসভার ত্টো প্রশ্ন উষাপন করিতে ইচ্ছা কর বদি তো করো, তাহাতে আমি আপত্তি করিব না। কিন্তু সেইণানেই কি শেব ? আমাদের গরক কি তাহার চেয়ে অনেক বেলি নহে ? ঘরে আগুন লাগিলে কি পুলিসের থানাতে ববর পাঠাইরা নিশ্চিন্ত থাকিবে ? ইতিমধ্যে চোবের সামনে ববন স্ত্রীপুত্র পুড়িরা মরিবে, তবন দারোগার শৈধিলাসম্বন্ধে মাাজিস্ট্রেটের কাছে নালিল করিবার ক্ষয় বিরাট সভা আহ্বান করিবা কি বিলেব সান্ধনালাভ করা যার ? আমাদের গরক্ষ বে অত্যন্ত বেলি। আমরা বে মরিভেছি। আমাদের অভিমান করিবার, কলহ করিবার, অপেকা করিবার আর অবসর নাই। বাহা পারি, তাহাই করিবার জন্ত এখনই আমাদিগকে কোমর বীধিতে হইবে। চেষ্টা করিলেই যে সকল সমরেই সিন্ধিলাভ হয়, তাহা না হইতেও পারে, কিন্তু কাপুক্রবের নিম্বলতা যেন না ঘটতে দিই—চেটা না করিবা যে-বার্থতা, তাহা পাল, তাহা কলছ। আমি বলিতেছি, আমাদের দেশে বে-কুর্গতি ঘটিরাছে, তাহার কারণ আমাদের প্রত্যেকের অস্তরে, এবং তাহার প্রতিকার আমাদের নিজের ছাড়া আর কাহারও বারা কোনোদিন সাধ্য হইতে পারে না। আমরা পরের পাপের ফলভোগ করিতেছি, ইহা কখনোই সত্য নহে এবং নিজের পাপের প্রারশ্চিত্র সুকৌশলে পরকে দিয়া করাইয়া লইব, ইহাও কোনোমতে আশা করিতে পারি না।

সোভাগ্যক্রমে আব্দ দেশের নানাস্থান হইতে এই প্রশ্ন উঠিতেছে—"কী করিব, কেমন করিয়া করিব ?" আব্দ আমরা কর্ম করিবার ইচ্ছা অফুভব করিতেছি, চেটায়ও প্রবৃত্ত হইতেছি—এই ইচ্ছা যাহাতে নিরাশ্রয় না হয়, এই চেটা যাহাতে বিক্ষিপ্ত হইয়া না পড়ে, প্রত্যেকের ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষুদ্র হাহাতে বিচ্চিন্ন-কণা-আকারে বিলীন হইয়া না যার, আব্দ আমাদিগকে সেইদিকে সম্পূর্ণ মনোযোগ দিতে হইবে। রেলগাড়ির ইস্টীম উচ্চেম্বরে বাশি বাব্দাইবার ক্ষুদ্র হর নাই, তাহা গাড়ি চালাইবার ক্ষুদ্রই ইইয়াছে। বাশি বাব্দাইয়া তাহা সমস্তটা ফুঁকিরা দিলে ঘোষণার কাব্দটা ব্রুমে বটে, কিন্তু অগ্রসর হইবার কাব্দটা বন্ধ হইয়া যার। আব্দ দেশের মধ্যে যে-উছাম উত্তপ্ত হইয়া উঠিয়াছে, তাহাকে একটা বেইনের মধ্যে না আনিতে পারিলে তাহা নিজের মধ্যে কেবল বিরোধ করিতে থাকিবে, নৃতন নৃতন দলের সৃষ্টি করিবে এবং নানা সামরিক উদ্বেগের আবর্ষণে ভুক্ত কাব্দকে বড়ো করিয়া ভূলিয়া নিজের অপব্যর সাধন করিবে।

দেশের সমস্ত উত্তমকে বিক্ষেপের বার্থতা হইতে একের দিকে বিবাইরা আনিবার একমাত্র উপায় আছে—কোনো একজনকে আমাদের অধিনায়ক বলিয়া স্বীকার করা। দশে মিলিয়া বেমন করিয়া বাদবিব্রাদ করা যায়, দশে মিলিয়া ঠিক তেমন করিয়া কাঞ্চ করা চলে না। বগড়া করিতে গেলে হটুগোল করা সাজে, কিন্তু যুদ্ধ করিতে গেলে সেনাপতি চাই। কথা চালাইতে গেলে নানা লোকে মিলিয়া স্বস্ব কণ্ঠস্বরকে উচ্চ হইতে উচ্চতর সপ্তকে উৎক্ষিপ্ত করিবার চেষ্টা করা যায়, কিন্তু জাহাজ চালাইতে গেলে একজন কাপ্তেনের প্রয়োজন।

আজ অনুনরসহকারে আমার দেশবাসিগণকে সংখাধন করিয়া বলিভেছি, আপনারা ক্রোধের ধারা আত্মবিশ্বত হইবেন না—কেবল বিরোধ করিয়া ক্ষোভ মিটাইবার চেটা করিবেন না। ভিক্ষা করিতে গেলেও বেমন পরের মুখালেক্ষা করিতে হয়, বিরোধ করিতে গেলেও সেইরূপ পরের দিকে সমন্ত মন বিক্ষিপ্ত হইয়া পড়ে। জয়ের পছা ইহা নহে। এ-সমন্ত স্বলে উপেক্ষা করিয়া মঙ্গলসাধনের মহৎ গৌরৰ লইয়া আমরা জয়ী হইব।

আপনারা ভাবিরা দেখুন, বাংলার পার্টিশনটা আরু খুব একটা বড়ো ব্যাপার নহে।

আমরা ভাষাকে ছোটো করিয়া ফেলিয়াছি। কেমন করিয়া ছোটো করিয়াছি? এই পার্টিশনের আঘাত-উপলক্ষো আমরা সমন্ত বাঙালি মিলিয়া পরম বেদনার সহিত বদেশের দিকে বেমনি কিরিরা চাহিলাম, অমনি এই পার্টিশনের কুত্রিম রেখা কুত্র হইতে কুত্র হইরা লোক আমরা বে আজ সমস্ত মোহ কাটাইরা বহুতে বদেশের সেবা করিবার অন্ত প্রতা হইরা শাড়াইরাছি, ইহার কাছে পার্টিশনের আঁচড়টা কতই ভুচ্ছ হটবা গেছে। কিন্তু আমরা বহি কেবল পিটিশন ও প্রোটেস্ট, বর্কট ও বাচালতা লইবাই থাকিতাম, তবে এই পার্টিশনই বৃহৎ হইবা উঠিত,—আমরা কুত্র হইতাম, পরাভত হইতাম। কার্লাইলের শিক্ষা-স্কুলি। আব্দ কোণার মিলাইরা গেছে। আমরা তাহাকে নগণ্য করিয়া ধিরাছি। পালাগালি করিয়া নর, হাতাহাতি করিয়াও নর। পালাগালি-হাতাহাতি করিতে থাকিলে তে। তাহাকে বড়ো করাই হইত। আঞ আমরা নিজেদের শিক্ষাধানের ব্যবস্থা করিতে উন্নত হুইরাছি—ইহাতে আমাদের অপমানের দাহ আমাদের আঘাতের ক্ষতবন্ধনা একেবারে কুড়াইরা গেছে। আমরা সকল ক্ষতি সকল লাম্বনার উপরে উঠিয়া গেছি। কিন্তু ওই লইয়া যদি আজ পর্যন্ত কেবলট বিরাট সভার বিরাট বার্থভার দেশের এক প্রাম্ম চইতে আর-এক প্রাম্ম পর্যম ছুটিরা বেড়াইতাম, আমাদের সামুনাসিক নালিশকে সমুদ্রের এপার হইতে সমুদ্রের ওপার পধন্ব তরন্ধিত করিয়া তুলিভাম, তবে ছোটোকে ক্রমাগতই বড়ো করিয়া তুলিয়া নিজেরা ভাষার কাছে নিভান্ত ছোটো হইয়া ঘাইভাম। সম্প্রতি বরিশালের রাম্মায় আমাদের গোটাকতক মাধাও ভাঙিয়াছে এবং আমাদিগকে কিঞ্চিৎ দণ্ডও দিতে হইখাছে কিন্তু এই ব্যাপারটার উপরে বুক দিয়া পড়িয়া বেত্রাহত বালকের ক্যায় আর্তনাদ क्विएक चाकिरन व्यामारम्य शीवर महे स्टेरन। देशाव व्यामक छेलाव मा छेठिएक পারিলে অশ্রংসচনে কেবল লক্ষাই বাডিয়া উঠিতে থাকিবে। উপরে উঠিবার একটা উপার—আমরা বাঁহাকে নার্কপদে বরণ করিব তাঁহাকে রাজ-অট্টালিকার তোরণধার হইতে কিবাইরা আনিবা আমাদের কৃটির-প্রাহণের পুণাবেদিকার বদেশের ত্রতপতিরূপে অভিবিক্ত করা। কৃত্রের সংক হাতাহাতি করিয়া দিন-যাপনকেই জয়লাভের উপায় বলে না—ভাছার চেবে উপরে ওঠাই জয়। আমরা আব্দ আমাদের বদেশের কোনো মনশীর কর্তৃত্ব বদি আনন্দের সহিত গোরবের সহিত শীকার করিতে পারি, তবে এমার্সন কবে আমাদের কার সহিত কী ব্যবহার করিয়াছে, কেম্পের আচরণ বেআইনি হইবাছে কি না, ভাষা জুল্ফ হইতে ভুল্ফভর হইবা সামরিক ইতিহাসের কলক হইতে একেবারে মুছিরা বাইবে। বছত এই ষ্টনাকে অকিঞ্ছিকর করিয়া না কেলিলে आमारमद व्यनमान मृद स्ट्रेट ना ।

স্বাংশের হিতসাধনের অধিকার কেহ আমাদের নিকট হইতে কাজিরা লয় নাই—
তাহা ঈশরদক্ত— বারন্ডশাসন চিরদিনই আমাদের খারন্ত। ইংরেজ রাজা সৈত লইরা
পাহারা দিন, রুফ বা রক্ত গাউন পরিয়া বিচার করুন, কখনো বা অমুকুল কখনো বা
প্রতিকূল হউন, কিন্তু নিজের দেশের কলাাণ নিজে করিবার যে খাভাবিক কর্তৃত্বঅধিকার, তাহা বিলুপ্ত করিবার শক্তি কাহারণ্ড নাই। সে-অধিকার নষ্ট আমরা
নিজেরাই করি। সে-অধিকার গ্রহণ যদি না করি, তবেই তাহা হারাই। নিজের
সেই খাভাবিক অধিকার হারাইয়া যদি কর্তবাশৈধিলাের জন্ম অপরের প্রতি দােষারােশ
করি, তবে তাহা লজ্জার উপরে লক্ষা। মন্ত্রল করিবার খাভাবিক সম্বন্ধ যাহাদের নাই,
যাহারা দয়া করিতে পারে মাত্র, তাহাদের নিকটই সমন্ত মন্ত্রল সমন্ত-শার্থসংকাচ
প্রত্যাশা করিব, আর নিজেরা তাাগ করিব না, কাজ করিব না, এরূপ দীনভার ধিক্কার
অমুক্তব করা কি এতই কঠিন।

তাই আমি বলিতেছি, ষদেশের মঙ্গলসাধনের কর্তৃত্বসিংহাসন আমাদের সন্মুশে শৃষ্ট পড়িয়া আমাদিগকে প্রতিমূহুর্তে লজ্জা দিতেছে। হে ষদেশসেবকগণ, এই পবিত্র সিংহাসনকে বার্থ করিয়ো না, ইহাকে পূণ করো। রাজার শাসন অস্বীকার করিবার কোনো প্রয়োজন নাই—তাহা কপনো ভভ কপনো অভভ, কপনো অবের কপনো অস্থের আকারে আমাদের উপর দিয়া প্রবাহিত হইয়া যাইবে, কিন্তু আমাদের নিজের প্রতি নিজের বে-শাসন, তাহাই গভীর, তাহাই সতা, তাহাই চিরস্থারী। সেই শাসনেই জাতি যথার্থ ভাঙে-গড়ে, বাহিরের শাসনে নহে। সেই শাসন অভ আমরা শাস্তসমাহিত পবিত্রচিত্তে গ্রহণ করিব।

ষদি তাহা গ্রহণ কবি, তবে প্রত্যেকে স্বস্থপ্রধান ইইরা অসংষত ইইরা উঠিলে চলিবে না। একজনকে মানিয়া আমরা যথার্থভাবে আপনাকে মানিব। একজনের মধ্যে আমাদের সকলকে স্বীকার করিব। একজনের দক্ষিণ-হস্তকে আমাদের সকলের শক্তিতে বলিষ্ঠ করিয়া তুলিব। আমাদের সকলের চিন্তা তাহার মন্ত্রণাগারে মিলিত ইইবে এবং তাহার আদেশ আমাদের সকলের আদেশক্রপে বাংলাদেশের ব্রে ব্রে ধ্রে ভ্রেরা উঠিবে।

থাহার। পিটিশন বা প্রোটেন্ট, প্রণয় বা কলহ করিবার জন্ম রাজ্ববাড়ির বাঁধা-রান্তাচীতেই ঘনঘন দোড়াদোড়ি করাকেই দেশের প্রধান কাজ বলিরা গণ্য করেন, আমি সে-দলের লোক নই, সে-কথা প্রশ্চ বলা বাছলা। আজ পর্বস্থ বাহারা দেশহিত-ব্রতীদের নারকতা করিরা আসিতেছেন তাঁহারা রাজপণ্যের শুষ্ববাসুকার অল্ল ও ঘর্ম সেচন করিরা তাহাকে উর্বরা করিবার চেষ্টা করিয়া আসিরাছেন, তাহাও আনি। ইছাও দেখিয়াছি, মংশ্রবিরল জলে বাহারা ছিল ফেলিরা প্রত্যেহ বসিরা থাকে, অবশেষে তাহাদের, মাছ পাওয়া নর, ওই আশা করিরা থাকাই একটা নেশা হইরা যার, ইহাকে নিঃমার্থ নিম্পূল্যার নেশা বলা যাইতে পারে, মানবন্ধভাবে ইহারও একটা স্থান আছে। কিছ এজফ নারকদিগকে দোব দিতে পারি না, ইহা আমাদের ভাগ্যেরই দোব। দেশের আকাক্রা যদি মরীচিকার দিকে না ছুটিরা জলাশরের দিকেই ছুটিত, তবে তাহারা নিশ্চর তাহাকে সেইদিকে বহন করিয়া লইরা বাইতেন, তাহার বিরুদ্ধের চলিতে পারিতেন না।

তবে নায়ক হইবার সার্থকতা কী, এ প্রশ্ন উঠিতে পারে। নায়কের কর্তব্য চালনা করা.--- এমের পথেই হউক, আর এমসংশোধনের পথেই হউক। অভ্রাস্থ তত্ত্বদর্শীর জন্ত দেশকে অপেক্ষা করিয়া বসিয়া পাকিতে বলা কোনো কাজের কথা নহে। দেশকে চলিতে হইবে; কারণ, চলা স্বাস্থাকর, বলকর। এতদিন আমরা বে পোলিটিকাল प्याक्तितेन्त्र भाष हिनाहि, जाहार् अम कन्नान युन्हे मामान रहेक, निकाहे वननास कवित्राहि,—निक्त्रवे हेशाल जामात्मव हित मनाग हहेबाहि, जामात्मव कज्व-মোচন इरेबाइ। क्यानारे छेलामान बाबा खामा मूल छेरलाहिल रच ना, जारा বারংবার অন্থ্রিত হইর। উঠিতে বাকে। ভোগের ঘারাই কর্মকর হয়, তেমনি ভ্রম করিতে দিলেই ষণার্থভাবে এমের সংশোধন হইতে পারে, নহিলে তাহার জড মরিতে शास ना। जुल कदारक आमि जब किंद ना, जुरलद आनकाव निरुद्ध देशा शाकारक है আামি ভয় করি। দেশের বিধাতা দেশকে বারংবার অপথে ফেলিয়াই তাহাকে পথ চিনাইয়া দেন--- শুক্লমহালয় পাঠলালায় বসিয়া ভাহাকে পথ চিনাইতে পারেন না। बाक्शर हुटे। हुटे कि विद्या मुक्टे। क्या शाख्या बाद मिटे समद्रेटी निरक्त मार्ट हिंद्या अपनक বেশি লাভের সম্ভাবনা, এই কথাটা সম্পূর্ণ বৃদ্ধিবার জন্ম বছদিনের বিফলতা গুরুব মতো কাজ করে। সেই ভকর শিক্ষা যথন অসমংগম হইবে, তথন যাহারা পথে চুটিয়াছিল, তাহারাই মাঠে চলিবে--আর ঘাহার। ধরে পড়িরা থাকে, তাহার। বাটেরও নর, মাঠেরও নর, তাহারা অবিচলিত প্রাক্ততার ভড়ং করিলেও, সকল আশার সকল সদগতির বাহিরে।

অতএব দেশকে চলিতে হইবে। চলিলেই তাহার সকল শক্তি আপনি জাগিবে, আপনি খেলিবে। কিন্তু রীতিমত চলিতে গেলে চালক চাই। পথের সমন্ত বিশ্ব অতিক্রম করিবার জন্ত বিচ্ছিত্র ব্যক্তিদিগকে দল কাধিতে হইবে, স্বতন্ত্র পাথেরগুলিকে একত্র করিতে হইবে, একজনের বাধ্যতা স্বীকার করিয়া দৃঢ় নিরমের অধীনে নিজেদের মতবিভিন্নতাকে ধ্যাসভব সংহত করিতে হইবে,—নতুবা আমাদের সার্থকতা-অংহেরণের এই মহাযাত্রা দীর্ঘকাল কেবল ছুটাছুটি-দৌড়াদৌড়ি, ভাকাডাকি-হাকাহাঁকিতেই নট হইতে থাকিবে।

2020

### সভাপতির অভিভাষণ

#### भारमा शासिक जिल्लानी

অন্থকার এই মহাসভার সভাপতির আসনে আহ্বান করির। আপনারা আমাকে বে-সম্মান দান করিরাছেন, আমি তাহার অযোগ্য এ-কধার উলেশমাত্রও বাহলা। বস্তুত এরূপ সম্মান গ্রহণ করা সহজ্ঞ, বহন করাই কঠিন। অযোগ্য লোককে উচ্চপদে বসানো তাহাকে অপদস্থ করিবারই উপার।

অন্ত সময় হইলে এতবডো দ্রংসাধ্য দাবিত্ব হইতে নিছতি লাভের চেষ্টা করিতাম। কিন্তু বর্তমানে আমাদের আত্মবিচ্ছেদের সংকটকালে যধন ডাঙায় বাঘ ও জলে কুমির. যধন রাজপুরুষ কালপুরুবের মৃতি ধরিয়াছেন এবং আত্মীয়সমাজেও পরস্পরের প্রতি কেই ধৈৰ্য অবলম্বন করিতে পারিভেছেন না-ন্যখন নিশ্চয় জ্ঞানি অন্তকার দিনে সভাপতির আসন সুধের আসন নতে এবং হয়তো ইহা সম্মানের আসনও না হইতে পারে— অপমানের আশহা চতুর্দিকেই পুঞ্জীভত-তথন আপনাদের এই আমন্থৰে বিনরের উপলক্ষা করিয়া আৰু আর কাপুরুষের মতো ফিরিয়া বাইতে পারিলাম না এবং বিশ্ব-জগতের সমন্ত বৈচিত্র্য ও বিরোধের মাঝবানে "য একং" যিনি এক. "অবর্ণং" মানব-সমাজের বিবিধ জাতির মাঝবানে জাতিহীন বিনি বিরাজমান, বিনি "বছধা শক্তিযোগাং বৰ্ণান অনেকান নিহিতাৰ্থো দগতি" বহুধা শক্তির ছারা নানা জাতির নানা প্রয়োজন বিচিত্ররূপে সম্পাদন করিতেছেন, "বিচৈতিচাক্তে বিশ্বমাদে" বিশ্বের সমন্ত আরক্তেও বিনি, সমস্ত পরিণামেও বিনি, "স দেবং, স নো বুদ্ধা গুভরা সংযুনকু" সেই দেবতা, তিনি আমাদের এই মহাসভার ওভবৃদ্ধিস্বরূপ বিজ্ঞমান থাকিরা আমাদের হৃদর হুইতে সম্বত্ত কৃত্রতা অপসারিত করিয়া দিন, আমাদের চিস্তকে পরিপূর্ণ প্রেমে সন্মিলিত এবং আমাদের চেষ্টাকে স্বমহৎ লক্ষ্যে নিবিষ্ট কৰুন, একান্তমনে এই প্ৰাৰ্থনা করিবা, অবোগ্যভার বাধা সম্বেও এই মহাসভার সভাপতির আসন গ্রহণ করিতেচি।

বিশেষত জানি এমন সময় আসে বখন ক্ষরোগ্যতাই বিশেষ বোগ্যতার শ্বরূপ ছইয়া উঠে। এতদিন আমি দেশের রাষ্ট্রসভার স্থান পাইবার জন্ত নিজেকে প্রস্তুত করি নাই। ইহাতে আমার ক্ষমতার জভাব এবং স্বভাবেরও ফ্রন্টি প্রকাশ পাইরাছে।

সেই ফেটিবশতই আমি সকল দলের বাহিরে পড়িরা থাকাতে আমাকেই সকলের চেরে নিরীছ জ্ঞান করিবা সভাপতির উচ্চ আসনটিকে নিরাপদ করিবার জন্মই জ্ঞামাকে আপনারা এইথানে বসাইরা দিরাছেন। আপনাদের সেই ইচ্ছা যদি সকল হয় তবেই আমি বস্তু হইব। কিছু রামচন্দ্র সত্যপালনের জন্ম নির্বাসনে গেলে পর, ভরত বে-ভাবে রাজ্যরক্ষার ভার গইরাছিলেন আমিও তেমনি আমার নমস্ত জ্যেষ্ঠগণের পড়মজোড়াকেই মনের সন্মৃধে রাবিয়া নিজেকে উপলক্ষ্যস্বরূপ এথানে স্থাপিত করিলাম।

রাষ্ট্রসভার কোনো দলের সহিত আমার যোগ ঘনিষ্ঠ নছে বলিয়াই সম্প্রতি কনগ্রেসে যে আজাবিপ্রব ঘটিয়াছে তাহাকে আমি দ্র হইতে দেখিবার সুযোগ পাইয়াছি। যাহারা ইহার ভিতরে ছিলেন তাহারা স্বভাবভই এই ব্যাপারটাকে এতই উৎকট করিয়া দেখিয়াছেন ও ইহা হইতে এতই শুক্তর অহিতের আশহা করিতেছেন যে, এখনও তাঁহাদের মনের ক্ষোভ দূর হইতে পারিতেছে না।

কিন্তু ঘটনার বাহা নিঃশেব হইবাছে বেদনার তাহাকে বাঁধিরা রাখিবার চেটা করা বিলিষ্ঠ প্রকৃতির লক্ষণ নহে। কবি বলিয়াছেন, বধার্থ প্রেমের স্রোত অব্যাহতভাবে চলে না। বধার্থ জীবনের স্রোতও সেইরুপ, বধার্থ কর্মের স্রোতেরও সেই দশা। দেশের নাড়ির মধ্যে প্রাণের বেগ চক্ষণ হইরা উঠাতেই কর্মে বদি মাঝে মাঝে এরুপ বাাঘাত ঘটরা পড়ে তবে ইহাতে হতাশ না হইরা এই কথাই মনে রাখিতে হইবে বে, বে-জীবনধর্মের অভিচাক্ষণ্যে কনগ্রেসকে একবার আঘাত করিরাছে সেই জীবনধর্ম ই এই আঘাতকে অনারাসে অভিক্রম করিরা কনগ্রেসের মধ্যে নৃতন স্বান্থ্যের সঞ্চার করিবে। মৃত পদার্ঘই আপনার কোনো ক্ষতিকে ভূলিতে পারে না। ওছ কার্চ যেমন ভাঙে তেমনি ভাঙাই বাকে কিন্তু সঞ্জীব গাছ নৃতন পাতার নৃতন শাধার সর্বদাই আপনার ক্ষতি পূরণ করিরা বাড়িরা উঠিতে থাকে।

অভএব শুশ্ব দেছ যেমন নিজের ক্ষতকে শীব্রই শোধন করিতে পারে তেমনি আমরা অতিসম্বর কনগ্রেসের আঘাতক্ষতকে আরোগ্যে লইরা বাইব এবং সেই সঙ্গে এই ঘটনার শিক্ষাটুকুও নম্নভাবে গ্রহণ করিব।

সে-শিক্ষাটুকু এই বে, বখন কোনো প্রবল আঘাতে ৰাস্কবের মন হইতে ওঁদাসীপ্ত ঘূচিরা বার এবং সে উত্তেজিত অবস্থার জাগিরা উঠে তখন তাহাকে লইরা বে-কাজ করিতে হইবে সে-ফাজে মতের বৈচিত্রা এবং মতের বিরোধ সহিক্তাবে খীকার করিতেই হইবে। যথন দেশের চিত্ত নির্জীব ও উদাসীন থাকে তখনকার কাজের প্রণালী বেরূপ, বিপরীত অবস্থায় সেরূপ হইতেই পারে না।

এই সমরে, বাহা অগ্রির ভাহাকে বলপূর্বক বিধ্বন্ত এবং বাহা বিরুদ্ধ ভাহাকে আমাতের ছারা নিরন্ত করিবার চেটা করা কোনোমতেই চলে না। এমন কি, এইরূপ সমরে হার মানিরাও জয়লাভ করিতে হইবে, জিতিবই পদ করিয়া বসিলে সে-জিতের ছারা ধাহাকে পাইতে ইচ্ছা করি ভাহাকেই খণ্ড খণ্ড করিয়া ফেলিব।

সমস্ত বৈচিত্র্য ও বিরোধকে একটা বৃহৎ ব্যবস্থার মধ্যে বাঁধিয়া তোলাই আমাদের পক্ষে সকলের চেরে বড়ো শিক্ষা। এই শিক্ষা যদি আমাদের অসম্পূর্ণ থাকে তবে স্বায়ন্ত্রশাসন আমাদের পক্ষে অসম্ভব হইবে। যথার্থ স্বায়ন্ত্রশাসনের অধীনে মতবৈচিত্র্য দলিত হয় না, সকল মতই আপনার যথাযোগ্য স্থান অধিকার করিয়া লয় এবং বিরোধের বেগেই পরম্পরের শক্তিকে পরিপূর্ণরূপে সচেতন করিয়া রাধে।

যুরোপের রাষ্ট্রকার্বে সর্বত্রই বছতর বিরোধী দলের একত্র সমাবেশ দেখা যায়। প্রত্যেক দলই প্রধান্তলাভের জন্ত প্রাণপণে চেষ্টা করিতেছে। লেবার পার্টি, সোক্তালিস্ট প্রভৃতি এমন সকল দলও রাষ্ট্রসভার স্থান পাইরাছে যাহারা বর্তমান সমাজব্যবস্থাকে নানাদিকে বিপর্যন্ত করিয়া দিতে চায়।

এত অনৈকা কিসের বলে এক হইয়া আছে এবং এত বিরোধ মিলনকে চুর্গ করিয়া কেলিতেছে না কেন? ইহার কারণ আর কিছুই নহে, এই সকল জাতির চরিত্রে এমন একটি শিক্ষা অনুচ হইরাছে যাহাতে সকল পক্ষই নিয়মের শাসনকে মাপ্ত করিয়া চলিতে পারে। নিয়মকে লজ্মন করিয়া তাহারা প্রার্থিত ফলকে ছিল্ল করিয়া লইতে চায় না, নিয়মকে পালন করিয়াই জয়লাভ করিবার জপ্ত থৈষ্ অবলম্বন করিতে জানে। এই সংযম তাহাদের বলেরই পরিচয়। এই কারণেই এত বিচিত্র ও বিক্লম্ব মতিগতির লোককে একত্রে লইয়া, তর্মু তর্ক ও আলোচনা নহে, বড়ো বড়ো রাজা রাজা ও সাম্রাজা চালনার কার্য সম্ভবপর হইয়াছে।

আমাদের কনগ্রেসের পশ্চাতে রাজ্য-সাম্রাজ্যের কোনো দায়িত্বই নাই—কেবলমাত্র একত্র হইরা দেশের শিক্ষিতসম্প্রদার দেশের ইচ্ছাকে প্রকাশ করিবার জন্তই এই সভাকে বহন করিতেছেন। এই উপারে দেশের ইচ্ছা ক্রমশ পরিস্টি আকার ধারণ করিবা বল লাভ করিবে এবং সেই ইচ্ছাশক্তি ক্রমে কর্মশক্তিতে পরিণত হইরা দেশের আত্মোপ-লব্ধিকে সত্য করিবা তুলিবে, এই আমাদের লক্ষ্য। সমস্ত দেশের শিক্ষিতসম্প্রদারের সন্দিলিত চেষ্টা বে-মহাসভার আমাদের ইচ্ছাশক্তির বোধন করিতে প্রবৃত্ত হইরাছে তাহার মধ্যে এমন উদার্থ বদি না থাকে বাহাতে শিক্ষিতসম্প্রদারের সকল শ্রেণী ও সকল মতের লোক্ই সেবানে স্থান পাইতে পারেন তবে তাহাতে আমাদের ক্ষমতার অসম্পূর্ণতা প্রকাশ পার।

থাই মিলনকে সন্তবপয় করিবার অস্ত্র মতের বিরোধকে বিল্প্ত করিতে হইবে এরপ ইচ্ছা করিলেও ভাহা সকল হইবে না এবং সকল হইলেও ভাহাতে কল্যাণ নাই। বিশ্বসন্ধি বাাণারে আকর্ষণ ও বিকর্ষণ, কেন্দ্রান্থণ ও কেন্দ্রাভিগ লক্তি পরল্পর প্রতিঘাতী অবচ এক নিরমের শাসনাধীন বলিরাই বিচিত্র স্বাষ্ট্র বিকলিত হইরা উঠিতে পারিরাছে। রাইসভাতেও, নিরমের বারা সংযত হইরাও প্রত্যেক মতকেই প্রাধান্তলাভের চেটা করিতে না দিলে এরপ সভার স্বাস্থা নই, শিক্ষা অসম্পূর্ণ ও ভবিশ্রং পরিণতি সংকীর্ণ হইতে থাকিবে। অতএব যতবিরোধ বখন কেবলমাত্র অবক্তম্ভাবী নহে, ভাহা মক্ষলকর, তখন , মিলিতে গেলে নিরমের শাসন অমোঘ হওয়া চাই। নতুবা বর্ষাত্রী ও কন্তাপক্ষে উচ্চ্ছ অলভাবে বিবাদ করিরা শেষকালে বিবাহটাই পণ্ড হইতে থাকে। যেমন বান্দাংঘাতকে লোহার বর্লারের মধো বাধিতে পারিলে তরেই কল চলিতে পারে তেমনি আমাদের মতসংঘাতের আশ্বাহা যতই প্রবল হইবে আমাদের নিরম-বর্গারও ততই বল্পের ক্রায় কঠিন হইলে তবেই কর্ম অগ্রসর হইবে নতুবা অনর্থপাত ঘটিতে বিশ্বস্থ হটবে না।

আমর। এ-পর্বন্ধ কনগ্রেসের ও কনফারেশের জন্ত প্রতিনিধিনির্বাচনের যথারীতি নিরম দ্বির করি নাই। যতদিন পর্বন্ধ, দেশের লোক উদাসীন থাকাতে, রাষ্ট্রার কর্তব্য সম্বন্ধ আমাদের মধ্যে কোনো মতের হৈথ ছিল না ততদিন এরপ নিরমের শৈবিলো কোনো ক্ষতি হর নাই। কিন্তু যখন দেশের মনটা জাগিরা উঠিরাছে তখন দেশের কর্মে সেই মনটা পাইতে হইবে, তখন প্রতিনিধিনির্বাচনকালে সত্যভাবে দেশের সম্বতি সইতে হইবে। এইরপ শুরু নির্বাচনের নহে, কনগ্রেসের ও কনফারেশের কার্যপ্রণালীরও বিধি স্থনির্দিষ্ট হওরার সমর আসিরাছে।

এমন না করির। কেবল বিবাদ বাঁচাইরা চলিবার জন্ত দেশের এক-এক দল যদি এক-একটি সাম্প্রদারিক কনগ্রেসের স্পষ্টি করেন তবে কনগ্রেসের কোনো অর্থ ই থাকিবে না। কনগ্রেস সমগ্র দেশের অংও সভা—বিদ্ধ ঘটবামাত্রই সেই সমগ্রতাকেই যদি বিসর্জন দিতে উন্নত হই তবে কেবলমাত্র সভার সংখ্যা বৃদ্ধি করিয়া আমাদের এমনিই কী লাভ হইবে।

এ-পর্বন্ধ আমরা কোনো কাজ বা ব্যবসায়, এমন কি আমোদের জন্ত দল বাধিরা ব্যন্থ অনৈক্য ঘটিরাটে তথনই ভিন্ন দলে বিভক্ত হইয়া গিয়াছি। বিরোধ ঘটিবামাত্র আমরা মূল জিনিস্টাকে, হয় নই নয় পরিত্যাগ করিবার চেষ্টা করিয়াছি। বৈচিত্রাকে ঐক্যের মধ্যে বাধিয়া তাহাকে নানা-অহবিশিষ্ট কলেবরে পরিণত করিবার জাবনীশক্তি আমরা দেখাইতে পারিতেছি না। আমাদের সমন্ত হুর্গতির কারণই তাই। কনগ্রেসের মধ্যেও যদি সেই রোগটা ফুটিয়া পড়ে, সেখানেও যদি উপরিতলে বিরোধের জাঘাত-মাত্রেই ঐক্যের মূল ভিত্তিটা পর্যন্ত বিদীর্থ হইতে থাকে তবে আমরা কোনো পক্ষই দাড়াইব কিসের উপরে ? যে-সর্বের বারা ভূত ঝাড়াইব সেই সর্বেকেই ভূতে পাইরা বসিলে কী উপায়।

বন্ধবিভাগকে রহিত করিবার জন্ত আমরা বৈরূপ প্রাণপণে চেষ্টা করিরাছি এই আসর আত্মবিভাগকে নিরন্ত করিবার জন্ত আমাদিগকে তাহা অপেক্ষাও আরও বেশি চেষ্টা করিতে হইবে। পরের নিকটে যে হুবল, আস্মীরের নিকট সে প্রচণ্ড হইমা যেন নিজেকে প্রবল বলিয়া সান্ধনা না পায় পরে যে-বিচ্ছেদ সাধন করে তাহাতে অনিষ্টমাত্র ঘটে, নিজে যে-বিচ্ছেদ ঘটাই তাহাতে পাপ হয়, এই পাপের অনিষ্ট অন্তরের গভীরতম স্থানে নিদান্ধণ প্রায়শ্চিতের অপেক্ষার সঞ্চিত হইতে গাকে।

আমাদের যে-সময় উপস্থিত হইয়াছে এখন আত্মবিশ্বত হইলে কোনোমতেই চলিবে না, কারণ এখন আমরা মৃক্তির তপশু। করিতেছি: ইক্রদেব আমাদের পরীক্ষার জন্ম এই যে তপোভকের উপলক্ষাকে পাঠাইয়াছেন ইহার কাছে হার মানিলে আমাদের সমগু সাধনা নই হইয়া যাইবে। অতএব ভ্রাতৃগণ, যে-ক্রোধে ভাইরের বিরুদ্ধে ভাই হাত তুলিতে চায় সে-ক্রোধ দমন করিতেই হইবে— আত্মীয়ক্ত সমগু বিরোধকে বারংবার ক্ষমা করিতে হইবে—পরস্পরের অবিবেচনার বারা যে-সংঘাত ঘটিরাছে ভাছার সংশোধন করিতে ও ভাহাকে ভূলিতে কিছুমান্ত বিলম্ব করিলে চলিবে না। আগুন যখন আমাদের নিজের ঘরেই লাগিরাছে তখন তুই পক্ষ তুই দিক হইতে এই অগ্নিকে উষ্ণবাক্যের বার্বীজন করিয়া ইহাকে প্রতিকারের অতীত করিয়া ভূলিলে ভাহার চেয়ে মূল্ডা আমাদের পক্ষে আর-কিছুই হইতে পারিবে না। পরের ক্বত বিভাগ লইয়া দেশে যে-উল্কেনার স্টি হইয়াছে শেবে আত্মক্বত বিভাগই যদি ভাহার পরিণাম হয়, ভারতের লনিগ্রহ যদি এবার লর্ড কার্জনমৃতি পরিহার করিয়া আত্মীয়মৃতি ধরিয়াই দেশা দেয়, তবে বাহিরের তাড়নার অস্থির হইয়া গরের মধ্যেও আশ্রম লইবার শ্বান পাইব না।

এদিকে একটা প্রকাণ্ড বিচ্ছেদের বড়গ দেশের মাধার উপর বুলিতেছে। কড শত বংসর হইরা গেল আমরা হিন্দু ও মুসলমান একট দেশমাতার তুই আছুল উপরে বসিরা একই মেহ উপভোগ করিরাছি, তথালি আজও আমাদের মিলনে বিম ঘটিতেছে।

এই চুৰ্বলতার কারণ যতদিন আছে ততদিন আমাদের দেশের কোনো মহৎ আশাকে

সম্পূর্ণ সকল করা সম্ভবপর ইইবে না; আমাদের সমন্ত রাষ্ট্রীয় কর্তবাপালনই পদে পদে ভূষত তইতে থাকিবে।

বাহির হইতে এই হিন্দুস্পন্মানের প্রভেদকে বদি বিরোধে পরিণত করিবার চেষ্টা করা হয় তবে ভাহাতে আমরা জীত হইব না—আমাদের নিজের ভিতরে যে-ভেদবৃদ্ধির পাপ আছে ভাহাকে নিরম্ভ করিতে পারিলেই আমরা পরের ক্বত উত্তেজনাকে অতিক্রম করিতে নিশ্চরই পারিব। এই উত্তেজনা কালক্রমে আপুনিই মরিতে বাধ্য। কারণ, এই আপ্তনে নিষ্ত ক্ষলা কোগ।ইবার সাধা গবর্মেন্টের নাই। এ আগুনকে প্রশ্রম দিতে গেলে শীম্রই ইহা এমন সীমার গিয়া পৌছিবে বখন দমকলের জ্ঞ ডাক পাড়িতেই হইবে। প্ৰশাব মৰে আগুন ধরিলে কোনোদিন কোনোদিক হইতে তাহ। রাজবাড়িরও অত্যন্ত কাছে গিয়া পৌছিবে। ধদি এ-কণা সত্য হয় যে, হিন্দুদিগকে অসংগত প্রত্রের দিবার চেষ্টা হইতেছে, অন্তত ভাবগতিক দেশিয়া মুসুলমানদের মনে যদি সেইরূপ ধারণা দুট় হইতে থাকে, তবে এই শনি, এই কলি, এই ভেদনীতি রাজাকেও ক্ষমা করিবে না। কারণ, প্রশ্রবের বারা আশাকে বাড়াইরা তুলিলে তাহাকে পূরণ করা কঠিন হয়। যে কৃধা স্বাভাবিক তাহাকে একদিন মেটানো যায়, যোগ্যতার স্বাভাবিক দাবিরও সীমা আছে, কিন্ধ প্রশ্নরের দাবির তো অস্ক নাই। তাহা ফুটা কলসীতে জল ভরার মতো। স্পামাদের পুরাণে কলকভন্ধনের যে-ইতিহাস আছে তাহারই দৃষ্টান্তে গবর্মেন্ট. প্রেরসীর প্রতি প্রেমবশতই হউক অধবা তাহার বিপরীত পক্ষের প্রতি রাগ ক্রিয়াই হউক, অযোগতোর ছিত্রঘট ভরিয়া তুলিতে পারিবেন না। অসস্ভোষকে চিরবৃত্তু করিয়া রাধিবার উপার প্রশ্রর। এ সমন্ত শাবের করাতের নীতি, ইহাতে তথু একা প্রাঞ্চা কাটে না. ইহা কিবিবার পরে রাজাকেও আঘাত দেয়।

এই ব্যাপারের মধ্যে বেটুকু ভালো তাহাও আমাদিগকে বিবেচনা করিয়া দেখিতে হইবে। আমরা গোড়া হইতে ইংরেজের ইছুলে বেলি মনোবাগের সঙ্গে পড়া মৃবস্থ করিয়াছি বলিয়া পবর্নেন্টের চাকরি ও সন্মানের ভাগ মৃসলমান লাতাদের চেরে আমাদের অংলে বেলি পড়িরাছে সল্লেহ নাই। এইরুপে আমাদের মধ্যে একটা পার্থক্য ঘটিয়াছে। এইটুকু কোনোমতে না মিটিয়া গেলে আমাদের ঠিক মনের মিলন হইবে না, আমাদের মাঝবানে একটা অপ্রার অন্তরাল বাকিয়া বাইবে। মৃসলমানেরা বদি বংগ্রপরিমাণে পদমান লাভ করিতে বাকেন তবে অবস্থার অসামাবশত জ্ঞাতিদের মধ্যে বে মনোমালিজ ঘটে ভাহা ঘৃটিয়া পিয়া আমাদের মধ্যে সমকক্ষতা স্থাপিত হইবে। বে রাজপ্রসাদ এতদিন আমরা ভোগ করিয়া আসিয়াছি আল প্রচুরপরিমাণে তাহা মৃসলমানদের ভাগে পড়ুক ইয়া আমরা বেন সম্পূর্ণ প্রসরমনে প্রার্থনা করি। কিন্তু এই প্রসাদের বেখানে

দীমা দেখানে পৌছিরা তাঁহারা বেদিন দেখিবেন বাহিরের ক্স দানে অন্তরের গভীর দৈক্ত কিছুতেই ভরিয়া উঠে না, যখন ব্কিবেন শক্তিলাভ ব্যতীত লাভ নাই এবং ঐক্য বাতীত দে-লাভ অসম্ভব, যখন জানিবেন, যে-একদেশে আমরা জ্বিরাছি সেই দেশের ঐকাকে খণ্ডিত করিতে থাকিলে ধর্মহানি হয় এবং ধর্মহানি হইলে কথনোই স্বার্থরক্ষা হইতে পারে না তগনই আমরা উভয় ভ্রাতায় একই সমচেষ্টায় মিলনক্ষেত্রে আসিয়া হাড ধরিয়া দাড়াইব।

ষাই হউক, হিন্দু ও মুসলমান, ভারতবর্বের এই হুই প্রধান ভাগকে এক রাষ্ট্রসম্বিলনের মধ্যে বাঁধিবার জন্ম যে ত্যাগ, যে সহিক্ষৃতা, যে সতর্কতা ও আবাদমন আবক্তক তাহা আমাদিগকে অবলম্বন করিতে হুইবে। এই প্রকাণ্ড কর্মঞ্চাই যথন আমাদের পক্ষে যথেষ্ট তথন দোহাই সুবৃদ্ধির, দোহাই ধর্মের, প্রাণধর্মের নিরমে দেশে যে নৃতন নৃতন দল উঠিবে তাহারা প্রত্যেকেই এক-একটি বিরোধরূপে উঠিয়। যেন দেশকে বছভাগে বিদীপ করিতে না থাকে; তাহারা যেন একই তক্ষকাণ্ডের উপর নব নব সতেজ শাধার মতো উঠিয়। দেশের রাষ্ট্রীয় চিন্তকে পরিণতিদান করিতে থাকে।

পুরাতন দলের ভিতর দিয়া যথন একটা নৃতন দলের উদ্ভব হয় তথন তাহাকে প্রথমটা অনাহত বলিয়া ভ্রম হয়। কার্যকারণপরস্পরার মধ্যে তাহার যে একটা অনিবার্য শ্বান আছে অপরিচয়ের বিরক্তিতে তাহা আমরা হঠাং বৃথিতে পারি না। এই কারণে নিজের শ্বরপ্রমাণের চেষ্টায় নৃতন দলের প্রথম অবস্থার শ্বাভাবিকতার শান্তি গাকে না, সেই অবস্থায় আত্মীয় হইলেও তাহাকে বিরুদ্ধ মনে হয়।

কিন্তু এ-একথা নিশ্চিত সত্য যে, দেশে নৃতন দল, বীজ বিদীর্থ করিরা অন্থরের মতো, বাধা ভেদ করিয়া স্বভাবের নিরমেই দেশা দেয়। পুরাস্তনের সন্দেই এবং চতুর্দিকের সঙ্গে ভাহার অন্তরের সম্বন্ধ আছে।

এই তো আমাদের নৃতন দল; এ তো আমাদের আপনার লোক। ইছাদিগকে লইরা কখনো ঝগড়াও করিব আবার পরক্ষণেই শুবে তৃ:খে, ক্রিরাকমে ইছাদিগকেই কাছে টানিরা একসকে কাঁধ মিলাইয়া কাজের ক্ষেত্রে পাশাপাশি দাড়াইতে হইবে। কিন্তু প্রাত্তগণ, একস্কিমিন্ট, বা চরমপন্ধী, বা বাড়াবাড়ির দল বলিরা দেশে একটি দল উঠিরাছে, এইরপ যে একটা রটনা শুনা বার, সে-দলটা কোগার? ক্ষিপ্রাসাকরি, এ-দেশে সকলের চেরে বড়ো এবং মৃল একস্কিমিন্ট কে? চরমপন্ধিন্তের ধর্মই এই যে, একদিক চরমে উঠিলে অক্তদিক সেই টানেই আপনি চরমে চড়িয়া বার। বঙ্গবিভাগের জন্তু সমন্ত বাংলাদেশ যেমন বেদনা অভুত্তব করিয়াছে এবং বেদন দাকশ তৃঃখতোগের বারা তাহা প্রকাশ করিয়াছে ভারতবর্ধে এমন বোধ হয় আর কর্বনো হয়

নাই। কিন্ত প্রজাদের সেই সভ্য বেদনার রাজপুরুষ বে কেবল উদাসীন ভাহা নহে, তিনি ক্রুছ, বড়সহত। ভাহার পরে ভারতশাসনের বর্তমান ভাগাবিধাতা, বাহার অর্থাদরের সংবাদমাত্রেই ভারতবর্ষের চিত্তচকোর ভাহার সমস্ত ভ্রতিচকু ব্যাদান করিয়া একেবারে জ্যাকাশে উদ্বিলাছিল, তিনি ভাহার স্থদ্ব স্থালোক ইইতে সংবাদ পাঠাইলেন—বাহা হইরা গিরাছে ভাহা একেবারেই চূড়ান্ত, ভাহার আর অন্তবা হইতে পারে না।

এতই বধিরভাবে সমস্ত বাংলাদেশের চিন্তবেদনাকে একেবারে চূড়ান্ত করিয়া দেওয়া ইহাই কি রাশাশাসনের চরমপন্থা নহে ? ইহার কি একটা প্রতিঘাত নাই ? এবং সে প্রতিঘাত কি নিভান্ত নিশীবভাবে হইতে পারে ?

এই স্বান্তাবিক প্রতিষাত শাস্ত করিবার অন্ত কর্তৃপক্ষ তো কোনো শাস্তনীতি অবলম্বন করিলেন না—তিনি চরমের দিকেই চড়িতে লাগিলেন। আঘাত করিয়া যে-টেউ ত্লিয়াছিলেন সেই টেউকে নিরস্ত করিবার অন্ত উর্ধেষাসে কেবলই দণ্ডের উপর দণ্ড চালনা করিতে লাগিলেন। তাহাতে তাহারা যে বলিষ্ঠ এ প্রমাণ হইতে পারে কিন্তু ফভাব তো এই প্রবেশ রাজাদের প্রজা নছে। আমরা তুর্বল হই আর অক্ষম হই বিধাতা আমাদের যে একটা কংপিও গড়িরাছিলেন সেটা তো নিতাস্কই একটা মংপিও নহে, আমরাও সহসা আঘাত পাইলে চকিত হইরা উঠি; সেটা একটা বাভাবিক প্রতিবিকিরা,—যাহাকে ইংরেজিতে বলে রিক্রেক্স আয়ক্ষন। এটাকে রাজ্যভার যদি অবিনর বলিয়া আন করেন তবে আঘাতটা সম্বন্ধেও বিবেচনা করিতে হয়। যাহার শক্তি আছে সে অনায়াসেই তুইরের পশ্চাতে আরও একটা তুই যোগ করিতে পারে কিন্তু তাহার পরে কলের বরে চা দেখিলেই উন্মন্ত হইরা উঠা বিধাতার বিক্রমে বিশ্রেছ।

স্বভাবের নিরম বধন কাব্দ করে তখন কিছু অস্থবিধা ঘটলেও, সেটাকে দেখির। বিষয়ে হাইতে পারি না। বিহাতের বেগ লাগাইলে বদি দেখি ত্র্বল রায়তেও প্রবলভাবে সাড়া পাওরা ঘাইতেছে তবে বড়ো কটের মধ্যে সেটা আশার কথা।

অন্তএব এদিকে বধন পর্ড কার্জন, মর্লি, ইবেটসন; শুর্থা, প্রানিটিভ প্লিস ও প্লিসরাজকতা; নির্বাসন, জেল ও বেত্রদণ্ড; দলন, দমন ও আইনের আত্মবিশ্বতি; তথন অপর পক্ষে প্রজাদের মধ্যেও বে ক্রমনই উত্তেজনার্ভি হইতেছে, বে-উত্তাপটুক্ অরকাল পূর্বে কেবলমাত্র ভাহাদের রসনার প্রাক্তভাগে দেখা দিয়াছিল তাহা বে ক্রমনই ব্যাপ্ত পজীর ছইয়া ভাহাদের অস্থিমজ্ঞার অভ্যন্তরে প্রবেশ করিতেছে; তাহারা বে বিভীবিকার সক্ষ্যে অভিযুক্ত না ছইয়া অসহিষ্ণু হইয়া উঠিতেছে ইছাতে আমাদের বণেষ্ট আসুবিধা ও আশহা আছে তাহা মানিতেই হইবে, কিন্তু সেই সঙ্গে এইটুকু আশার কথা না মনে করিয়া থাকিতে পারি না বে, বছকালের অবসাদের পরেও বভাব বলিয়া একটা পদার্থ এখনও আমাদের মধ্যে রহিয়া গেছে; প্রবলভাবে কট পাইবার ক্ষমতা এখনও আমাদের যায় নাই—এবং জীবনধর্মে যে স্বাভাবিক প্রতিক্রিয়ার নিয়ম বর্তমান এখনও আমাদের মধ্যে তাহা কাজ করিতেছে।

চরমনীতি বলিতেই ব্যার হালছাড়া নীতি, স্বতরাং ইহার গতিটা যে কপন কাছাকে কোধার লইরা গিরা উত্তীর্ণ করিরা দিবে তাহা পূর্ব হইতে কেহ নিশ্চিজ্রপে বলিতে পারে না। ইহার বেগকে সর্বত্র নিয়মিত করিরা চলা এই পদ্বার পথিকদের পক্ষে একেবারেই স্ক্রাধা। তাহাকে প্রবর্তন করা সহজ্ঞ, সংবর্ণ করাই কঠিন।

এই কারণেই আমাদের কর্তপক্ষ যখন চরমনীতিতে দম লাগাইলেন তখন তাঁহারা ষে এতদূর পর্যন্ত পৌছিবেন তাহা মনেও করেন নাই। আজ ভারতশাসনকার্যে পুলিসের সামান্ত পাহারাওআলা হইতে ভারদওধারী বিচারক পর্যন্ত সকলেরই মধ্যে স্থানে স্থানে ষে অসংযম ফুটিয়া বাহির হইতেছে, নিশ্চয়ই তাহা ভারতশাসনের কর্ণধারণণের অভিপ্রেত নহে। কিন্তু গবর্মেণ্ট তো একটা অলোকিক ব্যাপার নহে, শাসনকার্য ঘাহাদিগকে দিয়া চলে তাহারা তো রক্তমাংসের মান্তুষ, এবং ক্ষমন্তা-মন্ততাও সেই মানুষঞ্জির প্রক্রতিতে অল্লাধিক পরিমাণে প্রবেশ করিয়াছে। যে-সমরে প্রবীণ সার্থির প্রবল রাশ ইছাদের गकलाक मं क कतिया हि। निया बार्ट्स ज्यमं यिक हेशास्त्र फेक बीवा सम्बे वक हरेश থাকে তথাপি সেটা রাজবাহনের পক্ষে আলোভন হয় না; কিন্তু তথন ইহারা মোটের উপরে সকলেই এক সমান চালে পা ফেলে; তখন পদাতিকের দল একটু যদি পাশ কাটাইরা চলিতে পারে তবে তাহাদের আর অপঘাতের আশকা ধাকে না। কিন্ত চরমনীতি ধ্বনই রাশ ছাড়িয়া দেয় ত্র্বনই এই বিরাট শাসনত্ত্রের মধ্যে অবারিত জীব-প্রকৃতি দেখিতে দেখিতে বিচিত্র হইয়া উঠে। তখন কোন্ পাহারাওআলার বৃষ্টি যে কোন্ ভালোমাম্বের কপাল ভাঙিবে এবং কোন্ বিচারকের হাতে আইন বে কিশ্বণ ভন্নংকর বক্রগতি অবলম্বন করিবে তাহা কিছুই বৃত্তিবার উপার থাকে না। তখন প্রজাদের মধ্যে যে বিশেষ অংশ প্রশ্রম্ভ পায় ভাহারাও বুরিতে পারে না ভাহাদের প্রশ্রের সীমা কোণার। চতুর্দিকে শাসননীতির এইরূপ অমুত ভূর্বলতা প্রকাশ হইতে থাকিলে গবর্মেন্ট নিজের চালে নিজেই কিছু কিছু কজাবোধ করিতে খাকেন ;—ভখন লক্ষানিবারণের কমিশন রিপোর্টের তালি দিয়া শাসনের ছিন্নতা ঢাকিতে চাব, বাছারা আর্ত তাহাদিগকে মিণ্যক বলিয়া অপমানিত করে এবং বাহারা উচ্ছ খেল তাহাদিগকেট উৎপীড়িত বলিয়া মার্জনা করে। কিন্তু এমন করিয়া লক্ষা কি ঢাকা পড়ে ? অখচ

এই সমত্ত উদ্ধাম উৎপাত সংবরণ করাকেও ফ্রেটিশীকার বলিয়া মনে হর এবং ত্র্বলতাকে প্রবলভাবে সমর্থন করাকেই রাজপুরুষ শক্তির পরিচর বলিয়া শ্রম করেন।

অন্তপক্ষে আমাদের মধ্যেও চরমনীতিকে সর্বদা ঠিকমতো সংবরণ করিয়া চলা ত্বাধ্য। আমাদের মধ্যেও নিজের দলের তুর্বারতা দলপতিকেও টলাইতে থাকে। এরপ অবস্থার কাহার আচরশের জন্ত যে কাহাকে দারী করা যাইবে এবং কোন্ মতটা যে কতটা পরিমাণে কাহার, তাহা নিশ্বর করিয়া নির্পন্ন করে এমন কে আছে।

এইখানে একটি কৰা মনে রাধিতে হইবে। একস্ক্রিমিন্ট নাম দিরা আমাদের মাঝখানে বে একটা সীমানার চিক্ছ টানিরা দেওরা হইরাছে সেটা আমাদের নিজের দত্ত নহে। সেটা ইংরেজের কালো কালির দাগ। স্বতরাং এই জরিপের চিক্টা কবন কতদ্র পর্যন্ত বাধে হইবে বলা ধার না। দলের গঠন অনুসারে নহে, সমরের গতি ও কর্তৃজাতির মজি অনুসারে এই রেখার পরিবর্তন হইতে থাকিবে।

অতএব ইংরেজ তাহার নিজের প্রতি আমাদের মনের ভাব বিচার করিয়া যাহাকে এক ব্রিমিস্ট দল বলিয়া নির্দেশ করিবার চেষ্টা করিতেছে সেটা কি একটা দল, না দলের চেয়ে বেশি—তাহা দেশের একটা লক্ষণ? কোনো একটা দলকে চাপিয়া মারিলে এই লক্ষণ আর-কোনো আকারে দেখা দিবে অথবা ইহা বাহির হইতে ভিতরে প্রবেশ করিবে।

কোনো স্বাভাবিক প্রকাশকে ষধন আমরা পছন্দ না করি তথন আমরা বলিতে টেন্টা করি বে, ইহা কেবল সম্প্রদারবিশেষের চক্রান্ত মাত্র। অন্তাদশ শতামীতে মুরোপে একটা ধুয়া উঠিয়ছিল বে, ধর্মজিনিসটা কেবল স্বার্থপর ধর্মবাজকদের ক্রিম স্থিঃ; পাজিদিগকে উচ্ছিয় করিলেই ধর্মের আপদটাকেই একেবারে দূর করিয়া দেওয়া যায়। হিন্দুধর্মের প্রতি ষাহারা অসহিষ্ণু তাহারা অনেকে বলিয়া থাকে এটা যেন আম্পের দল পরামর্শ করিয়া নিজেদের জীবিকার উপার স্বরূপে তৈরি করিয়া তুলিয়ছে— অতএব ভারতবর্ষের বাহিরে কোনো গভিকে আম্পেনর ডিপোর্টেশন ঘটাইতে পারিলেই হিন্দুধর্মের উপান্তব সম্বন্ধে একপ্রকার নিশ্ভিম্ব থাকা যাইবে। আমাদের ঝ্লাজাও সেইরপ মনে করিভেছেন একস্থিমিক্তম বলিয়া একটা উথক্ষেপক পদার্থ ডুটের দল তাহাদের ল্যাবরেটনিতে ক্রিমা উপারে তৈরি করিয়া তুলিতেছে অতএব করেকটা দলপতি ধরিয়া পুলিস ম্যাজিক্ষেটের হাতে সমর্পন করিয়া দিলেই উৎপাত শান্তি হইতে পারিবে।

কিছ আসল কৰাটা ভিতরের কথা। সেটা চোধে কেবার জিনিস নহে, সেটা তলাইরা বৃথিতে হউবে। বে-সত্য অব্যক্ত ছিল সেটা হঠাং প্রথম ব্যক্ত হইবার সময় নিতান্ত মৃত্যুক্ত মধুরভাবে হয় না। তাহা একটা ঝড়ের মতো আসিরা পড়ে, কারণ অসামন্ত্রপ্তর সংঘাতই তাহাকে জাগাইয়া তোলে।

আমাদের দেশে কিছুকাল হইতেই ইতিহাসের শিক্ষার, বাতারাত ও আদানপ্রদানের স্ববোগে, এক রাজশাসনের ঐক্যে, সাহিত্যের অভ্যুদ্ধরে এবং কনগ্রেসের চেষ্টার আমরা ভিতরে ভিতরে ব্রিতেছিলাম বে, আমাদের দেশটা এক, আমরা একই জাতি, স্বংধ হুংংধ আমাদের এক দশা, এবং পরস্পরকে পরমান্ত্রীর বলিরা না জানিলে ও অত্যম্ভ কাছে না টানিলে আমাদের কিছুতে মকল নাই।

বুঝিতেছিলাম বটে কিন্ধ এই অধণ্ড ঐক্যের মৃতিটি প্রত্যক্ষ সত্যের মতো দেশিতে পাইতেছিলাম না—তাহা যেন কেবলই আমাদের চিস্তার বিষয় হইরাই ছিল। সেইজন্ত সমত্ত দেশকে এক বলিয়া নিশ্চর জানিলে, মাহুষ দেশের জন্ত বভটা দিতে পারে, যভটা সহিতে পারে, যভটা করিতে পারে আমরা ভাহার কিছুই পারি নাই।

এই ভাবেই আরও অনেকদিন চলিত। এমন সময় লর্ড কার্চ্চন ধবনিকার উপর এমন একটা প্রবল টান মারিলেন বে, বাহা নেপথ্যে ছিল ভাহার আর কোনো আচ্ছাদন রহিল না।

বাংলাকে ষেমনি চুইখানা করিবার হকুম হইল অমনি পূর্ব হইতে পশ্চিমে একটিমাত্র ধানি জাগিরা উঠিল—আমরা বে বাঙালি, আমরা যে এক! বাঙালি কখন বে বাঙালির এতই কাছে আসিরা পড়িরাছে, রকের নাড়ি কখন বাংলার সকল অককেই এমন করিয়া এক চেতনার বন্ধনে বাঁধিয়া তুলিরাছে ভাহা ভো পূর্বে আমরা এমন স্পষ্ট করিয়া বৃক্তিতে পারি নাই।

আমাদের এই আত্মীরতার সন্ধীব শরীরে বিভাগের বেদনা বধন এত অসম ছইরা বাজিল তথন ভাবিরাছিলাম সকলে মিলিরা রাজার বারে নালিশ জানাইলেই দরা পাওরা বাইবে। কেবলমাত্র নালিশের বারা দরা আকর্ষণ ছাড়া আর বে আমাদের কোনো গতিই আছে তাহ্রাও আমরা জানিতাম না।

কিন্তু নিক্রপায়ের ভরদান্থন এই পরের অন্থগ্রহ বধন চূড়ান্তভাবেই বিমৃথ হইল তথন বে-ব্যক্তি নিজেকে পদ্ধ জানিরা বহুকাল অচল হইরা ছিল বরে আন্তন লাগিতেই নিভান্ত অগত্যা দেবিতে পাইল তাহারও চলংশক্তি আছে। আমরাও একদিন অন্তঃকরণের অত্যন্ত একটা তাড়নার দেবিতে পাইলাম, এই কথাটা আমাদের আ্বার করিরা বলিবার শক্তি আছে বে, আমরা বিলাতি পণাত্রবা ব্যবহার করিব না।

আমাদের এই আবিফারটি অস্তান্ত সমস্ত সত্য আবিফারেরই ক্লার প্রথমে একটা

সংকীৰ উপলক্ষ্যকে অবলম্বন করিয়া আমাদের কাছে উপস্থিত হইয়াছিল। অবশেষে দেখিতে দেখিতে আমরা বৃকিতে পারিলাম উপলক্ষাটুকুর অপেক্ষা ইহা অনেক বৃহং। এ বে শক্তি। এ বে সম্পদ। ইহা অন্তকে অস্বা করিবার নহে ইহা নিজেকে শক্ত করিবার। ইহার আরে কোনো প্ররোজন থাক বা না থাক ইহাকে বক্ষের মধ্যে সত্য বলিরা অস্তুভব করাই সকলের চেয়ে বড়ো প্রবোজন হইয়া উঠিয়াছে।

শক্তির এই অকমাৎ অমুভূতিতে আমরা যে একটা মন্ত ভরসার আনন্দ পাইরাছি সেই আনন্দটুকু না থাকিলে এই বিদেশী-বর্জনব্যাপারে আমরা এত অবিরাম হংগ কগনোই সহিতে পারিতাম্ না। কেবলমাত্র ক্রোধের এত সহিষ্কৃতা নাই। বিশেষত প্রবলের বিশ্বংক হুর্বলের ক্রোধ কগনোই এত জোরের সঙ্গে গাঁডাইতে পারে না।

এদিকে হৃংধ বতই পাইতেছি সত্যের পরিচরও ততই নিবিড়তর সত্য হইরা উঠিতেছে। বতই হৃংধ পাইতেছি আমাদের শক্তি গভীরতার ও ব্যাপ্তিতে ততই বাড়িরা চলিরাছে। আমাদের এই বড় হৃংধের ধন ক্রমেই আমাদের হৃদরের চিরস্কন সামগ্রী হইরা উঠিতেছে। অরিতে দেশের চিত্তকে বার বার গলাইরা এই যে ছাপ দেওরা হইতেছে ইছা তো কোনোদিন আর মুছিবে না। এই রাজমোহরের ছাপ আমাদের হৃংধ সহার দলিল হইরা থাকিবে;—হৃংধের জোরে ইহা প্রস্তুত হইরাছে এবং ইহার জোরেই হৃংধ সহিতে পারিব।

এইরপে সত্য জিনিস পাইলে তাহার আনন্দ যে কত জোরে কাজ করে এবার তাহা স্পট্ট দেখিরা আন্তর্ম হইরা গিরাছি। কতদিন হইতে জানী লোকেরা উপদেশ দিরা আসিরাছেন যে, হাতের কাজ করিতে দ্বণা করিয়া, চাকরি করাকেই জীবনের সার বলিয়া জানিলে কখনোই আমরা মান্তম হইতে পারিব না। যে তনিয়াছে সেই বলিয়ছে, হাঁ, কথাটা সত্য বটে। অমনি সেই সঙ্গেই চাকরির দরখাও লিখিতে হাত পাকাইতে বসিয়াছে। এতবড়ো চাকরিপিপাত্ম বাংলাদেশেও এমন একটা দিন আসিল ধেদিন কিছু না বলিতেই ধনীয় ছেলে নিজের হাতে তাঁত চালাইবার জন্ত তাঁতির কাছে শিশুরুষ্টি অবলম্বন করিল, ভত্রমরের ছেলে নিজের মাধার কাপড়ের মোট তুলিয়া খারে খারে বিজের করিতে লাগিল এবং আন্ধণের ছেলে নিজের হাতে লাওল বহা গোরবের কাজ বলিয়া স্পর্ধা প্রকাশ করিল। আমাদের সমাজে ইহা যে সক্তবপর হইতে পারে আমরা সংখ্যার মেনে করি নাই। তর্কের যারা তর্ক্ মেটে না; উপদেশের যারা সংখ্যার যোচে না; সত্য বখন দ্বের একটি কোণে একটু শিশার মতো দেখা দেন তখনই ধ্রজরা অজ্ঞার আগনি কাটিয়া বার।

পূর্বে ফেলের বড়ো প্রয়োজনের সময়েও বারে বারে জিক্ষা চাহিরা অর্থের অপেকা

বার্থতাই বেশি করিরা পাইতাম কিন্তু সম্প্রতি একদিন যেমনি একটা ডাক পড়িল স্মানি দেশের লোক কোনো স্বত্যাবশুক প্ররোজনের কথা চিন্তা না করিয়া কেবলমাত্র নির্বিচারে ত্যাগ করিবার জ্ঞাই নিজে ছুটিয়া গিয়া দান করিয়া নিজেকে কৃতার্থ জ্ঞান করিয়াছে।

তাহার পরে জাতীয় বিছালয় বে কোনোদিন দেশের মধ্যে স্থাপন করিতে পারিব, বৈ কেবল ঘটি-একটি অত্যুৎসাহিকের খ্যানের মধ্যেই ছিল। কিছু দেশে শক্তির অত্যুভ্তি একটুও সত্য হইবামাত্রই সেই তুর্লভ ধ্যানের সামগ্রী দেখিতে দেখিতে আকার পরিগ্রহ করিয়া দেশকে বরদান করিবার জন্ত উন্নত দক্ষিণ হত্তে আজ আমাদের সক্ষ্পে আসিয়া দাঁড়াইয়াছেন।

একত্রে মিলিয়া বড়ো কারখানা স্থাপন করিব বাঙালির এমন না ছিল শিক্ষা, না ছিল অভিক্রতা, না ছিল অভিক্রতি,—তাহা সন্থেও বাঙালি একটা বড়ো মিল খুলিয়াছে, তাহা ভালো করিয়াই চালাইতেছে এবং আরও এইরূপ অনেকগুলি ছোটোবড়ো উদ্যোগে প্রবৃত্ত হইয়াছে।

দেশের ইচ্ছা একটিমাত্র উপলক্ষাে বেই আপনাকে সকল করিরাছে, বেই আপনার শক্তিকে তুঃখ ও ক্ষতির উপরেও জন্নী করিয়া দেশাইয়াছে অমনি তাহা নানা ধারাম জাতীয় জীবনযাত্রার সমস্ত বিচিত্র ব্যাপারেই যে নিজেকে উপলব্ধি করিবার জন্ত সহজে ধাবিত হইবে ইহা অনিবার্য।

কিন্ত বেমন একদিকে সহসা দেশের এই শক্তির উপলব্ধি আমাদের কাছে সত্য হইল তেমনি সেই কারণেই আমরা নিজেদের মধ্যে একটা প্রকাণ্ড অভাব অফুভব করিলাম। দেবিলাম এতবড়ো শক্তিকে বাঁধিয়া ভূলিবার কোনো ব্যবদ্ধা আমাদের মধ্যে নাই। স্টীম নানাদিকে নই হইয়া যাইতেছে, ভাছাকে এইবেলা আবদ্ধ করিয়া যথার্থপথে খাটাইবার উপাস্ক করিতে পারিলে ভাহা আমাদের চিরকালের সম্বল হইয়া উঠিত—এই ব্যাকুলভার আমরা কই পাইতেছি।

ভিতরে একটা গভীর অভাব বা পীড়া গাকিলে বধন তাহাকে ভালো করিয়া ধরিতে বা তাহার ভালোরপ প্রতিকার করিছে না পারি তগন তাহা নানা অকারণ বিরক্তির আকার ধারণ করিতে গাকে। লিও অনেক সমর বিনা হেতৃতেই রাগ করিয়া ভাহার মাকে মারে; তগন ব্রিতে হইবে সে-রাগ বাহত তাহার মাতার প্রতি কিন্তু বন্ধত তাহা শিশুর একটা কোনো অনির্দেশ্য অস্বাস্থা। সুস্থ লিও বগন আনন্দে গাকে তগন বিরক্তির কারণ ঘটিলেও সেটাকে সে অনায়াসে ভূলিয়া বার। সেইরূপ কেনের আভারিক বে-আক্ষেপ আমাদিগকে আত্মকলহে লইয়া বাইতেছে তাহা আর কিছুই নত্তে তাহা ব্যবস্থাবন্ধনের অভাবন্ধনিত বার্থ উদ্ভানের অসন্ভোষ। শক্তিকে অক্তান্ধন করিতেছি

আৰচ তাহাকে সম্পূৰ্ব খাটাইতে পারিতেছি না বলিরাই সেই অস্বাস্থ্যে ও আত্মধানিতে আমরা আত্মীরদিগকেও সন্থ করিতে পারিতেছি না।

বধন একদিনের চেষ্টাতেই আমরা দেবিরাছি বে, জাতীর ভাগ্রারে টাকা আসিরা পড়া এই বহুপরিবারভারগ্রন্থ দরিক্র দেশেও হুংসাধ্য নহে তথন এই আক্ষেপ কেমন করিরা ভূলিব বে, কেবলমাত্র ব্যবস্থা করিতে না পারাতেই এই একদিনের উদ্যোগকে আমরা চিরদিনের ব্যাপার করিরা ভূলিতে পারিলাম না। এমন কি, ষে-টাকা আমাদের হাতে আসিরা জমিরাছে ভাহা লইরা কী বে করিব তাহাই আব্দ পর্বস্ত ঠিক করা আমাদের পক্ষে অসাধ্য হইরা উঠিরাছে। স্কুতরাং এই জ্মা টাকা মাতৃত্তনের নিরুদ্ধ ভূমের মতো আমাদের পক্ষে একটা বিষম বেদনার বিষর হইরা রহিল। দেশের লোক যখন ব্যাকুল হইরা বলিতেছে, আমরা দিতে চাই আমরা কাজ করিতে চাই, কোপার দিব কী করিব তাহার একটা কিনারা হইরা উঠিলে বাঁচিরা যাই; তখনও যদি দেশের এই উদ্ধত ইচ্ছাকে সার্থক করিবার জন্ত কোনো একটা বক্ষক্রে নির্মিত না হর, তখনও যদি সমন্ত কাজ বিচ্ছির বিক্ষিপ্তভাবেই হইতে থাকে তবে এমন অবস্থার এমন খেদে মান্তম্ব আর কিছু না পারিলে ভাইরে ভাইরে ঝগড়া করিরা আপনার কর্মভ্রই উত্যম্ব করে।

তথন বগড়ার উপলক্ষ্যও তেমনি অসংগত হয়। আমাদের মধ্যে কেছ বা বলি আমি ব্রিটিশ-সাম্রাজ্যভূক স্বায়ন্তশাসন চাহি, কেছ বা বলি আমি সাম্রাজ্যনিরপেক্ষ স্বাড্যাই চাহি। অবচ এ-সমন্ত কেবল মূখের কথা এবং এডই দ্রের কথা ধে, ইহার সঙ্গে আমাদের উপস্থিত দারিস্বের কোনো ধোল নাই।

দেবতা যুখন কলোনিয়াল সেল্ক-গবর্ষেন্ট এবং অটনমি এই ছুই বর ছুই হাতে লইয়া আমাদের সন্মুখে আসিয়া দাঁড়াইবেন এবং বগন তাঁহার মূর্যুঠমাত্র বিলম্ব সহিবে না তখন কোন্ বরটা ভূলিয়া লইতে হইবে হাতে হাতে তাহার নিশান্তি করিতে পরস্পর হাতাহাতি করাই বদি অত্যাবশ্রক হইয়া উঠে তবে অগত্যা তাহা করিতে হইবে। কিছ বখন মাঠে চাব দেওরাও হয় নাই তখন কি কসলভাগের মামলা তুলিবাব বিশেষ প্রয়োজন আছে?

ব্যক্তিই বল, আডিই বল, মৃক্তিই সকলের চরম সিদি। কিন্তু শাল্রে বলে, নিজের মধ্যেই মৃক্তির নিস্চু বাধা আছে, সেইগুলা আগে কর্মের ছারা কর না করিলে কোনো-মডেই মৃক্তি নাই। আমাদের আডীর মৃক্তিরও প্রধান বিশ্বসকল আমাদের অভ্যন্তরেই নানা আকারে বিভ্যান,—কর্মের ছারা সেগুলার যদি ধ্বংস না হর ওবে তর্কের ছারা হইবে না এবং বিবাদের ছারা তাহা বাড়িতেই থাকিবে। অতএব, ক্তি কর প্রকারের

আছে, সাযুক্তা-মৃক্তিই ভালো না স্বাভদ্মা-মৃক্তিই শ্রের, শান্তিরক্ষা করিরা তাছার আলোচনা অনারাসেই চলিতে পারে, কিন্তু সাযুক্তাই বল, আর স্বাভদ্মাই বল, গোড়াকার কথা একই অর্থাং তাছা কর্ম। সেখানে উভন্ন দলকে একই পথ দিরা যাত্রা করিতে হইবে। যে-সকল প্রকৃতিগত কারণে আমরা দরিত্র ও তুর্বল, আমরা বিভক্ত বিশ্বত্ত পরতন্ত্র, সেই কারণ ঘোচাইবার জন্ত আমরা যদি সত্যসত্যই মন দিই তবে আমাদের সকল মতের লোককে একত্রে মিলিতেই হইবে।

এই কর্মক্ষেত্রেই বধন আমাদের সকলের একত্রে মিলন নিতান্তই চাই তথন সেই
মিলনের জন্ত একটি বিশেষ গুণের প্রয়োজন—তাহা অমন্ততা। আমরা যদি ষণার্থ
বলিষ্ঠমনা ব্যক্তির স্থায় কথায় ও ব্যবহারে, চিন্তায় ও প্রকাশে পরিমাণরক্ষা করিয়া না
চলিতে পারি তবে মিলনই আমাদের পক্ষে বিরোধের হেতু হইবে—এবং কর্মের চেষ্টায়
লাভ না হইয়া বারংবার ক্ষতি ঘটাইতে থাকিবে।

এই বিষয়ে আজকালকার ভারতীয় রাজপুরুষদের সমান চালে চলিবার চেষ্টা করিলে আমাদের অনিষ্টই হইবে। বর্তমান ভারতশাসনব্যাপারে একটা উৎকট হিস্টীরিয়ার আক্ষেপ হঠাং থাকিয়া থাকিয়া কখনো পাল্লাবে, কখনো মান্রাজে, কখনো বাংলার বেরূপ অসংঘমের সহিত প্রকাশ পাইয়া উঠিতেছে সেটা কি আমাদের পক্ষে একটা দৃষ্টাস্ত ?

যাহার হাতে বিরাট শক্তি আছে, সে যদি অসহিষ্ণু হইরা চাঞ্চল্য প্রকাশ করাকেই পৌরুরের পরিচর বলিয়া কল্পনা করে এবং নিজের রচনাকে নিজে বিপর্যন্ত করিয়া সান্ধনা পার তবে তাহার সেই চিত্তবিকার আমাদের মতো তুর্বলতর পক্ষকে যেন অক্তকরণে উত্তেজিত না করে। বস্তুত প্রবলই হউক আর তুর্বলই হউক বে-ব্যক্তি বাক্যো ও আচরণে অস্তরের ভাবাবেগকে যথেষ্ট পরিমাণে সংযত করিতে না পারিয়াছে সেই ব্যক্তি সকল কর্মের অস্তরার এ-কণাটা ক্ষোভবশত আমরা বর্ধনীই ভূলি ইছার সত্যতাও তথনই সবেগে সপ্রমাণ হইরা উঠে।

সম্প্রতি দেশের কর্ম বলিতে কী বুঝার এবং তাহার ধর্মার্থ গতিটা কোন্ দিকে সে-সম্বন্ধ আমাদের মধ্যে যে সত্যকার কোনো মতভেদ আছে এ:কথা আমি মনে করিতেই পারি না।

কর্মের উদ্দেশ্য কেবলমাত্র উপস্থিত একটা কোনো কললাভ নছে। শক্তিকে বাটাইবার জন্মও কর্মের প্রয়োজন। কর্মের উপযুক্ত সুযোগ পাইলেই এই শক্তি নানা আশ্চর্য ও অভাবনীয় রূপে অভিব্যক্ত হইতে থাকে। এমন যদি উপায় থাকিত যাহাতে কলটা পাওয়া যায় অথচ শক্তিটার কোনো প্রয়োজনই হয় না তবে তাহাকে আমরা সোভাগ্য বলিয়া গণ্য করিতে পারিতাম না।

তেমন উপায় পৃথিবীতে নাইও। আমরা কোনো শ্রের পদার্থকেই পরের কুপার বারা পাই না, নিজের শক্তির বারাই লই। ইহার অন্তথা হইতেই পারে না। কারণ, বিধাতা বরঞ্চ আমাদিশকে হনন করিতে পারেন কিন্তু মহুক্তত্বকে অপমানিত হইবার পথে কোনো প্রশ্রের দেন না।

সেইজন্মই পেথিতে পাই গবর্ষেন্টের দানের সঙ্গে বেখানেই আমাদের শক্তির কোনো সহবোগিতা নাই সেধানে সেই দানই বক্ত হইরা উঠিরা আমাদের কত না বিপদ ঘটাইতে পারে। প্রশ্রেরপ্রাপ্ত পুলিস বধন দক্ষাবৃত্তি করে তথন প্রতিকার অসম্ভব হইরা উঠে; গবর্ষেন্টের প্রসাদভোগী পঞ্চারেত যথন গুপ্তচরের কাজ আরম্ভ করে তথন গ্রামের পক্ষেতাহা বে কতবড়ো উপদ্রবের কারণ হইতে পারে তাহা কিছুই বলা বার না; গবর্ষেন্টের চাকরি বধন শ্রেণীবিশেবকেই অফগ্রহভাজন করিরা তোলে তথন ঘরের লোকের মধ্যেই বিষেব জালরা উঠে এবং রাজমন্ত্রিসভার বধন সম্প্রদারবিশেবের জ্ঞাই আসন প্রশন্ত হইতে থাকে তথন বলিতে হয় আমার উপকারে কাজ নাই তোমার অফ্রাহ ফ্রিরাইয়া লও। আমাদের নিজের মধ্যে সভেক্ষ শক্তি থাকিলে এই সমন্ত বিকৃতি কিছুতেই ঘটিতে পারিত না—আমরা দান গ্রহণ করিবার ও তাহাকে বক্ষা করিবার অধিকারী হইতাম—দান আমাদের পক্ষে কোনো অবস্থাতেই বলিদান হইরা উঠিত না।

অতএব আমি যাহা বলিতেছি তাহাতে এ বোঝার না যে, আমাদের কর্মের কোনো উপকরণ আমরা গবর্মেন্টের নিকট হইতে লইব না, কিন্তু ইহাই ব্যায় যে, নিজের সম্পূর্ণ সাধামত যদি কর্মে প্রবৃত্ত হই তবেই তাহার উপকরণ আমরা সকল স্থান হইতেই অসংকোচে সংগ্রহ করিবার অধিকারী হইব। নতুবা আমাদের সেই গল্পের দশা ঘটিবে। আমরা যা কালীর কাছে যহিব যানত করিবার বেলা চিম্ভা করিব না বটে কিন্তু পরে তিনি যথন অনেক ক্ষমা করিয়াও একটিমাত্র পতক দাবি করিবেন তখন বলিব, মা, ওটা তুমি নিজে ক্ষেত্রে গিরা ধরিরা লও গে। আমরাও কথার বেলার বড়ো বড়ো করিয়াই বলিব কিন্তু অবলেবে দেশের একটি সামান্ত হিতসাধনের বেলাতেও অল্ডের উপরে বরাত দিয়া দার সারিবার ইক্ছা করিব।

কাৰে প্ৰস্তু হুইন্ডে গেলে, রাগ করিয়া, গর্ব করিয়া, বা অক্ত কারণে, যে-জিনিসটা নিশ্চিত আছে তাহাকে নাই বলিয়া হিসাব হুইতে বাদ দিয়া বসিলে চলিবে না। ভারতে ইংরেজ-গবর্মেন্ট যেন প্রকেষারেই নাই এমনভাবে চক্ষ্ মৃত্তিত করিয়া থাকা শয়নাগারেই চলে কিন্তু ক্রম্ভেত্রে সেক্সপভাবে চলিলেই নিশ্চয় ঠকিতে হুইবে।

অবস্ত এ-কথাও সভা, ইংরেজও, বতদ্ব সম্ভব, এমনভাবে চলিতেছে বেন আমরা কোথাও নাই। আমাদের জিল কোট লোকের মাঝধানে থাকিরাও তাহারা বহুদ্রে। সেইজন্তই আমাদের সদ্ধন্ধ তাহাদের পরিমাণবােধ একেবারেই চলিয়া গেছে। সেইজন্তই পনেরা বংসরের একটি ইম্পার ছেলেরও একটু তেজ দেখিলে তাহারা জেলের
মধ্যে তাহাকে বেত মারিতে পারে; মান্নর সামান্ত একটু নজিলে-চজিলেই প্রানিটিভ
পুলিসের চাপে তাহাকে সম্পূর্ণ নিশ্চল করিয়া কেলিতে মনে তাহাদের ধিকৃকার বােধ
হর না; এবং ছভিক্রে মরিবার মুখে লােকে যধন বিলাপ করিতে থাকে সেটাকে অভ্যক্তি
বলিয়া অগ্রাহ্ম করা তাহাদের পক্ষে সন্তব হয়; সেইজন্তই বাংলার বিভাগব্যাপারে
সমন্ত বাঙালিকেই বাদ দিয়া মর্লে সেটাকে "সেট্ল্ড ক্যাক্ত" বলিয়া গণ্য করিতে
পারিয়াছেন। এইরূপে আচারে বিচারে এবং রাইবিধানে যধন দেখিতে পাই ইংরেজের
বাতার হিসাবের অক্তে আমরা কতবড়ো একটা শ্ন্য তথন ইহার পালটাই দিবার জন্য
আমরাও উহাদিগকে যতদ্ব পারি অধীকার করিবার ভক্তি করিতে ইচ্ছা করি।

কিন্ত পাতার আমাদিগকে একেবারে শ্রের দরে বসাইয়া গেলেও আমরা তো সভাই একেবারে শৃন্ত নহি। ইংরেজের তমারনবিস ভূল হিসাবে যে অকটা ক্রমাগতই হবণ করিয়া চলিতেছে তাহাতে তাহার সমন্ত পাতা দূষিত হইয়া উঠিতেছে। গায়ের জ্যোরে হাঁ-কে না করিলে গণিতশাস্ত্র ক্রমা করিবার লোক নয়।

একপক্ষে এই ভূল করিতেছে বলিয়া রাগ করিয়া আমারও কি সেই ভূলটাই করিব ? পরের উপর বিরক্ত হইয়া নিজের উপরেই তাহার প্রতিলোধ তুলিব ? ইহা তো কাঞ্চের প্রণালী নহে।

বিরোধমাত্রই একটা শক্তির ব্যন্থ—অনাবক্তক বিরোধ অপবায়। দেশের হিতক্ততে বাঁহারা কর্মধােগী, অত্যাবক্তক কন্টকক্ষত তাঁহাদিগকে পদে পদে সন্ধ করিতেই হইবে; কিন্ত শক্তির ঔষত্যপ্রকাশ করিবার জন্ত বদেশের যাত্রাপথে নিজের চেটায় কাঁটার চাব করা কি দেশহিতৈহিতা!

আমরা এই যে বিদেশী-বর্জনত্তত গ্রহণ করিয়াছি ইহারই দুঃখ তো আমাদের পক্ষে
সামান্ত নহে। বরং মুরোপেই ধনী আপন ধনবৃদ্ধির পথ অব্যাহত রাধিবার জন্ত শ্রমীকে
কিরূপ নাগপাশে বেইন করিয়া ফেলিতেছে এবং তাহা লইয়া সেণানে কতই কঠিন
আযাতপ্রতিঘাত চলিতেছে। আমাদের দেশে সেই ধনী তথু ধনী নন জেলের দারোগা,
লিভারপুলের নিমক থাইরা থাকে।

অতএব এ-দেশের বে-ধন লইরা পৃথিবীতে তাঁহার। ঐশর্বের চূড়ার উঠিরাছেন সেই ধনের রাতার আমরা একটা সামাস্ত বাধা দিলেও তাঁহারা তো আমাদিগকে সহজে ছাড়িবেন না। এমন অবস্থার বে-সংঘাত আমাদের সমূধে রহিরাছে তাহা বেলা নছে,— তাহাতে আরাম-বিশ্রামের অবকাশ নাই, তাহাতে আমাদের সমন্ত শক্তি ও সহিষ্কৃতার প্রয়োজন আছে। ইহার উপরেও বাঁহারা জনাহত ঔকতা ও জনাবশুক উষ্ণবাকা প্রান্ধান করিবা আমাদের কর্মের ভ্রহতাকে কেবলই বাড়াইবা ভূলিরাছেন তাঁহারা কি দেশের কাছে জ্পরাধী নহেন ? কাজের কঠোরতাকে সম্পূর্ণ গ্রহণ করিব, কিছুতেই পরাভব স্থীনার করিব না—দেশের শিল্পবাণিজ্ঞাকে স্বাধীন করিবা নিজের শক্তি অমুভব করিব, দেশের বিশ্বাশিজ্ঞাকে স্থায়ত্ত করিব, সমাজকে দেশের কর্তবাসাধনের উপরোগী বলিঠ করিবা ভূলিব;—ইহা করিতে গেলে মরে পরে ভূংব ও বাধার অবধি থাকিবে না, সেজস্ক অপরাজিতচিত্তে প্রস্তুত হইব কিন্তু বিরোধকে বিলাসের সামগ্রী করিবা ভূলিব না। দেশের কাজ নেশার কাজ নহে, তাহা সংযমীর মারা যোগীর মারাই সাধ্য।

মনে করিবেন না, ভর বা সংকোচ বশত আমি এ-কণা বলিতেছি। হংগকে আমি
কানি, ছংগকে আমি মানি, ছংগ দেবতারই প্রকাশ: সেইজন্মই ইহার সমস্কে কোনো
চাপলা শোভা পার না। ছংগ ছবলকেই হর স্পর্ধায় নর অভিভৃত্তিতে লইরা যায়।
প্রচন্ততাকেই যদি প্রবলতা বলিয়া জানি, কলহকেই যদি পৌক্ষর বলিয়া গণ্য করি,
এবং নিজেকে সর্বত্র ও সর্বদাই অভিমাত্র প্রকাশ করাকেই যদি আন্মোপলন্ধির স্বরূপ
বলিয়া স্থির করি তবে ছংগের নিকট হইতে আমরা কোনো মহং শিক্ষা প্রত্যাশা করিতে
পারিব না।

দেশে আমাদের বে বৃহং কর্মস্থানকে প্রস্তুত করিয়া তৃলিতে হইবে কেমন করিয়া তাহা আরম্ভ করিব? উচ্চ চূড়াকে আকাশে তৃলিতে গেলে তাহার ভিত্তিকে প্রশন্ত করিয়া প্রতিষ্ঠিত করিতে হয়। আমাদের কর্মশক্তির চূড়াকে ভারতবর্ধের কেন্দ্রস্থলে যদি অনভেদী করিতে চাই তবে প্রত্যেক জেলা হইতে তাহার ভিত গাঁধার কাজ আরম্ভ করিতে হইবে। প্রভিনক্তাল কনকারেশের ইহাই সার্থকতা।

প্রত্যেক প্রদেশে একটি করিরা প্রাদেশিক প্রতিনিধিসভা দাপিত হইবে। এই সভা ঘণাসম্ভব গ্রামে আমে আপনার শাবা বিস্তার করিরা সমস্ত জেলাকে আচ্ছর করিবে—প্রথমে সমস্ত প্রদেশের স্বাংশের সকলপ্রকার তবা সম্পূর্ণরূপে সংগ্রহ করিবে—কারণ কর্মের ভূমিকাই জান। যেখানে কারণ করিতে হইবে স্বাগ্রে তাহার সমস্ত অবস্থা জানা চাই।

দেশের সমন্ত গ্রামকে নিজের সর্বপ্রকার প্ররোজনসাধনক্ষম করিরা গড়িরা তুলিতে হইবে। কতকণ্ডলি পরী লইরা এক-একটি মন্তলী স্থাপিত হইবে। সেই মন্তলীর প্রধানগণ বহি প্রামের সমন্ত কর্বের এবং অভাবমোচনের ব্যবস্থা করিরা মন্তলীকে নিজের মধ্যে পরাপ্ত করিরা ভূলিতে পারে তবেই বারন্তশাসনের চর্চা রেশের সর্বত্ত সভা

ছইরা উঠিবে। নিজের পাঠশালা, শিল্পশিলার, ধর্মগোলা, সমবেত পণাডাগুর ও ব্যাছ স্থাপনের জন্ত ইহাদিগকে শিক্ষা, সাহায্য ও উৎসাহ দান করিতে হইবে। প্রত্যেক মণ্ডলীর একটি করিরা সাধারণ মণ্ডপ বাকিবে সেখানে কর্মে ও আমোদে সকলে একত্র হইবা হান পাইবে এবং সেইবানে ভারপ্রাপ্ত প্রধানেরা মিলিরা সালিসের দারা গ্রামের বিবাদ ও মামলা মিটাইরা দিবে।

জোতদার ও চাষা রায়ত যতদিন প্রত্যেকে স্বতম থাকিয়া চাষবাস করিবে ততদিন তাহাদের অসচ্চল অবস্থা কিছুতেই ঘূচিবে না। পৃথিবীতে চারিদিকে সকলেই জোট বাঁধিয়া প্রবল হইয়া উঠিতেছে; এমন অবস্থায় যাহারাই বিচ্ছিয় এককভাবে থাকিবে তাহাদিগকে চিরদিনই অক্টের গোলামি ও মন্ধুরি করিয়া মরিতেই হইবে।

অন্তকার দিনে বাহার বডটুকু ক্ষমতা আছে সমন্ত একত্র মিলাইরা বাঁধ বাঁধিবার সময় আদিয়াছে। এ না হইলে ঢালু পথ দিয়া আমাদের ছোটো ছোটো সামর্থা ও সম্বলের ধারা বাহির হইয়া গিয়া অন্তের জ্লালয় পূর্ণ করিবে। অয় থাকিতেও আমরা অয় পাইব না এবং আমরা কী কারণে কেমন করিয়া যে মরিতেছি তাহা জ্লানিতেও পারিব না। আজ বাহাদিগকে বাঁচাইতে চাই তাহাদিগকে মিলাইতে হইবে।

যুরোপে আমেরিকায় কৃষির নানাপ্রকার মিতশ্রমিক যা বাহির ইইয়াছে—নিডান্ত দারিদ্রাবশত সে-সমন্ত আমাদের কোনো কাজেই লাগিতেছে না—অব্ধ জমি ও অব্ধ শক্তি লইয়া সে-সমন্ত হয়ের ব্যবহার সম্ভব নহে। যদি এক-একটি মণ্ডলী অথবা এক-একটি গ্রামের সকলে সমবেত হইয়া নিজেদের সমস্ত জমি একত্র মিলাইয়া দিয়া কৃষিকার্যে প্রবৃত্ত হয় তবে আধুনিক যন্ত্রাদির সাহায়ে অনেক পরচ বাঁচিরা ও কাজের শ্ববিধা ইইয়া তাহারা লাভবান হইতে পারে। যদি গ্রামের উৎপব্ধ সমস্ত ইক্ষু তাহারা এক কলে মাড়াই করিয়া লব্ধ তবে দামি কল কিনিয়া লইলে তাহাদের লাভ বই লোকসান হয় না—পাটের খেত সমন্ত এক করিয়া লইলে প্রেসের সাহায়ে। তাহারা নিজেরাই পাট বাঁধাই করিয়া লইতে পারে—গোরালারা একত্র হইয়া জোট করিলে গোপালন ও মাখন ঘত প্রভৃতি প্রস্তুত করা সন্তায় ও ভালোমতে সম্পন্ন হয়। তাঁতিরা জোট বাঁধিয়া নিজের পরীতে বদি কল আনে এবং প্রত্যেকে তাহাতে আপনার খাটুনি দের তবে কাপড় বেশি পরিমানে উৎপন্ন হওয়াতে তাহাদের প্রত্যেকেরই শ্ববিধা ঘটে।

শহরে ধনী মহাজনের কারখানায় মজ্রি করিতে গেলে শ্রমীদিগের মহয়ত্ব কিরপ নট হয় সকলেই জানেন। বিশেষত আমাদের বে-দেশের সমাজ সৃহের উপরে প্রতিষ্ঠিত, বেধানে গৃহনীতি বিচলিত হইলে ধর্মের প্রধান অবলম্বন জীর্ব হইরা পড়েও সমাজের মর্শহানে বিষস্কার হইতে থাকে সে-দেশে বড়ো বড়ো কারথানা যদি শহরের মধ্যে আবর্ত রচনা করিয়া চারিদিকের গ্রামপরী হইতে দরিত্র গৃহস্থদিগকে আকর্ষণ করিয়া আনে তবে স্বাভাবিক অবস্থা হইতে বিচ্যুত, বাসস্থান হইতে বিলিপ্ত গ্রীপুরুষণণ নিরানন্দকর কলের কান্তে ক্রমশই কিন্ধপ তুর্গতির মধ্যে নিমক্ষিত হইতে পারে তাহা অসুমান করা কঠিন নহে। কলের বারা কেবল জিনিসপত্রের উপচর করিতে গিয়া মাহুবের অপচর করিয়া বসিলে সমাজ্যের অধিকদিন তাহা সহিবে না। অতএব পরীবাসীরাই একত্রে মিলিলে যে-সকল যত্রের ব্যবহার সন্তবপর হর তাহারই সাহায়ের স্থানেই কর্মের উন্নতি করিতে পারিলে সকলদিক রক্ষা হইতে পারে। শুধু তাই নয় দেশের অনসাধারণকে ঐক্যনীতিতে দীক্ষিত করিবার এই একটি উপায়। প্রাদেশিক সভা উপদেশ ও দৃষ্টাস্ত বারা একটি মওলীকেও যদি এইরূপে গড়িরা তুলিতে পারেন তবে এই দৃষ্টাস্কের সক্ষতা দেখিতে দেখিতে চারিদিকে ব্যাপ্ত হইয়া পড়িবে।

এমনি করিয়া ভারতবর্বের প্রদেশগুলি আহানির্ভরশীল ও বৃাহবদ্ধ হইয়া উঠিলে ভারতবর্বের দেশগুলির মধ্যে তাহার কেন্দ্রের প্রতিষ্ঠা সার্থক হইয়া উঠিবে এবং সেই দৈশিক কেন্দ্রগুলি একটি মাহাদেশিক কেন্দ্রচ্জায় পরিণত হইবে। তখনই সেই কেন্দ্রটি ভারতবর্বের সত্যকার কেন্দ্র হইবে। নতুবা পরিধি যাহার প্রস্তুতই হয় নাই সেই কেন্দ্রের প্রামাণিকতা কোলার ? এবং যাহার মধ্যে দেশের কর্মের কোনো উদ্যোগ নাই কেবলমাত্র ত্র্বল জাতির দাবি এবং দারিত্বহীন পরামর্শ সে-সভা দেশের রাজকর্মসভার সহযোগী হইবার আশা করিবে কোন্ সতোর এবং কোন্ শক্তির বলে ?

কল আসিয়া ষেমন উতিকে মারিরাছে তেমনি ব্রিটিশলাসনও সর্বগ্রহ ও সর্বব্যাপী হইরা আমাদের গ্রামাসমাজের সহজ্ঞ ব্যবস্থাকে নষ্ট করিয়া দিরাছে। কালক্রমে প্রোজনের বিস্তারবন্দত ছোটো ব্যবস্থা ষধন বড়ো ব্যবস্থার পরিণত হয় তখন তাহাতে ভালো বই মন্দ হর না—কিন্তু তাহা স্বাভাবিক পরিণতি হওয়া চাই। আমাদের যে গ্রামারবন্ধা ছিল, ছোটো হইলেও তাহা আমাদেরই ছিল, ব্রিটিশ ব্যবস্থা যতবড়োই হউক তাহা আমাদের নছে। স্কুতরাং তাহাতে যে কেবল আমাদের শক্তির জড়তা ঘটিয়াছে তাহা নছে তাহা আমাদের সমন্ত প্রয়োজন ঠিকমতো করিয়া প্রণ করিতে পারিতেছে না। নিজের চন্দুকে আছু করিয়া পরের চন্দু দিয়া কাজ চালানো কখনোই ঠিকমতো হইতে পারে না।

এখন তাই দেখা বাইতেছে এামের মধ্যে চেষ্টার কোনো লক্ষণ নাই। জলাশয় পূর্বে ছিল আজ তাহা বৃদ্ধিরা আসিতেছে, কেননা দেশের স্বাভাবিক কাজ বন্ধ। যে গোচারণের মাঠ ছিল তাহা রক্ষণের কোনো উপায় নাই; যে দেবালয় ছিল তাহা সংখারের কোনো শক্তি নাই: যে-সকল পণ্ডিত সমাজের বন্ধন ছিলেন তাঁহাদের গওম্র্থ ছেলেরা আদালতে মিধ্যা সাক্ষ্যের ব্যবসায় ধরিয়াছে; থে-সকল ধনিগৃছে ক্রিয়াকর্মে বাত্রায় গানে সাহিত্যারস ও ধর্মের চর্চা হইত তাঁহারা সকলেই শহরে আক্র হইয়াছেন ; বাহারা তুর্বলের সহায়, শরণাগতের আশ্রয় ও চুত্বকারীর দণ্ডদাতা ছিলেন তাঁহাদের স্থান পুলিসের দারোগা আব্দ কিরপভাবে পূরণ করিতেছে তাহা কাহারও অগোচর নাই; লোকহিতের কোনো উচ্চ আদর্শ, পরার্ধে আত্মত্যাগের কোনো উब्बल मुहोस्ट धारमद मासवारन जाद नारे; कारना विधिन्तरवर्धद महिल जिलद हरेरल কাব্দ করিতেছে না, আইনে যে ক্বত্রিম বাঁধ দিতে পারে তাহাই আছে মাত্র ; পরম্পরের বিরুদ্ধে মিথ্যা মকক্ষমায় গ্রাম উন্মাদের মতো নিজের নথে নিজেকে ছিন্ন করিতেছে. আহাকে প্রকৃতিষ্ক করিবার কেহ নাই; জন্ম বাড়িয়া উঠিতেছে, ম্যানেরিয়া নিদারুণ হইতেছে, ত্রভিক্ষ ফিরিয়া ফিরিয়া আসিতেছে; আকাল পড়িলে পরবর্তী ফসল পর্যস্ত ক্ধা মিটাইয়া বাঁচিবে এমন সঞ্চয় নাই; ভাকাত অথবা পুলিস চুৱি অথবা চুৱি-তদস্ক জন্ম ঘরে চুকিলে ক্ষতি ও অপমান ২ইতে আপনার গৃহকে বাঁচাইবে এমন পরম্পর-ঐকামলক সাহস নাই; তাহার পর যা পাইয়া শরীর বল পায় ও ব্যাধিকে ঠেকাইয়া রাধিতে পারে তাহার কী অবস্থা। ধি দৃষিত, চুধ চুমূলা, মংস্ত চুর্লভ, তৈল বিষাক্ত ; বে-করটা বদেশী ব্যাধি ছিল তাহারা আমাদের ধকুং-প্লীহার উপর সিংহাসন পাতিয়া বসিয়াছে; তাহার উপর বিদেশী ব্যাধিগুলা অতিথির মতো আসে এবং কুটুম্বের মতো রহিয়া যায়;—ডিপথিরিয়া, রাজ্ঞ্যন্দা, টাইক্রেড সকলেই এই রক্তহীনদের প্রতি **अक्षश्रहिमन-नी** जि ज्यवनश्रम कित्रशाहि । जन्न नार्टे, श्रान्ता नार्टे, जानम नार्टे, जन्म নাই, পরস্পরের সহযোগিতা নাই , আঘাত উপস্থিত হইলে মাধা পাতিয়া লই, মৃত্যু উপস্থিত इहेल नित्म्छ इहेश मति, अविहात উপস্থিত इहेल निष्मत अनुष्टे कहे मारी করি এবং আত্মীষের বিপদ উপদ্বিত হইলে দৈবের উপর তাহার ভার সমর্পণ করিয়া वित्रा थाकि। देशद कादन की। देशद कादन धरे, ममछ एम ख-मिक्फ मिया রস আকর্ষণ করিবে সেই শিকড়ে পোকা ধরিয়াছে, যে-মাটি হইতে বাঁচিবার খান্ত পাইবে সেই মাটি পাথরের মতো কঠিন হইয়া গিয়াছে—যে গ্রামসমাজ জাতির জন্মভূমি ও আশ্রম্থান তাহার সমস্ত ব্যবস্থাবন্ধন বিচ্ছিল হইয়া গিয়াছে; এখন সে ছিলমূল বুক্তের মতো নবীনকালের নির্দন্ধ বস্তার মূখে ভাসিয়া যাইতেছে।

দেশের মধ্যে পরিবর্তন বাহির হইতে আসিলে পুরাতন আশ্রয়টা যথন অব্যবহারে ভাঙিরা পড়ে, এবং নৃতন কালের উপযোগী কোনো নৃতন ব্যবস্থাও গড়িয়া উঠে না তথন সেইরূপ যুগাস্তকালে বহুতর পুরাতন জাতি পৃথিবী হইতে লুগু হইয়া গিরাছে। আমরাও কি দিনে দিনে উদাস দৃষ্টির সম্বাধে বজাতিকে সুপ্ত হইতে দেখিব? মাালেরিয়া, মারী, ঘৃভিক—এগুলি কি আকম্মিক? এগুলি কি আমাদের সারিপাতিকের মজ্জাগত ঘূর্গক্ষণ নহে? সকলের চেরে ভয়ংকর ঘূর্গক্ষণ সমগ্র দেশের হৃদরনিহিত হতাল নিচ্ছেন্তা। কিছুরই যে প্রতিকার আমাদের নিজের হাতে আছে, কোনো ব্যবস্থাই যে আমরা নিজে করিতে পারি সেই বিশাস ধবন চলিয়া যায়, ধবন কোনো জাতি কেবল কর্মণভাবে ললাটে কর্ম্পর্শ করে ও দীর্ঘনিশাস কেলিয়া আকাশের দিকে তাকার তখন কোনো সামান্ত আক্রমণও সে আর সহিতে পারে না, প্রত্যেক ক্ষুদ্র ক্ষত দেখিতে দেখিতে তাহার পক্ষে বিষক্ষত হইয়া উঠে। তখন সে মরিলাম মনে করিয়াই মরিতে থাকে।

কিন্তু কালরাত্রি বৃদ্ধি পোহাইল,—রোগীর বাতারনপথে প্রভাতের আলোক আশা বহন করিরা আদিরাছে; আব্দু আমরা দেশের শিক্ষিত ভদ্রমন্ত্রনী—বাহারা একদিন সুথে তৃংখে সমস্ত জনসাধারণের সন্ধী ও সহার ছিলাম এবং আব্দু বাহারা ভত্রতা ও শিক্ষার বিলাস বশতই চিন্তার ভাষার ভাবে আচারে কর্মে সর্ববিষরেই সাধারণ হইতে কেবলই দ্রে চলিয়া যাইতেছি, আমাদিরকে আর-একবার উচ্চনীচ সকলের সঙ্গে মঞ্চল-সম্বন্ধে একত্র মিলিত হইয়া সামাব্দিক অসামশ্বস্তের ভরংকর বিপদ হইতে দেশের ভবিশ্বংকে রক্ষা করিতে হইবে। আমাদের শক্তিকে দেশের কল্যাণকর ও দেশের শক্তিকে আমাদের কর্মের সহযোগী করিয়া তৃলিবার সময় প্রত্যাহ বহিয়া যাইতেছে। যাহারা খভাবতই এক অন্ধ তাহাদের মাঝখানে বাধা পড়িয়া বদি এক রক্ত এক প্রাণ অবাধে সঞ্চারিত হইতে না পারে তবে যে একটা সাংঘাতিক ব্যাধি জন্ম সেই ব্যাধিতেই আব্দু আমরা মরিতে বিলিষ্ট হইয়া পড়িতেছি আমরা টিকিতে পারিব কেমন করিয়া ?

আমাদের চেতনা জাতীয় অদের সর্বত্রই যে প্রসারিত হইতেছে না—আমাদের বেদনাবোধ যে অতিশয় পরিমাণে কেবল শহরে, কেবল বিশিষ্ট সমাজেই বন্ধ তাহার একটা প্রমাণ দেখুন। বদেশী-উদ্যোগটা তো শহরের শিক্ষিতমণ্ডলীই প্রবর্তন করিয়াছেন কিন্তু মোটের উপরে তাঁহারা বেশ নিরাপদেই আছেন। যাহারা বিপদে পড়িরাছে তাহারা কাহারা ?

জগদল পাণর বৃক্তের উপরে চাপাইরা দেওরা যে একটা দওবিধি তাহা রূপকথার শুনিরাছিলাম। বর্তমান রাজনাসনে রূপকথার সেই জগদল পাণরটা প্যুনিটিভ পুলিসের বাশ্বব মৃতি ধরিরা আসিরাছে।

কিন্তু এই পাণবটা অসহার গ্রামের উপরে চাপিরাছে ব্যলিরাই ইহার চাপ আমাদের

সকলের বুকে পড়িতেছে না কেন? বাংলাদেশের এই বক্ষের ভারকে আমরা সকলে মিলিয়া ভাগ করিয়া লইয়া বেদনাকে সমান করিয়া তুলিব না কেন? স্বদেশী-প্রচার যদি অপরাধ হয় তবে প্রনিটিভ পুলিসের ব্যয়ভার আমরা সকল অপরাধীই বাঁটিয়া লইব। এই বেদনা যদি সকল বাঙালির সামগ্রী হইয়া উঠে তবে ইহা আর বেদনাই থাকিবে না, আনন্দই হইয়া উঠিবে।

এই উপলক্ষে দেশের জমিদারের প্রতি আমার নিবেদন এই যে, বাঙলার পল্লীর মধ্যে প্রাণসঞ্চারের জন্ত তাঁহারা উদ্যোগী না হইলে এ-কাজ কখনোই স্থসম্পন্ন হইবে না। পল্লী সচেতন হইয়া নিজের শক্তি নিজে অমুভব করিতে থাকিলে জমিদারের কর্তৃত্ব ও স্বার্থ বর্ষ হইবে বলিয়া আপাতত আশহা হইতে পারে—কিন্তু এক পক্ষকে চর্বল করিয়া নিজের স্বেচ্ছাচারের শক্তিকে কেবলই বাধাহীন করিতে পাকা আর ভাইনামাইট বুকের পকেটে नहेश विफातन এकहे कथा-अकिन अनुसार जन्न विमय हहेश जन्नीकिहे বধ করে। রায়তদিগকে এমনভাবে সবল ও শিক্ষিত করিয়া রাখা উচিত যে, ইচ্চা করিলেও তাহাদের প্রতি অক্যায়, করিবার প্রলোভনমাত্র জমিদারের মনে না উঠিতে পারে। জমিদার কি বণিকের মতো কেবল দীনভাবে আদায় করিবার পথগুলিই সর্বপ্রকারে মৃক্ত রাধিবেন ? কিন্তু সেইসঙ্গে মহংভাবে স্বার্থত্যাগ করিবার সম্বন্ধ যদি একান্ত যত্ত্বে না রক্ষা করেন, উচিত ক্ষতি উদারভাবে স্বীকার করিবার শক্তি যদি তাঁহার না থাকে তবে তাঁহার আত্মসন্মান কেমন করিয়া থাকিবে ? রাজহাটে উপাধি কিনিবার বেশায় তিনি তো লোকসানকে লোকসান জ্ঞান করেন না ? কিন্তু যথার্থ রাজা হইবার একমাত্র স্বাভাবিক অধিকার আছে তাঁহার রায়তদের কাছে। তিনি যে বছতর লোকের প্রভূ, বন্ধু ও রক্ষক, বহুলোকের মঙ্গলবিধানকর্তা, পৃথিবীতে এতবড়ো উচ্চপদলাভ করিয়া এ-পদের দায়িত্ব রক্ষা করিবেন না ?

এ-কথা যেন না মনে করি যে, দূরে বসিয়া টাকা ঢালিতে পারিলেই রায়তের হিত করা যায়। এ-সম্বন্ধে একটি শিক্ষা কোনোদিন ভূলিব না। একসময়ে আমি মফস্বলে কোনো জমিদারি তত্ত্বাবধানকালে সংবাদ পাইলাম, প্লিসের কোনো উচ্চ কর্মচারী কেবল যে একদল জেলের গুরুতর ক্ষতি করিয়াছে তাহা নহে, তদন্তের উপলক্ষ্য করিয়া তাহাদের গ্রামে গৃহস্থদের মধ্যে বিষম অলাস্তি উপস্থিত করিয়াছে। আমি উৎপীড়িত জেলেদের ডাকিয়া বলিলাম, তোরা উৎপাতকারীর নামে দেওয়ানি ও কৌজদারি যেমন ইচ্ছা নালিশ কর আমি কলিকাতা হইতে বড়ো কোঁমুলি আনাইয়া মকদ্মা চালাইব। তাহারা হাত জ্বোড় করিয়া কহিল, কর্ডা, মামলায় জিতিয়া লাভ কী ৽ পুলিসের বিরুক্তে দাঁড়াইলে আমরা ভিটার টিকিতেই পারিব না।

আমি ভাবির। দেখিলাম তুর্বল লোক জিতিরাও হারে; চমংকার অন্ত্রচিকিৎসা হর কিন্তু কীণরোগী চিকিৎসার দারেই মারা পড়ে। তাহার পর হইতে এই কথা আমাকে বারংবার ভাবিতে হইরাছে আর-কোনো দান দানই নহে, শক্তিদানই একমাত্র দান।

একটা গল্প আছে, ছাগশিশু একবার ব্রহ্মার কাছে গিরা কাঁদিয়া বলিরাছিল, "ভগবান, তোমার পৃথিবীতে আমাকে সকলেই বাইতে চার কেন?" তাহাতে ব্রহ্মা উত্তর করিয়াছিলেন "বাপু, অক্তকে দোব দিব কী, তোমার চেহারা দেবিলে আমারই বাইতে ইচ্ছা করে।"

পৃথিবীতে অক্ষম বিচার পাইবে, রক্ষা পাইবে এমন ব্যবস্থা দেবতাই করিতে পারেন না। ভারতমন্ত্রসভা হইতে আরম্ভ করিয়া পার্লামেন্ট পর্বস্ত মাধা খুঁড়িরা মরিলেও ইহার যথার্থ প্রতিবিধান হইতে পারে না। সাধু ইচ্ছা এধানে অলক্ত। তুর্বলতার সংশ্রবে আইন আপনি তুর্বল হইয়া পড়ে, পুলিস আপনি বিভীবিকা হইয়া উঠে। এবং বাঁহাকে রক্ষাকর্তা বলিয়া দোহাই পাড়ি বয়ং তিনিই পুলিসের ধর্মবাপ হইয়া দাঁড়ান।

এদিকে প্রকার ত্র্বপতা সংশোধন আমাদের কর্তৃপক্ষদের বর্তমান রাঙ্গনীতির বিরুদ্ধ।
বিনি পুলিস-কমিশনে বসিয়া একদিন ধর্মবৃদ্ধির জ্ঞারে পুলিসকে অত্যাচারী বলিয়া
কটুবাক্য বলেন তিনিই লাটের গদিতে বসিয়া কর্মবৃদ্ধির কোঁকে সেই পুলিসের বিষ্ণাতে
সামান্ত আঘাতটুকু লাগিলেই অসন্থ বেদনার অক্ষবর্ষণ করিতে থাকেন। তাহার কারণ
আর-কিছুই নহে, কচি পাঠাটিকে অক্তের হাত হইতে রক্ষাযোগ্য করিতে গেলে পাছে সে
তাহার নিজের চতুমুব্ধর পক্ষেও কিছুমাত্র শক্ত হইয়া উঠে এ আশহা তিনি ছাড়িতে
পারেন না। দেবা ত্র্বল্যাতকাঃ।

ভাই দেশের জমিদারদিগকে বলিডেছি, হতভাগ্য রায়তদিগকে পরের হাত এবং নিজের হাত হইতে রক্ষা করিবার উপযুক্ত শিক্ষিত, স্বস্থ ও শক্তিশালী করিরা না তুলিলে কোনো ভালো আইন বা অন্তকুল রাজ্ঞশক্তির বারা ইহারা কদাচ রক্ষা পাইতে পারিবে না। ইহাদিগকে দেখিবামাত্র সকলেরই জিহ্না লালারিত হইবে। এমনি করিয়া দেশের অধিকাংশ লোককেই বদি জমিদার, মহাজন, পুলিস, কান্থনগো, আদালতের আমলা, যে ইচ্ছা সে অনায়াসেই মারিয়া যায় ও মারিতে পারে তবে দেশের লোককে যান্থৰ হইতে না শিখাইরাই রাজা হইতে শিখাইব কী করিয়া ?

অবলেষে বর্তমানকালে আমাদের দেশের ষে-সকল দৃঢ়নিষ্ঠ যুবক সমস্ত সংকট উপেক্ষা করিয়াও বদেশহিতের অন্ত বেচ্ছাত্রত ধারণ করিতেছেন অন্ত এই সভাস্থলে তাঁহারা সমস্ত বন্দদেশের আনীর্বাদ গ্রহণ কলন। রক্কবর্ণ প্রত্যুবে তোমরাই সর্বাগ্রে আগিয়া উঠিয়া অনেক ক্ষসংঘাত এবং অনেক হৃংধ ক্লম্ভ করিলে। তোমাদের দেই পৌকবের উদ্বোধন কেবলমাত্র বন্ধ্রথংকারে ঘোষিত হইরা উঠে নাই, আজ কঞ্পাবর্ধণে তৃষ্ণাত্র দেশে প্রেমের বাদল আনিয়া দিয়াছে। সকলে বাহাদিগকে অবক্তা করিয়াছে, অপমানে বাহারা অভান্ত, বাহাদের স্ববিধার জন্ত কেহ কোনোদিন এতটুকু স্থান ছাড়িয়া দেয় নাই, গৃহের বাহিরে বাহারা কাহারও কাছে কোনো সহায়তা প্রভ্যাশা করিতেও জানে না তোমাদের কল্যাণে আজ তাহারা দেশের ছেলেদিগকে ভাই বলিতে লিখিল। তোমাদের শক্তি আজ যথন প্রীতিতে বিকশিত হইয়া উঠিয়াছে তথন পায়াণ গলিয়া ঘাইবে, মকভূমি উবরা হইয়া উঠিবে, তথন ভগবান আর আমাদের প্রতি অপ্রসন্ম থাকিবেন না। তোমরা ভগীরখের ক্রায় তপত্রা করিয়া ক্রদ্রদেবের জ্বটা হইতে এবার প্রেমের গলা আনিয়াছ: ইহার প্রবল পুণ্যপ্রোতকে ইক্রের ঐরাবতও বাধা দিতে পারিবে না, এবং ইহার স্পর্শমাত্রেই প্রপুক্ষের ভন্মরাশি সঞ্জীবিত হইয়া উঠিবে। হে তর্জণতেজে উদ্দীপ্ত, ভারতবিধাতার প্রেমের দৃতগুলি, আমি আজ তোমাদের জয়ধ্বনি উচ্চারণ করিয়া এই নিবেদন করিতেছি যে, দেশে অধোদয় যোগ কেবল একদিনের নহে। স্বদেশের অসহায় অনাথগণ যে বঞ্চিত, পীড়িত ও ভীত হইতেছে সে কেবল কোনো বিশেষ স্থানে বা বিশেষ উপলক্ষে নহে, এবং তাহাদিগকে যে কেবল তোমাদের নিজের শক্তিতেই রক্ষা করিয়া কুলাইয়া উঠিতে পারিবে সে-ভ্রাশা করিয়ো না।

তোমবা যে পার এবং ঘেখানে পার এক-একটি গ্রামের ভার গ্রহণ করিয়া সেধানে গিয়া আশ্রম লও। গ্রামগুলিকে ব্যবস্থাবদ্ধ করো। শিক্ষা দাও, ক্ববিশিল্প ও গ্রামের ব্যবহারসামগ্রীসম্বন্ধে নৃতন চেন্টা প্রবর্তিত করো; গ্রামবাসীদের বাসস্থান যাহাতে পরিচ্ছেল্ল, স্বাস্থ্যকর ও স্থলর হয় তাহাদের মধ্যে সেই উৎসাহ সঞ্চার করো, এবং যাহাতে তাহারা নিজেরা সমবেত হইয়া গ্রামের সমস্ত কর্তব্য সম্পন্ন করে সেইরূপ বিধি উদ্ভাবিত করো। এ-কর্মে খ্যাতির আশা করিয়ো না এমন কি, গ্রামবাসীদের নিকট হইতে ক্বতক্ষতার পরিবর্তে বাধা ও অবিশ্বাস স্বীকার করিতে হইবে। ইহাতে কোনো উত্তেজনা নাই, কোনো বিরোধ নাই, কোনো ঘোষণা নাই, কেবল ধৈষ এবং প্রেম, নিভ্তে তপক্তা—মনের মধ্যে কেবল এই একটিমাত্র পণ যে, দেশের মধ্যে সকলের চেরে যাহারা ত্থী তাহাদের ত্যধের ভাগ লইয়া সেই ত্যপের মূলগত প্রতিকার সাধন করিতে সমস্ত জীবন সমর্পণ করিব।

বাংলাদেশের প্রভিন্তাল কনকারেন্দ যদি বাংলার জেলায় জেলার এইরূপ প্রাদেশিক সভা স্থাপন করিয়া তাহাকে পোষণ করিয়া তুলিবার ভার গ্রহণ করেন, এবং এই প্রাদেশিক সভাগুলি গ্রামে পলীতে আপন কলবান ও ছায়াপ্রদ শাখাপ্রশাধা বিষ্ণার করিয়া দেন তবেই স্বদেশের প্রতি আমাদের সত্য অধিকার জরিবে এবং স্বদেশের স্বাক্ষ হইতে নানাধমনীবোগে জীবনসঞ্চারের বলে কনগ্রেস দেশের স্পদ্দমান হংগিওস্বরূপ মর্মপদার্থ হইয়া ভারতবর্বের বক্ষের মধ্যে বাস করিবে।

সভাপতির অভিভাষণে সভার কার্যতালিক। অবলম্বন করিরা আমি কোনো আলোচনা করি নাই। দেনের সমস্ত কার্যই বে-লক্ষ্য ধরিরা চলিবে আমি তাহার মূলতত্ত্ব কর্মট নির্দেশ করিরাছি মাত্র। সে-কর্মট এই—

প্রথম, বর্তমানকালের প্রকৃতির সহিত আমাদের দেশের অবস্থার সামঞ্জ করিতে না পারিলে আমাদিগকে বিলুপ্ত হইতে হইবে। বর্তমানের সেই প্রকৃতিটি—জোট বাঁধা, বৃাহবদ্ধতা, আর্গ্যানিক্ষেল। সমন্ত মহংগুণ থাকিলেও বৃাহের নিকট কেবলমাত্র সমূহ আব্দ কিছুতেই টিকিতে পারিবে না। অতএব গ্রামে গ্রামে আমাদের মধ্যে যে বিশ্লিষ্টতা, যে মৃত্যুলক্ষণ দেখা দিরাছে গ্রামগুলিকে সম্বর ব্যবস্থাবদ্ধ করিরা তাহা ঠেকাইতে হইবে।

দিতীয়, আমাদের চেতনা জাতীর-কলেবরের সর্বত্র গিয়া পৌছিতেছে না। সেইজন্ত বভাবতই আমাদের সমন্ত চেষ্টা এক জারগার পুই ও অন্ত জারগার ক্ষীণ হইতেছে। জনসমাজের সহিত শিক্ষিতসমাজের নানাপ্রকারেই বিচ্ছেদ ঘটাতে জাতির ঐক্যবোধ সত্য হইয়া উঠিতেছে না।

তৃতীয়, এই ঐক্যবোধ কোনোমতেই কেবল উপদেশ বা আলোচনার ধারা সত্য হইতেই পারে না। শিক্ষিতসমান্ধ গণসমান্ধের মধ্যে তাঁছাদের কর্মচেষ্টাকে প্রসারিত করিলে তবেই আমাদের প্রাণের যোগ আপনিই স্বর্ত্ত অবাংধ সঞ্চারিত হইতে পারিবে।

সর্বসাধারণকে একত্র আকর্ষণ করিয়া একটি রহং কর্মব্যবস্থাকে গড়িয়া তুলিতে ছইলে লিক্ষিন্তসমাঞ্চে নিক্ষের মধ্যে বিরোধ করিয়া তাহা কখনো সম্ভবপর হইবে না। মতভেদ আমাদের আছেই, থাকিবেই এবং থাকাই শ্রের কিন্তু দ্বের কথাকে দ্বে রাখিয়া এবং তর্কের বিষয়কে তর্কসভায় রাখিয়া সমস্ত দেশকে বিনাশ ও বিচ্ছেদের হাত হইতে রক্ষা করিবার জস্তু সকল মতের লোককেই আজ এখনই একই কর্মের হুর্গম পথে একত্র যাত্রা করিতে ছইবে, এ-সম্বন্ধ মতভেদ থাকিতেই পারে না। যদি থাকে, তবে ব্রিতে ছইবে দেশের যে সাংঘাতিক দশা ঘটিয়াছে তাহা আময়া চোথ মেলিয়া দেখিতেছি না অথবা ওই সাংঘাতিক দশার যেটি সর্বাপেক্ষা হুর্লক্ষণ—'নৈরাক্ষের ঔদাসীয়া—তাহা আমাদিগকেও হুরারোগায়পে অধিকার করিয়া বসিয়াছে।

ভাতৃগণ, জগতের বে-সমন্ত বৃহৎ কর্মক্ষেত্রে মানবজাতি আপন মহন্তম স্বরূপকে পরম 
হংগ ও ত্যাগের মধ্যে প্রকাশ করিবা তুলিরাছে, সেই উদার উন্মুক্ত ভূমিতেই আজ
আমাদের চিন্তকে স্থাপিত করিব;—বে-সমন্ত মহাপুরুষ শীর্ষকালের কঠোরতম সাধনার

ষারা বজাতিকে সিন্ধির পথে উত্তীর্ণ করিয়। দিয়াছেন, তাঁহাদিগকেই আব্দ আমাদের মনশ্চকৃর সম্মুখে রাখিয়া প্রণাম করিব, তাহা হইলেই অন্ধ ষে-মহাসভার সমগ্র বাংলা-দেশের আকাক্রা আপন সফলতার জক্ত দেশের লোকের মুখের দিকে চাহিরাছে ভাহার কর্ম যথার্থভাবে সম্পন্ন হইতে পারিবে। নতুবা সামান্ত কথাটুকুর কলহে আত্মবিশ্বভ হইতে কতক্ষণ ? নহিলে ব্যক্তিগত বিদ্বেষ হয়তো উদ্দেশ্যের পথে কাঁটা দিয়া উঠিবে এবং দলের অভিমানকেই কোনোমতে জন্মী করাকে স্বদেশের জন্ম বলিয়া ভূল করিয়া বসিব।

আমরা এক-এক কালের লোক কালের অবসানের সঙ্গে সঙ্গে কোথার নিজ্ঞান্ত হইরা চলিয়া যাইব—কোথার থাকিবে আমাদের যত ক্ষুদ্রতা মান-অভিমান তর্কবিতর্ক বিরোধ—কিন্ত বিধাতার নিগৃচ চালনার আমাদের জীবনের কর্ম নিশ্চরই ধীরে ধীরে স্তরে-ন্তরে আঞ্চতি দান করিয়া আমাদের দেশকে উপরের দিকে গড়িয়া তুলিবে। অন্থলার দীনতার শ্রীইনিতার মধ্য দিয়া সেই মেঘবিমৃক্ত সম্ক্রল ভবিষাতের অন্ত্যুদমকে এইখানেই আমাদের সম্মুগে প্রত্যক্ষ করো যেদিন আমাদের পৌত্রগণ সগৌরবে বলিতে পারিবে, এ-সমন্তই আমাদের, এ-সমন্তই আমরা গড়িয়াছি। আমাদের মাঠকে আমরা উর্বর করিয়াছি, জলাশয়কে নির্মণ করিয়াছি, বায়ুকে নিরাময় করিয়াছি, বিভাকে বিস্তৃত করিয়াছি ও চিত্তকে নির্ভীক করিয়াছি। বলিতে পারিবে আমাদের এই পরম স্থানর দেশ—এই স্মুজলা স্ফলা মলয়জ্গীতলা মাতৃভূমি, এই জ্ঞানে ধর্মে কর্মে প্রতিষ্ঠিত বীর্ষে বিশ্বত জাতীয় সমাজ এ আমাদেরই কার্তি—যেদিকে চাহিয়া দেশি সমন্তই আমাদের চিস্তা, চেষ্টা ও প্রাণের ছারা পরিপূর্ব, আনন্দগানে মুধ্রিত এবং নৃতন নৃতন আশাপথের যাত্রীদের অক্লান্ত পদভারে কম্পমান।

2028

## সহপায়

বরিশালের কোনো এক স্থান হইতে বিশ্বস্তম্প্রে খবর পাইলাম যে, যদিও আঞ্চকাল করকচ লবণ বিলাতি লবণের চেয়ে সন্থা হইয়াছে তব্ আমাদের সংবাদদাতার পরিচিত ম্সলমানগণ অধিক দাম দিরাও বিলাতি লবণ বাইত্যেছে। তিনি বলেন যে, সেখানকার ম্সলমানগণ আজ্কাল স্থবিধা বিচার করিয়া বিলাতি কাপড় বা লবণ ব্যবহার করে না। তাহারা নিভান্তই জেদ করিয়া করে।

অনেক স্থলে নমশ্রদের মধ্যেও এইরুপ ঘটনার সংবাদ পাওরা বাইতেছে।

আমরা পার্টিশন-ব্যাপারে বিরক্ত হইরা একদিন দেশকে বিলাতি কাপড় ছাড়াইব ইহাই পণ করিয়াছিলাম, ইহা অপেক্ষা বড়ো কথা এবং দুরের কথা আমরা ভাবি নাই।

যদি জিজাসা কর ইহা অপেক্ষা বড়ো কথাটা কী তবে আমি এই উত্তর দিব বে, বাংলাদেশকে ঘুইভাগ করার বারা যে আশহার কারণ ঘটিরাছে সেই কারণটাকেই দ্র করিবার প্রাণপণ চেষ্টা করা—বাগ প্রকাশ করা তাহার কাছে গৌণ।

পার্টিশনে আমাদের প্রধান আশ্বার কারণ কী? সে-কথা আমরা নিজেরা আনেকবার আলোচনা করিয়াছি; এমন কি, আমাদের মনে এই ধারণা আছে যে, সেইদিকে লক্ষ্য রাণিয়াই কর্তৃপক্ষ বাংলাকে পূর্ব ও অপূর্ব এই চুইভালে বিভক্ত করিয়া বহুকে ব্যক্ত অর্থাং বিক্তাক করিয়াছেন।

বাংলাদেশের পূর্বভাগে মুসলমানের সংখ্যাই অধিক। ধর্মগত ও সমাজগত কারণে মুসলমানের মধ্যে হিন্দুর চেরে ঐক্য বেশি—স্ক্তরাং শক্তির প্রধান উপকরণ তাহাদের মধ্যে নিহিত হইয়া আছে। এই মুসলমান-অংশ, ভাষা সাহিত্য শিক্ষা প্রভৃতির একত্ব-বশত হিন্দুদের সক্ষে অনেকগুলি বন্ধনে বন্ধ আছে। যদি বাংলাকে হিন্দুপ্রধান ও মুসলমান-প্রধান এই তুই অংশে একবার ভাগ করা যায়, তবে ক্রমে ক্রমে হিন্দুম্পলমানের সকল বন্ধনই শিধিল করিয়া দেওয়া সহজ হয়।

মাপে দাগ টানিয়া হিন্দুর সঙ্গে হিন্দুকে পৃথক করিয়া দেওয়া কঠিন। কারণ বাঙালি হিন্দুর মধ্যে সামাজিক ঐক্য আছে। কিন্তু মুসলমান ও হিন্দুর মাঝখানে একটা ডেম্ব রহিয়া গেছে। সেই ডেমটা যে কতথানি তাহা উভরে পরস্পর কাছাকাছি আছে বলিয়াই প্রত্যক্ষভাবে অমূভব করা যার নাই;—ছই পক্ষে একরকম করিয়া মিলিয়া ছিলাম।

কিন্তু যে-ভেদটা আছে রাজা যদি চেষ্টা করির। সেই ভেদটাকে বড়ো করিতে চানু এবং তৃইপক্ষকে বধাসম্ভব রভন্ত করির। ভোলেন তবে কালক্রমে হিন্দুম্লনমানের দ্বত্ব এবং পরস্পরের মধ্যে ঈর্বাবিশ্বেরের তীব্রতা বাড়িয়া চলিবে তাহাতে সম্পেহ নাই।

আসল কথা, আমাদের ত্র্তাগ্য দেশে ভেদ জরাইরা দেওরা কিছুই শক্ত নহে, মিলন ঘটাইরা তোলাই কঠিন। বেহারিগণ বাঙালির প্রতিবেশী এবং বাঙালি অনেক দিন হইতেই বেহারিগণের সঙ্গে কারকারবার করিতেছে কিন্তু বাঙালির সঙ্গে বেহারির সৌক্ষ নাই সে-কথা বেহারবাসী বাঙালিমাত্রেই জানেন। শিক্ষিত উড়িরাগণ বাঙালি হইতে নিজেকে সম্পূর্ণ স্বতম্ব বলিরা দাঁড় করাইতে উৎক্ষ্ম এবং আসামিদেরও সেইরূপ অবস্থা। অতএব উড়িরা আসাম বেহার ও বাংলা জড়াইরা আমরা বে-দেশকে বছদিন হইতে বাংলাদেশ বলিরা জানিরা আসিয়াছি তাহার রমন্ত অধিবাসী আপনাদিগকে

বাঙালি বলিয়া কখনো স্বীকার করে নাই এবং বাঙালিও বেহারি উড়িয়া এবং আসামিকে আপন করিয়া লইতে কখনো চেষ্টামাত্র করে নাই বরঞ্চ ভাহাদিগকে নিজেদের অপেকা হীন মনে করিয়া অবজ্ঞাধারা পীড়িত করিয়াছে।

অতএব বাংলাদেশের বে-অংশের লোকের। আপনাদিগকে বাঙালি বলিয়া জানে সে-অংশটি ধুব বড়ো নহে এবং তাহার মধ্যেও যে ভূভাগ ফলে শক্তে উর্বর, ধনে ধান্তে পূর্ন, বেখানকার অধিবাসীর শরীরে বল আছে, মনে তেজ আছে, ম্যালেরিয়া এবং ত্র্ভিক্ষ বাহাদের প্রাণের সার শুবিয়া লয় নাই সেই অংশটিই মুসলমানপ্রধান—সেধানে মুসলমান-সংধ্যা বংসরে বংসরে বাড়িয়া চলিয়াছে, হিন্দু বিরল হইয়া পড়িতেছে।

এমন অবস্থার এই বাঙালির বাংলাটুকুকেও এমন করিয়া ধদি ভাগ করা ধার বাহাতে মুসলমান-বাংলা ও হিন্দু-বাংলাকে মোটামুটি শ্বতম্ব করিয়া কেলা ধার তাহা হইলে বাংলাদেশের মতো এমন শণ্ডিত দেশ ভারতবর্ষে আর-একটিও থাকিবে না।

এমন স্থলে বঙ্গবিভাগের জন্ম আমরা ইংরেজরাজের প্রতি যতই রাগ করি না কেন এবং সেই ক্ষোভ প্রকাশ করিবার জন্ম বিলাতি বর্জন আমাদের পক্ষে বতই একাস্ক আবশুক হউক না, তাহার চেয়ে বড়ো আবশুক আমাদের পক্ষে কী ছিল? না, রাজক্বত বিভাগের দারা আমাদের মধ্যে যাহাতে বিভাগ না দটে নিজের চেষ্টার তাহারই সর্বপ্রকার ব্যবস্থা করা।

সেদিকে দৃষ্টি না করিয়া আমরা বয়কট-ব্যাপারটাকেই এত একমাত্র কর্তব্য বলিয়া ধরিয়া লইয়াছিলাম, বে-কোনোপ্রকারেই হ'ক বয়কটকে জ্বন্ধী করিয়া তোলাতেই আমাদের সমন্ত জ্বেদ এত বেশিমাত্রায় চড়িয়া গিয়াছিল বে, বন্ধবিভাগের বে-পরিণাম আশ্বা করিয়া পার্টিশনকে আমরা বিভীষিকা বলিয়া জানিয়াছিলাম সেই পরিণামকেই অগ্রসর হইতে আমরা সহায়তা করিলাম।

আমরা ধৈর্ব হারাইরা সাধারণের ইচ্ছা-অনিচ্ছা ক্রবিধা-অক্ষবিধা বিচারমাত্র না করিয়া বিলাতি লবণ ও কাপড়ের বহিন্ধারসাধনের কাছে আর-কোনো ভালোমন্দকে গণ্য করিতে ইচ্ছাই করিলাম না। ক্রমশ লোকের সম্মতিকে জন্ম করিয়া লইবার বিশন্ধ আমরা সহিতে পারিলাম না, ইংরেজকে হাতে হাতে ভাহার কর্মকল জেপাইবার জন্ম ব্যন্ত হইয়া পড়িলাম।

এই উপলক্ষে আমরা দেশের নিম্নশ্রেণীর প্রকাগণের ইচ্ছা ও সুবিধাকে দলন করিবার আরোজন করিয়াছিলাম সে-কথা স্বীকার করিতে আমাদের ভালো লাগে না কিছ কথাটাকে মিধ্যা বলিতে পারি না।

তাহার ফল এই হইরাছে, বাসনার অত্যগ্রতা বারা আমরা নিজের চেষ্টাতেই দেশের

এক দলকে আমাদের কিছৰে দাঁড় করাইরাছি। তাহাদিপকে আমাদের মনের মতো কাপড় পরাইতে কতদূর পারিলাম তাহা জানি না কিন্তু তাহাদের মন খোরাইলাম। ইংরেকের শত্রুতাসাধনে কড়টুকু ফুডকার্য হইয়াছি বলিতে পারি না, দেশের মধ্যে পক্ততাকে স্বাগ্ৰত কৰিয়া তুলিয়াছি তাহাতে সন্দেহমাত্ৰ নাই। স্বামরা যে সকল স্থানেই मुननमान ও निम्नत्वनीत हिन्तुरमत अञ्चित्री बठोहेन्ना विद्याध कांशाहेन्ना जूनिनाहि ध-कवा সতা নহে। এমন কি, বাহারা ব্যক্তের কল্যাণে বিশেষ লাভবান হইরাছে তাহারাও যে আমাদের বিৰুদ্ধ হইরাছে এমন প্রমাণও আছে। ইহার কারণ, আমরা ইহাদিগকে কাব্দে প্রবৃত্ত করিবার চেষ্টার পূর্বে এবং সঙ্গে সঙ্গে ইহাদের মন পাই নাই, মন পাইবার প্রকৃত পদা অবলম্বন করি নাই, আমাদের প্রতি ইহাদের অবিশাস ও দূরত্ব দূর করি नारे। आमना रेरामिशदक निरक्षत्र मरूठ हानारेयात अवः कारक नाशारेयातरे रहे। क्रिवाहि कि इ देशिक्षरक काष्ट्र होनि नारे। त्मरेखन महमा अक्षिन देशामन স্বপ্তপ্রার ঘবের কাছে আসিরা ইহাদিগকে নাড়া দিতে গিয়া ইহাদের সন্দেহকে विद्याभ्यक्र सागारेया जूनियाहि। देशांश्रितक आश्वीय कविया ना जूनियारे देशांसव নিকট হইতে আত্মীয়তা দাবি করিয়াছি। এবং বে-উৎপাত আপন লোক কোনোমতে সম্থ করিতে পারে সেই উৎপাতের বারা ইহাদিগকে পূর্বের চেয়ে বিশুপ मृद्ध स्मिनग्राहि।

এবারে এতকাল পরে আমাদের বক্তারা ইংরেজি সভার উচ্চমঞ্চ ছাড়িরা দেশের সাধারণ লোকের ধারে আসিরা দাঁড়াইরাছিলেন। দেশের লোকের মনে একটা প্রশ্ন উদর হইল—এ কী বাাপার, হঠাং আমাদের জন্য বাব্দের এত মাধাব্যধা হইল কেন?

বস্তুত তাহাদের জন্ত আমাদের মাধাব্যধা পূর্বেও অত্যন্ত বেলি ছিল না, এখনও একমৃহূর্তে অত্যন্ত বেলি হইরা উঠে নাই। আমরা এই কথা মনে লইরা তাহাদের কাছে বাই নাই বে, দেশী কাপড় পরিলে তোমাদের মন্ত্রল হইবে এইজন্তই আমাদের দিনে আহার নাই এবং রাত্রে নিস্তার অবকাশ ঘটিতেছে না। আমরা এই বলিয়াই গিরাছিলাম যে, ইংরেজকে জন্ম করিতে চাই কিন্তু তোমরা আমাদের সঙ্গে বোগ না দিলে বরকট সম্পূর্ণ হইবে না অতএব ক্ষতি বীকার করিরাও তোমাদিগকে দেশী কাপড় পরিতে হইবে।

কথনো বাহাদের মঙ্গলচিন্তা ও মঙ্গলচেষ্টা করি নাই, বাহাদিগকে আপন লোক বলিরা কথনো কাছে টানি নাই, বাহাদিগকে বরাবর অপ্রছাই করিরাছি, ক্ষতিস্বীকার করাইবার বেলা তাহাদিগকে ভাই বলিরা ডাক পাড়িলে মনের সঙ্গে তাহাদের সাড়া পাওরা সন্তব্যর হয় না সাড়া যখন না পাই তখন রাগ হয়। মনে এই হয় যে, কোনোদিন যাহাদিগকে গ্রাহ্মাত্র করি নাই আন্ত তাহাদিগকে এত আদর করিয়াও বশ করিতে পারিলাম না! উলটা ইহাদের শুমর বাড়িয়া যাইতেছে।

ষাহারা উপরে থাকে, যাহারা নিজেদিগকে শ্রেষ্ঠ বলিয়া জানে, নিচের গোকদের সম্বন্ধ তাহাদের এইরপ অধৈর্য ঘটে। অশ্রদ্ধাবশতই মানবপ্রকৃতির সঙ্গে তাহাদের অপরিচয় জরে। ইংরেজও ঠিক এই কারণবশতই আমাদের ঘারা তাহার কোনো অভিপ্রায়সাধনের ব্যাঘাত ঘটলেই কার্যকারণ বিচার না করিয়া একেবারে রাগিয়া উঠে;—আমরা যখন নিচে আছি তখন উপরওআলার ইচ্ছা আমাদের ইচ্ছা ঘারা অতাস্ক স্বাভাবিক কারণে বাধা পাইলেও সেটাকে অবিমিশ্র ম্পর্ধা বলিয়া মনে হয়।

মন্ত্রমনসিং প্রভৃতি স্থানে আমাদের বক্তারা যথন মুসলমান ক্বি-সম্প্রদায়ের চিত্ত আকর্ষণ করিতে পারেন নাই তথন তাঁহারা অত্যন্ত রাগ করিয়ছিলেন। এ-কথা তাঁহারা মনেও চিন্তা করেন নাই যে, আমরা যে মুসলমানদের অথবা আমাদের দেশের জনসাধারণের যথার্থ হিতৈষী তাহার কোনো প্রমাণ কোনোদিন দিই নাই, অতএব তাহারা আমাদের হিতৈষিতায় সন্দেহ বোধ করিলে তাহাদিগকে দোগাঁ করা যায় না। ভাইয়ের জক্ত ভাই ক্ষতিশ্বীকার করিয়া থাকে বটে কিন্তু ভাই বিলয়া একজন খামকা আসিয়া দাঁড়াইলেই যে অমনি তথনই কেহ তাহাকে মরের অংশ ছাড়িয়া দেয় এমনতরো ঘটে না। আমরা যে দেশের সাধারণ লোকের ভাই তাহা দেশের সাধারণ লোকে জানে না এবং আমাদের মনের মধ্যেও যে তাহাদের প্রতি ভ্রাতৃভাব অত্যন্ত জাগরুক আমাদের ব্যবহারে এগনও তাহার প্রমাণ পাওয়া যায় নাই।

পূর্বেই বলিয়াছি সত্য কথাটা এই যে, ইংরেজের উপরে রাগ করিয়াই আমরা দেশের লোকের কাছে ছুটিয়াছিলাম, দেশের লোকের প্রতি ভালোবাসাবশতই যে গিয়াছিলাম তাহা নহে। এমন অবস্থায় "ভাই" শকটা আমাদের কঠে ঠিক বিশুদ্ধ কোমল স্থারে বাজে না—যে কড়ি স্থরটা আর-সমস্ত স্বরগ্রাম ছাপাইয়া কানে আদিয়া বাজে সেটা অল্কের প্রতি বিশ্বেষ।

আমরা দেশের শিক্ষিত লোকেরা জন্মভূমিকে লক্ষ্য করিয়। "মা" শক্টাকে ধানিত করিয়া তুলিরাছি। এই শব্দের হারা আমাদের হৃদয়াবেগ এতই জাগিরা উঠে যে, আমরা মনে করিতে পারি না দেশের মধ্যে মাকে আমরা সভ্য করিয়া তুলি নাই। আমরা মনে করি কেবল গানের হারা কেবল ভাবোনাদের হারা মা সমস্ত দেশের মধ্যে প্রত্যক্ষ হইয়া উঠিয়াছেন। এইজন্ম দেশের সাধারণ গণ-সমাজ যদি স্বদেশের মধ্যে মাকে অম্ভব না করে তবে আমরা অধৈর্ব হইয়া মনে করি সেটা হয় ভাহাদের ইচ্ছাক্ষত

অশ্বতার ভান, নয় আমাদের শত্রুপক্ষ তাহাদিগকে মাতৃবিদ্রোহে উত্তেজিত করিয়াছে।
কিন্তু আমরাই বে মাকে দেশের মধ্যে প্রতিষ্ঠিত করি নাই এই অপরাধটা আমরা
কোনোমতেই নিজের হলে লইতে রাজি নহি। ছাত্রকে মাক্টার পড়া বৃরাইয়া দেয়
নাই, ব্রাইয়ার ক্ষমতাও তাহার নাই, অথচ ছাত্র যখন পড়া বলিতে পারে না তখন
রাগিয়া তাহাকে মারিতে যাওয়া যেমন এও তেমনি। আমরাই দেশের সাধারণ লোককে
দূরে রাগিয়াছি, অথচ প্রবাজনের সময় তাহারা দূরে থাকে বলিয়া আমরাই বাগ করি।

অবশেষে যাহার। আমাদের সঙ্গে যাভাবিক কারনেই যোগ দিতে পারে নাই, যাহারা বরাবর যে-পথে চলিয়া আসিতেছিল সেই চিরাভাত্ত পথ হইতে হঠাৎ ইংরেজি-পড়া বাবুদের কথায় সরিতে ইচ্ছা করিল না, আমরা যথাসাধ্য তাহাদের প্রতি বলপ্রয়োগ করিয়াছি, তাহাদিগকে পরাত্ত করিবার জন্ত আমাদের জেদ বাড়িয়া গিয়াছে। আমরা নিজেকে এই বলিয়া বুঝাইয়াছি, বাহারা আত্মহিত বুঝে না বলপূর্বক তাহাদিগকে আত্মহিতে প্রবৃত্ত করাইব।

আমাদের ত্রাগাই এই, আমরা স্বাধীনতা চাই কিন্তু স্বাধীনতাকে আমরা অস্তরের সহিত বিশ্বাস করি না। মাহ্নবের বৃদ্ধিবৃত্তির প্রতি শ্রদ্ধা রাখিবার মতো ধৈর্য আমাদের নাই;—আমরা তর দেখাইয়া তাহার বৃদ্ধিকে ক্রতবেগে পদানত করিবার জন্ম চেষ্টা করি। পিতৃপুরুষকে নরকন্থ করিবার তর, ধোবানাপিত বন্ধ করিবার শাসন, ধরে অগ্নিপ্রয়োগ বা পথের মধ্যে ধরিয়া ঠেডাইয়া দিবার বিভীষিকা, এ সমন্তই দাসবৃত্তিকে অন্তরের মধ্যে চিরস্থায়া করিয়া দিবার উপায়;—কাজ ফাঁকি দিবার জন্ম পথ বাঁচাইবার জন্ম আমরা যথনই এই সকল উপায় অবলম্বন করি তথনই প্রমাণ হয়, বৃদ্ধির ও আচরণের স্বাধীনতা যে মাহ্মবের পক্ষে কী অমৃল্য ধন তাহা আমরা জানি না। আমরা মনে করি আমার মতে সকলকে চালানোই সকলের পক্ষে চরম শ্রেয়, অতএব সকলে যদি সত্যকে বৃদ্ধিয়া সে-পথে চলে তবে ভালোই, যদি না চলে তবে ভূল বৃশ্বাইয়াও চালাইতে হইবে অথবা চালনার সকলের চেয়ে সহজ উপায় আছে জবরদন্তি।

বয়কটের জেদে পড়িয়া আমরা এই সকল সংক্ষিপ্ত উপায় অবলম্বন করিয়া হিতবৃদ্ধির মৃলে আমাত করিয়াছি তাহাতে সন্দেহ নাই। অর্কাদন হইল মফরল হইতে পত্ত পাইয়াছি সেধানকার কোনো একটি বড়ো বাজারের লোকে নোটস পাইয়াছে যে, যদি তাহারা বিলাতি জিনিস পরিত্যাগ করিয়া দেশী জিনিসের আমদানি না করে তবে নিদিষ্ট কালের মেয়াদ উত্তীপ হইলেই বাজারে আগুন লাগিবে। সেই সঙ্গে খানীয় ও নিকটবর্তী জমিদারের আমলাদিগকে প্রাণহানির ভয় দেখানো হইয়াছে।

এইব্লপভাবে নোটিস দিয়া কোথাও কোথাও আগুন লাগানো ইইয়াছে। ইতিপূর্বে জ্যোর করিয়া মাল আমদানি বন্ধ করিবার চেষ্টা ইইয়াছে এবং ধরিদলারিদিগকে বলপূর্বক বিলাতি জ্যিনিস ধরিদ করিতে নিরস্ত করা ইইয়াছে। ক্রমে এখন সেই উৎসাহ ধরে আগুন লাগানো এবং মাহুষ মারাতে গিয়া পৌছিয়াছে।

ছাংশের বিষয় এই যে, এইরপ উৎপাতকে আমাদের দেশের অনেক ভদ্রলোক আঞ্চও অস্তায় বলিয়া মনে করিতেছেন না—তাঁহারা হির করিয়াছেন, দেশের হিতসাধনের উপলক্ষে এরপ উপদ্রব করা যাইতে পারে।

ইহাদের নিকট স্থান্ধর্মের দোহাই পাড়া মিধ্যা;—ইহারা বলেন, মাতৃভূমির মঙ্গলের জন্ত বাহা করা ঘাইবে তাহা অধর্ম হইতে পারে না। কিন্তু অধর্মের ঘারা যে মাতৃভূমির মঙ্গল কথনোই হইবে না সে-কথা বিম্প বৃদ্ধির কাছেও বারবার বলিতে হইবে।

জিজ্ঞাসা করি, বাজারে আগুন লাগাইয়া অথবা অনিচ্চুক লোকের মাথা ভাঙিয়া যদি আমরা বিলাতি কাপড় ছাড়াইয়া একদল লোককে দেশী কাপড় ধরাই তবে বাহিরে মাত্র দেশী কাপড় পরাইয়া ইহাদের সমন্ত অন্তঃকরণকে কি অদেশীর বিরুদ্ধে চিরদিনের জন্ম বিজ্ঞোহী করিয়া তুলি না ? দেশের যে-সম্প্রদারের লোক অদেশী প্রচারের ব্রত লইয়াছেন তাঁহাদের প্রতি এই সকল লোকের বিধেষকে কি চিরস্থায়ী করা হয় না ?

এইরপ ঘটনাই কি ঘটতেছে না ? "যাহারা কখনো বিপদে আপদে সুখে তুংথে আমাদিগকে স্নেহ করে নাই, আমাদিগকে বাহারা সামাজিক ব্যবহারে পশুর অপেক্ষা অধিক ঘুণা করে তাহারা আজ কাপড় পরানো বা অন্তা যে-কোনো উপলক্ষে আমাদের প্রতি জবরদন্তি প্রকাশ করিবে, ইহা আমরা সন্থ করিব না" দেশের নিম্নশ্রের মধ্যে এইরপ অসহিষ্কৃতা জাগিয়া উঠিয়াছে। ইহারা জোর করিঘা, এমন কি, ক্ষতিস্বীকার করিয়াও বিলাতি সামগ্রী ব্যবহার করিতেছে।

তাই বলিতেছি, বিলাতি দ্রব্য ব্যবহারই দেশের চরম অহিত নহে, গৃহবিচ্ছেদের
মতো এতবড়ো অহিত আর কিছুই নাই। দেশের এক পক্ষ প্রবল হইয়া কেবলমাত্র
লোরের দ্বারা অপর ক্ষীণ পক্ষকে নিজের মতশৃহ্দলে দাসের মতো আবদ্ধ করিবে ইহার
মতো ইইহানিও আর কিছু হইতে পারে না। এমন করিয়া, বন্দে মাতরম্ মন্ত উচ্চারণ
করিলেও মাতার বন্দনা করা হইবে না—এবং দেশের লোককে মৃথে ভাই বলিয়া কাব্দে
লাভ্ত্রোহিতা করা হইবে। সবলে গলা টিপিয়া ধরিয়া মিলনকে মিলন বলে না,—
ভন্ন দেখাইয়া, এমন কি, কাগজে কৃৎসিত গালি দিয়া মতের অনৈক্য নির্দ্ধ করাকেও
জাতীর ঐক্য সাধন বলে না।

এ-সকল প্রণালী দাসম্বেরই প্রণালী। বাহারা এইরপ উপদ্রবকে দেশহিতের উপার বলিরা প্রচার করে তাহারা স্বজাতির লক্ষাকর হীনতারই পরিচর দের এবং এইপ্রকার উৎপাত করিয়া বাহাদিগকে দলন দমন করিয়া দেওরা বার তাহাদিগকেও হীনতাতেই দীকা দেওরা হর।

সেদিন কাগজে দেখিতেছিলাম, মর্লিকে বধন বলা হইরাছিল বে প্রাচ্যগণ কোনো-প্রকার আপসে অধিকারপ্রাপ্তির মূল্য বোঝে না, তাহারা জোরকেই মানে— তুপন তিনি বলিয়াছিলেন, তাহা হইতে পারে কিন্তু আমরা তো প্রাচ্য নই আমরা পাশ্চাতা:

কথাটা শুনিরা মনের মধ্যে আক্ষেপ বোধ হইরাছিল। আক্ষেপের কারণ এই বে,
আমাদের বাবহারে আমরা প্রাচ্যদের বিরুদ্ধে এই গুরুতর অপবাদের সমর্থন করিরা
থাকি। অক্সকে কোরের হারা অভিতৃত করিরা চালনা করিব এই অতি হীনবৃদ্ধিকে
আমরা কিছুতে ছাড়িতে চাহি না। বেগানে আমরা মৃষ্ণে বাধীনতা চাই সেবানেও
আমরা নিজের কর্তৃত্ব অক্সের-প্রতি অবৈধ বলের সহিত থাটাইবার প্রবৃত্তিকে ধর্ব
করিতে পারি না। উহার প্রতি জোর না পাটাইলে উহার মন্ধল হইবে না অতএব
যেমন করিরা পারি আমাকে উহার উপরে কর্তা হইতে হইবে। হিতামুদ্ধানের উপারের
হারাও আমরা মান্থবের প্রতি অপ্রদা প্রকাশ করি এবং এই প্রকার অপ্রদার উদ্ধত্য হারা
আমরা নিজের এবং অক্স পক্ষের মন্থ্যাহকে নই করিতে থাকি।

যদি মাপুবের প্রতি আমাদের শ্রদ্ধা থাকে তবে লোকের ষরে আগুন লাগানো এবং মারথর করিয়া গুণ্ডামি করিতে আমাদের কদাচই প্রবৃত্তি হইবে না; তবে আমরা পরম থৈবের সহিত মাপুবের বৃদ্ধিকে হদরকে মাপুবের ইচ্ছাকে মঙ্গলের দিকে ধর্মের দিকে আকর্ষণ করিতে প্রাণপাত করিতে পারিব। তথন আমরা মাপুষকেই চাহিব, মাপুষ কী কাপড় পরিবে বা কী মুন খাইবে তাহাই সকলের চেরে বড়ো করিয়া চাহিব না। মাপুষকে চাহিলে মাপুবের সেবা করিতে হয়, পরস্পরের ব্যবধান দ্র করিতে হয়—নিজেকে নম্ম করিতে হয়। মাপুষকে বদি চাই তবে য়থার্থভাবে মাপুবের সাধনা করিতে হইবে; তাহাকে কোনোমতে আমার মতে ভিড়াইবার আমার দলে টানিবার জন্ম টানাটানি-মারামারি না করিয়া আমাকে তাহার কাছে আস্থাসমর্পণ করিতে হইবে। সে রখন বৃত্তিবে আমি তাহাকে আমার অস্বর্তী অধীন করিবার জন্ম বলপূর্বক চেষ্টা করিতেছি না, আমি নিজেকে তাহারই মঙ্গলসাধনের জন্ম উৎসর্গ করিয়াছি তথনই সে বৃত্তিবে, আমি মাপুবের সঙ্গে মন্থুয়োচিত ব্যবহারে প্রবৃত্ত ইইরাছি—তথনই সে বৃত্তিবে, বন্দে মাতরম্ মন্তের বারা আমর। সেই মাকে বন্দনা করিতেছি দেশের ছোটোবড়ো

সকলেই বাহার সম্ভান । তথন মুসলমানই কি আর নমশুরেই কি, বেহারি উড়িয়া অথবা অক্ত বে-কোনো ইংরেজিশিক্ষায় পশ্চাদ্বর্তী জাতিই কি, নিজের শ্রেষ্ঠতার অভিমান লইয়া কাহাকেও ব্যবহারে বা বাক্যে বা চিম্ভায় অপমানিত করিব না। তথনই সকল মায়বের সেবা ও সম্মানের বারা, যিনি সকল প্রজার প্রজাপতি, তাঁহার প্রসন্ধতা এই ভাগাহীন দেশের প্রতি আকর্ষণ করিতে পারিব। নতুবা, আমার রাগ ইইয়াছে বলিয়াই দেশের সকল লোককে আমি রাগাইয়া তুলিব, অথবা আমি ইচ্ছা করিতেছি বলিয়া দেশের সকল লোকের ইচ্ছাকে আমার অহুগত করিব ইহা কোনো বান্মিতার দ্বারা কদাচ দাইবে না। ক্ষণকালের জন্ম একটা উৎসাহের উত্তাপ জাগাইয়া তুলিতে পারি কিন্তু তাহা সত্যকার ইন্ধনের অভাবে কখনোই স্থায়ী হইতে পারিবে না। সেই সত্যপদার্থ মাহ্যয—সেই সত্যপদার্থ মাহ্যযের হৃদয় বৃদ্ধি, মাহ্যযের মহন্তাত্ব, বদেশী মিলের কাপড় অথবা করকচ লবণ নহে। সেই মাহ্যয়কে প্রতাহ অপমানিত করিয়া মিলের কাপড়ের পূজা করিতে থাকিলে আমরা দেবতার বর পাইব না। বরঞ্চ উলটা ফলই পাইতে থাকিব।

একটি কথা আমরা কখনো ভূলিলে চলিবে না যে, অক্সায়ের দারা, অবৈধ উপায়ের দারা কার্যোদ্ধারের নীতি অবলম্বন করিলে কাব্দ আমরা অন্নই পাই অধচ ভাহাতে করিয়া সমস্ত দেশের বিচারবৃদ্ধি বিষ্ণুত হইয়া যায়। তথন কে কাহাকে কিসের দোহাই দিয়া কোন সীমার মধ্যে সংযত করিবে? দেশহিতের নাম করিয়া যদি মিখ্যাকেও পবিত্র করিয়া লই এবং অক্তায়কেও ক্তায়ের আসনে বসাই তবে কাহাতে কোন্ধানে ঠেকাইব ? শিশুও যদি দেশের হিতাহিত সম্বন্ধে বিচারক হইয়া উঠে এবং উন্মন্তও যদি দেশের উন্নতি-সাধনের ভারগ্রহণ করে তবে সেই উচ্ছুখনতা সংক্রামক হইতে থাকিবে, মহামারীর ব্যাপ্তির মতো তাহাকে রোধ করা কঠিন হইবে। তখন দেশহিতেধীর ভন্নংকর হল্ম হইতে দেশকে রক্ষা করাই আমাদের পক্ষে সকলের চেয়ে চুঃখকর সমস্তা হইয়া পড়িবে। দুর্দ্ধি স্বভাবতই কোনো বন্ধন স্বীকার করে না; বৃহৎভাবে সকলের সহিত যুক্ত হইয়া বৃহৎ কাজ করিতে সে সহজেই অকম। তঃস্বপ্ন যেমন দেখিতে দেখিতে অসংগত অসংলগ্নভাবে এক বিভীষিকা হইতে আর-এক বিভীষিকায় লাক দিয়া চলিতে থাকে তেম্নি মঞ্লবুদ্ধির অরাজকতার দিনে নিতান্তই সামান্ত কারণে চন্দননপরের মেররকে হত্যা করিবার আয়োজন হয়, কোধাও কিছু নাই হঠাৎ কৃষ্টিরার নিতান্ত নিরপরাধ পাত্রির পৃষ্টে গুলি বর্ষিত হয়, কেন বে ট্রামগাড়ির প্রতি সাংঘাত্তিক আক্রমণের উদ্বোগ হয় তাহা কিছুই বৃঝিতে পারা যার না ; বিভীবিকা অত্যম্ভ ভূচ্ছ উপলক্ষ্য অবলয়ন করিয়া চারিদিকে ছড়াইয়া পড়িতে থাকে, এবং কাও**জানহীন মন্ততা মাতৃভূবির** 

इर्पिश्यक्टे विद्योर् कविया (एव। ' अटेक्स धर्महीन व्याभाद क्षेत्रांनीय क्षेत्रा बाद ना. প্রবোজনের গুরুসমূতা বিচার চলিরা যার, উদ্দেশ্ত ও উপারের মধ্যে স্থসংগতি স্থান পায় না, একটা উদ্বাস্ত ত্ব:সাহসিকতাই লোকের কল্পনাকে উত্তেজিত করিয়া তুলে। অন্ত নারবার দেশকে শ্বরণ করাইয়া দিতে হইবে যে, অধ্যবসারই শক্তি এবং অধৈর্যই চুর্বলতা; প্রাপন্ত ধর্মের পরে চলাই নিজের শক্তির প্রতি সন্মান এবং উৎপাতের সংকীর্ন পর সন্ধান করাই কাপুরুষতা, তাহাই মানবের প্রকৃত শক্তির প্রতি অপ্রদা, মানবের মন্থয়ধর্মের প্রতি অবিশাস। অসংখম নিজেকে প্রবল বলিয়া অহংকার করে; কিন্তু তাহার প্রবলতা কিসে ? সে কেবল আমাদের বধার্থ অন্তর্ভর বলের সম্বলকে অপহরণ করিবার বেলার। এই বিক্লতিকে যে-কোনো উদ্দেশ্তশাধনের জন্মই একবার প্রশ্রের দিলে শরতানের কাছে মাণা বিকাইয়া রাণা হয়। প্রেমের কাব্দে স্ক্রনের কাব্দে পালনের কাব্দেই যথার্থভাবে আমাদের সমস্ত শক্তির বিকাশ ঘটে: কোনো একটা দিকে আমরা মন্তলের পধ নিজের শক্তিতে একটুমাত্র কাটিয়া দিলেই তাহা অভাবনীয়ন্ত্রপে শাখায় প্রশাখায় ব্যাপ্ত হইয়া পড়ে ;—একটা কিছুকে গড়িয়া তুলিলে কতকটা কৃতকার্য হইবামাত্র সেই আনন্দে আমাদের শক্তি অচিম্বনীয়রূপে নবনব স্বষ্টবারা নিম্নেকে চরিতার্থ করিতে পাকে। এই মিলনের পথ रुक्षानाর পথই ধর্মের পথ। কিন্তু ধর্মের পথ চুর্গম—চুর্গং পথন্তং কবয়ো বদস্কি। এই পথেই আমাদের সমস্ত পৌরুষের প্রয়োজন, ইহার পাথের সংগ্রহ করিতেই আমাদের সর্বন্ধ ত্যাগ করিতে হইবে: ইহার পারিতোষিক অহংকারতপ্থিতে নহে. অহংকারবিসর্জনে ; ইহার সক্ষ্যতা অন্তকে পরান্ত করিয়া নহে, নিজেকে পরিপূর্ণ করিয়া।

2026

কাঁকিলাড়ার কারখানার ইংগ্রেজ কর্মচারীবের প্রতি ককা করিরা রেকগাড়িতে বোষা ছুড়িবার পূর্বে
এই প্রবন্ধ লিখিত হয়। কোনো হিত্রে পাপ একবার অন্তরে প্রবেশ করিতে পারিলে ক্রমশই বাম্বকে
তাহা কিন্ধপে বিকৃতিতে লইনা বার এই লক্ষাকর পোচনীর বটনাই তাহার প্রবাণ।

# পরিশিষ্ট

### সার লেপেল গ্রিফিন

কুকুর-সম্প্রদারের মধ্যে থেঁকি কুকুর বলিয়া একটা বিশেষ জ্বাত আছে, তাহাদের থেই থেই আওরাজের মধ্যে কোনোপ্রকার গান্তীর্ব অথবা গোরব নাই কিন্তু সিংহের জ্বাতে থেঁকি সিংহ কখনো শুনা যার নাই। সার লেপেল গ্রিফিন জুন মাসের ফর্টনাইটলি রিভিয়ু পত্রে বাঙালিদের বিরুদ্ধে যে একটা প্রবন্ধ লিধিয়াছেন, তাহার মধ্যে ভারি একটা থেঁই থেঁই আওয়াজ দিতেছে, ইহাতে লেখকের জ্বাতি নিরূপণ করা কিছু কঠিন হইয়া পড়িয়াছে।

কিছ লেখকের অভিপ্রায় যেমনই হউক বাঙালিদের তাঁহার প্রতি ক্বতক্ত হওর। উচিত। কারণ, উক্ত আওয়াব্দে আর কোনো ফল না হউক আমাদিগকে সন্ধাগ করিয়া রাখে। যে-সময় একটুখানি নিজাকর্ষণ হইয়া আসে ঠিক সেই সময়ে যদি এই রকম একটা করিয়া বিদেশী হঠাং আমাদের প্রতি থেকাইয়া আসে তাহাতে চট করিয়া আমাদের তক্সা ভাঙিয়া যাইতে পারে।

একটু যেন চুলুনি আসিয়াছিল—কনগ্রেসের মাণাটা তাহার স্বব্ধের উপর একটু যেন টলটল করিতেছিল, নানাকারণে তাহার স্নায়ু এবং পেশী যেন শিপিল হইতেছিল এমন সময়ে কেবল বন্ধুর উৎসাহ পাওয়ার অপেক্ষা শক্রপক্ষের নিকট হইতে চুই-একটা ধান্ধা খাইলে বেশি কান্ধ দেখে। এলক্স গ্রিকিন সাহেব ধন্ত।

তিনি আরও ধন্ত যে, তিনি কোনো যুক্তি না দিয়া গালি দিয়াছেন। আমরা একটা আতি নৃতন শিক্ষা পাইয়া একটা নৃতন উচ্চ আশার আকর্ষণে অগ্রসর হইতে চেষ্টা করিতেছি, অবশ্রুই আমাদের নানাপ্রকার ক্রটি, অক্ষমতা এবং অপরিপক্তা পদে পদে প্রকাশ পাইবার কথা এবং রাজনীতিবিশারদ ইংরেজের চক্ষে সেগুলি ধরা পড়িবার সম্পূর্ণ সম্ভাবনা। কিন্তু সেই তুর্বল ভাগে আমাদিগকে আক্রমণ না করিয়া গ্রিকিন যখন কেবল গালিমন্দ দিয়াছেন তখন আমরা বেশ নিশ্চিত্ত হইয়া বসিরা থাকিতে পারি।

গালি-জিনিসটাও যে নিতান্ত সামান্ত তাহা নহে, কিন্তু গালিবিশেষ আছে। গ্রিকিন আমাদিগকে বলিয়াছেন, তোমাদিগকে রাজনৈতিক অধিকার দেওয়াও বা আর বানরকে দেওয়াও তা। একজন স্থানর ছাত্রও চেটা করিলে ইহা অপেক্ষা স্থানপূর্ণ গালি দিতে পারে। গ্রিকিন যে-জন্তটার উল্লেখ করিয়াছেন সে-বেচারার কিচিমিচিপূর্বক ম্থবিকার করা ছাড়া আক্রোশ প্রকাশের অন্ত উপার নাই—কিন্ত ভদ্রলোকের হাতে এত প্রকার ভলোচিত অন্ত আছে যে, অনিষ্ট মুখন্ডিন্মা তাহার পক্ষে নিতান্তই

অনাবশুক। গ্রিফিন যখন সেই অশিষ্টতা অবলম্বন করিয়াছেন তখন আমরা তাহা হইতে কেবল কোঁতুক লাভ করিবার চেষ্টা করিয়া তাহার অমুকরণে কান্ত হইব।

গালমন্দ বাদ দিয়া সমস্ত প্রবন্ধে গ্রিকিন সাহেবের একমাত্র কথা এই ষে, বাঙালি ত্র্বল অতএব রাজ্যতন্ত্রে বাঙালির কোনো স্থান থাকিতে পারে না। কিন্তু ইতিমধ্যে অনেক বাঙালি জিলা শাসনের ভার পাইয়াছে এবং অনেক বাঙালি মন্ত্রী-আসনও অধিকার করিয়াছে, ধনি তাহাদের কোনো অযোগ্যতা আবিষ্কৃত হইয়া থাকে তবে প্রবন্ধে তাহার প্রমাণ দিলে তাঁহার যুক্তি পাকা হইত। ঘরে বিসন্ধা অনেক মৃলতন্ত্র গড়া যার, কিন্তু সভ্যের সঙ্গে থখন তাহার অনৈক্য হয় তখন স্বরচিত হইলেও তাহাকে বিসর্জন দেওয়া কর্তব্য। আমি একটা তব্র বাধিয়াছিলাম য়ে, ইংরেজ পুরুষের লেখায় য়িদ বা কোনো কারণে উদারতার অভাব লক্ষিত হয় তথাপি তাহার মধ্যে একটা সংয়ত আত্মনর্ধাদা থাকে; কারণ য়ে-লোক সোভাগাবান এবং ক্ষমতাবান তাহার লেখায় মধ্যে একটি বিনয় এবং সেই বিনয়ের মধ্যেই একটি প্রবল পৌরুষ থাকে— আমাদের মতো যাহারা ত্রতাগ্য, যাহাদের মৃশ ছাড়া আর কিছু নাই সময়ে সময়ে অক্ষম আক্রোলে তাহারা অমিতভাষী হইয়া আপনার নিরুপায় দৌর্বলােরই পরিচয় দেয়। কিন্তু গ্রিকিনের লেখা ইংরেজি বড়ো কাগজে বাহির হইয়া থাকে এবং সেই সঙ্গে আমার প্রিয়তন্ত্রটিকে বিসর্জন দিতে হয়।

গ্রিকিন বাঙালিকে রাজনৈতিক অধিকার হইতে বঞ্চিত করিবার পূর্বে নিজেদের পার্লামেন্টে একটা নৃতন নিয়ম প্রচার করিবার চেষ্টা করিবেন। এবার হইতে বক্তৃতামঞ্চে বাগ্যুদ্দে পার্লামেন্টের মেম্বর নির্বাচিত না হইরা মরাভূমে ম্বাযুদ্দে সভ্য স্থির হইবে। তাহা হইলো ইংরেজ মন্ত্রী-সভায় কেবল বীরমগুলীই অধিকার লাভ করিবে এবং বাহারা ওজমাত্র কলম চালাইতে জানে তাহারা ক্টনাইটলি রিভিয়ুতে অভ্যস্ত ঝগড়াটে স্থবে প্রবন্ধ লিথিবে।

# रेश्टब्रटब्रब्र वांज्ङ

শ্বিষ্ঠানে হিন্দু মহাজনদের বারা একান্ত উৎপীড়িত হইরা গবর্ষেন্টের নিকট নালিশ করিবার অন্ত গাঁওতালগন তাহাদের অরণ্য-আবাস ছাড়িয়া কলিকাতা অভিমূখে যাত্রা করিয়াছিল। তখন ইংরেজ গাঁওতালকে ভালো করিয়া চিনিত না;—তাহারা কী চায়, কেন বাহির হইয়াছে কিছুই বৃঝিতে পারিল না। এদিকে পথের মধ্যে পুলিস তাহাদের সহিত লাগিল—আহারও ফুরাইয়া গেল—পেটের আলার লুটপাট আরম্ভ হইল। অবশেষে গবর্ষেন্টের কৌজ আসিয়া তাহাদিগকে দলকে-দল গুলি করিয়া ভূমিসাং করিতে লাগিল।

এই ঘটনার উপলক্ষে হান্টার সাহেব বলেন, ভারতবর্ষে অ্যাংলো-ইপ্রিয়ান সম্প্রদারের সংখ্যা অব্ধ এবং ভাহারা বহুসংখ্যক ভিন্নজাতীয় অধিবাসীর ধারা পরিবেষ্টিত। এরপ শবস্থায় সামাস্ত স্থ্রপাতেই বিপদের আশহাটা অভ্যন্ত প্রবল্ হইয়া উঠে। তথন পরিণামের প্রতি লক্ষ্য করিয়া ধীরভাবে বিবেচনা করিবার সময় পাকে না—অভিসম্বর সবলে একটা চূড়ান্ত নিশান্তি করিয়া ফেলিবার প্রবৃত্তি জয়ে। যখন অ্যাংলো-ইপ্রিয়ানগণ এইরপ কোনো কারণে অক্স্মাং সম্রন্ত হইয়া উঠে তথনই গবর্মেন্টের মাধা ঠাণ্ডা রাধা বিশেষরূপে আবশ্রুক হয়। হান্টার বলেন, এরপ উত্তেজনার সময় ভারত-গবর্মেন্টকে প্রায়ই ঠাণ্ডা গাকিতে দেখা গিয়াছে।

উপরি-উক্ত সাঁওতাল-উপশ্লবে কাটাকুটির কার্যটা বেশ রীতিমতো সমাধা করিয়া এবং বীরভূমের রাঙা মাটি সাঁওতালের রক্তে লোহিততর করিয়া দিয়া তাহার পরে ইংরেজরাজ হতভাগা বক্সদিগের হুংধনিবেদনে কর্ণপাত করিলেন। যথন বন্দুকের আওয়াজটা বন্ধ করিয়া তাহাদের সকল কথা ভালো করিয়া তনিলেন তথন ব্রিলেন তাহাদের প্রার্থনা অন্তার নহে। তথন তাহাদের আবক্তকমতো আইনের সংশোধন, পুলিসের পরিবর্তন এবং যথোপমুক্ত বিচারাশালার প্রতিষ্ঠা করা হইল।

কিছ আাংলো-ইণ্ডিয়ান সম্প্রদারের উন্না তগনও নিবারণ হইল না। বিল্রোহীদের প্রতি নিরতিশর নির্দর শান্তিবিধান না করিয়া তাহারা কান্ত হইতে চাহে না। তাহারা বলিল, বিল্রোহীরা যাহা চাহিরাছিল সকলই যদি পাইল তবে তো তাহাদের বিল্রোহের সার্থকতাসাধন করিয়া একপ্রকার পোষকতা করাই হইল। ক্যালকাটা রিভিয়্পত্রের কোনো ইংরেজ লেখক এই শান্তিপ্রির নিরীহ সাঁওতালন্ধিকে বনের ব্যাত্র, রক্তপিপাস্থ বর্ধর প্রস্তৃতি বিশেষণে অভিহিত করিয়া এক প্রবন্ধ লিখিলেন, তাহাতে, কেবল

দোষীদিগকে নছে, বিদ্রোহী জেলার অধিবাসিবর্গকে একেবারে সর্বস্মেত সমূত্রপারে ত্বীপাস্তরিত করিয়া দিবার জন্ম গ্রমেণ্টকে অনুরোধ করিলেন।

মনে একবার ভয় চুকিলে বিচারও থাকে না, দয়াও থাকে না। আমাদের সংস্কৃতশাস্ত্রে আছে—শক্তস্ত ভূষণং ক্ষমা। কেবল ভূষণ কেন, তাহা স্বাভাবিক বলিলেও
নিতান্ত অভূয়ক্তি হয় না। যেখানে মনে মনে আবাশক্তির অভাব আশকা হয়, সেখানে
মাহ্যম, হয় অগত্যা ক্ষমা করে, নয় লেশমাত্র ক্ষমা করে না, নিষ্ঠ্রভাবে অক্তকে ভয়
দেখাইতে চেষ্টা করে। অনেক সময় হিংশ্র পশু যে অগ্রসর হইয়া আক্রমণ করে,
সকলেই জানেন ভয়ই তাহার মূল কারণ, হিংশ্রতা নহে।

ইংরেজ ষথন কোনো কারণে আমাদিগকে ভর করে তপনই সেটা আমাদের পক্ষে বড়ো ভরের বিষয় হইয়া দাঁড়ার—তথনই ভরের কম্পনে দয়ামায়া স্থবিচার আপাদমন্তক টলমল করিতে থাকে।

ইংরেজ হঠাং কনগ্রেরে মৃতি দেখিরা প্রথমটা আচমকা ডরাইরা উঠিয়াছিল।
তাহার কারণ, মামুষ চিরসংস্থারবশত স্বদেশী জুজুকে যতটা ভর করে, বিদেশী
বিভীষিকাকে ততটা নহে। এইজন্ত ভারতবর্ধের স্থপন্যনাগারে হঠাং সেই পোলিটকাল
জুজুর আবিভাব দেখিরা ইংরেজের স্থন্থ শীহাও চমকিরা উঠিয়াছিল।

কিন্তু কনগ্রেসটার উপরে প্রত্যক্ষভাবে কোনোরপে আঘাত করা হয় নাই। তাহার কারণ, ঢাকের উপরে ঘা মারিলে ঢাক আরও বেশি করিয়া বাজিয়া উঠে। কনগ্রেসের আর-কোনো ক্ষমতা থাক্ বা না থাক্ গলার জোর আছে, তাহার শন্ধ সম্প্রপার পর্বন্ধ গিয়া পৌছে।

স্তরাং এই নবনির্মিত স্থাতীয় জয়নাকটার উপরে কাঠি না মারিয়া তাহাকে তলে তলে ছিল্ল করিবার আয়োজন করা হইল। মুসলমানেরা প্রথমে কনগ্রেসে যোগ দিবার উপক্রম করিয়া সহসা যে বিমৃব হইয়া দাড়াইল তাহার কারণ বোঝা নিতান্ত কঠিন নহে—এবং পাঠকদের নিকট সে-কারণ স্পাষ্ট করিয়া নির্দেশ করা স্থনাবন্তক বোধ করি।

কিন্তু এতদিনে ইংরেজ এ-কথা কতকটা বৃঝিয়া থাকিবে যে, হিন্দুর হল্তে পলিটিক্স তেমন মারায়ক নহে। আবহমান কালের ইতিহাস অফুসদ্ধান করিয়া দেখিলেও ভারতবর্বে পোলিটিকাল ঐক্যের কোনো লক্ষণ কোনোকালে দৃষ্টিগোচর হয় না। ঐক্য কাহাকে বলে ম্সলমান তাহা জানে এবং পলিটক্সও তাহার প্রকৃতিবিক্ষ নহে; ম্সলমান যদি দ্বে থাকে তবে কনগ্রেস হইতে আও আলম্বার কোনো কারণ নাই।

হিন্দাতির প্রতি পলিটক্সের প্রভাব বে তেমন প্রবল নহে কনগ্রেসই ভাহার

প্রমাণস্থল হইবার উপক্রম করিতেছে। যতই দিন বাইতেছে ততই কনগ্রেস অর্থাভাবে দরিজ এবং উৎসাহাভাবে তুর্বলের মতো প্রতিভাত হইতেছে। ইংরেজও সম্রতি কিছু বেন নিশ্চিম্ব বোধ করিতেছে।

কিছ ইতিষধ্যে ইংরেজের ভারতশাসনক্ষেত্রে আর-একটা নৃতন ভর আসিয়া
দেখা দিয়াছে। সেটা আর কিছু নয়, গোরক্ষণী সভা। বাহাদিগকে রক্ষা করিবার
জন্ত এই সভাটা য়াপন কয়া হইয়াছে তাহারা বতটা নিয়ীহ, সভাটাকে ততটা নিয়ীহ
বিদয়া ইংরেজের য়ারণা হইল না।

কারণ, ইংরেজ ইহা বৃষিরাছে বে, বদেশ ও স্বজাতি রক্ষার জন্ম যে-হিন্দু এক হইতে পারে না, গোষ্ঠ এবং গোজাতি রক্ষার জন্ম চাই কি তাহারা এক হইতেও পারে। স্বাধীনতা, বদেশ, আত্মসম্মান, মহন্তহ প্রভৃতি অনেক শ্রেষ্ঠতর পদার্থের অপেক্ষা গোন্ধকে রক্ষা করা যে আমাদের পরমতর কর্তব্য এ-কণা হিন্দু ভূপতি হইতে ক্লমক পর্যন্ত সকলেই সহজ্যে বৃষিবে। গোহত্যা-নিবারণ সম্বন্ধে নেপালের শুর্ধা হইতে পল্লাবের লিখ পর্যন্ত একমত।

এই কারণে গোরক্ষণী সভাটা ইংরেজের পক্ষে কিছু বিশেষ আতম্বজনক হইতে পারে। কলেও তাহার প্রমাণ পাওরা ঘাইতেছে।

প্রমাণ পাওয়া বাইতেছে, কিন্তু প্রমাণ দেওয়া কিছু কঠিন হইয়া পড়িয়াছে। সম্প্রতি
ভ্রমণোপলকে পশ্চিম ভারতে গিয়া দেখিয়াছি, গোরক্ষার জস্তু লোকে আর তভটা ব্যস্তু
নহে—এখন গোরক্ষকগণ রক্ষা পাইলে হয়। কিন্তু ভিতরে ভিতরে সকলে ত্রাহি ত্রাহি
করিতেছে বটে, তব্ মৃথ ফুটিয়া কিছু বলিতেছে না। বে-সকল কথা ঘরে ঘরে আলোচিত
হইতেছে সে-সকল কথা যদি প্রকাশ হইত তবে কী হইত? বে প্রকাশ করিত তাহাকে
সম্ভবত নির্দিষ্ট রাজ-অট্টালিকার রাজপ্রহরিগণ কর্তৃক বেষ্টিত হইয়া বাস করিতে হইত।
গোক্ষণ্ড সময়ে সককণ হায়ারব করে, বাঙালিণ্ড সময় সময় দেশী-বিদেশী ভায়ায়
আর্তনাদ করিয়া থাকে, কিন্তু পশ্চিম-ভারত একেবারে মৃক।

তবে বাহির হইতে একটা উদাহরণ দেওরা বাইতে পারে। গাজিপুরের জব্দ করা সাহেব ফ্রারপরারণ বলিরা সাধারণের নিকট স্থবিদিত। গোহত্যাসম্বীর মকদ্মার আপীল হাইকোর্ট ভাহার নিকট হইতে তুলিরা লইরাছে।

কল্প সাহেব ছিন্দু নহেন; গোলাতির এবং গোবংসলপাতির প্রতি তাঁহার বিশেষ পক্ষপাত থাকিবার কোনো কারণ দেখা যায় না। গোসপ্রাদারের প্রতি বদি তাঁহার কোনো পক্ষপাত থাকে সেও কেবল খাদকভাবে।

ৰিতীৰত, এই গোহত্যাসম্বীৰ দাখাহাখামাৰ প্ৰতি গ্ৰহেন্টৰ তীত্ৰ দৃষ্টি বহিৰাছে,

এবং জ্যাংলো-ইণ্ডিয়ানগণও বিশেষ এন্ত ইইয়া উঠিয়াছেন—এমন কি,বিলাডের স্পেক্টেটর পত্রও এইরূপ উপত্রবগুলিকে সতেজে দমন, সবলে দলন করিয়া কেলিতে পরামর্শ দিয়াছেন। এরূপ স্থলে অন্তাক্ত সাধারণ মকদ্দমার অপেক্ষা এরূপ মক্দমা ইংরেজ বিচারক বিশেষ সতর্কভাবেই বিচার করিয়া থাকেন।

এম্ন অবস্থাতেও যদি গবর্মেন্ট কল্প সাহেবের বিচারে সন্তুষ্ট না হন, তবে তো তাঁহার হাতে সামাক্ত শসা-চুরির মকদমাও রাখা উচিত হয় না।

এই সকল লক্ষণ দেখিয়াই মনে হইতেছে গবর্মেণ্ট কিছু বেশি ভীত হইয়া পড়িয়াছেন। ভাঁছারা ভয় পাইলেই আমাদের সর্বনাশ।

কিন্তু ভয় করিতে আরম্ভ করিলে কোথাও নিশ্চিম্ত হইবার জো নাই। ভারতবর্গকে শিক্ষা দিয়াও ভয় হয়, আবার মূর্থ করিয়া রাধিলেও ভয় আছে।

ইংরেজি শিথিয়া আমরা আত্মহংখ নিবেদন করিতে শিথি এবং সাধারণ জভাব-মোচনের উপলক্ষে সাধারণের মধ্যে ঐক্যবন্ধনের স্ত্রপাত হয়। আবার যেখানে ইংরেজি শিক্ষা নাই সেখানে যে কোন্ অন্ধসংস্থারের কৃষ্ণবর্ণ বারুদে কোন্থান হইতে কণামাত্র অগ্নিকুলিক লাগিয়া অকস্মাং একটা প্রলয় দিগ্দাহ উপস্থিত করে তাহা বলা যায় না।

কিন্তু গবর্মেন্টের ভয়টা দেখিতে ভালো নহে। কড়া শাসন, অর্থাং যখন বিচার-প্রণালীর মধ্যে স্থায় অপেক্ষা বলের প্রয়োগ বেশি দেখা যায় এবং যখন চতুর্দিক হইতে খোঁচাখুঁচি লাগাইয়া তাড়াতাড়ি দেশের লোককে ভয় পাওয়াইয়া দিবার চেষ্টা দেখিতে পাই তখনই ব্ঝিতে পারি গবর্মেন্টের হংম্পন্দন কিছু অযথা বাড়িরা উঠিয়াছে। সের্ক্প উগ্রতায় গবর্মেন্টের বলিষ্ঠতা প্রকাশ পায় না, কেবল ভয় প্রকাশ হয় মাত্র।

মণিপুরেই গবর্মেন্টের নিজবুদ্ধিদোষে বিভ্রাট ঘটুক আর ভারতের অক্তর্ত্ত হিন্দুমূসলমানের আদ্ধ আক্রোশবশত ভ্রাত্বিরোধের স্বত্রপাত হউক, গবর্মেন্টের সর্বদা
মনে রাখা উচিত, শক্তক্ত ভূবণং ক্ষমা এবং অবিচলিত অপক্ষপাত এবং প্রশাস্ত ভ্যায়পরতা।

কিন্তু গবর্মেন্ট বলিতে যে কাহাকে বৃঝায় আমরা কিছুই বৃঝিতে পারি না। এই ছিন্দু-মুসলমান-বিপ্লবে বড়োকর্তা ল্যান্সভাউন, মেজোকর্তা ক্রসথোয়েট, এবং জেলার কৃত্র ক্র ছোটোকর্তাগুলি সকলেই এক পলিসি অবলয়ন করিয়া একভাবে কাজ করিতেছেন কিনা জানি না। সার ওয়েভারবর্ন লিখিয়াছেন, এই সমস্ত উপল্রবে গবর্মেন্টের কিছু হাত আছে—ল্যান্সভাউন বলেন, এমন কথা যে বলে সে অত্যন্ত তৃষ্ট। আমরা ইহার একটা সামঞ্জন্ত করিয়া লই।

पामत्रा राज, गरामान्द्र अनिनि रामनरे थाक, रेशदाक कर्मादिशन गरामान्द्र यह

নহে, তাহারা মাহার। আপন অধিকারের মধ্যে তাহাদের বিরাগ-অহ্যাগ মতামত গাটাইবার যথেষ্ট অবসর আছে। কনগ্রেস এবং শিক্ষিত বাব্দের আচরণে তাহাদের যদি এমন ধারণা হয় বে, হিন্দু-মুসলমানদিগকে পৃথক করিয়া রাধা আবক্ষক, তবে তাহারা হৈছাটোষড়ো এত উপায় অবলহন করিয়া বিষেববীক্ষ বপন করিতে পারে যে, গবর্মেন্টের পরম উদার সদ্ভিসন্ধি তাহার নিকট হার মানে।

গবর্মেন্টের আইন কাহাকেও স্থা। করে না, ভর করে না, পক্ষপাত করে না, কিন্তু ইংরেজ করে। পারোনিরর ইংগিশমান প্রভৃতি ইংরেজ কাগজগুলা ধখন কনগ্রেসের প্রতি চক্ষ্ রক্তবর্গ করে এবং বাব্দের প্রতি সরোধ অবজ্ঞাবর্ধণের চেষ্টা করে, তখন ইংরেজ কজ-ম্যাজিস্ট্রেটিগণ যে অবিচলিতচিত্তে থাকে তাহা নহে। এই সমস্ত বিশ্বেষভাব সর্বসাধারণ ইংরেজের মধ্যে প্রতিদিন ব্যাপ্ত ও বন্ধমূল হইরা বাইতেছে এবং যাহার হাতে কোনো ক্ষমতা আছে সে যে নানা উপারে কার্যত সেই ভাবকে প্রকাশ করে এবং একটা গোপন পলিসি অবলম্বন করিয়া কনগ্রেস প্রভৃতিকে ব্যর্থ করিবার চেষ্টা করে তাহাতে সন্দেহ নাই।

হিন্দু-মুসলমানে যে বিরোধ সম্প্রতি প্রজ্ঞালিত হইরা উঠিয়াছে ইহা গবর্মেন্টের পলিসি-সম্মত না হইতে পারে কিন্তু গবর্মেন্টের অন্তর্গত বিস্তর কৃত্র কৃত্র ইংরেজ বিস্তর কৃত্র ক

কেবল, ইংরেঞ্জের মনে অকশ্মাং একটা আতত্ব উপস্থিত হইয়া এই সমস্ত ব্যাপার-গুলি ঘটিতেছে।

### রাজা ও প্রজা

সিভিলিয়ান রাজীচি সাহেব আইনলন্ত্যনপূর্বক উড়িক্সার কোনো এক জমিদারকে '
অপমান ও পীড়ন করাতে তংকালীন লেম্বটেনান্ট গ্বর্নর ম্যাকডোনেল সাহেব
অক্সারকারীকে এক বংস্রের জম্ম নিগৃহীত করিয়াছিলেন।

ভাবিয়া দেখিলে ত্রিটিশ শাসনাধীনে এরপ ঘটনা আশাতীত বিশ্বয়ঞ্জনক বলিয়া মনে হওয়া উচিত ছিল না—কিন্তু প্রকৃতপক্ষে, সাধারণের নিকট এই স্থায়বিচারটি আশাতীত বিশ্বয়ঞ্জনক বলিয়াই প্রতিভাত হইয়াছিল। এই কারণে মৃচ্মতি সাধারণ কিছু সবিশেষ আনন্দ প্রকাশ করিয়াছিল।

অনতিকাল পরেই ম্যাকডোনেল সাহেব যথন যথাসময়ে এলিয়ট সাহেবকে তাঁহার গদি ছাড়িয়া দিলেন তথন এলিয়ট আসিয়া ম্যাকডোনেলের বিচার লক্ষ্মপূর্বক রাজীচিকে নিগ্রহ হইতে মুক্ত করিয়া উচ্চতর পদে প্রতিষ্ঠিত করিলেন। এখন আবার মৃচ্মতি সাধারণ সবিশেষ শোক প্রকাশ করিতে আরম্ভ করিয়াছে।

কর্তার ইচ্ছা কর্ম। কর্তাই জ্ঞানেন এমন প্রথাবিরুদ্ধ কাজ কেন করিলেন, আমরা কেবল অন্ধকারে অহুমান করিয়া মরিতেছি মাত্র। এমন হইতে পারে যে, সিভিলিয়ানের প্রেন্টিজ সিভিলিয়ান রক্ষা করিলেন। কিন্তু সেটা ঠিক হইল না। কারণ, এই ঘটনায় সাধারণের নিকট ম্যাকড্যোনেলের, এমন কি, গ্রহ্মেন্টের প্রেন্টিজ, নষ্ট হইল।

অসুমান করিতে গিয়া নানা লোক নানা কথা বলিতেছে—তাহার সব কথাই মিধা। হইতে পারে। মোটের উপর এইটুকু বলা যায় যে, গবর্মেন্টের পলিসি গবর্মেন্টই জানেন, আমরা সেই পলিসির দ্বারা পরিচালিত অন্ধ পুত্তলিকামাত্র।

সেই কারণে আমার বন্ধব্য এই যে, আমাদের কর্তৃস্থানীয় কোনো ব্যক্তির স্থারাস্থারবিচারে আমরা যে অকস্মাং অতিমাত্র হর্বলোক প্রকাশ করিয়া থাকি সে আমাদের
মোহবশত। যেখানে কর্তার ইচ্ছা কর্ম, যেখানে ব্যক্তিবিশেষের স্বভাব এবং মর্জির
উপরে আমাদের শুভাশুভ অনেকটা নির্ভর করিতেছে সেখানে ভালো এবং মন্দ,
স্থায় এবং অস্থায় উভরই আকস্মিক ক্ষণিক ঘটনামাত্র। ম্যাকভোনেল সাহেব বাহা
করিলেন সেও তাঁহার নিজগুণে, এলিরট সাহেব বাহা করিলেন সেও তাঁহার নিজগুণে,
আমরা নিতান্তই উপলক্ষ্য।

তবাপি আঘাতে ব্যবিত এবং আদরে সুধী না হইয়া আমরা থাকিতে পারি না।

কিন্ত কিন্তুপ হইলে আমাদের যথার্থ সুখের এবং জাতীর গৌরবের কারণ হয় তাহা , আমাদের সর্বদা শ্বরণ রাধা কর্তব্য।

সে আর কিছুই নহে,— যখন আমাদের সাধারণের মধ্যে স্তান্নাস্তারবোধ এমন স্থতীত্র এবং সচেতন হইরা উঠিবে বে, অপমানে অস্তারে আমরা সকলে মিলিরা যথার্থ বেদনা বোধ করিতে থাকিব এবং সেই স্তান্নাস্তারবোধের খাতির রক্ষা করা প্রর্থেটের একটা পলিসির মধ্যে দাড়াইরা ঘাইবে তখন আমরা যথার্থ আনন্দ করিতে পারিব।

সাধারণত, ধর্মবৃদ্ধি কর্মবৃদ্ধি লোকনিন্দা সব-কটার মিলিরা আমাদিগকে কর্তব্যপথে চালনা করে। আমাদের গবর্মেন্টের কর্তব্যনীতি অনেকটা পরিমাণে কেবলমাত্র ধর্মবৃদ্ধি ও কর্মবৃদ্ধির উপরেই নির্ভর করিতেছে, প্রজাদিগের ক্রারাক্তায়বোধের সহিত তাহার বোগ অতিশর অয়।

সকলেই জানেন ধর্মবৃদ্ধির সহিত কর্মবৃদ্ধির বিরোধ বাধিলে অনেক সময় শেবোক্ত শক্তিটিরই জয় হইয়া থাকে, সেই ছন্দের সময় বাহিরের লোকের ক্তায়াক্তায়বোধ ধর্মের গহায় হইয়া তাহাকে সবল করিয়া তোলে। যথন দেখিব প্রজার নিন্দা নামক শক্তি গবর্মেণ্টের রাজকার্যের মধ্যে আপনার যথাযোগ্য স্থান অধিকার করিতে পারিয়াছে তথন আমরা আনন্দ প্রকাশ করিব।

এই প্রক্রানিন্দা না থাকাতে ভারতবর্ষীয় ইংরেজের কর্তব্যবৃদ্ধি ক্রমে অলক্ষিতভাবে এত শিথিল ও বিষ্কৃত হইয়া আসে যে, ইংলওবাসী ইংরেজের নৈতিক আদর্শ হইতে তাহাদের আদর্শের বিজ্ঞাতীয় প্রভেদ হইতে থাকে। সেই কারণে দেখিতে পাই, ভারতবর্ষীয় ইংরেজ একদিকে আমাদিগকে দ্বণা করে অপরদিকে ক্রেশীয় ইংরেজের মতামতের প্রতিও অভ্যন্ত অসহিষ্কৃতা প্রকাশ করে, যেন উভরেই তাহার অনাত্মীয়।

ইহার অনেকণ্ডলি কারণ থাকিতে পারে, তাহার মধ্যে একটি কারণ এই বে, ইংলণ্ডে বে-সমাজনিনা ইংরেজকে সর্বদাই বিশেষ কর্তবাপথ নির্দেশ করিয়া দিতেছে ভারতবর্ব তাহা অত্যন্ত দ্রবর্তী হওয়াতে ভারতবর্বীর ইংরেজ তাহার প্রভাব বিশ্বত হইয়া যায়। ইহার উপরে আবার আমাদের সহিত ইংরেজের অনেকটা সার্পের সম্পর্ক, এবং আমাদের প্রতি তাহাদের স্বলাতীয়ত্বের মমতাবন্ধন নাই, স্পতরাং এখানে কর্তবার্ত্বির বিশুদ্ধতা রক্ষা করা ইংরেজের পক্ষে নানাকারণে কঠিন হইয়া পড়ে। সেইজক্ত থার্থের সহিত, ক্ষমতাগর্বের সহিত পরাধীন হর্বল জাত্তির নৈতিক আদর্শের সহিত, পরজাতি-শাসনতত্রের বিবিধ কুটলতার সহিত সংমিশ্রিত হইয়া ভারতবর্ষীর

ইংরেকের একটা বিশেষ স্বতম্ব নৃতন কর্তব্যনীতি গঠিত হইতে পাকে, তাহাকে আনেক সময় ইংলণ্ডের ইংরেক ভালো করিয়া চেনে না।

কোনো কোনো প্রতিভাসম্পন্ন ভারতবর্ষীয় ইংরেজ এই নৃতন পদার্থটিকে ইংলণ্ডে ভালোরপে পরিচিত করাইবার ভার লইয়াছেন। তাঁহারা প্রতিভাবলে দেধাইতেছেন, ' এই নৃতন পদার্থের নৃতনত্বের একটি বিশেষ আকর্ষণ আছে।

দৃষ্টান্তখন্ধপে রাডইয়ার্ড কিপলিঙের নাম উল্লেখ করা যাইতে পারে। তাঁহার অসামান্ত ক্ষমতা। সেই ক্ষমতাবলে তিনি ইংরেজের কর্মনাচক্ষে প্রাচাদেশকে একটি বৃহং পশুশালার মতো দাঁড় করাইয়াছেন। তিনি ইংলণ্ডের ইংরেজকে বৃঝাইতেছেন, ভারতবর্ষীয় গবর্মেন্ট একটি সার্কস কম্পানি। তাঁহারা নানাজাতীয় বিচিত্র অপরূপ জন্তকে সভাজগংসমক্ষে স্থানপুণভাবে নৃত্য করাইতেছেন। একবার সতর্ক অনিমেষ দৃষ্টি ক্ষিরাইয়া লইলেই সব-কটা ঘাড়ের উপর আসিয়া পড়িবে। স্থতীক্ষ কৌতৃহলের সহিত এই জন্তদিগের প্রকৃতি পর্যবেক্ষণ করিতে হইবে, য়থাপরিমাণে চারুকের ভয় এবং অস্থিয়ওর প্রলোভন রাবিতে হইবে এবং কিয়ংপরিমাণে পশুবাংসল্যেরও আবশ্রক আছে। কিন্ত ইহার মধ্যে নীতি প্রীতি সভ্যতা আনিতে গেলে সার্কস রক্ষা করা দৃক্র হইবে এবং অধিকারীমহাশয়ের পক্ষেও বিপদের সম্ভাবনা।

কেবলমাত্র প্রাণশক্তির বলে প্রবল মহয়জন্তদিগকে শাসনে সংযত রাধিয়া কেবলমাত্র অন্থলির নির্দেশে তাহাদিগকে নিরীহ নৃত্যে প্রবৃত্ত করার ছবিটি ইংরেজের কাছে কৌতৃকজনক মনোরম বলিয়া প্রতিভাত হইবার কথা। ইহাতে ইংরেজের মনে নৃতনত্বের কৌতৃহল এবং স্বজাতিগর্বের সঞ্চার করে এবং আসন্ধ বিপদকে শাসনে রাধিবার যে-একটি স্থতীত্র আনন্দ আছে তাহাও ইংরেজপ্রকৃতির নিকট প্রম উপাদেয়রূপে প্রতীয়মান হয়।

এদিকে ইংলণ্ডে অ্যাংলো-ইভিয়ানের দলও দিনে দিনে বাড়িয়া উঠিতেছে।
আ্যাংলো-ইভিয়ানের সাহিত্যও বিস্তারলাভ করিতেছে। ইংলণ্ডের ভূমিতে আ্যাংলোইণ্ডিয়ানের মত ক্রমল বন্ধমূল হইয়া লাখাপল্লবিত হইতেছে। এই স্থলে ক্যানাম্বরোধে এ-কথাও বলিয়া রাখা উচিত, আনেক আ্যাংলো-ইপ্তিয়ান ভারতকার্য হইতে
অবসর লইয়া স্বদেশে ফিরিয়া নিঃসহায় ভারতবাসীদের প্রতি পরম হিতৈবিভাচরণ করিতেছেন।

এই সকল কারণে বদেশস্থ ইংরেজের মধ্যেও একদল সন্দেহ করিতেছেন বে, জাঁছারা নিজেজের সম্বন্ধ যে-সকল কর্তব্য পালন করিয়া চলেন তাহার অধিকাংশই প্রাচাদেশীয় ভিন্নজাতীর জীবসকলের প্রতি প্রয়োগ করিতে গেলে কুইস্কটোচিত বাতৃলতার পরিচর দেওয়া হর কিনা, তাহাতে বাঁপবাসী সভ্যজাতির বোধশক্তির সংকীর্ণতা এবং অনভিন্ধতা প্রকাশ পায় কিনা এবং সম্ভবত তাহাতে ভিন্নজাতীর জীবের অনিষ্ট হর কিনা। হার্বার্ট স্পেন্দর প্রভৃতি ইংরেজ দার্শনিকের মত এই বে, সভ্যতার তারতম্য অহসারে নৈতিক আদর্শের তারতম্য কেবল যে অবশ্বস্থাবী তাহা নহে, অভিব্যক্তির নির্মে তাহা আবশ্বক।

এই সকল মতের সত্যাসত্য অন্ত সমন্ন বিচার হইবে আপাতত এইটুকু বলিতে পারি ইহার ফল আমাদের পক্ষে বড়ো পীড়াজনক। বেহার প্রদেশে গাছে ছাপ হইতে বিলোহের আশহা করিয়া অনেক ইংরেজি কাগজে এমন কথা বলা ইইরাছে যে, প্রাচ্য ও প্রতীচ্য জাতির মধ্যে কোনোকালেই যথার্থ প্রেমের সন্মিলন সম্ভব নহে। উহাদিগকে কেবলমাত্র গান্তের জোরে ভর দেখাইয়া বশে রাখিতে হইবে। এ-সকল কথা প্রাপেক্ষা আজকাল যেন অধিকতর মুক্তকণ্ঠে বলা হইতেছে।

আমাদের বক্তব্য এই, যদি বা স্বীকার করা যায় যে স্বাধীনতাপ্রিয় মুরোপের কর্তব্যনীতি চিরপরাধীন প্রাচ্যদেশে সর্বপা উপযোগী নহে তথাপি ধখন আমাদের রাজা মুরোপীয় তখন প্রাচ্যদেশের স্বাভাবিক গতিকে অব্যাহত রাধিবার চেটা করা তাঁহাদের পক্ষে ত্রাশামাত্র। আমাদের দেশ যদি স্বাধীন হইত তবে এই প্রাচ্যদেশে স্বাভাবিক নিয়মে যে-রাজ্যতম্ম উদ্ভাবিত হইয়া উঠিত তাহা বর্তমান ইংরেজ-রাজ্যতম হইতে নিশ্চমই অনেক বিষয়ে ভিন্ন প্রকারের হইত। হয়তো একদিক হইতে দেখিতে গেলে রাজার মধেছে প্রতাপ এখনকার অপেক্ষা অধিক মনে হইত, তেমনি আবার অস্তাদিকে রাজার মধেছে প্রতাপ এখনকার অপেক্ষা অধিক মনে হইত, তেমনি আবার অস্তাদিকে রাজার প্রতাপ থব করিয়া প্রজাদের ইচ্ছাচালনার পথ ভিন্ন আকারে নানা উপায়ে প্রকাশ পাইত। স্বাভাবিক সামক্ষক্ত কেবল স্বাভাবিক নিয়মেই স্বাক্সস্পৃধ্যমেপ অভিবাক্ত হইয়া উঠে। ইংরেজ হাজার ইচ্ছা করিলেও কেবল পলিসির দ্বারা তাহা ঘটাইতে পারে না।

অতএব ইংরেজ আমাদের সহিত কেবল ইংরেজের মতোই ব্যবহার করিতে পারেন : যদি ইচ্ছাপূর্বক তাহা বিশ্বত করেন তবে সে কেবল তুর্ব্যবহার হইবে কোনোকালেই ভারতবর্ষীর ব্যবহারে পরিণত হইতে পারিবে না। তাঁহাদের নিজের আদর্শ তাঁহার। ভাঙিতে পারেন কিন্তু তাহার হলে গড়িবেন কী এবং গড়িবেন কী করিয়া ? মাঝে হইতে চিরাভ্যন্ত স্বদেশীর আদর্শচ্যুত ইংরেজ আমাদের পক্ষে বড়ো একটি ভরংকর প্রাণী হইয়া দীড়াইবার সম্ভাবনা। রাডইয়ার্ড কিপলিং প্রভৃতি লেখকের লেখার মধ্যে বে একটি বল-দর্শমিলিত নিষ্ঠ্রতার আভাস অঞ্ভব করা যায় তাহা ইইতে মনে হয় মানব মধ্যে মধ্যে সভ্যতার শততন্ত্রনিমিত সৃষ্ণ অদৃঢ় জাল ছিন্ন করিয়া ফেলিয়া আদিম আরণ্য প্রকৃতির বর্বরতার মধ্যে ঝাঁপ দিয়া পড়িতে ইচ্ছা করে। আংলো-ইণ্ডিয়ানগণ ভারতবর্ষে আসিয়া যে এক স্থতীর ক্ষমতা-মদিরার আস্বাদন পায় তাহাতে এই প্রচণ্ড মন্ততার স্বষ্টি করিতে পারে। এই প্রেমহীন কঠিন ক্ষমতাদন্ত প্রতিভাসম্পন্ন পুরুষের লেখনীতে অকৃত্রিম অসংকোচ পোক্রয-আকারে একপ্রকার ভীষণ রমণীয়তা ধারণ করে তাহা ইংরেজের পক্ষে সাহিত্য কিন্তু আমাদের পক্ষে মৃত্যুর নিদান।

দিশের নিকট ষতটা রহস্তময় বলিয়া বর্ণনা করেন তাহার আনেকটা কার্মনিক।
আমাদের পরস্পরের মধ্যে সহস্র যোগ আছে। অস্তরের সাদৃশ্য অনেক সময় বাহ্য
বৈসদৃশ্যে আচ্চয় হইয়া থাকে মাত্র। আধুনিক লেগকগণ সেই বাহ্য বৈসদৃশাগুলির
ন্তনত্বকে পাঠকদের মনোরপ্রনার্থে রঞ্জিত অতিরঞ্জিত করিয়া তুলিতে থাকেন এবং
স্থগভীর সাদৃশাগুলি উদ্ধার করিবার চেষ্টাও পান না ক্ষমতাও রাগেন না।

আমার এত কণা বলিবার তাংপথ এই যে, কেবল ভারতবর্ষে নহে ইংলণ্ডেও ক্রমে এই ধারণা বিস্তৃত হইতেছে যে, মুরোপের নীতি কেবল মুরোপের জন্তা। ভারতবর্ষীয়েরা এতই স্বতন্ত্র জাতি যে, সভানীতি তাহাদের পক্ষে সম্পূর্ণ উপথোগী নহে।

এরপ অবস্থায় আমাদের স্থায়াস্থায়বোধ প্রবল হইয়া উঠিলে ইংরেজের রাজনীতি বিপথগামী হইতে পারিবে না। ইংরেজ যখন জানিবে সমগু ভারতবর্ধ তাহার কাজের বিচার করিতেছে তথন ভারতবর্ধকে সে সম্পূর্ণ উপেক্ষা করিয়া কাজ করিতে পারিবে না।

সম্প্রতি তাহার লক্ষ্ণ কিছু কিছু দেখা যাইতেছে। ইংরেঞ্চের কোনো অস্থায় দেশিলে ভারতবর্ষ আপন তুর্বলকণ্ঠে সভ্যতা ও নীতির দোহাই পাড়িতে থাকে। সেঙ্গন্থ ইংরেজ রাগ করে বটে কিন্তু তাহাকে কিঞ্চিং সতর্ক থাকিতেও হয়।

তথাপি এখনও সম্পূর্ণ ফল ফলে নাই। আমাদের সহদ্ধে সকল সময়ে সকল অবস্থায় নীতি মানিয়া চলাকে ইংরেজ তুর্বলতা স্বীকার বলিয়া দেশে। আমাদের প্রতি অপরাধ করিয়া তাঁহাদের কেহ লায়বিচারে দওনীয় হয় ইহা তাঁহারা লক্ষাজ্পনক ও ক্ষতিজ্ঞনক বলিয়া জ্ঞান করেন। তাঁহারা মনে করেন ভারতবর্ষীরের নিকট ইহাতে ইংরেজের জোর কমিয়া যায়।

রাজপুরুষদিগের মনের ভাব ঠিক করিয়া নির্ণয় করা আমাদের পক্ষে অসাধা, কিন্তু বোধ করি রাজীচি সাহেবের অসময়ে পদোর্রতি উপরি-উক্ত পলিসিবশত। বিশেষত যখন দেখা যায় এমন ঘটনা বারংবার বাটরাছে, তখন সন্দেহ আরও দৃঢ় হয়। গ্রহেন্ট বেন নীরবে বলিতেছেন যে, তোমাদিগের কাহাকেও অক্যায় উৎশীড়ন ও অপ্যান করিয়া

কোনো কর্তৃপুক্ষরের লাস্থনা হইতে পারে ইহা মনে করাই তোমাদের পক্ষে স্পর্ধা, সেই স্পর্ধায় পদাঘাত করিবার জন্ম যদি বা প্রথা উল্লেখন যদি বা রাজশাসনের অনাদর করিতে হয় তবে তাহাও শ্রেষ। ইংরেজ ক্যায়পরতার অপেক্ষাও শ্রেষ্ঠ, ধর্মবিচারেরও

সত্যের অন্ধরোধে স্বীকার করিতে হইবে যে, সম্প্রতি দুই-একটি ঘটনার দেখা গিরাছে, গবর্মেন্ট কেবল ইংরেজ নহে নিজের কর্মচারীমাত্রকেই স্তারবিচারের কিঞ্চিং উর্মে তুলিরা রাধিতে চাহেন। বালাধন হত্যাকাণ্ডের মকদমার ইংরেজ জব্দ হইতে বাঙালি পুলিস কর্মচারী পর্যন্ত যে কেহ লিগু ছিল, হাইকোর্টের বিচারে যাহারা প্রত্যেকে প্রকাশ্রে নিন্দিত হইরাছে তাহারা সকলেই বাংলা গবর্মেন্ট কর্তৃক পুরস্কৃত এবং উংসাহিত হইরাছে।

আমরা বাহিরের লোক, রাজনীতির ভিতরকার কথা কিছুই জ্বানি না। হয়তো ইহার মধ্যে কোনো গোপন কারণ থাকিতে পারে। হয়তো কর্তার এমন ধারণা হইতে পারে যে, বালাধনের মকদ্মায় স্থানীর জ্ঞানের বিচার অক্সার হয় নাই; যেমন করিয়া হউক গোটা পাঁচ-সাত লোকের ফাঁসি যাওয়া উচিত ছিল। তাঁহাদের এমন সংস্থার হইতে পারে যে, আদালতে টিকিবার যোগা প্রমাণ না থাকিলেও ঘটনাটা প্রকৃতপক্ষে সতা এবং সে-সতা স্থানীর বিচারকই কেবল নির্ণর করিতে পারে, হাইকোর্টের জ্ঞান্ধের পক্ষে অসাধ্য।

আমাদের বক্তব্য এই যে, দেশের সর্বোচ্চ বিচারালয়ে প্রকাশ্তে যাহাদের ব্যবহার নিশ্দিত হইয়াছে, সাধারণের নিকটে যাহারা অক্তায়কারী বলিয়া প্রমাণিত হইয়াছে, শান্তি দেওয়া দ্রে থাক তাহাদিগকে প্রকাশে প্রস্কৃত করিলে জনসাধারণের ক্তায়াক্তায়-জ্ঞানের প্রতি একান্ত অবজ্ঞা প্রকাশ করা হয়। সকলকে বলা হয়, তোমাদের কাছে কর্তব্য-অকর্তব্য সম্বন্ধে কোনোরূপ কৈফিয়ত দিবার কোনো আবক্তক দেখি না—তোমরা ভালোই বল মন্দই বল তাহাতে গবর্ষেন্টের কোনো মাধাব্যথা নাই। আমাদের ভারি স্ট্রং গবর্ষেন্ট।

ষে গবর্নর প্রজার মর্মবেদনার উপর প্রজার ন্যায়ান্তায়বোধের উপর জ্তার গোড়ালি ফেলিয়া ফেলিয়া চলেন এবং সেই মচমচ শব্দে চ্বল কঠের আর্তবর নিময় করিয়া দেন তিনি অ্যাংলো-ইগ্রিয়ায় স্ট্রং গবর্নর।

কিন্তু তাছাতে তাঁছাদের বলপ্রকাশ পায়, না, আমাদের যংপরোনান্তি তুর্বলতার স্থচনা করে তাহা কাহাকেও বলিয়া দেওয়া আবশ্যক করে না। গবর্মেন্টের এরপ উদ্ধত অবজ্ঞায় ইহাই প্রকাশ পার যে, তাঁহাদের মতে ভারতবর্ষীয় জনসাধারণের স্থায়াস্থায়বোধ এমন প্রবল নছে বে, তাছার নিকট সংকোচ অফুভব করা যায়। বরঞ্চ এই চিরনিপীড়িত জাতির নিকট নিঃসংকোচ স্বেচ্ছাচারই যথার্থ বলের ক্যায় প্রতিভাত হয়।

আমরা যদি রাজপুরুষগণকে এমন কথা বৃশ্বাইতে পারি যে, ফ্রায়পথ লজ্জন করিলে সেটাকে আমরা বাহাত্ত্বি জ্ঞান করি না, অফ্রায় যতই বলিষ্ঠ দেখিতে হউক আমাদের' প্রাচ্য স্বভাবেও তাহা ঘুণা এবং নিন্দনীয় বলিয়া অমুভূত হয়, এবং সুদৃচ নিরপেক্ষভাবে সর্বত্র সর্বলোকের প্রতি যথোচিত ফ্রায়দণ্ড বিধান করিবার সাহস না থাকা আমাদের নিকট তৃর্বলতা বলিয়াই প্রতিভাত হইয়া থাকে তবে আমাদের সেই কর্তব্যজ্ঞানের আদর্শকে ইংরেজ সম্মান না করিয়া থাকিতে পারিবেন না, কারণ সে-আদর্শের সহিত তাহাদের নিজেদের আদর্শক প্রকা দেখিতে পাইবেন।

যথন আমরা বহুকালব্যাপী পরাধীনতার বিষময় শিক্ষা ভূলিতে পারিব, যথন প্রবলের অন্যায়াচরণকে বিধির বিধানের স্বরূপ নীরবে অবশ্যসহা বলিয়া স্থির করিব না, যথন অন্যায়ের প্রতিবিধানচেষ্টা নিক্ষল হইলেও তাহাকে কর্তব্য বলিয়া জানিব এবং সেজস্ত ত্যাগ স্বীকার ও কন্ট সহা করিতে পরামুখ হইব না, তখন আমাদের যথার্থ আনন্দের দিন উপস্থিত হইবে। তখন ব্রিটিশ গ্রমেন্টের ন্যায়পরতা কদাচ স্বার্থ পলিদি এবং ব্যক্তিবিশেষের খেয়ালের দা। বিচলিত হইবে না, অটল পর্বতের ন্যায় প্রজা-হাদয়ের দৃচ্ভিত্তির উপরে প্রতিষ্ঠিত হইবে। তখন ইংরেজের সদ্ব্যবহার শুভদৈবক্রমে ক্ষণিক অম্প্রহের ন্যায় আমাদের নত মস্তকের উপর নিক্ষিপ্ত হইবে না, সম্মানের স্থায় আমাদের নিক্ট আহরিত হইবে,—আজ যাহা ভিক্ষাস্বরূপে প্রাপ্ত ইইতেছি তখন তাহা অধিকারের ন্যায় গ্রহণ করিব।

প্রশ্ন উঠিতে পারে, উপদেশ সহজ, কিন্তু উপায়টা কী ? তাহার উস্তরে বলিতে হয়, কোনো ষথার্থ মঙ্গল কলকোশলের ধারা পাওয়া যায় না, তাহার যা মূল্য তাহা সমস্তটাই দিতে হইবে। প্রত্যেককে প্রাণপন করিতে হইবে, ঘরে ঘরে ভ্রাতা এবং সন্তানদিগকে শিক্ষা দিতে হইবে, পরিবার এবং সমাজের মধ্যে ক্যায়াচরণের অটল আদর্শ স্থাপন করিতে হইবে, নিজের ব্যবহারের প্রতি সতর্ক দৃষ্টি রাবিতে হইবে। সমস্ত ভালো কথার স্থায় এ-কথাটাও শুনিতে সহজ, করিতে কঠিন এবং অত্যন্ত পুরাতন। কিন্তু এই পুরাতন স্থায় পথ ছাড়া স্থায়ী কল্যাণের আর কোনো নৃতন সংক্ষিপ্ত গৃঢ় পথ আবিষ্কৃত হয় নাই।

#### প্রসঙ্গ-কথা

٥

কলিকাতায় প্রেগ-রেগুলেশন যে উগ্রমৃতিধারণ করিয়া উঠে নাই, সেজন্ত আমাদের নব বন্ধাধিপের প্রতি বন্ধদেশের ক্ষতঞ্জতা উচ্চুসিত হইয়া উঠিয়াছে।

যমদ্তের উৎপীড়নের সহিত রাজ্বদূতের বিভীষিকার যোগ হইলে প্রজাগণ একেবারে হতাশ হইয়া পড়িত। কিন্ধ সেইটে নিবারণ হইয়াছে বলিয়াই যে একমাত্র আনন্দ তাহা নহে; ইহা অপেক্ষা শুক্তর স্থাধ্যর কণা আছে।

ইতিপূর্বে আমরা লক্ষ্য করিয়া দেশিয়াছি, প্রজারা যথন কোনো একটা বিষয়ে একটু বেশি জিদ করিয়া বসে তথন গবর্মেন্ট তাহাদের অন্তরোধ পালন করিতে বিশেষ কৃতিত ইইয়া থাকেন, পাছে প্রজা প্রভার পায়।

সেইজন্ম আমাদের শিক্ষিত লোকের। যে-সমন্ত কোলাহলকে পোলিটিকাল আাজিটেশন নাম দিয়া থাকেন তাহাকে উদ্দেশ্যসিদ্ধির পক্ষে আমরা সত্পায় বলিয়া মনে করি না। কারণ, গবর্মেন্ট এবং ভারতবর্ষীয় ইংরেজগণ যথন এই সকল আাজিটেশনওআলাকে আপনাদের বিরুদ্ধেল বলিয়া গণ্য করিয়া লইয়াছেন, তথন তাঁহাদের সংগত প্রস্তাবেও কর্ণপাত করিতে কর্তৃপক্ষের দিধা হয়, মনে হয়, এ-কথা পাছে সাধারণে মনে করে যে, আমরা দারে পড়িয়া হার মানিয়া ইচ্ছার বিরুদ্ধে কয়েকজন উদ্ধত লোকের বাক্শক্তিধারা চালিত হইলাম, পাছে কেই ভূলিয়া যায় যে, ভারতবর্ষে আমাদের ইচ্ছাই শেষ ইচ্ছা।

আ্যাজিটেশনকারিগণও ভিতরে ভিতরে তাহার আভাস পাইয়ছেন তাঁহাদের বাবহারে এরপ অহ্মান করা যায়। কারণ, এবারে যে নিদারুণ আইনের ঘারা নাটূ-হরণ ব্যাপার ঘটিল সে-সম্বন্ধ আমাদের দেশের বাগ্মী-সভাসমূহ অভূতপূর্ব বিজ্ঞতাসহকারে স্থানীর্ঘকাল নিশুক ছিলেন। আমরা গোল করিতে বসিলেই পাছে গবর্মেন্টের মন আরও বিগড়িরা যায় হয়তো এ-আশ্বন্ধ তাঁহাদের ছিল।

যাহাই হউক বর্তমান ব্যাপারে আমাদের বিশেষ আনন্দের বিষয় এই যে, গবর্ষেন্ট প্রজাদের মন রক্ষা করিতে লজ্ঞা বা সংকোচ বোধ করেন নাই। গবর্ষেন্ট এবং এ-দেশী ইংরেজসম্প্রদার বলিতেছেন যে, প্রজারা যখন পুব-দেশী, এবং পরিবারমণ্ডলীর প্রতি হতকেপ করার বিরুদ্ধে উহাদের যখন এতই দূচসংস্থার তখন সেটা বিবেচনা করিয়া এবং যথাসম্ভব বাঁচাইয়া কাল করাই রাজার কর্তব্য। আমাদের বিশ্বয় এবং ক্বতক্ততার কারণ এই যে, প্রেগদমন একমাত্র ভারতবর্বের হিতের জন্ম নহে। তাহাতে ইংরেজের ভয় আছে, বাণিজ্যের ক্ষতি আছে। এরপ স্থলে প্রজাদের পূব-দেশী সংস্কার বিবেচ্য বিষয়ের মধ্যে গণা হওয়ায় প্রাচীলন্দ্রীর সকরুণ নেত্রমূগল আনন্দাশুজ্ঞলে অভিষিক্ত হইয়৷ উঠিয়াছে।

এমন অকক্ষাং সোভাগ্য আমরা আশাও করি নাই। কারণ, যে তুর্ভিক্ষ-ভৃকক্ষণমহামারীর প্রলম্নপীড়নে অন্য কোনো দেশ আসন্ন মৃত্যুর ভীষণ নৈরাক্ষে উদাম হইয়া
উঠিত, ভারতবর্ষ তাহা অবিচলিত ধৈর্যসহকারে সহ্ করিয়াও কর্তৃপক্ষের কর্মণা আকর্ষণ
করিতে পারে নাই: দেশের এই পরম তুঃসময়ে গবর্মেন্ট উপর্যুপরি তাঁহার কঠোরতম
বিধি ও শাসনের দ্বারা ভারতবর্ষীয় সহিষ্কৃতার অগ্নিপরীক্ষা সঞ্জন করিয়া
তুলিয়াছিলেন।

এইরপ তুর্যোগই বিদেশী রাজার পক্ষে প্রজাদের হৃদয়জরের তুর্লভ অবকাশ। এই সময়েই রাজা প্রমাণ করিতে পারেন যে, আমরা পর হইয়াও পর নহি। এই সময়েই তাঁহাদের পক্ষে ক্ষমা ধৈর্য ও সমবেদনা কৌজ কেলা ও গুলিগোলার অপেকা রাজশক্তির যথার্থ পরিচয়স্থল।

পরস্ক এই সময়ে পতিতের উপর পদপ্রহার, ব্যথিতের উপর ক্ষবরদন্তি ভয়ের নিষ্ঠ্রতামাত্র। ইহাতে রাজার রাজশক্তি নহে বিদেশীর তুর্বলতা প্রকাশ পায়। এবার প্যানিটিভ প্লিস, নাটু-নিগ্রহ, সিভিশন বিলের দ্বারা গ্রহ্মেণ্ট উচ্চৈংশ্বরে ঘোষণা করিয়াছেন যে, আমরা স্কল্পংখ্যক বিদেশী, আমরা ক্ষমা করিতে সাহস করি না।

মারী গ্রন্থ পুনা যথন গোরাসৈন্তের আতকে মৃত্র্ই কাতরোক্তি প্রকাশ করিতে লাগিল তখন কর্তৃপক্ষ সেই আর্তনাদকে প্রজার স্পর্ধা বলিয়া গণ্য করিলেন। তখন তাঁহারা প্রবলন্ধনোচিত উদার্থ অবলম্বন করিলেন না, সকক্ষণিচিত্তে এটুকু বিবেচনা করিলেন না যে, তুর্ভাগাগণের অন্তিমশয়া হইতে অন্তত একটা অসংগত বিভীষিকা দূর করিলেও বিশেষ ক্ষতি নাই। স্বীকার করিলাম গোরাসৈত্তগণ শিষ্ট শান্ত সংযত, এবং দেশীর লোকদের প্রতি মেহলীল। কিন্তু দেশের মৃঢ় লোকের যদি এমন একটা স্থাচ আন্ধান্তর সংস্কার জন্মিয়াই থাকে যে, গোরাসৈত্ত তুর্দান্ত উদ্ধান্ত এবং প্রকা অভাবে দেশীর লোকের প্রতি অবিবেকী তবে সেই চরম সংকটের সময় বিপন্ন ব্যক্তিদের একটা অন্তনন্ধ রক্ষা করিলে তুর্বলতা নহে মহন্ত প্রকাশ পাইত।

দেখিলাম গবর্মেন্টের উন্তরোত্তর রাগ ও জেদ বাড়িয়া যাইতে লাগিল। বেখানে যত বেদনা শাসনকর্তা সেখানে তত আঘাত করিতে ক্রতসংক্ষম হইলেন। ভারতবর্বের আছস্তমধ্যে অশান্তির আক্ষেপ কোণাও প্রকাশ্রে ফুটিবার উপক্রম ক্রিল কোণাও গোপনে গুমরিরা উঠিল। এ-দেশের সর্বসাধারণের মধ্যে এরপে ক্ষ্ক অবস্থা আর কখনো দেখা যায় নাই।

ইতিমধ্যে কলিকাতার প্লেগ দেখা দিল। ভাবিলাম শংকরের অপেক্ষা তাঁহার ভূতপ্রেতগুলার ভয় বেশি—এবং ভারতগ্রমেন্টের যেরপ মেজাজ তাহাতে প্লেগ অপেক্ষা প্লেগ-রেগুলেশন বেশি রুদ্রমূতি ধারণ করিয়া উঠিবে। সতর্ক থাকিলে প্লেগের হস্ত অনেকে এড়াইবে কিন্তু রেগুলেশনের হস্তে কাহারও রক্ষা নাই।

এমন সময় বুডবর্ন সাহেব মাজৈঃধননি ঘোষণা করিলেন। বুঝিলাম বাংলাদেশে রাজার অভাদয় হইরাছে, এপানে রেগুলেশন নামক এঞ্জিনের শাসন নহে, রাজার রাজা। ইহাতেই রাজভক্তি জাগিয়া উঠে। রাজার ইচ্ছা আমার ইচ্ছার সহিত একভাবে মিলিতে পারে ইহা জানিতে পারিলে রাজাকেও মন্ত্র্যু বলিয়া প্রীতি করি এবং আপনার প্রতিও মন্ত্র্যু বলিয়া প্রদান জন্মে।

এ-কথা কেহই অশ্বীকার করিতে পারিবেন না যে, আজকাল কিপলিং প্রভৃতি বিশাত লেশকগণের উপস্থানে ভারতবর্ষ ও তাহার অধিবাসিবর্গ যেরূপ বর্নে চিত্রিত ইইতেছে এবং ভারতবর্ষীয় ইংরেজদের মধ্যে এদেশীয়দের বিরুদ্ধে ক্রমশই যে একটা সাম্প্রদায়িক সংস্কার বন্ধমূল হইয়া যাইতেছে এবং যাহার অবশ্রম্ভাবী প্রতিঘাতস্বরূপে উত্তরোম্ভর ভারতবাসীর মনে ইংরেজ ও সর্বপ্রকার ইংরেজ প্রভাবের প্রতিকৃলে যে একটা পরায়ুগভাব বৃদ্ধি পাইতেছে অয়ে অয়ে তাহার প্রতিকার সাধন করিতে পারেন পশ্চিমের ম্যাকভোনেল এবং আশা করি আমাদের বৃত্তবর্ন সাহেবের স্থায় ক্ষমা-বিধ্বপরায়ণ সহাদয় শাসনকর্তৃগণ। কঠিন আইন ও জ্বরদন্তিতে সম্পূর্ণ উল্গটা ফল ফ্লিবে। ইহা আমরা জ্যের করিয়া বলিতে পারি।

এখন এমন একটা অবস্থা দাড়াইয়াছে যে, ইংরেজ এবং দেশী উভয়েই পরস্পর পরস্পরকে ভূল বৃথিবার, অক্সায় বিচার করিবার জক্ত প্রস্তুত হইয়া আছে।

কিন্তু ক্ষমতা যাহার হস্তে, বিচারের শেষ কল সেই দিতে পারে। আমাদের মন বিগড়াইয়া গেলে আমরা কাগজে তৃ-চার কথা বলিতে পারি, কিন্তু কর্তৃপক্ষের মন বিগড়াইয়া গেলে তাঁহারা আমাদের কাগজের গলা চাপিয়া ধরিতে পারেন। আমরা ক্র হইলে তাহা রাজবিজাহ কিন্তু রাজার। ক্রথিয়া থাকিলে তাহা কি প্রজাবিজাহ নহে ? উভরেরই কল কি রাজ্যের পক্ষে সমান অমকলজনক নহে ?

কিন্ত ছুইদিক বিচার করা কাজটা কঠিন, বিশেষত ছুইদিকের মধ্যে একদিক যথন নিজের দিক। তথাপি নীতিভব্ববিংমাত্রেই বলিয়া খাকেন পরের অপেক্ষা নিজেকে কঠিন বিচারাধীনে আনিলে নিজের পক্ষেই মঙ্গল। ঈসপের কথামালায় আছে কানা হরিণ পরপারের দিকে দৃষ্টি রাখিয়া ঘাস খাইত—তাহার নিজপারের দিক হইতেই ব্যাধের শর তাহাকে বিদ্ধ করিয়াছিল। নিজের দিকে সকলে কানা এই জন্ম সর্বাপেক্ষা গুরুতর অকল্যাণ সেইদিকেই প্রবল হইয়া উঠে।

আমাদেরও সেই দশা, ইংরেজেরও তাই। যাহা সর্বাগ্রে আমাদের নিজের কর্তব্যুঁ তাহার প্রতি আমরা উদাসীন এবং গবর্মেন্টের কর্তব্যের প্রতি আমাদের শত চক্ষু এবং সহস্র জিহবা। ইংরেজেরও প্রজার সামান্তমাত্র চাঞ্চল্যের প্রতি রুদ্রেরপ, কিন্তু নিজে যে প্রতিদিন স্তন্ধত্য ও অবমাননার দারা প্রজাসাধারণকে নানা আকারে ক্ষ্ম করিয়া তুলিতেছেন তাহার বিষময়তার প্রতি কর্তৃপক্ষের শৈধিল্য থাকাতে তাহা প্রশ্রম পাইয়া বিরাটমৃতি ধারণ করিতেছে।

অনিচ্ছাসবেও আমরা একটা উদাহরণ দিতেছি। অনিচ্ছার কারণ এই, বারংবার নিজেদের এই সকল হীনতার দৃষ্টান্ত আলোচনা করিতে সংকোচ বোধ হয়। মাঝে মাঝে প্রায়ই শুনা যায় গোরা সৈত্ত শিকার উপলক্ষ্যে এ-দেশী গ্রামবাসীর হত্যার কারণ হইয়া পড়ে। মান্ত্রাজে ঘণ্টাকুলের হত্যাব্যাপারে দেশীয় দ্বাররক্ষীর মহ্ববিবরণ এমন জড়িত রহিয়াছে যে, তাহা বিশ্বত হওয়া ভারতবাসীর পক্ষে স্কুক্তিন।

দেশীয় লোককে হত্যা করিয়া এ-পর্যন্ত বাংলাদেশে কেবল বহুকাল পূর্বে একজন ইংরেজের ফাঁসি হইয়াছিল। অভিযুক্তগণ গালাস পাইয়াছে, অবস্তা, সেটা প্রমাণ এবং ইংরেজ জল্প ও জুরির বিচার ও বিশ্বাসের কপা। কিন্তু এরূপ তুর্ঘটনা বারংবার না ঘটিতে পারে গবর্মেন্ট ভজ্জন্ত কোনো বিশেষ বিধান করিয়াছেন বলিয়া বোধ হয় না। অপচ ইহাতে করিয়া কোনো পোলিটিকাল কুফল সঞ্চিত হইতেছে না এমন কে বলিতে পারে?

সম্প্রতি ব্যারাকপুরে একজন সন্ধান্ত বাঙালি ভদ্রশোক তিনজন গোরা সৈক্ষের দ্বারা ব্যরপ নিষ্ঠ্রভাবে হত হইয়াছেন তাহা পাঠকগণ জানেন। অবশ্য ইহার বিচার হইবে, এবং দোষিগণ দণ্ড পাইবে এমনও আশা করা যাক। কিন্তু ইতিমধ্যে ইংরেজচালিত কোনো ধবরের কাগজে এই নিদারল ঘটনা উপলক্ষ্যে কিছুমাত্র বিরক্তি থেদ অধ্বারোষ প্রকাশ হইয়াছে? প্রমাণের ক্রটি অবলম্বন করিয়া আদালতের হত্ত হইতে দোবা নিছতি পাইতে পারে কিন্তু ইংরেজসাধারণের ক্ষ্ম শ্রায়াহ্রাগ যদি এই পাপকার্থকে লেশমাত্র লান্ধিত না করে তবে তাহা হইতে কী প্রমাণ হয়?

অথচ, হাওড়ায় কোনো একটি যুরোপীয় হত্যা লইয়া সেই সকল ইংরেজি কাগজের ইংরেজ পত্রপ্রেরকর্গণ কিরূপ উত্তেজনা ও আক্রোশ প্রকাশ করিতেছেন ?

হাওড়ার এই হত্যাকাও অত্যন্ত নিষ্ঠুর ও শোচনীয় সন্দেহ নাই এবং তাহার বিচার

কঠিন ও দণ্ড ক্ষকঠোর হইবে না এমন আশ্বাও কৈছ বনে শ্বান দিতে পারে না।
কিব্ব উভর হত্যার মধ্যে অনেক প্রভেদ আছে। অনসাধারণ ববন অমৃদক অথবা
সমৃদক আশ্বার এত হইরা উঠে তবন তাহারা বেরূপ ভীবনমূর্তি ধারণ করে তাহা অল্প
প্রশার ত্বলার এ-দেশে কিছুই নহে। সেইরূপ উত্তেজিত অবস্থার বে তুই-একটা
অল্পার হত্যা সংঘটিত হইবে তাহাতে বিচিত্র কী আছে? কিন্তু ব্যারাকপুরে বিনাকারণে যে হত্যা ঘটিরাছে তাহার মূলে বহকালের স্পর্ধা ও প্রশ্রের আছে,—রেগঘটিত
উত্তেজনা কচিং-সম্ভাব্য কিন্তু শেবোক্ত কারণজনিত ত্র্বটনা ধারাবাহিক। তাহার
বিষ্ণীজ সংক্রামক এবং স্থারী।

একটি গোরা পুনা-রাহ্মপথে বায়্-বন্দুক ছুঁড়িয়া আমোদ করিতেছিল তাহার বিবরণ কাগকে প্রকাশিত হইরাছে। তিনক্ষনের গারে গুলি লাগে। আঘাত অতি সামান্ত, এবং সে-হিসাবে অপরাধ গুরুতর নহে। কিন্তু এই খেলার মধ্যে যে একটা নিচুর অবক্ষা অবহেলা আছে তাহা ভারতবাসীর পক্ষে বিপক্ষনক এবং কর্তৃপুরুবের পক্ষেও চিন্তার কারণ হওয়া উচিত ছিল। অপরাধী স্বীকার করিয়াছে যে, "He fired at a coffee shop sweeper for a lark" অর্থাং সে কেবলমাত্র মন্দা করিয়া একজন ক্ষি-দোকানের ঝাডুদারকে গুলি করিয়াছিল। এই গুলি ঝাডুদারের গাত্রে অধিকদ্ব প্রবেশ করে নাই কিন্ধ এইরূপ মন্ধা ভারতবর্ষের মর্মের মধ্যে গভীরন্ধপে নিহিত হইয়া পাকে।

এ-কণা অস্বীকার করিতে পারি না বে, যে-জাতি অতিমাত্রার নিরীহ তাহাকে পদে পদে আঘাত ও অপমান হইতে রক্ষা করিতে কোনো গবর্মেন্টই কৃতকার্য হইতে পারে না। এই সকল কৃত্র বিপদ হইতে নিজের পৌক্ষই নিজেকে উদ্ধার করে। ইহার জন্ম কাহারও কাছে কাঁদিরা গিয়া পড়ার মতো লক্ষা আর নাই।

সেই ব্দপ্ত ছোটোখাটো উপত্রব এবং অপমানের কথার নিব্রেদেরই প্রতি ধিক্কার করে। সেতারার ব্লমাস্টারের কৃষ্টিত সেলাম সাহেবের পক্ষে বংগাপযুক্ত না হওয়ার যে একটা লাম্বনা ও নালিশের স্কৃষ্টি করিয়াছে তাহা আমরা লক্ষাক্ষনক জ্ঞান করি। প্রত্যক্ষ অপমান যে-দেশে সুমন্দ গতিতে সুদ্র নালিশে গিরা গড়ার সে-দেশের অপমানেরও শেব নাই।

কিছ বাহারা সুদীর্ঘকাল শাস্তভাবে সন্থ করে, তাহারাই বে অকলাং একদিন তাহাদের চিরসন্ধিত নীরব নালিল অন্ধর্মালার সহিত উদ্পীর্ণ করিতে পারে এ-কথা সকলেই ভূলিরা বার—এমন কি, তাহারা নিজেরাও পূর্বে হইতে বলিতে পারে না। এইজম্ম যখন তাহারা হঠাং সামান্ত উপলক্ষ্যে ক্ষিপ্ত হইরা উঠে তখন তাহাদের নির্থক

আচরণ অত্যন্ত অসংগত বলিয়া বোধ হয়। লোকে ভূলিয়া যায় বহুকালের ক্তু ক্তু বেদনা, অবিচার, অবিশাস, অপমান হঠাং একটা তৃচ্ছ মন্ত্রবলে বিরাট আকার ধারণ করিয়া উঠে। মনে হয় সে যেন একটা আকশ্বিক অতিপ্রাক্তত দৈবস্থাই, কেছ যেন পূর্বে হইতে তাহার জন্ম অপেকা করিতে পারে না। কিন্তু তাহা আকশ্বিক নত্তে, অতি দীর্ঘকাল ধরিয়া অতিশয় মন্দর্গতিতেই প্রাক্তত নিয়মের রাজপথ দিয়া সে চলিয়া আসে, তাহার মৌন দীনভাব দেখিয়া কেহু তাহাকে লক্ষ্য করে না।

পূর্বদেশীরদের এই নীরব সহিষ্ণৃতা বাহাতে পশ্চিমদেশীরদিগকে অগক্ষ্যে অসতর্কতা ও ঔদ্ধত্যে লইয়া যায়, ইহাই প্রাচ্য প্রজা ও পাশ্চাত্য রাজা উভরেরই পক্ষে বিপদের মৃল। ইহা হইতেই গোরা সৈঞ্চদের মঞ্জার খেলা ও কাল। আদমিদের অকন্মাং উন্মন্ততার সৃষ্টি হয়।

যাহা হউক, এইরূপ সংঘটন এবং সংঘর্ষে প্রজ্ঞাদের আন্তরিক সন্তাপ যে কিরূপ বাড়িয়া উঠিতেছে তাহা পরিমাণ করিবার উপায় নাই। যে-সকল ইংরেজ কথায় কথায় ঘুষা লাখি চড় এবং শুয়র নিগর সন্তাধণ প্ররোগ করিতে সর্বদা প্রস্তুত তাঁহারা প্রত্যহই ভারতবর্ষে কী প্রকার বিপৎপাতের ভিত্তি রচনা করিতেছেন তাহা তাঁহারা জ্ঞানেন না, এবং যে ইংরেজসমাজ এইরূপ রুঢ়তা ও অবজ্ঞাপরতার বিরুদ্ধে কোনো প্রকার নৈতিক বাধা প্রদান করেন না তাঁহারা যে-শাখায় বসিয়া আছেন সেই শাগা ছেদনে প্রবৃত্ত।

আমাদের প্রতি সাধারণ ইংরেজের এইপ্রকার ভাবই প্রশাবিশ্রোহের ভাব। তাঁহারা আচারে ব্যবহারে ভাষায় ভঙ্গিতে স্বদাই আমাদের মর্মস্থানকে ক্ষ করিভেছেন। এমন কি, তাঁহাদের মধ্যে এমন মৃঢ়চেতারও অভাব নাই যাহারা অসন্থ অবজ্ঞার আঘাতে প্রজা-হদরে অপমানক্ষত স্বদা জাগাইরা রাধাই রাজনৈতিক হিসাবে কর্তবা জ্ঞান করেন। তাঁহারা পপে চলিতে চাবৃক তুলিয়া 'সেলাম শিধাইতে শিধাইতে অগ্রসর হন।

ইহাকেই বলে প্রজাবিদ্রোহ। এবং নিয়ত এই বিলোহেই প্রজার হইরা প্রজা-পতির কালায়ি উন্তরোত্তর প্রশ্নলিত হইতে থাকে। ইংরেজ কি সেই চিরজাগ্রত প্রজাপালকের বিশ্বনিয়মের প্রতিও প্রভূত্বমদোদ্ধত ক্রকৃটি নিক্ষেপ করিবেন ? প্রজাদের সংবাদপত্র, সভাসমিতি, এবং বাগ্মিবর্গ আছে, রুত্রমূতি রাজা মুহূর্তের মধ্যে ভাছাদের বাগ্রোধ করিয়া দিতে পারেন কিন্তু প্রজাপতির সন্তা নিংশন নীরব এবং ভাঁছার বিচার স্থাচির কিন্তু স্থানিশ্রত। পরজাতীরের প্রতি বিবেষ যে স্বাভাবিক এবং কিরংপরিমাণে তাহার সার্থকত। আছে এ-সম্বন্ধ সম্প্রতি ইংরেজি স্পেক্টেটর পত্রে একটি প্রবন্ধ বাহির হইরাছে।

একটা জাতি বাঁধিরা তুলিতে অনেক সমর বার। আজ বাহারা ইংরেজজাতি বলিরা থ্যাত তাহারা জুলিরস সীজারের আক্রমণকাল হইতে এডওঅর্ড দি কনকেসরের রাজ্যকাল পর্বন্ত হাজার বংসর ধরিয়া পরিপাক পাইরা তবে প্রস্তুত হইরাছে।

এই সমরের মধ্যে কেণ্ট রোমান আক্ষল ফুট ডেন ক্লাক্সন নর্মান প্রভৃতি বিচিত্র জিল্ল জাতি এক ঐতিহাসিক চুলির উপরে চড়ানো ছিল। তাহাদের মধ্যে প্রভেদ ও বিরোধ খুচিয়া যথন তাহারা বনভাবে এক হইরা উঠিল তথন তাহারা বিটিশ জাতিরূপে গণ্য হইল।

এত দীর্ঘকালনির্মিত জাতীয়তা পরের সংখাত হইতে আপনাকে সর্বতোভাবে রক্ষা করিবার জন্ত বভাবতই উন্নত হইয়া থাকে। ধর্মনীতি সমান্দ্রনীতি অর্থনীতি সমন্দ্রে তাহার সংস্কারসকল এমন একাস্ক বিশেবত্ব ও দৃঢ়তা লাভ করে যে, তাহার মধ্যে বহির্জাতির প্রবেশপথ থাকে না।

ভারতবর্ধের হিন্দুগণ বিশেষ একটি জাতি বলিয়া গণ্য হইতে পারে কিনা তাহা লইয়া কেহ কেহ শুরু উত্থাপন করেন। সে শুরু অসংগত নহে।

ৰাগতে হিন্দুক্ষাতি এক অপূর্ব দৃষ্টান্ত। ইহাকে বিশেষ স্থাতিরপে গণ্য করা যায় এবং বায়ও না। স্থাতীরত্বের সংকীর্ণতা ইহার মধ্যে আছে অবচ জাতীরত্বের বল ইহার মধ্যে নাই। ইহা এক অবচ অনেক, ইহা বিপূল অবচ ত্বল। ইহার বন্ধন ফেমন কঠিন তেমনি শিধিল, ইহার সীমা বেমন দৃঢ় তেমনি অনির্দিষ্ট।

মুরোপে জাতিগত উপাদানে রাজনৈতিক ঐক্যই সর্বপ্রধান। হিন্দুদের মধ্যে সেটা কোনোকালেই ছিল না বলিয়া যে ছিন্দুরা জাতিবন্ধ নহে সে-কণা ঠিক নহে।

বৈদিক সময় হইতে পৌরাণিক যুগ পর্যন্ত স্থানীর্যকাল ধরিরা শান্ত এবং সংস্থার, আচার এবং অফুশাসন হিন্দুদিগের অন্ত এক বিরাট বিস্তৃত আবাসভবন নির্মাণ করিরাছে। ভাহার সকল কক্ষণুলি সমান নহে ;— মাঝে মাঝে দেয়াল উঠিয়া ভাহার ভিন্ন ভিন্ন বিভাগের মধ্যে বাভারাভির পথ কৃষ্ক হইরাছে কিন্তু তথাপি এই বিপুলভার মধ্যে একটা বৃহৎ ঐক্য আছে।

এই অট্টালিকার মধ্যে বাহারা আশ্রন্ধ গ্রহণ করিরাছে তাহারা আদে। একবংশীর
নহে। দক্ষিণের ক্রাবিড়ী হইতে হিমালরের নেপালি পর্বস্থ নানা বিচিত্র জাতি বছকালে
ক্রমে ক্রমে ইহার মধ্যে সন্মিলিত হইরাছে।

বরক যে-সকল জাতি মিশ্রিত হইয়া ইংরেজ মহাজাতি রচিত হইরাছে তাহারা মূলত ভিন্নগোত্রীয় নহে। কিন্ত হিন্দুদের মধ্যে বিসদৃশ জাতিপরস্পরা বেমন একত্র মিশ্রিত হইরাছে জগতে এমন আর কুত্রালি ষটে নাই।

স্পেক্টের যে স্বাভাবিক পরজাতিবিধেবের কথা বলিয়াছেন আদিম আর্থদের মধ্যে তাহা প্রচুর পরিমাণেই ছিল। আদানপ্রদান আচারবিচার, এমন কি, জানবিজ্ঞান চর্চায় তাহারা আপনাদিগকে অনার্থদের সংশ্রব হইতে দূরে রক্ষা করিবার জন্ম একান্ড চেষ্টা করিয়াছিলেন।

এ এক বহুদিনব্যাপী প্রকাণ্ড যুদ্ধ। রামারণ-মহাভারতের স্থবিশাল ছন্দুঃস্রোতের মধ্যে এই প্রাণপণ যুদ্ধের প্রলয়করোল এখনও ধ্বনিত ইইতেছে।

কিন্ত চারিদিকের সহিত চিরকাল লড়াই করা চলে না। ক্রমে বিরোধচেষ্টা নিবিল হইয়া আসে এবং অক্সে অক্সে সন্ধি স্থাপিত হয়। এবং এইরূপে ধীরে ধীরে আর্থ-অনার্থের মাঝখানের ব্যবধান কীয়মাণ হইয়া আসিল এবং ক্রেমে অনার্থদের সংস্কার তাহাদের পূজাবিধি তাহাদের দেবতা অভিমানী আর্থাবর্তের মধ্যে প্রবেশ করিয়া তাহাকে আবর্তিত করিয়া তুলিল।

সেইজন্তই আজ হিন্দুজাতি জানে অজ্ঞানে আচারে অনাচারে বিবেকে এবং অভ্ন কুসংস্কারে এমন একটা অন্তত মিশ্রণ হইয়া দাড়াইয়াছে।

যদিচ সকল বিষয়েই আর্থ-অনার্থের মধ্যবর্তী সীমা বিলুপ্তপ্রায় হইয়া আসিয়াছে, এমন কি, আমাদের বর্ধ, আকার, আয়তনে রক্তমিশ্রণেরও সাক্ষ্য দিতেছে তথাপি সাত্র্যারক্ষাজন্ত বহুকালব্যাপী সেই যুদ্ধচেষ্টা আজিও হিন্দুসমাজের আন্তন্ত্যাধা সজাগ হইয়া আছে।

তবে, পূর্বেকার সেই আর্থ-অনার্থের সংগ্রাম অহা হিংস্র উগ্রতা পরিত্যাগ করিয়াছে। বটে কিন্তু তাহা পরিব্যাপ্ত হইয়া সমাজের অবপ্রতাবের মধ্যে বিচ্ছেদ আনরন করিয়াছে।

তাহার এক কারণ আমাদের পরস্পারের মধ্যে বৈসাদৃষ্ঠ এত অধিক বে, প্রকৃতির অনিবার্থ নিরমে বধন আমরা মিলিতেছিলাম তধনও শেষ পর্বস্ত আমাদের বাত্রাচেটার বিরাম ছিল না। আকর্ষণ এবং বিপ্রকর্ষণ কেহই সম্পূর্ণ হার মানিতে চাছে নাই।

এই কারণে বদিচ আমরা বহুসংখ্যক আর্থ অনার্য এবং সংকর জাতি হিন্দুর নামক এক অপত্রপ ঐক্যলাভ করিরাছি, তথাপি আমরা বল পাই নাই। আমরা বেমন এক তেমনি বিচ্ছিন্ন।

এই তুর্বলতার প্রধান কারণ আমরা অভিভূতভাবে এক, আমরা সচেইভাবে এক নহি। বাহারা আমাদের সহিত সংলগ্ন হইরাছে, বাহাদিগকে আমরা কিছুতেই বেদাইরা রাধিতে পারি নাই, আমাদের বেড়া-দেওরা উচ্চানের মধ্যে বে-সকল আগাছা আপনি আসিরা প্রবেশ করিরাছে ভাহারা ক্রমে অনবধান অধবা অভ্যাসের জড়ছবশত আমাদের সহিত এক হইরা গেছে।

ঘূর্তাগ্যক্রমে তাহারা, কি শারীরসংস্থানে, কি বৃদ্ধিবৃদ্ধিতে আর্যদের সম্প্রেশীর বা সমকক্ষ নহে। তাহারা সর্ববিষয়েই নিক্ট। এই কারণে তাহারা আর্যসভাতার বিকার উৎপাদন না করিয়া থাকিতে পারে না। তাহারা বেমন আর্যরক্তের বিশুদ্ধতা নট করিয়াছে তেমনি আর্থধর্ম-আর্যসমাজ্বকেও বিক্বত ক্রিয়া দিরাছে।

এই বহুদেবদেবী, বিচিত্র পুরাণ এবং অন্ধলোকাচারসংকূল আধুনিক বৃহৎ বিকারের নাম হিন্দুর।

কিছ আমাদের এই বিকারের জন্ত তত ক্ষোভ নাই বিচ্ছেদের জন্ত বত। একণে ধর্মে আচারে বিশ্বাসে ও শিক্ষার ব্রাহ্মণ-অব্রাহ্মণের মধ্যে ভেদ ক্ষীণপ্রার হইরা আসিরাছে, বহুকালের সংঘর্বে পরস্পরের মধ্যে অনেক অদলবদল হইরা আর্থ অনার্থতর এবং অনার্থ আর্থতরভাবে এক হইরা আসিরাছে।—বাহা হইবার তাহা হইরা গেছে। কিছে তব্

অর্থাং ঐক্যের যা ক্ষতি তাহাও ঘটরাছে এবং অনৈক্যের যা দোষ তাহাও বর্তমান।
একণে এই ঘূটাই সংলোধন করা আমাদের কাজ। নতুবা আমাদের উন্নতির ভিত্তি
দৃঢ় হইবে না। নতুবা আমাদের শিক্ষা মিধ্যা, আমাদের আন্দোলন নিক্ষল, আমাদের
কনগ্রেকা প্রভৃতি সমন্তই ক্ষণকালের ক্ষীণ উভ্যম।

একণে বিনি অড়ীভূত হিন্দুজাতির মধ্যে আচারে ব্যবহারে সমাজে ধর্মে আর্বভাবের একটি বিশুদ্ধ আদর্শ স্থাপন এবং ক্রত্রিম কৃত্র নির্ম্বক বিচ্ছেদগুলি দূর করিয়া সমগ্র লোককৃপের মধ্যে একটি সজীব ঐক্য সঞ্চার করিয়া দিবেন তিনিই ভারতবর্ষের বর্তমান কালের
মহাপুরুষ।

পূর্বেই বলিরাছি রাইডব্রীর একতা আমাদের ছিল না। শক্রকে আক্রমণ, শক্রর আক্রমণ হইতে আজুরক্ষা, এবং এক শাসনতন্ত্রের অধীনে পরস্পরের বার্থ ও ওভাওতের একত্ব অফুন্তব আমরা কখনো দীর্ঘকাল করি নাই। আমরা চির্ছিন গও গও দেশে খণ্ড গণ্ড সমাজে সংকীর্ণ প্রাদেশিকতা বারা বিভক্ত। আমাদের স্থানীর আচার স্থানীর বিধি স্থানীর দেবদেবীগণ বাহিরের আক্রমণ ও সংশোধন হইতে নিরাপদভাবে স্থাকিত হইরা একদিকে কৃত্র অসংগত, অক্রদিকে প্রবল পরাক্রমশালী হইরা উঠিয়াছে। আমাদের ভিতরকার অনার্থতা, অভুত লোকাচার ও অক্সংভারে শাধাপরবিত হইরা, আমাদিরকে কৃত্র কৃত্র জন্তে পরিবৃত করিরা রাম্বিরাছে, সর্বসাধারণ মানবজাতির

রাজপথকে আমাদের নিকট হইতে অবক্রম করিয়াছে। আমরা প্রাদেশিক, আমরা পল্লীবাসী; বৃহং দেশ ও বৃহং সমাজের উপবোগী মতের উদারতা, প্রধার যুক্তিসংগতি এবং সাধারণ স্বার্থরক্ষার উদ্যোগপরতা আমাদের মধ্যে নাই। এক কথার, বৃহৎক্ষেত্রে জীবনযাত্রা নির্বাহ করিবার যে সফলতা তাহা আমরা লাভ করিতে পারি নাই।

এক্ষণে ইংরেজ-রাজত্বে আমরা পরস্পর নিকটবর্তী হইরাছি। এক্ষণে আমাদের প্রাদেশিক বিচ্ছেদগুলি ভাঙিয়া কেলিবার সময় হইরাছে। বহুদিনের বিরোধ-ক্ষের মধ্যে যে একটি প্রাচীন ঐক্যগ্রন্থি আমাদের নাড়ীতে নাড়ীতে বাঁধিয়া গিয়াছে সেইটেকেই প্রবল করিয়া আমাদের স্থানীয় এবং সাময়িক অনৈকাগুলিকে ক্ষ্ম কোণজাত ধূলার মতো ঝাড়িয়া কেলিতে হইবে।

বর্তমান কালে হিঁহুয়ানির পুনরুখানের যে একটা হাওয়া উঠিয়াছে তাহাতে সর্বপ্রথমে ওই অনৈক্যের ধূলা সেই প্রাদেশিক ও ক্ষণিক তুচ্চতাগুলিই উড়িয়া আসিয়া আমাদিগকে আচ্ছয় করিয়াছে। কারণ সেইটেই সর্বাপেক্ষা লঘু, এবং সেইটেই অয় ফ্ৎকারে আকৃশে পরিপূর্ণ করিয়া তুলিতে পারে।

কিন্তু এ ধুলা কাটিয়া যাইবে, আমাদের নিশ্বাসবায় বিশুদ্ধ হইবে, আমাদের চারিদিকের দৃশ্য উদ্ঘাটিত হইবে সন্দেহমাত্র নাই। আমাদের দেশের যাহা স্থায়ী, যাহা সারবান, যাহা গভীর, যাহা আমাদের সকলের এক্যবন্ধনের উপায় তাহাই ক্রমে প্রকাশিত হইয়া পড়িবে।

যথন কোনো প্রবল সংঘর্ষে কোনো নৃতন শিক্ষায় একটা জ্বাতি জ্বাগ্রত হইয়া উঠে তথন সে নিজেরই মধ্যে শক্তি সন্ধান করে। সে জানে যে ধার করিয়া চলে না। যদি পৈতৃক ভাগুরে মূলধন থাকে তবেই বৃহৎ বাণিজ্য এবং লন্ধীলাভ নতুবা চিরদিন উপ্পৃত্তি।

আমাদের সংস্কার ও শিক্ষা এত দীর্ঘকালের, তাহা আমাদিগকে এমন জটিল, বিচিত্র ও স্থান্টভাবে জড়িত করিয়া রাধিয়াছে যে, বৃহৎ জাতিকে চিরকালের মতো তাহার বাহিরে লইয়া যাওয়া কাহারও সাধ্যায়ত্ত নহে। সেই চিরোদ্ভির ভারতবর্ষীয় প্রস্কৃতির মধ্য হইতেই আমাদের অভ্যথানের উপাদান সংগ্রহ করিতে হইবে। আমরা ধ্যকেত্র মতো ছই-চারিজন মাত্র গর্ববিক্ষারিতপুচ্ছে লঘুবেগে সাহেবিয়ানার দিকে ছিটকিয়া বাইতে পারি, কিন্তু সমন্ত দেশের পক্ষে তেমন লঘুরু সম্ভবপর নহে।

অতএব একদিকে আমাদের দেশীয়তা, অপরদিকে আমাদের বন্ধনমূক্তি উভয়ই আমাদের পরিত্রাণের পক্ষে অত্যাবশুক। সাহেবি অমুক্রণ আমাদের পক্ষে নিম্মল এবং হিঁত্রানির গোঁড়ামি আমাদের পক্ষে মৃত্যু।

মহাত্মা দয়ানন্দ স্বামীর প্রতিষ্ঠিত আর্থসমাজ কৃত্র হিঁতুয়ানিকে আর্থ উদারতার দিকে

প্রসারিত করিবার বে প্রয়াস পাইতেছেন এবং উত্তরপশ্চিমাঞ্চলে তাহা বেরূপ পরিব্যাপ্ত ইইতেছে তাহাতে আমরা মহং আশার কারণ দেখিতেছি।

উক্ত সমাজের, অন্তত সমাজস্থাপরিতা হরানন্দ সামীর প্রচারিত মতের প্রধান গুণ
, এই বে, তাহা দেশীরতাকেও গুলুমন করে নাই অধ্চ মহুয়ন্থকেও ধর্ব করে নাই। তাহা
ভাবে ভারতবর্ষীর অধ্চ মতে সার্বভৌমিক। তাহা হুদরের বন্ধনে আপনাকে প্রাচীন
স্বলাতির সহিত বাধিরাছে অধ্চ উন্মুক্ত যুক্তি এবং সত্যের দ্বারা সর্বকালের সহিত সম্পর্ক
স্থাপন করিবাছে।

এই সমাজের সমত লক্ষণগুলি পর্বালোচনা করিয়া আমরা আশা করিতেছি বে, ইহা ভারতে আর-একটি অভিনব সম্প্রদার্ত্তপে নৃতন বিচ্ছেদ আনয়ন না করিয়া সমত্ত সম্প্রদার্কে ক্রমণ এক করিতে পারিবে।

বারাম্বরে আধ্সমাজ সম্বন্ধে বিশুরিত আলোচনা করিবার ইচ্ছা বহিল।

ভিন্ন জাতির সহিত সংশ্রব ইংরেজের যেমন ঘটিয়াছে এমন জার কোনো যুরোপীর জাতির ঘটে নাই। কিন্তু ইংরেজের পরজাতিবিবেব সমান স্থতীত্র রহিয়াছে। ইহা তাহাদের জাতীয়তার অত্যুগ্র বিকালের পরিচয়ন্থন।

বিদেশ হইতে আগত বিজ্ঞাতি, ইংগত্তে অথবা ইংরেজ-উপনিবেশে বাসগ্রহণে উত্তত হইলে ইংরেজের মনে যে বিরোধভাবের উদ্রেক করে স্পেক্টেটর সেই সম্বন্ধে আলোচনা উত্থাপিত করিয়াছেন।

কিন্তু পরদেশে গিরা তক্ষেণীয়দের প্রতি ইংরেজ্বে উদ্ধৃত বিম্প ভাবও স্থবিধাত। এমন কি, মুরোপের মহাদেশবাসীয়গণ সম্ভেও ইহার অন্তথা হব না।

আহারবিহারে আচারে ও ভাবে বীপবাসী ইংরেজের সহিত মহাদেশবাসী মুরোপীরের স্বরই প্রভেদ কিন্তু সেই প্রভেদগুলিও সাধারণ ইংরেজের মনে অবজ্ঞা এবং প্রতিকৃষ ভাব আনমন করে। তাহাদের জাতিসংস্কার এত দৃঢ় এবং স্কৃতিন।

ইহার উপরে বধন পরজাতির সহিত স্বার্থের সংবর্গ জারিবার লোশমাত্র সম্ভাবনা ঘটে তথন ইংরেজের অসহিষ্ণুতা যে অত্যন্ত বর্ধিত হইবে ইহা স্বাভাবিক :

ইংলওপ্রবাসী জর্মান, ইতালীয় ও পোলীয় ইছদিগণের প্রতি ইংরেজ অধিবাসীদের মনে বে শক্রতার উল্লেক করে তাহা বে কেবলমাত্র স্থুমহৎ জাতীয়ভাবের প্ররোচনায় তাহা বলিতে পারি না—উহার মধ্যে বার্ধহানির আশহাই প্রবল্ভর।

একে বিজাতীয় তাহার উপরে স্বার্থের সংবর্ধ—এইরপ স্থলে ঐক্টীর ধর্মনীতি এবং স্থার-অস্থান্থের উচ্চতর আদর্শ টেকাই কঠিন হয়। ইঞ্জাতে যে অন্ধতা আনম্বন করে, উনবিংশ শতাবীর সম্ভাতারশ্বি তাহা ভেদ করিয়া উঠিতে পারে না। অন্ধদিন হইল ভূতপূর্ব ভারত-ক্ষেট-সেক্রেটারি সার হেনরি কাউলার পার্লামেন্টে বিলয়ছিলেন "ওআরেন হেন্টিংস এবং লর্ড ক্লাইভের কাইবিধি যদি পার্লামেন্টের বিচারাধীন হইত তবে সম্ভবত ভারতসাম্রাজ্য আমরা পাইতাম না।" তাঁহার এই বাকো পার্লামেন্টে খুব একটা উংসাহস্চক করতালি পড়িয়াছিল।

এ-কথাটার কি এই অর্থ যে, ষেধানে স্বার্থ স্বজ্ঞাতির এবং দৃংখ পরজ্ঞাতির সেধানে অত বিচার-আচার করিলে চলে না ? পার্লামেন্টের মতো প্রকাশ্য বৃহৎ সভার এ-কথার উচ্চুসিত অমুমোদন কি ধর্মনীতির মূলস্থ্যের প্রতি সুস্পষ্ট অবজ্ঞা প্রদর্শন নহে।

ধর্মনীতির প্রতি এই অবজ্ঞা পরজাতির প্রতি সুগভীর অবজ্ঞা হইতেই প্রস্ত। ক্লাইভ ও হেন্টিংস ঘাহাদের প্রতি প্রতারণা মিধ্যাচার ও নিদারুল উপস্থব করিয়ছিলেন তাহারা অনাত্মীয়, তাহারা কেহই নহে, এ-কথা পার্লামেন্টের সদস্তবর্গের মনের মধ্যে অস্তত অস্পইভাবেও ছিল।

সাধারণত ধর্মনীতিবাধ তাঁহাদের যে অল্প তাহা বলিতে সাহস হয় না। কারণ বল্গেরীয় ও আর্মানিদের প্রতি ত্রন্থের অত্যাচার, ক্যোনদের প্রতি স্পেনের কঠোরতা সম্বন্ধে পার্লামেন্টের সভ্যগণ প্রবলপক্ষের প্রতি উংসাহ-করতালি বর্ধণ করে না। কিন্তু ভারতবর্ষীয়ের প্রতি হেন্টিংসের ব্যবহার সম্বন্ধে তাঁহাদের নীতিবাধ যে এমন সহসা সবেগে বিপর্যন্ত হইয়া যায় তাহার কারণ স্বার্থজনিত অন্ধতা এবং পরজাতি, বিশেষত প্রাচ্য পরজাতির প্রতি তাঁহাদের স্বাভাবিক স্কুগভার অবজ্ঞাপরতা।

যে-অবজ্ঞা ফাউলার সাহেবকে প্রকাশ্ত ম্পর্ধার সহিত নির্নক্ষ নীতিবিক্ষ বাক্য বলাইয়াছে, সেই ম্পর্ধা এবং সেই অবজ্ঞাই ভারতবর্ষীর পাণাকুলিদের সম্বন্ধ কাল্যস্কল, সেই অবজ্ঞাই সমন্তিপুরে দরিত্রের বিবাহ-উৎসবে হত্যাকাণ্ডের হাহাকার তুলিয়াছিল, সেই অবজ্ঞাই গোরাবিভীষিকাগ্রস্ত মারাপীড়িত ত্রভাগাগণের অন্থিম অন্থনর হইতেও কর্তৃপুক্ষদিগকে বধির করিয়া রাধিয়াছিল।

ইংবেজের নীতিবোধ এইরপে দ্বিভিত হইয়া গিরাছে। সেইজক্ত বজাতি-বিজাতির মধ্যে অভিযোগ উপস্থিত হইলে বিচার করা তাঁহাদের পক্ষে স্কটিন। কারণ, ইহা অসম্ভব নহে যে, যে ইংরেজ কস্ করিয়া দ্বা লাখি অথবা গুলি চালাইয়া ভারতবর্ষীর জনসংখ্যা হ্রাস করিতে কৃষ্ঠিত হয় নাই বজাতিসমাজে সে শুল মেধলাবক বিশেব,—অভএব একজন দেশী হত্যাকারীকে ইংরেজের যেরপ খুনি বলিয়া মনে হয় ভাহাকে সেরপ খুনি বলিয়া মনেই হয় না,—স্কভরাং এমন লোকটাকে ফাসি দেওয়া একটা আইনসংগত হত্যাকাণ্ড বলিয়া জ্ঞান হইতে পারে।

আমাদের প্রতি চাঁদের কলবের দিকটা ফেরানো আছে, কিছু ভাহার বিপরীত

পৃষ্ঠটা হয়তো সম্পূর্ব নিষ্করভাবে নিজের নিকট দেদীপামান—অতএব ঠিক কলছের বিচার করিতে হইলে একবারে আমাদের তরকে আসিরা দাঁড়াইতে হর, কিন্ত তাহার মতো হুঃসাধ্য কান্ধ আর নাই।

ওআরেন হেন্টিংস বর্ড ক্লাইভ পরজাতির সম্বন্ধে বেমনই হ'ন স্বজাতির সম্বন্ধ তাঁহারা মহং ৷ ইংরেজ কবি হও জিরাফ জস্ককে কক্ষ্য করিয়া ববিরাছেন

> "So very lofty in thy front—but then So dwindling at the tail !"

অর্থাথ সম্প্রের দিকে তুমি এত সম্চ্চ কিন্তু তবু লাঙ্গুলের দিকে এতই ধর্ব। ইংরেজ-জিরাফের লাঙ্গুলের দিকটা পরজাতির দিকে পড়িরাছে বলিরা যে, তাহার স্বজাতি তাহাকে সেইদিকেই পরিমাপ করিবে ইছা ক্থনো সম্ভবপর হইতে পারে না।

কিন্তু পররাজ্য অধিকার করিয়া স্বজাতি ও বিজ্ঞাতিকে এক স্থায়দণ্ডে তুলিত করিবার কঠিন অধিকার ইংরেজ স্বহন্তে গ্রহণ করিয়াছেন। স্কুডরাং স্থার্থের অস্থ্যরাধে সেই স্থায় হইতে ভ্রম্ভ হইলে ভাহাতে উৎসাহ-করভালি বর্ষণের কোনো কারণ দেখি না। ভাহা স্বাভাবিক হইতে পারে কিন্তু ভাহাতে স্পর্ধা প্রকাশের বিষয় লেশমাত্র নাই।

ইংরেজের এই পরবিষেব, বিশেষত প্রাচাবিষেব, নেটাল অস্ট্রেলির্না প্রভৃতি উপনিবেশে কিরপ নধদম্ভ বিকাশ করিয়া উঠিয়াছে তাহা কাহারও অগোচর নাই। অথচ ইহাও দেশা যাইতেছে, ইংরেজ ভারতবর্ষীর সৈক্তকে আফ্রিকার তুর্গম অরণ্যের মধ্যে রক্তপাত করাইতে কৃষ্টিত নছেন। তথন, এক রাজ্ঞীর প্রজা এক সাম্রাজ্যের অধিবাসী এমন সকল সোম্রাজ্যমধুমাধা কথা ভনা যায়। ইংরেজ মহারানীর অধিকার-বিস্তারে প্রাণপাত করিতে ভারতবাসীর কোনো বাধা নাই কিন্তু সেই অধিকারে স্থানলাভ করা তাহার পক্ষে নির্বাধ নহে। এই প্রকার ব্যবস্থার মধ্যে যে একটা কৃত্রতা হীনতা আছে তাহা ইংলও উপলব্ধি করেন না—তাহার সম্ম্বভাগের মহন্ত লাক্লবিভাগের ধর্বতার কোনো থবরই রাধে না। অথচ ওই ধর্ব দিকটার লাক্ল, আফ্রালন-ব্যাপারে ন্যন নহে। দমন-শাসন-তাড়ন-তর্জনে সর্বলাই সে চঞ্চলিত। তাহার চক্ষ্ নাই বলিয়া চক্ষ্মজ্ঞাও নাই।

চক্লজা যে নাই ভারতবর্ষীর ইংরেজি ধবরের কাগজে সর্বদাই তাহার পরিচর পাওরা বার। সমন্তিপুর ব্যারাকপুরের হত্যাব্যাপার ইংরেজি কাগজে কোনোপ্রকার আখ্যা পাইল না, কিছ শালিমারের তুর্ঘটনা "শালিমার ট্রাজেডি" নামে সম্ভবরে বারংবার ঘোবিত হইতে লাগিল। তাহাতেও খেদ নাই কিছ তুর্বিনীত নেটভের হতে প্রবাসী ইংরেজের প্রাশ্মান উত্তরোজ্য বিপদ্গত হইতেছে বলিয়া যে-সমন্ত প্রেরিতপত্র বাহির

হইতেছিল তাহা পাঠ করিরা যদি আমাদের শক্ষার উদয় না হইত তবে বড়ো হঃবেও হাসিতে পারিতাম। আমরা হাসিতে সাহস করিলাম না, কিন্তু অদৃষ্ট একটা ভীষণ কোতুকের সৃষ্টি করিল। দেখিতে দেখিতে ইংরেজকর্তৃক কতকগুলি দেশীয় লোকের বীজংস হত্যা পরে পরে সংঘটিত হইল—ইংরেজ সম্পাদকগণ একবারেই মৌন অবলম্বন করিলেন। ইংরেজ সম্পাদকগণকে যিনি কাল্পনিক নেটিভভীতিমারা মুখর করিয়া তোলেন তিনিও আমাদের হুরদৃষ্ট, এবং যিনি সাংঘাতিক প্রতিবাদের মারা তাহাদিগকে নিক্তর করিয়া দেন তিনিও আমাদের হুরদৃষ্ট।

. 5000

0

আমাদের ভূতপূর্ব শাসনকর্তা ম্যাকেঞ্জি সাহেব তাঁহাদের স্বদেশের শীতল বায়ুতে ফিরিয়া গিয়াছেন। কিন্তু ভারতবর্ষের গরম এখনও তাঁহাকে ছাড়ে নাই। ইতিমধ্যে এক ভোজ্ব উপলক্ষ্যে বক্তৃতা করিয়াছেন তাহাতে কলিকাতা ম্যানিসিপ্যালিটির বাঙালি কমিশনারদের প্রতি অত্যন্ত অবজ্ঞা প্রকাশ করিয়াছেন, তাঁহাদিগকে গণ্য ব্যক্তির মধ্যে আমল দেন নাই।

তাঁহার সেই বক্তার রিপোর্টে দৈবাং রিপোর্টার একটা ভূল করিয়াছিল। তিনি বলিয়াছিলেন "কলিকাতা ম্যানিসিপ্যালিটিতে ইংরেজমণ্ডলীর প্রতিনিধিগণ স্থান পান নাই"—রিপোর্টার "প্রতিনিধি ইংরেজ" না লিধিয়া "ভক্ত ইংরেজ" লিধিয়াছিল।

কলিকাতা ম্যুনিসিপ্যালিটিতে ভন্ত ইংরেজ নাই এ-কথা শুনিলে কলিকাতার ইংরেজ-হৃদয়ে পাছে আঘাত লাগে সেইজন্ত তাড়াতাড়ি সমুত্রপার হইতে তিনি তাহা সংশোধন করিয়া পাঠাইয়াছেন। বাঙালি কমিশনারদের যে গালি দিয়াছেন সেজন্ত অন্থতাপ প্রকাশ করেন নাই।

অবশ্ব, বাঙালি কমিশনারগণ দেশের আমির-ওমরাও দলের না হইতে পারেন, কিন্তু সিভিল সার্ভিম ও মিলিটারি বিভাগে যে রাজপুরুষেরা ভারতলাসন করিতেছেন তাঁহারাই যে সকলে লাটের পুত্র বা রাজবংশীর তাহাও নয়। তাঁহারা যে একদা খদেশী সমাজের উন্নত উজ্জ্বল জ্যোতিকমগুলী হইতে খদিরা ভারতবর্বে আদিরা পড়িয়াছেন তথ্যতালিকা লইলে এমনটা প্রকাশ হইবে না।

কিছ তাই বলিয়া তাঁহারা অবজ্ঞেয় নহেন; তাঁহারা শিক্ষিত তাঁহারা বোগ্য লোক;

এবং তাঁহারা যদিও ইংলগু হইতে আসিবার সময় গুলমাত্র স্বনামটুকু সইয়া আসেন তথাপি বাইবার সময় অনেকে তাহার সহিত উপাধি কুড়িয়া বাইতে পারেন।

কোনো ইংরেজ ভন্তলোক লিখিতেছেন:

Sir James Westland is a Scotsman, and I have in my possession an old directory for the year 1848, which gives the names of the principal residents in the rural districts of Scotland. The name of Westland, however, is conspicuous by its absence.

এ-क्या मंजा इहेरलंथ हेहारंख व्यामन्ना स्कारता स्मान स्मिना।

কিন্ত আশ্চর্ষের বিষয় এবং ছ্:ধের বিষয় এই বে, তাঁহারাই ভারতবর্ষীয় কনগ্রেস প্রভৃতি সভামগুলীর মধ্যে পৈতৃক ধনে ধনী এবং বৃহৎ উপাধিতে ভূষিত লোকের সন্ধান করেন এবং না পাইলে উপেক্ষা প্রকাশের চেষ্টা করিয়া থাকেন।

কনগ্রেসেই কি, আর ম্যানিসিপ্যাল পৌরসভাতেই কি, স্বােগ্য বাঙালি ভদ্রলাকের অভাব নাই। স্বেক্সনাথ বন্দ্যােপাধ্যার, কালীনাথ মিত্র, ভূপেক্সনাথ বস্থ, নলিনবিহারী সরকার, মােহিনীমােহন চট্টোপাধ্যায় ইহারা কোনোকালে লেক্টেনান্ট গবর্নর হইতে পারিবেন না সন্দেহ নাই, কিন্ধ না পারিবার কারণ এই বে, ইংরেজ-আমলে ভারত-শাসনের উচ্চতর অধিকারসকল হইতে আমরা বঞ্চিত।

আমাদিগকে যেটুকু অধিকার দেওরা হইরাছে তাহা যদি সহ্ত না হয়, যদি সেটা ফিরাইয়া লইবার মতলব থাকে তবে লও—কিন্তু গালিমন্দ কেন ?

ইসপের কথামালার নেকড়ে বাধ যখন মেবলাবকটিকে ভক্ষণ করিতে ইচ্ছা করে তখন বলে, তুমি আমার ঝরনার জগ নই করিয়াছ,—মেব বলে, প্রভু, তুমি উপরের জল পাও আমি নিচের জল পাইতেছি তোমার জল আমি নই করিলাম কেমন করিয়া ? বাদ বলে, তুই না ক্ররিস তোর বাপ করিয়াছিল। তাহার পর এক চপেটাধাত।

আমরা মেবশাবকেরও অধম। প্রভেদ এই যে, বাবের পক্ষে বেটা ছুতা ছিল ম্যাকেঞ্জি সাহেবের পক্ষে সেইটেই আসল কথা। এতদিন সেটা চাপিয়া গিয়াছিলেন; থানার পরে পরিতৃপ্তমনে বদ্ধুসভার সেটা ব্যক্ত করিয়ছেন। ঐশর্ব-ঝরনায় ম্যাকেঞ্জি সাহেবদের অনেক নিচের জলে আমরা তৃষ্ণা নিবারণ করিয়া থাকি। কিন্তু সেও অসম্থ। ম্যাকেঞ্জি সাহেব তাঁছার ভোজাবসানের বক্তৃতায় বলিয়ছেন, কলিকাতার কর্তৃত্বভার অসাবধানে আমাদের হাত হইতে অনেকটা থসিয়া পড়িয়ছে। হার! এটুকুর প্রতিও লোভ! যাহা শহতে দান করিয়াছ তাহার প্রতিও লোলুপ দৃষ্টি! বিত্তর নিচে আছি, এবং অত্যন্ত অল্প আমাদের হেলী স্পর্লে জোমাদের উচ্চলিখরের জল তো আমরা খোলা বরি নাই।

নেকড়ে বাঘ মনে মনে বলেন, উচ্চ হ'ক নীচ হ'ক প্রভূষের স্বাদ্মাত্রই তোমা-দিগকে দিতে চাহি না। তাহার পর মূখে বলেন, তোমরা অযোগ্য, ইণ্ডিয়া-ক্লাবে বৈঠক কর, তোমরা স্বদেশের প্রতিনিধি নও।

বেসরকারি ইংরেজ-সম্প্রদারের সঙ্গে আমাদের বাগ্যুদ্ধ চলে। আমরা অনেক সমর্থ রাগের মুখে পরস্পরের প্রতি করুণবাক্য প্রয়োগ করি না। কিন্তু যাহারা ভারতশাসন-কার্যে রাজস্থানীয় এতদিন তাঁহারা প্রজাসাধারণকে প্রকাশ্রে রুঢ়ভাষায় অপমান করেন নাই।

আমাদের প্রতি তাঁহাদের যে অত্যন্ত শ্রদ্ধা আছে তাহা না হইতে পারে, প্রচুর সেহ
আছে এমন অভিমানও হরতো না করিতে পারি কিন্তু তাঁহারা বাক্সংযম করিয়া
গেছেন। তাহার একটা কারণ, তাঁহারা যে উচ্চপদের উন্নত-শিখরে থাকেন সেখান
হইতে একটি ছোটো কথা বর্ষণ করিলেও নিচের লোকের মাধার পক্ষে তাহা গুরুতর
হইয়া উঠে; এরপ অসমকক্ষ আক্রমণ বীরোচিত নহে। ইংরেজি ভাষার যাহাকে
cowardiness অর্থাৎ কাপুরুষতা বলে ইহাও তাহাই। আর-একটা কারণ এই যে,
কথার কলহ তাঁহার পক্ষে অনাবশ্রক এবং অযোগ্য। কারণ, তাঁহার হাতে ক্ষমতা
আছে। শক্তপ্ত ভূষণং ক্ষমা। সে-ক্ষমা কাজের ক্ষমা না হইলেও অন্তত্ত বাক্যের ক্ষমা
হওয়া উচিত।

রাজনীতির হিসাবেও বাক্সংখমের সার্থকতা আছে। রাজকার্ধ স্কল সময়ে প্রজার অমূক্লে যায় না। অতএব মাঝে মাঝে যথন কঠিন আইন বা অপ্রিয় করবৃদ্ধি প্রজার উপরে জারি করিতে হইবে তথন ত্বাকা ছারা সেটাকে আরও তিক্ত করিয়া তুলিলে রাজাপ্রজার মধ্যে একটা সংঘর্ষ অনাহূত বাড়াইয়া তোলা হয়।

ষাধীন ইংলণ্ডে পার্লামেন্টে ভিন্ন ভিন্ন দলের মধ্যে বিবাদ-বচসা হইয়া থাকে; কেছ কাহাকেও ছাড়িয়া কথা কহে না। কিন্তু সেধানে জনসাধারণে যাহা চার রাজশক্তি তাহার বিরুদ্ধে যার না। এইজন্ত দেশ যে কী চায় তাহা নানা দলের আন্দোলনে সম্পূর্ণ আলোচিত হইয়া স্পষ্ট আকার ধারণ করে। এ-দেশে, আমরা যাহা প্রার্থনীর জ্ঞান করি না তাহাও রাজা আমাদিগকে গিলিতে বাধ্য করেন—আমাদের মতামত-ইচ্ছানিচ্ছার থারা রাজশাসন নিয়মিত হয় না। এখানে সম্পূর্ণ ই কর্তার ইচ্ছা কর্ম;—সে-মূলে গারে পড়িয়া প্রজাসাধারণ বা সম্প্রদার্যবিশেষকে রুচ্ কথার ক্ষ্ম করিয়া তোলা না স্থানোভন, না রাজনীতিসংগত।

তিক্ত বড়িকে মিষ্ট আকারে গেলানো রাজনীতির নৈপুণ্য। রাজশাসনের পথকে যত সংঘাত-সংঘর্বহীন করিয়া তোলা যায় ততই রাজ্যের পক্ষে এবং শাসনকর্তাদের পক্ষে মকল। অবর্ত্ত, রাজ্যশাসন সম্পূর্ণ বয়সাধ্য নহে, তাহার মধ্যে রাগ্যের ও পক্ষপাত আপনি আসিয়া পড়ে কিন্তু তাহা কিছুমাত্র প্রকাশ হইলে শাসনকার্বের গোঁরক নই হয়।

আজকাল ইংরেজশাসনে এই নীতির বাতিক্রম দেবিতেছি। ম্যাকেঞ্চি সাহেব বধন
\*বাংলার রাজপদে ছিলেন, বধন একেবারে অনেকগুলা অপ্রিয় বিধির প্রভাব উপলক্ষে
সমন্ত দেশ বভাবতই ক্র হইরা আছে, সেই সংকটের সমর, দেশের সেই তুর্ভাগ্যের
সমর, সেই কঠোর বিলগুলি পাস করিবার সমর ম্যাকেঞ্চি সাহেব বজভূমির ক্ষতবেদনার
উপরে অকারণে তাঁহার বাক্যহলাহলজালা বোগ করিয়া দিলেন।

বিশ তো পাস হইবেই। বিশ-মন্তাদের ইচ্ছার কোনো বাধা নাই। কিন্তু যত নির্বিরোধে হয় ততাই ভালো। যদি প্রস্থার ক্ষতস্থানে ছুরি চালাইতেই হয় সেটা বাহাতে যথাসম্ভব আন্ধ বেদনায় সমাধা হয় সেই চেটাই উচিড; বাহার কিছুমাত্র দায়িত্ববাধ আছে তিনি সে-জারগাটা অনাবশ্রুক আঘাতে বাধিত রক্তবর্ধ করিয়া তোলেন না।

কিন্তু উচ্চপদের যে স্বাভাবিক শাস্তি সংষম ও ক্ষমা তাহা ম্যাকেঞ্জি সাহেব দেখান নাই। তিনি নিম্পে ক্ষয় ছিলেন এবং রাজকার্যকেও রোগাত্র করিয়া তুলিয়াছিলেন। অন্ত শাসনকার্য হইতে অবসর লইরা ভারতভাগ্রার হইতে বৃত্তিভোগ করিতে করিতেও তাঁহার ভূতপূর্ব প্রজাগণের প্রতি বিষোদগার করিতেছেন।

ইহাতে অমিশ্র কৃষণ ছাড়। আর কিছু দেখি না। ম্নানিসিপাণ বিল পাস করা যদি কর্তৃপক্ষের অভিপ্রেত হয় তবে ভূতপূর্ব বঙ্গাধিপ এ-সম্বন্ধে ষতই চূপ করিয়া থাকেন ততই ভালো। তিনি বিলাতে বসিয়া থানার পরে অসংষত বস্কৃতা করিয়া উপদ্রব বাড়াইয়া তুলিতেছেন তিনি কথায় বার্ডায় ভাবে ভক্তিত বাঙালিবিয়েষ ও সঞ্জাতিপক্ষপাত দেখাইয়া কেবল যে আত্মর্মাদা লাঘ্য করিতেছেন তাহ নহে শাসনকার্যকেও কন্টকাকীর্ণ করিয়া তুলিতেছেন।

গবর্ষেণ্টের উচ্চপদস্থ কর্মচারীদের আত্মবিশ্বতি ও ধৈর্বচ্যতি আমরা বর্তমানকালের একটা কুলক্ষণ বলিরা গণ্য করি। ইংরেজ ও দেশীরদের মধ্যে উত্তরোত্তর যে বিচ্ছেদ ও বিরোধ বাড়িরা উঠিতেছে তাহা যদি রাজপুরুষদিগকেও স্পর্শ করে, তাঁহারাও রদি এ অবস্থার প্রতিকারচেষ্টা না করিরা একটা দলভূক্ত হইরা পড়েন তবে আমাদের পক্ষে সেটা সংকটের অবস্থা।

সেই রকমের ধেন লক্ষণ দেখা বাইতেছে। অবশ্র, বজাতিপ্রেম সকল সমরেই বাডাবিক, কিছু আজকাল বেন ভারতবর্বের সরকারি ও বেসরকারি ইংরেজ ক্রমণই ঘনিঠভাবে মিলিত হইতেছে। ভারতবর্বীর ইংরেজি খবরের কাগজের নাড়ীতেও বধন বেগ প্রকাশ পার তখন গবর্মটেরও চকু লাল এবং গাত্র উত্তপ্ত দেখিতে পাই। ইংরেজি খবরের কাগজে বাঙালিদের প্রতি যে স্থতীত্র অস্থিকুতা দেখা যার গবর্মেন্টের আচরণেও নানা আকারে তাহা প্রকাশ হইয়া পড়ে।

অন্তত ম্যাকেঞ্জি সাংহব সে-ভাবটি চাপিয়া রাখেন নাই। তিনি যদিচ বন্ধদেশের
শাসনকর্তা ছিলেন, ইংরেজি ধবরের কাগজের সম্পাদক ছিলেন না তথাপি ও
ইংরেজ প্লাণ্টার প্রভৃতিকেও স্থুমিষ্ট মেহে অভিষিক্ত করিয়া গিয়াছেন, অথচ দে
নিরম্ন জাতি আজ পর্যন্ত তাঁহার মুখের অন্নজন জোগাইতেছে তাহাদের ভদ্রমণ্ডল,
সম্বন্ধে তাঁহার মুখে একটি মিষ্টবাকা জুটিল না।

যাহা হউক, আমরা এমন হ্রাশা করি না যে ম্যাকেঞ্চি সাহেব বিলাতে বসিয়া বচিবেন মধ্চক গোড়জন বাছে
আনৰে করিবে পান তথা নিরবধি—

কিন্তু আমরা প্রার্থনা করি নির্বাপিত আগ্নেরগিরির ক্রায় এক্ষণে তিনি বিশ্রাম লাভ করুন; এখনও অন্তর্জালার উত্তেজনায় তাঁহাকে যেন বাঙালিবিছেষ উদ্গীণ করিতে না হয়।

3000

8

শ্রীযুক্ত বাবু পৃথীশচন্দ্র রায় বিরচিত "দি পভার্টি প্রব্রেমস ইন ইণ্ডিয়া" নামক সর্বসমাদরযোগ্য সারবান গ্রন্থে লর্ড ফ্যারারের একটি উক্তি উদ্ধৃত হইরাছে এইধানে তাহার পুনক্ষার করি:

The persons who carry on our trade on the outskirts of civilization are not distinguished by a special appreciation of the rights of others. ... When a difficulty arises between ourselves and one of the weaker nations, these are the persons whose voice is most loudly raised for acts of violence, of aggression, or of revenge. ... Our dealings in the Far East, and elsewhere have not always been such as would do credit to an honest merchant.

অর্থাৎ বে-সকল ব্যক্তি সভাতার বহিরঞ্জে আমাদের বাণিলা বিস্তার করিয়া থাকে তাহারা অভের ভাষ্য সংস্কর প্রতি বিশেষ প্রছাবন্তার জন্ত বিধ্যাত নহে। বধনই আমাদের সহিত কোনো প্রবশতর জাতির একটা সংকট বাবিরা উঠে তথন ইয়াদেরই কঠম্বর,

পীড়ন, আক্রমণ ও প্রতিহিংসাসাধনের জন্ত সর্বোচ্চে অনিত হইরা উঠে। দ্বপ্রাচ্যদেশে এবং অল্পত্র অনেক সমর আমাদের আচরণ বেরপ প্রকাশ পাইরাছে ভাষা সাধ্প্রকৃতি বণিকের বোগ্য নহে।

রাজকর্মচারিগণ ব্যতীত অধিকাংশ ভারতবর্ষীর ইংরেজই বাণিজ্যজীবী। তুচ্ছতম উংপাত উপলক্ষ্যেই তাঁহারা গুরুতর আশবার ত্রন্ত হইরা উঠিবেন ইহা স্বাভাবিক। কারণ, ভারতশাসনকার্বকে নিজেদের স্বার্থসাধন হিসাবে ছাড়া আর-কোনো হিসাবে দেখিতে তাঁহারা বাধ্য নছেন। তাঁহাদের মুখ হইতে এমন কথা প্রারহি শুনা বার্ব, এ-ভারতবর্ষটা টুলিওআলারই ভারতবর্ষ। পাগড়িওআলা ও বালিমাণাগুলো কেবলমাত্র তাঁহাদের চাবাগানের কুলি, নীলক্ষেত্রের চাবি, পাটজোগানের পাইকড়, এবং লাংকাশিররের ধরিদার।

রাজনীতির মঞ্চ স্প্রশন্ত; তাহা দেশে এবং কালে, ধর্মে এবং অর্থে স্থাদ্রব্যাপী, তাহার উপরে বাঁহারা অধিষ্ঠিত হইয়া দ্রবিন্তীন দৃষ্টির হারা রাষ্ট্রীয় ব্যাপার পর্বালোচনা করেন, তাঁহারের পক্ষে প্রভূতপরিমাণ ধৈর্ম ও বিচক্ষণতা আবশ্রক, তাঁহারা ভূচ্ছ ও বৃহং ব্যাপারের আপেক্ষিকতা, কৃত্র স্বার্থ ও মহং সার্থকতার প্রভেদ বৃক্তিতে সক্ষম। কিন্তু ইংরেজবণিকগণ ভারতবর্ষকে বেখান হইতে নিরীক্ষণ করেন সে-জায়গাটা বতই উচ্চ হউক তাহার ভিত্তি সংকীর্ন, তাহা ব্যক্তিগত বা সম্প্রদায়গত লাভক্ষতির উপর দাড়াইয়া: একটু নাড়া খাইলেই তাহা ঘূলিয়া উঠে। গতবর্ষে ভূমিকম্পে কার্থানাঘরের চিমনিঞ্জলা হাতির তুঁড়ের মতো বেমন করিয়া ঘূলিয়াছিল, বড়োলাটসাহেবের প্রাসাদ এমন দোলে নাই।

ভারতবর্ষে সরকারি ও বেসরকারি ইংরেজের মতের এবং ভাবের প্রভেদ আনেকেই লক্ষ্য করিয়াছেন। ১৮৫৫ খ্রীস্টাব্দে মহাজনকর্তৃক অত্যস্ত উৎপীড়িত হইয়া দলবদ্দ সাওতালগণ গ্রহোন্টের নিকট তৃংখ নিবেদন করিতে আসিয়া বে-তৃযোগ ঘটাইয়াছিল তত্বপলক্ষ্যে মনস্বী সার উইলিয়ম হান্টার সাহেব লিখিতেছেন:

The Anglo-Indian community is naturally liable to apprehensions and hasty conclusions incident to a small body of settlers surrounded by an alien and a greatly more numerous race. ... With the government rests the heavy responsibility of counteracting the natural tendency to panie on the part of the public.

হতভাগ্য সাঁওতালদের ফুংধ কেছ দেখিল না, তাহাদের নালিশ কেছ ব্ঝিল না,— যথন নিতাম্ভ অসম হইলা তাহারা দাবানলপীড়িত মুগ্ধুশ্বে ক্লায় তাহাদের অরণ্যবাস- ভূমি ছাড়িয়া বাহির হইয়া পড়িল, তথন রাজসৈক্তগণ তাহাদিগকে গুলিবর্ধণে দলে দলে ধৃলিসাং করিয়া দিতে লাগিল। ব্যান্থ অবশেষে এই হত্যাকাও যথন প্রচুর সাঁওতাল-রক্তে পরিতৃপ্ত হইয়া শান্তিলাভ করিল তথন আাংলো-ইণ্ডিয়ানগণ কিরপ ধুয়া ভূলিলেন?

হান্টার সাহেব এ-সম্বন্ধে ক্যালকাটা রিভিয়ু নামক বিখ্যাত পত্তে প্রকাশিত প্রবন্ধ-বিশেষের উল্লেখ করিয়া তাঁহার "গ্রাম্যবন্ধরুত্তান্ত" গ্রন্থে লিখিয়াছেন:

In short, no one knew anything about the wrongs or the peaceful industry of the Santals. They were simply "adult tigers" or "bloodthirsty savages"; and the reviewer, dismissing the ordinary plan of punishing only the actual rebels as insufficient, adopts a proposal to deport across the seas, not one or two ringleaders, but the entire population of the inflicted districts.

এইরপ অসংগত এবং অসংঘত ভাষা ইংরেজ্কচালিত পত্রে মধ্যে মধ্যে শুনা গিয়াছে এবং নিশ্চয়ই কালে কালে আরও শুনা ষাইবে। তাহার কারণ হান্টার সাহেব পূর্বেই নির্ণয় করিয়া বলিয়াছেন যে, তাহা আতঃ এবং ইহাও বলিয়াছেন যে, সাধারণ মনের সেই উদ্দাম আতকের প্রতিকৃলে দৃঢ়ভাবে ধৈগরক্ষা করা গবর্মেশ্টের গুরুতর কর্তব্যের অক।

আতম্ব যে কিরুপ দৃঢ়বন্ধমূল এবং কতদূর অন্ধ মৃঢ়তার ধারা বেষ্টিত তাহা সম্প্রতি প্রকাশিত কোনো ইংরেজ পত্রের একটি প্যারাগ্রাকে স্পষ্ট ফুটিরা উঠিয়াছে। কিছুকাল পূর্বে আমাদের গবর্মেন্ট যথন ভারতবর্ষের উপর ধাদলাদিতার মৃতিধারণ করিয়া উঠিয়াছিলেন তথন কলিকাতার বস্তিবাসা ইতর-সাধারণের মধ্যেও একটা প্রকাশ ইংরেজবিধের প্রত্যক্ষ হইয়া উঠিয়াছিল। সম্প্রতি ঠিক তাহার উলটা ভাব দেখিয়া ইংরেজ সংবাদপত্রের সম্পাদকদের সম্পূর্ণ আশ্বন্ত হওয়া উচিত ছিল, কিন্ধ ক্ষুর ভয় যুক্তির ধারা যায় না। সম্প্রতি একজন ইংরেজ আগন্ধককে দেখিয়া কোনো বস্তির অধিবাসিগণ ছোটোলাট ভ্রমে তাহাকে প্রচুর ভক্তি প্রদর্শন করিয়াছিল এই প্রসন্ধ উপলক্ষ্যে উক্ত পত্র লিখিয়াছেন যে, ইহা হইতে স্পষ্ট প্রমাণ হইতেছে দেশের সাধারণের মনে ইংরেজ-রাজভক্তি প্রবল—কিন্ধ—উহার মধ্যে জুজু আকারে একটা কিন্ধ রহিয়া গেছে—কিন্ধ বোধ করি কুমন্তীদের উত্তেজনার মাঝে মাঝে তাহারা বিগড়িয়া যায়।

সাহেবের ফারাকাশ সম্পূর্ণ পরিষার হইল না। একটা কালো রঙের ধটকা

पृजनीय, "देश्रावास्त्र चांछक", गृ. १०१

রাধিরা দিলেন। একটা কুমরী কোনো একটা ভারগার নিশ্চরই আছে। এ-প্রশ্ন একবার মনে উদর হইল না বে, এক্ষণে ডিনি কোণার আছেন? হঠাৎ কেনই বা তিনি ভাগিরা উঠেন আবার হঠাৎ ছুটিই বা লন কেন?

জুজুর-বিরোধি-ছাড়িরা দিলেও এই রহস্তের বে একটা অত্যন্ত সরল মীমাংসা আছে সেটা কেন সাহেবের মাধার প্রবেশ করিল না। কেন তিনি ভাবিলেন না, বর্তমান বলাধিপকে দেশের লোক যথার্থ রক্ষক বলিরা অফুভব করিয়াছে, তাঁহারই সহদরতা দেশের হৃদয়কে ইংরেজের দিকে আকর্বণ করিতেছে।

কিছ বোধ করি বাহাদের অতিশর বৃদ্ধি সরল মীমাংসাই তাহাদের পক্ষে সর্বাপেক্ষা ছুর্গম। একটা কোথাও কিছু গোল আছে এটা বোধ করি বৃদ্ধিমানের কথা। কারণ, গোল যদি দৈবাং বাহির হইয়া পড়ে তবে বৃদ্ধিমান তাঁহার বৃদ্ধির জয়ঢাক বাজাইতে পারিবেন, যদি বাহির নাই হয় সেটা যে কোনো একটা জায়গায় নাই তাহার অপ্রমাণ করিবে কে!

আরও একটা কথা আছে। নিজেদের যে লেশমাত্র দোষ নাই এ-কথা মনে করিতে আরাম আছে—এবং ইংরেজ আরাম ভালোবাসে। দেশের জনসাধারণ কেনই বা ইংরেজের প্রতি কোনো অবস্থার কিছুমাত্র বিশ্বেষভাব বহন করিবে তাহা ইংরেজ কিছুতেই বৃথিতে পারেন না; কারণ তাঁহারা অতিশব প্রিরচারী, তাঁহাদের স্বভাষার যাহাকে বলে আ্যামিরেবল;—অতএব, তাঁহাদের প্রতি বিক্ষভাব তাঁহাদের দোষে জারিতেই পারে না। তবে কেন এমনতরো ঘটে? নিশ্চরই কোনো একটা কুমন্ত্রী আছে। বাস। ইংরেজের বৃদ্ধিতে সমন্তই পরিকার হইরা গেল।

এই মৃচ অন্ধতা যদি কেবলমাত্র ইংরেঞ্চ সম্পাদকদের মধ্যে বন্ধ থাকিত তাহা হইলেও আমরা অনেকটা নিশ্চিম্ভ থাকিতে পারিতাম। কিন্তু পূর্বেই বলিরাছি আঞ্চকাল ইংরেঞ্চ সম্পাদকের আসন হইতে ভারতরাজ্বতকা পর্বস্ত একটা সমভূমিতার লক্ষণ দেখা যাইতেছে।

বোশারের দুর্ঘটনাবলীতে দেখা গিরাছে বোশাই-কর্তৃপক্ষদিগের মেজাজ টাইমস অফ ইণ্ডিরার মেজাজ হইতে বড়ো তকাত নর। তেমনি উদ্ধত অবিবেচনা, অবজ্ঞাপূর্ণ কঠোরতা, দেশীর লোকের গভীরতম বেদনা এবং করুণতম আবেদনের প্রতি নিরতিশর উপেকা।

তা ছাড়া, দেশীর লোকদের ব্যবহারে যদি কোনোপ্রকার অসভোবের লক্ষণ দেখা বাদ, সেজস্ত ভাহারাই একমাত্র দোবী; গ্রহেন্টও এই প্রকারের একটা আরামদারক মূচ সিদ্ধান্ত অবলয়ন করিরাছেন। ইংরেজ, সে সামান্ত সৈল্পই হউক বা জিলার কর্তাই ছউন,—কখনোই দোবী হইতে পারে না, তাহাদের আচরণে পীড়া অফুডব করাই পীড়িতের পক্ষে বেয়াদবি; তাহাদের ত্র্যবহারের সকল কথাই মিধ্যা; অতএব নিশ্চরই ইহার মধ্যে কুমন্ত্রী আছে।

অতএব ধরো নাটু-ভাইছুটোকে। দাও তিলককে জেলে। দেনী সম্পাদকগুলাকে এক-একটা তৃণের মতো উৎপাটন করিয়া আনো। কুমন্ত্রী থাকিতেই হইবে, কারণ, ইংরেজ অতিশয় প্রিয়চারী, ভারি আামিয়েবল।

এ-সমন্ত, ফলাফলবিচারী ধৈর্যশীল গবর্মেন্টের মতো ব্যবহার নহে; এ ঠিক দৈনিক ইংরেজি কাগজের ক্রতলিখিত গরম গরম ঝাঁঝালো প্রবন্ধকে ইতিহাসে প্রতিফলিত করা। মনে হয় যেন দায়িত্ববিহীন বেসরকারি ইংরেজ-সমাজের উদ্বেলিত অসহিষ্ণৃতা গবর্মেন্টকেও অত্যন্ত অন্তত এবং অশোভনরূপে চঞ্চল করিয়া তুলিয়াছে।

গবর্মেন্টের এই সমস্ত আধুনিক লক্ষণ দেখিরা আমাদের মনে আশকা হয়। লর্ড ক্যানিং প্রভৃতি মনস্বী রাজনীতিজ্ঞগণের গবর্মেন্ট সম্দ্রতীরে শৈলতটের মতো উদার, অটল এবং ক্ষমাশীল ছিল; তাঁহাদের সময়ে ঝড় কম যার নাই, এবং তরঙ্গিত ইংরেজ-সমাজ দেশটাকে হাঁ ক্রিয়া গিলিবার জন্ম উন্নত হইয়াছিল; তথন উন্নত কঠিন গবর্মেন্ট তাহাদিগকে ঠেকাইয়াছিল।

মনে হইতেছে যেন কালক্রমে সেই উন্নত তীর অল্পে অল্পে থইয়া আসিতেছে, জলের সহিত সমতল হইতেছে; ঝড়ঝাপটের দিনে তৃকানকে অটলভাবে ঠেকাইয়া রাধিবার ক্ষমতা তাহার চলিয়া বাইতেছে। অথচ ক্ষ্কারমাত্রেই তৃকান উঠিয়া পড়ে এবং কেন যে এই সমূদ্র সর্বদাই ফেনিল বিচলিত হইয়া উঠিতেছেন তাহার বহস্ত জলবায়্তত্বের রহস্তের মতোই ত্র্বোধ।

আসল কথা, ভারতবর্ষীর ইংরেজসম্প্রদারের মধ্যে সামাজিকতার ঘনিষ্ঠতা উক্তরোজ্যর বাড়িরা চলিরাছে। সিমলা দার্জিলিং নৈনিতাল নীলগিরি জাঁকিরা উঠিতেছে। ভারতবর্ষে পূর্বাপেক্ষা ইংরেজনারীদের প্রাত্তভাব বেশি হওরাতে তাহার ছুইটি ফল দেখা যার। প্রথমত দেশীরদের সহিত ব্যবধান দৃচতর, দ্বিতীরত নিজেদের মধ্যে বন্ধন ঘনিষ্ঠতর হইরাছে। কাজকর্ম কোনোমতে সারিয়া ফেলিয়া আপনাদের সেই মণ্ডলীর মধ্যে চুকিরা পড়িবার প্রলোভন বাভাবিক। সেই মণ্ডলীর সহিত অবশিষ্ট ভারতবর্ষের প্রভেদ ইংরেজের কাছে অত্যক্ত অধিক এবং অঞ্চচিকর।

এই কারণে ভারতবর্ষের সহিত ইংরেজের সম্পর্ক উন্তরোত্তর তেলে-জলের মতো হইতেছে। এবং নিজেরাই আপনাদের স্থাসান্ধনা আরামের একমাত্র উপার হওরাতে পরম্পারের নিকট পরম্পারের পৌরব অতিশর বাড়িয়া উঠিতেছে। এরপ কুট্রিতা যখন স্বাভাবিক তখন ইহার বিরুদ্ধে কোনো কথা বলিবার জো নাই। আমরা কেবল, সরকারি ও বেসরকারি ইংরেজ কেমন করিরা একাকার হইরা আসিতেছে তাহার কারণ নির্বির করিতেছি মাত্র।

• এখন, বে-কোনো বিধান বা রাজনীতি ভারতবর্ষীর ইংরেজ-সাধারণের অপ্রির তাহাতে হাত দিতে গেলেই সামাজিক চক্লুক্জাটা অত্যন্ত অধিক হইরা উঠে। টেনিস-কোর্ট, নৃত্যশালা, লিকার-পার্টি, রজমঞ্চ, সংগীতসভার বসম্প্রদারের মতামতকে সর্বদা ঠেলিয়া চলা অসামান্ত বলশালী লোকের কর্ম। তর্কজন্মে বা কর্মক্ষেত্রে মতবিরোধ অনেক সমর বমতরক্ষার উত্তেজনাম্বরূপ হয়,—কিন্তু খেলার আমোদে আহারে বিহারে নারীকঠে বা শ্রীকটাক্ষে অন্তক্ত এবং অর্থাক্ত মতামতগুলি অত্যন্ত তুর্ধা।

তা ছাড়া যে শাসনকর্তা রাজ্বোচিত ঔদার্থের সহিত আমাদের কথার কর্ণপাত করিতে নারাজ না হন, ইংরেজ-মহলে তাঁহার প্রতি একটা অত্যন্ত কঠিন অপবাদ প্রচার হয়। বলে যে, তিনি ভারতবর্ষীয় আন্দোলনকারীদের বারা চালিত হইতেছেন। ইংরেজের পক্ষে এমন তুর্বলতা আর কী হইতে পারে।

কিন্তু অপবাদকারীরা এ-কথা ভূলিরা যায় যে, তুর্বলের কথায় কান দেওয়া তুর্বলতার ঠিক বিপরীত। তাহাই সবলের লক্ষণ। আজকাল শাসনকর্ভাদের পক্ষে শক্ত হইয়াছে ইংরেজ্ব-সমাজের ঘারা চালিত না হওয়া; তাহাই তাঁহাদের পক্ষে তুর্বলতা। পাছে এমন কথা উঠে যে, কনগ্রেসের দলবদ্ধ কাতরতার ভূলিল, সেই মনে করিয়া কোনো উদারনীতি প্রবর্তনে দিধা বোধ করা ইহাই তুর্বলতা; ইংরেজ্ব পত্রসম্পাদকের সহিত রাজসিংহাসন ভাগাভাগি করিয়া লওয়া, ইহাই তুর্বলতা। এখনকার ভারত-শাসনবাাপার ভারতবর্ষীর ইংরেজের সামাজিকতাজালে আপাদমন্তক জড়িত এবং সেইজন্তই তুর্বল। সেইজন্ত প্রেমনীতি-ক্ষমানীতির উপরে ভারতসামাজ্যকে স্থায়িরপে প্রতিষ্ঠিত করিয়ার চেষ্টা যে কেবল রহিত হইতেছে তাহা নহে তাহা প্রকাশভাবে উপেক্ষিত অবজ্ঞাত উপহসিত হইতেছে। সর্বপ্রকার বিচারবিবেকবিধান লজ্মন করিয়া আকন্ষিক জবরদন্তি দারা ত্রংবিত প্রজাদিগকে জ্ঞ্জিত করিয়া দেওয়াই প্রবলের ধর্ম এবং ক্ষমা, ধৈর্ম, অবিচলিত অপক্ষপাত, অথবা তুর্বলের প্রতি প্রজার প্রতি

¢

বরিশাল হইতে দেশবদ্ধ শ্রীযুক্ত অশ্বিনীকুমার দত্ত মহাশন্ত কনগ্রেস সম্বন্ধ একটি আলোচনাপত্র আমাদের নিকট পাঠাইরাছেন। আমাদের যাহা বক্তব্য তাহা সংক্ষেপে বলিতে চেষ্টা করিব।

আমরা জানি ইংলণ্ডে রাজনৈতিক আন্দোলনের জন্ম অনেক সভা আছে। এবং সময়ে সময়ে "কর্ন ল" প্রভৃতি বিশেষ বিধি লইরা ইংলণ্ডের অনেক উপ্তমশীল মহাত্মা অপ্রান্ত অধ্যবসায়ের সহিত ত্বদেশকে ত্বমতে দীক্ষিত করিরাছেন।

তাঁহাদের উংসাহ ও অধ্যবসায় বারংবার বাধা সত্তেও নিরন্ত হর না, এবং আমাদেরই বা অল্প বিল্পে কেন হয়? অবশ্র, উভ্নমনীলতার তাঁহারা আমাদের অপেক্ষা শ্রেষ্ঠ, সে একটা কারণ; কিন্তু যথার্থ কারণ, তাঁহারা আনালতার বীজ্ঞ নিজ্ঞের জমিতে বপন করিতেছেন, আকাশকুসুমপ্রত্যাশী হতভাগ্য আমাদের মতো বাতাসে উড়াইরা দিতেছেন না।

গবর্মেন্টের সহিত তাঁহাদের অচ্ছেন্থ সম্বন্ধ। তাঁহাদের হংপিও হইতেই রক্ত সঞ্চালিত হইয়া গবর্মেন্টের হাত পাকে কার্যক্ষম করিয়া তুলে। তাঁহাদের পক্ষে দেশকে বিশেষ মতে দীক্ষিত করা এবং সেই মতের ঘারা গবর্মেন্টকে চালিত করা একই কথা।

কিন্তু আমাদের কনগ্রেস গবর্মেন্টের দ্বারের বাহিরে। তাহার কেবল ভিক্ষার অধিকার আছে। সেই ভিক্ষার মধ্যে এমন আশার মহন্ত বা কর্মের গৌরব কিছুই নাই যাহাতে দেশকে দীর্ঘকাল উৎসাহিত করিয়া রাধিতে পারে।

আমরা নিশ্চর জানি অমুগ্রহস্বরূপ আজ যাহা লাভ করিব, কাল তাহা হারাইবার কোনো বাধা নাই। দয়া করিয়া আজ যদি আমাদিগকে কেহ স্বায়ন্তশাসন দিলেন ভাবিলাম এক পরমার্থ লাভ হইল, আবার কর্তাদের মধ্যে কাল যদি সেটাকে কেহ পদু করিয়া দেন তবে আমরা কেবল বক্ষে করাঘাত করিয়া হাহাকার করিয়া মরিব।

আমাদের অদৃষ্টে ভারতের রাজশক্তি অনেকটা পদ্মানদীর মতো। আব্দ পাঁচ বংসরে
আমাদের কপালে বেখানে পলি পড়িল পরের পাঁচ বংসরে সেখানে বালি পড়িতে এবং
ভাহার পরের পাঁচ বংসরে ভাঙন ধরিতে কোনো বাধা নাই। এই চরের উপর বদি
আমরা কনগ্রেসের ভিত্তি স্থাপন করিয়া তাহার স্থারিত্ব প্রত্যাশা করি তবে আমরা মৃচ।
কনগ্রেস যদি নিজ শক্তিতে দেশের স্থারী উরতি সাধন করিতে পারে, তবেই সে দেশের
ক্ষারের মধ্যে স্থারী প্রতিষ্ঠা লাভ করিবে, কিন্তু যদি বিচিত্র মেজাজের প্রভুগরম্পরার

নিকট কনন্টিট্যুশনাল লাঙ্গুল আন্দোলনকেই সে আগন কর্তব্য জ্ঞান করে, তবে অভ্য ক্লটির টুকরা এবং কল্য লাঠির গুঁতা ধাইরা পথের প্রান্তে পঞ্চম্বলাভই তাহার আদৃষ্টে আছে।

এইরূপ ভিক্ষার্ত্তির মধ্যে অনেক নীচত্ব আপনি সাসিরা পড়ে। স্বাধীনক্ষমতাদৃগু প্রভ্র মন জোগাইতে গেলেই কপট নম্নতা, মিধ্যা আক্ষালন, সত্য গোপন এবং আত্মপ্রক্না, ত্র্বপপক শতই, অনেক সমন্ত্র নিজের অক্সাতসারেও, অবলম্বন করিয়া বসে। ইহাতে ক্রমণ যে হীনতা আসে ভিক্ষালক্ক অধিকার্থতে তাহা পূর্ব করিতে পারে না।

এইজন্ত আমরা অনেক সমরে ভাবিরাছি গবর্মেন্ট অবজ্ঞাসহকারে কনগ্রেসের আবেদনে কর্ণপাত না করিরা আমাদিগকে শাপে বর দিতেছেন। আমাদিগকে যথার্ঘ পথে প্রেরণ করিতেছেন। সে-পথ আয়াশক্তির পথ। ভিক্ষা যদি প্রণ করিতেন তবে আমাদিগকে কঠিন কর্তব্যপথ হইতে ভ্রষ্ট করিরা সহজ্ঞ দেশহিতৈবিতার স্মকোমল হীনতাপঙ্কের মধ্যে, ভিত্তিহীন আয়্লাম্যা, অমৃলক ক্সজ্ঞিম উন্নতি, এবং অনধিকারলক্ষ আরামনিস্রার রসাতলে লইরা ক্লেলিতেন।

এ-কথা আমরা অন্তরের মধ্যে ব্ঝিতে আরম্ভ করিয়াছি। আমরা আপনাদিগকে জিজ্ঞাসা করিতেছি, এতদিন কী করিলাম, ইহাতে ফল কী হইতেছে; এতকাল যাহা বর্বে প্রার্থনা করিয়া আসিতেছি সবই যদি ইংরেজ-রাজ আমাদের জীর্ন আঁচল পূর্ণ করিয়া দান করেন তবু কি আমরা যথার্থ বড়ো হইব, অন্তরের মধ্যে সার্থকতা অন্তর্ভব করিব ? এই সমন্ত প্রশ্ন এবং এই সকল সংশয় বর্বে বর্বে আমাদের উৎসাহ নির্বাণ করিয়া আনিতেছে।

কনগ্রেসের প্রত্যেক অধিবেশনেই আমাদিগকে দেশের হিভাস্ফানে থানিকটা দ্র করিরা অগ্রসর হওরা চাই। চাকা যে কেবলমাত্র ভেল ও ঠেলার বারা চলে তাহা নহে নিজের গতিবেগও তাহাকে চালনা করে। সেইরুপ, কার্যচক্র লোকের আকর্ষনে যেমন চলে নিজের কর্মগতিতেও তেমনি বেগ প্রাপ্ত হয়,—কাজের বারা কাজ অগ্রসর হয়।

কিন্তু কাম্বের ভার যখন পরের উপর, কেবল প্রার্থনার অধিকার আমাদের—এবং সেই পরও যখন প্রতিকৃল, তখন, কিছু যে কাম্ব হইতেছে তাহা অমুভব করিব কেমন করিয়। এই লন্দীছাড়া ভিক্লাকার্যে আমাদের উৎসাহ কিসে সঞ্জীব রাখিবে।

সমালোচ্য পত্রধানির এক জারগার আভাস আছে বে নৃতনত্বের হ্রাস হওরাতে আমাদের উৎসাহ ক্রমে ব্লান হইরা আসিতেছে। কিন্তু বেমন বিজ্ঞানের নব নব আবিষ্ণারের সঙ্গে জগতের রহস্ত অধিকতর প্রসারিত হইরা যার তেমনি কাজ বত সম্পন্ন হয় উন্থমের নৃতনত্ব ততই বাড়িতে পাকে। কিন্তু বেপানে কাজ নাই কেবলই আরোজন সেধানে উৎসাহের নবীনতা ক্রত্রিম উপারে রক্ষা করা অসাধ্য। ভিক্ষাচর্বা ষতই নৈপুণাসহকারে নব নব কৌশলে নিশার হউক তাহাকে কাজ বলিরা গণ্য করিতে 'পারি না।

প্রতি বংসর সমন্ত ভারতবর্ষ একত হইরা অন্তত একটা কিছু কাঞ্চ আমরা নিজেরা যদি করিতে পারি, তবে সেই কৃতকার্যতার উৎসাহে পরবংসরের কনগ্রেস আপনি সঞ্জীব হইরা উঠিবে।

দৃষ্টাম্বস্কপ একটা কাব্দের উল্লেখ করিতে পারি। বোদাইরের পার্দি মহাস্মা শ্রীযুক্ত টাটা ভারতবর্ধে যে বিজ্ঞানপরীক্ষাশালার জম্ম প্রচুর অর্থ দান করিয়াছেন তাহার সহিত সমস্ত ভারতের যোগসাধন করা কেবল কনগ্রেসের ক্যায় কোনো বিশ্বভারত-সন্মিলনীসভার খারাই সাধ্য।

উক্ত পরীক্ষাশালা কেবলমাত্র শ্রীযুক্ত টাটার অর্থসাহাষ্য দারা সম্পূর্ণতা লাভ করিতে পারে না। ভারতের ভিন্ন ভিন্ন প্রদেশের প্রতিনিধিগণ তাঁহাদের স্ব স্থ প্রদেশ হইতে টাদা সংগ্রহ করিয়া যুদি টাটাসাহেবের এই প্রস্তাবটিকে প্রতিষ্ঠা দান করিতে পারেন তবে কনগ্রেসের জন্ম সার্থক হয়।

এইরপ শিল্প বাণিজ্য বিভাশিকা প্রভৃতি সর্ববিষয়েই আমাদের স্থগভীর দৈশ্র আমাদের দেশের লোকের মৃথ তাকাইরা আছে। সমস্ত ভারতবর্ধ একত্র হইরা তিনটে দিনের একটা দিনও সে-কণার কোনো উল্লেখ হয় না,—এমন মহং স্প্রোগ কেবল প্রতিকৃল রাজশক্তির ক্লম্ব লোহিধারের উপর মাধা কৃটিয়াই ফাটিয়া যায়, ইহাতে আমাদের আশা ও উৎসাহের কারণ কী আছে জানি না।

ক্রান্স কর্মানি ইটালি প্রভৃতি যুরোপীর দেশসকল স্বরাজ্যের বাণিজ্য-উন্নতি সাধনের জন্ম ষে-সকল শিল্পবিভালর বাণিজ্যবিভালর প্রভৃতি স্থাপন করিতেছেন তাহা যদি সে-সকল দেশের পক্ষেও অত্যাবশুক হয় তবে আমাদের দেশে তাহার বে কিরপ প্রয়োজন, বলিয়া শেষ করা যার না। আমাদের এ অভাব কে প্রণ করিবে? রাজা যদি নাই করে তবে কি আমরা বসিরা থাকিব এবং আবেদন করিব?

আমাদের রাজা বিদেশী; ওাঁহারা যে রাজকর সংগ্রহ করেন তাহা মাহিনাপত্ত, পেনশন, কম্পেনসেশন, যুদ্ধবিগ্রহ, শৈলবিহার প্রভৃতিতে অনেকটা শুবিরা বার। সে-সমন্ত বিত্তর বাজেখরচ খাটো করিরা দেশের ধন দেশের স্থারী হিতসাধনে বার করিবার জন্ত কনগ্রেস বহবৎসর চীংকার করিলেও রাজার কিন্ধুপ মার্জি হইবে তাহা কেহই বলিতে পারে না। সেই অনিশ্চিত আখাসে স্থার্থ কাল বক্তৃতাদি না করিরা আমরা বদি সমন্ত ভারতের সমবেত চেষ্টার একটা উপযুক্ত শিল্পবিদ্যালয় স্থাপন করিতে পারি তবে তাহাতেই কনগ্রেসের গোরব বাড়িবে। বিদেশী রাজা নানাকারণে অনেক কাজ করিতে পারে না, বদেশী কনগ্রেস সেই কাজগুলি সম্পন্ন করুক। আমাদের রাজা বাহা পারে না বা করে না, কনগ্রেস তাহাই নিজের সাধ্যমত করিবে ইহাই তাহার ব্রত হউক। বিদেশী তো আমাদের অনেক করিরাছে এখন স্বদেশী কী করিতে পারে তাহাই দেখাইবার সমন্ত আসিয়াছে,—বংসর বংসর এখন আর সেই অভান্ত পুরাতন ভিক্ষার বৃলি হতাশাসকণ্ঠে পরের ভাষার পরের বাবে ঘোষণা করিরা লেশমাত্র স্থুপ হর না।

বেমন আস্থীরের মৃত্যুদর্শনে আমাদের মনে একটা সুগজীর বৈরাগ্যের উদর হয় এবং সেই বৈরাগ্য আমাদিগকৈ কণকালের জন্তও মোহবন্ধন হইতে মৃক্ত করিয়া দেয়—সম্প্রতি আমাদের মনে সেইরূপ একটা রাজনৈতিক বৈরাগ্য উপস্থিত হইয়াছিল। মহামারী ঘুর্ভিক্ষ প্রভৃতিতে আমরা ববন অত্যন্ত উৎপীড়িত হইয়াছিলাম সেই সময় হঠাং আমাদের গবর্মেন্টের বেরূপ চেহারা বাহির হইয়াছিল তাহাতে ব্রিয়াছিলাম আমরা তাঁহাদের আপনার নহি। এবং তংপূর্বে আমাদের একটা ধারণা ছিল বে, রাজ্যের বিধিব্যবন্ধা সমস্তই পাকা, কিন্তু হঠাং যথন দেখিলাম তাহাও দ্বিধাবিদীর্ণ হইল, এবং তাহার মধ্যে ঘুই নাট্ন ল্রাভা কোবায় তলাইয়া গেলেন, তবন রাজবিধানের প্রতি আমাদের যে একটা অটল শ্রদ্ধা ও নির্ভর এতদিন লালিত হইয়া উঠিতেছিল তাহার অপ্যাতমৃত্যু হইল। সেই সময়ে ভারতবর্ষের আজোপান্তে শিক্ষিত ব্যক্তিমাত্রের মনে একটা স্থাজীর রাজনৈতিক বৈরাগ্য জন্মিয়াছিল, মোহ ছুটয়াছিল, ব্রিয়াছিলাম নিজের চেষ্টার যতনুকু হয় তাহারই উপর বথার্য ছারী নির্ভর।

এই বৈরাগা এই চৈতক্ত পরম হিতকর। ইহাতে আমাদের ষণার্থ অবস্থা আমরা বৃথিতে পারি এবং আমাদের সমন্ত বিক্ষিপ্ত চেষ্টা নিজের দিকে ফিরিয়া আসে। ভিক্ষাবৃত্তির অনিক্ষিত আখাসের প্রতি একাস্থ ধিক্কার জরে। কিন্তু সেদিনের কঠিন শিক্ষা আমরা এই অল্পকালের মধ্যেই যেন ভূলিতে বসিরাছি। কিন্তু সে-শিক্ষা ভূলিবার নয়; অন্তত দেশের ছুই-চার জনের মনেও তাহা মুদ্রিত থাকিবে; এবং সেই শিক্ষা কর্মের ও কনকারেশকে ক্রমে ক্রমে থীরে ধীরে এই ধিক্কৃত ভিক্ষাবৃত্তির অনম্ভ লাছনার পথ ছুইতে স্বচেষ্টার স্বকার্যসাধনের দিকে নিঃসন্দেহ ক্রিরাইয়া আনিবে। ভাছা যদি না আনিতে পারে তবে একদা এই কনপ্রেসকে লক্ষা, নৈরাশ্র ও অপমৃত্যুর হাত ছুইতে কেছ রক্ষা করিতে পারিবে,না।

## মুখুজ্যে বনাম বাঁড়ুজ্যে

রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় মহাশয় সম্প্রতি এক সম্প্রদায় জমিদারের মুখপার হইয়া কনগ্রেসপক্ষীয়ের প্রতি অবজ্ঞা প্রকাশপূর্বক আক্ষেপ করিয়াছেন যে, দেশের যাহারা "ক্যাচারাল লাভার" বা স্বাভাবিক অধিনেতা বা প্রকৃত মোড়ল, নানা অস্বাভাবিক কারণে ক্ষমতা তাহাদের হস্ত হইতে বিচ্যুত হইয়া পড়িতেছে।

রাজত্ব কাহার হইবে ইহা লইয়া অনেক দেশে অনেক লড়াই হইয়া গিয়াছে।
কুরুপাওবের মধ্যেও একটা থুব বড়ো রকম তর্ক হইয়াছিল যে, রাজ্যো কাহার
স্বাভাবিক অধিকার। উভয় পক্ষ হইতে বে-সকল স্ক্র এবং ফুল, তীক্ষ এবং
ফুরুতর মারাত্মক যুক্তি প্রয়োগ হইয়াছিল মহাভারতে তাহার বিস্তারিত বর্ণনা আছে।

দাদা ধৃতরাষ্ট্র বড়ো বটে কিস্কু তিনি অন্ধ, সেইজন্ম কনিষ্ঠবংশে রাজ্যের ভার পড়িয়াছিল। আমাদের জমিদার-কৌরবপক্ষীয়ের যদি স্বাভাবিক অন্ধতা না থাকিত তবে কনিষ্ঠ কনগ্রেস-পাণ্ডবগণের নেতৃত্ব-সিংহাসনে দাবি থাকিত না।

যাহা হউক, গৃহবিবাদে মঞ্চল নাই। কতকটা স্থবের বিষয় এই যে, এ-বিবাদ একটা মৌধিক অভিনয়মাত্র। মৃখুজ্যেমহাশয় মনে মনে বেশ জানেন যে, বাঁছুজ্যেমহাশয় কম লোক নহেন কিন্তু সরকারের কাছে সে-কথা বলিয়া স্থবিধা নাই। তাঁহাদের বলিতে হয়, গুজুরেরা যে কনগ্রেসকে ত্চক্ষে দেখিতে পারেন না আমাদেরও ঠিক সেই দশা।

ধৃতরাষ্ট্র অন্ধ, গান্ধারী সেই আক্ষেপে নিজের চোখে কাপড় বাঁধিতেন, কারণ তিনি সাধনী ছিলেন। গবর্মেন্ট যদি কাহারও প্রতি অন্ধ হন, তবে মুখুজ্যে মহাশয়ের কর্তব্য চোখে কাপড় বাঁধা, কারণ তাঁহারা খয়ের থা।

কেবল রাজভক্তি নহে, ইহার মধ্যে একটু পাকা চালও আছে। উপরওআলা রাজপুক্ষেরা আজকাল যখন স্পষ্টত নৃতন জনসভাসকলের প্রতি বিষেষ প্রকাশ করিয়াছেন তথন এ-কথা বলিবার স্থযোগ হইয়াছে যে, সরকার যদি মুখুজ্যেমহাশন্ত্রদিগকে যথেষ্ট পরিমাণে বাড়াইয়া দেন তাহা হইলে বাড়ুজ্যেমহাশন্তরা আর এত বাড়াবাড়ি করিতে পারেন না। আমরা স্বভাবতই বড়োলোক, তোমরাও আমাদিগকে বড়ো করিরা রাখো, কনগ্রেস আপনি ছোটো হইয়া যাইবে। আমরা স্ফীত আছি বটে কিছু আরও স্ফীত হইতে পারি তোমরা আর-একটু ফুঁ দাও যদি। তাহা হইলে ওই চাকরিবঞ্চিত নৈরাক্তপীড়িত কুশ কনগ্রেসটাকে আরও অনেকটা ক্ষীণ দেখিতে হয়।

কনগ্রেসকে নির্বাসনে দিয়া নিজেরা পরিপৃষ্ট হইবার জন্ম জমিদার-সমাজ ও একটা দ্যতকীড়ার স্টনা করিয়াছেন। তাঁহারা সমর বৃদ্ধিরা যে অক্ষ কেলিয়াছেন তাহা সম্পূর্ণ অকপট নছে ইছাই বর্তমান প্রবছের আলোচ্য। এইবার পোরানিক তুলনাটাকে খতম।
করিয়া দিয়া প্রস্নৃত বিষয়ের অবতারণা করি।

প্রশ্ন এই যে আমাদের দেশের জনসাধারণের স্বাভাবিক অধিনেতা কে? উত্তর দেওয়া কঠিন। কারণ, "লীভার" ইংরেজি শব্দ বিদিচ আমাদের অভ্যন্ত এবং তাহার বাংলা অন্থবাদও স্থকঠিন নহে, এবং সৈম্ভগণের নেতা, ধর্মসম্প্রদারের নেতা প্রভৃতি ভিন্ন জিলে নেতৃত্বের ভাব আমাদের নিকট পরিচিত বলিরা জনসাধারণের নেতা শব্দী আমাদের কানে ধট করিয়া বাজে না কিন্ত জিনিসটা এখানকার নহে। এই নেতৃত্বের কোনো ঐতিহাসিক নজির নাই স্প্তরাং কাহার পক্ষে ইহা স্বাভাবিক, অর্থাং চিরপ্রধাসংগত, তাহা হঠাং বলা ধার না।

প্রথম কথা এই বে, জনসাধারণ বলিয়া একটা পদার্থ এ-দেশে ছিল না। গ্রাম ছিল, পল্লী ছিল, পরিবার ছিল, পঞ্চায়ত ছিল, মোড়ল ছিল, কর্ডা ছিল, কিন্তু জনসাধারণ ছিল না এবং তাহার অধিনেতা আরও তুর্লভ ছিল।

এক্ষণে, ইংরেজের দৃষ্টান্ত, শিক্ষা এবং একেশব রাজ্জের বিপুল পক্ষপুটের তা লাগিয়া জনসাধারণ যদি ফুটিয়া উঠিবার উপক্রম করে, সে আপনার মাধা আপনি লইয়া আসিবে, গবর্মেন্ট জোর করিয়া মৃথুজ্যেমশায়দিগকে তাহার সহিত ষোজনা করিয়া দিলে আর-কিছু না হউক তাহা তাঁহাদের ক্ষিত্যতো স্তাচারাল অর্থাং স্বাভাবিক হইবে না।

এমন কি জনসাধারণ নামক বিরাট বিহুল্পের মৃগুটাই সব-প্রথমে চঞ্ছারা ঠুকিরা ঠুকিরা ভিম্ব বিদারণ করিরা আলোকপথে দেখা দের, পৃচ্ছ-অংশ পরে বাহির হইরা পড়ে। আমরা এখন সেই অবস্থার আছি। জনসাধারণের মৃগু ঘাঁহারা তাঁহারাই সম্প্রতি বহুক্লরবসহকারে প্রকাশমান, তাঁহাদেরই চঞ্চুম্পল মৃক্তিপথের কঠিন আবরণ অপসারণে প্রবৃত্ত, স্বানষ্টি অংশ এখনও বাধানারা গুপ্ত। মৃথুজ্যেমহাশরেরা যে সেই পুছের মধ্যে প্রচ্ছের আছেন তাহা না হইতে পারে। তাঁহারা জনসাধারণ নহেন, তাঁহারা বিশিষ্টসাধারণ, মাটতে তাঁহাদের বাসা নহে, উচ্চ শাধার তাঁহাদের নীড় কিন্তু তাঁহারা গতই মহং হউন না কেন জনসাধারণের মুখপাত্র নহেন।

অবস্ত এ-কথা স্বীকার করিতেই হয় বাঁহার হতে ক্ষমতা অধিক অনেক লোক তাঁহার অফ্রবর্তী হইরা থাকে। কিন্তু আমাদের শাল্লে এবং দেশাচারে ক্ষমতা এমনি থণ্ড থণ্ড বিভাগ করিরা দিরাছে যে, যতবড়োই লোক হউন তাঁহার ক্ষমতা পদে পদে সীমাবত। আমাদের দেশে অমিদার অমিদারমাত্র, তিনি জ্লুম করিরা খাজনা আদায় করিতে পারেন কিন্তু সমাজে তাঁহার অধিক অধিকার নাই। তাঁহারই একজন দীন প্রজা সমাজে হয়তো তাঁহা অপেক্ষা প্রতাপশালী। এইজন্ত জাতি ও সমাজ লইয়া রাজা-মহারাজাকেও হিমসিম খাইতে হয়।

ইংলণ্ডে ইহা সম্ভবপর নহে। একজন ইংরেজ বড়ো জমিদার তাঁহার কোনো।
দীন প্রজা অপেকা সমাজে গাটো হইতে পারেন না। তাঁহার ধনসম্পদ ও ক্ষমতা,
সমাজে তাঁহাকে উচ্চাসন দেয়। তাঁহার অধীনস্থ কোনো ফার্মার (বাংলার
জোতদারের সমত্ল্য ব্যক্তি) সোসাইটিতে তাঁহাকে অতিক্রম করিতে পারে না। অতএব
সে-স্থলে একজন ইংরেজ বড়ো জমিদার প্রজাদের নিকট হইতে সর্বতোভাবে মর্বাদালাভ
করিতে পারেন।

কেবল তাহাই নহে। ইংলণ্ডে উপাধিধারী প্রাচীন জমিদারবংশ আছে। শুনা যায় এই সকল প্রাচীন উপাধিধারীর প্রতি মৃদ্ধভাব ইংরেজ জনসাধারণের মধ্যে অতান্ত প্রবল। তাহার কারণ, এই সকল লর্ড প্রভৃতি উপাধির সহিত অধিনায়কতার ভাব দেশের লোকের মনে বন্ধমূল। পূর্ব-ইতিহাসে যুদ্ধবিগ্রহ শান্তিস্থাপন এবং সর্বপ্রকার সাধারণকার্বের নেতৃত্বে ইহারাই এককালে প্রধান ছিলেন। এখন যদিচ ইহাদের কার্যকারিতা হ্রাস হইয়া ইহারা অনেকটা অলংকারের কান্ত করিতেছেন তথাপি কাল-পরম্পরাগত সেই সম্মানপ্রবাহ ভাহািদিগকে সমাজের অগ্রভাগে বহন করিয়া রাধিয়াছে।

আমাদের দেশে তাহার অফ্রপ আদর্শ ব্রাহ্মণমণ্ডলী। কিন্তু প্রান্ত উপমা খাটাইরা আমাদের জমিদারবর্গ আপনাদিগকে ইংলণ্ডের সেই লর্ডপ্রেণীর সহিত তুলনীর জ্ঞান করেন, এবং তাঁহাদের ভাবভঙ্গি অফুকরণেরও চেষ্টা করিয়া থাকেন। তাঁহারা বলেন, আমরা আরিক্টকোটস।

আারিস্টক্রাট শব্দের বাংলাই পাওয়া যায় না। প্রাচীন "অভিজ্ঞাত" শব্দ বাংলাদেশে অপরিচিত। "কুলীন" শব্দ সর্বন্ধনবিদিত। কিন্তু কৌলীস্ত বিলাতিভাবের আারিস্টক্রাসি নহে।

আমাদের দেশে ধনের সন্মান মুরোপের ক্যার তেমন অধিক নছে। এমন কি, যে-সকল জাতির মধ্যে ধনী মহাজন বিশুর আছে তাহারা সমাজে উচ্চস্থান লাভ করিতে পারে নাই।

আমাদের দেশে রাজা-রারবাহাত্রদের দেখিরাও লোকে অত্যন্ত অভিমৃত হইরা পড়ে না। তাহার একটা কারণ এই বে, এই সকল পদবীবারা উপাধিধারিগণ সমাজে এক ইঞ্চি উপরে উঠিতে পারেন না। বিবাহ প্রভৃতি ব্যাপারে বাহাদের সহিত তাঁহাদের আদানপ্রদান চলে তাহাদের কেই হয়তো যাত্রার দলে বেহালা বাজার, এমন কি, কেছ হয়তো কনপ্রেসের উপাধিহীন প্রতিনিধি। ইংলগুরি সমাজে থাহারা উপরকার দশজনা বালয়া বিখ্যাত নিচেকার দশলক্ষের সহিত তাঁহাদের ব্যবধান তুর্গম—এই জন্ম সেই দশলক্ষের ভক্তি সেই রহজারত দশজনার দিকে ধাবিত হইতে থাকে। আমাদের দেশে গবর্মেন্টের খেতাব দশলক্ষের সরিধান হইতে সেই দশজনাকে কাটাগাছের মতো বেড়িয়া রাখিতে পারে নাই। বৈবাহিক মহাশরেরা আভিজাত্যের বাহ চারিদিক হইতেই ভেদ করিয়া দেন।

আবার রাজা-রারবাহাত্রবংশের শাধাপ্রশাধা আত্মীরকুট্র ভাগিনের-ভাতৃপুত্র
ধৃড়ত্ত-মাসত্ত ভাইরা মিলিরা উক্ত বংশকে বংশমর্বাদার বহদ্র বাহিরে ব্যাপ্ত বিক্ষিপ্ত
করিরা দের। বটের উচ্চশাধা ধেমন তাহার নিম্নগামী অসংখ্য কোরাকে কাড়িরা
ফেলিতে পারে না, যতই অস্তুত এবং যতই গুরুতর হউক তাহাদিগকে গাত্রিদিন ঘনিষ্ঠভাবে বহন করিতে থাকে তেমনি আমাদের দেশে নিম্নগামী দ্রতম এবং দীনতম
কুট্রব্বজনকেও ত্যাগ করিবার জাে নাই;—বিদ বা তাহাদিগকে অর হইতে বঞ্চিত
করা বার তথাপি সর্বপ্রকার কিরাকর্মে লােকিকাচারে তাহাদের স্পর্শক্রামকতা হইতে
আপন আভিজ্ঞাত্যকে বাঁচাইরা চলিবার কোনাে উপার নাই। এইরপে উচ্চ পদবী
বাহিরকে ভিতর হইতে এবং ভিতরকে বাহির হইতে ঠেকাইরা রাখিতে পারে না।
সাধারণ এবং অসাধারণের মাঝখানে মারাগত্তি কিছুতেই টিকে না।

আমাদের দেশে কঠিন জাতিভেদ ষেমন একদিকে ভিন্ন বর্ণের মধ্যে অগভয় সামাজিক ব্যবধান স্থাপন করিরাছে তেমনি অন্তদিকে ধনী দরিস্র, উচ্চ নীচ, রাজটিকা-গান্ধিত ও খেতাববঞ্চিতদিগকে সমান করিরা রাধিরাছে।

প্রাচীন বংশের একটা মোহ আছে বটে। কিন্তু বর্তমান ধনী জমিদারদের মধ্যে নাটোর প্রভৃতি ছুই-এক ঘর ছাড়া প্রাচীন বংশ নাই বলিলেই হয়। আমাদের দেশে বেরপ সম্পত্তিবিভাগ ভাহাতে ধনগোরবকে প্রাচীন করিয়া ভোলা একপ্রকার অসাধ্য; দারভাগের শভন্নীপ্রহারে সে দেখিতে দেখিতে শতধা বিভক্ত হইরা অকালে পঞ্চত্ব এমন কি, পঞ্চাধিকত্ব প্রাপ্ত হয়।

এই তো গেল গোরবের কথা। কিন্ধ আমাদের দেশে খনের গোরব অহাপি ষথেষ্ট জাগে নাই বটে তবু তাহার প্ররোজন যথেষ্ট আছে এ-কথা অস্বীকার করা যার না। অতএব বাঁহাদের হাতে ধন আছে তাঁহারা প্রয়োজনসাধন করিয়া সাধারণের আহুগত্য আকর্ষণ করিতে পারেন। তাঁহাদের পক্ষে নেতা হইবার সেই একটা সোনার রাস্তা আছে।

কিন্তু আমাদের অভিজাতগণ বাহাকে রাজপণ জান করেন তাহা রাজা হইবার পণ ;—অক্ত পথের শেষে দেশের কল্যাণ ও সাধারণের হলর গাঁকিতে পারে কিন্তু থেতাবের ধনি নাই, এইজন্ম সে-পথে বড়োলোকের জুড়িগাড়ি প্রায় দেখা যার না। একটা দৃষ্টাস্ত দিলেই তাহা সকলের প্রতীত হইবে। সার আলক্ষেত ক্রম্ক ট হরতো ভালো লোক এবং বড়োলোক, কিন্তু বিভাসাগর তাঁহা অপেক্ষা অনেক বেলি ভালো লোক এবং বড়োলোক, এবং সকলের বেলি, তিনি আমাদের স্বদেশী লোক। কিন্তু ক্রম্ক ট সাহেব ভারত ছাড়িয়া স্বদেশে গিয়াছেন সেই শোকে বিহ্বল হইয়া তাঁহার শতিচিছ নির্মাণে ধনিগণ উৎস্ক হইয়া উঠিয়াছেন, আর, বিভাসাগর ইহসংসার ত্যাগ করিয়া গেলেন দেশের ধনশালীরা কোনোপ্রকার চেটা করিলেন না! ইহারা দেশের স্থাচারাল লীডর! আমাদের স্বাভাবিক চালক! ইহারা কোন্দিকে আমাদিগকে চালনা করিবেন? আমাদের স্বাভাবিক চালক! ইহারা কোন্দিকে আমাদিগকে চালনা করিবেন? আমাদের দেশের মহোচ্চ মহদাশয়দিগের দিকে নহে, ইংরেজ মেজো-সাহেব সেজোসাহেব ছোটোসাহেবের দিকে; আমাদের দীনহীন দেশের সহস্র অভাব মোচনের দিকে নহে, সাহেবের নিকুঞ্জবনে গড়ের বাজের শ্রীবৃদ্বিসাধনের দিকে? সাহেব রাজকর্মচারীরা বিলাতে চলিয়া গেলে দেশীয় ধনিগণ তাঁহাদের প্রতিমা স্থাপন করিবেন ইহাতে আমরা আপত্তি করি না, কিন্তু দেশীয় প্রাগণের জক্তও যদি সেই পরিমাণে কিছু ত্যাগস্বীকার করেন তবে দেশের নায়কত্বে তাঁহাদের কণ্ডিং দাবি থাকে।

সেকালের ধনী জমিদারগণ নবাব-সরকারে প্রতিপত্তি ও পদবী লাভের জন্ত কিরুপ চেষ্টা করিতেন ও কোনো চেষ্টা করিতেন কিনা তাহা আমরা ভালোরপ জানি না। তথন নবাব-দরবারের প্রসন্ধতা হইতে কেবল শৃষ্ঠাগর্ভ খেতাব ফলিত না, তথন সম্মানের মধ্যে সোভাগ্য এবং রাজপদের মধ্যে সম্পদ পূর্ণ থাকিত, অতএব ভাহা লাভের জন্ত আনকেই চেষ্টা করিতেন সন্দেহ নাই। কিন্তু তথনকার যাহা সাধারণ হিতকার্থ,—অর্থাৎ দিদ্নি খনন, মন্দির স্থাপন, বাঁধ নির্মাণ, এই সকলকেই তাঁহারা যথার্থ কীতি বলিরা জ্ঞান করিতেন, খেতাবলাভকে নহে। দলের নিকট ধন্ত হইবার আকাজ্যা তাঁহাদের প্রবল ছিল। তথন এই সকল হিতকার্য রাজসম্মানের মূল্যম্বরপ ছিল না,—ইহাতে সাধারণের সম্মান আকর্ষণ করিত। সেই সাধারণের সম্মানের প্রতি তাঁহাদের উপেক্ষা ছিল না। রানী ভবানী, রাজা কৃষ্ণচক্র ইহারা তৎকালীন নবাবদন্ত বিলেষ জন্ত্যাহের যারা উজ্জ্বল নহেন, ইহারা বিচিত্র কীতিয়ারা লোকসাধারণের হৃদয়ের মধ্যে জাপন অক্ষয় মৃতি স্থাপন করিরাছেন। তখন জনগণের নিকট হইতে হিতকারী দেশপতিগণ বে খেতাব লাভ করিতেন, তাহা আধুনিক দেশী বিলাতি সর্বপ্রকার খেতাবের জপেক্ষা অনেক উচ্চ; তাহা নিম্নে উদ্ধৃত হইল:

আর্তানাম্ ইহ অন্ত্রাম্ আর্তিছেদং করোতি বঃ
শথ্যক্রপাহীনো বিভূজঃ প্রমেশ্র:।

কীর্তিস্থাপনের দারা লোকহিতসাধন অথবা সাধারণের নিকট খ্যাতিলাভ এখনকার ধনিগণের নিকট তেমন স্পৃহনীর নহে।

আরব্য উপস্থাসে সিদ্ধবাদের কাহিনীতে পড়া বায় বে, চুম্বন লৈলের আকর্বনে দ্র হৈতে জাহাজের সমন্ত লোহার পেরেক ছুটিরা বাহির হইরা আসিত, তেমনি আমাদের বে-সকল ধনী জমিদার আপন আপন ছ্বওের মধ্যে দৃঢ়ভাবে নিহিত ছিলেন, দানধ্যান ক্রিয়াকলাপ এবং লোকহিতকর বিচিত্র স্থারী কীতিবারা এই জীর্ণ দেশটাকে একপ্রকার জুড়িরা রাধিরা বছলোকবহনকার্থ সম্পন্ন করিতেছিলেন, প্রবল ইংরেজ রাজার সমৃচ্চ চুম্বন লৈলে অলক্ষ্যে অনারাসে তাঁহাদিগকে দেশের লোকের নিকট হইতে ছিঁড়িরা বেন একমাত্র নিজের দিকে আকর্ষণ করিয়া আনিতেছে। সমন্ত পূজা-অর্চনা দানদ্দিশা সাহেবের অভিমুখে, সমন্ত খ্যাতিপ্রতিপত্তি সম্মান-সমাদর সাহেবের হন্ত হইতে। সেকালে রাজার আকর্ষণ এবং স্বদেশী সাধারণের আকর্ষণ অন্তত সমান ছিল—নবাব-বাদশারা আমাদের ধনী জমিদারগণকে দেশের কাছ হইতে এমন করিয়া টানিয়া গ্রাস করিতে পারে নাই; কর্তবা-অকর্তব্যের আদর্শ, স্বতিনিন্দার চরম দণ্ড-পুরস্কার বিধান দেশের লোকের হাতে ছিল।

অভএব দেখা ঘাইতেছে, সেকালে বিশিষ্ট ব্যক্তিরা সর্বসাধারণের সহিত যে হিতামুষ্ঠানস্ত্রে বন্ধ ছিলেন একালে তাহাও নাই, আবার নিজেদের মধ্যে একটা অভিজ্ঞাতমপ্রকীবন্ধন করিরা সম্প্রদারগত মহন্তকে অক্ষভাবে রক্ষণ ও পোষণ, তাহারও সম্ভাবনা নাই। ইহারা নিজপোরবেও উচ্চ নহেন, সর্বসাধারণের সহিত ঐক্য দারাও বৃহৎ বলিষ্ঠ নহেন। ইহারা বিলাতের লর্ডদের নাার স্বতম্ব নহেন, বিলাতের জননায়কদের নাারও প্রবল্প নহেন। ইহারা বনস্পতির নাার বিচ্ছিন্ন বৃহৎ নহেন, ওর্ধির মত ব্যাপ্ত বিশ্বতও নহেন; ইহারা কুমাগুলতার নাার একমাত্র গবর্মেন্টের আশ্রেরপৃষ্টি বাহিরা উন্নতির পথে চড়িতে চাহেন,—ভূলিরা যান বে সেই সংকীর্ণ রাজদণ্ডবাহী উচ্চতা অপেক্ষা গুল্মসমাজের ধর্বতা শ্রের এবং তৃণসমাজের নম্রতা শোভন।

পুরাকালের বড়ো জমিদারগণ রান্তাষাট করিয়া সাধারণের অভাব মোচন, যাত্রাগান প্রভৃতি উৎসবের ছারা সাধারণের আমোদ বিধান এবং গুণী, পণ্ডিত ও কবিদের প্রতিপালন ছারা দেশের শিল্পসাহিত্যের রক্ষণ ও পালন করিতেন। তাঁহারাই আমাদের দেশে দানশীলতার ও সমাজহিতৈয়ার উচ্চ আদর্শ জাগ্রত করিয়া রাধিয়াছিলেন। গুভাছ্ঠান উপলক্ষ্যে ত্যাগাধীকারে পরাশ্বপতা বে লক্ষাকর তাহা তাঁহারাই দেশের হাদরে বন্ধমূল করিয়াছিলেন।

বর্তমান জমিদারগণ বদি সেকালের দৃষ্টাস্ত অনুসারে, কেবল বাজার মুখ না চাহিরা,

পেতাবের লক্ষ্য ছাড়িয়া, জনহিতসাধন ও দেশের শিল্পসাহিত্যের রক্ষণপালনে সহায়তা করেন তবেই তাঁহাদের ক্ষমতার সার্থকতা হয় এবং গোরব বাড়িয়া উঠে।

ষধন আমাদের রাজা বিদেশী, এবং তাঁহাদের ক্ষচি, ভাষা ও সাহিত্য স্বতম্ব তথন দেশী ভাষা ও সাহিত্যের অবহেলা অবক্সম্ভাবী। যাঁহারা জীবিকাসংগ্রামে প্রবৃত্ত, বাংলা ভাষার দিকে তাকাইবার সময় তাঁহাদের নাই। সর্বত্রই দেশের ধনিগণ স্বদেশীয় তরুণ সাহিত্যের পালনকর্তা। আমাদের বিদেশী-শাসিত দেশে সাহিত্যের পক্ষেধনীদের সহায়তা বিশেষ আবক্সক।

ক্ষি মৃথ্য জমিদারগণ, জমিদার সভার প্রধান প্রতিনিধিবর্গ, ইংরেজি শেখেন, ইংরেজি বেলেন। পিতাকেও চিঠি লিখিতে ইংরেজি ভাষা ব্যবহার করেন। তাঁহারা বলেন ইংলণ্ডের অভিজাতবর্গের মতো আমরা রক্ষণশীল, কিছু মাতৃভাষাকেও তাঁহারা রক্ষা করেন না। দেশের জনসাধারণের ন্যায় দেশের ভাষাও তাঁহাদের নিকট রুতজ্ঞ নহে।

তাহার কারণ পূর্বেই বলিয়াছি,—এমন কিছুতে তাঁহাদের উৎসাহ নাই রান্ধার নিকট যাহার কোনোপ্রকার আদর না পাকে,—যাহা কেবলমাত্র দেশের।

দেশীর রুচি এবং শিল্প এখনও কিরংপরিমাণে তাঁহাদের আদর পার কিন্ত তাহাও ক্রমশ হ্রাস হইয়া আসিতেছে। বিলাতি রুচির সঙ্গে সঙ্গে বিলাতি পণা তাঁহাদের গৃহ হইতে দেশের শিল্পকে অবমাননা সহকারে নির্বাসিত করিয়া দিতেছে।

সংক্ষেপত, এ-দেশে পূর্বকালে জমিদার-সম্প্রদায়ের যে গৌরব ছিল তাহা খেতাব অবলম্বনে ছিল না,—তাহা দান, অর্চনা, কীর্তিম্বাপন, আর্তগণের আর্তিছেদ, দেশের শিল্পসাহিত্যের পালন-পোষণের উপর নির্ভর করিত। সেই মহৎ গৌরব এখনকার জমিদায়রা প্রতিদিন হারাইতেছেন। দেশ যখন চাহিতেছে কটি তাঁহারা দিতেছেন প্রস্তর,—বক্ষভূমি তাহার জলকট, তাহার অয়কট, তাহার শিল্পনাশ, তাহার বিছ্যাদৈশ্ব, তাহার রোগতাপ লইয়া তাঁহাদের মুখের দিকে চাহিয়া আছে, আর তাঁহারা মদেশ-প্রত্যাগত সাহেব-রাক্ষকর্মচারীদের পাষাণ-প্রতিমৃতি গড়িয়া দিতেছেন।

সাহেবের জন্ম তাঁহার। অনেক করেন কিন্ধু সাহেবের। চেষ্টা করিলেও তাঁহাদিগকে দেশীর সাধারণের স্বাভাবিক অধিনেতা করিতে পারিবেন না। কারণ ইংরেজ রাজা অস্বাভাবিককে স্বাভাবিক করিয়া তুলিতে পারেন না। বিদি তাঁহারা আপন পুরাতন উচ্চস্থান অধিকার করিতে চাহেন তবে গবর্মেন্ট-প্রাসাদের গম্মুজটার দিকে অহরহ উর্মন্ধে না তাকাইরা নিম্নে একবার দেশের দিকে সাধারণের দিকে মুধ ক্রিরাইতে হইবে।

## অপরপক্ষের কথা

ভাত্রমাসের ভারতীতে "মূধ্ব্যে বনাম বাড়ুজাে" প্রবন্ধের লেখক বাড়ুজােমশারদের ছইরা যে ওকালতি করিরাছেন, তাহা পক্ষপাতবিহীন নহে। ইংরেজ-প্রসাদব্ভুকু উপাধিভিক্কদের পক্ষে আমি কোনাে কথা বলিতে চাহি না, কিন্তু লেখক অপ্রপক্ষীরদের প্রতি যে-সমন্ত গুণের আরােপ করিরাছেন তাহার কোনাে প্রমাণ দেন নাই।

এ-কণা সতা হইতে পারে এখনকার জমিদারবর্গ রাজপুরুষদের অত্যন্ত "ক্রাওটো" হইরা পড়িরাছেন, দেশের লোকের দিকে তাঁহারা তাকান না। স্বদেশীরের নিকট হইতে খ্যাতিলাভের জন্ত এবং স্বদেশের প্রতি স্বাভাবিক বদান্ততাবশত পুরাকালের জমিদারগণ বে-সকল কীতিকলাপ স্থাপন করিতেন, এখনকার জমিদারগণ তাহাতে উৎসাহ বোধ করেন না।

কেন করেন না ? পূর্বোক্ত প্রবন্ধে তাহার কতকটা হেতৃ দেওরা হইরাছে। ইংরেশ্বের প্রভাব আমাদের দেশে এত অধিক প্রবল হইরাছে যে, তাহা সকল প্রভাবকে ছাড়াইয়া উঠিয়াছে। দেশের লোককে আমরা গণ্য জ্ঞান করি না। দেশের লোকের কাছে প্রশংসা পাওরার কোনো স্বাদ নাই।

মুসলমানদের আমলে আমরা খদেশকে তুচ্ছ বোধ করিতাম না। কারণ, বিজ্বেতারা আমাদের অপেকা শ্রেষ্ঠ হইলেও আমাদেরও নানা বিষয়ে শ্রেষ্ঠতা ছিল। অস্তত আমাদের উভরের মধ্যে গুরুতর পার্থকা ছিল না।

কিন্তু ইংরেজরাজার সঙ্গে আমাদের প্রভেদ সর্ববিষয়ে এত অত্যধিক, তাহাদের বৃদ্ধিবল যন্ত্রত্র বিলাসবিভূতি সর্বদাই আমাদের পক্ষে এত চ্রান্নত্ত বলিয়া বোধ হয় যে, অলক্ষিতভাবে আপনাদের প্রতি আমাদের প্রদা হাস হইরা আসিয়াছে।

ষে অনিবার্ণ প্রভাবে অভাবে ইংরেজ অনেক সমন্ত্র আমাদের প্রতি সদ্বিচার করিতে পারে না, সেই প্রভাব অভাবে বদেশের লোকও আমাদের প্রতি বিমৃধ হইরাছে।

সেইজন্ত আমাদের দেশের জনেক শিক্ষিত গোক এবং বিলাভকেরতরা সাধারণ লোকদের হইতে আপনাদিগকে বেন স্বতক্তশ্রেণীভূক্ত করিরা রাধিতে ভালোবাসেন। বাহু বেশভূষা-আচারব্যবহারেও তাঁহারা আপনাদের পার্থক্য কিছু যেন অস্বাভাবিক আড়ম্বরের সহিত জাহির করিরা রাধিতে চান।

কডকটা পার্যক্য যে আপনিই হইরা পড়ে সে-কথা অস্বীকার করিবার জো নাই। ইংরেজি-শিক্ষিত এবং ইংরেজিতে অশিক্ষিত লোকদের মধ্যে যে কেবল শিক্ষার তারতম্য তাহা নহে শিক্ষার শ্রেণীভেদ বর্তমান। পরস্পরের বিশ্বাস, সংশ্বার, ক্লচি এবং চিন্তা করিবার প্রণালী ভিন্নরকমের হইয়া যায়। এবং ইংরেজি-শিক্ষিত ব্যক্তি আপনাদিগকেই শিক্ষিত ও শ্রেষ্ঠ এবং অপরসাধারণকে অশিক্ষিত এবং পশ্চাদ্বর্তী না মনে করিয়া থাকিতে পারে না।

জ্ঞানস্পৃহা ও বসবোধ, বৃদ্ধি এবং কল্পনা, সাহস ও বাছবল, অধ্যবসায় ও আত্মসন্মানে যুরোপীয় জাতির যে এক মহোচ্চ আদর্শ ইংরেজি শিক্ষা আমাদের মনে জাজল্যমান করিরা তুলিতেছে তাহার যদি কোনো আকর্ষণ না থাকিবে তবে আমাদের শিক্ষাকে ধিক্!

সেই আকর্ষণ আমাদিগকে অনেক সমন্ন ছন্নবেশ এবং আত্মপ্রতারণান্ব লইনা যার। কেবল ইংরেজি শিবিন্নাই আমরা যেন ইংরেজের মহন্তকে কতকটা আপনার বলিন্না মনে করি। এবং যাহারা ইংরেজি শেবে নাই তাহাদিগকে ক্তকটা বাহিরের লোকের মতো করিন্না দেখি। ইংরেজের মহন্ব যে ঐতিহাসিক, তাহা যে বংশপরম্পরাগত, কর্মগত, চরিত্রগত,—ইংরেজের ভাষা, সাহিত্য, বিজ্ঞান যে সেই ইতিহাস সেই চরিত্র হইতে উদ্ভূত হইন্নাছে, তাহা যে শুদ্ধমাত্র স্কুলে অধ্যয়ন এবং পরীক্ষা পাস হইতে নহে ইহা আমরা চোধ বৃজ্জিন্না ভূলিতে ইচ্ছা করি। এবং ইংরেজের স্কুলে পড়িন্নাছি বলিন্নাই আমরা নিজেকে ইংরেজেপ্রাক্তান করি।

এইরপ ইংরেজের টানে দেশ হইতে পৃথক হইরা ঘাইবার যে ভাব আমাদের মধ্যে দেখা ঘাইতেছে তাহা কোনো এক পক্ষের মধ্যে বন্ধ নহে; তাহা নানা আকারে নানা দিক হইতে প্রকাশ পায়। মৃথুজ্যেমশার এবং বাড়ুজ্যেমশায় কেহই তাহা হইতে পরিত্রাণ পান নাই।

আজকাল জমিদারবর্গ ইংরেজের মৃধ না তাকাইয়া উপাধির দিকে লক্ষ্য না রাধিয়া দেশহিতকর কোনো কাব্দে প্রবৃত্ত হইতে চান না—দেশের লোকের স্বতিনিন্দা তাঁহাদের কাছে এতই কুদ্র হইয়া গেছে।

তেমনি আমাদের দেশে বাঁহারা জননায়ক বলিয়া সর্বদা সন্তামঞ্চের উপরে আরোহণ করেন তাঁহাদেরও ভাবগতিক দেবিয়া আমাদের মনে আশাস হয় না। বরঞ্চ আমাদের জমিদারদিগকে দেবিতে তানিতে ঠিক আমাদের দেশের লোকের মতো, কিন্তু আমাদের জননায়কদের অনেকেই যে-দেশের মৃক্রিক বলিয়া আগনাদিগকে-প্রচার করেন সে-দেশকে আচারে ব্যবহারে জীবনবাত্রার অহরহ অপমানিত করেন। ইংরেজ্বাহকর্তৃক জমিদারদের বদি অর্থগ্রাস হইয়া থাকে ইহাদের একেবারে পূর্ণগ্রাস।

জমিদারগণ দেশের জন্ত যাহা করেন তাহা গবর্মেটের মৃথ তাকাইরা, ইহারা বাহা করেন তাহাও ইংরেজের প্রতি লক্ষ্য রাধিয়া। তাহার ভাষা ইংরেজি, তাহার প্রদানী ইংরেজি, তাহার প্রচার ইংরেজিতে। ইংরেজ-দৃষ্টির প্রবল আকর্ষণ হইতে ইহারা আপনা-দিগকে প্রাণ ধরিরা বিচ্ছিন্ন করিতে পারেন না।

এই স্থলে আমাদের কোনো বন্ধুর লেখা হইতে নিয়লিখিত সংবাদটি আমর। উন্ধৃত করি।

"বর্গীর ভূষেব মুখোপাধ্যার মহাশরের ব্যবশ্বপ্রীতির বিষর অনেকেই অবগত আছেন। ছই-তিন বার কনগ্রেস হইবার পর একজন ভত্রলোক তাঁহাকে কনগ্রেস সম্বন্ধে অভিপ্রায় জিল্লাসা করাতে তিনি বলেন, 'ভারতবর্ধ একটা মহাদেশ'; এই মহাদেশের অন্তর্গত প্রত্যেক বিভাগের নেতাগণের বত্রে বদি সমস্ত দেশ মিলিত হইতে পারে তাহা হইলে এক মহাজাতির অভ্যুখান কল্পনা করিতে পারি বটে, কিন্তু বর্তমান কনগ্রেসওআলাদিগের বারা যে তাহা সংসাধিত হইবে না তাহা নিশ্চর বলা থার। ইহাদের উষ্ণম-আলোচনা-আনোলনের কলে চাই কি আমাদের অনেক অভাব-অবিচার দূর হইতে পারে কিন্তু গাজার নিকট স্বিচারপ্রাপ্তি কিংবা ছই-এক স্থলে রাজার সহিত সমান অধিকার প্রাপ্তিই যদি কনগ্রেসের লক্ষ্য হয় তাহা হইলে কনগ্রেসের উদ্দেশ্ত যে অতি ক্ষ্যু সংকীর্ণ ও অদ্রদর্শী তাহা বলিতে বাধ্য হইব। কনগ্রেসওআলারা যদি স্পাক্তিত পট্টাবাসের পরিবর্তে হোগলার চালা, চেরারের পরিবর্তে কেবলমাত্র মাত্রর, পেন্টুলুনের পরিবর্তে হোগলার চালা, চেরারের পরিবর্তে কেবলমাত্র মাত্রর, পেন্টুলুনের পরিবর্তে হারন তাহা হইলে বর্তমান কনগ্রেস বারা দেশের কোনো স্থারী উপকার সম্ভবপর নহে।'"

মৃথে মৃথে কথা বিক্বন্ত হয় এবং ভূদেববাবু ঠিক কী-কথাটা বলিরাছিলেন তাহা জানি না। আমাদের মনে উদ্বেশ্ব বাহাই থাক, তাহা যতই সংকীর্ণ হউক কিন্তু আফুঠান যদি বৃহৎ হয় তবে উদ্বেশ্বন্ত আপনি বাড়িয়া চলে। স্টের মৃথে স্থতা পরাইতেও বদি বাতি জালি তবে সেই বাতিতে সমস্ত বর আলোকিত হইয়া উঠে। তেমনি বে-উদ্বেশ্বই কনগ্রেস হউক তাহা বভাবতই আপন উদ্বেশ্বকে বহদ্রে ছাড়াইয়া গিয়া দেশের বৃহৎ মঞ্চলের অবতারণা করিবে ইহা আমাদের দৃঢ়বিখাস। কিন্তু জনসভাও জনসভাপতিকের মধ্যে ভূদেববাবু বে-সকল ফুর্লক্ষণ লক্ষ্য করিরাছেন তাহাও আমাদের ভাবিবার কথা। আমরা মাছ ধরিতে চাই কিন্তু জলের সহিত্ব সংশ্রব রাধিতে চাই না,—আমরা দেশের হিত করিব কিন্তু দেশকে আমরা আর্শ করিব না!

দেশকে কেমন করিরা ম্পর্ন করিতে হর ? দেশের ভাষা বলিরা, দেশের বন্ত পরিরা। ইংরেজের প্রবল আদর্শ বদি মাতার ভাষা এবং বাভার বন্ত হইতে আমাদিগকে দূরে বিচ্ছির করিয়া লইয়া যায় তবে জননায়কের পদ এহণ করিতে বাওরা নিতাস্তই অসংগত।

কিন্ধ, ভিন্নভাষী ভারতকে এক করিবার জন্ম কনগ্রেসের ভাষা ইংরেজি হওরাণ উচিত এমন তর্ক বাঁহার। এ-স্থলে উত্থাপন করিবেন তাঁহার। আমার কথা সম্পূর্ণ বৃরিতে পারেন নাই। বেখানে ইংরেজি বলা দরকার সেখানে অবশ্য ইংরেজি বলিবে,—কিন্তু তোমার ভাষাটা কী ? তোমার লেখাপড়া ধ্যানধারণা মন্ত্রতম্ব সমন্তই ইংরেজিতে কি না ? জনসভার বাহিরে দেশের সহিত তুমি কিরপ সংশ্রব রাখিরা চল ? ইংরেজি ভাষার যেটুকু কর্তব্য তাহা যেন সাধন করিলে কিন্তু দেশী ভাষার যে-কর্তব্যপুঞ্জ পড়িয়া আছে, যাহা কাগজে রিপোর্টের জন্ম নহে, যাহা সমুজ্পারে উর্বেলিত হইবার জন্ম নহে, যাহার কলাকল যাহার ধ্বনিপ্রতিধ্বনি শুদ্ধমাত্র আমাদের দেশী মণ্ডলীর মধ্যে বন্ধ তাহাতে হাত দিতে তোমার মন উঠে ? গ্রমেন্টের সন্মান বাঁহাদের কর্তব্যবৃদ্ধির আশ্রমণ্ড তাঁহাদিগকে তোমরা নিন্দা কর, কিন্তু ইংরেজ-কর্তালির এলাকার বাহিরে যাঁহাদের কর্তব্যবৃদ্ধি পদনিক্ষেপ করে না তাঁহারাই কি প্রচুর সন্মানের অধিকারী!

কনগ্রেস যেমন সমস্ত ভারতবর্ষের মিলনস্ভা, কনকারেন্স তেমনি সমস্ত বাংলার। সেই সমগ্র বাংলার মিলনক্ষেত্রে বাঙালির কী অভাব বাঙালির কী কর্তব্য সেও যদি আমরা ইংরেন্সি ভাষার বলিবার প্রলোভন সংবরণ করিতে না পারি তবে তাহা হইতে কী প্রমাণ হয়? এই প্রমাণ হয় যে, দেশকে ঘাঁহারা চালনা করিতে চাহেন তাঁহারা, হয় দেশী ভাষা জানেন না, নয় কর্তব্যের ক্ষতি করিয়াও ইংরেন্সি ভাষা ব্যবহার না করিলে তাঁহাদের অভিমান চরিতার্থ হয় না।

অতএব তালো করিয়া দেখিলে দেখা যার জমিদারের চরিত্রে যে-খুণ চুকিয়াছে আমাদের জননায়কদের চরিত্রেও সেই খুণ। ইংরেজের কৈলিকাকর্যণ আমাদের ছুই পক্ষেই মস্তকের উপরে। ইংরেজকে বাদ দিলে আমাদের কর্তব্যে স্বাদ থাকে না, সমানে গৌরব থাকে না, বেশভ্যায় মর্যাদা থাকে না; আমাদের দেশের লোকের খ্যাতি অপেক্ষা গবর্মেন্টের বেতাব, আমাদের দেশের-লোকের আন্রবাদ অপেক্ষা বিলাতি কাগজের রিপোর্ট আমাদের কাচে শ্রেয়।

ইংরেজের সহিত সমান অধিকার জিক্ষা করিরা লইবার জন্ত ইংরেজি ভাষা আবস্তক হইতে পারে কিন্তু বদেশকে উচ্চতর অধিকারের উপবোগী করিরা তুলিবার জন্ত দেশীর ভাষা, দেশীর সাহিত্য, দেশীর সমাজের মধ্যে থাকিরা সমাজের উন্নতিসাধন একমাত্র উপার। বাঁহারা বদেশ অপেকা আপনাকে অনেক উর্ধে অধিক্টিত বলিরা আনেন, বাঁহার। বদেশের সহিত এক পংক্তিতে বসিতে কজ্জাবোধ করেন তাঁহারাও বদেশকে অহুগ্রহ করিয়া থাকেন স্বীকার করি; কিন্তু নেটুকু না করিয়া বদি তাঁহারা নিজের দেশকে নিজের উপযুক্ত জ্ঞান করেন এবং নিজেকে বদেশের উপযুক্ত করিয়া তুরিতে চেষ্টা করেন, তবে তাহাতে তাঁহাদেরও আজ্মসন্থান থাকে এবং দেশকেও সন্থান করা হয়।

>000

## আলটা-কনদার্ভেটিভ

মৃথ গোপন করিয়া কেবল পুচ্ছটুকু বাহির করিলে পরিচরের স্থবিধা হয় না। যে বাঙালি পারোনিররে পত্র লিখিয়া কেবল "আসট্রা-কনসার্ভেটিভ" বলিয়া স্বাক্ষর করিয়াছেন কেমন করিয়া স্থানিব তিনি কে?

জানিতে কোঁতৃহল হইতে পারে কারণ তিনি ষে-সে লোক নহেন সবিনরে এমনতরো আভাস দিয়াছেন। তিনি না উকিল, না মোক্রার, না স্থলমাস্টার। ও আহো, তিনি এত মন্ত লোক! তাঁহাকে নিজের চেটার বড়ো হইতে হয় নাই; নিজের চেটার উরতিলাভ করা তাঁহার পক্ষে অনাবক্তক, এবং হয়তো অসম্ভব; ষে ইংরেজি চিঠিখানা কাগজে ছাপা হইয়ছে সেও হয়তো বা তাঁহার নিজের রচনা নহে, হয়তো তাঁহার সেক্রেটারি লিধিরা দিয়ছে। সেইজন্ত গবর্ষেট-কালেজের ভূতপূর্ব ছাজদের প্রতি তাঁহার এত অবক্তা এবং বর্তমান স্থলভ নিক্ষাপ্রণালীর প্রতি তাঁহার এত বিশ্বের।

উকিল, স্থুলমাস্টার, এবং গবর্ষেষ্ট কালেজের ভূতপূর্ব ছাত্রগণ শিক্ষিত সন্দেহ নাই, শিক্ষাই তাঁহাদের-প্রধান সন্মান এ-কথাও কবুল করিতে হয়; অতএব আলটা

- > "Have vakits, attorneys, pleaders, mukhtars, and schoolmasters a greater stake in the country than the zamindars?"
- the self-elected delegates who make up that body (Congress) are lawyers, to whom notoriety means more fees, disappointed office-seekers, and ex-students from Government colleges, whose vanity is gratified by the honour—whatever may be its value—of being a Congress delegate. Their number is, I fear, likely to increase under the present system of practically free education."

বলিভেছেন, ধিক ওাঁহাদিগকে। অভএব আলট্রা-কনসার্ভেটিভগণই দেশের স্বাভাবিক অধিনেতা,—কারণ, শিক্ষা বল, বৃদ্ধি বল, অভিজ্ঞতা বল, আত্মনির্ভরই বল, কিছুতেই তাঁহাদের লেশমাত্র প্রয়োজন নাই—দেশেতে তাঁহাদের "ক্টেক" গাড়া আছে।

তবে আমাদের এই আলটার এত সংকোচ কিসের? যদি ইনি উকিল না হন, বদি ইনি স্থলমান্টার অথবা স্থলমান্টারের বারা উপকারপ্রাপ্ত কেহও না হন তবে কোন্ লজ্ঞার অন্থরোধে আপনার এতবড়ো নিজলন্ধ নামটা গোপন করিলেন? যদি তিনি জাত-সিংহই হন তবে শিকারের পূর্বে একবার গর্জনসহকারে নিজের নামটা ঘোষণা করিয়া দিলেন না কেন—দেশের শিক্ষিতসম্প্রদায় কালেজের কক্ষ হইতে আদালতের প্রাক্ষণে, ম্যানিসিপাল সভা হইতে কনগ্রেসের পাণ্ডালে পর্বন্ধ কম্পান্থিত হইতে থাকিত।

যদি অবাধে নামটা প্রকাশ করিতে পারিতেন তবে দেশের সমস্ত গণিতশান্ত্রবিং উকিল, স্থলমাস্টার ও গবর্মেন্ট-কালেন্দের ভূতপূর্ব ছাত্রগণ ধড়ি পাতিয়া আঁক পাড়িয়া একবার গণনা করিতে বসিত তাঁহার "নোবিলিটি" কতদিনকার, একবার মাপিয়া দেবিত হতভাগ্য দেশের বক্ষঃস্থলে তাঁহার "স্টেক" কতদূর পর্বস্ত প্রবেশ করিয়াছে।

হার বন্ধদেশ, তোমার উচ্চতাবিহীন সমতল ভূমিতে "নোবিলিট", প্রাচীন আভিজ্ঞাতা টিকিতে পারে না। তোমার নানাম্রোতঃসংকুল পলিমাটিতে আজ বেখানে ছল কাল সেখানে জল, আজ বেখানে গ্রাম কাল সেখানে নদী, আজ বিনি উকিল কাল তিনি জমিদার, বাপ বাহার জমিদার পুত্র তাহার স্কুলমাস্টারমাত্র, অন্ধ বে "প্রেজেন্ট সিস্টেম অন্ধ প্রাকটিক্যালি ক্রী এডুকেশন"কে অবক্রা করে তাহারই পোত্র বি. এ পাস পূর্বক বিবাহের হাটে উচ্চ দরে বিকাইরা ধার।

বৈদ্ধ সাধু মশাটিকে মারিতেও কৃষ্টিত হন পাছে সেই মশা তাঁহার কোনো পৃক্ষনীয় পূর্বপূর্ববের নৃতন সংস্করণ হয়, পাছে হয়তো সেই বংশে অদ্রভবিয়তে তিনিও জয়লাভ করেন। আমাদের দেশেও বাঁহারা প্রভাতে জাগিরা অকস্মাং আপনাদিগকে আারিক্টক্রাট বলিয়া জ্ঞান করেন তাঁহারা উকিল-মোক্রার-ইছ্সমাস্টারের প্রতি চপেটাঘাত উছত করিবার পূর্বে যদি একবার চিন্তা করিয়া দেখেন বে, হয়তো তাঁহাদের অনতিদ্রবর্তী পূজনীয় পূর্বপূর্ণৰ উকিল, মোক্রার অথবা তদম্রপ কেহ ছিলেন অথবা অনতিদ্রবর্তী ভবিয়তে তাঁহাদেরই "আত্মা বৈ" উকিল-মোক্রার হইয়া জয়য়য়হণ করিবে তাহা হইলে তাঁহারা এই সকল শিক্ষিত ও সুযোগা সম্প্রদারের প্রতি বধোচিত ভরোচিত বিনরের সহিত ব্যবহার করিতে পারেন।

কিন্তু আমাদের আগট্রা-কনসার্ভেটিভ মহানরেরা অত্যন্ত সুধী। তাঁহাদের গারে

কথা সহে না। সম্প্রতি আমানের শিক্ষিতমগুলী তাঁহাদের সম্প্রদারকে নিন্দা করিরাছিল।
অন্তার করিরাছিল কি স্তার করিরাছিল তাহা তর্কের বিষয়। কিছু আমাদের আলট্রাকনসার্ভেটিভ মহানর বৃত্তক্ষেত্র হইতে সরিয়া গুই চক্ মৃছিতে মৃছিতে সাহেবের নিকট
সোহাগ লইতে গিরাছেন। গুই বাহ মেলিয়া পারোনিররের কোলের উপরে কাঁপাইয়া
পড়িয়া বলিতেছেন, "দেশের আর-সকরে উকিল আাটর্নি ইম্পুলমাস্টার এবং কালেন্তের
ছাত্র, তাহারা শিক্ষিত, দেশের উপরে তাহাদের কোনো অধিকার নাই—বিশাল
ভারতবর্বে কেবলমাত্র আমাদেরই করেকজনের খোটা গাড়া আছে, "We the ultraconservatives" আমরা জমিদার, আমরা নোবিলিটি; কিছু সাহেব উহারা কেন
আমাদিগকে থারাপ কথা বলে।" আহা কী আদর! পারোনিরবের কোল হইতে ইংলিশমাানের কোলে কত সান্ধনা! একদিকে সোনার-গোট-পরা হুইপুই তৈলচিক্ক আলট্রাকনসারভেটিভ প্রোঢ় শিশুটি, অন্তদিকে কালোঁ-কোর্তা-পরা গুপ্তহান্তকৃটিলম্থ রক্তবর্ণ
ইংরেজ সম্পাদক,—অপ্রপরিবিক্ত বাংসল্যের কী অপরপ দৃষ্ঠ। কি স্থপবিত্র সেহসন্মিলন।

আমাদের আবটা-কনসার্ভেটিভ কলিকাতা মানিসিপালিটিতে তাঁহাদের রদেশীরের কর্তম্ব দেখিরা পারোনিররের বক্ষদেশে মুখ গোপন করিয়া কাতরতা প্রকাশ করিয়াছেন। বলিরাছেন, "সাহেব এও কি হয়! তোমরা কি কেহ নও! কলিকাতা মানিসিপ্যালিটি কেবল দিশি লোকের আজ্ঞা হইয়া উঠিল। আমরা বে-সম্প্রদায়ের লোক আমরা কি ইহা সম্ভ করিতে পারি ?" <sup>)</sup> তাঁহাকে এ-কথা কেছ জিল্লাসা করে নাই, তোমরা বে দৰ্শালা বন্দোবন্তে দেশের কর্ডা হইরা উঠিয়াছ তাহাই বা চির্দিন থাকে কেন ? ইংরেজ যে রক্তপাত দারা দেশ কর করিরাছে এবং দেশ রক্ষা করিতেছে তাহা কি কেবল তোমাদের মতো অলস বিলাসীদের মূবে নিরাপদে অন্ন তুলিরা দিবার জন্ত ? ইংরেজ সিভিলিয়ানদিপকে পেনশন না দিয়া কেন এক-এক টকরা জমিদারি দেওরা হয় না ? জীবনের অধিকাংশ কাল বাঁহারা ভারতবর্বে রাজত্ব করিয়া গেলেন তাঁহারা কি বুদ্ধবয়সে हेश्मरखद कारना এक अथाउ वामावाष्ट्रिक मदिए गोहेरवन ? काँहांदरे मुन हहेरक ভাষা गहेबा এ-क्या कि क्वह बनिएल भारत ना त्य. I do not think that any one will venture to seriously deny that the Permanent Settlement has proved a failure in this country? আমাধের আল্টা-কনসার্ভেটিভ বেরপ-ভাবে দেশের মধ্যে খোঁটা গাভিরা উাহাদের জমিদারি শাসন করেন একজন ইংরেজ প্রভ কি তাহা অপেকা ভালো শাসন করিতে পারে না ? তাহার হারা কি স্থানীয় স্বাস্থ্য, শস্ত, শিক্ষা ও শিল্প বর্তমান বন্দোবন্তের চেরে অনেক বেশি উন্নতি লাভ করিতে পারে না ?

<sup>&</sup>quot;Under the present system the municipality exists for the Native Commissioners, their friends and canvassers."

এ-প্রশ্নের উত্তরে আমাদের আলট্রা-কনসার্ভেটিভ পারোনিয়রের বক্ষাকে হেলিরা ছিলিয়া বাঁকিয়া চুরিয়া বলিবেন, পারে, অবস্থ পারে, ভোমরা সাহেব, ভোমাদের সঙ্গে আমাদের তুলনা কিসের ? কিন্তু যে-অধিকার দিয়াছ সে কি কিরাইরা লইবে ?

হার আলট্রা-কনসার্ভেটিভ, তুমি মন্তলোক এবং আমাদের উকিল-ইম্পুলমাস্টারগণ তোমার সহিত তুলনীর নহেন কিন্তু আমাদের সকলেরই অধিকার অতি সামান্ত, এবং ইংরেজের কথার উপরেই তাহার একমাত্র নির্ভর। তোমারও কোনো জ্বোর নাই, উকিল মোক্তারদেরও কোনো জ্বোর নাই। যদি একটা অধিকার, একটা উন্নত আশাসের কারণ আমাদিগকে দান করিয়া আবার তাহা ইংরেজ কাড়িয়া লন তবে তোমরা "নোবিলিটি" বর্গই বা কী করিবে আর বাহারা স্বব্দ্বিশীবী তাঁহারাই বা কী করিবেন?

হে আলট্রা-কনসার্ভেটিভ, কংগ্রেসের শৃক্ত বাক্ষিতার প্রতি তুমি অবজ্ঞা প্রকাশ করিয়াছ এবং একটা পাকা কথা বলিয়াছ যে, কঠিন কার্দের ধারাই দেশের উন্নতি। কিন্তু জিজ্ঞাসা করি, আগামী শাসনকর্তা কার্জন সাহেব আসিয়া যদি তোমাদের দশশালা বন্দোবস্তটি কাড়িয়া অন্ত দশজনের মধ্যে বাঁটোয়ায়া করিয়া দেন তবে তোমরাই বা কী কঠিন কার্যটায় প্রত্ত হও ? তোমরা কি তোমাদের লাঠিয়ালগুলিকে দাঁড় করাইয়া লড়াই কর, না, কনগ্রেসেরই মত বাক্ষিতা অবলম্বন কর ?

কনগ্রেস ইংরেজ কর্তৃপক্ষের নিকট যাহা চায় তাহা কেবলমাত্র বান্মিতার দারা চায়, কঠিন কার্যের দারা চায় না,—আমাদের আলট্রা-কনসার্ভেটিভ মহাশরেরা কি তাহার বিপরীত কোনো দৃষ্টাস্ত দেখাইতে ইচ্ছুক আছেন ?

আমাদের আলট্রা-কনসার্ভোটভ যদিচ মহোচ্চ জমিদার-সম্প্রদায়ভূক তথাপি তাঁহার সংসারজ্ঞান বে একেবারেই নাই তাহা বলিতে পারি না। তাঁহার একটা কথার অত্যন্ত চতুরতা প্রকাশ পাইয়াছে। তিনি বলিয়াছেন, কনগ্রেস বে প্রচুর রাজভক্তি প্রকাশ করে, গোড়াতেই মহারানীর জয়কীর্তন করিয়া কার্য আরম্ভ করে ইহার অপেকা চালাকি তাহার পক্ষে আর-কিছুই হইতে পারে না।

বাস্তবিক চোরের কাছে চোর ধরা পড়ে। আমাদের দেশে একটা প্রবাদ আছে, "অতিভক্তি চোরের লক্ষ্ণ।" সেই অতিভক্তি কনগ্রেসই প্রকাশ কক্ষন আর আমাদের আলট্রা-কনসার্ভেটিভ-সম্প্রদারেরাই কক্ষন ইহার প্রধান উদ্দেশ্ত চুরি। বাহারা ভকারিন-ক্ষণে টাকা দেন, ভূতপূর্ব সাহেব-কর্মচারীদের অভূতপূর্ব পাষাণপ্রতিমা প্রতিষ্ঠা ছারা দেশকে ভারাভূর করিরা ভোলেন, পারোনিয়রকে গোপনে জিজ্ঞাসা করে। দেখি ভাঁহাদের অতিভক্তির মৃদ্য কি সাহেবেরা বোঝে না ? ইহার মধ্যে কাঁকি দিরা কিছু কি আদারের চেটা নাই ? আলট্রাগণ না হর নিজের জক্ত উপাধি সন্ধান করেন, কনগ্রেস না হর দেশের

জন্ম একটা কিছু সুযোগের চেষ্টার থাকেন, পরন্ধ ভক্তি-জিনিসটাকে ব্যবহারে লাগানো হইরা থাকে। এ ভক্তিকে ঠিক বলা যার না

> The desire of the moth for the star, Of the night for the morrow, The devotion to something afar From the sphere of our sorrow !

তব্ অতিভক্তিতে তোমাদের কাছে কনগ্রেসকে হার মানিতে হইবে। একবার ভাবিরা দেখা তৃমি যে রাজভক্তির প্রচুর তৈল লেপনে পারোনিয়র পত্রটাকে সিক্ত করিয়া তৃলিয়াছ তাহার মধ্যে কত অভিসন্ধিই আছে। ওই যে মৃশ্বচক্ষ্ সাহেবের মৃথের উপর স্থাপন করিয়া অভ্রগদগদ কণ্ঠে বলিতেছ, সাহেব তোমারই জল্প দেশের লোকের কাছে গাল খাইলাম— (অতএব কিছু আলা রাখি!) ঘর কৈছু বাহির বাহির কৈছু ঘর, পর কৈছু আপন আপন কৈছু পর। (অতএব কিঞ্চিং স্থ্রিধা চাই।) নাথ, তৃমি বল কনগ্রেস মন্দ্র আমিও বলি তাই; (অতএব দেশের লোকের মাধার উপরে আমাকে চড়াইয়া দাও।) বধু, তৃমি মৃানিসিপালিটি হইতে দিশি জ্ঞাল বিদায় করিয়া বিলাতির আমদানি করিতে চাও সেই হচ্ছে "জেনারেল সেন্টিমেন্ট অফ দি ক্লাস টু হ্বিচ আই ছাভ দি অনার টু বিলক্ত" (অতএব তোমার পাদপীঠপার্শে আমাদিগকে স্থান দিয়ো!) ভারতবর্ণের মন্ত্রসভাই বল আর পৌরসভাই বল সমস্ত আগাগোড়া ন্তন নিয়মে পরিবর্তন করা আবক্তক (অর্থাং সকল সভাতেই তৃমি বসো সিংহাসন জুড়িয়া, আর আমি বিদি তোমার কোলে।) ইতি তোমার আদরের অভিভক্ত আলটা-কনসার্ভেটিভ।

এমন শুভদিন কথনোই আসিবে না কিন্তু যদি দৈবাং আসে, যদি কোনো কারণে সাহেবের প্রসাদ হইতে বঞ্চিত হইরা কনগ্রেসের নিকট হইতেই সম্মান, সোভাগা ও সহায়তার প্রত্যাশা জন্ম তবে অতিভক্তির প্রবল স্রোভ কি কনগ্রেসের দিকেই ফিরিয়া আসে না ? তথনও কি রাজা-রারবাহাত্রগণ সাহেবের ভালি জোগান এবং পারোনিয়রে পত্র লেখেন ?

সাংসারিক ভক্তির এই নিরম। তাছা নিঃসার্থ নছে। বেধানে পাওনার সম্পর্ক নাই সেধানে আগদ্রা-কনসার্জেটিভেরও বজ্ঞপ মনের ভাব গবর্ফেট-কালেজের ভূতপূর্ব ছাত্রেরও তর্জ্ঞপ। মহান্তচরিজের মধ্যে বৈষম্য এতই বংসামান্ত।

উভর পক্ষের মধ্যে কেবল একটা শুক্ষতর প্রভেদ আছে। ভূতপূর্ব ছাত্র দেশের হিতোদেশে "হার্ড ওআর্কে" বদি বা অপটু হন অস্তত তাঁশ্বার "এম্পাট এলোকোরেল"ও আছু কিন্তু আমাদের আল্ট্রা-ক্নসার্ডেটভাট বে-সম্প্রান্তর মুখোজ্ঞল করেন তাঁহারা বাখিতার জন্তও বিধ্যাত নহেন "কঠিন কর্ম"ও তাঁহাদের কর্ম নহে। তাঁহারা শিক্ষাকেও অবহেলা করেন এবং সামর্থ্য হইতেও বঞ্চিত। তাঁহাদের ধন আছে; দেশের হিতোদেশে সে-ধন যদি ব্যয় করিতে পারিতেন তবে বাক্যবীর ও কর্মবীর সকলের উপরে উঠিতে পারিতেন,—কারণ, কবি বলিয়াছেন,

শতেবু জায়তে বক্তা, সহস্রেবু চ পণ্ডিত:, শুরো দশসহস্রেবু, দাতা ভবতি বা ন বা।

কিন্তু সম্প্রতি দানে যিনি আমাদের দেশে আদর্শ বলিয়া বিখ্যাত হইয়াছেন, তিনি অধ্যাপক ছিলেন, দেশে তাঁহার কোনো ক্ষেক ছিল না এবং তাঁহারই উদার বদান্ততায় "প্রেজেণ্ট সিক্টেম অফ প্র্যাকটিক্যালি ফ্রী এডুকেশন" এই দীনহীন দেশে বন্ধমূল হইতে পারিয়াছে।

3006

# विद्रांथगृनक जामर्ग

ওগৃস্থ ব্রেয়াল কনটেম্পোরারি রিভিছ্ পত্রে আব্দেপ করিয়াছেন বে, স্বরাসি ইংরেজকে জানে না, ইংরেজ করাসিকে বোঝে না।

ফরাণিকে যদি জিজ্ঞাস। করা যায়, ইংরেজের প্রতি ভোমার এত বিবেষ কেন— উত্তর পাওয়া যাইবে, ইংরেজ মাহ্নটাকে আমার ধারাণ লালে না, কিছ ইংরেজ জাডটার উপর আমার দ্বণা।

যুরোপের বিদ্যালয়ে যে-ইতিহাস শিকা দেওয়া হয়, তাহাতে **অন্ত দেশের প্রতি**বিরোধ প্রকাশ করিয়া নিজেদের দেশের গৌরব ঘোষণা করা হয়। প্যাট্রিয়টিক তাবের প্রতি লক্ষ্য করিয়া ছেলেদিগকে, অন্ত দেশের সহিত অদেশের সাবেক কালের বগড়ার কথা শরণ করাইয়া, ভবিশ্বৎ পর্যন্ত সেই বিরোধ টানিরা রাখা হয়। কর্সিকালেশের মাতৃগণ, অন্ত পরিবারের সহিত অপরিবারের কুলক্রমাগত বে বিবেষ চলিরা আসিতেছে এবং তাহাদের প্রতি বে প্রতিহিংসা করিবার আছে, শিক্তকাল হইতে সম্ভানের কানে তাহা জপ করিতে থাকে,—মুরোপীর বিশ্বালয়ে ইতিহাস পড়ানোও ঠিক সেইরুপ।

আজকান ইংলতে পুব একটা লড়াইবের নেশা চাপিয়াছে। নৈনিকদলে ভিড়িবার লয় ভাক পড়িয়াছে। এই ভাক অন্ত সকল বাণীকে আচ্ছর করিয়া ধ্বনিত হইডেছে ফ্রান্সও বে এ-বিষয়ে নিরপরাধ, ভাহা নছে। এখন ঘুই পক্ষের পালোয়ান সাহিত্যে পরস্পরকে শাসাইভেছে। ব্রিটিশ চ্যানেলের ছুই পারে একদল ধ্বরের কাগজ সৈনিকভার রাজা দিয়া বর্বরভায় পৌছিবার জন্ত বুঁকিয়া দাঁড়াইয়াছে। লেখক আক্ষেপ করিয়া বলিভেছেন—ব্যক্তিগত ধর্মনীতি হইতে গ্রাশনাল ধর্মনীতির আদর্শের বে পার্শক্য ঘটিয়াছে, শেষে ভাহার কি এইরপ সমন্বর হইবে ? রুরোপ কি ইচ্ছা করিয়া বিধিমতে ব্র্রভায় ফিরিয়া যাইবে ?

আত্তকাল গৃই পথসা দিলেই ধবরের কাপজে পড়িতে পাওয়া বার বে, বাতুগত বিরোধের ভাব, অনিবার্থ পার্থকা এবং জাতিগত বিবেষে পরস্পরের বংশাসক্রমিক শক্তকাতির সহিত, আত্ত হউক বা কাল হউক, একটা সংঘর্ষ হইবেই। তাহাদের মতে মাহুষের প্রবলতম প্রবৃত্তি এবং ভাষধর্মের উচ্চতম নীতিসকল হুই জাতিকে ছুই বিপরীত দিকে ঠেলিয়া লইয়া গেছে। তাহারা বলে, নেশনদের মধ্যে শান্তিশ্বাপনের আলা বাতুলের বেয়ালমাত্ত। ইত্যাদি।

এই সকল বিরোধ-বিষেষের ৰাক্য লক্ষ্ণ লক্ষ্ণ থপ্ত ছাপ। হইয়া দেশে বিদেশে বিভবিত হইতেছে। এই প্রাভ্যহিক বিষের মাত্রা নিয়মমতো পান করিয়া দেশের ক্ষতি হইতেছে সন্দেহ নাই।

শ্যা টিয়টক্ষম, ধর্মনীতি, বিজ্ঞান প্রভৃতি কতকগুলি বাঁধিবোল আছে, যাহা লোকে মুখে উচ্চারণ করে. এবং দে-সম্বন্ধে আর চিস্কা করিবার প্রয়োজন বােধ করে না। দে-বিষয়ে প্রান্ন উত্থাপন করিতে গেলেই হাতাহাতি বাধিয়া যায়। বাঁধিবোল মুখে মুখে চলিয়া যায়—লোকে নিঃসংলয়ে জীবনযাপন করে। প্যাটিয়টিক খুনাখুনি অথবা বােদ্রধর্ম, এইয়পের একটা বাঁধিবোল।

ষুরোপীয় লেখক ধে-কথা বলিতেছেন, তাহার উপরে আমরা আর কী বলিব ? উহাদের পরন্পরের মধ্যে বোরাপড়া নাই বলিয়া লেখক অনেক ছ:খ করিয়াছেন—আর ইংরেজে তার ভবরীয়ের মধ্যে যে বোরাপড়ার অভাব দাঁড়াইয়াছে, সেজ্জ আমাদের কী ছুর্গতি ঘটিতেছে, তাহা প্রভাহই প্রভাক্ষ হইভেছে। প্রাচ্যজাতীয়ের প্রতি, ভারতবর্ষীয়ের প্রতি অবক্রা ইংরেজি নাহিভ্যের হাড়ে হাড়ে প্রবেশ করিয়াছে। ইংবেজ বালকদিগকে ইংরেজ-বীরত্বের দৃইাস্তে উৎসাহিত করিবার জন্ত বে-সকল ছেলেজ্লানো গল্প ঝুড়ি রাছির হইভেছে ভাছাতে মুাটনি-গল্পের উপলক্ষ্য করিয়া ভারতবর্ষীয়িদগকে রক্তপিশাস্থ পশুর মড়ো আঁকিয়া দেবচরিল ইংরেজের সহিত ভাছাদের পার্থক্য প্রমাণ করিভেছে। করালিকে ইংরেজের ঠিক ব্রিবার উপার আছে—শরুম্পবের আঁচার, ব্যবহার, ধর্ম, বর্ণ, একই প্রকার,—কিছু আমাদের

মধ্যে ধথার্ব ই পার্থক্য বিভাষান। সেই পার্থক্য অতিক্রম করিয়া, এমন কি, সেই পার্থক্যবশতই পরস্পরের প্রতি শ্রদ্ধা আকর্ষণ করে ঘটিবে, তাহা বিধাতা আনেন। কিন্তু ইতিমধ্যে অভ্যুক্তি ও মিধ্যার বারা অন্ধতা, অবিচার ও নিষ্ঠুরতা স্বষ্টি করিতেছে।

বস্তুত এই অন্ধৃতা নেশনতন্ত্রেরই মূলগত ব্যাধি। মিথ্যা দ্বারাই হউক, ভ্রমের দ্বারাই হউক, নিজেদের কাছে নিজেকে বড়ো করিয়া প্রমাণ করিতেই হইবে এবং সেই উপলক্ষ্যে অন্ত নেশনকে কৃত্র করিতে হইবে, ইহা নেশনের ধর্ম, ইহা প্যাটিয়টিজ্ঞমের প্রধান অবলম্বন। গায়ের জোর, ঠেলাঠেলি, অক্সায় ও সর্বপ্রকার মিথ্যাচারের হাত হইতে নেশন-তন্ত্রকে উপরে তুলিতে পারে, এমন সভ্যতার নিদর্শন তো আমরা এখনও মুরোপে দেখিতে পাই না।

পরস্পরকে যথার্থরপ জানান্তনা কেমন করিয়া সম্ভব হইবে ? নেশনের মেরুদগুই যে স্বার্থ। স্বার্থের বিরোধ অবশুদ্ধারী, এবং স্বার্থের সংঘাতে মাহ্যকে জন্ধ করিবেই। ইংরেজ যদি স্থান্তর এশিয়ায় কোনোপ্রকার স্থানে ঘটাইতে পারে, ফ্রান্স তথনই সচকিত হইয়া ভাবিতে থাকিবে, ইংরেজের বলবৃদ্ধি হইতেছে। প্রভাক্ষ সংঘাত না হইলেও, পরস্পরের সমৃদ্ধিতেও পরস্পরের চিন্তকে বিষাক্ত করে। এক নেশনের প্রবল্ধ অস্ত নেশনের পক্ষে সর্বদাই আশক্ষাজনক। এ-স্থলে বিরোধ, বিবেষ, অন্ধতা, মিথ্যাপবাদ, সত্যগোপন, এ-সমস্ত না ঘটিয়া থাকিতে পারে না।

সমাজের পক্ষে উদারতা সহজ। হিন্দুরা বলে, স্ব স্ব ধর্ম পালন করাই পুণা। অবস্থাভেদে আচারব্যবহারের পার্থক্য ঘটিতেই পারে এবং সে-পার্থক্য পরস্পরের পক্ষেমজনেরই কারণ, এ-কথা শাস্তচিত্তে নির্মলজ্ঞানে অফুণাবন করিয়া দেখা যায় এবং ভির সমাজের প্রতি প্রদ্ধাসমান সম্পূর্ণ রক্ষা করিয়াও স্বসমাজের কর্তব্যপালন করা কঠিন হয় না। সামাজিক উন্নতিতে মাহুবের চারিত্রগত উন্নতি হয়—দে উন্নতিতে কাহারও সহিত স্বার্থের বিরোধ ঘটে না। সর্বপ্রকার বিষেধ, অসত্যা, হিংলা দেই উন্নতির প্রতিক্ল। সদ্ভাব ও সত্যই সমাজের মূল আপ্রয়। নেশন অনেক সময় ধর্মকে উপেক্ষা ও উপহাস করা আবস্থক বলিয়া জ্ঞান করে, বাহুবলকে প্রায়ধর্মের অপেক্ষা বড়ো বলিয়া স্প্রতিই ঘোষণা করে—সমাজ কলাপি তাহা করিতে পারে না; কারণ ধর্মই তাহার একমাত্র অবলহন, স্বার্থকে সর্বদা সংয়ত করাই তাহার আত্যক্ষার একমাত্র উপায়।

আমরা যদি বাঁধিবোলে না ভূলি, যদি 'প্যাট্রিয়টি'কেই সর্বোচ্চ বলিয়া না মনে করি, যদি সভ্যকে, ভারকে, ধর্মকে, ভাশনালডের অপেকাও বড়ো বলিয়া জানি, ভবে আমাদের ভাবিবার বিষয় বিভার আছে। আমরা নিক্নষ্ট আদর্শের আঁকর্ষণে কপটভা, প্রবঞ্চনা ও অসত্যের পথে পা বাড়াইয়াছি কি না, ভাহা চিন্ধা করিয়া দেখিতে হইবে। এবং ধর্মের দিকে না ভাকাইলেও সুবৃদ্ধির হিসাব হইতে এ-কথা পর্বালোচনা করিতে হইবে যে, গ্রাশনাল স্বার্থের আদর্শকে খাড়া করিলেই বিরোধের আদর্শকে খাড়া করা হয়— সেই আদর্শ লইয়া আমরা কি কোনো কালে য়ুরোপের মহাকায় স্বার্থনানবের সহিত লড়াই করিয়া উঠিতে পারিব ?

আমরা লড়াই করিতে পারি জ্ঞানে, ধর্মে। দেখানে আমাদের পৈতৃক মূলধন আছে। সেখানে কেহ আমাদিগকে ঠেকাইবে না—সেখানে পিতৃলোক এবং দেবতা আমাদের সহায় হইবেন এবং বাধিবোলে যদি না ভূলি, তবে ইহা জানা উচিত যে, সেখানে যে-মহত্তের উপাদান আছে, তাহা সকল মহত্তের উচ্চে।

কিন্তু এক্কপ উপদেশ শুনা যায় যে, প্রাকৃতির নিয়ম বিরোধ, অভএব বিরোধের জন্ত প্রস্তুত থাকিতে হইবে। বাহির যদি আমার বিরুদ্ধ হয়, তবে আমিও তাহার বিরুদ্ধ না হইলে বাঁচিতে পারিব না। এইজন্ত শিশুকাল হইতে ভিরুজাতির সহিত বিরোধ-ভাবের একান্ত চর্চাই 'প্যাট্রিয়টি'র সাধনা। হিন্দুজাতি সেই পোলিটিকাল বিরোধভাবের চর্চাক্টে সকল সাধনার অপেকা প্রাধান্ত দেয় নাই বলিয়াই নই হইয়াছে।

পূর্বোক্ত কথাটি যদি একান্তই স্বীকার করিতে হয়, তবে সেই দলে এ-কথাও বলিব আত্মরক্ষাই মাহুষের অথবা লোকসম্প্রদায়ের দর্বোচ্চ ধর্ম নহে। ধর্মে যদি নাশ করে, তবে ভাহাতেই মাথা পাতিয়া দিতে হইবে।

ভাশনালধর্মেও সকল সময়ে রক্ষা করে'না। কুন্ত বোয়ারজাতি যে লড়িতে লড়িতে নিঃশেষ হইবার দিকে চলিয়াছে—কিসের জন্ত ? তাহাদের হৃদয়ে ভাশনালধর্মের আদর্শ অত্যস্ত প্রবল হইয়া উঠিয়াছে বলিয়াই। সে-ধর্মে তাহাদিপকে রক্ষা করিল কই ?

তা ছাড়া বিনাশের চেহারা অনেক সময় ছন্মবেলী। অনেক সময় পরিপূর্ণ সম্পদ তাহার মুখোশের মতো। কথিত আছে, ক্ষয়কাশে রোগীর কপোলে রক্তিম-লাবণ্য মৃটিয়া উঠে। সম্প্রতি উত্তরোত্তর ব্যাপ্যমান মিলিটারিত্বের রক্তিমায় রুরোপের গগুছল যে টকটকে হইয়া উঠিতেছে, সে কি স্বাস্থ্যের লক্ষণ গুতাহার আশনালত্বের ব্যাধি, অতিমেদফাতির স্পায় তাহার হান্যকে, তাহার মর্মন্থানকে, তাহার ধর্মনীতিকে আক্রমণ করিতেছে, ইহা কি আম্রা প্রত্যহ দেখিতে পাইতেছি না গু

অধর্মে বৈধতে তাবং ততো ভদ্রাণি পশ্বতি। ততঃ সপদ্মান স্বয়তি সম্পন্ধ বিনশ্রতি।

অধর্মের বারা আপাতত বৃদ্ধিপ্রাপ্ত হয়, কুশল লাভ করে, শক্রুদিগকে জয় করিয়াও থাকে— কিন্তু সমূলে বিনষ্ট হইয়া বায়। প্রকৃতির নিয়মের প্রতি প্রকৃতিতত্ববিদ যুরোণের ষেরূপ শটল বিখাস, ধর্মের প্রতি ধর্মতত্ববিদ হিন্দু সেইরূপ একান্ধ বিখাস প্রকাশ করিয়া পূর্বোক্ত লোক উচ্চারপ করিয়াছেন। কেবলমাত্র প্রাকৃতিক নিয়মের ব্যভিচারেই বে প্রব মৃত্যু তাহা নহে, ধর্মনিয়মের ব্যভিচারেও প্রব বিনাশ। ধার্মনীতিক নিয়মের অমোঘতে যুরোপ শ্রমা হারাইতেছে দেখিয়া, আমরাও যেন না হারাইয়া বিস। আমাদের রাজার এক চোধ কানা বলিয়া আমাদের দৃষ্টিশক্তিস্পার চোধের উপরে যেন পাগড়ি টানিয়া না দিই।

নদী তাহার ছই তটভূমির মধ্য দিয়া তটহীন সমুদ্রের দিকে চলিয়াছে। নদীকে বদি তাহার তটের মধ্যেই সম্পূর্ণ বন্ধ করিবার জন্ম বাধ দেওয়া বায়, তবে ভাহা উচ্চুসিত হইয়া ভটকে প্লাবিত ও বিনষ্ট করে। প্রাকৃতিক নিয়ম জড় হইডে সচেতনে ধর্মপরিণামের দিকে নিয়ত ধাবিত। সেই পরিণামের দিকে ভাহার গতিকে বাধা দিয়া যদি ভাহাকে বর্তমানের আদর্শই একেবারে বাঁধিয়া ফেলা যায়, তবে তাহা ভীষণ হইয়া প্রলয় সাধন করে। স্বার্থের আদর্শ, বিরোধের আদর্শ, যতই দৃঢ়, যতই উচ্চ, যতই রন্ধুহীন হইয়া ধর্মের গতিকে বাধা দিতে থাকে, ততই ভাহার বিনাশ আসর হইয়া আসে। যুরোপের নেশনতন্ত্রে এই স্বার্থ, বিরোধ ও বিশ্বেষের প্রাচীর প্রতিদিনই কঠিন ও উন্নত হইয়া উঠিতেছে। নেশনের মৃদপ্রবাহকে অভিনেশনত্বের দিকে বিশ্বনেশনত্বের দিকে যাইতে না দিয়া, নিজের মধ্যেই ভাহাকে বন্ধ করিবার চেষ্টা প্রতাহ প্রবল হইতেছে। আগে আমার নেশন, তার পরে বাকি আর-সমস্ত কিছু, এই স্পর্ধা সমস্ত বিশ্ববিধানের প্রতি জ্বকুটিকুটল কটাক্ষ নিক্ষেপ করিতেছে। তাহার প্রলয়পরিণাম যদি বা বিলম্বে আসে, তথাপি ভাহা যে কিন্ধপ নিংসন্দেহ, কিরপ স্থনিশ্চিত, তাহা আর্ধ্বিধি দৃঢ়কঠে বলিয়া গিয়াছেন—

অধমে বৈধতে তাবং ততে। ভদ্রাণি পক্ততি। ততঃ সপত্মান জয়তি সমূলন্ত বিনক্ততি।

এই ধর্মবাণী সকল দেশের সকল কালের চিরস্কন সভ্য, স্থাশনালত্বে মূলমন্ত্র ইহার নিকট ক্ষুদ্র ও ক্ষণিক। নেশন শব্দের অর্থ যথন লোকে ভূলিয়া বাইবে, তথনও এ-সভ্য অমান বহিবে এবং ঋষি-উচ্চারিত এই বাক্য স্পর্ধামদমন্ত মানবসমাজের উর্প্পে বক্সমন্ত্রে আপন অমূশাসন প্রচার করিতে থাকিবে।

### রাফ্রনীতি ও ধর্মনীতি

এলাছাবাদে সোমেশর দাসের কারাবরোধের কথা সকলেই জানেন। কোনো ব্যক্তিবিশেষের প্রতি অবিচার মাসিকপত্তের আলোচ্য বিষয় নহে। কিন্তু বর্তমান ব্যাপারটি ব্যক্তিবিশেষকে অবলয়ন করিয়া সমন্ত ভারতবাসীর প্রতি লক্ষ্যনিবেশ করিয়াছে। সেইজক্ত এ-সংক্ষে সংক্ষেপে গুটিকরেক কথা বলিতে হইন্ডেছে।

শারোনিয়র লিখিতেছেন, ভারতবর্ধে নানাঞ্চাতীয় লোক একত্রে বাস করে।
ইহাদের মধ্যে শাস্তিরক্ষা করিয়া চলা ত্রিটিশ গবর্থেন্টের একটি ভূত্রহ কর্তব্য । স্কুতরাং
যে-ঘটনায় ভিম্নজাতির মধ্যে সংঘর্ব বাধিবার সন্তাবনা হয়, সেটায় প্রতি বিশেষ কঠিন
বিধানের প্রয়োজন ঘটে । সে-ছিসাবে সোমেশ্বর দাসের কারাদণ্ডকে গুরুদণ্ড বলা
যায় না।

হংবাগ্য ইংবেজি সাপ্ত। হিক "নিষ্ ইণ্ডিয়া" পত্তে পায়োনিয়বের এই সকল যুক্তির অষণার্থতা ভালোরপেই দেখানো হইয়াছে। ইংবেজের বে-সকল ব্যবহারে ভারতবাসীর মনে বিক্ষোভ উপস্থিত হয়, ইংবেজ বিচারক তাহাকে যে কত লঘ্ভাবে দেখিয়া, থাকে, তাহার শতশত প্রমাণ প্রত্যহ দেখিতে পাই। এই সেদিন একজন সম্রাম্ভ বান্ধণকে কোনো ইংরেজ পাতৃকা বহন করাইয়াছিল—দেশের উচ্চতম আদালতে পর্যম্ভ বির হইয়া গেছে, ব্যাপারটা অত্যম্ভ তৃচ্ছ। তৃচ্ছ হইতে পারে, কিন্তু পায়োনিয়বের যুক্তি অনুসারে তৃচ্ছ নহে। ভত্র বান্ধণের এরপ নিষ্ঠ্র অপমান ভারতবাসীর কাছে অত্যম্ভ গুক্তর।

তাহা হইলে কথাটা কী দাঁড়াইতেছে, বুঝিয়া দেখা যাক। যে-সকল জাভি law-abiding অর্থাৎ বিনা বিজ্ঞাহে আইন মানিয়া চলে, তাহাদেরই অপমান আদালতের কাছে তুছে। বাহারা কিছুতেই শান্তিজ্ঞ করিবে না, তাহাদিগকে অক্সায় আঘাত কয়াও অয় অপরাধ। আর যাহারা অসহিষ্ণু, যাহার। নিজের আইন নিজে চালাইয়া বসে, সংগত কারণেও তাহাদের গায়ে হাত দিবার উপক্রমমাত্র অপরাধ। বিটিশরাজ্যে বাবে-গোরুতে এক্ঘাটে জল খাওয়াইবার উপায় বাঘকে দমন করিয়া নহে, গোরুটারই শিং ভাঙিয়া।

কিন্তু পারোনিয়রের এ-কথাটা কইয়া রাগ করিতে পারি না। পারোনিয়র বন্ধু-ভাবে আমাদিগকে একটা শিক্ষা দিয়াছেন। বন্ধতই বাঙ্গদে আগুন দেওয়া যতবড়ো

<sup>&</sup>gt; जूमनीत "डाफ्न", 'कात्रक्रवर्र', त्रवीत्त-त्रव्नावनी, व्लूर्थ वर्ष ।

অপরাধ, ভিজা তুলায় আগুন দেওয়া ততবড়ো অপরাধ নহে। যাহারা চিরদহিষ্ণ, তাহাদের অপমানকে অপরাধ বলিয়া গণ্য করা ঘাইতে পারে না। অভএব আঘাত অপমান সম্বন্ধ আমরা আইন বাঁচাইব, কিন্তু আইন আমাদিগকে বাঁচাইবে না। Mild Hindu-দের প্রতি পায়োনিয়রের ইহাই নিগৃচ বক্তব্য।

আর-একটা কথা। বিচারের নিক্তিতে সক্ষম-অক্ষম এবং কালো-সাদায় ওজনের কমবেশি নাই। কিন্তু পোলিটিকাল প্রয়োজন বলিয়া একটা ভারী জিনিস আছে, সেটা বেদিকে ভর করে, সেদিকে নিক্তি হেলে। এ-দেশে ইংরেজের প্রতি দেশী লোকের অন্ধ সন্থম একটা পোলিটিকাল প্রয়োজন, অভএব সেরূপ স্থলে স্ক্রেবিচার অসম্ভব। স্থায়বিচারের মতে এ-কথা ঠিক বটে যে, ইংরেজের প্রতি দেশী লোক যে-ব্যবহার করিয়া বে-দণ্ড পায়, দেশী লোকের প্রতিও ইংরেজ সেই ব্যবহার করিয়া সেই দণ্ডই পাইবে। আইনের বহিতেও এ সম্বন্ধে কোনো বিশেষ বিধি নাই। কিন্তু পোলিটিকাল প্রয়োজন স্থায়বিচারের চেয়েও নিজেকে বড়ো বলিয়া জানে।

এ-কথা ঠিক বটে, পাল্চাত্য সভ্যতার আধুনিক ধর্মণান্ত্রে পালিটক্স সর্বোচে, ধর্ম তাহার নিচে। যেখানে পোলিটকাল প্রয়োজন আসন ছাড়িয়া দিবে, সেইখানেই ধর্ম বসিবার স্থান পাইবে। পোলিটকাল প্রয়োজনে সত্য কিরপ বিক্বত হইয়া থাকে, অন্ত প্রবন্ধে হার্বাট স্পেলরের গ্রন্থ হইতে তাহার প্রমাণ উদ্ধৃত করা গেছে। পোলিটকাল প্রয়োজনে তাঘবিচারকেও বিকারপ্রাপ্ত হইতে হয়, পামোনিয়র তাহা একপ্রকারে স্বীকার করিয়াছেন। অজ বার্কিট সোমেশ্রের ব্যবহারকে audacity অর্থাৎ ছ্ঃসাহস বলিয়াছেন। স্বত্তবন্ধার উপলক্ষ্যে ইংরেজকে বাধা দেওয়া যে ছঃসাহস, বিচারকই তাহা দেখাইয়াছেন, এবং এই সাহসিকতার অপরাধে সম্রাপ্ত বাজিকে কারাদণ্ড দিয়া বিচারক যে মানসিক গুণের পরিচয় দিয়াছেন, তাহাকে আমরা কোনোমতেই সাহসের কোটায় ফেলতে পারি না। বস্তুত তিনি অ্বাস্তর কারণে সোমেশ্রের প্রতি অপক্পাত ন্যায়্য বিচার করিতে সাহসই করেন নাই। এ-স্বলে দণ্ডিত যদি audacious হয়, তবে দণ্ডদাতার প্রতি ইংরেজি কোন্ বিশেবণ প্রয়োগ করা বাইতে পারে।

কিন্তু এইরপ বিচারের ফলাফলকে আমর। তুচ্ছ বলিয়া সাপ্তাহিক পজের এক প্যারাগ্রাফের মধ্যে তাহার সমাধি দিয়া নিশ্চিত্ত থাকিতে পারি না। আমরা প্রতিদিন নানা দৃষ্টান্তের ছারা শিথিতেছি যে, পোলিটিকাল প্রয়োজনের যে বিধান, ভাহা ন্যায়ের বিধান সভ্যের বিধানের সঙ্গে ঠিক মেলে না।

हेशां वामारमत निकानाजारमत हेंद्रे वा व्यतिहे की हहेरछह, छाहा नहेंसा

ছুল্চিন্তাগ্রন্থ হইবার প্রয়োজন দেখি না। ভরের কারণ এই বে, জামাদের মন হইতে এব ধর্মে বিশাস শিখিল, সভ্যের আদর্শ বিকৃত হইয়া যাইভেছে। আমরাও প্রয়োজনকে সকলের উচ্চে স্থান দিতে উল্পত হইয়াছি। আমরাও ব্রিভেছি, পোলিটিকাল উদ্দেশ্যসাধনে ধর্মমুক্তিতে বিধা অস্তব্য করা জনাবশুক। অপমানের হারা বে-শিক্ষা অন্থিমজ্ঞার মধ্যে প্রবেশ করে, সে-শিক্ষার হাত হইভে নিজেকে রক্ষা করিব কী করিয়া? ধর্মকে বদি অকর্মণা বিদিয়া ঠেলিয়া রাখিতে আরম্ভ করি, ভবে কিসের উপর নির্ভির করিব? বিলাভি সভ্যতার আদর্শের উপর ? বিশ্বন্ধগতের মধ্যে এই সভ্যতাটাই কি সর্বাপেকা স্থায়ী? ছর্ভাগ্যক্রমে, বে-জিনিসটা প্রত্যক্ষভাবে আমাদের ব্রের উপরে চাপিয়া বদে, সেট। আমাদের শক্ষে পৃথিবীর সব-চেয়ে ভারী—আমাদের পক্ষে হিমালয়পর্বত্বও তাহার চেয়ে কঘু। সেই হিসাবে বিলাভি সভ্যতার নীতিই আমাদের পক্ষে সব-চেয়ে গ্রেরারিত—ভাহার কাছে ধর্মনীতি লাগে না।

অতএব ইচ্ছা করি আর না করি বিলাত আমাদিগকে ঠেনিয়া ধরিয়া বে-সকল শিক্ষা দিতেছে, তাহা গলাধংকরণ করিতেই হইবে। আমরা ফ্লাইভকে, হেন্তিংসকে, ভাালহৌদিকে আদর্শ নরোন্তম বনিয়াই স্বীকার করিব,—ইংরেজের সহিত প্রাধা-অপ্রাধ্য সর্বপ্রকার সংঘাত-সংঘর্ষস্থলে আমরা ক্রায়বিচারের প্রভ্যাশাই করিব না—বেধানে ভারতশাসনের প্রয়োজনবশত প্রেষ্টিজের দোহাই পড়িবে সেধানে বিশ্ববিধাতার দোহাই মানিব না—ইহাই ঘাড় পাতিয়া লইলাম,—কিন্তু এই গুরুই যথন শিবাজির রাষ্ট্রনীতিকে অর্থ্য বলিয়া আমাদের নিকট নীতিপ্রচার করিতে আদিবেন, তথন আমরা কী করিব ? তথনও কি ইহাই বুঝিব যে, ধর্মনীতিশান্ত্রও বর্তমান ক্ষমভাশালীকেই ভয় করিয়া নিজের রায় লিবিয়া থাকেন, অভএব ধিক শিবাজি।

>6.56

## রাজকুটুম্ব

"নিষু ইতিয়া" ইংরেজি কাগলখানি আমরা আছার সহিত পাঠ করি। ইহার রচনায় পাঠক ভূলাইবার বাধাব্লি ও সহজ কৌশলগুলি দেখি না। সম্পাদক বে-সমস্ত প্রবদ্ধ লেখেন, তাহাতে রস অথচ গাছীর্ব আছে, তাহাতে বলের অভাব নাই অথচ পদে পদে সংযমের পরিচয় পাওয়া বার। জাহার লেখা সামন্ত্রিক সংবাদের ভূচ্ছতাকে অনেকদ্র ছাড়াইয়া মাধা তুলিয়া থাকে। ১২ই মার্চের পত্তে সম্পাদক "ভারতবর্ষে মুরোপীয় ক্রিমিনাল" নাম দিয়া একটি উপাদের প্রবন্ধ দিখিয়াছেন। বুখা অমুবাদের চেষ্টা না করিয়া ক্রিমিনাল-শব্দটা আমরা বাংলায় গ্রহণ করিতে ইচ্ছা করি।

য়ুরোপীয় ক্রিমিনালদের সম্বদ্ধে কেন যে সদ্বিচার হয় না, সম্পাদক বিচারকের মজো ধীরভাবে ভাহার মীমাংসা করিতে প্রস্তুত হইয়াছেন।

তিনি বলেন, একপক্ষে অপরিসীম সহিষ্ণুতাও আর-একপক্ষে অপ্রতিহত শক্তি বেখানে সমূখীন হয়, সেথানে বভাবতই এইরূপ ঘটিতে বাধা। এ-স্থলে আমরা হইলেও এমনিই করিতাম—এমন কি, সম্পাদক টিপ্লনী দিয়া বলিয়াছেন, এশিয়াবাসী হয়তো সুযোগ পাইলে "রিফাইও" পাশবিকভায় যুরোপীয়কে জিনিতে পারিত।

শুদ্ধাত্র প্রসক্ষমে আমরাও একটি মনন্তবের কথা বলিয়া লই। সম্পাদকের এই টিপ্পনীটুকুতে একটি ভূবলতা প্রকাশ পাইতেছে। তিনি নিজের বক্তব্যকে সবল করিবার ক্ষন্ত অপক্ষপাতিতা দেখাইবার প্রলোভনটুকু সংবরণ করিতে পারেন নাই। বজাতির প্রতি অতিমাত্র পক্ষপাতও বেমন স্থলবিশেষে একপ্রকার কৌশলমাত্র, জাতিনির্বিশেষে একান্ত অপক্ষপাতও স্থলবিশেষে সেইরপ কৌশল ছাড়া আর কিছু নহে। নিযু ইণ্ডিয়ার সম্পাদকের পক্ষে এটুকুর কোনো প্রয়োজন ছিল না, কারণ, তিনি ভূবল নহেন।

প্রাচ্যদের সম্বন্ধে ইংরেজদের ক্তকগুলি বাঁধিবুলি আছে, আমাদের "রিফাইও" নিচ্রির চা তাহার মধ্যে একটা। প্র্বিদিকটা একটা মন্তদিক—এদিকে বাহারাই বাস করে, তাহাদের সকলকে এক নামের অধীনে একপ্রেণীতে ভুক্ত করিয়া ভূগোলবুজান্ত রচনা করিলেই যে তাহারা দানা বাঁধিয়া এক হইয়া বায়, তাহা নহে। বিদেশীরা সামায় বাহ্যদাদৃশ্যের ভিতর দিয়া বৈসাদৃশ্য ধরিতে পারে না। এক জন চাবার চক্ষে এক গোরার সঙ্গে আর-এক গোরার ভেদ সহজে ধরা পড়ে না—ইংরেজের অনভ্যন্ত দৃষ্টিতে একজন বাঙালিও যেমন, আর-একজনও প্রায় সেইরূপ। এই কারণেই মুরোপীয়েরা সমন্ত প্রাচ্যজাতিকে একটা পিও পাকাইয়া দেখে এবং সকলের দোবগুণকে একটা নামের ঝোলার মধ্যে ভরিয়া "ওরিয়েন্টাল" লেব্ল আটিয়া দেয়।

যুরোপীয়ের। আমাদের আধুনিক গুরু, স্কুরাং তাঁহাদের কাছ হইতে আমাদের নিজেদের সহত্রে অন্ধতাটুকুও আমরা শিবিয়াছি। রিফাইও পাশবিকভার এশিরা যুরোপীয়ের চেয়ে অধিক বাহাত্রি কী পাইতে পারে, ইভিহাস বাঁটিরা ভাহার প্রমাণ সংগ্রহ করিতে চাহি না। কিন্তু অন্ধাতিপক্ষপাতের অপবাদটুকু শিরোধার্ব করিয়া এ-কথা অন্তরের সহিত, দৃচ্বিখাসের সহিত বলিতে পারি যে, হিন্দুকে অকর্মণ্য বল, শবোধ বল, তুর্বল বল সন্থ করিয়া বাইব, কারণ, সন্থ করা আমাদের অভ্যাস আছে।
কিন্ধ হিন্দুপাতির সভ্যমিখ্যা নানা অপবশের মধ্যে রিফাইও পাশবিকভার অপবাদটা
সব-চেয়ে অপ্তায়। আর এশিয়াটিক-নামক বন্ধনবিহীন একটা প্রকাণ্ড বিচিত্র ব্যাপারের
সহিত বুরোপীয় বলিয়া একটি ক্স ঐক্যবন্ধ সম্প্রদায়ের পশুন্ধ, মন্ত্রন্থ, বা দেবন্ধর
তুলনা একেবারেই অসংগত, অনর্থক। একটা মানকচুর সহিত একটা বাগানের তুলনা
হইতেই পারে না।

এটা একটা অবাস্তর কথা। মোটের উপর, সম্পাদক যে প্রবন্ধটি লিখিরাছেন, তাহার প্রশংসা করিতেই হইবে। ইহার মধ্যে চাপা কথা ঢের আছে, তাহা চাপাই থাক্। আমরা কেবল একটি কথা যোগ করিতে চাই মাত্র।

যাহার হাতে শক্তি আছে, সে যে সমস্প্রদারের দিকে টানিরা অবিচার করিবে,
ইহা মাহবের অভাব। ইংরেজও মাহব, তাই সে ইংরেজ-ক্রিমিনালকে দালা দিয়া
উঠিতে পারে না। যাহার হাতে শক্তি নাই, সে প্রবলের অক্তায়বিচার অগত্যা সহ
করে, ইহাও মাহবের অভাব। আমরাও মাহব, তাই আমাদিগকে ইংরেজের আক্রমণ
চুপ করিয়া সহু করিতে হয়। এই এক জায়গায় মহুক্তবের সমনিরভ্নিতে ইংরেজের
সলে আমরা একত্রে মিলিতে পারিয়াছি।

ন্তন ইন্ধল হইতে বাহির হইয়া য়খন সাম্য, স্বাধীনতা, মৈত্রী প্রভৃতি বিদেশী বচনগুলি বাংলায় ভর্জমা করিবার ভার আমরা গ্রহণ করিয়াছিলাম, তখন আমরা এই আনিতাম বে, মুরোপ বাহবলে প্রবল হইলেও মহয়ত্বের অধিকার সহছে তুর্বলের সহিত আপনার সাম্য স্বীকার করেন। তখন আমরা ইন্ধূলের উত্তীর্ণ ছেলেয়া একেবারে অভিভৃত হইয়া গিয়াছিলাম। বলিয়াছিলাম, ইহায়া দেবতা। আমরা চিরকাল ইহাদিগকে পূজা করিব এবং ইহায়া চিরকাল আমাদিগকে প্রসাদ বিতরণ করিবে—ইহাদের সহিত আমাদের এই সহজই শাখত। আমরা মনের ভিতর হইতে ইহাদের কাছে সম্পূর্ণ হায় মানিয়াছিলাম।

আৰু যখন বৃঝিতেছি, ইহারা আমাদের অসমকক নহে—আমরাও তুর্বল, ইহারাও তুর্বল—আমাদের অক্ষমের তুর্বলতা, ইহাদের সক্ষমের তুর্বলতা—তথন অভিভৃতির ভার কাটিয়া গিয়া আমরা মাধা তুলিতে পারি। ইংরেজ ক্রমাগত আমাদিগকে ব্রাইবার চেটা করিয়াছে, ভায়পরজা প্রভৃতি সহছে তোমাদের হলেণীর কোনো জাতির সহিত আমাদের তুলনাই হয় না। এক সময়ে ইংরেজ বেন এই বর্মপ্রেভার প্রেটিজ চালাইবার চেটা করিয়াছিল। বে-ব্যক্তি অক্ষমের নিকট ধর্মরকা করিয়া চলে, তাহার কাছে হার না মানিয়া থাকা বায় না—সেকালে আমাদের

বন হার মানিয়াছিল। এখন ইংরেজ প্রভাপের প্রেপ্তিজ সর্বাগ্রগণ্য করিয়াছে—স্বলেশী ও এ-দেশীকে ধর্মের চল্কে সমান করিবার বল ও সাহস এখন তাহার নাই —এখন ইংরেজের কাছে ইংরেজ-গ্রুমেণ্ট ছুর্বল। এখন ম্যাকেন্টার রাজা, বার্মিংছাম রাজা, নীলকর রাজা, চা-কর রাজা, চেম্বর অফ কমার্স রাজা, —ভাই আফকাল আমাদের প্রতি ভর-বেষ-ইর্মার নানা লক্ষণ দেখিতে পাই। দেখি, এঞ্জিনিয়ারিং কলেজ হইতে আমরা তাড়া খাইতেছি, আপিস হইতে ভ্রুট্ট হইতেছি, ডাক্ডারিলিকায় বাধা পাইতেছি, বিজ্ঞানশিকায় গৃচ্তাবে প্রতিহত হইতেছি। ইহাতে আমাদের জনেক অফ্রিমা আছে, কিন্তু এই সাম্বনাটুকু পাইতে পারি বে, কর্তারা আমাদের চেয়ে বেশি বড়ো নহে। ইহারা আমাদের অগ্রাফ করিয়া বাঁচে না—ইহাদের মনে এ-আশহাটুকু আছে বে, স্বোগ পাইলে আমরা বিজ্ঞায় ক্ষমতায় ইহাদের সমান হইয়া উঠিতে পারি। ইংরেজ-জিমিনাল দেশীয়ের প্রতি অস্তায় করিয়া স্তায়সংগত শান্তি পাইলে ইংরেজকে দেশীয় আশন সমত্ল্য বলিয়া জান করিবে, এই ভয়্টুকু য়ধন ইংরেজের মনে প্রবেশ করিয়াছে, তখন তাহার আস্বস্থান নই হইয়াছে। এই উপলক্ষ্যে আমাদের চিন্তুও ইংরেজের কাছে নতিবীকারের দায় হইতে নিছুতিলাভ করিতেছে—প্রত্যহ তাহার প্রমাণ পাইতেছি।

সম্পাদকমহাশয় বলেন, আমরা যদি ঘূষির পরিবর্তে ঘূষি ফিরাইতে পারি, তবে রাতায়-ঘাটে ইংরেজকে অনেক অক্তায় হইতে নিরত্ত রাথিতে পারি। কথাটা সত্য—
মৃষ্টিযোগের মতো চিকিৎসা নাই—কিন্তু সম্পাদকের উপদেশ সহসা কেহ মানিতে রাজি
হইবে না। তাহার অটকতক কারণ আছে।

একটি কারণ এই দে, আমরা একারবর্তী পরিবারে মাতৃষ হইয়াছি—পরস্পর মিলিয়া-মিলিয়া থাকিবার যত-কিছু আদেশ-উপদেশ-অমুশাসন সমন্তই শিশুকাল হইডে আমাদিগকে প্রত্যাহ পালন করিতে হইয়াছে। ঘ্রাঘুবি করা, বিবাদ করা, পরের অধিকারে হস্তক্ষেপ করা ও নিজের অধিকার লড়াই করিয়া রাখা, একারবর্তী পরিবারে কিছুভেই চলে না। আমাদের পরিবার ভালোমান্ত্র হইবার, পরস্পরের অন্তর্কৃলকারী হইবার, একটি কারধানাবিশেষ। অভএব ঘূষি শিক্ষা করিলেও মান্তবের নানিকারে ও চক্তারকার ভাহা নির্বিচারে প্রয়োগ করিবার ক্ষিপ্রকারিতা আমাদের অভ্যাদ হয় না। নিজের অম্ববিধা করিয়াও পরস্পরের সহিত মিলিবার ভাবই আমাদের বভাব ও অভ্যাদসংগত—পরস্পরের সহিত লড়িবার ভাব আমাদের সমাক্ষরবন্ধার মধ্যে কোধাও ফুর্ভি পাইবার স্থান পায় নাই।

এক, ইন্থলের ছেলেদের মধ্যে ষেটুকু বীররসের অবদর আছে, কর্তৃপক্ষ ভাষা সহজে

প্রশ্নর দিতে চান না। তারা কেবলই বলেন, আমাদের ছাত্রদিপকে ববেই শাসনে রাথা হর না। তাঁহাবের খদেশে ছাত্রেরা বে-ভাবে মালুব হর, এ-দেশের ছাত্রদের বাবহারে তাহার আভাসমাত্রও তাঁহারা সহ্ন করিতে পারেন না। বাহা দলন করিতে হইবে, তাহা অভ্রেই দলন করা ভালো, এ-কথা ইংরেজ জানে। একটা দৃষ্টান্ত দিই। কোনো কলেজের ছাত্র স্কৃতিবল খেলিতে খেলিতে আহত হইরাছিল। তাহার সদীরা ওশ্রবার প্রয়োজনে কাছের একটি স্বোবর হইতে কাপড়ে ভিজাইরা জল লইরাছিল। সেই স্বোবর সাহেরদের পানীর জলের অন্ত হ্রর্কিত ছিল। সেখানে ছাত্রকে নাবিতে দেবিয়া পাহারাওআলা নিবেধ করে। সেই উপলক্ষ্যে উভয়পক্ষে বচসা, এমন কি, হাতাহাতিও হইরা থাকিবে। ম্যাজিস্টেট সেই ছাত্রকরাটকে লইয়া দীর্ঘকাল তাঁহার ভিত্রিক্টের যত ভূর্ময় স্থানে যে-কৌশলে ঘুরাইরা-মারিয়া অবশেবে জরিমানা করিয়া ছাড়িয়া দিয়াছিলেন, তাহা সেই ছাত্রগণ ও তাহাদের অভিভাবকেরা কোনোকালে ভূলিতে পারিবে না। বাল্যলীলার এরণ দওবিধি ইংরেজের নিজের দেশে যে নাই, সে-কথা সকলেই জানেন। প্রেসিডেলি কলেজের মতো বিভালয়েও, দেশীয় প্রিলিপালের বিচারেও, ছাত্রদিগকে বে-সকল লঘুপাণে গুরুদণ্ড সন্থ করিতে হয়, ভাহাতে তাহাদের পৌক্ষচর্চা হয় না।

এই তো গেল ঘরে এবং বিদ্যালয়ে। তাহার পরেও বদি ইংরেজ-অন্তায়কারীর গায়ে ঘূমি তুলিবার মতো শুর্তি কাহারও থাকে, তবে বিচারালয় আছে। দেশীয়দের বিক্ষম্বালয়িইংরেজ-ক্রিমনালের শ্রেডি ইংরেজ-বিচারকের মানবল্বভাবসংগত পক্ষপাত সম্পাদক মহাশর স্বীকার করেন—সেই স্বাভাবিক পক্ষপাত দেশীয় অপরাধীর পক্ষে কী আকার ধারণ করিতে পারে, তাহা অন্থমান করা কঠিন নহে। একজন সন্ত্রাম্ভ মৃসলমান-বৃবা গড়ের মাঠে গাড়ি হইতে অন্ত গাড়ির একজন ইংরেজকে চার্ক মারিয়া জেলে গিয়াছিল মনে আছে—এলাহাবাদের সোমেশ্বর দাসের কথাও আমরা ভূলিতে পারি না। ইংরেজের গায়ে হাত দিতে দিয়া গ্রামহন্দ দোমী-নির্দোষী বহুতর লোকের কিরুপ অসহ লাহ্না ঘটে, তাহার দৃষ্টাম্ভ আছে। তাহার কারণ, এ-দেশে পোলিটকাল নীভিতে অন্ত নীভিকে জটিল করিয়া কেলে। এদেশে ইংরেজকে মারার মধ্যে ব্যক্তিগত মার এবং পোলিটকাল মার, তুই আছে—ইন্থলের ছেলের ভুক্ত ক্রীড়ার মধ্যে ভাবীকালের পোলিটকাল সংকটের বীজ প্রাক্তর আছে—শৃতরাং আমাদের ব্যক্তিগত অপমানের প্রতিকার করিতে গিয়া আমরা হঠাৎ পোলিটকালের মধ্যে পা দিয়া ফেলি, তথন সহসা কাঁথের উপরে ব্যক্তিটা আদিয়া পড়ে, ভাহার সম্পূর্ণ তাৎপর্ব বৃবিতে আমাদের কিছু বিলম্ব হব। দেশীরের প্রতি উপত্রব করিয়া ইংরেজ অল লার পণ্ড ও ইংরেজের গারে

হাত দিয়া আমরা ওক দও পাই, ইহার মধ্যে ওধু যে মহুষাধর্ম আছে ভাহা নহে, ভাহার সংক রাজধর্মও যোগ দিয়াছে। এ-স্থলে গুষি ভোলা কম কথা নহে।

মহ্বাৰভাবে সাহসের একটা দীমা আছে। জাহাজের একজন কাপ্তেন হাজার ব্যারকারী হইলেও তাহার অধীনত্ব যুরোপীয় নাবিকদল সংখ্যাধিকাসত্ত্বও সকলপ্রকার অপমান ও দৌরাত্মা অগত্যা সন্থ করিয়াছে, এরপ ঘটনার কথা অনেক শুনা পিয়াছে। আইনের শাসনকে উপেকা করা শক্ত। জাপ্তিদ হিল ইংরেজ-ক্রিমিনালকে উপদেশ দিবার প্রসক্ষমে বলিয়াছেন, তোমার বদেশীয় ভৃত্য ভোমার এরপ ব্যবহার সন্থ করিত না। না করিবার কারণ আছে। বিচারের চক্ষে বদেশীয় ভৃত্য ও বদেশীয় মনিব সম্পূর্ণ সমান। সে-ত্বলে মনিবের ক্র্বাবহার সন্থ না করিবার প্রভৃত বল ভৃত্যের আছে। সে-বল ভৃত্যের একলার বল নহে, তাহা তাহার সমন্ত অঞাতির বল। এই বিপুল বলের সহিত একজন দেশীয় ভৃত্যের একলার বলের তুলনা করা ঠিক নহে।

এখানেও একান্নবর্তী পরিবারের কথা পাড়িতে হয় ৷ একলন ইংরেলের উপর অল্প লোকেরই নির্ভর—আমরা প্রভাবেই বছতর আত্মীয়ের সহিত নানাসমূদ্ধে আবদ্ধ। সেই সকল সম্বন্ধ আমাদিগকে ত্যাগণরতা, সংযম, মদলনিষ্ঠা প্রভৃতি মহুষ্যদ্বের উচ্চতর গুণে ভূষিত করিয়াছে—সেই সকল সংস্কৃষ্ট হিন্দু জাতিকে বিফাইগু ও অকুত্রিম পাশ-বিকতা হইতে দূরে রাধিয়াছে—আমাদের পক্ষে হঠকারিতা সহল হইতেই পারে ना, आंगामिश्रात्क स्मान्त्र पिरक आंकर्षन कदिला अरनकश्रमा निकाए हो भारपाछिक होन পড়ে। चতএৰ আমাদের জীৰ গ্লীহা ইংরেজের বুটাগ্রের পকে যেরুপ সহজ नक्षा, ইংরেজের নাগাঞ্জ আমাদের ব্রমুষ্টর পক্ষে সেরুপ ফুলর সুগ্ম নহে। সেজ্ঞ ইংরেজ যদি নিজেকে আমাদের চেয়ে বেশি বাহাছুর মনে করেন তো কল্লন-কিন্তু আমরা কেন ইংরেজের তরফ হইতে স্বদ্ধাতিকে বিচার করি ? বে-ভাবে স্বামরা চিরকাল মহুবাস্বচর্চা করিয়া আসিতেছি, ইংরেজের সহিত সংঘাতে তাহাতে আমাদের অসুবিধা ও অপমান चिटि उद्देश पाद्य-किंद जारे दिनया मन्त्राद मामना बाही, ध-क्वा আমরা তো স্বীকার করিতে পারিব না। মামুষ হইতে গেলে দাঁত-নথের ধর্বতা ঘটিয়া থাকে-তাই বলিয়া কি লক্ষা পাইব ? রোমের সমাট নগ্ন-নিরস্ত খ্রীন্টানদিগকে জৌড়াজনে পশু দিয়া হত্যা করিয়াছিলেন—ধর্মরাজ বদি ডাহার বিচার করিয়া থাকেন, তিনি কি রোমরাজের পৌক্ষকেই সমান দিয়াছেন ? আমরা যদি যথার্থভাবে সহ করিতে পারি, আমরা যদি সহিফুতার অন্ত নিজেকে হের বলিয়া অন্তার ক্রম না করি, তবে ধর্ম चामारमत विठात श्रह्म कविरवन । किन्द त्रठनानी जित्र शास्त्रित वा य-कातरमहे इक्टेंक, এ-কথা আমর। যেন অনায়াদেই উচ্চারণ করিয়া না বদি যে, আমরা হইলেও ঠিক

এইরপ করিতাম বা ইহাদিগকেও ছাড়াইরা বাইতাম। না, আমরা হইলে এরপ করিতাম না। ইহাই আমাদের সাজনা। আমাদের সমাজের আমাদের ধর্বের বে-আদর্শ, আমাদের শাল্পের বে-অনুশাসন, আমাদের সভাবের বে-গভি, ভাহাতে অক্ষমকে আমরা আত্মীরশ্রেণীভূক্ত করিয়া বইভাম। আমরা ভিক্ককে, তুর্বলকে, প্রাচীনকে কথনো অব্ভা করি নাই।

রাজা এবং রাজসূট্য ঠিক এক নহে, কিন্তু তবু রাজসম্পর্কের গন্ধ থাকিলেও কুট্র-দের উৎপাত সহ্ম করিভেই হয়। মৃচ্ছকটিকের রাজস্তালকের কথা পাঠকগণ শ্বরণ করিবেন। প্রভেদ এই ধে, উক্ত কুট্রবর্গের সংখ্যা এখন শ্বনেক বাড়িয়া গেছে।

মৃদ্ধকটিকের সেই রাজশালকটি যতই উপত্রব করুক না কেন, প্রজাবর্গের কাছে তাহার সন্মান ছিল না—সকলেই তাহাকে উৎপাত বলিয়াও আনিত, অথচ তাহাকে মনে-মৃথে পরিহাস-বিজেপ করিতে ছাড়িত না। এখনকার রাজশালকগণের নিকট হইতে ঠিক সে-পরিমাণ হাশ্ররস আদায় করা কঠিন, কিছু জাহাদের ব্যবহারে তাঁহারা প্রত্যহ আমাদের কাছে যে-পরিমাণে সম্লম হারাইতেছেন, তাহা যেন আমাদের মাণা তুলিবার সহায়তা করে।

3030

#### ঘুষাঘুষি

গত বৈশাগমানের বন্ধদর্শনে "রাজকুটুর"-শীর্ষক প্রবন্ধে নিমু ইণ্ডিয়ায় প্রকাশিত কোনো রচনার সমালোচনা করা হইয়াছিল। নিমুইণ্ডিয়ার সম্পাদকমহাশয় আমাদিগকে ভূল ব্রিয়াছেন। তিনি স্থির করিয়াছেন, এক গালে চড় খাইয়া অস্তু গাল ফিরাইয়া দেওয়া যদি বা আমাদের মত না হয়, অস্তুত অপ্রক্রনপ্রবাহে আহতগণ্ডের আঘাত-বেদনার উপশ্যচেষ্টাই আমাদের মতে প্রেয়।

ইংরেন্ধের ঘূষিবাধা থাইরা নাকিন্থরে নালিশ করা এ-দেশে কিছুকাল পূর্বে অত্যস্ত অধিকমাত্রার প্রচলিত ছিল। একটা কাককে ঢেলা মারিলে পৃথিবীস্থন্ধ কাক বেমন চীৎকার করিয়া মরে, দেশী লোকের মার থাইবার খবরে আমাদের খবরের কাগজ-গুলি তেমনি করিয়া অবিশ্রাম বিলাপপরিতাপে আকাশ বিদীর্ণ করিত।

আমরাই সর্বপ্রথমে 'সাধনা' পত্রিকার এই নাকিকারার বিরুদ্ধে বারংবার আপত্তি উত্থাপন করিয়াছি—এবং কথঞিং ফললাভ করিয়াছি, ভাহাও দেখা ঘাইভেছে। আজ হঠাং আত্মপ্রভিষাদের বে কোনো কারণ ঘটিয়াছে, ভাহা বোধ হয় না। ছবিতে যেমন চৌকা জিনিসের চারিটা পাশই একসলে দেখানো বার না, তেমনি প্রবন্ধেও একসলে একটা বিষয়ের একটি, বড়োজোর, চুইটি দিক দেখানো চলে। "রাজকুটুখ" প্রবন্ধেও আমাদের বস্তব্য বিষয় খুব ফলাও নহে। নিরু ইণ্ডিরার সম্পাদক-মহাশর যথন ভূল বুঝিরাছেন, তথন সম্ভবত আমাদের রচনায় কোনো অটি থাকিতে পারে। এবারে ছোটো করিয়া এবং স্পষ্ট করিয়া বলিবার চেটা করিব।

ভারভবর্ষে ধে মারে এবং ধে মার খায়, এই হুই পক্ষের অবস্থা লইয়া আমরা কিঞ্চিৎ ভত্তালোচনা করিয়াছিলাম মাত্র। আমরা কোনো পক্ষকেই কর্ভবাসক্ষে কোনো উপদেশ দিই নাই।

বে লোক কলে পড়িয়াছে, ভাঙা হইতে ভাহাকে চিল ছুঁড়িয়া মারা সহজ। অপর-পক্ষের সে-মার ফিরাইয়া দেওয়া শক্ত। এরপ স্থলে কোন্ পক্ষকে কাপুরুষ বলিব? যে মারে, না যে মার ফিরাইয়া দেয় না ?

ইংরেজের পক্ষে ভারতবর্ষীরকে মার। নিভাস্ত সহজ্ব—কেবল তাহার গায়ে জার আছে বলিয়া যে, তাহা নহে। সেও একটা কারণ বটে, কিন্তু দে-কারণকে উপেক্ষা করা যাইতে পারে। তাহার বাহুবল বেলি, কিন্তু তাহার পশ্চাতের বল আরও অনেক বেলি। তাহার দৃশ্যশক্তির সঙ্গে লড়াই চলে, কিন্তু তাহার অদৃশ্যশক্তি অত্যন্ত প্রবেল। আমি যেমন একটি মাহুয, সে-ও বলি তেমনি একটি মাহুযমাত্র হইত, তবে আমরা কতকটা সমকক্ষ হইতাম। কিন্তু এ-স্থলে আমি একটি ব্যক্তিমাত্রে, আর সে ইংরেজ, সে রাজ্বন্দি । বিচারকালে, মাহুয বলিয়া আমার বিচার হইবে, আর তাহার বিচার হইবে ইংরেজ বলিয়া।

আর, আমি ধখন ইংরেজকে মারি, তথন বিচারক সেটাকে এই বলিয়া দেখে বে, ভারতবর্ষের রাজশক্তিকে আমি আঘাত করিলাম, ইংরেজের প্রেপ্টিজকে আমি ক্র করিলাম—অতএব সামান্ত আঘাতকারী বলিয়া আমার বিচার হয় না।

আমাদের মধ্যে এই গুৰুতর অসমকক্ষতা আছে বলিয়াই বে মার পায়, ভাহার চেয়ে বে মারে, সেই কাপুক্ষ বেশি। এই কাপুক্ষভার জন্ম ইংরেজ আঘাতকারী বিচারে নিছতি পাইয়াও যদি অলাতির কাছে ধিক্কারলাভ করিত, তাহা হইলে ভাহাতেও আমরা একটু বল পাইভাম। কিন্তু দেখিতে পাই, উলটা ভাহারা বেশি করিয়া সোহাগ পাইয়া থাকে। ভাহাদের জন্ম টাদা ওঠে, অলাভীয় কাগজে আহা-উত্তর জন্তু থাকে না। আংলো-ইগুরায় এইরূপ কাপুক্ষভার জন্ম কেবল প্রকাশে ভিক্টোরিয়া ক্রুস দেগুরা হর না, এই পর্যন্তঃ

मुख्याजि अक्षन प्राप्त काकरक चून कतिहा मार्टिन विनिद्या अक्षम हैरस्यस्वर

ৰিভীয়ৰাৰ বিচারে তিন বংসর জেল হইশ্লাছে। ইহার পর হইতে ইংলিশম্যান প্রভৃতি কাগজে কিন্নপ আডঙের আর্ডনাদ উঠিয়াছে, ভাহার নিয়লিখিভ নমুনাট কৌতৃক্জনক:

There are some things that foreign Governments, and even Native States in India, manage better than we do : one of these is the protection of their own kith and kin, and the maintenance of that prestige so necessary for upholding constituted authority. To the disinterested observer in India, it seems that the white man is becoming very much discounted under the ægis of the British "Raj." Time was when the Britisher, as conqueror and ruler of this land, enjoyed certain rights and privileges. and one of these was his right to be tried by jury. Quite recently we have had the spectacle of the unanimous verdicts of juries, acquitting Europeans, charged with offences triable by these tribunals, set aside, not because there was any outery against such acquittals, or on the application of the prosecution, but on appeal by the Government against the acquittal. To quote one specific instance, we may refer to the trial of Mr. Rose, of Dulu Tea Estate, Cachar. The relations between Europeans and natives are becoming acutely antagonistic, and this racial gulf is being widened by the violent writings of the native press. The time has arrived to look into this question a little more closely. The unprovoked assaults on Europeans, especially soldiers, are becoming increasingly frequent. Europeans are insulted, abused and jeered at by the lowest type of natives and if they retaliate, they are set upon by a mob. If the European gets badly mauled, nothing is done, no one cares, but if in the brawl he happens to seriously hurt one of his numerous assailants, in the exercise of his right of self-defence, he is tried for his life and liberty. This we say is one-sided and it behoves the Government to look a little deeper into the causes at work that bring about these frequent conflicts between Europeans and natives.

দেখো, এই একটি সামান্ত ঘটনাই ইংলিশমান কম্পাধিত। অভায় করিবার শপ্রতিহত ক্ষতা যদি কোনো উপায়ে একটু ধর্ব হয়, ভবে কী আতংহর বিবয়! ইহা হইতে এই প্রমাণ হয় বে, এ-দেশে ইংরেজ অবিচারের বলেই আপনাকে বলী মনে করে। সেই বলের পশ্চাতে নিরাপদে আশ্রয় গ্রহণ করিয়া তাহারা অত্যাচার করিবার সহজ অথকে চিরস্থায়ী করিতে চাহে। করিতে পারে করুক—কিছ ইহার পরে ভীকতার অপবাদ আমাদিগকে দেওয়া আর চলে না।

ইংরেজ ও ভারতবর্ষীয়ের মধ্যে অপক্ষপাত বিচারে "কছরব" ও "রুলব"-দের যে প্রেক্টিজের হানি হয়, এ-আলছা এ-দেশের সাধারণ ইংরেজের মনে জাগিয়া আছে—জন্ম এবং জুরি নিভান্ত অসাধারণ না হইলে ইহার ব্যক্তিক্রম হয় না। অপক্ষপাতে স্থবিচার করিতে যাহারা ভয় কবে, ভাহারা একদিকে আমাদের পক্ষে ভয়ানক, তেমনি আয়-একদিকে ভাহাদের এই ভীক্রভাই আমাদের কাছে ভাহাদের ঘর্বলভা প্রতিপন্ন করে। আমাদের কাছে ইহাতে ভাহাদের মর্যাদা কমিয়া গেছে। এখন আমরা ইংরেজকে ঘরে-ঘরে এবং মনে-মনে থাটো করিতেছি। পাশ্চাভ্য সভ্যতার প্রতি অছভক্তি এক সময়ে আমাদিগকে যেরণ সম্পূর্ণ অভিভৃত করিয়া দিয়াছিল, এখন আমরা ক্রমণই ভাহা হইতে মুক্তিলাভ করিতেছি। আমাদের দেশের চিরস্কন ধর্মনীতির যে-আদশ, ভাহা প্রভাহ আমাদের কাছে উজ্জ্লতর হইয়া আসিতেছে। আমরা পাশ্চাভ্য বর্বরভার নয়ন্মৃতি যতই দেখিতেছি, ততই আশ্রম্লাভের জল্প আমাদের শ্বদেশীয় কুলায়ের মধ্যেই একে একে ফিরিয়া আসিবার উপক্রম করিতেছি। এইরপে আমাদের অপমানের মধ্য দিয়াও আত্মস্থানের পথ কিরপে উদ্ঘাটিত ইইয়াছে, আমার প্রবন্ধে ভাহার আভাস ছিল।

আর-একটি কথা ছিল, বোধ হয় নিয়ু ইণ্ডিয়া নম্পাদকমহালয় সেইটেতেই আপত্তি করিয়ছেন। আমি বলিয়াছিলাম, আমাদের দেশে একারবর্তী পরিবার-শ্রেখা এমন যে, বাল্যকাল হইতে আমাদিগকে সর্বপ্রকারে বিরোধের অপেকা মিলনের অন্তই প্রস্তেত্ত করে। আমাদিগকে আত্মত্যাগ এবং ধৈর্যই শিক্ষা দিতে থাকে। আমরা যদি কমায় দীক্ষিত না হই, তবে এতগুলি লোকের একত্রে থাকা অসম্ভব হয়। অভএব আমরা যে থপ করিয়া কাহারও নাক-চোবের উপর ঘূষি মারিতে, বা ভূপতিত ব্যক্তির মূখের উপর বা রাগ করিয়া কাহারও তলপেটে উপর্পরি লাখি মারিতে পারি না, তাহার কারণ আমাদের সাহসের অভাব নহে—তাহার প্রধান কারণ, আমাদের দেশের সামাজিক আদর্শে আমাদিগকে নিরীহ করিয়াছে। ইংরেজ কথ্যকিং পরিহাসের ভলিতে আমাদিগকে "mild Hindu" বলিয়া থাকে—বস্তুতই আমরা মাইক্ড হিলু। ইহাতে আমাদের অস্বিধা ঘটিতেছে, তাহা দেখিতেছি এবং এখন বর্তমান অবস্থার কী করা কর্তব্য, তাহাও বিচার্য—কিন্ধ মাইক্ড বলিয়া আমাদের ক্ষার ছাড় হেট

করিবার কথা নহে। ভারতবাসী মৃত্যুকে ভয় করে বলিয়া বে কাহাকেও আক্রমণ করে না, তাহা নহে—বোরার-বৃদ্ধে ভারতবর্ষীয় তুলিবাহকেরাও দেখাইরাছে যে, তাহারা বিনা উত্তেজনাতেও অবিচলিত ভাবে মৃত্যুর মুধের সন্থুখে আপনার কাজ করিয়া বাইতে পারে—' কিছ ভাহার ধর্ম, তাহার সমাজ ভাহার হিংল্লপ্রবৃত্তি লোপ করিয়া দিয়াছে— এতদ্র করিয়াছে বে, ভাহাতে ভাহার আর্থহানি ও অলুবিধা ঘটে এবং ভাহার মানহানি ঘটিতেছে। এই নিরীহভাকে বদি ভিরন্ধার করিতে হয়, ভবে ভীকভাকে বে-ভাষার করিবে, ইহাকেও কি সেই ভাবার করিবে ?

' বাহাই হউক, ইংরেজের মার থাইরা নার কিরাইরা দেওয়া আমাদের পক্ষে
কী কী কারণে সহজ্ব নহে, "রাজকুট্ব" প্রবন্ধে ভাহারই আলোচনার চেটা
করিয়াছিলাম। কিরাইয়া দেওয়া উচিত কিনা, সে-কথা তুলি নাই। কর্তব্য হংসাধ্য
হইলেও কর্তব্য—বরঞ্চ লে-কর্তব্যের গৌরব বেশি। এলাহাবাদের কোনো দেশীয় ধনী
ব্যাহর স্বন্ধকা উপলক্ষ্যে তাহার কোনো ইংরেজ ভাড়াটিয়াকে ফুলগাছের টব লইডে
ভূতাদের হারা বাধা দেন—সেই স্পর্ধায় তাহার কারাদেও হয়। স্বন্ধকা বা আত্মরকা
বা মানরকার থাতিরে কোনো ইংরেজের গায়ে হাত তুলিলে ভাহার পরিণাম স্থেজনক
না হইতে পারে এ-আশহা স্বীকার করিয়াও বধন আমাদের দেশের লোক
আঘাতের পরিবর্তে আঘাত করিতে শিধিবে, তথনই ইংরেজের কাপুরুবভার সংশোধন
হইবে—এই অভ্যন্ত সহজ্ব কথাট বদি অত্মীকার করি, তবে স্বভাবের নিয়ম সম্বন্ধে
আমার স্থাভীর অক্ষতা প্রকাশ পাইবে।

বভাবের নিষমের অপেকা উচ্চতর নীতি আছে। কিছু দে-নীতি যতক্ষণ পর্বস্থ না সমন্ত বাধা পরাভূত করিয়া নিজেকে ত্রনিবারভাবে প্রভাক করিয়া ভোগে, ততক্ষণ পর্বস্থ বভাবের নিয়মকেই আশ্রয় করিতে হয়।

কিন্ত এ-কথা স্বীকার করিতেই হইবে যে, এই যে ঘ্যাঘূবির উত্তেজনা স্থামাদের মনে স্বাগ্রত হইরা উঠিতেছে, ইহা স্থামাদের ধর্মনীভিতে স্থাঘাত না করিয়া থাকিতে

> তাভেল ল্যাণ্ডর নামক এমণকারী বখন তিক্তপ্রবণে নিরাহিলেন, তখন তাঁহার সম্পর ভৃত্যই প্রাণ্ডরে তাঁহাকে পরিচ্যাপ করিরা পলারন করে, কেবল চন্দনসিং ও মানসিং বলিরা ওাহার বে ফুটমান্র হিন্দুভ্য ছিল, তাহারা কখনো পলারবের চেটানান্রও করে নাই—তাহারা আসরম্ভ্যুর শহার এবং অসহ উৎপীড়বেও অবিচলিত থাকে—অখচ নৃত্ন দেশ আবিভারের উত্তেজনা, সমান্তে বলের প্রত্যাশা বা ন্যাণ্ড্রভাভ হাপাইরা অর্থনান্ডের প্রলোভন, তাহারের কিছুই ছিল না । তাহারের প্রভূত বিদেশী এবং আছিনের—কিন্ত ভাহারা হিন্দু, অভ্যকে বারিবার লভ্ভ তাহারা স্ব্রাই উভ্যত নয়, অখচ মরিতে ভর করে বাঃ

পারে না। অণ্ডপ্রবৃত্তি প্রয়োজনটুকু দিছ করিয়াই অন্তর্ধান করে না। ভাষাকে দাসত্বের ছুভায় আহ্বান করিলেও শেবে দে রাজত্ব করিতে চায়। কোনো কোনো ছর্ত্ত মদ না থাইলে যেমন কাজ করিতে পারে না বিছেব দেইরূপ আছ না হইলে প্রাদমে কাজ করিতে পারে না। গুণ্ডাগিরিকে যদি একবার রীভিমতো জাগাইয়া তৃলি, ভবে দে আছবিছেবের নেশায় না মাভিয়া থাকিতে পারিবে না। তখন দে উঠিয়া-পড়িয়া কাজ আরম্ভ করিবে বটে, কিছু আমাদের উচ্চতন মহাম্যত্বের বৃকের বিজ্ঞ হইতে দে প্রতিদিন তাহার খোরাক আদায় করিতে থাকিবে। গুণ্ডাগিরি বল পাইয়া উঠিয়া মহাম্যত্বে শোষণ করে—বাহাছবির নেশা জাগিয়া ওঠে।

এ-কথা শীকার করিতেই হইবে, শুদ্ধ উপদেশে কোনো ফল হয় না—অভ্যাস ভাহা অপেকা দরকারি জিনিস। মারা উচিত বলিলেই মারা যায় না, মারা অভ্যাস করা চাই। যাহাদের ঘূষি প্রস্তুত হইয়া আছে, ভাহারা শিশুকালে প্রভিবেশীর ছেলেকে মারে, বিছালয়ে সহপাঠীকে মারে, কলেজে gownsman হইয়া townsmanকে মারে—এমনি করিয়া একেবারে এমন পাকিয়া যায় যে, ভাহাদের ধর্মগ্রন্থের উপদেশ অরণ্যে রোদনে পরিণত হয়। তাই হার্বার্ট স্পেলার তাঁহার Facts and Comments গ্রন্থের ৩০তম পৃষ্ঠায় লিখিতেছেন:

But the refusal to recognize the futility of mere instruction as a means to moralization, is most strikingly shown by ignoring the conspicuous fact that after two thousand years of Christian exhortations, uttered by a hundred thousand priests throughout Europe, pagan ideas and sentiments remain rampant, from emperors down to tramps. Principles admitted in theory are scorned in practice. Forgiveness is voted dishonourable. An insult must be wiped out by blood: the obligation being so peremptory that an officer is expelled from the army for even daring to question it. And in international affairs the sacred duty of revenge, supreme with the savage, is supreme also with the so-called civilized.

ইহা না হইয়া যায় না। চালের একটি খড় পোড়াইতে গেলেও সমন্ত চালে আগুন লাগে। কাড়াকাড়ি-বুবাব্বিকে সমাজের সর্বত্ত প্রচলিত করিলে, তবেই আব্দুক্রের সময় তাহা অনায়াসপ্রাপ্য হয়।

টুব প্রভৃতি বিলাতি কাগতে প্লিস-আদালতের বিবরণে নিজের স্ত্রীকে, প্র-কল্লাকে, আত্মীয়-প্রতিবেশীকে যেরপ নির্মম পাশবভাবে আঘাত করার উলাহরণ

দেখিতে পাই, আমাদের হিন্দুসমাজে তাহার সিকির সিকিও দেখা বার না। শিকারি বিড়ালের গোঁফ দেখিলেই চেনা যার;—কে পিলা ফাটাইবে এবং কাহার পিলা ফাটিবে, এই পুলিসের বিবরণী হুইভেই তাহা স্পষ্ট দেখা বাইবে।

আমাদের দেশে ছেলেভে-ছেলেভে ঝগড়া বদি মারামারি পর্বন্ত ওঠে, তবে যাহাতে আঘাত গুরুতর না হয়, লড়াইকারীর সে-চেটা বরাবর থাকে—গালে চড়, পিঠে চাপড়ের উর্ধে প্রার ওঠে না। সে আমাদের সমাজের শিক্ষা; দূর হইতে স্বদূরে আত্মীয়তা বিস্তার করাই আমাদের অভ্যাস,—আমরা ঘনিষ্ঠ হইরা বাস করি—আমরা বদি ক্ষমা না করি, বৈর্ধ নাধরি, তবে আমাদের সমাজ ভাঙিয়া যায়, শাল্লের শিক্ষা বার্ধ হয়।

অতএব আমাদের ছুই আতের ছুইরকম আচরণ। বুরোপে শান্তের শিক্ষা ও সমাজের ব্যবহার পরস্পরবিরোধী। আমাদের সমাজ ক্ষমা, ধৈর্ব, সন্তোষ ও সর্বভূতে দয়া, এই শান্তমতের অন্তক্তন প্রতিষ্ঠিত। এই সমাজে স্থদীর্থকাল হইতে আমাদের চরিত্র গঠিত। অতএব মারামারিতে আমাদিগকে ইংরেজের কাছে হঠিতে হয়—কেবল ভয়ে নহে, অনভ্যাদে।

যদি হঠিতে না চাও, তবে শিশুকাল হইতে ঘরে-পরে সর্বত্ত তাহার আয়োজন করিতে হয়। যাহা আমার, তাহাতে কাহাকেও অংশ বসাইতে দিব না; যাহা পরের তাহা ক্ষরদ্যল করিতে চেটা করিব; ত্বল সহপাস্তর উপর অস্তায় অত্যাচার করিব; ঘূষি মারিবার সময় কাহারও নাকচোধ বাঁচাইয়া চলিব না, এবং নিষ্ঠ্রতায় বিম্ধ হওয়াকে পৌরুষের অভাব বলিয়া গণ্য করিব।

এইরপে যথন আমাদের আম্ল পরিবর্তন হইবে, তথন ইংরেদ্ধে-দেশীতে হাতাহাতি সমানভাবে চলিবে। বাবে-সিংহে থাবা-মারামারি যেমন অভ্যন্ত আমোদক্ষনক দৃশ্ত, আমাদেরও দাঁত-ভাঙাভাঙি সেইরপ পরমবৈত্কাবহ হইতে পারিবে।

নত্বা কী ছইবে ? বে-ব্যক্তি শিক্ষায় ও অভ্যাসে ও পুক্ষাস্ক্রমে সভাববর্বর নহে, সে বদি কর্তব্যের অন্ধ্রোধে চোধকান বৃদ্ধিয়া প্রকৃতিবিক্ষণ্ড উদ্বোগে প্রবৃত্ত হয়, ভবে যে ভীষণ বর্বরভাকে জাগাইয়া তৃলিবে, ভাহার সহিত প্রতিযোগিতা করিবার উপযুক্ত নথদন্ত কোথায় মিলিবে ? আমরা উপদেশের ভাড়নায় অভ্যন্ত ত্র্বলভাবে কাজ আরম্ভ করিব, কিন্তু যে নিষ্ঠুর বিষেষ উন্ধাধিত হইয়া উঠিবে, সেই হলাহল অনায়াসে গলাধঃকরণ করিবার শক্তি ও অভ্যাস আমাদের নাই।

স্থামি এ-কথা ভয় হইডে বলিডেছি না। দাঁত ভাঙা, নাক থ্যাবড়ানো, জেলে যাওয়া শভাস্ত ওঞ্জন্তর শশুভ বলিয়া গণ্য না-ই হইল। কিন্তু যে-গরলকে গরিপাক করিতে আমরা স্বাভাবিক কারণেই অকম, সেই গরগকে উদ্রিস্ক করিয়া ভোলা দেশের শক্ষে মঙ্গলজনক কিনা, জানি না।

किन अकी व्यवसा बाहि, यथन कनांकन विठांत वनःगठ अवर वनाम। हैरदब যথন অল্লায় করিয়া আমাকে অপমান করে, তখন হতটুকু আমার সামর্থ্য আছে, তৎক্ষণাৎ ভাষার প্রতিকার করিয়া ক্ষেদে বাওয়া এবং মরাও উচিত। ইহা নিশ্চয় জানিতে হইবে যে, হয়তো ঘুষায় পারিব না এবং হয়তো বিচারশালাতেও দোবী সাব্যন্ত হইব: তথাপি অন্তায় দমন করিবার অন্ত প্রত্যেক মানুবের বে স্বর্গীয় অধিকার আছে, যধাসময়ে তাহা যদি না থাটাইতে পারি, তবে মছয়ের নিকট হেয় এবং ধর্মের নিকট পতিত হইব। নিজের চুঃখ ও ক্ষতি আমরা গণ্য না করিতে পারি, কিন্তু যাহা অক্সায়, তাহা সমন্ত জাতির প্রতি এবং সমন্ত মামুষের প্রতি অন্তায় এবং বিধাতার স্তায়দণ্ডের ভার সামাদের প্রত্যেকের উপরেই चाहि । वित्यव इटेटफ, वाहाफूति इटेटफ, न्मर्था इटेटफ नित्यत्क नर्वश्रवाह वीहाहेश, भारतीिक नीमात मर्था क्ष्रिनचार निस्मरक मःवद्देश कतिश घरेनामरनद क्रवा আমাদিগকে গ্রহণ করিতেই হইবে। শারীরিক কট্ট, ক্ষতি বা অক্লভকার্বতা ভরের বিষয় নহে—ভয়ের বিষয় এই হে, ধর্মকে বিশ্বত হইয়া প্রবৃত্তির হাতে পাঙে আত্মসমর্পণ করি, পরকে দণ্ড দিতে গিয়া পাছে আপনাকে কলুবিত করি, विठातक इटेट शिया शास्त्र खुखा इटेबा छेठि। आयता मिथियाहि, छटे मिक বাঁচাইয়া চলা সাধারণ মাহুষের পক্ষে অভ্যন্ত কঠিন, এইজন্ত ভালোমন্দ ওজন করিয়া অনেক সময় আমাদিগকে একটা দিক অবলম্বন করিতে হয়। ও নিবৃত্তির যে সামঞ্জপথ আছে, তাহা অত্যন্ত চুত্তহ চুইলেও তাহাই আমাদিপকে निश्र जराष्ट्र असूनकान ७ अवनका कतिए हरेख-नष्ट्रवा विनाम शांध हरेए छे हरेख । धर्मित अहे व्यरमाच निषम इटेट्ड बृद्वान वा अनिष्ठा काहात्र अनिष्ठि नाहे।

শতএব ঘৃষাঘৃষি-মারামারির কথা বধন ওঠে, তধন সাবধান হইতে বলি। দেবতার তৃণেও অন্ত আছে, দানবের তৃণও শৃক্ত নহে—অগ্রমন্ত হইয়া অন্ত নির্বাচন যদি করিতে পারি, তবেই যুদ্ধের অধিকার অরে, তথন

कर्मभावाधिकांत्रक मा क्लावू कनावन ।

0

#### বঙ্গবিভাগ

বন্ধবিভাগ এবং শিক্ষাবিধি নইয়া আমাদের দেশে সম্প্রতি বে আন্দোলন হইয়া গেছে, তাহার মধ্যে একটি অপূর্বত্ব বিদেশী লোকেরাও লক্ষ্য করিয়াছে। সকলেই বলিতেহে, এবারকার বক্তৃতাদিতে রাজভক্তির ভড়ং নাই, সামলাইয়া কথা কহিবার প্রয়াস নাই, মনের কথা স্পষ্ট বলিবার একটা চেষ্টা দেখা গিয়াছে। ভা ছাড়া, একথাও কোনো কোনো ইংরেজি কাগজে দেখিয়াছি যে, রাজার কাছে দরবার করিয়া কোনো ফল নাই,—এমনতরো নৈরাক্ষের ভাবও এই প্রথম প্রকাশ পাইয়াছে।

কনগ্রেস প্রভৃতি রাষ্ট্রনৈতিক সভাস্থলে আমর। বরাবর তুই কুল বাঁচাইয়া কথা কহিবার চেটা করিয়াছি। রাজভক্তির অজপ্র স্নৌরচন্দ্রিকার বারা আমর। সর্বপ্রথমেই গোবার মনোহরণবাাগার সমাধা করিয়া ভাহার পরে কালার ভরক্তের কথা ভূলিয়াছি। হভভাগ্য হভবল ব্যক্তিদের এইরুপ নানাপ্রকার নিম্পুল কলকৌশল দেবিয়া নিচুর অদৃষ্ট অনেক্ষিন হইতে হাস্ত করিয়া আসিয়াছে।

এবারে কিন্তু চুর্বল ভীন্ধর প্রভাবসিদ্ধ ছলাকলা বিশেষ দেখা বায় নাই—প্রাক্ত প্রবীণ ব্যক্তিরাও একেবারে হাল ছাড়িয়া দিয়া সোজা কথা কহিয়াছেন।

ইহার কারণ এই, বে-ছটো ব্যাপার কইয়া আলোচনা উপস্থিত হইয়াছে, সে ছটোই আমাদের মনে গোড়াডেই একটা অবিখাস ক্র্যাইয়া দিয়াছে। এ-ছটো ব্যাপারের ভিত্তিই অবিখাস।

এই অবিশ্বাদের ধথার্থ হেতু আছে, কি না আছে, তাহা লইয়া ভর্ক করা মিধ্যা— কারণ চাণক্য স্পষ্ট ভাষায় বলিয়াছেন, স্থীলোক এবং রাজা উভয়ের মনভত্ত সাধারণ লোকের পক্ষে ভ্রেম্ব। এবং যাহা ছ্রেম্ব, আত্মরক্ষার অন্ত ভ্র্বল লোকে তাহাকে গোড়াভেই অবিশাস করিয়া থাকে, ইহা আভাবিক।

বর্তমান আন্দোলনে আমরা এই কথা বলিরা আরম্ভ করিয়াছি যে, যুনিভার্নিটি বিলের ছারা ভোমরা এ-দেশের উচ্চশিক্ষা, খাধীন শিক্ষার মুলোচ্ছেছ করিতে চাও এবং বাংলাকে ছিখণ্ডিত করিয়া ভোমরা বাঙালিজাভিকে ছুর্বল করিতে ইচ্ছা কর।

শিক্ষা এবং একা, এই চ্টাই জাতিমাত্তেরই আন্মোরতি ও আন্মরকার চরম সবল। এই চ্টার প্রতি বা পড়িয়াছে, এমন বদি সন্দেহমাত্র মনে জ্বার, তবে ব্যাকুল হইরা উঠিবার কথা। বিশেষত বধন মনে জানি অপর পক্ষ বলিষ্ঠ, আমাদের হাতে কোনো উপার নাই, এবং বাহারা আমাদিসকৈ আঘাত করিতে উভত হইরাছেন ভাঁহাদিপকেই আমাদের সহার ও স্থা বলিয়া আন্মান করিতে হইবে। কিন্তু বর্তমান ঘটনায় আমাদের কাছে সব-চেন্নে আশুরের বিষয় এই মনে হর বে, আমরা অবিশাস প্রকাশ করিয়াছি, কিন্তু বিখাসের বন্ধন ছেদন করিতে পারি নাই।
ইহাকেই বলে ওরিয়েণ্টাল—এইখানেই পাশ্চাত্যদের সঙ্গে আমাদের প্রভেদ। মুরোপ কারমনোবাক্যে অবিশাস করিতে আনে। আমরা কণকালের অন্ত রাগ করি আর যাই করি, অন্তরের মধ্যে আমরা প্রাপ্রি অবিশাস করিতে পারি না। যোলো আনা অবিশাসকে জাগাইয়া রাখিবার বে-শক্তি, তাহা আমাদের নাই—আমরা ভূলিতে চাই, আমরা বিশাস করিতে পারিলে বাঁচি।

আমি জানি, আমার একজন বাঙালি বন্ধুর বিক্তমে কোনো ইংরেজ মিধ্যা চক্রান্ত করিয়াছিল। সেই মিধ্যা যখন প্রমাণ হইয়া গেল, তখন তাঁহাকে তাঁহার এক ইংরেজ স্থল বলিয়াছিলেন, "Spare him not, crush him like a worm!" কিন্তু বাঙালি দে-স্বেয়াগ সম্পূর্ণ প্রইণ করিতে কুন্তিত হইয়াছিলেন এবং তাহার ফল এখনও ভোগ করিতেছেন। নিঃশেষে দলন করিতে, নিঃশেষে অবিশাস করিতে, নিঃশেষে চুকাইয়া ফেলিতে আমরা জানি না—আমাদের চিরন্তন প্রকৃতি এবং শিক্ষা আমাদিগকে বাধা দেয়—এক জায়গায় আমাদের মন বলিয়া ওঠে, "আহা, আর কেন, আর কাজ নাই, আর থাক্।" পরিপূর্ণ অবিশাসের মধ্যে যে একটা কাঠিনা, যে একটা নির্দিয়তা আছে, আমাদের গার্হয়াপ্রধান, আমাদের মিলনমূলক সভাতা তাহা আমাদিগকে চর্চা করিতে দেয় নাই—সম্প্রবিদ্যার করিবার জন্মই আমরা স্বত্তাভাষে চিরদিন প্রস্তুত ইইয়াছি, সম্প্রবিচ্ছেদ করিবার জন্ম নহে। যাহা অনাবশুক তাহাকেও রক্ষা করিবার, যাহা প্রতিকৃদ তাহাকেও অলীভূত করিবার চেষ্টা করিয়াছি। কোনো জিনিসকেই ঝাড়ে-মূলে উপড়াইয়া একেবারে টান মারিয়া ফেলিয়া দিতে শিধি নাই—আম্বরুকার পকে, স্বায়্যরুকার পক্ষে ইহা স্থালক্ষা নহে।

হুরোপ যাহা-কিছু পাইয়াছে, তাহা বিদ্রোহ কুরিয়া পাইয়াছে; আমাদের যাহা-কিছু সম্পত্তি, তাহা বিখাসের ধন। এখন, বিদ্রোহপরায়ণ জাতির সহিত বিখাস-পরায়ণ জাতির বোঝাপড়া মৃশকিল হইয়াছে। স্বভাববিদ্রোহী স্বভাববিশাসীকে শ্রমা করে না।

চাণকাপপ্তিতের "স্ত্রীষ্ রাজকুলের্ চ" স্লোক বাঙালির কঠছ—কিছ ৰাঙালির তদশেকা কঠলর তাহার স্ত্রী। সেজজ তাহাকে দোব দেওয়া বায় না—কারণ, ওছ পূথির চেরে সরস রক্তমাংসের প্রমাণ ঢের বেলি আদরণীয়। কিছ রাজকুল সহজে চিস্তা করিয়া দেখিলে বিশ্বিত হইতে হয়। হাতে-হাতেই তাহার দৃষ্টান্ত দেখো:

यमि मण्डे राज्यात अहे थात्रना हहेता थारक रा, वाडानिकाफिरक पूर्वन कतियात.

উদ্বেশেই বাংলাদেশকে খণ্ডিত করা হইতেছে, বদি সভাই ভোমার বিশাস বে, ব্নিভার্সিটি বিলের বারা ইচ্ছাপূর্বক ব্নিভার্সিটির প্রতি মৃত্যুবাণ বর্ষণ করা হইভেছে, তবে সে-কথার উল্লেখ করিয়া তৃমি কাহার করুণা আকর্ষণ করিতে ইচ্ছা করিতেছ ? উন্নত কুঠারকে গাছ বদি করুণবারে এই কথা বলে যে, "ভোমার আঘাতে আমি ছিল্ল হইয়া ঘাইব," তবে সেটা কি নিভান্ত বাছলা হয় না ? গাছের মজ্জার মধ্যে কি এই বিশাসই রহিয়াছে যে, কুঠার ভাহাকে আলিজন করিতে আসিয়াছে, ছিল্ল করিতে নহে ?

আর, মনের মধ্যে বদি অবিশাস না অন্মিরা থাকে, তবে অবিশাস প্রকাশ করিতেছ কেন—অমন চড়াশুরে কথা কহিতেছ কেন—কেন বলিতেছ, "ভোমাদের মতলব আমরা ব্বিরাছি, ভোমরা আমাদিগকে নই করিতে চাও।" এবং ভাহার পরক্ষণেই কাঁদিয়া বলিতেছ, "ভোমরা বাহা সংকল্প করিয়াছ, ভাহাতে আমরা নই হইব, অভএব নিরস্ত হও।" বলিহারি এই "অভএব"।

আমাদের প্রকৃতি এবং শিক্ষার বৈবমে। সকল বিষয়েই আমাদের এইরূপ ছিধা উপস্থিত হইয়াছে। আমরা মূধে অবিশাস দেখাইতে পারি, কিন্তু আচরণে অবিশাস করিতে পারি না। তাহাতে সকল দিকই নষ্ট হয়—ভিকাধর্মও ব্যানিয়মে পালিত হয় না—খাতম্বা অবলখন করিতেও প্রবৃত্তি থাকে না।

আমাদের মনে সত্যই যদি অবিধাস অগ্নিয়া থাকে, তবে অবিধাসের মধ্য ছইতে যেটুকু লাভের বিষয়, তাহা গ্রহণ না করি কেন ? আমাদের লাগ্নে এবং সমাজে রাজায়-প্রভায় মিলনের নীতি ও প্রীতিসম্বন্ধই চিরকাল প্রচার করিয়া আদিয়াছে, সেইটেই আমরা বুঝি ভালো, সেইটেই আমাদের পক্ষে সহজ। সেরপ ঘনিষ্ঠ সম্বন্ধের ঘারা আমরা কী লাভ করিতে পারিতাম, তাহা বর্ডমানে কল্পনা করিয়া কোনো কল নাই।

কিছ ভারতবর্ষে সম্প্রতি রাজাপ্রজার মাঝখানে খুব যে একটা মন-ক্যাক্ষি চলিভেছে, ভাহা এভ স্পষ্ট, এভ প্রভাক্ষ যে, কোনো পলিসি উপলক্ষ্যেও ভাহা গোপন করিবার চেটা বুখা এবং লক্ষাকর। আমরা যদি বা কপটভাষার ভাহা ঢাকিতে ইচ্ছা করি, কর্তৃপক্ষদের কাছে ভাহা ঢাকা পড়ে না। কারণ, ইংরেজ ও দেশী কোনো পক্ষেই প্রেমের ভড়াছড়ি নাই—এমন অবস্থার রান্তার-ঘাটে, আপিসে-আদালভে, রেলে-ট্র্যামে, কাগজে-পজে, সভাসমিভিভে উত্তমন্ধণে পরস্পরের মন-জানাজানি হইয়া ধাজে।

আমরা ঘরে ঘরে বলিয়া থাকি, বাঙালিজান্তির প্রতি ইংরেজ অভ্যন্ত বিরক্ত হইয়াছে এবং কর্তৃপক্ষেরা বাঙালিজাভিকে দমন করিতে উৎস্থক। ইংরেজি সাহিত্যে বিশাতি কাপজে বাঙালিজাতির প্রতি প্রায় মাঝে মাঝে তীব্রভাষা প্রয়োগ করিয়া আমাদিগকে বিশেষভাবে সম্মানিত করিয়া থাকে।

ইহাতে অধীন তুর্বলজাতির চাকরিবাকরি, সাংসারিক স্থােগ প্রভৃতি সম্বদ্ধ নানাপ্রকার অক্ষিধা ঘটিবার কথা। তাহা আক্ষেণের বিষয় হইতে পারে কিছ ইহা হইতে যেটুকু স্থাবিধা স্থভাযত প্রত্যােশা করা যাইতে পারিত, তাহারও কোনো কুন্দণ দেখিতে পাই না কেন দু গালেও চড় পড়িবে, মশাও মরিবে না, আমাদের কি অমনি কপাল।

শরের কাছে স্থাপান্ত পাষাত পাইলে পরতন্ত্রতা শিথিল হইয়া নিজেদের মধ্যে ঐক্য স্থান্ত হয়। সংঘাত ব্যতীত বড়ো কোনো জিনিস গড়িয়া উঠে না, ইভিহাসে ভাহার মনেক প্রমাণ আছে।

কিন্তু আমরা আঘাত পাইয়া নিরাশাস হইয়া কী করিলাম ? বাহিরে তাড়া খাইরা ঘরে কই আসিলাম ? আবার ডো সেই রাজসরবারেই চুটিতেছি। এ-সম্বন্ধে আমাদের কী কর্তব্য, ডাহার মীমাংসার জন্ত নিজেদের চন্তীয়ওপে আসিয়া জুটিলান না।

আনোলন যখন উত্তাল হইয়া উঠিয়াছিল, তখন আমরা কোনো কথা বলি নাই, এখন বলিবার সময় আসিয়াছে।

দেশের প্রতি আমাদের কথা এই—আমরা আক্ষেপ করিব না, পরের কাছে বিলাপ করিয়া আমরা ছুর্বল হইব না। কেন এই কছবারে মাধা-ধোঁড়াখুঁছি, কেন এই নৈরাশ্রের ক্রন্দন। মেঘ যদি জল বর্বণ না করিয়া বিদ্যুৎকশাঘাত করে, তবে সেই লইয়াই কি হাহাকার করিতে হইবে। আমাদের বারের কাছে নদী বহিয়া বাইতেছে না ? সেই নদী শুদ্ধপ্রার্থ হইলেও ভাহা খুঁড়িয়া কিছু জল পাওয়া যাইতে পারে, কিছু চোথের জল বরচ করিয়া মেঘের জল আদায় করা যায় না।

আমাদের নিজের দিকে বদি সম্পূর্ণ ফিরিয়া দাঁড়াইতে পারি, তবে নৈরাশ্রের কেল্লমাত্র কারণ দেখি না। বাহিরের কিছুতে আমাদিগকে বিচ্ছির করিবে এ-কথা আমর। কোনোমতেই স্বীকার করিব না। বিচ্ছেদের চেটাতেই আমাদের ঐক্যান্তভূতি বিশুপ করিয়া তুলিবে। পূর্বে লড়ভাবে আমরা একত্র ছিলাম, এখন সচেতনভাবে আমরা এক হইব। বাহিরের শক্তি বদি প্রতিকৃল হয়, তবেই প্রেমের শক্তি আগ্রত হইয়া উঠিয়া প্রতিকারচেটার প্রবৃত্ত হইবে। সেই চেটাই আমাদের বথার্থ লাভ। কুত্রিম বিচ্ছেদ বখন মাঝখানে আসিয়া দাঁড়াইবে, তখনই আন্তরিক ঐক্য উত্তেল হইয়া উঠিবে—তখনই আমরা বথার্থভাবে অস্কৃত্তব করিব বে, বাংলার পূর্বপশ্চিমকে চিন্নকাল একই আহ্বী তাঁহার বহু বাহুপানে বাধিয়াছেন, একই ব্রহ্বপুত্র ভাহার প্রসারিত

জ্যোড়ে ধাবণ করিরাছেন, এই পূর্বণিভিম, ত্বংশিশুর দক্ষিণ-বাম অংশের ন্তার একই সনাতন রক্তলোতে সমন্ত বলদেশের শিরা-উপশিরার প্রাণবিধান করিরা আসিরাছে। আমানিগকে কিছুতে পৃথক করিতে পারে, এ-ভর বনি আমাদের জন্মে, তবে সে-ভরের কারণ নিশ্চরই আমাদেরই মধ্যে আছে এবং ভাহার প্রতিকার আমাদের নিজের চেটা ছাড়া আর-কোনো কুল্লিম উপারের বারা হইতে পারে না। এখন হইতে সর্বতোভাবে সেই শঙার কারণগুলিকে দূর করিতে হইবে, ঐক্যাকে দৃঢ় করিতে হইবে, র্মুণ্ডাকে মৃথ্য করিতে হইবে।

এই হইল প্রাণের কথা,—ইহার মধ্যে স্থবিধা-অন্থবিধার কথা, লাভক্ষতির কথা যদি কিছু থাকে, যদি এমন সন্দেহ মনে অবিরা থাকে যে, যদবিভাগস্ত্রে ক্রমে চিরস্থায়ী বন্দোবন্ত লোপ পাইতে পারে, আমাদের চাকরিবাকরির ক্রের সংকীর্ণ হইতে পারে, তবে সে-সহছে আমাদের বক্রবা এই যে, পারে বটে। কিছ কী করিবে? কর্তৃপক্ষ যদি মনে মনে একটা পলিসি আঁটিয়া থাকেন, তবে আরু হউক, কাল হউক, গোপনে হউক, প্রকাশ্রে হউক, সেটা তাঁহারা সাধন করিবেনই—আমাদের তর্ক শুনিয়া তাঁহারা কাম্ভ হইবেন কেন? মনে করো না কেন, কথামালার বাঘ যথন মেরপাবককে থাইতে ইচ্ছা করিয়া বলিল, "তুই আমার জল ঘোলা করিতেছিস, তোকে মারিব?—তথন মেরপাবক বাঘকে তর্কে পরান্ত করিল, কহিল, "আমি ব্ররনার নিচের দিকের জল থাইতেছি, তোমার উপরের জল ঘোলা ইহল কী করিয়া?" তর্কে বাঘ পরান্ত হইল, কিছু মেবশিন্তর কি তাহাতে কোনো স্থবিধা হইরাছিল?

অনুগ্রহই বেধানে অধিকারের নির্তর, সেধানে মমতা বাড়িতে দেওয়া কিছু নয়।
মানিসিণালিটির স্বায়ন্তলাসন এক রাজপ্রতিনিধি আমাদিগকে দিয়াছিলেন, আরএক রাজ-প্রতিনিধি তাহা কচ্চলে কাড়িয়া লইলেন। উপরস্ক গাল দিলেন, বলিলেন,
"তোমরা কোনো কর্মের নও।" আমরা হাহাকার করিয়া মরিলাম, "আমাদের
অধিকার গেল।" অধিকার কিসের। এ মোহ কেন। মহারানী একসমরে
আমাদের একটা আবাসপত্র দিয়াছিলেন বে, বোগাতা দেধাইতে পারিলে আমরাও
রাজকার্বে প্রবেশলাভ করিতে পারিব—কালো চামড়ার অপরাধ গণা হইবে না। আজ
বিদি কর্মণালা হইতে বহিষ্কৃত হইতে থাকি, তবে সেই পুরাতন দলিলটির দোহাই
পাড়িয়া লাভ কী ? সেই দলিলের কথা কি রাজপুক্ষবের অগোচর আছে ? ময়লানে
মহারানীর প্রভরম্তি কি তাহাতে বিচলিত হইবে ? চিরস্থায়ী বন্দোবত্র আজও
হায়ী আছে, সে কি আমাদের অধিকারের জোবে, না রাজার অন্থগ্রহে। যদি পরে

এমন কথা উঠে বে, কোনো বশোবন্তই স্থায়ী হইতে পারে না, শাসনকার্যের স্থবিধার উপরেই স্থায়িছের নির্ভর, তবে সত্যরক্ষার জন্ত কর্মপ্রজালিকের প্রেভাদ্মাকে কলিকাতা টাউনহল হইতে উদ্বেজিত করিয়া লাভ কী হইবে। এ-সমন্ত মোহ আমাদিগকে ছিল্ল করিতে হইবে, তবে আমরা মৃক্ত হইব। নতুবা প্রভিদিনই প্রাপ্র বিলাপের আর অন্ত থাকিবে না।

किस रिथान आमारित निष्मत खात आहि, मिरान आमता मृह हहैन। रिथान कर्छता आमारित है, मिरान आमता महिल वाकित। रिथान आमता मिर्ल आणी स्थाह, मिरान आमता निर्लत हालन कित । आमता कारनामारि निरान मिरान मिरान है निरान मिरान है निरान मिरान है निरान कितान है से कितान कार्मा है अमिन कितान कार्मा है अमिन आमारित मक्त मिरान मिरान है से रिगान कार्मा है से हिलान कार्मा है अमिन आमारित में कारनाम है से रिगान कार्मा है से हिलान कार्मा है से रिगान कार्मा कितान कार्मा कित मिरान कार्मा कितान कार्मा कार्

বিটিল গবর্ষেণ্ট নানাবিধ অন্ধ্রহের ঘারা লালিত করিয়া কোনোমতেই আমানিগকে মান্ন্য করিতে পারিবেন না, ইহা নিঃসন্দেহ—অন্থ্যাহভিক্ষ্ দিগকে যথন পদে পদে হতাল করিয়া তাঁহাদের ঘার হইতে দ্ব করিয়া দিবেন, তথনই আমাদের নিজের ভাগুবে কী আছে, তাহা আবিকার করিবার অবসর হইবে,—আমাদের নিজের শক্তি ঘারা কী সাধ্য, তাহা জানিবার সময় হইবে,—আমাদের নিজের পাপের কী প্রায়শ্চিত্ত, তাহাই বিশ্বপ্রুক্ত ব্রাইয়া দিবেন। যাচিয়া মান কাঁদিরা সোহাগ যথন কিছুতেই জ্টিবে না, বাহির হইতে স্থবিধা এবং সন্মান যথন ভিক্ষা করিয়া দরখাত্ত করিয়া অতি আনায়াসে মিলিবে না তথন ঘরের মধ্যে যে চিরস্বহিষ্ণু প্রেম লন্দ্রীহাড়াদের গৃহপ্রভ্যাবর্তনের অন্ত গোধ্লির অন্ধ্যাবে পথ তাকাইয়া আছে, তাহার মূল্য বুরিব—তথন মাতৃভাবার আতৃগণের সহিত স্থবহুবে-লাভক্ষতির আলোচনার প্রয়োজনীয়তা অন্ত্রুক্ত করিতে পারিব, প্রোভিনশাল কনফারেলে দেশের লোকের কাছে বিলেশের ভাবার ছর্বেধ্য বক্তৃতা করিয়া আপনাদিগকে ক্ষতক্ততা জ্ঞান করিব না—এবং সেই শুভ্যিন যথন আসিবে, ইংরেজ যথন ঘড়ে ধরিয়া আমাদিগকে আমাদের নিজের ঘরের দিকে, নিজের চেটার দিকে জ্যার করিয়া ফিরাইয়া দিতে পারিবে, তথন ব্রিটিশ গ্রহেন্টকে

বলিব ধন্ত—তথনই অন্তত্ত্ব করিব, বিদেশীর এই রাজত্ব বিশান্তারই মন্তলবিধান। হে রাজন, আমাদিপকে বাহা বাচিত ও অবাচিত থান করিবাছ তাহা একে একে ফিরাইরা লও, আমাদিপকে অর্জন করিতে লাও। আমরা প্রশ্নর চাহি না, প্রতিকৃলতার বারাই আমাদের শক্তির উলোধন হইবে। আমাদের নিক্রার সহারতা করিরো না, আরাম আমাদের জন্তু নহে, পরবশতার অহিফেনের মাত্রা প্রতিদিন আর বাড়িতে দিরো না—তোমাদের কন্ত্রস্তিই আমাদের পরিত্রাণ। জগতে জড়কে সচেতন করিরা তুলিবার একইমাত্র উপার আছে; আঘাত, অপমান ও একান্ত অভাব; সমাদর নহে, সহারতা নহে, অভিক্ নহে।

2022

#### দেশের কথা

শ্রমের শ্রীবৃক্ত দীনেশচন্দ্র সেন শ্রীবৃক্ত দ্বারাম দেউন্থর মহাশরের রচিত 'দেশের কথা' নামক প্রুকের স্মালোচনা স্থামাদের নিকট প্রেরণ করিয়াছেন। তাহার স্থারন্থে তিনি লিখিতেছেন:

"এই পৃত্তকের বিষয়গুলি নৌলিক নহে। ভারতহিতৈবী ভিসৰি প্রভৃতি ইংরেজাপ এবং বাবাভাই নরোজি, রনেশচন্দ্র বত্ত প্রভৃতি ভারতের সুসন্তানস্থ বে-সকল বিষয় লইবা বহুবৎসর বাবৎ আলোচনা করিতেছেন ভারাই মূলত অবলখন করিবা এই পুত্তকবানি রচিত হইবাছে। ভারতবর্বের বর্তমান অবহা সম্বন্ধে অনেক তত্ত অস্পষ্টভাবে আমানের বারণার হিল, এই পুত্তকবানি পাড়িরা তাহা সুস্পষ্ট, জীবস্ত এবং আকারপ্রাপ্ত হইবা উট্টিরাছে।

"কোনো সাধুপুলিত কুলর উভান বাবদম্ভ হইবা সেলে কিংবা কোনো ক্ষর্ণন পরিচিত বছুর হঠাৎ কম্বান বেনিলে মনের বেন্ধপ অবস্থা হর, বর্তমান চিত্রে অন্ধিত ভারতীয় লিমবাণিল্যাদির অবস্থা বর্ণনে সেইন্ধপ একটা ভাবের উবন হইবে, অবচ বেউন্দরহালর কোনো উত্তেজিত বন্ধৃতা এবান করেন নাই,—কতকগুলি সংখ্যাবাচক অন্ধ এবং সেলাস ও ক্যাটিনি স্কৃত্য হইতে সমৃষ্ঠ কথা নিশেকে একটি নর্বছেবী দৃশ্য উদ্বাচন করিনা বেধাইবে। এই দৃশ্য একটি বিরোগান্ধ নাটকের ভার,—এতেন এই বে, ইহাতে কামনিক স্থাবের কথা নাই, ইহা আবাবের নিজেবের ছাংবারিল্য ও মৃত্যুর চিত্র প্রবর্ণনি করিতেহে। এইকার ভিবকের ভার আবাবের কতন্ত্রিটি জানাইরা ভূলিরা বেধাবাবের স্কার করিনাহেন।"

ইহার অনতিমূর পরেই ডিনি লিখিডেছেন:

"বেউজরমহানর বলেন, পুনঃপুন আন্দোলন করিলে গ্রহেন্ট অবস্তই আমাদের ক্থার কর্ণপাত করিবেল।"

4

শিশাটা কি এই হইল ? ইভিহাসে প্রমাণ হইতেছে, প্রবল জাতি ইচ্ছা করিবা, চেষ্টা করিবা, ত্বলজাতির অভ নই করিতেছে; ইহা হইতে কি এই সিছাভ হইতেছে বে, সেই প্রবলজাতির নিকট প্ন:পুন আন্দোলন করিলেই লোপ্রক্রবা ফিরিবা পাওবা বাব ? ব্যাপারটা এতই সহজ্ঞ ?

ইহার উত্তরে আন্দোলনের দল বলিবেন, তা ছাড়া আর কী করিব? একটা তো কিছু করা চাই।

আমরা বলি, কিছু বদি করিতেই হয় তো ওই অরণ্যে রোদনটা নর। আমাদের 'বদি বিজ্ঞাসা করা হয়, ভোমরা এই ইভিহাস হইতে লাভ করিবার বিষয় কী দেখিলে?' আমরা বলিব, লাভের বিষয় দেখিয়াছি, কিন্তু সেটা দরখান্তপত্রিকা নহে। আমাদের লাভ এই যে: ইংরেক্সের আদর্শ আমাদের হৃদয় জয় করিয়াছিল—বদেশের সকল দিক হইতে আমাদের হৃদয় বিয়্প হইতেছিল। মুখে আফালন করিয়া ঘাহাই বলি, আমাদের অন্তঃকরণ বলিতেছিল, বিলাভি সভ্যভার মতো সভ্যভা আর নাই। এই কারণে আমাদের দেশের আদর্শ কী, শক্তি কোথায়, তাহা যথার্থভাবে বিচার করিয়া বাহির করিতে পারিভেছিলাম না। প্যাট্রিটজ্ম-মূলক সভ্যভার চেহারা ইতিহাসে উত্তরোত্তর যতই উৎকট হইয়া ফুটিয়া উঠিতেছে, ততই আমাদের শ্বদয়ের উদ্ধার হইতেছে। ক্রমণই আমাদের দেশ ব্ধার্থভাবে আমাদের দ্বদয়ের উদ্ধার হইতেছে। ক্রমণই আমাদের দেশ ব্ধার্থভাবে আমাদের দ্বদয়ন্তে গাইভেছে।

অস্ত্রপক্ষ বলিবেন, তবে দেশহিতৈবিভাটাকে ভোমরা ভালোই বল না। আমরা বলি, দেশহিতৈবিভা কাহাকে বলে, ভাহা লইয়া এত তর্কের বিষয় আছে যে, কেবল ওই নামটাকে লইয়া মুখে মুখে লোফালুফি করিয়া কোনো ফল নাই। প্যাটি মটিজমের প্রতিশব্দ দেশহিতৈবিভা নহে। জিনিসটা বিদেশী, নামটাও বিদেশী থাকিলে ক্ষতি নাই—বদি কোনো বাংলা শব্দই চালাইতে হয়, তবে "বাদেশিকতা" কথাটা ব্যবহার করা হাইতে পারে।

খাদেশিকতার ভাবধানা এই বে, খদেশের উর্ধে আর কিছুকেই খীকার না করা।
খদেশের লেশনাত্র খার্থে বেধানে বাবে না, সেইখানেই ধর্ম বল, দলা বল, আপনার
দাবি উথাপন করিতে পারে—কিছু বেধানে খদেশের খার্থ লইয়া কথা সেবানে সভ্য
দল্লা মকল সমস্ত নিচে তলাইয়া বায়। খদেশীর খার্থপরভাকে ধর্মের খান দিলে
বে-ব্যাপারটা হয়, তাহাই প্যাট্রিরটিক্ম শক্ষের বাচ্য হইয়াছে।

বার্ষপরতা কথনোই ধর্মের জন্ত আপনাকে সংবত করে না, বার্থের জন্তই করে। ইংরেজ কথনোই এ-কথা ভাবে না বে, পৃথিবীতে করাসি সভ্যতার একটা উপকারিতা আছে, অভএব দে-সভাতার আবাত করিলে সমন্ত মানবের, মুডরাং আমাদেরও ক্ষতি;
—নিজের পেট ভরাইবার অন্ত আবস্তক হইলে ফরাসিকে সে বটিকার মতো গিলিয়া কেলিতে পারে, বিধামাত্র করে না। তাহার বিধার একমাত্র কারণ, আমারও গারে আের আছে, ফরাসিও নেহাত কীণজীবী নহে, অভএব কা জানি, লাভ করিতে গিয়া মূলবন্ত্রত্ব হারানো, অসম্ভব নহে। এ-স্থলে ক্থানিবৃত্তির অন্ত এশিয়া-আফ্রিকার ভালপালা সমন্ত মূড়াইয়া থাইলে কোনো দোব দেবি না। অভএব ভিন্নতে পাত্তিমৃত প্রেরণের বাবস্থাকালে কপোলমুগ লক্ষায় রক্তিমবর্ণ করিবার কোনো প্রয়োজন নাই।

ইহা হইতে স্পট ব্ৰা ঘাইবে, সাৰ্ধপরভাকে যদি ধর্মের আসনের প্রান্তে বসাইয়া কিছুমাত্র প্রশ্নায় যায়, তবে অবলেবে সে একদিন ধর্মকে ঠেলা মারিয়া ফেলিবেই। স্বদেশীয় সার্থপরভা আজ সেইজন্ত কেবলই পৃথিবীময় ভাল ঠুকিয়া-ঠুকিয়া দেবভাকে শুদ্ধ ভয় দেবাইয়া অঞ্জিভ করিবার চেষ্টা করিভেছে।

বিখ্যাত ভ্রমণকারী খেন হেডিন Sven Hedin-এর নাম সকলেই গুনিয়াছেন ইংরেজের তিব্বত-আক্রমণপ্রসঙ্গে তিনি বলিয়াছেন:

"The English campaign in Tibet is a fresh proof of the Imperialist brutality which seems to characterise the political tendencies of our times, and in face of which the position of the smaller states appears precarious. A small state which does not possess the power to defend itself is doomed to decay, whether it is Christian or not. If our priests taught the people the meaning of the words "Love thy neighbours as thyself", "Thou shalt not steal", "Thou shalt do no murder", "Peace on earth and goodwill towards men", instead of losing themselves and their hearers in unfathomable and completely useless dogmas, such an injustice as the present one would be impossible. But probably such really Christian feelings are nonsense in modern policy. And the same Christians send our missionaries to Japan. In the name of truth one ought to protect the Asiatics from such Christianity."

এ-সকল কথার ভাৎপর্ব আমাদিগকে গ্রহণ করিতে হইবে। টেলিপ্রাফ, রেলগাড়ি ও বড়ো বড়ো ইছুলবই বে সভাভার প্রকৃত উপকরণ ও লক্ষণ নহে, ভাহা নিশ্চয় আনিয়া বথার্ব মহায়ত্বলাভের অন্ত অন্তর সন্থান করিতে হইবে—তথন আন হইতেও পারে বে, মহাযুদ্ধচার অন্ত পাশ্চাডা শহাবারীদের ছাত্রত্ব তীকার করা আমাহের পক্ষে শত্যাবশ্রক নহে। তথন নিজের দেশের আদর্শ ও নিজের শস্তিকে নিডার শব্দের বলিয়া মনে হইবে না।

কিন্তু অরের অভাবে কুল হইয়া, ভেজের অভাবে মান হইয়া ঝরিয়া মরিয়া পড়িলে তখন ভোষার দেশের আদর্শই বা কোথায়, ধর্মই বা কোথায় ? আদর্শ রক্ষা করিছে গোলেও যে শক্তির প্রয়োজন হয়, ভাহায় অবাধ চর্চায় স্থল কোথায় ? কাজেই সেজভে দরধান্ত করিভেই হয়—শুক্ ইংরেজি ভাবায় রেজোল্যুলন পাস না করিলে চলেই না!

একদিকে বদেশীয় স্বার্থণরতার সংখাত আক্রমণ করিলে অপর্নিকেও স্বদেশীয় স্বার্থরকার উষ্ণম স্থাবতই জাগিয়া উঠে। এমনি করিয়া ইংরেজিতে বাহাকে নেশন স্বর্থাং পোলিটিকাল স্বার্থবন্ধ অনুসম্প্রধায় বলে, ভাহার উদ্ভব হইতে থাকে।

আমাদের দেশের বর্তমান অবস্থায় তাহার উদ্ভব না হইয়া থাকিতেই পারে না।
স্থতরাং এই সময়েই আমাদের মোহমুক্ত হওয়া দরকার। অনিবার্ব প্রয়োজনে বাহা
আমাকে লইতেই হইবে, তাহার সহতে অতিমাত্রায় মুখ্যভাব থাকা কিছু নয়।
এ-কথা যেন না মনে করি, জাতীয় বার্থতন্ত্রই মহয়ত্বের চরম লাভ। তাহার উপরেও
ধর্মকে রক্ষা করিতে হইবে,—মহয়থকে ফ্রাশনালখের চেয়ে বড়ো বলিয়া জানিতে
হইবে। স্থাশনালভের স্থবিধার থাতিরে মহয়ত্বকে পদে পদে বিকাইয়া
দেওয়া, মিথাাকে আশ্রয় করা, ছলনাকে আশ্রয় করা, নির্দয়তাকে আশ্রয়
করা প্রকৃতপক্ষে ঠকা। সেইরূপ ঠকিতে ঠকিতে অবশেষে একদিন খেখা হাইবে,
ফ্রাশনালত করে দেউলে হইবার উপক্রম হইয়াছে। কারণ স্বার্থপরতার অভাবই এই
যে, সে ক্রমশই সংকীর্ণতার দিকে আকর্ষণ করে। তাহার প্রমাণ, বোয়ার বৃত্তে
ইংরেজের তরফের বসদের মধ্যে রাশি রাশি ভ্যাজাল। আপানের সলে বৃত্তে রাশিয়ার
পক্ষেও সেইরূপ দেখা গেছে। মহয়ত্বের মঙ্গলকে বদি ক্রাশনালত্ব বিকাইয়া দেয়, তবে
স্থাশনালত্বের মঞ্চলকেও একদিন হাজিগত স্বার্থ বিকাইতে আরম্ভ করিবে। ইহার
অন্তথা হইতেই পারে না। প্রাকৃতিক নিয়মই যে অমোঘ, ধর্মের নিয়ম বে অমোহ
নহে, তাহা নয়।

বাল্যশিক্ষার প্রভাব বড়ো কম নয়। ভারতবর্ষের অন্ধিমাংস লইয়াও দীনেশবাব্র ভার মনীবী ব্যক্তি 'দেশের কথা'র সমালোচনার ছলে এক ঞারগার লিখিয়াছেন:

"প্ৰমেণ্ট বৰন এক চক্ষে ভাৱতবাসীর হিত ও ভাৰী উন্নতির দিকে লক্ষ্য করেন, তৰন ভাঁহার আর-একটা চক্ষ্ সাগ্রমেধলা বেতবীগাধিষ্ঠাত্রী বাণিজ্যলন্ত্রীর চরণনধরপ্রাস্তে আবদ্ধ থাকিবে—ইহা আমরা কোনোক্রমেই অভার বলিয়া বনে করিতে পারিব না।" ত্টি চোৰের ঠিক একটি চোৰ সাগরের এপারে এবং একটি চোৰ ওপারে রাখিলে প্রায়ণও কডকটা নিবা বাকিত। কিছু নেউন্থরমহাশরের গ্রন্থণানি কি তাহাই প্রমাণ করিয়াছে। আনল কথা, আক্ষাল অনেকেই মনে করি, ক্লাশনালিটির স্পর্শমণির স্পর্শে সমস্ত অপ্তার সোনার চাল হইরা উঠে।

ষাহা হউক, আমাদিপকে নেশন বাধিতে হইবে—কিছু বিলাতের নকলে নহে।
আমাদের জাতির মধ্যে যে-নিত্যপদার্থটি,বে-প্রাণপদার্থটি আছে, তাহাকেই সর্বতোভাবে
রক্ষা করিবার ক্ষপ্ত আমাদিপকে ঐক্যবছ হইতে হইবে—আমাদের চিন্তকে, আমাদের
প্রতিভাকে মুক্ত করিতে হইবে, আমাদের সমাজকে সম্পূর্ণ বাধীন ও বলশালী
করিতে হইবে। এ-কার্বে খনেশের দিকে আমাদের সম্পূর্ণ হাদয়, খনেশের প্রতি
আমাদের সম্পূর্ণ প্রছা চাই—যাহা শিক্ষা ও অবস্থার গুণে অক্তদিকে ধাবিত হইয়াছে,
তাহাকে ঘরের দিকে ফিরাইতে হইবে। আশা করি, দেউত্তরমহাশয়ের বইবানি
আমাদিগকে সেইপণে যাত্রার সহায়তা করিবে—আমাদিগকে প্রংপুন নিক্ষল
আন্দোলনের দিকেই উৎসাহিত করিবে না।

2022

### ব্যাধি ও প্রতিকার

কিছুকাল হইতে বাংলাদেশের মনটা বন্ধবিভাগ উপলক্ষে খুবই একটা নাড়া পাইয়াছে। এইবার প্রথম দেশের লোক একটা কথা খুব স্পষ্ট করিয়া বৃথিয়াছে। সেটা এই বে, আমরা যতই গভীরব্ধপে বেদনা পাই না কেন সে-বেদনার বেগ আমাদের গবর্মেন্টের নাড়ীর মধ্যে প্রবেশ করিয়া তাহাকে কিছুমাত্র বিচলিত করিতে পারে না। গবর্মেন্ট আমাদের হইতে যে কতদ্র পর তাহা আমাদের দেশের সর্বসাধারণ ইতিপূর্বে এমন স্পষ্ট করিয়া কোনোদিন বৃথিতে পারে নাই।

কর্তৃপক্ষ সমস্ত দেশের লোকের চিত্তকে এমন কঠোর ঔক্ষত্যের সহিত অবজ্ঞা করিতে পারিল কোন্ সাহসে এই প্রশ্ন আমাদের মনকে কিছুকাল হইতে কেবলই পীড়িত করিরাছে। ইহাতে আমাদের প্রতি মমত্বের একান্ত অভাব প্রকাশ পাইরাছে—কিছ তথু কি ভাই ? এই কি প্রবীণ রাষ্ট্রনীভিকের পছা ? রাজাই বেন আমাদের পর কিছ রাষ্ট্রনীভি কি দেশের সমূদর লোককে একেবারে নগণ্য করিরা চলিতে পারে ?

বধন দেখি পারে, তখন মনের মধ্যে কেবল অপমানের ব্যথা নহে একটা আতৎ

জাগিয়া উঠে। আমাদের অবস্থা যে কিরূপ নি:সহ উপায়বিহীন, কিরূপ সম্পূর্ণ পরের অন্থাহের উপর নির্ভর করিয়া আছে, আমাদের নিজের শক্তি যে এডটুকুও অবলিষ্ট নাই যে রাষ্ট্রনীতির রগটা আমাদের প্রবল অনিচ্ছাকেও একটি কৃত্র বাধা জ্ঞান করিয়াও অল্পমাত্র বাঁকিয়া চলিবে ইহা যখন বৃঝি তখন নিরুপায়ের মনেও উপার চিন্তার জন্ম একটা ক্ষোভ জয়ে।

কিন্তু আমাদের প্রতি রাষ্ট্রনীতির এতদ্র উপেক্ষার কারণ কী? ইহার কারণ, আমাদের দ্বারা কোনো ক্ষতির আশহা নাই। কেন নাই? আমরা বিচ্ছিন্ন, বিভক্ত। আমাদের ইচ্ছা-অনিচ্ছার টেউ কাহাকেও জােরে আদাত করিতে পারে না। স্বতরাং কোনো কারণে ইহার সক্ষে আপস করিবার কোনোই প্রয়োজন হয় না। এমন অবস্থায় আমাদের কোনো ইচ্ছা বা অনিচ্ছা আমরা যদি মনের আবেগে কিছু উচ্চকণ্ঠে প্রকাশ করি, তবে উচ্চ-আসনের লােকেরা সেই অশক্ত আম্ফালনকে কখনােই বরদান্ত করিতে পারেন না। ইচ্ছার পশ্চাতে যেখানে শক্তি নাই সেখানে তাহা স্পর্ধা।

এমন অবস্থায় ক্ষতি করিবার শক্তি আমাদের কোধায় আছে তাহা একাগ্রমনে 
ধুঁজিয়া দেখিবার ইচ্ছা হয়। ইহা স্বাভাবিক। এই ইচ্ছার তাড়নাতেই "স্বদেশী"
উদ্বোগ হঠাং অল্পদিনের মধ্যেই আমাদের দেশে এমন প্রবল হইয়া উঠিয়ছে।
আমরা তোমাদের জিনিস কিনি বলিয়া তোমাদের কাছে ভারতবর্ষের এত দাম অতএব
ওইবানে আমাদের একটা শক্তি আছে। আমাদের অল্পশ্র নাই কিন্তু যদি আমরা
এক হইয়া বলিতে পারি ষে, বরং কট সহিব তবু তোমাদের জিনিস আমরা কিনিব না,
তবে সেখানে তোমাদিগকে হার মানিতে হইবে।

ইহার অনেক পূর্ব হইতেই স্বদেশী সামগ্রী দেশে চালাইবার চেষ্টা ভিতরে ভিতরে নানাস্থানে নানা আকারে দেখা দিতেছিল—স্কৃতরাং ক্ষেত্র কতকটা প্রস্তুত ছিল। তাহা না থাকিলে শুদ্ধ কেবল একটা সাময়িক রাগারাগির মাধার এই উদ্যোগ এমন অভাবনীয় বল পাইয়া উঠিত না।

কিন্ত সশস্ত্র ও নিরস্ত্র উভয়প্রকার বৃদ্ধেই নিজের শক্তি ও দলবল বিচার করিয়া চলিতে হয়। আন্ফালন করাকেই বৃদ্ধ করা বলে না। তা ছাড়া একমৃহুর্তেই বৃদ্ধং দেহি বলিয়া বে-পক্ষ রণক্ষেত্রে গিয়া দাড়ায় পরমৃহুর্তেই তাহাকে ভঙ্গ দিয়া পালাইবার রাস্তা দেখিতে হয়। আমরা বখন দেশের পোলিটিকাল বস্কৃতাসভায় তাল ঠুকিয়া দাড়াইলাম, বলিলাম, এবার আমাদের লড়াই শুরু হইল, তখন আমরা নিজের আন্তর্লস্তলন্ত্র কোনো হিসাবই লই নাই। তাহার প্রধান কারণ আমরা দেশকে বে বতই ভালোবাসি না কেন, দেশকে ঠিকমতো কেহ কোনোদিন জানি না।

চিরদিন আমাদিগকে চুর্বল বলিরা স্থণা করিরা আসাতে আমাদের প্রতিপক্ষ আমাদিগকে প্রথমে বিশেব কোনো বাধা দেন নাই। মনে করিরাছিলেন, এ সমস্তই কনগ্রেসি চাল, কেবল মুখের অভিমান, কেবল বাক্যের বড়াই।

কিন্ত যখন দেখা গেল, ঠিক কনগ্রেসের মলরমারুতহিরোল নয়, হুটো একটা করিয়া লোকসানের দমকা বাড়িয়া উঠিতেছে তথন অপর পক্ষ হইতে শাসন-তাড়নের পালা পুরাদমে আরম্ভ হইল।

কিছ ইংরেজ আমাদিগকে বতই পর মনে করুক না কেন, প্রজাদের প্রতি হঠাৎ উৎপাত করিতে ইংরেজ নিজের কাছে নিজে লচ্ছিত হয়। এ-প্রকার বেআইনি ভ্রের কাণ্ড তাহাদের রাষ্ট্রনীতিপ্রধাবিক্ষ। অল্পরয়সে অধীন জাতিকে লাসন করিবার জন্য বে-সব ইংরেজ এ-দেলে আসে তাহাদের মধ্যে এই ইংরেজি প্রকৃতি বিগড়িয়া যার—এবং অধীন দেশের কর্তৃত্ব ধীরে ধীরে ইংরেজ জাতির মনকে আধিপত্যের নেলায় অভ্যন্ত করিয়া আনিতেছে। তরু আজিও ইংলেগ্রবাসী ইংরেজের মনে আইনের প্রতি একটা সম্প্রমের ভাব নই হয় নাই। এই কারণে অত্যন্ত তাক্ত হইয়া উঠিলেও ভারত-রাজ্যলাসন-ব্যাপারে হালামার পালা সহজে আরম্ভ হয় না—ইংরেজই তাহাতে বাধা দের। এইজন্য ফুলার তাঁহার দলবল লইয়া একদা পূর্ববঙ্গে যেরপ বে-ইংরেজি দাপাদাপি শুক্র করিয়াছিলেন, তাহা ভক্র ইংরেজ-পক্ষের দৃষ্টিতে বড়োই অলোভন হইয়া উঠিয়াছিল।

এধানকার ক্র ইংরেজদিগের ওই একটা ভারি মুশকিল আছে। তাহারা ধবন থাপা হইরা উঠিরা আমাদের হাড় গুঁড়া করিবা দিতে চার তথন খদেশীরের সঞ্চেই তাহাদের ঠেলাঠেলি পড়ে। তাহারা বিলক্ষণ জানে আমাদের উপরে খুব কিরা হাত চালাইরা লইতে কিছুমাত্র বীরত্বের দরকার করে না—কারণ অল্লে আমাদেরই শিল এবং আমাদেরই নোড়া লইরা আমাদেরই দাঁতের গোড়া একটি একটি করিরা ভাঙিরা দেওরা হইরাছে। অভএব ভর্জনতাড়ন-ব্যাপারে হাত পাকাইবার এমন সম্পূর্ণ নিরাপদ ক্ষেত্র আমাদের দেশের মতো আর কোখাও নাই। কিন্তু সম্প্রপারে বে-ইংরেজ বাস করিতেছে ভাহাদের মধ্যে এখনও সেন্টিমেন্টের প্রভাব বোচে নাই, রাশিরান কারদাকে লক্ষা করিবার সংস্কার এখনও ভাহাদের আছে।

এই জন্ত আমাদের মতো অন্তহীন সহায়হীনেরা ব্ধন কোনো একটা মর্মান্তিক আবাত পাইরা চাঞ্চল্য প্রকাশ করিতে থাকি, তখন কৃত্র ইংরেজের মধ্যে হাত-নিসপিস ও দাত-কিড়মিড়ের অত্যন্ত প্রাত্তাব হয়—তখন বৃহৎ ইংরেজের অবিচলিত সহিষ্ণৃতা ও উদার্ঘ তাহাদের কাছে অত্যন্ত অস্ত্র হইতে থাকে। ভাহারা বলে, ওরিরেন্টাল্যানের সঙ্গে এ-রকম চাল ঠিক নয়—যেমন অন্ত্রশন্ত্র কাড়িয়া লইয়া ইহাদিগকে পৌরুষহীন করা হইয়াছে তেমনি টু'টি চাপিয়া ধরিয়া ইহাদিগকে নির্বাক ও নিশ্চেষ্ট করিয়া রাধিলে তবে ইহারা নিজের ঠিক জায়গাটা বৃঞ্জিতে পারিবে।

এই কারণে বৃহৎ ইংরেজকে ভুলাইবার জন্ম ক্ষুদ্র ইংরেজকে বিশ্বর বাজে চাল চালিতে ও কাপুরুষতা অবলম্বন করিতে হয়। এই সমস্ত আধমরা লোকদিগকেও মারিবার জন্ম মিধ্যা আয়োজন না করিলে চলে না; বোয়ার-মুদ্ধের পূর্বে এবং সেই সমরে যে ভূরি ভূরি মিধা। গড়িয়া তোলা হইতেছিল তাহাও ইংরেজের সদ্বৃদ্ধিকে পরান্ত করিবার জন্ম। কিন্তু আমরা যে এমন নিরুপার, আমাদের সম্বন্ধেও গায়ের জালা মিটাইতে এখানকার ক্ষুদ্র ইংরেজের দলকে যে এত ক্ষুদ্রতা প্রকাশ করিতে ও এত মিধ্যা খাড়া করিয়া ভূলিতে হয় ইহাতে ইংরেজ ইংরেজকে হয়তো ভূলাইতে পারে কিন্তু এ-দেশের জনসাধারণের কাছে তাহাদের লক্ষা কিছুমাত্র ঢাকা পড়ে না। ইহাতে তাহাদের কাজ উদ্ধার হইতেও পারে কিন্তু চিরকালের মতো সম্বাম নই হয়।

যাহা হউক এ সমস্তই যুদ্ধের চাল। বন্ধবিভাগের সময় আমরা যথন কাঁদিয়া কাঁটিয়া কর্তাদের আসন তিলমাত্র নড়াইতে পারিলাম না তপন বয়কটের যুদ্ধ ঘোষণা করিয়া দিলাম। এই স্পর্ধায় স্থানীয় ইংরেজের রক্ত আমরা যথেষ্ট গরম করিয়া তুলিয়াছি। তখন কি আমরা ঠাহরাইয়াছিলাম যুদ্ধ কেবল একপক্ষ হইতেই চলিবে, অপরপক্ষ শরশ্যা আশ্রয় করিবার অভিপ্রায়ে বুক পাতিয়া দিলা দাড়াইয়া থাকিবে ?

অপরপক্ষে অন্ত ধরিবে না এ-কথা মনে করিয়া যুদ্ধে নামা একটা কৌভূকের ব্যাপার, যদি না অশ্রুজলে তাহার পরিসমাপ্তি হয়। এখন দেখিতেছি আমরা সেই আশাই মনে রাধিয়াছিলাম। ইংরেজের ধৈর্বের উপরে, ইংরেজের আইনের উপরেই আমাদের সম্পূর্ব ভরসা ছিল, নিজের শক্তির উপরে নহে। তাই যদি না হইবে, তবে আইনরক্ষকদের হাতে আইনের দণ্ড লেশমাত্র বিচলিত হইলেই, সামান্ত তুই-একটা মাথা-কাটাকাটি ঘটলেই আমরা এমন ভাব করি কেন, যেন মহাপ্রালয় উপন্থিত হইল ? ভাবিয়া দেখো দেখি ইংরেজের উপরে আমাদের কতথানি শ্রদ্ধা কতথানি ভরসা অমিয়া উঠিয়াছে যে আমরা ঠিক করিয়া বসিয়াছিলাম যে, আমরা বন্দে মাতরম্ ইাকিয়া তাহাদের দক্ষিণ হাতে আবাত করিব তবু তাহাদের সেই হাতের স্তায়্রমণ্ড অস্তায়ের দিকে কিছুমাত্র টলিবে না।

কিন্ত এই সত্যটা আমাদের জানা দরকার যে, ক্রায়দগুটা মান্নবের হাতেই আছে এবং ভর বা রাগ উপস্থিত হইলেই সে-হাত টলে। আজ নিম্ন-আমালত হইতে শুক্ত করিয়া হাইকোর্ট পর্বন্ত বদেশী মামলার ক্রায়ের কাঁটা যে নানা ডিগ্রির ক্যোণ লইরা

হেলিতেছে ইহাতে আমরা বতই আশ্চর্য হইতেছি ততই দেখা বাইতেছে আমরা হিসাবে ভূল করিরাছিলাম।

অবস্ত তর্কে জিতিলেই বদি জিত হইত তবে এ-কথা বলা চলিত যে, রাগছেবের খারা আইনকে টলিতে দেওৱা উচিত নহে, তাহাতে অধর্ম হয়, অনিষ্ট হয় ইত্যাদি—এ সমন্তই সদ্মৃতি তাহাতে সন্দেহ নাই। কিন্ত ইহার উপর ভর দিয়া একেবারে ছই চক্
বৃজিয়া পাকিলে চলে না। বাহা ঘটে, যাহা ঘটিতে পারে, বাহা খভাবসংগত, আমরা
ছর্বল বলিয়াই যে আমাদের ভাগ্যে তাহার অক্তপা হইবে বিধাতার উপরে আমাদের এতবড়ো কোনো দাবি নাই। সমন্ত বৃঝিয়া, জোয়ারভাটা রোজবৃষ্টি সমন্ত বিচার ও খীকার
করিয়া লইয়া যদি আমরা যাত্রা আরম্ভ করি তবে নোকা লেশমাত্র টলিলেই অমনি যেন
একটা অস্তৃত কাণ্ড ঘটল বলিয়া একেবারে হতবৃদ্ধি হইয়া পড়ি না।

অতএব গোড়ার একটা সত্য আমাদিগকে মনে রাধিতেই হইবে যে, যে-কোনো কারণেই এবং বে-কোনো উপায়েই হউক ইংরেজের যদি আমরা কোনো ক্ষতি করিতে যাই তবে ইংরেজ তাহার প্রতিকারের চেষ্টা করিবেই এবং সে-চেষ্টা আমাদের স্থাকর হইবে না। কথাটা নিতান্তই সহজ্ঞ কিন্ধ প্রাষ্টই দেখা বাইতেছে এই সহজ্ঞ কথাটা আমরা বিচার করি নাই এবং আমরা যখন উচ্চন্তরে নিজের বড়াই করিতেছিলাম তখন ইংরেজের মহন্তের প্রতি উচ্চন্তরে আমাদের অটল শ্রদ্ধা ঘোষণা করিতেছিলাম—ইহাতে আমাদের স্ববৃদ্ধি অথবা পৌক্ষব কোনোটারই প্রমাণ হয় নাই।

এই তো দেশিতেছি যুদ্ধের আরম্ভে আমরা বিপক্ষকে ভূল ব্রিয়াছিলাম, তার পরে আয়ুপক্ষকে যে ঠিক বৃঝি নাই সে-কথাও স্বীকার করিতে হইবে।

আজ আমরা সকলেই এই কথা বলিয়া আক্ষেপ করিতেছি যে, ইংরেজ
মুসলমানদিগকে গোপনে হিন্দুর বিরুদ্ধে উত্তেজিত করিয়া দিতেছে ৷ কথাটা যদি সত্যই
হয় তবে ইংরেজের বিরুদ্ধে রাগ করিব কেন ? দেশের মধ্যে যতগুলি সুযোগ আছে
ইংরেজ তাহা নিজের দিকে টানিবে না ইংরেজকে আমরা এতবড়ো নির্বোধ বলিয়া
নিশ্চিম্ব হইয়া থাকিব এমন কী কারণ ঘটিয়াছে ?

ম্সলমানকে যে হিন্দুর বিরুদ্ধে লাগানো যাইতে পারে এই তথ্যটাই ভাবিয়া দেখিবার বিষয়, কে লাগাইল সেটা তত শুক্তর বিষয় নয়। শনি তো ছিদ্র না পাইলে প্রবেশ করিতে পারে না; অতএব শনির চেয়ে ছিদ্র সম্বেছই সাবধান হইতে হইবে। আমাদের মধ্যে ষেখানে পাপ আছে শক্র সেখানে জার করিবেই—আজ যদি না করে তো কাল করিবে, এক শক্র যদি না করে তো অন্ত শক্র করিবে—অতএব শক্রকে দোষ না দিয়া পাপকেই থিক্কার দিতে হইবে।

ছিন্দু-মুস্লমানের সম্বন্ধ লইয়া আমাদের দেশের একটা পাপ আছে। এ পাপ অনেকদিন হইতে চলিয়া আসিতেছে। ইহার যা ফল তাহা না ভোগ করিয়া আমাদের কোনো মতেই নিম্বৃতি নাই।

অভান্ত পাপের সম্বন্ধ আমাদের চৈতক্য থাকে না। এইজক্ত সেই শহতান যথন উগ্রমৃতি ধরিয়া উঠে তখন সেটাকে মজল বলিয়াই জানিতে হইবে। হিন্দু মূললমানের মাঝখানটাতে কতবড়ো যে একটা কলু্য আছে এবার তাহা যদি এমন একান্ত বীজ্ঞস আকারে দেখা না দিত তবে ইহাকে আমরা স্বীকারই করিতাম না, ইহার পরিচয়ই পাইতাম না।

পরিচয় তো পাইলাম কিন্তু শিক্ষা পাইবার কোনো চেষ্টা করিতেছি না। বাহা আমরা কোনোমতেই দেখিতে চাই নাই বিধাতা দয়া করিয়া আমাদিগকে কানে ধরিয়া দেখাইয়া দিলেন—তাহাতে আমাদের কর্ণমূল আরক্ত হইয়া উঠিল, অপমান ও দ্বংখের একশেষ হইল ;—কিন্তু দ্বংখের সঙ্গে শিক্ষা যদি না হয় তবে দ্বংখের মাত্রা কেবল বাড়িতেই থাকিবে।

আর মিথাকেণা বলিবার কোনে। প্রয়োজন নাই। এবার আমাদিগকে শীকার করিতেই হইবে হিন্দু মুসলমানের মাঝবানে একটা বিরোধ আছে। আমরা যে কেবল স্বতম্ব তাহা নয়। আমরা বিরুদ্ধ।

আমরা বছশত বংসর পাশে পাশে থাকিয়া এক খেতের কল, এক নদীর কল, এক স্থের আলোক ভোগ করিয়া আসিরাছি, আমরা এক ভাষার কথা কই, আমরা একই স্থবহুঃবে মাহ্বয—তবু প্রতিবেদীর সক্ষে প্রতিবেদীর যে-সম্বন্ধ মন্ত্রন্ত্রাচিত, মাহা ধর্মবিহিত, তাহা আমাদের মধ্যে হয় নাই। আমাদের মধ্যে স্থাইক্রাল ধরিয়া এমন একটি পাপ আমরা পোষণ করিরাছি যে একত্রে মিলিরাও আমরা বিক্ষেদকে ঠেকাইতে পারি নাই। এ পাপকে ঈরর কোনোমতেই ক্ষমা করিতে পারেন না।

আমরা জানি বাংলাদেশের অনেক স্থানে এক করালে হিন্দু-মুসলমানে বসে না—খরে মুসলমান আসিলে জাজিমে এক অংশ তুলিরা দেওরা হয়, ইকার জল ফেলিরা দেওরা হয়।

তর্ক করিবার বেলার বলিয়া থাকি, কী করা যায় শাস্ত্র তো মানিতে ছইবে।
অবচ শাস্ত্রে হিন্দু-মৃসলমান সম্বন্ধে পরস্পারকে এমন করিয়া ত্বণা করিবার তো কোনো
বিধান দেখি না। যদি বা শাস্ত্রের সেই বিধানই হয় তবে সে-শাস্ত্র লইরা খলেশ-বজাতিবরাজের প্রতিষ্ঠা কোনোদিন হইবে না। মাস্থ্যকে ত্বণা করা বে-দেশে ধর্বের নিরম,
প্রতিবেশীর হাতে জল থাইলে যাহাদের পরকাল নট হয়, পরকে অপ্যান করিয়া

ৰাহাদিগকে জ্বাভিরক্ষা করিতে হইবে, পরের হাতে চিরদিন অপমানিত না হইরা ভাহাদের গৃতি নাই। ভাহারা বাহাদিগকে ক্রেচ্ছ বলিরা অবজ্ঞা করিভেছে সেই ক্লেচ্ছের অবজ্ঞা ভাহাদিগকে সঞ্চ করিতে হইবেই।

মান্ত্ৰকে মান্ত্ৰ বলিয়া গণ্য করা যাহাদের জভাসে নহে, পরস্পরের অধিকার যাহারা স্ক্রাভিস্ক্রভাবে সীমাবদ্ধ করিয়া রাবিবার কাজেই ব্যাপৃত; যাহারা সামান্ত অলনেই আপনার লোককে ত্যাগ করিতেই জানে, পরকে গ্রহণ করিতে জানে না; সাধারণ মান্ত্রের প্রতি সামান্ত শিষ্টভার নমন্বারেও যাহাদের বাধা আছে; মান্ত্রের সংসর্গ নানা আকারে বাঁচাইয়া চলিতে যাহাদিগকে সর্বদাই সভর্ক হইরা থাকিতে হর মন্ত্রন্ত হিসাবে তাহাদিগকে ত্র্বল হইভেই হইবে। যাহারা নিজেকেই নিজে থণ্ডিত করিয়া রাথিয়াছে, ঐক্যনীতি অপেক্রা ভেদবৃদ্ধি যাহাদের বেশি, দৈন্ত অপমান ও অধীনভার হাত হইতে ভাহারা কোনোদিন নিক্ষতি পাইবে না।

বাহা হউক "বয়কট"-যুদ্ধ বোষণা করিয়া আমরা বাহির হইলাম এবং দেশধর্মগুদ্ধর নিকট ইইতে স্বরাজ্মন্ত্রও গ্রহণ করিলাম; মনে করিলাম এই সংগ্রাম্ ও সাধনার যত-কিছু বাধা সমস্তই বাহিরে, আমাদের নিজেদের মধ্যে আশবার কারণ কিছুই নাই। এমন সময় হঠাং আমাদের ভিতরকার বিচ্ছিন্ন অবস্থা বিধাতা এমন স্কঠোর স্কুম্পন্ট আকারে দেখাইয়া দিলেন বে, আমাদের চমক লাগিয়া গেল। আমরা নিজেরাই নিজেদের দলনের উপায়, অগ্রসর ইইবার প্রতিবন্ধক, এ-কথা যখন নিঃসংশয়রপ্রপে ধরা পড়িল তখন এই কথাই আমাদিগকে বলিতে ইইবে যে, স্বদেশকে উদ্ধার করিতে ইইবে; কিন্তু কাহার হাত ইইতে ? নিজেদের পাপ ইইতে।

ইংরেজ সমন্ত ভারতবর্বের কাঁধের উপরে এমন করিয়া যে চাপিয়া বসিয়াছে সে কি কেবল নিজের জােরে? আমাদের পাপই ইংরেজের প্রধান বল। ইংরেজ আমাদের ব্যাধির একটা লক্ষ্ণ মাত্র; লক্ষণের ছারা ব্যাধির পরিচর পাইয়া ঠিক্মতাে প্রতিকার করিতে না পারিলে গায়ের জােরে অথবা বন্দেমাতরম্ মন্ত পড়িয়া সয়িপাতের হাত এড়াইবার কােনাে সহজ্প পধ নাই।

বিদেশী রাজা চলিরা গেলেই দেশ বে আমাদের স্বদেশ হইয়া উঠিবে তাহা নহে।
দেশকে আপন চেটার আপন দেশ করিরা গড়িয়া তুলিতে হর। অরবন্ত-স্থকাছাশিক্ষাণীক্ষাদানে দেশের লোকই দেশের লোকের সর্বপ্রধান সহায়, হৃঃধে বিপদে দেশের
লোকই দেশের জন্ত প্রাণপণ করিয়া থাকে ইহা বেখানকার জনসাধারণে প্রত্যক্ষভাবে
জানে সেধানে স্বদেশ বে কী ভাহা ব্যাইবার ক্ষম্ত এত বকাবকি করিতে হয় না।
আজ আমাদের ইংরেজিপড়া শহরের লোক বধন নিয়ক্ষর গ্রামের লোকের কাছে গিয়া

চেষ্টার মুগে আছে, এ-কথা যখন তাহার ব্যবহারে বুঝা যাইতেছে তথন দেশের যে-সকল যুবক উত্তেজিত হইয়া উঠিয়াছেন তাঁহাদের প্রতি একটিমাত্র পরামর্শ এই আছে, সমস্ত উত্তেজনাকে নিজের অন্থিমক্ষার মধ্যে নিস্তবভাবে আবদ্ধ করিয়া কেলো. শ্বির হও. কোনো কথা বলিয়ো না, অহরহ অত্যক্তিপ্রয়োগের ছারা নিজের চরিত্রকে তুর্বল করিয়ো না। আর কিছু না পার ধবরের কাগভের সঙ্গে নিজের সমন্ত সম্পর্ক ঘুচাইরা ষে-কোনো একটি পদ্ধীর মাঝধানে বসিয়া যাহাকে কেহ কোনোদিন ডাকিয়া কথা কহে নাই তাহাকে জ্ঞান দাও, আনন্দ দাও, আশা দাও, তাহার সেবা করো, তাহাকে জানিতে দাও মাতুষ বলিয়া তাহার মাহাত্মা আছে, সে জগংসংসারের অবজ্ঞার অধিকারী নছে। অজ্ঞান তাহাকে নিজের ছায়ার কাছেও ত্রন্ত করিয়া রাধিয়াছে: সেই সকল ভয়ের বন্ধন ছিল্ল করিয়া তাহার বক্ষপট প্রশন্ত করিয়া দাও। তাহাকে অক্সায় হইতে, অনশন হইতে, অন্ধ্যংকার হইতে ককা করো। নতন বা পুরাতন কোনো দলেই তোমার নাম না জামুক, যাহাদের হিতের জন্ত আত্মসমর্পণ করিয়াচ প্রতিদিন তাহাদের প্রতি অবজ্ঞা ও অবিশাস ঠেলিয়া এক পা এক পা করিয়া সম্বলতার দিকে অগ্রসর হইতে গাকো। মিধ্যা আত্মপ্রকাশে আমরা বে-শক্তি কেবলই নই করিতেছি, সতা আত্মপ্ররোগে তাহাকে शोहोंटेर्ड इंटेर्ट । टेटार्ड लारक यमि आमामिशरक मामास विमन्न हारिन विमन অপবাদ দেয় উপহাস করে তবে তাহা অমানবদনে শ্বীকার করিয়া লইবার বল যেন আমাদের থাকে। আমরা যে সামান্ত কেছ নহি, আমরা যে কিছু-একটা করিতেছি ইহাই পরের কাছে দিনরাত প্রমাণ করিবার জ্বন্ত পাচকে পনেরো করিয়া ফ্লাইয়া কেবলই সাগ্রপারে টেলিগ্রান্থ করাকেই নিজের একমাত্র কাঞ্চ বলিয়া যেন না মনে করি। দেশের এক-একটি জায়গায় এক-একটি মামুষ বিরুদে বসিয়া নিজের সমস্ত জীবন দিয়া যে-কোনো একটি কর্মকে গড়িয়া তুলিয়া প্রতিষ্ঠিত করিতে ধাকুন-এই আমাদের সাধনা। আমরা কিছুই গড়িয়া তুলিতে পারি না, আমাদের হাতে সমস্তই বিক্লিপ্ত হইয়া পড়ে, আমরা কর্মের নানা স্বত্তকে টানিয়া বাঁধিয়া রাশ বাগাইয়া নিজের হাতে দৃঢ় করিরা ধরিতে পারি না—এই কারণেই আমরা কামনা করি কিন্তু দাধনার বেলা চোধে অম্বকার দেখিতে থাকি-কেবল সমিতির অধিবেশনে অতি স্থন্ধ নির্মাবলী রচনা লইয়া আমাদের তর্কবিতর্কের অন্ত ধাকে না. কিন্তু নিরম গাটাইরা বাধা কাটাইরা সিদ্ধির পরে চলিবার দুড় সংকরণক্তি আপনার মধ্যে খুঁজিয়া পাই না। চরিছের এই দৈনা আমাদিগকে ঘুচাইতে হইবে। উত্তেজনার বারা তাহা বুচে না—কারণ উত্তেজনা আড়মরের কাঙাল-এবং আড়মর কর্ম নষ্ট করিবার শর্তান। আজ নানা ছানে নানা কাজ লইয়া আমরা নানা লোকে যদি লাগিয়া থাকি তবেই পড়িয়া ভূলিবায় অভ্যাস

আমাদের পাকা হইতে হইবে। এমনি করিয়াই ভিতরে ভিতরে বদেশ গড়িয়া উঠিবে এবং স্বরাজগঠনের বধার্থ অবকাশ একদিন উপস্থিত হইবে। তথন সত্য উপকরণ ও প্রক্লিত লোকের অভাব কেবলমাত্র কথার জ্যোরে ঢাকিয়া দিবার কোনো প্ররোজন থাকিবে না।

এ-কণা নিশ্চর স্থানি অপমানের ক্ষোভে ব্যর্প আশার আবাতে আমাদের আত্মাভিমান জাগিরা উঠে; এবং সেই আত্মাভিমান আমাদের আত্মশক্তি উদ্বোধনের একটা
উপার। বন্ধবিভাগের বিষ্ণুদ্ধে বাঙালির সকল চেষ্টার নিক্ষলতা যখন স্কুম্পাষ্ট আকারে
আমাদের কাছে প্রত্যক্ষণোচর হইল তথন আমাদের অভিমান আলোড়িত হইরা
উঠিল। এই অভিমানের তাড়নার আমরা নিক্ষেকে প্রবল বলিয়া প্রমাণ করিবার
যথাসাধ্য চেষ্টা করিয়াছি। অতএব ইহার মধ্যে যে মন্দলটুকু আছে তাহাকে অস্বীকার
করিতে পারি না।

কিন্তু ইহার মধ্যে বিপদের কথাটা এই যে, অভিমানের সঙ্গে যদি থৈর্বের দৃচ্তা না থাকে তবে পরিণামে তাহা আমাদের চুর্বলতার কারণ হইবে। চরিত্রের জ্বোর থাকিলে অভিমানকে আত্মসাং করিয়া আপনার শক্তিকে স্থায়ী ভিত্তির উপরে প্রতিষ্ঠিত করিবার জন্ম সংকল্প জ্বনে, কারণ, যতক্ষণ শক্তি স্তা হইয়া না উঠে ততক্ষণ অভিমানকে অতিমাত্রায় প্রকাশ করিতে থাকা লক্ষাকর এবং তাহা কেবল ব্যর্থতাই আনয়ন করে। নিজের আবেগের আতিশয়কে এইরপ নিক্ষসভাবে অসময়ে প্রকাশ করিয়া বেড়ানো শিশুকেই শোভা পায়। অভিমান যথন বিলম্ব সহিতে না পারে, তথন তাহা কর্মকে তেজ না দিয়া কর্মের অন্থ্রকে ছারখার করিয়া ক্ষেলে। যেদিন হইতে আমাদের মনে রাগ হইল সেইদিন হইতেই আমরা আকাশ কাঁপাইয়া বড়াই করিতে আরম্ভ করিয়াছি, আমরা এ করিব, সে করিব, আমরা মাঞ্চেন্টরের ক্লাট বন্ধ করিব, লিভারপুলের তুই চক্ষ্ জ্বলে ভাসাইয়া দিব। অথচ মনে মনে আমাদের ভরসান্থল কী ? ইংরেজেরই আইন, ইংরেজেরই সহিকৃতা। আইন বিচলিত হইলেই আমরা বলি এ যে মগের মৃদ্ধুক হইল—মর্লির মৃথে লিবারেল নীতির উলটা কথা শুনিলেই আমরা বলি এ কি পুবের স্থি

আমার নিবেদন এই এমন অবস্থায় অভিমানকে নিজের মধ্যে দমন করিতে হইবে।
সেই সংহত অভিমান মনের তলদেশ হইতে আমাদের শক্তির শিকড়ের মধ্যে তেজ সঞ্চার
করিবে। এতদিন বে-সমন্ত কাজ আমাদের চেষ্টাকে টানিতে পারিত না, সেই সমন্ত
কাজে আজ মন দিবার মতো ধৈর্ব আমাদের জন্মিবে।

কাজের কি অন্ত আছে। আমরা কিছুই কি করিরাছি। একবার সভ্য করিরা ১০—৮০ ভাবিরা দেখো দেশ আমাদের হইতে কও দ্বে, কত স্থদ্রে। আমাদের "ঘর হইতে আজিনা বিদেশ।" সমস্ত ভারতবর্ষের কথা ভাবিলে তো মাধা ঘুরিরা যার—শুদ্ধমাত্র বাংলাদেশর সব্দেও আমাদের সম্পর্ক কত ক্ষীণ। এই বাংলাদেশও জ্ঞানে প্রেমে কর্মে আমাদের প্রত্যেকের হইতে কতই দ্রে। ইহার জন্ম আমাদের প্রত্যেকের হইতে কতই দ্রে। ইহার জন্ম আমাদের চেষ্টা কত সামান্ত। নিজের মন এবং ব্যবহার সত্যক্রপে আলোচনা করিয়া সত্য করিয়া বলো দেশের প্রতি আমাদের ঔদাসীন্য কী স্থগভীর। ইহার কোন্ ঘৃংথে কোন্ অভাবে কোন্ সৌম্পর্মে কোন্ সম্পদে আমাদের চিত্তকে এমন করিয়া আকর্ষণ করিয়াছে যে নানাদিক হইতে আমাদের নানা লোক তাহার প্রতি আপন সমন্ত প্রসামধোর বছল অংশ ব্যব করিতে প্রবৃত্ত হইয়াছে। আমরা শিক্ষিত কয়েকজ্বন এবং আমাদের দেশের বছকোটি লোকের মাঝখানে একটা মহাসমূদ্রের ব্যবধান। ত্রেতামূগের সেতৃবৃদ্ধনে কাঠবিড়ালি ষতটুকু কাঞ্চ করিয়াছিল আমাদের মাঝখানের এই সমুদ্রে সেতৃ বাধিতে আমরা ততটকুও করি নাই। সকল বিষয়ে সকল কাঞ্চই বাকি পড়িয়া আছে।

অথচ এমন সমরে আমাদের মনে দুর্দান্ত অভিমান জাগিয়া উঠিয়াছে। ইংরেজকে ডাকিয়া বুক ফুলাইয়া বলিতে ইচ্ছা করিতেছে, আমরা সম্পূর্ণ সক্ষম, সমর্থ, প্রস্তুত। আমরা কোনোমডেই তোমাদের অবজ্ঞার পাত্র নই। তোময়৷ ধদি আমাদিগকে অবজ্ঞা কর আমরাও তোমাদিগকে অবজ্ঞা করিতে পারি।

এই কটা কথা খুব জোরে বলিবার স্থপই যদি আমাদের দেশের পক্ষে ধথেন্ত হয় তবে এই পালাই চলুক। কিন্তু এখনই আমরা সমস্তই পারি এই ভুলটা প্রচার করিয়া । ও বিশাস করিয়া ভবিশ্বতে আমরা ধাহা পারিব তাহার গোড়া ধদি মারিয়া দিই তবে আমাদের অভকার সমস্ত আক্ষালন একদিন তিতুমীরের লড়াইয়ের সঙ্গে এক ইতিহাসে ভুক্ত হইবে।

বড়াই করিয়া নিজের ও অক্তের কাছে ছুর্বলতা ঢাকিতে গিয়া সেই ছুর্বলতাকে প্রতিপদে সপ্রমাণ করিতে থাকিলে এমন একদিন আসিবে থেদিন আমরা নিজেকে অন্যায়রূপে অবিশ্বাস করিব—নিজের মধ্যে যে-সম্ভাব্যতা আছে তাহাকে অস্বীকার করিব—ক্জাতিকে গালি পাড়িয়া নিজর্মতাকে আড়ম্বরপূর্বক আপ্রায় করিব—অকালে উৎপীড়ন সহু করিয়া আরামের মধ্যে হাল ছাড়িয়া দিতে চেষ্টা করিব। অভএব পুরুবোচিত থৈবের সহিত অভিমানের প্রমন্ততাকে একেবারে দূর করিয়া কাজে প্রস্তুম্ব হইবে। দেশ আজ আমাদিগকে এই কথা বলিতেছে যে, আমরা কভবানি রাণ করিয়াছি আমরা কভবড়ো ভয়ংকর সে-আলোচনার কাহারও কোনো লাভ নাই; কার্জন

আমাদিগকে কেমন করিয়া মারিয়াছেন এবং মর্লি আমাদের কারার উপর কতবড়ো আলার ধমকটা দিলেন সে-কথা লইয়া অনবরত এক সভা হইতে আর-এক সভায় এক কাগজ হইতে আর-এক কাগজে ম্রলধারে অপ্রবর্ধন করিয়া কোনো ফল নাই। এখন স্পষ্ট করিয়া বলো কী কাজ করিতে হইবে? আচ্ছা মানিলাম স্বরাজই আমাদের শেবলক্ষা, কিন্তু কোণাও তো তাহার একটা শুরু আছে, সেটা একসময়ে তো ধরাইয়া দিতে হইবে। স্বরাজ তো আকাশকুস্থম নয়, একটা কার্যপরক্ষার মধ্য দিয়া তো তাহাকে লাভ করিতে হইবে—নৃতন বা প্রাতন বা বে-দলই হউন ভাঁহাদের সেই কাজের তালিকা কোথায়, তাঁহাদের প্লান কী, ভাঁহাদের আয়োজন কী? কর্মশৃষ্ঠ উরেজনায় এবং অক্ষম আফালনে একদিন একান্ত ক্লান্তি ও অবসাদ আনিবেই—ইহা মসুয়মভাবের ধর্ম—কেবলই মদ জোগাইয়া আমাদিগকে সেই বিপদের মধ্যে বেন লইয়া যাওয়া না হয়। বে-অসংযম চরিত্রত্বলতার বিলাসমাত্র তাহাকে সবলে ঘূণা করিয়া কর্মের নিঃশন্ধ নিষ্ঠার মধ্যে আপন পোরুষকে নিবিষ্ট করিবার সময় আসিয়াছে—এ-সময়কে যেন আমরা নই না করি।

2028

### य ७०० ७

কনগ্রেস তো ভাঙিয়া গেল।

এবারকার কনগ্রেসে একটা উপস্রব ঘটিবে এ-আশহা সকল পক্ষেরই মনে পূর্বে হইতেই জাগিয়াছে কিন্তু ঠিকমতো প্রতিকারের চেষ্টা কোনো পক্ষই করেন নাই। দুই দলই কেবল নিজের বলবৃদ্ধি করিবার চেষ্টা করিয়াছেন অর্থাৎ উপস্রবের সংঘাতটা ঘাহাতে অত্যন্ত বাড়িয়া উঠে, সেইক্লপ আয়োজন হইয়াছিল।

সমস্ত দেশকে লইয়া যে-যজের অন্থান হয় সেই যজের কর্তারা কে কোন্ বজ্নতার বিষয় কেমন করিয়া বলিবেন বা লিখিবেন তাহাই ঠিক করিয়া খালাস পাইতে পারেন না। চারিদিকের অবস্থা বিচক্ষণতার সঙ্গে বিচার করিয়া তদমুসারে কাজের ব্যবস্থা করার ভার তাঁহাদের উপর। কোনো কারণে কর্ম নই হইলে সেই কারণটাকে গালি দিয়া তাঁহারা নিষ্কৃতি পাইতে পারিবেন না। বাক্ষদের ভাণ্ডারে দেশলাই জালাইতে দিলে অগ্নিকাণ্ড ঘটে ইহাতে সন্দেহ নাই—এরপ মুর্ঘটনা ঘটিলে হয় দেশলাই

না হয় বারুদকেই কর্তৃপক্ষেরা আসামির দলে দাঁড় করাইয়া থাকেন—জগতের সর্বত্রই তাহার প্রমাণ দেখা যায়। মণিপুরী হত্যাকাণ্ড থাঁহারা ঘটাইয়াছিলেন, মণিপুরীদের দণ্ড দিয়া তাঁহারা ধর্মবৃদ্ধিকে তৃপ্ত করিয়াছেন এবং আজ বাংলাদেশে বে বিচিত্র রকমের উৎপাত বাধিয়া উঠিয়াছে সেজফু বাঙালিকেই বন্ধনপীড়ন সহ্য করিতে হইতেছে ওদিকে কার্জন ও মর্লির জয়ধ্বনির বিরাম নাই।

বস্তুত বাক্সদকে ও দেশলাইকে যাহারা সত্য বলিয়া জ্ঞানে ও স্বীকার করে তাহারা এই দুটোর সংশ্রবকে ঠেকাইবার জন্ত সর্বপ্রকার উপায় উদ্ভাবন করিয়া থাকে। দোষ যাহারই হউক বা রাগ যাহার 'পরেই থাক্ সে-কথা লইয়া গরম না হইয়া হাতের কাজ্ঞটা কী করিলে সিদ্ধ হয় এই ব্যবস্থা করিবার জ্ঞান্ত তাহারা তংপর হয়।

এবারকার কনগ্রেসের থাঁহারা অধ্যক্ষ ছিলেন তাঁহারা অপ্রিয় বা বিরুদ্ধ সভ্যকে স্বীকার করিবেন না বলিয়া ঘর হইতে পণ করিয়া আসিয়াছিলেন। স্বীকার করিলেই পাছে তাহাকে থাতির করা হয় এই তাঁহাদের আশস্কা।

চরমপন্ধী বলিয়া একটা দল যে-কারণেই হউক দেশে জাগিয়া উঠিয়াছে এ-কথা লইয়া আক্ষেপ করিতে পার কিন্তু ইহাকে অধীকার করিতে পার না। এই দলের ওজন কতটা তাহা বৃঝিয়া তোমাকে চলিতেই হইবে। কিন্তু যথন স্বয়ং সভাপতি-মহালয়ের মন্তব্যেও এই দলের প্রতি কটাক্ষপাত করা হইয়াছিল তথন স্পাইই বৃঝা যাইতেছে তিনি নিজের বিরক্তিপ্রকাশকেই কর্তবাসিদ্ধি বলিয়া মনে করিয়াছেন—অবস্থা বিচার করিয়া মার বাঁচাইয়া কনগ্রেসের জাহাজকে কুলে পৌছাইয়া দেওয়া সম্বন্ধে তাঁহার চিন্তা ছিল না। ইহা যে ওকালতি নহে, বিরুদ্ধ পক্ষকে বক্তৃতার গদাঘাতে পাড়িয়া কেলাই যে এই রহং কাজের পরিণাম নহে, দেশের সকল মতের লোককে একত্রে টানিয়া সকলেরই শক্তিকে দেশের মন্সলসাধনে নিয়োগ করিতে উৎসাহিত করাই যে ইহার সকলের চেয়ে বড়ো উদ্দেশ্ত তাহা সামন্বিক উত্তেজনাম্ব তিনি মনে রাবেন নাই। তিনি এমন ভাবে কনগ্রেসের হালের কাছে দাড়াইয়াছিলেন যেন ওই চরমপন্থীর দলটা জলের একটা ঢেউমাত্র, উহা পাহাড় নহে, যেন কেবল প্রবল বাক্যবায়ুতে পাল উড়াইয়াই উহাকে ডিঙাইয়া য়াওয়া চলিবে।

আবার চরমপন্থীরাও এমনভাবে কোমর বাঁধিরা কনগ্রেসের রণক্ষেত্রের মধ্যে প্রবেশ করিবেন থেন, থে-মধ্যমপন্থীরা এতদিন ধরিয়া কনগ্রেসকে চালনা করিয়া আসিয়াছেন, তাঁহারা এমন একটা বাধা বাহাকে ঠেলিয়া অভিভূত করিয়া চলিয়া বাইবেন, ইহাতে বাহা হয় তা হ'ক। এবং এটা এখনই করিতে হইবে—এইবারেই জয়ধ্বজা উড়াইয়া না গেলেই নয়। দেশের মধ্যে এবং কনগ্রেসের সভার মধ্যমপন্থীর স্থানটা যে কী তাহা

সম্পৃৰ্ভাবে এবং ধীরতার সহিত বীকার না করিবার জন্ত মনের মধ্যে যেন প্রচণ্ড আগ্রহ!

এই বে পূক্তা, এই বে অন্ধ নির্বন্ধ ইহা যদি দলবর্তী সাধারণ লোকের মধ্যেই বন্ধ থাকে তাহা হইলে সেটাকে মার্জনীয় বলিয়া গণ্য করা যার—কিন্তু বাহারা দলের কর্তৃপদে আছেন তাহারাও যদি না ব্যেন কোন্ধানে রাশ টানিলে অগ্রসর হওয়া সহজ্ঞ হয়, এবং কোন্ধানে হায় মানিলে তবেই যধার্থ জিতের সম্ভাবনা ঘটে, তবে ইহাই বলিতে হইবে সংসারে বাহারা বড়ো জিনিসকে গড়িয়া তুলিতে পারেন, বাঁহারা কার্যসিদ্ধির লক্ষাকে কোনোমতেই ভূলিতে পারেন না ইহারা সে-দলের লোক নহেন। ইহারা কবির লড়াইরের দলের মতো উপস্থিত বাহবা ও তুয়োকে অত্যক্ত বড়ো করিয়া দেশেন—দারিত্বলৃষ্টিকে অবিচলিত স্কৈর্যর সহিত স্কুলরে প্রসারিত করেন না!

বিরুদ্ধ পক্ষের সন্তাকে যথেষ্ট সত্য বলিয়া স্বীকার না করিবার চেষ্টাতেই এবার কনগ্রেস ভাঙিরাছে। এক গাড়ির এঞ্জিন যদি সামনের গাড়ির এঞ্জিনকে একেবারে নাই বলিতে চায়, এমন কি, ঠেকাঠেকি হইলেও তথনও পরম্পরকে অস্বীকার করিয়া যদি স্চীম চড়াইয়া দেওরাকেই নিজের পথ খোলসার উপায় বলিয়া মনে করে তবে একটা চুরমার বাাপার না বাধিয়া থাকিতে পারে না। এ-অবস্থায় খাহারা চালক তাঁহাদিগকে প্রশংসাপত্র দেওয়া চলে না।

মধ্যমুপন্থী ও চরমপন্থী এই উভর দলই কনগ্রেস অধিকার করাকেই যদি দেশের কাঞ্চ করা বিসিয়া একান্তভাবে না মনে করিতেন, যদি দেশের সভ্যকার কর্মক্ষেত্রে ইহারা প্রতিষ্ঠা লাভ করিতে থাকিতেন—দেশের শিক্ষা-স্বাস্থা-অরের অভাব মোচন করিবার জন্ম যদি ইহারা নিজের শক্তিকে নানা পথে অহরহ একাগ্রমনে নিয়োজিত করিয়া রাধিতেন, দেশহিতের সভাকার সাধনা ও সত্যকার সিদ্ধি কাহাকে বলে তাহার স্বাদ ঘদি পাইতেন এবং দেশের জনসাধারণের সঙ্গে কায়্মনোবাক্যে যোগ দিয়া দেশের প্রাণকে দেশের শক্তিকে প্রত্যক্ষভাবে উপলব্ধি করিতেন তাহা হইলে কনগ্রেস-সভার মঞ্চ জিতিয়া লইবার চেটায় এমন উয়ত্ত হইয়া উঠিতেন না। কনগ্রেসে হার হইলেও দেশের মধ্যে হার হয় না;—শন্নৈ: শন্নৈ: প্রত্যাহ প্রত্যেকের অপ্রান্ত চেটায় দেশের হদরের মধ্য দিয়া পথ করিয়া চলিলে তবেই তাহাকে চলা বলে এবং সেই পথের চরম গ্রম্যুদ্ধন সভাপতির আসন নহে, এমন কি, ওই মঞ্চাটা তাহার পাছশালাও নহে।

আর ষদিই মনে কর কনগ্রেসের কর্তৃত্বলাভ দেশহিতসাধনের একটা চরিতার্থতা তবে কি এতবড়ো একটা সম্পদকে এমন অধৈর্য ও প্রমন্ততার সহিত কাড়াকাড়ি করিতে হয়। ইহাতে যাহাকে চাই ভাহাকেই কি অপমান করা হয় না? কাজির বিচারের কথা মনে আছে? তুই স্ত্রীলোক যখন একটি ছেলেকে নিজের ছেলে বলিয়া কাজির কাছে নালিশ করিয়াছিল তখন কাজি বলিয়াছিলেন ছেলেটাকে তুইজাগে কাটিয়া তুইজনকে দেওয়া হউক। এই কথা শুনিয়া যথার্থ মা বলিয়া উঠিল ছেলে আমি চাই না অপরকেই দেওয়া হউক। যে যথার্থ মা সে ছেলেকে নই করার চেয়ে নিজের দণল ত্যাগ করা এবং মকদ্মায় হার মানা অনারাসে শীকার করে।

এবারকার কাজির বিচারে কী দেখা গেল? দুই দিকেরই এই জিদ যে বরং কনগ্রেস ভাঙিয়া যায় সেও ভালো তবু হার মানিব না। ইহাতে এই প্রমাণ হয় কোনো পদ্মীই কনগ্রেসকে তেমন সত্য ও তেমন বড়ো করিয়া মনে করেন না। ইহা যে একটা জীবধর্মী পদার্থ, বিচ্ছিয় হইলে ইহার প্রাণহানি ও আঘাত লাগিলে ইহা দুবল হয় তাহা কেহ নিজের প্রাণের মধ্যে তেমন করিয়া অম্বভব করেন না। ভাহার কারণ কি এই নহে এই জিনিসটাকে বিশ বংসর তা' দিয়াও ইহার মধ্যে প্রাণপদার্থের পরিচয় পাওয়া যায় নাই? সেইজন্মই ইহা আমাদের দেশকে ত্যাগে, ধৈয়ে দীক্ষিত করে নাই। আমাদের 'পরে এইজন্মই কনগ্রেসের দাবি অতান্ত দুর্বল—ইহা অতি অমও যেটুকু ভরে ভরে আমাদের কাছে চায় তাহাও পরামাত্রায় পায় না। আমাদের অর্থ-সামর্থ্য-অবসরের উদ্বৃত্ত হইতে অতি অকিঞ্চিংকর পরিমাণেই এই কনগ্রেসের জন্ম রাথিয়া থাকি এবং যাঁহারা রাখেন সেই কয়জনের সংখ্যাও এই বিশাল ভারতের জনসংখ্যার মধ্যে অতি বংসামান্ত।

এই প্রসঙ্গে আমাদের নিবেদন এই বে, কনগ্রেসকে সত্য করিয়া ভূলিতে গেলে তাহা কনগ্রেসের মঞ্চে বসিয়াই করা বাদ না। দেশের ভিতরে সত্য কার্যে প্রবৃত্ত হইলে, সমস্ত দেশের লোককে গ্রামে গ্রামে ঘরে ঘরে গিয়া সত্যমন্ত্রে দীক্ষিত করিয়া ভূলিলে তবেই সম্ভ দেশের যোগে ওই কনগ্রেস সত্য হইয়া উঠিবে—সেই দিকে চেষ্টা নিযুক্ত করিলে চেষ্টা সার্থক হইবে। কনগ্রেসকে দিনে দিনে বর্ষে বর্ষে দেশের ভিতর দিয়া সত্য করিয়া ভূলিব এই চেষ্টাই কোনো এক পদ্ধীর হউক। তাহাকে এ-বংসর বা ও-বংসর কোনোরকমে দখল করিয়া বসিব এ-চেষ্টা এমন মহং চেষ্টা নছে ঘাহার ক্ষম্ত তৃই ভাইয়ে লড়াই করিয়া কিকিছাাকাণ্ডের অভিনয় করা ঘাইতে পারে।

আমাদের পুরাণে একটি যক্তভন্নের ইতিহাস আছে। দক্ষ যথন তাঁহার যক্তে সভী অর্থাং সতাকে অস্বীকার করিরা মঙ্গলকে অপমানিত করিয়াছিলেন তথনই প্রচণ্ড উপদ্রব উপস্থিত হইরা তাঁহার যক্ত বিনষ্ট হইরাছিল। দক্ষ কেবল নিজের দক্ষতার প্রতি আছ অভিমানবশত জগতে যে-যুগে এবং যে-ক্ষেত্রেই সত্যকে এবং শিবকে স্বীকার করা অনাবশ্রক মনে করিয়াছে সেইকালে এবং সেইধানেই কেবল যে কর্ম পণ্ড হইরাছে তাহা

নহে মহান্ অনর্থ ঘটরাছে। ক্ষমতাশালীর জিদ সত্যকে ক্ষণকালের জন্ম নির্জীব করিয়া কেলিতেও পারে কিন্তু ক্ষশ্রকে কথনোই ঠেকাইতে পারে না—এ-কথা ইংরেজ ভূলিয়াছে বলিয়া আমরা অভিযোগ আনিয়াছি কিন্তু আমরা নিজেও যদি ভূলি, বল ও কলকোশলকেই অবলয়ন জ্ঞান করিয়া সত্য ও শিবকে যদি অবমানিত করি তবে প্রলয়কে জাগ্রত করিয়া ভূলিব তাহাতে সন্দেহমাত্র নাই। সত্যকে যদি আমরা রক্ষা করি ও মক্লকে বিশাস করি তবে ধৈর্ম শান্তি ও উদারতা আমাদের পক্ষে সহজ হইবে; তবে বিলম্বে অসহিষ্ণু, পীড়নে ভীত ও পরাজ্বের হতাখাস হইব না; বৃদ্ধির পার্থক্য ও পারিব।

2028

# দেশহিত

বঙ্গবাবচ্ছেদের আঘাতে বাংলাদেশে স্বাদেশিকতার যে উদ্দীপনা জ্বলিয়া উঠিয়াছে তাহা যে অন্যদেশের এ-শ্রেণীয় উদ্দীপনার ঠিক নকল নহে, তাহা যে আমাদের দেশের স্বকীয় প্রকৃতি অনুসারে একটি বিশিষ্টতা লাভ করিয়াছে এমন কথা আমাদের দেশের কোনো বিশ্যাত ইংরেজি কাগজে পড়িয়াছি। লেখক বলেন যে, আমাদের দেশের এই স্বাদেশিকতার উৎসাহ গভীরতর আধ্যান্ত্রিক ভাবে পূর্ণ; এইজন্ম ইহা একটা ধর্মসাধনার আকার ধারণ করিতেছে।

এ-কথা নিশ্চর মনে রাধিতে হইবে যে, আমাদের দেশের কোনো উদ্যোগ যদি দেশের সর্বসাধারণকে আশ্রর করিতে চায় তবে তাহা ধর্মকে অবলম্বন না করিলে কোনোমতেই কৃতকার্য হইবে না। কোনো দেশব্যাপী স্থবিধা, কোনো রাষ্ট্রীয় স্বার্থসাধনের প্রলোভন কোনোদিন আমাদের দেশের সাধারণ লোকের মনে শক্তি সঞ্চার করে নাই।

অতএব আমাদের দেশের বর্তমান উদীপনা বদি ধর্মের উদীপনাই হইয়া দাড়ার, দেশের ধর্মবৃদ্ধিকে বদি একটা নৃতন চৈতক্তে উন্থোধিত করিয়া তোলে তবে তাহা সত্য হইবে, স্থায়ী হইবে, দেশের সর্বত্র ব্যাপ্ত হইবে সন্দেহ নাই।

আমাদের বর্তমান আন্দোলন সেই সত্যতা লাভ করিয়াছে অথবা করিবে কিনা তাহা নিশ্চর নিস্কুপুণ করিয়া বলিবার ক্ষমতা আমি রাখি না। এইটুকু বলা ধার বে, দেশে যদি ছুই-চারিজন মহাত্মাও এই আন্দোলনকে শিক্ষিওসম্প্রালায়ের পোলিটি-কাল চাঞ্চল্য মাত্র বলিয়া অন্তত্তব না করেন, তাঁহারা যদি ইহার নিগৃঢ় কেন্দ্রস্থলে সেই ধর্মের অগ্রিকে প্রত্যক্ষ দেখিরা থাকেন যে-অগ্রি সমন্ত মিধ্যাকে ভিতর হইতে দম্ম করিয়া কেলে, সমন্ত দীনতাকে ভন্মসাং করিয়া দের এবং আমাদের যাহা-কিছু শ্রেষ্ঠ ও মহাম্ল্য তাহাকেই তপ্ত স্বর্ণের মতো উচ্ছল করিয়া তোলে—তবে তাঁহাদের সেই উপলব্ধি ও সাধনা নিশ্চয়ই নানাপ্রকার সাম্যাক বিক্ষিপ্রতাকে ব্যর্থ করিয়া চরম সকল্তা আনম্বন করিবে।

কিন্তু আমরা যে এই ধর্মের মৃতিকে দেখিতে পাইয়াছি ভাষার প্রমাণ কিসে পাওয়া যাইবে? যে ইহাকে দেখিয়াছে সে তো আর উদাসীন থাকিতে পারে না। সে একান্ত উন্বেগ একান্ত সতর্কভার সহিত ইহাকে বন্ধা করিবার জন্ম জাগ্রত থাকে—কোনো ভ্রষ্টতা কোনো ক্রাট সে সহু করিতে পারে না সেই প্রাণান্তিক সতর্কভা যদি দেখিতে না পাই, যদি দেখি উপন্থিত কোনো উদ্দেশ্ত সাধনের কুপণতার আমাদের হুবল চিন্তকে এমনি অভিতৃত করে যে আমাদের সাধনার কেন্দ্রন্থিত ধর্মকে স্বতোভাবে বন্ধা করার গুরুত্ব আমরা বিশ্বত হই তবে ইহার মতো উৎকণ্ঠার বিবয় আর কিছুই হইতে পারে না। রাজার সন্দেহ জাগ্রত হইয়া আমাদের চারিদিকে যে শাসনজাল বিত্তার করিতেছে তাহার বিরুদ্ধে আমাদের অভিযোগ আমরা স্বদা উচ্চকণ্ঠেই প্রকাশ করিতেছি কিন্তু বেখানে আমাদের স্বদেশের লোক আমাদের যজের পবিত্র তভাশনে পাপ-পদার্থ নিক্ষেপ করিয়া আমাদের হোমকে নই করিতেছে তাহাদিগকে আমরা কেন সমন্ত মনের সহিত ভর্মন। করিবার, তিরক্ষত করিবার শক্তি অম্বুভব করিতেছি না? তাহারাই কি আমাদের সকলের চেয়ে ভরংকর শক্ত নহে?

চৈতভাদেব একদিন বাংলাদেশে প্রেমের ধর্ম প্রচার করিয়াছিলেন। কাম-ঞ্জিনিসটা অতি সহজেই প্রেমের ছলবেশ ধরিয়া দলে ভিড়িয়া পড়ে এইঞ্জ চৈতভা যে কিরূপ একাস্ত সতর্ক ছিলেন তাহা তাঁহার অহুগত শিয় হরিদাসের প্রতি অতাস্ত কঠোর ব্যবহারে প্রমাণিত হইয়াছে। ইহাতে বৃঝা যার চৈতনার মনে বে প্রেমধর্মের আদশ ছিল তাহা কত উচ্চ, তাহা কিরূপ নিজলক। তাহার কোলাও লেশমাত্র কালিমাণাতের আশকার তাঁহাকে কিরূপ অসহিষ্ণু ও কঠিন করিয়াছিল। নিজের দলের লোকের প্রতি ছুর্বল মমতাকে তিনি মনে স্থান দেন নাই—ধর্মের উজ্জ্বলতাকে সর্বতোভাবে রক্ষা করার প্রতিই তাঁহার একমাত্র লক্ষ্য ছিল।

আজ আমরা দেশে যদি শক্তিধর্মকেই প্রচার করিবার জন্ম প্রবৃত্ত হইরা বাকি তবে তাহারও কি কোথাও বিপদের কোনো সম্ভাবনা নাই ? সে-বিপদ, কি কেবলই,

বাহাদিগকে আমরা শত্রুপক্ষ বলিয়া জানি তাহাদেরই নিকট হইতেই? উন্নত্ততা, অস্তার ও অত্যাচার কি শক্তিরই ছন্মবেশ ধরিরা তাহার মূলে আঘাত করে না? বাহা শক্তি কর্মপাতাই কি উদ্ধুম্বলতার আকার ধারণ করিরা প্রবলতার ভান করে না? বাহা শক্তি নহে কিন্তু শান্তির বিড়ম্বনা শক্তিধর্মসাধনার তাহার মতো সর্বনেশে বিন্ন আর তো কিছুই নাই। বর্তমানে আমাদের দেশে তাহার অভ্যাদরের কক্ষণ চারিদিকে দেখা বাইতেছে কিন্তু আমাদের মধ্যে বাহারা তাহাকে স্পষ্টত প্রশ্রের দিতেছেন না তাহারাও তাহাকে ক্ষমাহীন কঠোর শাসন ও ভং সনার বারা দ্বে ঠেকাইরা রাখিবার চেটা করিতেছেন না। বে-শক্তি ধর্ম, তিনি বদি আমাদের স্পষ্ট উপলব্ধিগোচর হইতেন তবে তাঁহার এই সকল নকল উৎপাত্তকে কখনো এক দণ্ডের জনাও সহ্ব করিতে পারিতাম না। আজ্ব দায়ার্রির, তম্বরতা, অস্তার পীড়ন দেশহিতের নাম ধরিরা চারিদিকে সঞ্চরণ করিতেছে এ কি এক মূহর্তের জক্ত তাঁহারা সহু করিতে পারেন বাহারা জানেন আত্মহিত, দেশহিত, লোকহিত, বে-কোনো হিতসাধনই লক্ষ্য হউক না কেন কেবলমাত্র বার ও ত্যাগী ও তপন্থী তাহার যথার্থ সাধক। জাতির চরিত্রকে নই করিয়া আমরা জাতিকে গড়িয়া তুলিব এমন ভ্রাংকর ভূপকে তিনি কখনোই এক মূহুর্তের জক্তও মনে স্থান দিতে পারেন না বিনি ধর্মকেই শক্তি বলিয়া নিশ্যে জানেন।।

আমাদের দেশের সকল অমঙ্গলের মূল কোধার? বেধানে আমরা বিচ্ছিয়। অতএব আমাদের দেশে বহুকে এক করিয়া তোলাই দেশহিতের সাধনা। বহুকে এক করিয়া তুলিতে পারে কে? ধর্ম। প্ররোজনের প্রলোজনে ধর্মকে বিসর্জন দিলেই বিশাসের বন্ধন লিখিল হইয়া যায়। যে অধর্ম বারা আমরা অন্তকে আঘাত করিতে চাই সেই অধর্মের হাত হইতে আমরা নিজেকে বাঁচাইব কী করিয়া, মিখাকে অন্তারকে যদি আমরা কোনো কারণেই প্রশ্রম দিই তবে আমরা নিজেদের মধ্যেই সন্দেহ, বিশাস্বাতকতা, প্রাত্বিল্রোহের বীজ বলন করিব—এমন একটি প্রদীপকে নিভাইয়া দিব বে-আলোকের অভাবে পুত্র মাতাকে আঘাত করিবে, ভাই ভাইরের পক্ষে বিভীষিকা হইয়া উঠিবে। যে-ছিদ্র দিরা আমাদের দলের মধ্যে বিশাসহীন চরিত্রহীন ধর্মসংশিষ্ণণ অবাধে প্রবেশ করিতে পারিবে সেই ছিদ্রকেই দলরু জি-শক্তির্ছির উপায় মনে করিয়া কি কোনো দ্রদর্শী কোনো যথার্থ দেশহিতৈরী নিশ্চিম্ব থাকিতে পারেন? আমাদের দেশের যে ফুইটি প্রাচীন মহাকাব্য আছে সেই ছুই মহাকাব্যেই এই একটিমাত্র নীতি প্রচার করিয়াছে যে, অধর্ম বেখানে যে-নামে যে-বেশেই প্রবেশলাভ করিয়াছে সেইখানেই ভরংকর সর্বনাশ সাধন করিয়াছে, আমরা শনির সঙ্গে কণির সঙ্গে আপাতত সন্ধি করিয়া মহং কার্য করিব এমন শ্রম আমাদের দেশের কোর্যাও ধনি প্রবেশ করে তবে

আমাদের দেশের মহাক্বিদের শিক্ষা মিধ্যা ও আমাদের দেশের মহাক্ষ্বিদের সাধনা বার্থ হইবে। আমাদের দেশের পৃজনীয় শাস্ত্র কলের আসক্তি ত্যাগ করিতে বলিরাছেন। কারণ, কল লক্ষ্য নহে, ধর্মই লক্ষ্য। দেশের কাজেও ভারতবর্ধ বেন এই শাস্ত্রবাক্য কদাচ বিশ্বত না হর। দেশের হিতসাধনের ক্ষপ্ত আমরা প্রাণ সমর্পণ করিব কেননা সেইরূপ মন্থলের জন্য প্রাণ সমর্পণ করাই ধর্ম; কিন্তু কোনো কল—সেকলকে ইতিহাসে যত লোভনীয় বলিরাই প্রচার কক্ষক না—সেরূপ কোনো কল লাভ করিবার জন্য ধর্মকে বিসর্জন দিব এরূপ নাত্তিকতাকে প্রশ্রম দিলে রক্ষা পাইব না। বাইবেলে কবিত আছে, কলের লোভে ধর্মকে ত্যাগ করিরা আদিম মানব স্বর্গন্রই হইরা মর্থধর্ম লাভ করিরাছে। কললাভ চরম লাভ নহে, ধর্ম-লাভেই লাভ, এ-কণা বদি কেবল দেশহিতের বেলাতেই না থাটে তবে দেশহিত মাম্বরের ম্বার্থ হিত নহে।

2020

# <u>এত্বপারচয়</u>

্রিচনাবলীর বর্তমান ধণ্ডে মৃদ্রিত গ্রন্থগুলির প্রথম সংস্করণ, বর্তমানে স্বতম্ব গ্রন্থাবারে প্রচলিত সংস্করণ, রচনাবলী-সংস্করণ, এই তিনটির পার্থকা সংক্ষেপে ও সাধারণভাবে নির্দেশ করা গেল। এই থণ্ডে মৃদ্রিত কোনো কোনো রচনা সম্বন্ধে কবির নিজের মন্তব্য, এবং অক্সান্ত আতব্য তথ্যও মৃদ্রিত হইল। পূর্ণতর তথ্যসংগ্রহ সর্মশেষ থণ্ডে একটি পঞ্জীতে সংকলিত হইবে।

### উৎসর্গ

উৎসর্গ ১৩২১ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

উৎসর্গে প্রকাশিত সকল কবিতাই মোহিতচন্দ্র সেন সম্পাদিত কাবাগ্রন্থ ( ১৩১০ ) হইতে গৃহীত। এই কাব্যগ্রন্থে রবীন্দ্রনাধের কবিতাবলী গ্রন্থায়ক্তমে মুদ্রিত না হইয়া ভাবায়ুবক্তমে বিভিন্ন বিভাগে সক্ষিত হইয়াছিল; এবং এই সকল বিভাগের প্রবেশকরূপে রবীন্দ্রনাধ অনেকগুলি নৃতন কবিতা রচনা করিয়াছিলেন, পুরাতন কোনো কোনো কবিতাও অবস্থ প্রবেশকরূপে বাবহৃত হইয়াছিল। কাব্যগ্রন্থ প্রকাশের সমসাময়িক কালে নৃতন রচিত অনেক কবিতাও কাব্যগ্রন্থে প্রথম প্রকাশিত হয়, অন্য কোনো স্বতম্ম গ্রন্থে মুদ্রিত হয় নাই।

এই কাব্যগ্রন্থের প্রকাশ পরে যথন রহিত হয়, এবং পূর্বের স্থায় স্বতন্ত্রভাবেই রবীজনাথের বিভিন্ন কবিতা-গ্রন্থ মৃদ্রিত হইতে থাকে তথন বে-সকল কবিতা শুধ্ কাব্যগ্রন্থেই প্রকাশিত হইরাছিল কোনো স্বতন্ত্র পুত্তকে প্রকাশিত হয় নাই, সেগুলির একটি সংগ্রহ প্রকাশ করা আবশ্রুক হর এবং উৎসর্গ প্রকাশিত হয়।

১৩১০ সালের কাব্যগ্রছ হইতেই কবিতাগুলি সংকলিত বলিয়া, কাব্যগ্রছে প্রথম প্রকাশিত স্বরণ ও লিশুর পরেই রবীন্দ্র-রচনাবলীতে উৎসর্গ মৃদ্রিত হইল।

কাব্য গ্রন্থের কোন্ বিভাগে কোন্ কবিতা প্রবেশকরপে প্রকাশিত হইরাছিল পর-পৃষ্ঠার তাহার একটি তালিকা মৃদ্রিত হইল। ইহার মধ্যে বেগুলি উৎসর্গে মৃদ্রিত হয় নাই, এবং বেগুলি অতম সংস্করণ উৎসর্গে মৃদ্রিত হইলেও রচনাবলী-সংস্করণ উৎসর্গে মৃদ্রিত হয় নাই পাদটীকার সেগুলির বিষয় উরেগ করা হইরাছে।

# त्रवौद्ध-त्रव्यावनी

	বিভাগ	errors.
>		dict++
	11-41	কেবল তব মুখের পানে
۶,	<b>V</b> · · · · · · · · · · · · · · · · · · ·	কুঁড়ির ভিতরে
9,		আঁধার আসিতে
8,		আমি চঞ্চল হে
¢.	311 11 341	ভোমান্ন চিনি বলে
હ.	- 11 11 13	হে রাজন তুমি আমারে
٩.	नावी	मात्र स्टब्स्ट दर्ग
۶.	क <b>इ</b> ना <sup>३</sup>	মোর কিছু ধন
₽.	नौना	তোমারে পাছে সহজে বৃঝি
۶۰.	কৌত্ৰ	আপনারে তুমি করিবে গোপন
>>	ষৌবনশ্বপ্ল	পাগল হইয়া বনে বনে
১২.	প্রেম	আকাশসিদ্ধু মাঝে
30.	কবিক <b>ণা</b>	ত্রাবে ভোমার
>3,	প্রকৃতিগাধা	তোমার বীণায় কত ভার আছে
> <b>₹</b> .	হতভাগ্য	পথের পথিক করেছ
<b>&gt;</b> 6.	সংকল	সেদিন কি তুমি এসেছিলে
59.	वरमञ्	হে বিশ্বদেব মোর কাছে ভূমি
<b>ን</b> ৮.	<b>রপ</b> ক	ধৃপ আপনারে মিলাইতে চাছে
15	काहिनी	কত কী বে আদে
٠ 4	কথা	কথা কও কথা কও
<b>২</b> >	কণিকা	হার গগন নহিলে
२२	মরণ	विद्रकान ७ की नीना (ना
२७	নৈবেন্ত	প্ৰতিদিন তব গাধাণ
₹8.	জীবন-দেবতা	আজ মনে হর সকলের নামে
₹4	শ্বরণ	***
२७	শিক্ত	অগংশারাবারের তীরেণ
29	গাৰ ু	***
१४	नाण	ৰ্বাধারে আসিয়া এবা

কাব্যগ্রহের বিভিন্ন বিভাগের অক্সত্র-অপ্রকাশিত অনেক কবিতাও উৎসর্গে সংগৃহীত হইমাছিল:

বিজ্ঞাপ	क्षिठा
বিশ্ব	স্ব ঠাই মোর
সোনার তরী	মঞ্জে সে যে পৃত
নারী	यिं टेम्हा कत्र उदव
<b>কবিকথ</b> া	বাহির হইতে দেখো না
	আছি আমি বিন্দুরপে
প্রেম	আমি যারে ভালোবাসি
প্রকৃতিগাণ।	শ্ন্য ছিল মন
	रमस्था राज्य शिवित्र सिरव
	ওরে আমার কর্মহারা
	আমার খোকা স্বানালাতে
হতভাগা	আলো নাই দিন শেষ হল, ওরে
রপক	ভোরের পাখি ডাকে
	আমার মাঝারে যে আছে
	না জানি কারে দেবিয়াছি
	আব্দিকে গহন কালিমা
	আমাদের এই পল্লীথানি
<b>चरम</b>	হে নিন্তৰ গিরিরাজ
	ক্ষান্ত করিয়াছ
	আৰু হেৱিতেছি আমি
	তুমি আছ হিমাচল .
	হে হিমান্তি, দেবতাত্মা
	ভারতসমূত্র তার
	ভারতের কোন্ বৃদ্ধ
<b>कारिनी</b>	নিবেদিশ রাজস্থতা
<b>मद</b> 4	<b>অ</b> ভ চুপি চুপি কেম
	সে তো সেদিনের কথা
•	নৰ নৰ প্ৰবাদেতে

১৩১০ সালের কাব্যগ্রন্থের ষে-সকল কবিতা অশু কোনো গ্রন্থে প্রকালিত হয় নাই এবং উৎসর্গে সংকলিত হয় নাই, এবং ১৩১০ সালে ও তংপুর্বে রচিত ষে-সকল কবিতা অশু কোনো গ্রন্থে প্রকালিত হয় নাই, (বা প্রকালিত হইলেও এসকল গ্রন্থে এখন মৃদ্রিত হয় না, বা রবীক্র-রচনাবলীতে এসকল গ্রন্থে মৃদ্রিত হইবে না ) কিন্তু সমন্বাহ্যক্রম বিবেচনার কাব্যগ্রন্থে ও উৎসর্গে সংকলিত হইতে পারিত, এইরূপ কভকগুলি কবিতা উৎসর্গের সংযোজনে মৃদ্রিত হইল।

#### काराज्य हरेटाः

বিভাগ

যাত্রা

হ পৃষ্ঠিক কোন্ধানে

সোনার তরী

কত দিবা কত বিভাবরী

হদেশ

হে ভারত আব্দি নবীন বর্থে

নববংসরে করিলাম পণ

বোগীর শিবরে রাত্রে

কাল ধবে সন্ধ্যাকালে

নানা গান গেয়ে ফিরি

লোকালয়

হে জনসমূদ আনি ভাবিতেছি

### সাময়িক পত্ৰ ইতাদি হইতে:

ওরে পদ্মা ওরে মোর রাক্ষ্সী প্রেরসী বিরহ-বংসর পরে মিলনের বীণা<sup>৮</sup> অচির বসস্ত হার<sup>৮</sup>; দিয়েছ প্রশ্রের মারে কর্ষণানিলর কী করা বলিব বলে

সত্যেন্দ্রনাথ দস্তকে লিবিত একটি পত্তে রবীন্দ্রনাথ "কুঁড়ির ভিতরে কাঁদিছে গ**ছ**" কবিতার এইরূপ ব্যাখ্যা করিরাছিলেন :

বাহিরে যাহার সার্থকতা, বাহিরে আসিবার পূর্বে সে তাঁত্র বেদনা অহন্তব করে—বন্ধত এই বেদনাই জানার বে তাহাকে বাহিরে আসিতে হইবে—ইহাই গর্ভবেদনা; এবং মৃত্যুবেদনারও নিঃসন্দেহ এই তাংপর। জামাদের সমস্ত প্রবৃত্তিরই সার্থকতা বাহিরের জগতের সহিত মিলনে—যতক্ষণ পর্বস্ত সেই মিলন সম্পূর্ণ না হয়, আমাদের প্রবৃত্তিগুলি বহিম্বা হইরা না আসে ততক্ষণ পর্বস্ত তাহারা আমাদের মধ্যে নানাপ্রকার পীড়ার স্পষ্ট করে—নিবিলের মধ্যে তাহারা

বাহির হইরা আসিলেই সকল পীড়ার অবসান হয়। অতএব যথন আমরা পীড়া অহভব করি তথন আমরা যেন না মনে করি এই পীড়াই চরম—ইহা মৃক্তির বেদনা—একদিন যাহা বাহিরে আসিবার তাহা বাহিরে আসিবে এবং পীড়া অবসান হইবে—"কুঁড়ির ভিতরে কাঁদিছে গন্ধ অন্ধ হরে" কবিতাটির ভিতরকার তাংপর্য আমার কাছে এইরপ মনে হয়। সেইজন্ম উহার নাম দিতেছি "মৃমৃক্"। নামটা কিছু কড়া গোছের বটে—যদি অন্ত কোনো সুলাব্য নাম মনে উদর হয় তবে চরনিকার প্রকাশককে জানাইরা দিয়ো।

## খেয়া

থেয়া ১৩১৩ সালে প্রকাশিত হয়।

"আমার ধর্ম" প্রবন্ধে ( সব্জ পত্র, আখিন-কার্তিক, ১৩২৪ ) প্রসঙ্গক্রমে রবীন্দ্রনাথ ধেয়ার কোনো কোনো কবিতার ব্যাধ্যা করিয়াছেন।

থেয়াতে "আগমন" বলে যে কবিতা আছে, সে কবিতায় যে মহারাজ এলেন তিনি কে? তিনি যে অশাস্থি। সবাই রাত্রে হুরার বন্ধ করে শাস্তিতে ঘূমিয়ে ছিল, কেউ মনে করেনি তিনি আসবেন। যদিও থেকে থেকে ছারে আঘাত লেগেছিল, যদিও মেদগর্জনের মতো ক্ষণে ক্ষণে তার রথচক্রের ঘর্ষরধানি স্বপ্লের মধ্যেও শোনা গিয়েছিল তবু কেউ বিশাস করতে ঢাচ্ছিল না যে, তিনি আসছেন, পাছে তাদের আরামে ব্যাঘাত ষটে। কিন্তু ছার তেঙে গেল—এলেন রাজা।

ঐ বেশ্বাতে "দান" বলে একটা কবিতা আছে। তার বিষয়টি এই বে, ফুলের মালা চেরেছিলুম, কিন্ধ কী পেলুম? "এ তো মালা নয় গো, এ বে তোমার তরবারি।"…

এমন যে দান এ পেরে কি আর শান্তিতে থাকবার জ্বো আছে ? শান্তি যে বন্ধন যদি তাকে অশান্তির ভিতর দিয়ে না পাওয়া বায়।…

"অনাবশ্রক" কবিতা সম্বন্ধে চাক্লচক্স বন্দ্যোপাধ্যায়কে একটি পত্তে (৪ অক্টোবর ১৯৩৩) রবীক্সনাধ্ লেখেন:

ধেয়ার "অনাবশ্রক" কবিতার মধ্যে কোনো প্রচন্তর অর্থ আছে বলে মনে করি নে। আমাদের স্থার জন্তে বা অত্যাবশ্রক, তার কতই অপ্রয়োজনে কেলাছড়া বার জীবনের ভোজে, বে ভোজ উদাসীনের উদ্দেশে। আমাদের অনেক দান উৎসর্গ করি তার কাছে বার তাতে দৃষ্টি নেই—সেই আবশ্রক নিবেদনে আনন্দও পেরে থাকি; অধ্যাহ বিশ্বত হয় যে, বে একান্ত আগ্রহ নিয়ে হাত পেতে মৃথ

চেয়ে দাঁড়িয়ে আছে। চারদিকে প্রতিদিন দেখতে পাচ্ছি সংসারে বেখানে অভাব সত্য সেখান থেকে নৈবেছ প্রচুরপরিমাণেই বিক্ষিপ্ত হয় সেইদিকে বেখানে তার জন্তে প্রত্যাশা নেই কৃধা নেই।

#### রাজ

রাজা ১৩১৬ সালের পৌষ মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

এই "রাজা" প্রথমে ধাতায় যেমনটি লিধিরাছিলাম তাহার কতকটা কাটিয়া , ছাঁটিয়া বদল করিয়া [প্রথম সংশ্বরণ ] ছাপানো হইয়াছিল। হরতো তাহাতে কিছু ক্ষতি হইয়া থাকিবে এই আশ্বা করিয়া সেই মূল লেখাটি অবলম্বন করিয়া বর্তমান সংশ্বরণ ছাপানো হইল।—"লেখকের নিবেদন," রাজা

এই "বর্তমান সংস্করণ"ই এখন প্রচলিত, রচনাবলীতেও এই সংশ্বরণ মৃদ্রিত হইয়ছে।
রাজা অবলম্বনে রবীন্দ্রনাথ পরে অক্যাক্ত নাটা ইত্যাদি লিপিয়ছেন। অরূপ রতন
(মাঘ ১৩২৬) "নাটারূপকটি রাজা নাটকের অভিনয়যোগ্য সংক্ষিপ্ত সংশ্বরণ—নৃতন করিয়া
পুনলিখিত।" "যে বৌদ্ধ আখ্যান অবলম্বন করে রাজা নাটক রচিত ভারই আভাসে
শাপমোচন ক্ষিকাটি রচনা করা হল" (পৌষ ১৩৬৮)। রাজা নাটকটি রবীন্দ্রনাথ
পুনলিখনে প্রবৃত্ত হইয়াছিলেন, তাহা সম্পূর্ণ বা প্রকাশিত হয় নাই, পাঞ্লিপি-আকারে
রক্ষিত আছে।

"আমার ধর্ম" প্রবন্ধে রবীন্দ্রনাথ প্রসক্ষমে রাজা নাটকের আলোচনা করিয়াছেন:

"রাজা" নাটকে সুদর্শনা আপন অরপ রাজাকে দেখতে চাইলে, রূপের মোহে
মৃত্য হয়ে তুল রাজার গলায় দিলে মালা—ভার পরে সেই কুলের মধ্যে দিয়ে
পাপের মধ্যে দিয়ে যে অগ্নিদাহ ঘটালে, যে বিষম মৃত্যু বাধিরে দিলে তা অস্তরে
বাহিরে যে ঘোর অলান্তি জাগিরে তুললে তাতেই তো তাকে সভা মিলনে পৌছিরে
দিলে। প্রলয়ের মধ্যে দিয়ে স্কান্তর পথ। তাই উপনিবদে আছে তিনি তাপের
ঘারা তপ্ত হয়ে এই সমন্ত কিছু স্কান্ত করলেন। আমাদের আত্যা বা-কিছু স্কান্ত
করেছে তাতে পদে পদে ব্যথা। কিন্তু তাকে যদি ব্যথাই বলি তবে শেষ কথা
বলা হল না, সেই বাধাতেই সৌন্ধর্য তাতেই আনন্দ।

### অরপ রতনের ভূমিকার রবীশ্রনাথ লিথিয়াছেন

স্থদর্শনা রাজাকে বাহিরে খুঁজিরাছিল। বেধানে বস্তুকে চোধে দেখা বার, হাতে ছোঁওরা বার, ভাতারে সঞ্চয় করা বার, বেধানে ধনজনগ্যাভি, সেইখানে সে বরমাল্য পাঠাইরাছিল। বৃদ্ধির অভিমানে সে নিশ্চর দ্বির করিরাছিল বে, বৃদ্ধির জ্যোবে সে বাহিরেই জীবনের সার্থকতা লাভ করিবে। তাহার সলিনী সরক্ষা তাহাকে নিবেধ করিরাছিল। বলিরাছিল, অন্তরের নিভ্ত কক্ষে বেধানে প্রেন্থ আহ্বান করেন সেধানে তাঁহাকে চিনিরা লইলে তবেই বাহিরে সর্ধর তাঁহাকে চিনিরা লইতে ভূল হইবে না ;—নহিলে বাহারা মারার বারা চোথ ভোলার তাহাদিগকে রাজা বলিরা ভূল হইবে। স্পর্লনা এ-কথা মানিল না। সে স্বর্থের রূপ দেখিরা তাহার কাছে মনে মনে আত্মসমর্পণ করিল। তথন কেমন করিরা তাহার চারিদিকে আগুন লাগিল, অন্তরের রাজাকে ছাড়িতেই কেমন করিরা তাহাকে লইরা বাহিরের নানা মিধ্যা-রাজার দলে লড়াই বাধিরা গেল,—সেই অগ্রিদাহের ভিতর দিরা কেমন করিরা আপন রাজার সহিত তাহার পরিচর ঘটল, কেমন করিরা হারে মানিরা প্রাসাদ ছাড়িরা পথে দাঁড়াইরা তবে সে তাহার সেই প্রভূর সকলাভ করিল, যে-প্রভূ কোনো বিশেষ রূপে বিশেষ স্থানে বিশেষ দ্বেরা নাই, যে-প্রভূ সকল দলে সকল কালে; আপন অন্তরের আনন্দরসে বাহাকে উপলব্ধি করা বার,—এ নাটকে তাহাই বর্ণিত হইরাছে।

#### শেষের কবিতা

শেবের কবিতা ১৩৩৬ সালের ভাত্র মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

শেষের কবিতা "নির্বারিণী" কবিতাটি শ্বতম্বভাবে পাঠ্যগ্রন্থে সংকলিত হইলে, কেহ কেহ তাহার অর্ধব্যাখ্যানের আবশ্রকতা জ্ঞাপন করিয়া রবীশ্রনাথকে পত্র লেখেন। শ্রীশ্বনীলচন্দ্র সরকারের পত্রের উত্তরে রবীশ্রনাথ লেখেন:

শেষের কবিতা গ্রন্থে "নির্মারিণী" কবিতার বিশেষ উপলক্ষা বিশেষ অর্থ ছিল।
তার থেকে বিশ্লিষ্ট করে নেওয়াতে তার একটা সাধারণ অর্থ খুঁজে বের করা
দরকার হয়। আমার মনে হয় সেটা এই যে, আমাদের বাইরে বিশ্পপ্রকৃতির
একটি চিরস্কনী ধারা আছে, সে আপন স্থ-চন্দ্র আলো-আধার নিয়ে সর্বজনের
সর্বকালের। জ্যোতিকলোকের ছায়া দোলে তার বরনার ছন্দে। জীবনে কোনো
বিপুল প্রেমের আনন্দে এমন একটা পরম মুহূর্ত আসতে পারে, বধন আমার
চৈতন্তের নিবিভ্তা আপনাকে অসীমের মধ্যে উপলব্ধি করে, তখন বিশের
নিজ্য-উৎস্বের সঙ্গে মানবিচন্তের উৎসব মিলিত হরে বান, তখন বিশের বাণী
ভারত বাণী হরে ওঠে। ইতি ৫ বৈশাধ ১৩৪৩

এইরপ অক্সান্ত পত্রের উত্তরে "নির্বরিণী" স্থকে নিয়ম্জিত মস্কব্য রবীজনাথ আনন্দবাঞ্চার পত্রিকায় <sup>১</sup>° প্রকাশ করেন :

শেষের কবিতায় নায়িকাকে সন্ধোধন করে উপস্থাসের নায়ক বলছে, তুমি ঝরনার মতো, তোমার চিত্তের প্রবাহ বচ্ছ, বিশের আনন্দ-আলোক তার মধ্যে আবাধে প্রতিকলিত হয়। তোমার সেই নির্মণ হৃদয়ে আমার ছায়া পত্তুক, আমার চিস্তা তোমার হৃদয়ে দোলায়িত হতে থাক্,—তোমার মনে প্রতিবিধিত আমার ছবিটিকে বাণী দাও তোমার প্রেমের যে-বাণী নিতাকালের। অর্থাৎ তোমার ভালোবাসার চিরস্তনতায় তাকে সার্থক করো, সত্য করো।

তোমার অন্তরে পড়েছে আমার ছারা, তার সঙ্গে মিলেছে তোমার আনন্দের দীপ্তি, তারই উপলব্ধিতে আমার অন্তরতম কবি উল্লাসিত। পদে পদে তোমার আনন্দের ছটার আমার প্রাণে করে ভাষার সঞ্চার। আমার মন জাগে তোমার ভালোবাসার প্রবাহবেগে, তার প্রেরণায় আমার হবার্থ স্বরূপকে জানি। তোমাতেই পাই আমার প্রকাশরূপিণী বাণীকে।

এক কথায় এই কবিতার মর্মার্থ এই বে, অক্টের আনন্দের মধ্যে নিজেকে যবন প্রতিফলিত দেখি তথন নিজের আত্মোপলন্ধি ও আত্মপ্রকাশ উজ্জ্বল হয়ে ওঠে।

# वाका প্रका। मम्ह। পविभिक्षे

রাজা প্রজা ও সমূহ গভগ্রন্থাবলীর দশম ও একাদশ ভাগস্কপে ১৩১৫ সালে প্রকাশিত হয়।

আত্মশক্তি (রবীপ্র-রচনাবলী, তৃতীয় থণ্ড), ভারতবর্ষ (রবীপ্র-রচনাবলী, চতুর্থ বণ্ড) রাজা প্রজা, সমূহ ও অদেশ (গছারছাবলী, ঘাদশ ভাগ; রবীক্র-রচনাবলী, একাদশ থণ্ড)—এই কয়ণানি গ্রন্থে ১৩১৫ ও তংপূর্ববর্তীকালে লিবিত রবীক্রনাথের রাষ্ট্রনৈতিক প্রবন্ধ প্রায় সমন্তই সমিবিট্ট হয়। বে-সকল রচনা সম্ভবত একান্ত সামিরিক বলিরাই রবীক্রনাথ গ্রন্থাকারে প্রকাশ করেন নাই, বা অন্ত কোনো কারণে বাদ পড়িরাছে, ১৩১৫ বা তাহার পূর্ববর্তীকালে লিখিত এইরূপ রাষ্ট্রনৈতিক রচনার অধিকাংশই বর্তমান খণ্ডের পরিশিন্তে মুদ্রিত হইল। কতকগুলি রচনা রবীক্রনাথের বলিরা অন্তমিত হইলেও সে-সম্ভব্ধ এখনও নিংসংশর হওরা বার নাই; পরে এগুলি রবীক্রনাথের বলিরা নিশ্চিতরূপে জানা গেলে এবং রবীক্রনাথের বলিরা পরিজ্ঞাত আরো রচনা সংগৃহীত হইলে, সেগুলি রবীক্র-রচনাবলীর একটি বিশেষ থণ্ডে, গ্রন্থাকারে অপ্রকাশিত অক্তান্ত রচনার সহিত মুদ্রিত হইবে।

রাজা প্রজা, সমূহ ও বর্তমান বত্তের পরিশিষ্টে মৃত্রিত প্রবদ্ধাবলীর সামরিক পত্রে প্রথম মৃত্রণের তালিকা নিচে প্রকাশিত হইল। প্রসঙ্গত ইহা উল্লেখবোগ্য যে, বিভিন্ন সমরে রবীক্রনাধ এই সকল সামরিক পত্রের অনেকগুলির সম্পাদনাভার গ্রহণ করিয়াছিলেন ( সাধনা, চতুর্থ বর্ব, ১৩০১-০২; ভারতী, ১৩০৫; বঙ্গদর্শন, ১৩০৮-১২; ভাতার, ১৩১২-১৩—রবীক্রনাধ-কর্তৃক পরিচালিত বা সম্পাদিত সামরিক পত্রের ইহাও সম্পূর্ণ তালিকা নহে। সাধনার প্রথম তিন বংসরের সম্পাদক স্থাক্রনাথ ঠাকুর মহাশয় থাকিলেও রবীক্রনাথই প্রধান লেগক ছিলেন ), এবং এই রচনার অনেকগুলি সম্পাদকীর মন্তব্যরূপে প্রকাশিত হইরাছিল।

#### राम अम

ইংরেক্স ও ভারতবাসী > ইংরেক্স ও ভারতবাসী > ইংরেক্স ও ভারতবাসী > ইংরেক্স প্রতিকার
কর্মবাদর প্রতিকার
কর্মবাদ
অভ্যক্তি > ইংশীরিয়লিক্সম
রাজভক্তি > ইংরাক্সতা
পর্ম ও পাথের - ইংরাক্সতা
পর্ম ও পাথের - ইংরাক্সতা

সাধনা, আবিন-কার্ডিক, ১৩০০
সাধনা, চৈত্র, ১৩০০
সাধনা, ভাস্ত, ১৩০১
সাধনা, অগ্রহায়ণ, ১৩০১
ভারতী, বৈশাখ, ১৩০৫
বঙ্গদর্শন, কার্ডিক, ১৩০৯
ভারতী, বৈশাখ, ১৩১২
ভাগুর, মাদ, ১৩১২
ভাগুর, আবাঢ়, ১৩১২
বঙ্গদর্শন, জ্যৈষ্ঠ, ১৩১৫
প্রবাসী, আবাঢ়, ১৩১৫

#### সমূহ

পরিশিষ্ট

সার লেপেল গ্রিকিন ইংরেজের আতম বন্ধদর্শন, ভাজ, ১৩১১ বন্ধদর্শন, আখিন, ১৩১১ বন্ধদর্শন, জৈষ্ঠি, ১৩১৩ বন্ধদর্শন, চৈত্র, ১৩১১ প্রবাসী, কান্ধন, ১৩১৪ প্রবাসী, প্রাবণ, ১৩১৫

সাধনা, প্রাবণ, ১২০০ সাধনা, পৌষ, ১৩০০

माधना, खोवव, ১৩०১ রাজা ও প্রজা ভারতী, জৈষ্ট, প্রাবণ, আশ্বিন, কার্ডিক, প্রহারণ, ১৩০৫ श्रीमण कथा >--- ६ ভারতী, ভাস্ত, ১৩০৫ मुख्या वनाम वैष्ट्रिका ভারতী, আশ্বিন, ১৩০৫ অপর পক্ষের কথা ভারতী, কার্তিক, ১৩০৫ আলট্টা কনসার্ভেটিভ ব্রুদর্শন, আশ্বিন, ১৩০৮ বিরোধমূলক আদর্শ বঙ্গদৰ্শন, কাৰ্ডিক, ১৩০ ন রাষ্ট্রনীতি ও ধর্মনীতি वक्रपर्नेन, विमास, ১৩১० রাজকুট্র বন্ধদর্শন, ভাজ, ১৩১০ ঘুষাঘুষি वक्रपर्वन, टेकार्ट, २०১১ বঙ্গবিভাগ वक्रमर्भन, खोवन, ১৩১১ দেশের কথা প্রবাসী, প্রাবণ, ১৩১৪ ব্যাধি ও প্রতিকার > ৫ প্রবাসী, মাঘ, ১৩১৪ ষ্ট্ৰভেক্স ১ 🗣 মেশহিত वक्रमर्गन, जामिन, ১৩১৫

স্বদেশী আন্দোলনের এক পর্বে যখন দেশে মতানৈক্য প্রবল হইয়া উঠিয়াছিল তখন "দেশনায়ক" প্রবন্ধে (পশুপতিনাধ বস্তুর সৌধপ্রান্ধণে আহত মহাসভায় পঠিত, ১৫ বৈশাখ ১৩১৩) রবীন্দ্রনাধ "দেশের সমস্ত উচ্চমকে বিক্ষেপের ব্যর্থতা হইতে একের দিকে ফ্রিরাইয়া আনিবার একমাত্র উপার"রূপে "কোনো এক জনকে আমাদের অধিনায়ক বলিয়া স্বীকার" করিবার প্রস্তাব করেন, ১৭ এবং স্থ্রেক্রনাধ বন্দোপাধ্যায়কে "সকলে মিলিয়া প্রকাশ্রভাবে দেশনায়করূপে বরণ করিয়া লইবার জন্তু" সমস্ত বন্ধবাসীকে আহ্বান করেন:

<sup>১৮</sup> অক্সকাল পূর্বে বাংলাদেশে স্বদেশী আন্দোলনের বধন প্রথম জোরার আসিয়ছিল, তধন ছাত্রদের মূখে এবং চারিদিকে "নেতা" "নেতা" "নেতা" বব উঠিয়ছিল। তধন এই নেতৃহীন দেশে অকস্মাং নেতা এতই অমুত স্থলত হইয়াছিল যে, আমাদের মত সাহিত্যরসবিহরল অকর্মণা লোকেরও নেতা হইবার সাংঘাতিক ফাড়া নিতান্তই অল্পের উপর দিয়া কাটিয়ছে। শান্তিপ্রিম্ন ভর্তলোকদের তধন এমনি বিপদের দিন গেছে যে, "আমি নেতা নই" বলিয়া পলায় চাদর দিলেও সেই তাহার গলার চাদরটা ধরিয়াই তাহাকে নেতার কাঠগড়ায় টানিয়া আনিবার নির্দির চেটা করা হইয়ছে।

र्ह्यार ममख मिल्न बरेक्स छेरक हैं 'निजा'-वाइ ग्रन्त इहेवात कावन बहे रन,

কাজের হাওয়া দিবামাত্রই স্বভাবের নিরমে সর্ব-প্রথমে নেতাকে ভাক পড়িবেই। সেই ভাকে প্রথম ধাজার বাজারে ছোটো-বড়ো ঝুঁটা-খাঁটি বছবিধ নেতার আমদানি হর এবং লোকে প্রাণের গরজে বিচার করিবার সমর পার না,—নেতা লইরা টানাটানি-কাড়াকাড়ি করিতে থাকে। ইহাতে করিয়া অনেক মিধ্যার, অনেক ক্রত্রিমতার স্বাষ্ট হর, কিন্তু ইহার মধ্যে আসল সত্যটুকু এই যে, আমাদের নিতান্তই নেতা চাই—নহিলে আমাদের আশা-উভ্যম-আকাক্রা সমন্ত ব্যর্থ হইরা ষাইতেছে।

ষাহা হউক, একদিন যথন নেতাকে ডাকি নাই, কেবল বক্তৃতাসভার সভাপতিকে খুঁজিরাছিলাম, সেদিন গেছে; তার পরে একদিন যথন "নেতা নেতা" করিয়া উন্নত্ত হইয়া উঠিরাছিলাম, সেদিনও আজ নাই; অতএব আজ অপেক্ষাক্রত দ্বিরচিত্তে আমাদের একজন দেশনায়ক বরণ করিয়া লইবার প্রস্তাব পুনর্বার সর্বসমক্ষে উত্থাপন করিবার সময় হইয়াছে বলিয়া অমূভব করিতেছি। এ-সহছে আজ কেবল বে আমাদের বোধশক্তি পরিকার হইয়াছে, তাহা নহে, আমাদের ক্ষেত্র প্রস্তুত হইয়াছে এবং দেশের হৃদয় নানা আন্দোলনের ও নানা পরিশ্রমণের পরেও অবশেষে ঘাঁহাকে নেতা বলিয়া স্বীকার করিতে চাহে, তাঁহার পরিচর অহ্ব যেন পরিক্ষিতর হইয়া উঠিয়াছে।

আমি জানি, এই সভাস্থলে দেশনায়ক বলিয়া আমি যাহার নাম লইতে উণ্ডত হইরাছি, তাঁহার নাম আজ কেবল বাংলাদেশে নহে, ভারতবর্ধের সর্বত্র ধ্বনিত হইরা উঠিয়াছে। আমি জানি, আজ বললন্দ্রী বদি স্বরংবরা হইতেন, তবে তাঁহারই কঠে বরমালা পড়িত। ব্রাহ্মণের ধৈর্ধ ও ক্ষত্রিয়ের তেজ বাঁহাতে একত্রে মিলিত, বিনি সরস্বতীর নিকট হইতে বাণী পাইয়াছেন এবং যাঁহার অক্লান্ত কর্মপটুতা স্বরং বিশ্বলন্দ্রীর দান—আজ বাংলাদেশের তুর্বোগের দিনে যাঁহারা নেতা বলিয়া খ্যাত, সকলের উপরে যাঁহার মন্তক অভভেদী গিরিশিখরের মাতা বজ্ঞগর্ভ মেঘপুঞ্জের মধ্যে জাগিয়া উঠিয়াছে, সেই স্বরেজ্ঞনাধকে সকলে মিলিয়া প্রকাশ্রভাবে দেশনায়করপে বর্ষণ করিয়া লইবার জক্ত আমি সমন্ত বঙ্গবাসীকে আহ্বান করিতেছি।

সুরেন্দ্রনাথ তাঁহার নবযোঁবনের জ্যোতিঃপ্রাদীপ্ত প্রভাতে দেশহিতের জাহাজে হাল ধরিয়া বেদিন যাত্রা আরম্ভ করিয়াছিলেন, সেদিন ইংরেজিশিক্ষাগ্রন্ত যুবকগণ একটিমাত্র বন্দরকেই আপনাদের গম্যন্থান বলিয়া দ্বির করিয়াছিলেন—সেই বন্দরের নাম রাজপ্রসাদ। সেধানে আছে স্বই—লোকে যাহা কিছু কামনা করিতে পারে, অরবন্ত্র-পদমান সমন্তই রাজস্তাওারে বোঝাই করা রহিয়াছে।

আমরা কর্দ ধরিরা ধরিরা উচ্চকরে চাহিতে আরম্ভ করিলাম—ভাঙা হইতে উত্তর আসিল, "এস না, তোমরা নামিরা আসিরা লইরা বাও।" কিছু আমাদের নামিবার ঘাট নাই; আর-আর সমন্ত বড়ো-বড়ো জাহান্তে পথ আটক করিরা নোঙর ফেলিরা বসিয়া আছে, তাহারা এক-ইঞ্চি নড়িতে চার না। এদিকে কর্দ আওড়াইতে আওড়াইতে আমাদের গলা ভাঙিয়া গেল—দিন অবসান হইরা আসিল। কখনো বা রাগ করিয়া বাহা মুখে আসে তাহাই বলি, কখনো বা চোবের জলে কণ্ঠ রুদ্ধ হইরা আসে। কেহ নিষেধও করে না, কেহ পথও ছাড়ে না: বাধাও নাই, স্পবিধাও নাই। আর-আর সকলে দিবা কেনাবেচা করিয়া যাইতেছে, নিলান উড়িতেছে, আলো জালিতেছে, বাাও বাজিতেছে। আমরা সন্ধানাবার অবিচলিত নক্ষত্ররাজি ও রাজবাতারনের অনিমের দীপমালার প্রতি লক্ষা করিয়া সকলের পশ্চাং হইতে আমাদের "দরিদ্রাণাং মনোরখাং" অক্ষুর্র অধ্যবসারের সহিত অবিশ্রাম নিবেদন করিয়া চলিলাম।

এই ভাবে কতদিন, কত বংসর কাটিত, তাহা বলিতে পারি না। এমন সময় এই নিংসহ নিশ্চলতার মধ্যে বিধাতার রূপার পশ্চিম-আকাল হইতে হঠাং একটা বড়োরকম ঝড় উঠিল। আমাদের দেশহিতের জাহাজটাকে পুবের মুপে হুহু করিয়া ছুটাইয়া চলিল অবলেবে বেগানে আসিয়া তীর পাইয়া বাঁচিয়া গেলাম, চাহিয়া দেখিলাম, সে যে আমাদের ঘরের ঘাট। সেগানে নিশান উড়ে না, ব্যাণ্ড বাজে না, কিন্তু পুরলন্দ্রীরা যে হুলুধনি দিতেছেন, দেবালরে যে মকলশন্ধ বাজিয়া উঠিল। এতদিন অভুক্ত থাকিয়া পরের পাকশালা হইতে কেবল বড়ো-বড়ো ভোলের গছটা পাইতেছিলাম, আজ যে দেখিতে দেখিতে সন্মূবে পাত পাড়িয়া দিল। আমরা জানিতাম না, এ যজে আমাদের মাতা আমাদের জক্ত এতদিন সজলচক্ষে অপেকা করিয়া ছিলেন। তিনিই আজ দীর্ঘ বিচ্ছেদের পর স্বরেজনাথের দিরকুদ্বন করিয়া তাহাকে আপন কোলের দিকে টানিয়াছেন। আমরা আজ স্বরেজনাথকে জিজাসা করি, তিনি সেই পশ্চিম-বন্দরের শাদা-পাশ্বরে বাঁধানো সোনার বীপে এমন স্বন্ধিয় সার্থকতা একদিনের জন্তও লাভ করিয়াছেন? অমন আশাপরিপূর্ণ অয়তবাণী স্বপ্নেও গুনিয়াছেন ?

বিধাতার রূপাঝড়ে সুরেজনাথের সেই জাহাজকে যে বাটে আনিরা ফেলিরাছে, ইহার নাম আত্মশক্তি। এইবানে যদি আমরা কেনাবেচা করিতে পারিলাম, তো পারিলাম—নত্বা অতলম্পর্শ লবণাবৃগর্ভে ভূবিয়া মরাই আমাদের পক্ষে শ্রেয় ইইবে। কাপ্তেন, এবানকার প্রত্যেক বাটে বাটে আমাদের বিভর লেনাদেনা করিবার আছে—শিক্ষাদীক্ষা, সুখবাদ্বা, অরবন্তা, সমস্ত আমাদিগকে বোঝাই করিরা লইতে হইবে—এবারে আর সেই রাজ-অট্টালিকার শৃত্তগর্ভ শুষ্টভার দিকে একদৃষ্টিতে দ্রবীণ করিরা নোঙর ফেলিরা বসিয়া থাকিলে চলিবে না। আমরা আজ বে-বাহার ছোটোগাটো মৃলধন হাতে করিয়া ছুটিরা আসিয়াছি—এবারে আর বাধাবন্দরে পুনঃপুন বন্দনাঙ্গীত প্রাওরা নয়,—এবার পাহাড় বাঁচাইরা, ঝড় কাটাইয়া আমাদিগকে পার করিতে হইবে কাপ্তেন।—তোমার উপরে অনেকের ভরসা আছে—হাল ধরিয়া তোমার হাত শক্ত, ঢেউ বাইয়া তোমার হাড় পাকিয়াছে। এতদিন বে-নামের দোহাই পাড়িতে পাড়িতে দিন কাটিয়া গেল, সে-নাম ছাড়িয়া আজ যথার্থ কাজের পথে পাড়ি দিবার বেলায় দিবরের নাম করো, আমরাও এককণ্ঠে তাঁহার জয়োচ্চারণ করিয়া সকলে তোমার চতর্দিকে সম্মিলিত হই।…

- শী আপনাদের যদি অভিমত হয়, তবে আর কালবিলম্বমাত্র না করিয়া বন্ধ-দেশের এই মঙ্গলমহাসনে স্থরেন্দ্রনাথের অভিবেক করি। জানি, এরূপ কোনো প্রস্তাব কধনোই সর্ববাদিসন্মত হইতেই পারে না, কিন্ধু তাহার জন্ম অপেক্ষা করিয়া থাকিলে চিরদিন কেবল অপেক্ষা করিয়াই থাকা হইবে, তাহার বেশি আর কিছুই হইবে না। ধাঁহারা প্রস্তুত আছেন, ধাঁহারা সন্মত আছেন, তাঁহারা এই কাল আরম্ভ করিয়া দিন। তাঁহারা স্থরেন্দ্রনাথকে সমস্ত ক্ষুত্রন্ধন হইতে মৃক্ত কন্ধন, গাঁহাকে দেশনায়কের উপযুক্ত গোঁরবরক্ষার সামর্থ্য দিন, সকলের যোগাতা মিলিত করিয়া তাঁহাকে এই পদের যোগা করিয়া তুলুন।…
- \* বাঁহারা দাধক, বাহারা দেশের শুরু, তাঁহারা ব্যাতিপ্রতিপত্তির অপেক্ষা না রাখিরা, বিরোধ-অবমাননার আশহা স্থীকার করিরাও দেশের মতি কিরাইতে চেটা করিবেন—আর বাঁহারা দেশের নায়ক, তাঁহারা দেশকে গতিদান করিবেন। বে-সকল জাতি দ্বির হইরা বসিয়া নাই, বাহারা চলিতেছে, তাহারা এইভাবেই চলিতেছে। এক দল উপর হইতে তাহাদের শুভবৃষিকে নিয়মিত করিতেছে, আর-এক দল বক্ষের মধ্যে থাকিয়া তাহাদের প্রাণশক্তি-গতিশক্তিকে প্রবর্তিত করিতেছে। এই উভর দলের পরস্পরে জীনেক সমরেই একমত হয় না, কিছ ভাই বলিয়া বাহারা চালাইতেছে, তাহাদের বসিয়া থাকিলে চলে না। কারণ, শিক্ষা শুধু উপদেশে নহে, চলার মধ্যেই শিক্ষা আছে।

অভএব এতদিন বে স্বেজনাধ বিনা নিরোগে নিজের ক্ষমতাবলেই দেশকে সাধারণহিতের পথে চালনা করিয়া আসিয়াছেন, আল তাঁহাকে নিয়োগপত দিয়া

নায়কপদে অভিযিক্ত করিবার প্রস্তাব আমি উখাপন করিতেছি। নিরোগপত্র দিলে তাঁহার ক্ষমতা স্থানিশ্চিত এবং তাঁহার দায়িত্ব গভীরতর হইবে এবং তিনি কেবলমাত্র শিক্ষিতসম্প্রদায়ের ইংরেজিবিছার অভান্ত বুলির প্রতি কর্ণপাত না করিয়া আমাদের এই পুরাতন দেশের চিরস্কন প্রকৃতির প্রতি মনোযোগ করিবেন —বে-সকল পদার্থ পরদেশের সঞ্জীব কলেবরের অক্ষপ্রতাক, যথান্থান হইতে এটু হইলে এ-দেশে যাহা অসংগত আবর্জনারূপে গণা হইবে. অমুকরণের মোহে তাহাকে তিনি আদর করিবেন না,—বিরোধমূলক বে সংগ্রামশীলতা মুরোপীয় সভাতার স্বভাবগত, যাহা কথনোই এ-দেশের মৃত্তিকায় মুলবিন্তার করিয়া ফলবান হইবে না. তাহাকে পরিত্যাগ করিয়া যে মঙ্গলময় মিলনপরতা, যে অবিচলিত ধর্মনিষ্ঠা ভারতবর্ধের চিরকালীন সাধনা, তাহাকেই বর্তমানকালের অবস্থান্তরের সহিত তিনি সংগত করিয়া লইবার চেষ্টা করিবেন। কিন্তু তিনি কী করিবেন না-করিবেন, এ-স্থলে তাহা অমুমান ও আলোচনা করা বৃণা—কেবল ইহাই সতা त्यं. कौहाद कदाद मस्म आमारमदे कर्म श्रकाम शहित, एम कौहादे मधा मिन्ना নিজেকে ব্যক্ত করিবে, তাঁহারই এক হন্ত বারা নিজের প্রাপা গ্রহণ করিবে ও ठाँशावरे जल रख बाता निष्मत मान विख्त विदित--धर्मविक्य ना हरेला. স্তাকে লব্যন না করিলে ইহার বিরুদ্ধে আমরা বিলোহ করিব না এবং এই নিয়ম ও নিয়ম্ভাকে শ্বেচ্ছাকত সভরাং অলভ্যা বাধ্যভাস্থকারে মাল্ল করাই আমাদের প্রত্যেকের পক্ষে আত্মসন্মান বলিয়া গণা হইবে। এইরূপে সমস্ত বলক্ষয়কর বিধা ও সমন্ত আত্মাভিমানের কুলকন্টক সবলে উংপাটিত করিয়া যদি একের মধ্যে আমরা আমাদিগকে নিবিডভাবে একত্ত করিতে পারি, ভবে আর আমাদিগকে নিজের শক্তির অহংকার করিবার জন্ম সর্বদা আন্দালন করিতে হইবে না, পরের বিমুগভাকে ফিরাইবার জন্ত প্রাণপণে অভ্যক্তির স্পষ্ট করিতে इटेरव मा-जरवरे आमता नावजारव, विविध **७ शेवजारव महर इटेर**ज नाविच धवः নিজের দেশের মধ্যে নিজের ব্রার্থ স্থানটি অধিকার করিয়া কর্মপৌরবের মধ্যে সার্থকতা প্রাপ্ত হইয়া পোলিটক্যাল ধমুইংকারের অত্যাগ্র আক্ষেপ হইতে রক্ষা পাইব—আমরা স্বন্ধ হইব, বাভাবিক হইব, সংবত-আত্মসংবৃত হইব এবং নিজের চাপল্যবিহীন মর্বাদার মধ্যে প্রপ্রতিষ্ঠ হইরা পরের উপেক্ষাকে অকাডরে উপেক্ষা করিতে পারিব।

"দেশনায়ক" প্রবন্ধ বরিশালে প্রাদেশিক সমিতির অধিবেশনের "বক্সভন্ধ" হইবার পর লিখিত। এই সম্বন্ধে রবীক্রনাথ প্রবন্ধের উপক্রমণিকায় বলেন: এবারে বরিশাল প্রাদেশিক সমিতিতে বাঙালি খুব একটা আঘাত পাইরাছে, সে-কথা সকলেই জানেন। ভাতে মারার চেরে হাতে মারাটা উপস্থিতমতো গুরুতর বলিয়াই মনে হর। আইন কলের রোলারের মতো নির্মাভাবে আমাদের আনক আশা দলন করিতে পারে, কিন্তু পুলিসের সাক্ষাৎ হস্তক্ষেপ বলিতে কী ব্যার, সশরীরে তাহার অভিক্রতালাভ সম্লান্ত ভদ্রলোকদের সদাস্বদা ঘটে না। এবারে অকস্থাৎ তাহার প্রত্যক্ষ পরিচয় পাইয়া দেশের মান্তগণ্য লোকের চিত্ত উদ্যান্ত হইয়া উঠিয়াছে।

একটা প্রতিকারের পথ, একটা কাঞ্চ করিবার ক্ষেদ্র না পাইলে, বেদনা নিজের প্রতি উত্তেজনার সমস্ত বেগ আকর্ষণ করিরা অসংযত হইয়া অপরিমিত-রূপে বড়ো হইয়া উঠে। আমরা জানিতাম, রিটিশরাজ্যে আইন-জিনিসটা গ্রুব— এইজন্ম সকল উপদ্রবের উপর আইনের দোহাই পাড়িতাম—কিন্ত আইন শ্বয়ং বিচলিত হইয়া উপদ্রবের আকার ধারণ করিলে ক্ষণকালের জন্মও মনকে শাস্ত করিবার কোনো উপার খুঁজিয়া পাওয়া যায় না। জলের মধ্যে তুকান উঠিলে লোকে ডাঙার দিকে ছোটে—কিন্ত ভূমিকম্পে ডাঙা যখন শ্বয়ং ছলিতে আরম্ভ করে, যাহাকে জচল বলিয়া সম্পূর্ণ নিশ্চিন্ত ছিলাম, সে যখন চঞ্চল হইতে থাকে, তথনই বিভীষিকা একেবারে বীভংস হইয়া উঠে।

এইরপ সাধারণ চঞ্চলতার সময় সংপরামর্শের সময় নছে। আমিও এই দেশবাাপী ক্ষোভের সময় স্থিরভাবে মন্ত্রণা দিতে অগ্রসর হইতাম না। কাল— বিনি নীরব, যিনি বিধাতার স্থান্চ দক্ষিণহন্ত, যিনি সকল ফলকে থৈর্বের সহিত পাকাইতে থাকেন, আমিও নিষ্ঠার সহিত তাঁহারই নিগৃঢ় নিরমের প্রতি নির্ভর করিয়া প্রতীক্ষা করিও স্থির করিয়াছিলাম, কিন্তু একটি মহান্ আখাস এই অসময়েও আমাকে উৎসাহিত করিয়াছে।

এবারে কর্তৃপুরুষদের সহিত সংঘাতে বাঙালি জন্নী হইন্নাছে। এই সংকট-কালে বাঙালি যে-বলের পরিচয় দিয়াছে, সেই বলের দৃষ্টাস্কই তাহার সন্মুখে স্থিরভাবে ধরিব বলিয়া এই সভাস্থলে আমি অন্থ উপস্থিত হইন্নাছি।

সেদিনকার উপস্তবে যাহারা উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই আমাদের ছাত্রদলের, যুবকগণের ও নায়কবর্গের অবিচলিত হৈব দেখিয়া বিশ্বরাধিত হইরাছেন। বে উংপাত কোনোমতে আলা করা বার না, তাহা সহসা মাধার উপরে ভাঙিয়া পড়িলে তখনই মাহবের গভীরতর প্রকৃতি আপনাকে অনার্তভাবে প্রকাশ করিয়া ফেলে। সেদিন বাঙালি নিজেকে যেরূপে ব্যক্ত করিয়াছে, ভাছাতে আমাদের শঙ্কার কোনো কারণ ঘটে নাই।

আপনারা সকলেই জানেন, সেদিন সভাপতিকে লইয়া যখন প্রতিনিধি ও সভাসদ্গণ মন্ত্রণাসভার পথে যাত্রা করিয়াছিলেন, তখন নামকবর্গের আদেশ অফুসারে যাত্রিগণ কেহ একটি যক্তিও গ্রহণ করেন নাই। এবং পুলিস যখন নিরন্ত্র-তাঁহাদের উপর পড়িয়া আঘাতবর্ষণ করিতে আরম্ভ করিল, তখনও নামকদের উপদেশ শ্বরণ করিয়া তাঁহারা দৃঢ়তার সহিত সমস্ত করিয়াছেন। '

আমি জানি, এ-সংক্ষে অবিচারের আশহা আছে।

"ভেলবিক্তবলিপ্ততা মুধরতা বক্তবাশক্তিঃ বিরে"

তেজ্ববিতাকে অহংকার, বাগ্মিতাকে মুখরতা এবং স্থৈকে অলক্তি বলিয়া নিন্দুকে নিন্দা করে। সময়বিশেষে স্থৈ অলক্তির লক্ষণরূপে প্রকাশ পার বটে, কিন্তু যবন তাহা বীব হইতে প্রস্তুত হয়, তখন তাহা বাঁবের শ্রেষ্ঠলক্ষণ বলিয়াই গণ্য হয়। বরিলালে কর্তৃপক্ষ অসংখ্যের দ্বারা হাক্তকর কাপুক্ষতা এবং আমরা স্থৈবের দ্বারা শক্তির গান্ধীর্য প্রকাশ করিয়াছি, এ-বিষয়ে সন্দেহ নাই।

এই যে সাময়িক উৎপাতের দারা আত্মবিশ্বত না হইয়া সাধারণের মঙ্গলের উদ্দেশে আমরা উদ্বেশ প্রবৃত্তিকে সম্পূর্ণ শাসনে রাখিয়াছিলাম, ইহার দারাই আশাহিত হইয়া উত্তেজনাশান্তির প্রেই অগ্যকার সভায় আমি তুই-একটি কথা বলিতে প্রবৃত্ত হইলাম।

দেশের হিতসাধন একটা বৃহৎ মন্ধলের বাাপার, নিজের প্রবৃত্তির উপস্থিত চরিতার্থতাসাধন তাহার কাছে নিতান্তই তৃচ্চ। বদি এই বৃহৎ লক্ষাটাকে আমাদের হৃদরের সম্মুখে ধর্থার্থভাবে ধরিয়া রাগিতে পারি, তবে ক্ষণিক উত্তেজনা, কৃত্র অন্তর্গাহ আমাদিগকে পথন্তই করিতে পারে না।

"वयक्रि"-जात्मामन मद्दद्ध दवीक्रनाम এই প্রবদ্ধে বলেন:

<sup>2</sup> প্রাপনাদের কাছে আমি স্পষ্টই বীকার করিতেছি, বাঙালীর মুখে"বরকট" শব্দের আন্দালনে আমি বারংবার মাধা হোঁট করিয়াছি। আমাদের পক্ষে এমন সংকোচজনক কথা আর নাই। বরকট তুর্বলের প্রান্তান নহে, ইছা তুর্বলের কলছ। আমরা নিজের মঙ্গলসাধনের উপলক্ষ্যে নিজের ভালো করিলোম না, আজ পরের মন্দ্র করিবার উৎসাহেই নিজের ভালো করিতে বসিয়াছি, এ-কথা মুখে উচ্চারণ করিবার নহে। আমি অনেক বকাকে উচ্চার্যরে বলিতে ভানিয়াছি —"আমরা র্নিভর্সিটিকে বরকট করিব।" কেন করিব ? যুনিভর্সিটি বলি ভালো জিনিস

হয়, তবে তাহার সঙ্গে গারে পড়িরা আড়ি করিয়া দেশের অহিত করিবার অধিকার আমাদের কাহারও নাই। যদি মুনিভর্সিটি অসম্পূর্ণ হয়, যদি তাহা আমাদিগকে অভীইকল দান না করে, তবে তাহাকে বর্জন করাকে বয়কট করা বলে না। যে মনিব বেতন দের না, তাহার কর্ম ছাড়িয়া দেওয়াকে বয়কট করা বলে না। কচ দৈতাগুরুর আশ্রমে আসিয়া দৈতাদের উৎপীড়ন ও গুরুর অনিক্ষাসন্তেও ধৈর্ম ও কৌশল অবলম্বনপূর্বক বিভালাভ করিয়া দেবগণকে জয়ী করিয়াছেন। জাপানও মুরোপের আশ্রম হইতে এইর্ম্বল কচের মতোই বিভালাভ করিয়া আল জয়য়ুরু হইরাছেন। দেশের ষাহাতে ইই, তাহা য়েমন করিয়াই হউক সংগ্রহ করিতে হইবে, সেজ্জু সমন্ত সছ করা পৌরুরেরই লক্ষ্ণ—তাহার পর সংগ্রহকার্ম শেষ হইলে স্বাতয়াপ্রকাশ করিবার দিন আসিতে পারে। দেশের কাজে রাগারাগিটা কখনোই লক্ষ্য হইতে পারে না। দেশের কাজের মাহাত্মা ধদি আমরা মনের মধ্যে ধারণ করিয়া রাধিতে পারি, তবে তাহারই উদ্দেশে কৃত্র কৃত্র উত্তেজনা আমরা উপেক্ষা করিয়া কর্তবাপথে স্থির থাকিতে পারিব।

আমাদের সোভাগ্যক্রমে, দেশে খদেশী উদ্যোগ আব্দ যে এমন ব্যাপ্ত হইরা পড়িয়াছে, বয়কট তাহার প্রাণ নহে। একটা ভূচ্ছ কলহের ভাব কখনোই দেশের অন্তঃকরণকে এমন করিয়া টানিতে পারিত না। এই যে খদেশী উদ্যোগের আহ্বানমাত্রে দেশ একম্ছুর্তে সাড়া দিয়াছে, কার্ক্তনের সক্ষে আড়ি তাহার কারণ হইতেই পারে না; জগতে কার্জন এতবড়ো লোক নহে; এই আহ্বান দেশের শুভবৃদ্ধির সিংহল্বারে আঘাত করিয়াছিল বলিয়াই আব্দ ইহা এত ব্রুত এমন সমাদর পাইয়াছে। আব্দ আমরা দেশের কাপড় পরিতেছি কেবল পরের উপর রাগ করিয়া, এই যদি সত্য হয়, তবে দেশের কাপড়ের এতবড়ো অবমাননা আর হইতেই পারে না। আব্দ আমরা স্বায়ন্তভাবে দেশের শিক্ষার উন্নতিসাধনে প্রবন্ধ হইয়াছি, রাগারাগিই যদি তাহার ভিক্তিভূমি হয়, তবে এই বিদ্যালয়ে আমরা ব্যাজীয় অগোরবের শ্বরণস্তম্ভ রচনা করিতেছি।

আরও লজ্জার কারণ এই যে, বরকটের মধ্যে আমরা যে স্পর্ধা প্রকাশ করিতেছি, সেই স্পর্ধার শক্তিটা কোণার অবস্থিত ? সে কি আমাদের নিজের গারের জোরে, না ইংরেজশাসনতন্ত্রের ক্ষ্মাগুণে! যথনই সেই ক্ষমাগুণের লেশমাত্র বৈলক্ষণ্য দেখি, যথনই মানবধর্মবন্দত স্পর্ধার বিরুদ্ধে ক্ষমতাশালীর আক্রোশ আইনের বেড়ার কোনো-একটা অংশ একটুমাত্র আল্গা করিরা কেলে, অমনি আমরা বিশ্বিত ও উংকৃষ্টিত হইরা উঠি এবং তংক্ষণাং প্রমাণ করিরা করিরা দিই বে, পরের ধৈর্বের প্রতি বিশাসগ্বাপন করিরাই আমরা পরকে উদ্বেজিত করিতেছিলাম। আমাদের স্পর্ধা যদি বণার্থ আমাদেরই শক্তি হইতে উহুত হইত, তবে অপুরপক্ষের স্বাভাবিক রোষ এবং শাসনের কাঠিন্ত আমরা স্বীকার করিরা লইতাম, তবে উন্নতমৃষ্টি দেখিবামাত্র তংক্ষণাং আমরা মিন্টো-মর্লির দোহাই পাড়িতে ও আদালতের আবদার কাড়িতে ছুটিভাম না।

এ-কথা মানিতেই হয় যে, স্বভাবের নিয়মে স্পর্ধার বিরুদ্ধে ক্রোধ উৎপন্ন প্রহার থাকে এবং সক্ষমের ক্রোধ কোনো-না-কোনো উপারে হিংসার আকার ধারণ করে। যদি আমরা ইংরেজকে বলি, "তোমাকে ক্ষম্ম করিবার জক্ষই আমরা দেশের ভালো করিতেছি" এবং তার পরে ইংরেজ রক্তচক্ হইবামাত্র বলি, "বাং, আমরা দেশের ভালো করিতেছি, তোমরা রাগ করিতেছ কেন", তবে গাস্তীর্থবক্ষা করা কঠিন হয়।

ক্ষম করিতে পারার একটা সুখ আছে, সন্দেহ নাই—কিন্তু দেশের ভালো করিতে পারার সুখ যদি তাহার চেরে বড়ো হয়, তবে তাহারই থাতির রাগিতে হয়। আমরা বরুকট করিয়াই দেশী কাপড় চালাইতে প্রবৃত্ত হইয়াছি, এ-কথা বলিবামাত্র দেশী কাপড় চালানো বিশ্বসংকূল হইরা উঠে, সুতরাং ক্ষম করিবার সুখ ভোগ করিতে গিয়া ভালো করিবার সুখ গর্ব করিতে হয়। দেশী কাপড় চালানো ইংরেন্সের বিরুদ্ধে আমাদের একটা লড়াই, এ-কথা বলিলেই যাহা আমাদের চিরন্তন মন্থলের পবিত্র ব্যাপার, তাহাকে মন্ধবেশ পরাইয়া পোলিটকাশ্ আখড়ার টানিয়া আনিতে হয়; ইংরেন্স তথন এই উদ্যোগকে কেবল যে নিক্ষের দেশের তাতির লোকসান বলিয়া দেশে, তাহা নর, এই হারন্সিতের ব্যাপারকে একটা পোলিটকাল সংগ্রাম বলিয়া গণা করে। ইহাতে কল হয় এই যে, নিক্ষের তুর্বল প্রবৃত্তি চরিতার্থ করিবার উদ্দেশে আমরা বদেশের হিতকে ইচ্ছা-পূর্বক বিপদের মূথে কেলিয়া দিই। আমাদের দেশে তো অন্তরে-বাহ্নিরে, নিক্ষের চরিত্রে ও পরের প্রতিকূলতায় বিশ্ব ভ্রিকৃরি আছে, তাহার পরে আফালন করিয়া নৃতন বিশ্বকে হাক দিয়া ভাকিয়া আনিব, এতবড়ো অনাবশ্রক শক্তিক্ষরের উপযুক্ত সঞ্চর যে আমাদের কোথায় আছে, ভাহার সন্ধান তো আমি ফানি না।

বড়ো-বড়ো স্বাধীনজ্ঞাতিকেও বিবেচনা করিয়া চলিতে হয়, তার হইয়া থাকিতে হয়। স্বজাতির মঙ্গলস্থান্ধে বাহাদের দায়িছবোধ আছে, ভাহারা তেজ্বী হইলেও অনেক লাছুলমর্দন বিনয়ক্ণায় নিঃশ্যে শীকার করে—ইংলও- ক্ষাল-কর্মনিতে ইহার অনেক দৃষ্টান্ত দেখা গেছে। জাপান চীনের সঙ্গে লড়াইরে জন্নী হইরাও রালিয়ার চক্রান্তে লড়াইরের ফল যখন ভোগ করিতে পারে নাই, তখন চূপ করিয়া ছিল—আজ রালিয়ারে পরান্ত, করিয়াও বন্ধুদের মধ্যস্থার যখন রক্তপাতের প্রা মূল্য আদার করিতে পারিল না, তখন হাক্তমুখে বন্ধুগণকে ধক্তবাদ জানাইল। কেন? ইহার কারণ, অসহিষ্ণু হইয়া তেজ দেখাইতে যাওয়াই তুর্বলতা, দেশের মঙ্গলকে শিরোধার্য করিয়া শুরু হইয়া থাকাই যথার্থ বীরন্থ। যদি ইংলগু-ফ্রান্স-জাপানের পক্ষে এ-কথা সত্য হয়, যদি তাহায়া উদ্ধত্যপ্রকাশ করিয়া উন্নতির যাত্রাপথে স্বজ্লাতির বোঝা বাড়াইয়া তুলিতে সর্বদাই কৃষ্টিত হয়, তবে আমাদের এই অতিকৃত্র কর্মক্ষেত্রে কেবল কথায়ক্ষাম সলক্ষে তাল ঠুকিয়া বেড়ানোই কি আমাদের পক্ষে সকলের চেয়ে বড়ো কাজ বলিয়া গণ্য করিতে হইবে? যপাসাধ্য মৌন থাকিয়া, শুরু থাকিয়া আমাদের চলিবার পথের বিপুলকায় বিয়্নদৈত্যগুলিকে নিন্ত্রিত রাখাই কি আমাদের কর্তব্য হইবে না? অবক্র, কারণ ঘটিলে ক্ষোভ অম্বভ্র না করিয়া থাকা যায় না—কিন্তু অসময়ে অকিঞ্ছিৎকরভাবে সেই ক্ষোভের অপব্যয় করা না-করা আমাদের আয়ভাধীন হওয়া উচিত।

১৯০৮ সালে (১৩১৪-১৫) মঞ্চ:ফরপুরে বোমা-নিক্ষেপে ছুইজন ইংরেজ মহিলা নিহত হইলে ও মানিকতলায় বোমার কারখানা আবিকার হইলে রবীশ্রনাথ "পথ ও পাথেয়" প্রবন্ধ রচনা ও সভায় তাহা পাঠ করিয়া এ-বিষয়ে নিজের অভিমত প্রকাশ করেন। এই সম্পর্কে শ্রীমতী নির্বারিণী সরকারকে লিখিত এই পত্রগুলি উল্লেখযোগ্য:

মাত ইহা নিশ্চর মনে রাখিবে, নিজের বা পরিবারের বা দেশের কাজে ধর্মকে লব্দন করিলে দ্বার ক্ষমা করেন না। যদি মহৎ উদ্দেশ্ত সাধনের জক্তও পাপকে আত্রর করি তবে তাহার প্রারশ্চিত করিতেই হইবে। বিধাতার এই নিয়মের বিদ্ধকে বিল্রোহ করা বৃধা। দেশের যে তুর্গতিত্বংথ আমরা আজ্ব পর্যন্ত ভাগ করিয়া আসিতেছি তাহার গভীর কারণ আমাদের জাতির অভ্যন্তরে নিহিত হইয়া রহিয়াছে—গুপ্ত চক্রান্তের ধারা নরনারী হত্যা করিয়া আমরা সে কারণ দ্র করিতে পারিব না আমাদের পাপের বোঝা কেবল বাড়িয়াই চলিবে। এই ব্যাপারে যে-সকল অপ্রাপ্তবয়দ্ধ বালক ও বিচলিতবৃদ্ধি যুবক দণ্ডনীর হইয়াছে তাহাদের জন্ত হৃদের ব্যথিত না হইয়া থাকিতে পারে না—কিন্তু মনে রাখিতে হইবে এই দণ্ড আমাদের সকলের দণ্ড—ক্ষম্বর আমাদিগকে এই বেদনা ছিলেন—কারণ, বেদনা ব্যতীত পাপ দ্র হইতেই পারেনা—সহিষ্কৃতার

সহিত এ সমন্তই আমাদিগকে বহন করিতে হইবে—এবং ধর্মের প্রশাস্ততর পাধকেই অবলম্বন করিতে হইবে। পাপের পথে পথ-সংক্ষেপ হর বলিরা আমরা ভ্রম করি সেইজন্তই অধৈর্য হইরা আমরা সেইদিকে ধাবিত হই কিছু ভাড়াতাড়ি করিতে গিয়াই সফলতাকে বিসর্জন দিই। আজু আমাদের পথ পূর্বের অপেক্ষা অনেক বাড়িয়া গেল—এখন আবার আমাদিগকে অনেক হৃংখ অনেক বাধা অনেক বিল্লের মধ্য দিয়া যাইতে হইবে। ঈশরের ইচ্ছার কাছে মাধা নত করিয়া পুনবার আমাদিগকে যাত্রা করিতে হইবে—যত কট্ট হউক, যত দ্রপথ হউক অবিচলিতচিত্তে যেন ধর্মেরই অফুসরণ করি। সমন্ত হুর্ঘটনা সমন্ত চিত্তক্ষোভের মধ্যে ঈশর যেন আমাদিগকে সেই শুভ্রবৃদ্ধি দান করেন। ইতি ২৩ বৈশাধ ১৩১৫

মাত তুমি যে ত্রহ প্রশ্নের উত্তর জানিতে চাহিন্নাছ পরের মধ্যে তাহা বিস্তারিতভাবে ব্যক্ত করা অসম্ভব। আমি এ-সম্বন্ধে একটি প্রবন্ধ লিপিতে প্রশ্নত হইরাছি, তাহাতে আমার মত যধাসম্ভব স্পষ্ট করিয়া প্রকাশ করিতে চেষ্টা করিব। সম্ভবত ভারতীতে তাহা বাহির হইবে এবং যদি কর্তব্য বোধ করি, তবে কোনো সভাতেও তাহা পাঠ করিতে পারি। উদার দৃষ্টি বারা জগবাাপারকে বৃহৎ করিয়া দেখিতে থাকো—সমন্ত বিম্নবিপত্তি ও ত্রিসহ ত্ংগতাপের মধ্যেও ঈশ্বরের মন্ধব্য-ইচ্ছার প্রতি বিশাসকে স্থির করিয়া ভোমার কন্দ্রণাপূর্ণ বাধিত চিত্ত সান্ধনা লাভ কক্ষক এই আশীবাদ করি। ইতি ২ কৈয়েষ্ঠ ১৩১৫

অমার প্রবন্ধ সভাস্থলে পড়া হয়ে গেছে। পৃত্তিকা আকারে ছাপা হছে—
তোমাকে ছই-একদিনের মধ্যেই পাঠিয়ে দেব। এই কণা মনে রেগো, নিজের
কল্যেই কি দেশের জন্মেই কি, যা সকলের চেরে উচ্চ সতা তাই একমাত্র সতা।
কোনো উপস্থিত ক্রোধে, লোভে বা কোনো ক্ষুদ্র প্রবৃত্তির উত্তেজনার ধর্মকে ধর্ম
করতে গেলে কগনো মঙ্গল হতে পারে না। নিজের প্রয়োজন বা প্রবৃত্তি
অন্তুসারে ধর্মের উপরে হত্তক্ষেপ না করে মক্ষভূমির পথে ফ্রবতারার মতো
একাগ্রলক্ষ্যে তার দিকে দৃষ্টি রাগলে ছংগ পাই আর বাই পাই, পথ ছারিছে
বিনাশের মধ্যে পড়তে হবে না। ইতি ১৭ জ্যৈষ্ঠ ১৩১৫

সংগণী আন্দোলনের সময় দমননীতি অবলম্বিত হইলে রবীক্সনাথ বে "সংগণী আন্দোলনে নিগৃহীতদের প্রতি নিবেদন" প্রকাশ করেন তাহাও এইখানে মৃত্রিত হইল:

বাংলাদেশের বর্তমান বদেশী আন্দোলনে কুলিও রাজ্বও বাঁহাদিগকে

শীড়িত করিরাছে, তাঁহাদের প্রতি আমার নিবেদন এই মে, তাঁহাদের বেদনা যখন আজ সমস্ত বাংলাদেশ হৃদরের মধ্যে বহন করিরা লইল, তথন এই বেদনা অমৃতে পরিণত হইরা তাঁহাদিগকে অমর করিরা তুলিয়াছে। রাজচক্রের যে অপমান তাঁহাদের অভিমূপে নিক্ষিপ্ত হইরাছিল, মাতৃভূমির কন্ধণ করম্পর্শে তাহা বরমালা রূপ ধারণ করিয়া তাঁহাদের লগাটকে আজ ভূষিত করিয়াছে। খাঁহারা মহাত্রত গ্রহণ করিয়া থাকেন বিধাতা অগংসমক্ষে তাঁহাদের অদ্বিপরীক্ষা করাইয়া সেই রতের মহন্বকে উজ্জল করিয়া প্রকাশ করেন। অভ কঠিনব্রতনিষ্ঠ বঙ্গুমির প্রতিনিধিস্বরূপ যেই কয়জন এই তৃঃসহ অগ্নিপরীক্ষার জন্ত বিধাতাক্তৃকি বিশেষরূপে নির্বাচিত হইয়াছেন তাঁহাদের জীবন সার্থক। রাজবোষরক্ত অগ্নিশিখা তাঁহাদের জীবনের ইতিহাসে লেশমাত্র কালিমাপাত না করিয়া বার ব্যর স্বর্ণ অক্ষরে লিবিয়া দিয়াছে। বন্দে মাতরম্।

— डाडाब, साह्यन, २०.२

- 'এই ক্ষিতাটি নৈৰেছ হইতে সংক্লিত হইয়াছিল, কাষ্যগ্ৰন্থের রাস্ত নৃতন রচিত নহে ; ইহা উৎসর্গের বতম সংক্ষরণে নাই, রচনাবলীতেও ইহা নৈৰেছে মৃত্রিত হউয়াছে।
  - এই নামেৰ বে খতর গ্রন্থ আছে তাহা কাব্যগ্রন্থের এই বিভাগ হইতে পৃধক।
- ত সতন্ত্ৰ কথা ও কাহিনীয় কাহিনী বিভাগের প্ৰবেশক রূপেও মুদ্রিত হইল থাকে, রবীশ্র-রচনাবলীও সেইস্বৰ্গ মুদ্রিত হইলাছে বলিলা রচনাবলী-সংকরণ উৎসর্গে মুদ্রিত হইল না। অভন্ত সংকরণ ও উৎসর্গে মুদ্রিত হইলা থাকে।
- শতর কথা ও কাহিনার কথা বিভাগের প্রবেশকরণেও সুদ্রিত হইরা থাকে; রবীপ্ররচনাবলীতেও সেইরুপ সুদ্রিত হইরাছে বলিরা রচনাবলী-সংকরণ উৎসর্গে সুদ্রিত হইল না। খতর
  সংকরণ উৎসর্গে সুদ্রিত হইরা থাকে।
- ে এই ক্ৰিডাটি স্বতম সংকরণ নৈবেছে সর্বলা মুজিত হইরা আসিতেছে; রচনাবলীতে সেইশ্রুপ মুজিত হইরাছে। ইহা স্বতম সংকরণ উৎসর্গে মুজিত হর না, রচনাবলী-সংকরণ উৎসর্গেও মুজিত হইল না।
- এই কবিতাটি বতর সংকরণ শিশুতে মৃত্রিত হইরা বাকে, রচনাবলীতেও সেইরপ মৃত্রিত
  হইরাছে। ইহা বতর সংকরণ উৎসর্গে মৃত্রিত হয় না, রচনাবলী-সংকরণ উৎসর্গেও মৃত্রিত হইল না ।
- ইহা কথা ও কাহিনী ও উৎসর্গ উভরেই প্রকাশিত ক্ইরা থাকে। রবীজ্ঞ-রচনাবলীতে ইহা
   কথা ও কাহিনীর অভর্জ ক্ইরাহে বলিরা উৎসর্গে মুক্তিত ক্ইল না।

শ্রম সংকল উৎসর্গে মৃত্রিত ডিনটি কবিতা রচনারলী-সংখ্রণ উৎসর্গে বাদ সেল: "কত কী বে আনে;" "কথা কও কথা কও;" "নিবেদিল রাজভ্ত্য।"

- পূৰ্বীর ( প্রথম সংস্করণ, ১০৩২) "সঞ্চিতা" অংশে সংক্রিড ছইরাছিল; পূর্বীতে এই "সঞ্চিতা" অংশ এখন স্মার মুদ্রিত হর না।
- ুকাৰা এছের অংশ, ও বর্তমানে শতন্ত্রভাবে প্রকাশিত, সংকর ও বলেশে মুক্তিত। সংকর ও বলেশের অধিকাংশ কবিতাই বিভিন্ন গ্রন্থ হইতে সংক্ষিত বলিয়া এছলি রচনাবলীতে সংকর ও বলেশ নামে মুক্তিত হইবে না।
- <sup>১</sup> আনন্দবালার পত্রিকা সম্পাদক সমীপে। সবিনয় নিবেদন, বিশ্ববিভালয়ের প্রবেশিকা বাংলা পাঠাগ্রছে আমার 'নির্বরিদ্ধী' কবিভাটি সংকলিত হয়েছে। ছাত্রেরা অনেকে জানাফেছন মানে বোঝা সেল না। প্রত্যেককে স্বতন্ত্র পত্রে বোঝাতে সেনে অপরাধের চেন্নে শান্তি বড়ো হয়ে ওঠে—অভিভালের করেণীর মতো শেষ মেরাদ সম্বন্ধেও অনিন্দিত থাকতে হয়। এজন্ত আনন্দবালার পত্রিকার বস্তুব্যটি পাঠানো গেল, অমুগ্রহপূর্বক প্রকাশ করে আমার দার নাখব করবেন। ইতি ও ভাল ১৩৪০।

রবীজনাথ ঠাকুর

- ১১ চৈতক্ত লাইত্রেরির অধিবেশনে বঞ্চিমচন্দ্রের সভাপতিতে পঠিত; এটবা রবীক্র-রচনাবলী নবম খণ্ড, পু. eee
- <sup>১ ব</sup> ভারতবর্ধ প্রছে পূর্বে প্রকাশিত ; রবীস্ত্র-রচনাবলী চতুর্ব বণ্ডে ভারতবর্বে প্রবন্ধটি মুদ্রিত হইলাছে বলিয়া রাজা প্রজা প্রছে আর মুদ্রিত হইল না।
  - ১৩ বতত্ত্ব পুল্কিকাকারেও প্রকাশিত হইয়াছিল।
- <sup>98</sup> আল্পন্তি গ্ৰন্থে পূৰ্বে প্ৰকাশিত ; রবীক্র-রচনাবলী তৃতীয় বতে আল্পন্তিতে প্ৰয়নটি মুদ্রিত হইরাছে বলিয়া সমূহ প্রয়ে আর মুদ্রিত হইল না।
- ু রবীন্দ্রনাধের শ্রদ্ধাপদ বন্ধু রামেন্দ্রস্থার তিবেদী মহাশর ১০১৪ সালের আধিনের প্রধাসীতে, রবীন্দ্রনাধের এই প্রবন্ধ নিদিষ্ট "পথকেই আমাদের গগুরা পথ বলিয়া নিদিষ্ট" করিয়াও "সেই পথেও দিনা বাধার চলিতে পাইব কিনা" তাহা আলোচনা করেন, এবং প্রসঙ্গুলমে রবীন্দ্রনাধের কোনো কোনো মন্ত্রব্যের প্রতিবাদ করেন। ভাঁহার প্রবন্ধের উপক্রমণিকা এইয়ণ:

"ছু-বৎসর ধরিরা সাতাসাতির পর কতকটা স্নারবিক অবসাদে, কতকটা ইংরেজের জাকুটিদর্শনে আমরা এখন ঠাণ্ডা হইরা পড়িতেছি। রবিবাবৃত সময় বুবিরা আমাদিসকে বলিতেছেন, মাতামাতিতে বিশেষ কিছু হইবে না, এখন কাল করো।

"আন্ধ বিনি আমাদিগকে আন্দালনে কান্ত হইবার এক উপদেশ দিতেছেন, বাংলার ইতিহাসে এই নৃতন অধ্যারের আরক্তে আমি ওাহারই কৃতিত দেখিতে পাইতেছি। ইংরেন্তের নিকট 'আবেদন নিবেদন' করিয়া তাহার প্রসাদ গ্রহণ করিলে কিছুই হারী লাভ হইবে না, ইংরেন্তের মুখাপেকা না করিয়া আপনার বলে ও আপনার চেটার ফেটুকু পাওরা বার, তাহাই হারী লাভ, বঙ্গবিভাগের কিছুদিন পূর্ব হইতে তাহার কঠবর অভান্ত উচ্চ ও অত্যন্ত তার হইরা মূহমূহ ঐ কথা আমাদের কানে প্রবেশ করাইতেছিল।…

"বদেশীর আগুল বধন অলিয়া উটিয়াছিল, তথন রবীশ্রনাথের লেখনী তাঁছাতে বাত্াস বিভে ফ্রেট করে নাই। বেশ মনে আছে, ৩০শে আবিনের পূর্ব হইতে হস্তার হস্তার তাছার এক একটা নুক্তন গান বা কৰিত। বাহির হইত, আর আবাদের প্রায়ুত্ত কাঁপিরা আর নাচিরা উঠিত। নিজন ও আনাবস্তক আন্দোলনে তিনি কথনোই উপদেশ বেল নাই; কিন্তু সে-সময়টার যে উত্তেজনা ও উল্লাখনা ঘটনাছিল, তাহার কন্ত রবীক্রনাথের কুতিহু নিঠাছ অর ছিল না।

"উত্তেজনার বশে আমরা তুই বংসর ধরিয়া ইংরেজের অসুগ্রহ কইব বা, ইংরেজের শাসনবত্র অচল করিছা বিব বলিয়া লাফালাফি করিয়া আসিতেছি; এবং ইংরেজরাজা বধন সেই লাফালাফিতে থৈবিল্লই হইয়া লগুড় তুলিরা আমাদের গলা চাপিয়া ধরিয়াছেন, তথন আমাদের সেই অবাভাবিক আফালনের নিক্ষলতা দর্শনে ব্যক্তিত হইয়া রবীক্রমাথ বলিতেছেন—ও-পথে চলিলে হইবে না—মাতামাতি-লাফালাফির কর্ম নছে, নীরবে ধীরভাবে কাল করিতে হইবে।…

"রবিবাবু কেবল "কাল করো" "কাল করো" বলিলা উপবেশ দিলা চীৎকারের মাত্রাই বাড়াইতেছেন না বলং কোন্ পথে কাল করা বাইতে পারে, তালার ভুই-একটা নমুনাও নিজের হাতে লইলা দেখাইতেছেন।"…

- ১৬ ইরাট করপ্রেসে বিসংবাদের পরে লিখিত।
- <sup>3</sup> पुननोत्र, "बरननी नमान्न" अनरक "नमान्न गठि" निरद्यात्त्रद अखान, त्रनोत्त-त्रहमाननी पृठीत्र वर्थ
- <sup>35</sup> थु. ४३२, २०भ स्टब्स् शह
- <sup>3 के</sup> शृ. 838, २४म स्टाउ श्र
- ২ ০ পু. ৪৯৬, ২র ছজের পর
- 45 পু. ৪৮৭, ১২শ ছত্ত্রের পর

## সংবোজন: অচলিত সংগ্ৰহ দ্বিতীয় থণ্ড

মেঘনাদৰধ কাব্যের বে-সমালোচনাট অচলিত সংগ্রন্থ বিতীয় বব্বে সমালোচনা গ্রন্থে মুদ্রিত ইইরাছে তাহার পূর্বেও রবীজ্ঞনাথ ভারতী পত্তে (১২৮৪) মেঘনাদৰধ কাব্যের একটি সমালোচনা প্রকাশ করিচাছিলের। এই ছুইটি আলোচনার একটিও মেবনাদৰধ কাব্যের অমুকূল নতে। গ্রন্থপরিচরে জীবনম্বতি ছুইতে উদ্ধান্ত আংশ মেঘনাদৰধ সম্বন্ধে রবীজ্ঞনাপের প্রথম আলোচনাটির বিব্রেই বিশেষ ভাবে লিখিত ছুইলেও মেঘনাদৰণের প্রতি পূর্বতন বিরূপতা সম্বন্ধে পরে রবীজ্ঞনাধনক মত পোষণ করিতেন, তাহারই নিদর্শনম্বন্ধে সেটি উদ্ধান্ত হুইছাছিল, বস্তুত ঐ উদ্ধান্ত হাংশের বক্তব্য দুইটি কেখা সম্বন্ধেই প্রবাদ্যা।

কিন্ত ১২৮৪ সালে প্রকাশিত দেখাটি অধিকতর আলোচিত বলিরা, বতন্ত উল্লেখ না থাকিলে পাঠকগণ সমালোচনার মুদ্রিত লেখাটির সহিত সেটকে ভুল করিতে পারেন; শীব্দ স্ক্মার সেন এ বিবরে আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন।

শীনুক নিৰ্যালক চটোপাখাৰ জানাইরাছেন যে, অচলিত সংগ্রহ খিতীর খণ্ডে যে অমুবাদ-চর্চা প্রছ প্রকাশিত হুইরাছে, তাহার পরিপ্রক গ্রছ Beleoted Passages for Bengali Translation মূল ইংরেজি বাকাসমন্তির সংকলন; ছাত্রেরা প্রথমে সেইওলির বাংলা অমুবাদ করিবে ও অমুবাদ-চর্চার আদর্শ-বাংলার সহিত মিলাইরা নিজেদের অমুবাদ বাজিত করিবে, এবং সেই বংলার ইংরেজি অমুবাদ করিছা Beleoted Passages-এর ইংরেজি বাকাবিলীর সহিত মিলাইরা খেবিবে - এই বিই ফুইটির ব্যবহার-রীতি এইজ্লা।

## বর্ণাকুক্রমিক সূচী

অচির বসস্ত হায় এল, গেল চলে	• • •		<b>b</b> -9
অত চ্পি চুপি কেন কথা কও	• • •	***	95
অনাবশ্ৰক			275
অনাহত		. • •	>>4
व्यष्ट्रमान	***	* 4 *	১৭৬
অন্ধকারের মাঝে আমার ধরেছ তুই হাতে		***	<b>২</b>
অপমানের প্রতিকার		•••	Я > □
অপর পক্ষের কণ্	• • •	•••	400
অবারিত			>5.
আকাশ ভেঙে বৃষ্টি পড়ে		**	>@\$
আকাশ-সিদ্ধ মাঝে এক ঠাই			ರಂ
আগমন		***	2.00
আছি আমি বিন্দুরূপে, হে অস্তর্যামী	• •	***	<b>্</b> চ
আৰু পুরবে প্রথম নয়ন মেলিতে	•••	•••	>89
আন্ধ বিকালে কোকিল ভাকে	4 - 4	***	306
আৰু বুকের বসন ছিঁড়ে কেলে	***	• • •	>88
আঞ্জ মনে হয় সকলেরি মাঝে			\$ 8
আজি ক্মলমূক্লদল খুলিল	- 5	•••	. 528
আন্দিকে গহন কালিমা লেগেছে		• • •	৪ ৬
আব্দি দ্বিন দুয়ার শোলা			২০৩
আজি বসন্ত জাগ্ৰত বাবে	,	• •	₹%•
আজি হেরিতেছি আমি, হে হিমাদ্রি		•••	१२
আদি অন্ত হারিছে ফেলে	•••	• • •	>>@
আনিলাম অপরিচিতের নাম		***	२१२
শাপনারে ভূমি করিবে গোপন	••	•••	20
আমিলা মান কেপানে কোনো		* * *	৩২ ৭

ć

আমরা দ্বাই রাজা আমাদের এই	••	• •	2.6
আমাদের এই পল্লিখানি পাহাড় দিয়ে দেরা		•••	49
আমায় অমনি খুশি করে রাখো		***	393
আমার এ গান ওনবে তৃমি যদি	• •	••	>66
আমার খোলা জানালাতে	•••	•••	e e
আমার গোধ্লি-লগন এল বৃঝি কাছে		•••	১২৩
আমার ঘুর লেগেছে—তাধিন তাধিন	•••	•••	222
আমার নাই বা হল পারে যাওয়া	••	• •	>0>
আমার প্রাণের মাত্র আছে প্রাণে		• •	₹•₽
আমার মাঝারে যে আছে	•••	• • •	57
আমার সকল নিয়ে বংস আছি	***	•••	े २२३
আমি এশন সময় করেছি			>%8
আমি কেবল তোমার দাসী			288
আমি কেমন করিয়া জানাব আমার	• • •	٠	282
আমি চঞ্চল হে	* * *	• • •	> 3
আমি ভোমার প্রেমে হব স্বার		••	₹ 9 •
আমি বিকাব না কিছুতে আর	• • •	•	2P8
আমি ভিক্ষা করে ফিরতেছিলেম			>0.
আমি যারে ভালোবাসি সে ছিল এই গায়ে	***	4 *	45
আমি রূপে তোমায় ভোলাব না	• • •	• • •	২ ৩৬
আমি শরংশেষের মেধের মতে		• • •	>২৫
আলটা কন্সাভেটিভ	• • •	***	467
আলোকে আসিয়া এরা লীলা করে যায়		*•	<b>49</b>
আলো নাই, দিন শেষ হল, ওরে		•••	64
আহা তোমার সঙ্গে প্রাণের খেলা		***	२२४
ইংরেজ ও ভারতবাসী	• • •	••	৩৭৯
ইংরেজের আতঙ্ক	•••	***	609
<b>ইম্পীরিয়লিজ্</b> ম			897
উৎসর্গ, খেয়া	•••	***	76
এ অন্কার ভবাও ভোমার	•••	400	245

বর্ণাসুক্রমি	ক সূচী		৫৬৯
<b>এक बलनीब वबबदन ७</b> ४	•••	••	۶۰۶
এ কী বৃহত্ত এ কী আনন্দরশি	•••	••	৩২৮
এ শ্রে মোর স্থাবরণ	***	•••	729
ঐ তোমার ঐ বালিগানি	•••	•••	>>9
ওলো এমন সোনার মায়াধানি		••	>99
ওগো ভোৱা বদ্ তো, এরে	• • •	• • • •	>> •
ওগো নিশীথে কখন এসেছিলে তুমি		•••	> 9
ওগো বর, ওগো বঁধু	•••	•••	>>>
ওগো মা, রাজার তুলাল গেল চলি মোর	***	•••	205
ওগো মা, রাজার ত্লাল বাবে আজি মোর	•••	• • •	202
ওরা চলেছে দিঘির ধারে	• • •	***	24
প্তরে আমার কর্মহারা	• • •	***	42
ওরে পদ্মা, ওরে মোর রাক্ষসী প্রেরসী	•••	***	৮৬
কণ্ঠরোধ	• • •	***	828
কত দিবা কত বিভাবরী	•••		<b>४</b> २
কত ধৈৰ্য ধরি	• • •	***	৩9২
কাল যবে সন্ধাকালে বন্ধুসভাতলে	• • •	a 6 5	₽8
কালের যাত্রার ধ্বনি গুনিতে কি পাও	•••	***	৩৭২
কাশের বনে শুন্য নদীর তীরে	4 1 1		225
की कथा विनव वरन	•••		6.9
কুঁড়ির ভিতরে কাঁদিছে গন্ধ	***		>>
क्षांत्र शास्त	•••	• • •	५७३
কুপণ	• • •	•••	200
কৃষ্ণপক্ষে আধ্বানা চাঁদ	•••	***	700
কেবল তব মুখের পানে	•••	• • •	> •
কোকিল	• • •	•••	>66
কোধা ছারার কোণে দাঁড়িরে ভূমি	•••	• • •	> 9 8
कांचा नाहेरत मृत्त बात्र रत छेएए	***	•••	203
ক্ষান্ত করিয়াছ তুমি আপনারে	•••	1**	84
CHE	•••	•••	756

খোলো খাব	***	•••	250
গান শোনা	•••	***	>00
গোধ্লিলয়	•	•••	<b>५</b> २७
बाटड	•••	•••	>+>
ঘাটের পথ	•••	***	- 34
प्रापृषि .	• • •	•••	<b>6.</b> ¢
চাঞ্লা	•••	•••	> ૧ં૨
চিরকাল এ কা লীলা গো		•••	44
চুমিয়া বেয়ো ভূমি		***	ઝ્સ
ছাদের উপরে বহিয়ো নীরবে	•••	•••	೨೦೩
জাগরণ	•••	• • •	>08
জাগরণ	• • •	•••	300
জুড়াল রে দিনের দাহ	• •	•••	>00
ঝড়	• • •	••	>e२
ঝরনা ত্যেমার ক্ষ্টিক জলের			৩১৫
<b>টিক</b> া	• • •	• • •	>99
তখন আকাশতলে ঢেউ তুলেছে		•••	<b>&gt;</b> २१
তপন ছিল যে গভার রাত্রিবেলা	• • •	•••	200
ভখন রাত্রি আঁধার হল	•••	***	>•৩
তপ্ত হাওয়া দিয়েছে আজ		••	285
তব অন্তর্ধানপটে হেরি তব	•••	•••	995
ভূমি আছ হিমাচল ভারতের অনন্তসঞ্চিত	***	• • •	80
ভূমি এপার-ওপার কর কে গো		•••	200
ভূমি যত ভার দিয়েছ, সে ভার	* * *	•••	>8<
তোমায় চিনি বলে আমি	• • •	***	>8
তোমার কাছে চাই নি কিছু		•••	205
ভোমার বীণায় কত তার কাছে	•••	•••	•
তোমার বীণার সাথে আমি	•••	•••	785
ভোমারে ছাড়িয়া ষেতে হবে	•••	•••	<b>984</b>
ভোমারে দিই নি স্থুখ	• • •	•••	900

:	বৰ্ণাসুক্ৰমিক সূচী		७१५
ভোষারে পাছে সহজে বৃঝি	•••	***	>ર
ভোৱা কেউ পারবি নে গো	***	***	५७६
ভোৱা ৰে যা বলিস ভাই	•••		२५७
ভ্যাগ	•••	***	>०२
माफ़िरम चांह चारथक रथाना	•••	***	>>e
माम	•••	***	>>•
<b>मिचि</b>	•••	•••	>60
<b>मिन</b> ्य	. •••	***	>60
দিনের শেবে ঘূমের দেশে	•••	•••	´ >9
मिरत्रह अवद स्याद्य, कक्रगानिनद	***	4 • •	٥
<b>হ:</b> ধম্ভি	•••	***	300
দুখের বেশে এসেছ বলে	• • •	•••	>0%
ত্যারে ভোমার ভিড় করে ধারা আর	···	•••	<b>ં</b> ફ
দেশে। চেয়ে গিরির শিরে	•••	• • •	86
দেশনায়ক	. •••	•••	869
দেশহিত	•••	•••	ಅಲ್ಲಾ
দেশের কথা	•••	• • •	マンマ
ধূপ আপনারে মিলাইতে চাহে গঙ্গে	'	•••	<u>ಿ</u>
নব বংসরে করিলাম পণ	•••	•••	ه چ
না স্থানি কারে দেখিয়াছি	• • •	***	**
নানা গান গেল্পে ফিল্লি নানা লোকা	<b>नद</b>		54
নিক্সম	•••	•••	>२ १
নিশাস ক্লধে ত্-চক্ষ্ মূদে	•••	•••	>१२
নীড় ও আকাশ	•••	•••	> >60
নীড়ে বসে গেয়েছিলেম	•••	***	>60
পথ ও পাথেয়	•••	•••	884
পৰ চেয়ে তো কাটল নিশি	•••	•••	208
<b>পष दौरंथ मिन वह्नमहीन श</b> िष	•••	•••	২৮৭
পৰিক	•••	•••	५७३
পৰিক, প্ৰগো পৰিক, বাবে তৃমি	•••	•••	وه د

७१२	রবীন্দ্র-রচনাবলী	
প্ৰের নেশা আমার লেগেছিল	• • • • • • • • • • • • • • • • • • • •	>e>
পথের পথিক করেছ আমায়		, •8
পথের শেষ	•••	>e>
পাগল হইয়া বনে বনে কিরি		>6
পাছে ৰেণি ভূমি আস নি, তাই	•••	১৭৬
পুষ্প ফুটে কোন্ কুঞ্লবনে	•••	২৩•
পূর্ণ প্রাণে চাবার যাহা	•••	৩২৬
প্রজন্ম	•••	>48
প্রতীক্ষা	• •	>68
প্রভাতে	•••	%ор
প্রসঞ্জ-কর্থা ১ ৫		वत्रक, ववव, वक्ष्यं, वक्ष्यं, वन्य
প্রার্থনা	• • •	2₽8
ফুল কোটানো	•••	)৩৫
বঙ্গবিভাগ		<b>6</b> 50
वसी		)৩৮
বন্দী, ভোরে কে বেঁখেছে		১ ৬৮
বন্ধ হয়ে এল স্রোতের ধারা		>@9
বন্ধু, এ যে আমার লচ্চাবতী লভা	• • •	70
বৰ্ষাপ্ৰভাভ,	• • •	` > 19
বৰ্ষাসন্ধা	•••	٠٠٠ ٢٩٦
বসম্ভে কি শুধু কেবল		444
বছরাব্রকতা	•••	892
বাঁশি	•••	>>9
वानिका वध्	•••	>>>
বাহির হইতে দেখো না এমন করে	• •••	🦠
বিকাশ		>88′
বিচ্ছেদ		>84
বিদায়	•••	>40
বিদার দেহ ক্ষম আমার ভাই	•••	>∮•

विधि यमिन कान्छ मिलान

বৰ্ণাসূক্ৰমি	ক সূচী		৬৭৩
বিরহ-বংসর পরে মিলনের বীণা	•••	•••	b46
বিরহ মধুর হল আজি	•••	***	428
বিৰোধমূলক আদৰ্শ	•••	•••	425
বৈশাংশ	•••	•	781
ব্যাধি ও প্ৰতিকার	•••		७२७
ভরেরে মোর আবাত করে৷	***	•••	२०৮
ভাঙা অতিধিশালা	***	•••	>66
ভার	•••	•••	>8¢
ভারতসমূত্র তার বাম্পোচ্ছাস নিশ্বসে গগনে	•••	•••	88
ভারতের কোন্ বৃদ্ধি ঋষির ভক্ষণ মৃতি ভূমি	***	***	8¢
ভেবেছিলাম চেয়ে নেব	•••	•••	>>0
ভোর হল বিভাবরী	•••	***	२७७
ভোরের পাবি ভাকে কোথায়	•••	• • •	9
ময়ে সে যে পৃত্ত	• • •	• • •	62
মম চিত্তে নিভি নৃভ্যে কে বে নাচে	***	• • •	22.
মিছে কণার বাঁধুনি	• • •	•••	800
মিলন	•••	* * *	282
মৃত্তিপাশ	***	4 * 4	>09
ম্খুজো বনাম বাভুজো		4 • •	698
মেঘ	* * *	•••	>२७
মোদের কিছু নাই রে নাই	• • •	• • •	२১৮
মোদের হারের দলে বসিবে দিলে	•••	•••	309
মোর কিছু ধন আছে সংসারে		•••	>>
रकाउन	•••	•••	606
र्वाप रेक्टा कत्र छत्व कठात्क, एर नाती	•••	•••	89
় ষা ছিল কালো ধলো	• • •	***	२२१
ষেশানে ৰূপের প্রভা নরনলোভা	•••	•••	₹•€
বাৰুকুটুৰ	•••	•••	655
রাজনীতির বিধা	•••	• • •	8 • 8
রাবভক্তি	•••	•••	8⊘€
\$°			

<b>698</b>	রবীক্স-রচনাবলী		
রাজা ও প্রজা	•••	•••	483
রাষ্ট্রনীতি ও ধর্মনীতি	•••	•••	471
রে অচেনা, মোর মৃষ্টি	•••	•••	90€
রোগীর শিষরে রাত্রে একা ছিম্ব জাগি	···	•••	₽8
नीना		***	>26
<del>তভ</del> ক্ষণ	***	•••	>.>
मृक्त ছिन यन	***	•••	<b>⊘</b> b•
শেষ খেয়া	•••	•••	29
সকালবেলায় ঘাটে যেদিন	• • •	***	>48
সত্পায়	•••	•••	e
সব ঠাই মোর ঘর আছে	•••		<b>ર ૭</b>
"স্ব-পেয়েছি"র দেশ	***	• • •	727
স্ব-পেয়েছির দেশে কারো	• • •	***	727
সভাপতির অভিভাষণ		***	926
সমস্তা	•••	***	8 %
<b>সমাপ্তি</b>	•••	•••	>69
সমূত্রে	•••	•••	548
সাক হয়েছে রণ	•••	•	69
সার লেপেল গ্রিকিন	•••	***	606
সার্থক নৈরাক্ত	4**	***	200
সীমা	•••	•••	>88
স্থলর ভূমি চক্ষ্ ভবিয়া	•••	•••	999
স্ন্দরী তুমি শুকতারা	• • •	•••	907
স্বিচারের অধিকার	•••	•••	875
সেটুকু তোর অনেক আছে	***	•••	:81
সে তো সেদিনের কথা, বাকাহীন হ	্বে	•••	98
সেদিন কি তুমি এসেছিলে, স্ত্রগা	•••	•••	•

109

>9>

হায় গগন নহিলে ভোমারে ধরিবে কে বা

হার

হারাধন

বৰ্ণাসূক্ৰমিব	স্চী		৬৭৫
হে জনসমূদ্র, আমি ভাবিতেছি মনে	•••	***	<b>৮</b> ዓ
হে নিস্তন্ধ গিরিরাজ, অশুভেদী তোমার সংগীত	•••	•••	8 >
হৈ পথিক কোন্থানে	•••	•••	9>
হে বিশ্বদেব, মোর কাছে ভূমি	•••	•••	৩১
হে ভারত, আঞ্চি নবীন বর্গে	•••	•••	bb
হে রাজন্, ভূমি আমারে	•••	•••	৩৪
হে হিমান্তি, দেবতাত্মা, শৈলে শৈলে আঞ্চিও	ভামার	•••	8 4